
## রবীক্র রচনাবলী

ত্ৰাবিংশ খণ্ড

Afstald Municolas



## রবীক্র-রচনাবলী

ত্রাবিংশ খণ্ড

of husely



## বিশ্বভারতী

ে ৫ ঘারকানাথ ঠাকুর লেন। কলিকাতা

প্রকাশ: আবিন ১৩৫৩ পুনর্মূত্রণ: আবিণ ১৩৬৪ কাতিক ১৩৭৮: ১৮৯৩ শক

মূল্য: কাগজের মলাট আঠারো টাকা রেক্সিনে বাঁধাই বাইশ টাকা

© বিশ্বভারতী ১৯৭১

প্রকাশক রণ্ডিং রার ; বিশ্বভারতী। « হারকানাথ ঠাকুর লেন। কলিকাতা ১

মুক্তক শ্রীস্থনারারণ ভট্টাচার্থ ভাগনী প্রেন। ৩০ বিধান দরণী। কলিকাড়া ৬

### मृठौ .

<u> </u>	l <sub>a</sub> /•
কবিতা ও গান	
প্রান্তিক	8
<b>নেঁজ্</b> তি	্ৰ <b>২৩</b>
নাটক ও প্রহ্মন	
नवौन	৬৭
পরিশিষ্ট	F2.
শাপমোচন	re
<b>मः</b> र्या <b>क</b> न	>00
কালের যাত্রা	229
পরিশিষ্ট .	56.9
উপত্যাস ও গল্প	
গল্প গুচ্ছ	১৭৫
প্রবন্ধ	
পারস্থে	800
গ্রন্থপরিচয়	e••
বর্ণান্তক্রমিক স্পচী	601

### চিত্ৰসূচী

রবীজ্ঞনাথ। রোগমৃক্তির পর। ১৯৩৭	•
পাণ্ডুলিপি চিত্র। অন্তদিদ্কুকুলে এসে রবি	•
পাণ্ড্লিপি-চিত্র বিবার সময় হল বিহঙ্গের	36
সাদির সমাধি-উভানে রবীশ্রনাথ। শিরাজ	845
হাফেন্সের সমাধিপার্শ্বে রবীক্রনাথ। শিরাজ	864
ইরান-ইরাক-সীমাস্তে ইরাক-সরকার কর্তৃক কবিসংবর্ধনা	869
বেছয়িনদের তাঁবুতে রবীন্দ্রনাথ	803

# কবিতা ও গান

## প্রান্তিক

## প্রান্তিক

5

বিষের আলোকদুগু তিমিরের অন্তরালে এল মৃত্যুদ্ভ চুপে চুপে ; জীবনের দিগন্ত-আকাশে যত ছিল হক্ষ ধূলি ভরে ভরে, দিল ধৌত করি ব্যথার প্রাবক রসে, দারুণ স্বপ্নের তলে তলে চলেছিল পলে পলে দুঢ়হন্তে নিঃশব্দে মার্জনা। কোন কণে নটলীলা-বিধাতার নবনাট্যস্থমে উঠে গেল যবনিকা। শৃত্য হতে জ্যোতির তর্জনী স্পর্শ দিল এক প্রান্তে শুদ্ধিত বিপুল অম্বকারে, আলোকের ধরহর শিহরণ চমকি চমকি ছুটিল বিহ্যাৎবেগে অসীম তক্রার স্থূপে স্থূপে— দীর্ণ দীর্ণ করি দিল তারে। গ্রীমরিক্ত অবলুপ্ত নদীপথে অকন্মাৎ প্লাবনের ত্রস্ত ধারায় ব্যার প্রথম নৃত্য শুক্তার বক্ষে বিস্পিরা ধার বথা শাধার শাধার সেইমত জাগরণ শৃক্ত আঁধারের গৃঢ় নাড়ীতে নাড়ীতে— অন্ত:শীলা क्यां किर्वादा मिन क्यवां हिद्या । **ब्यां** न्यां क्यां वादा विभिन চিত্তাকাশে অর্থকুট অস্পষ্টের রচিল বিভ্রম। অবশেষে বন্দ গেল ঘুচি। পুরাতন সম্মোহের यून काबाधाठीबरवहेन, मृहुर्ल्ड भिनाइन কুহেলিকা। নৃতন প্রাণের স্টে হল অবারিত বচ্ছ তথ্য চৈতজ্যের প্রথম প্রত্যাধ-অভ্যাপরে। অতীতের সঞ্চরপুঞ্জিত দেহধানা, ছিল যাহা আসন্নের বন্ধ হতে ভবিয়ের দিকে মাধা তুলি বিদ্যাগিরিব্যবধানসম, আজ দেখিলাম

প্রভাতের অবসর মেদ তাহা, লক্ত হয়ে পড়ে দিগস্তবিচ্যুত। বন্ধমুক্ত আপনারে লভিলাম স্থদ্র অন্তরাকাশে, ছায়াপথ পার হয়ে গিয়ে অলোক আলোকতীর্থে স্ক্রতম বিলয়ের তটে

শান্তিনিকেতন ২৫৷২৷৩৭

ş

ওরে চিরভিন্ধ, ভোর আজরকালের ভিন্ধার্ক চিরতার্থ হোক আজি, মরণের প্রসাদবহিতে কামনার আবর্জনা বত, কৃথিত অহমিকার উহুরতি-সন্ধিত জন্ধালরাশি দ্যা হয়ে গিয়ে ধল্প হোক আলোকের দানে, এ মর্তের প্রান্তপথ দীপ্ত ক'রে দিক, অবশেষে নিঃশেষে মিলিয়া যাক পূর্বসমূজের পারে অপূর্ব উদরাচলচ্ডে অরুণকিরণতলে একদিন অমর্ত প্রভাতে।

শাস্তিনিকেতন ২৯৷৯৷৩৭

9

এ জন্মের সাথে লগ্ন অপ্নের জটিল ক্ত ববে

ছি ভিল অনুস্থা বাতে, দে মৃহুর্তে দেখিছ সন্মুখে

অজ্ঞাত স্থানীর্ঘ পথ অভিদূর নিঃসন্মের দেশে

নিরাসক্ত নির্যমের পানে। অকআং মহা-একা
ভাক দিল একাকীরে প্রলম্ভারণচ্ডা হতে।

অসংখ্য অপরিচিত জ্যোতিকের নিঃশক্ষভামাঝে

মেলিছ নয়ন; জানিলাম একাকীর নাই ভয়,
ভয় জনভার মাঝে; একাকীর কোনো লক্ষা নাই,

লক্ষা শুধু বেথা-সেথা বার-তার চক্র ইন্সিতে। বিশৃস্টিকর্তা একা, স্টিকান্তে আমার আহ্বান বিরাট নেপথ্যলোকে তাঁর আসনের ছায়াতলে। পুরাতন আপনার ধ্বংদোমূখ মলিন জীর্ণতা কেলিয়া পশ্চাতে, রিক্তহন্তে মোরে বিরচিতে হবে ন্তন জীবনচ্ছবি শৃক্ত দিগন্তের ভূমিকায়।

শাস্তিনিকেতন ২৯৷৯৷৩৭

8

সত্য মোর অবলিপ্ত সংসারের বিচিত্র প্রলেপে. বিবিধের বছ হস্তক্ষেপে, অষত্বে অনবধানে হারালো প্রথম রপ, দেবতার আপন স্বাক্তর লুপ্তপ্রায়— ক্ষকীণ জ্যোতির্ময় আদিমূল্য তার। চতুষ্পথে দাঁড়াল দে ললাটে পণ্যের ছাপ নিয়ে আপনারে বিকাইতে— অন্ধিত হতেছে তার স্থান পথে-চলা সহস্রের পরীক্ষাচিহ্নিত তালিকায়। হেনকালে একদিন আলো-আধারের সন্ধিছলে আরতিশত্থের ধানি যে লগ্নে বাজিল সিদ্ধুপারে, मत्न इन, मुट्टाउँडे (थरम राम भव विहासका), শান্ত হল আশাপ্রত্যাশার কোলাহল। মনে হল, পরের মুখের মূল্য হতে মুক্ত, সব চিহ্ন-মোছা অস্ত্রিত আদিকোলীক্তের শাস্ত পরিচয় বহি ষেতে হবে নীরবের ভাষাহীন সংগীতমন্দিরে একাকীর একতারা হাতে। আদিমস্টির যুগে প্রকাশের যে আনন্দ রূপ নিল আমার সভায় আৰু ধৃলিময় তাহা, নিজাহারা কুগ্ণ বুভুক্ষার দীপধুমে কলঙ্কিত। ভারে ফিরে নিয়ে চলিয়াছি মৃত্যু স্নানতীর্থতটে সেই স্মাদি নির্মারতদায়।

বৃথি এই ধাতা মোর স্বপ্নের অরণ্যবীথিপারে
পূর্ব ইতিহাস-ধৌত অকলন্ধ প্রথমের পানে—
বে প্রথম বারে বারে ফিরে আদে বিশের স্পষ্টতে
কথনো বা অপ্লিবর্ষী প্রচণ্ডের প্রলম্মন্থকারে,
কথনো বা অক্সাং স্বপ্রভাঙা পরম বিশ্বরে
ভক্তারানিমন্ত্রিত আলোকের উৎসবপ্রান্ধনে।

শাস্থিনিকেতন ১/১ - ৩৭

Q

পশ্চাতের নিত্যসহচর, অক্কভার্থ হে অতীত,
অতৃপ্ত তৃফার বত ছায়াম্তি প্রেভভূমি হতে
নিরেছ আমার সঙ্গ, পিছু-ভাকা অক্লান্ত আগ্রহে
আবেশ-আবিল স্থরে বাজাইছ অক্ট সেতার,
বাসাছাড়া মৌমাছির গুন গুন গুলরন ধন
পুশ্রেক মৌনী বনে। পিছু হতে সম্থের পথে
দিতেছ বিস্তীর্ণ করি অন্তশিধরের দীর্ঘ ছায়া
নিরন্ত ধ্সরপাপু বিদায়ের গোধ্লি রচিয়া।
পশ্চাতের সহচর, ছিন্ন করো অপ্লের বন্ধন;
রেথেছ হরণ করি মরণের অধিকার হতে
বেদনার ধন বত, কামনার রঙিন ব্যর্থতা—
মৃত্যুরে ফিরায়ে দাও। আজি মেদমুক্ত শরতের
দ্রে-চাওয়া আকাশেতে ভারমুক্ত চিরপ্থিকের
বালিতে বেজেছে ধ্বনি, আমি ভারি হব অন্নগামী।

শান্তিনিকেডন ৪|১৬|৩৭ હ

৴ মৃক্তি এই — সহজে ফিরিয়া আসা সহজের মাঝে, নহে কৃত্যুসাধনায় ক্লিষ্ট ক্লুশ বঞ্চিত প্রাণের আত্ম-অস্বীকারে। রিক্ততায় নিঃস্বতায়, পূর্ণতার প্রেডচ্ছবি ধ্যান করা অসমান জগংলন্দীর। আজ আমি দেখিতেছি, সম্মুখে মুক্তির পূর্ণরূপ ওই বনস্পতিমাঝে, উর্ধে তুলি ব্যগ্র শাখা তার শরৎপ্রভাতে আজি স্পর্ণিছে সে মহা-অনক্ষ্যেরে কম্পমান পল্লবে পল্লবে: লভিল মজ্জার মাঝে দে মহা-আনন্দ যাহা পরিব্যাপ্ত লোকে লোকান্তরে, বিজ্ঞবিত সমীবিত আকাশে আকাশে, স্টোন্মথ পুষ্পে পুষ্পে, পাথিদের কর্তে কর্তে স্বত-উৎসারিত। সম্যাদীর গৈরিক বদন লুকায়েছে তৃণতলে সর্ব-আবর্জনা-গ্রাসী বিরাট ধুলায়, জপমন্ত্র মিলে গেছে পতত্বগুঞ্জনে। অনিংশেষ যে তপস্থা প্রাণরদে উচ্ছসিত, সব দিতে সব নিতে বে বাড়ালো কমগুলু হ্যুলোকে ভূলোকে, তারি বর পেয়েছি অন্তরে মোর, তাই দর্ব দেহ মন প্রাণ স্থন্ম হয়ে প্রদারিল আজি ওই নিংশন্দ প্রান্তরে ছায়ারৌত্রে হেথাহোথা ধেথায় রোমন্বত ধেরু আলস্থে শিথিল-অন্ধ, তৃপ্তিরসমস্ভোগ তাদের সঞ্চারিছে ধীরে মোর পুলকিত সন্তার গভীরে। দলে দলে প্রজাপতি রৌদ্র হতে নিতেছে কাঁপায়ে নীরব আকাশবাণী শেফালির কানে কানে বলা, ভাহারি বীজন আজি শিরায় শিরায় রক্তে মোর মৃত্ স্পর্শে শিহরিত তুলিছে হিলোল।

হে সংসার, আমাকে বারেক ফিরে চাও ; পশ্চিমে ধাবার মুখে বর্জন কোরো না মোরে উপেক্ষিত ভিক্সকের মতো।
জীবনের শেষপাত্র উচ্ছলিয়া দাও পূর্ণ করি,
দিনান্তের সর্বদানষক্তে ষথা মেঘের অঞ্চলি
পূর্ণ করি দেয় সন্ধ্যা, দান করি' চরম আলোর
অজ্জ ঐশ্বরাশি সমুজ্জল সহস্তরশ্বির—
সর্বহর আঁধারের দ্স্যবৃত্তি-দোষণার আগে।

শান্তিনিকেতন ৪৷১ •৷৩৭

9

এ কী অক্বতজ্ঞতার বৈরাগ্যপ্রলাপ ক্ষপে ক্ষপে, বিকারের রোগীসম অকন্মাৎ ছুটে যেতে চাওয়া আপনার আবেষ্টন হতে।

ধন্য এ জীবন মোর---এই বাণী গাব আমি, প্রভাতে প্রথম-জাগা পাথি ষে স্বরে ঘোষণা করে আপনাতে আনন্দ আপন। ত্বংখ দেখা দিয়েছিল, খেলায়েছি ত্রংখনাগিনীরে ব্যথার বাঁশির স্লরে। নানা রক্ষে প্রাণের ফোয়ারা করিয়াছি উৎসারিত অন্তরের নানা বেদনায়। এঁকেছি বুকের রক্তে মানদীর ছবি বারবার ক্ষণিকের পটে, মুছে গেছে রাত্রির শিশিরজ্বলে, মৃছে গেছে আপনার আগ্রহম্পর্শনে— তবু আজো আছে তারা ক্ষরেখা স্বপনের চিত্রশালা জুড়ে, আছে তারা অতীতের শুরুমাল্যগন্ধে বিশ্বড়িত। কালের অঞ্চলি হতে ভ্রষ্ট কত অব্যক্ত মাধুরী রদে পূর্ণ করিয়াছে থরে থরে মনের বাতাস, প্রভাত-আকাশ যথা চেনা-অচেনার বহু স্থরে কৃজনে গুঞ্জনে ভরা। অনভিজ্ঞ নবকৈশোরের কম্পমান হাত হতে খলিত প্রথম বরমালা কঠে ওঠে নাই, তাই আজিও অক্লিষ্ট অমলিন

আছে তার অক্ট কলিকা। সমস্ত জীবন মোর
তাই দিয়ে পুশম্কৃটিত। পেয়েছি যা অবাচিত
প্রেমের অমৃতরস, পাই নি যা বহু সাধনায়—
তই মিশেছিল মোর পীড়িত যৌবনে। কল্পনায়
বাস্তবে মিজিত, সত্যে ছলনায়, জয়ে পরাজয়ে,
বিচিত্রিত নাট্যধারা বেয়ে, আলোকিত রক্সয়ে
প্রচ্ছন্তর নেপথ্যভূমে, স্থাভীর স্প্রেরহস্তের
যে প্রকাশ পর্বে পর্বে পর্যায়ে উদ্বারিত
আমার জীবনরচনায়, তাহারে বাহন করি
স্পর্শ করেছিল মোরে কতদিন জাগরণক্ষণে
অপরপ অনির্বচনীয়। আজি বিদায়ের বেলা
স্বীকার করিব তারে, সে আমার বিপুল বিশ্বয়।
গাব আমি, হে জীবন, অস্তিত্রের সার্থি আমার,
বহু রণক্ষেত্র তুমি করিয়াছ পার, আজি লয়ে যাও
মৃত্যুর সংগ্রামশেষে নবতর বিজয়মাত্রায়।

শান্তিনিকেতন ৭৷১০৷৩৭

ъ

✓ রশমক্ষে একে একে নিবে গেল যবে দীপশিথা, রিক্ত হল সভাতল, আঁধারের মদী-অবলেপে স্বপ্লছবি-মৃছে-যাওয়া হৃষ্পির মতো শান্ত হল চিত্ত মোর নিঃশব্দের তর্জনীসংকেতে। এতকাল বে সাজে রচিয়াছিয়্থ আপনার নাট্যপরিচয় প্রথম উঠিতে ঘবনিকা, সেই সাজ মৃহুর্তেই হল নিরর্থক। চিহ্নিত করিয়াছিয়্থ আপনারে নানা চিহ্নে, নানা বর্ণপ্রসাধনে সহত্রের কাছে, মৃছিল তা, আপনাতে আপনার নিগৃত পূর্ণতা আমারে করিল স্বন্ধ, স্থান্তের অন্তিম সংকারে দিনান্তের শৃত্যতায় ধরার বিচিত্র চিত্রলেখা যথন প্রচ্ছন্ন হয়, বাধামুক্ত আকাশ যেমন নির্বাক্ বিশ্বয়ে ন্তক তারাদীপ্ত আত্মপরিচয়ে।

শাস্তিনিকেতন ৯৷১০৷৩৭

√<u>`</u>

দেখিলাম- অবসন্ন চেতনার গোধুলিবেলায় দেহ মোর ভেদে যায় কালো কালিন্দীর স্রোত বাহি নিয়ে অহুভূতিপুঞ্জ, নিয়ে তার বিচিত্র বেদনা, চিত্র-করা আচ্ছাদনে আজন্মের স্বৃতির সঞ্চয়, নিমে তার বাঁশিখানি। দূর হতে দূরে যেতে ধেতে মান হয়ে আদে তার রূপ, পরিচিত তীরে তীরে তক্ষস্থায়া-আলিন্ধিত লোকালয়ে ক্ষীণ হয়ে আসে সন্ধ্যা-আরতির ধ্বনি, ঘরে ঘরে রুদ্ধ হয় ছার. ঢাকা পড়ে দীপশিখা, নৌকা বাঁধা পড়ে ঘাটে। पृष्टे उटि कांख रन भाराभार, घनाता तकनी, বিহলের মৌনগান অরণোর শাথায় শাথায় মহানি:শব্দের পায়ে রচি দিল আত্মবলি তার। এক রুক্ত অরপতা নামে বিশ্ববৈচিত্ত্যের 'পরে श्रत करन । ছोग्रा रुख, विन्तू रुख मिरन योग राष्ट् অস্তহীন তমিশ্রায়। নক্ষত্রবেদীর তলে আসি একা ন্তৰ দাড়াইয়া, উৰ্ধ্বে চেয়ে কহি জ্বোড় হাতে— হে পুষন, সংহরণ করিয়াছ তব রশ্মিজাল, এবার প্রকাশ করো তোমার কল্যাণ্ডম রূপ, দেখি তারে যে পুরুষ তোমার আমার মাঝে এক।

শান্তিনিকেতন ৮)১২।৩৭ 50

মৃত্যুদৃত এসেছিল হে প্রলয়ংকর, অকস্মাৎ তব সভা হতে। নিয়ে গেল বিরাট প্রাঙ্গণে তব; চক্ষে দেখিলাম অন্ধকার; দেখি নি অদুগু আলো আঁধারের শুরে শুরে অন্তরে অন্তরে, যে আলোক নিখিল জ্যোতির জ্যোতি; দৃষ্টি মোর ছিল আচ্ছাদিয়া আমার আপন ছায়া। সেই আলোকের সামগান মক্রিয়া উঠিবে মোর সত্তার গভীর গুহা হতে স্বাধীর-দীমান্ত-জ্যোতির্লোকে, তারি লাগি ছিল মোর আমন্ত্রণ। লব আমি চরমের কবিত্তমর্যাদা জীবনের রঙ্গভূমে, এরি লাগি সেধেছিত্র তান। বাজিল না রুদ্রবীণা নিঃশব্দ ভৈরব নবরাগে. জাগিল না মর্মতলে ভীষণের প্রসন্ন মূরতি, তাই ফিরাইয়া দিলে। আসিবে আরেক দিন যবে তখন কবির বাণী পরিপক ফলের মতন নিঃশব্দে পড়িবে থসি আনন্দের পূর্ণতার ভারে অনন্তের অর্ঘ্যভালি-'পরে। চরিতার্থ হবে শেষে জীবনের শেষ মূল্য, শেষ যাত্রা, শেষ নিমন্ত্রণ।

শান্তিনিকেতন ৮।১২।৩৭

33

কলরবম্থরিত খ্যাতির প্রান্ধণে যে আসন
পাতা হয়েছিল কবে, দেথা হতে উঠে এসো কবি,
পূজা দাদ করি দাও চাটুলুর জনতাদেবীরে
বচনের অর্ঘ্য বিরচিয়া। দিনের দহল্র কণ্ঠ
কীণ হয়ে এল; যে প্রহরগুলি ধ্বনিপণ্যবাহী
নোঙর ফেলেছে তারা সন্ধ্যার নির্জন ঘাটে এসে।

আকাশের আঙিনার শান্ত ষেথা পাথির কাকলি হুরসভা হতে সেথা নৃত্যপরা অপ্সরক্যার বাম্পে-বোনা চেলাঞ্চল উড়ে পড়ে, দেয় ছড়াইয়া হুর্ণোচ্ছল বর্ণরশ্বিচ্ছটা। চরম ঐর্থ্য নিয়ে অন্তলগনের, শৃন্ত পূর্ণ করি এল চিত্রভাম, দিল মোরে করম্পর্শ, প্রসারিল দীপ্ত শিল্পকলা অন্তরের দেহলিতে, গভীর অন্তলাক হতে ইশারা ফুটিয়া পড়ে তুলির রেখায়। আজন্মের বিচ্ছির ভাবনা যত, স্রোতের সেঁউলি-সম যারা নির্ম্বক ফিরেছিল অনিশ্চিত হাওয়ায় হাওয়ায়, রূপ নিয়ে দেখা দেবে ভাঁটার নদীর প্রান্তভীরে অনাদৃত মঞ্জরীর অন্তানিত আগাছার মতো—কেহ ভ্রধাবে না নাম, অধিকারগর্ব নিয়ে তার দ্বিগ রহিবে না কারো, অনামিক শ্বতিচিহ্ন তারা ধ্যাতিশ্ব্য অগোচরে রবে যেন অম্পষ্ট বিশ্বতি।

শাস্তিনিকেতন ১৮৷১২৷৩৭

53

শেষের অবগাহন সাদ করে। কবি, প্রদোষের
নির্মলতিমিরতলে। ভৃতি তব সেবার প্রমের
সংসার ষা দিয়েছিল আঁকড়িয়া রাথিয়ো না বৃকে;
এক প্রহরের মূল্য আরেক প্রহরে ফিরে নিতে
কুণ্ঠা কভু নাহি তার; বাহির-ঘারের যে দক্ষিণা
অন্তরে নিয়ো না টেনে; এ মূলার অর্গলেপটুকু
দিনে দিনে হাতে হাতে কয় হয়ে লৃপ্ত হয়ে যাবে,
উঠিবে কলছরেখা ফুটি। ফল বদি ফলায়েছ বনে,
মাটিতে ফেলিয়া তার হোক অবসান। সাদ হল
ফুল ফোটাবার শুতু, সেই সদ্ধে সাক্ষ হয়ে ছাক

লোকমুখবচনের নিখাসণবনে দোল থাওয়া।
পুরস্কারপ্রত্যাশায় পিছু ফিরে বাড়ায়ো না হাত
বেতে ধেতে; জীবনে যা-কিছু তব সত্য ছিল দান
মূল্য চেরে অপমান করিয়ো না তারে; এ জনমে
শেষ ত্যাগ হোক তব ভিক্ষাঝুলি, নববসন্তের
আগমনে অরণ্যের শেষ শুভ পত্রগুচ্ছ যথা।
যার লাগি আশাপথ চেয়ে আছ সে নছে সন্মান,
সে বে নবজীবনের অরুণের আহ্বান-ইদ্বিত,
নবজাগ্রতের ভালে প্রভাতের জ্যোতির তিলক।

শাস্তিনিকেতন ১৮৷১২৷৩৭

#### 30

একদা পরমম্ল্য জনক্ষণ দিয়েছে তোমায়
আগস্কক। রপের ত্র্লভ সতা লভিয়া বসেছ
ক্র্যনক্ষত্রের সাথে। দূর আকাশের ছায়াপথে
যে আলোক আসে নামি ধরণীর শ্রামল ললাটে
সে তোমার চক্ চুম্বি তোমারে বেঁধেছে অমুক্ষণ
স্ব্যভোৱে ত্যুলোকের সাথে; দূর যুগাস্তর হতে
মহাকাল্যাত্রী মহাবাণী পুণ্যমূহুর্তেরে তব
ভক্তকণে দিয়েছে সন্মান; তোমার সন্মুধদিকে
আত্মার যাত্রার পন্থ গেছে চলি অনন্তের পানে,
সেথা তুমি একা যাত্রী, ক্ষুরস্ক এ মহাবিশায়।

শাস্তিনিকেতন ১৯৷১২৷৩৭ J 38

ষাবার সময় হল বিহলের। এখনি কুলায়
রিক্ত হবে। শুরুণীতি ভ্রষ্টনীড় পড়িবে ধুলায়
অরণ্যের আন্দোলনে। শুরুপত্র-জীর্ণপূপ্ণ-লাথে
পথচিহ্নীন শৃত্যে যাব উড়ে রজনীপ্রভাতে
অশুনিরূপরপারে। কত কাল এই বহুদ্ধরা
আতিথ্য দিয়েছে; কভু আদ্রম্কুলের গদ্ধে ভরা
পেয়েছি আহ্বানবাণী ফান্ধনের দাক্ষিণ্যে মধুর;
অশোকের মঞ্চরী সে ইন্সিতে চেয়েছে মোর হুর,
দিয়েছি তা প্রীতিরসে ভরি; কখনো বা ঝন্ধাঘাতে
বৈশাথের, কঠ মোর ক্ষিয়াছে উত্তপ্ত ধুলাতে,
পক্ষ মোর করেছে অক্ষম— সব নিয়ে ধন্য আমি
প্রাণের সন্মানে। এ পারের ক্লান্ত যাত্রা গেলে থামি,
ক্ষণতরে পশ্চাতে ফিরিয়া মোর নম্র নমস্কারে
বন্দনা করিয়া যাব এ জন্মের অধিদেবতারে।

শান্তিনিকেতন ১৫ বৈশাপ ১৩৪১

30

অবকদ্ধ ছিল বায়; দৈত্যসম পুঞ্চ মেঘভার ছায়ার প্রহরীব্যুহে ঘিরে ছিল স্থর্যের হ্য়ার; অভিভূত আলোকের মূর্চাতুর মান অসমানে দিগস্ত আছিল বাস্পাকুল। যেন চেয়ে ভূমিপানে অবসাদে-অবনত ক্ষীণশাস চিরপ্রাচীনতা স্তব্ধ হয়ে আছে বসে দীর্ঘকাল, ভূলে গেছে কথা, ক্লান্তিভারে আঁথিপাতা বন্ধপ্রায়।

শৃক্তে হেনকালে জয়শঝ উঠিল বাজিয়া। চন্দনতিলক ভালে

मायाय सम्मा १ । अस्ता विश्वादेश अन्तार कर्ना धरे रिक सिंह प्रमुक्ट सक्रमुक करहाब देगार व्यापाक मार्थानार। मुक्का ही में मूका भाग क क्राक्टरीय मेक हार कर करें। जेमार , मुस्मिन के प्राप्त । कार्या के भिर्मिन અહારો હોળારે પર આપે શ્રેસ લાક મહા રહ્યા (अराम्ह अक्ष्मिकार) त्याने स्थान स्थान स्थान गामास्य मन्त्री भ इस्तिर हिर्ण हिर्ण कर मेर सिराष्ट्र अ भीरिकार के कर के के मिला general my one regime 333 gress काम पान प्राचीर महार रेड खिए दुरी गाएक duya unua I yanisa Lad nin wer mar अनुराक सन्मार प्रमुक्त लाक गर्म गरमार रस्या कर्रकार ताक व स्थाक मुक्सरकराक। of by monde भिर्मिश्रीक्य x Barris

585.

শরৎ উঠিল হেলে চমকিত গগনপ্রাক্তে; পল্লবে পল্লবে কাঁপি বনলন্দী কিছিণীকল্পণে বিচ্ছরিল দিকে দিকে জ্যোতিষণা। আজি হেরি চোথে কোন অনির্বচনীয় নবীনেরে তরুণ আলোকে। ষেন আমি তীর্থষাত্রী অতিদুর ভাবীকাল হতে মন্ত্রবন্ধে এসেছি ভাসিয়া। উদ্ধান স্বপ্নের স্রোতে অকন্মাৎ উত্তরিহু বর্তমান শতাব্দীর ঘাটে ষেন এই মুহুর্তেই। চেম্নে চেম্নে বেলা মোর কাটে। আপনারে দেখি আমি আপন বাহিরে, যেন আমি অপর যুগের কোনো অজানিত, সন্ত গেছে নামি সতা হতে প্রত্যহের আচ্ছাদন ; অক্লান্ত বিশ্বয় যার পানে চক্ষু মেলি তারে যেন আঁকড়িয়া রয় পুষ্পালগ্ন ভ্রমরের মতো। এই তো ছুটির কাল— সর্বদেহমন হতে ছিন্ন হল অভ্যাসের জাল, নগ চিত্ত মগ্র হল সমস্তের মাঝে। মনে ভাবি পুরানোর হুর্গধারে মৃত্যু যেন খুলে দিল চাবি, নৃতন বাহিরি এল; তুচ্ছতার জীর্ণ উত্তরীয় মুচালো সে; অন্তিত্বের পূর্ণ মূল্যে কী অভাবনীয় প্রকাশিল তার স্পর্শে, রজনীর মৌন স্থবিপুল প্রভাতের গানে সে মিশায়ে দিল; কালো তার চল পশ্চিমদিগন্তপারে নামহীন বননীলিমায় বিস্তারিল রহস্য নিবিড।

আজি মৃক্তিমন্ত গার আমার বক্ষের মাঝে দ্রের পথিকচিত মম, সংসারধাত্তার প্রান্তে সহমরণের বধ্-সম।

১৩ সেপ্টেম্বর ১৯৩৪

36

পথিক দেখেছি আমি পুরাণে-কীতিত কত দেশ
কীতিনিংস্থ আজি; দেখেছি অবমানিত ভগ্নশেষ
দর্পেদ্বত প্রতাপের; অন্তর্হিত বিজয়নিশান
বজ্ঞাঘাতে শুরু যেন অট্টহাসি; বিরাট সন্মান
সাষ্টাবে দে ধুলায় প্রণত, যে ধুলায় পিরে মেলে
সন্ধ্যাবেলা ভিন্তু জীর্ণ কাঁথা, যে ধুলায় চিহ্ন ফেলে
প্রান্ত পদ পথিকের, পুনং সেই চিহ্ন লোপ করে
অসংখ্যের নিত্য পদপাতে। দেখিলাম বাল্ভরে
প্রচ্ছেন্ন স্থদ্র যুগান্তর, ধ্দর সম্প্রতলে
যেন মগ্ন মহাতরী অকন্মাৎ ঝঞ্চাবর্তবলে,
লয়ে তার দব ভাষা, দর্ব দিনরজনীর আশা,
মুথরিত ক্ষাত্মা, বাদনাপ্রদীপ্ত ভালোবাদা।
তব্ করি অন্তর বৃদি এই অনিত্যের বৃকে,
অসীমের ক্রংম্পন্দন তর্মিছে মোর ত্থে স্থা।

[ শাস্তিনিকেতন ] ৭ বৈশাখ ১৩৪১

39

বিষদিন চৈততা মোর মৃক্তি পেল লুপ্তিগুহা হতে
নিয়ে এল হংসহ বিশ্ময়য়ড়ে দাকণ হুর্যোগে
কোন্ নরকায়িগিরিগছররের তটে; তপ্তধ্যে
গাঁজ উঠি ফুঁ দিছে সে মাস্থ্যের তীত্র অপমান,
অমললধ্বনি তার কম্পান্বিত করে ধরাতল,
কালিমা মাধায় বায়্তরে। দেখিলাম একালের
আত্মঘাতী মৃঢ় উন্মন্ততা, দেখিয় সর্বাক্তে ক্রতা,
মন্ততার কর্ম্ব বিজ্ঞাপ। এক দিকে স্পাধিত ক্রতা,
মন্ততার নির্লক্ষ হুংকার, অন্ত দিকে ভীক্তার

**বিধাগ্রন্থ চরণবিক্ষেপ, বক্ষে আলিদিয়া ধরি** রূপণের সতর্ক সম্বল- সম্রন্ত প্রাণীর মডো ক্ষণিক-গর্জন-অন্তে ক্ষীণস্বরে তথনি জানায নিরাপদ নীরব নম্রতা। রাষ্ট্রপতি যত আছে প্রোট প্রতাপের, মন্ত্রসভাতলে আদেশ-নির্দেশ রেখেছে নিষ্পিষ্ট করি রুদ্ধ ওঠ-অধরের চাপে मः गरा मः कारा । व पिरक मानवशकी कृत गृत्छ উড়ে আদে ঝাঁকে ঝাঁকে বৈতরণীনদীপার হতে যন্ত্রপক্ষ হংকারিয়া নরমাংসক্ষধিত শকুনি, আকাশেরে করিল অওচি। মহাকালসিংহাসনে-সমাসীন বিচারক, শক্তি দাও, শক্তি দাও মোরে, কঠে মোর আনো বজ্রবাণী, শিল্পতাতী নারীঘাতী কুংসিত বীভৎসা-'পরে ধিকার হানিতে পারি যেন নিত্যকাল রবে যা স্পন্দিত লজ্জাতুর ঐতিহের হৎস্পন্দনে, রুদ্ধকণ্ঠ ভয়ার্ত এ শৃন্ধলিত যুগ যবে নিঃশব্দে প্রচ্ছন্ন হবে আপন চিতার ভন্মতলে।

শাস্তিনিকেতন ২৫/১২/৩**৭** 

36

নাগিনীরা চারি দিকে ফেলিতেছে বিষাক্ত নিশ্বাস,
শান্তির ললিত বাণী শোনাইবে ব্যর্থ পরিহাস—
বিদায় নেবার আগে তাই
ডাক দিয়ে যাই
দানবের সাথে যারা সংগ্রামের তরে
প্রস্তুত হতেছে ঘরে ঘরে।

শান্তিনিকেতন খ্রীস্ট-জন্মদিন ২৫)২২৩৭

# সেঁজুতি

### উৎসগ

#### ডাক্তার সার্ নীলরতন সরকার বন্ধ্বরেষ্

অন্ধতামসগহার হতে

ফিরিত্ব স্থালোকে।

বিশ্বিত হয়ে আপনার পানে

হেরিম্ন নৃতন চোখে।

মর্তের প্রাণরকভূমিতে

যে চেতনা সারারাতি

ञ्च्याः त्यंत्र नांच्यानीनाय

জেলে রেখেছিল বাতি

**নে আজি কো**থায় নিয়ে যেতে চায়

অচিহ্নিতের পারে,

নবপ্রভাতের উদয়দীমায়

অরপলোকের হারে।

আলো-আঁধারের ফাঁকে দেখা যায়

অজানা তীরের বাসা,

বিমিঝিমি করে শিরায় শিরায়

पृत्र नीनिभात्र ভाषा।

দে ভাষার আমি চরম অর্থ

জানি কিবা নাহি জানি-

ছন্দের ডান্সি সাজান্ত তা দিয়ে,

তোমারে দিলাম আনি।

রবীন্দ্রনাথ ঠাকুর

শাস্তিনিকেতন ১ ল্রাবণ ১৩৪৫



### জন্মদিন

আজ মম জন্মদিন। সভাই প্রাণের প্রান্তপথে

ডুব দিয়ে উঠেছে সে বিলৃপ্তির অন্ধকার হতে

মরণের ছাড়পত্র নিয়ে। মনে হতেছে কী জানি
পুরাতন বৎসরের গ্রন্থিবাধা জীর্ণ মালাখানি

সেথা গেছে ছিন্ন হয়ে; নবস্থত্রে পড়ে আজি গাঁথা

নব জন্মদিন। জন্মোৎসবে এই-যে আসন পাতা

হেথা আমি যাত্রী শুধু, অপেকা করিব, লব টিকা

মৃত্যুর দক্ষিণ হন্ত হতে, নৃতন অরুণলিখা

যবে দিবে যাত্রার ইন্সিত।

আজ আসিয়াছে কাছে
জন্মদিন মৃত্যুদিন, একাসনে দোঁহে বসিয়াছে,
ছই আলো ম্থোম্থি মিলিছে জীবনপ্রাস্তে মম
রজনীর চন্দ্র আর প্রত্যুবের শুক্তারাসম—
এক মন্ত্রে দোঁহে অভ্যর্থনা।

প্রাচীন অতীত, তুমি
নামাও তোমার অর্য; অরপ প্রাণের জন্মভূমি,
উদয়শিথরে তার দেখো আদিজ্যোতি। করো মোরে
আশীর্বাদ, মিলাইয়া যাক ত্যাতগু দিগন্তরে
মায়াবিনী মন্নীচিকা। ভরেছিত্ব আদক্তির ভালি
কাঙালের মতো; অন্তচি সঞ্চয়পাত্র করো থালি,
ভিক্ষামৃষ্টি ধূলায় ফিরায়ে লও, যাত্রাতরী বেয়ে
পিছু ফিরে আর্ত চক্ষে যেন নাহি দেখি চেয়ে চেয়ে
জীবনভোজের শেষ উচ্চিটের পানে।

হে বহুধা,

নিত্য নিত্য বুঝায়ে দিতেছ মোরে— যে তৃষ্ণা, যে কুধা তোমার সংসাররথে সহস্রের সাথে বাঁধি মোরে টানায়েছে রাত্রিদিন স্থল স্থল নানাবিধ ডোরে নানা দিকে নানা পথে, আজ তার অর্থ গেল কমে ছটির গোধনিবেলা তন্ত্রাল আলোকে। তাই ক্রমে ফিরায়ে নিতেছ শক্তি, হে কুপণা, চক্ষুকর্ণ থেকে আডাল করিছ স্বচ্ছ আলো: দিনে দিনে টানিছে কে নিশুভ নেপ্থাপানে। আমাতে তোমার প্রয়োজন শিপিল হয়েছে, তাই মূল্য মোর করিছ হরণ, দিতেছ ললাটপটে বর্জনের ছাপ। কিন্তু জানি. তোমার অবজ্ঞা মোরে পারে না ফেলিতে দরে টানি। তব প্রয়োজন হতে অতিক্লিক্ত যে মাত্রুষ তারে দিতে হবে চরম সম্মান তব শেষ নমস্কারে। যদি মোরে পঙ্গু কর, যদি মোরে কর অন্ধপ্রায়, যদি বা প্রচ্ছন্ন কর নিঃশক্তির প্রদোবচ্ছায়ায়, বাঁধ বার্ধক্যের জালে, তবু ভাঙা মন্দিরবেদীতে প্রতিমা অকুণ্ণ রবে সগৌরবে; তারে কেড়ে নিতে শক্তি নাই তব।

ভাঙো ভাঙো, উচ্চ করো ভগ্নন্তুপ,
জীর্ণতার অন্তরালে জানি মোর আনন্দস্বরূপ
রয়েছে উজ্জ্বল হয়ে। স্থা তারে দিয়েছিল আনি
প্রতিদিন চতুদিকে রসপূর্ণ আকাশের বাণী;
প্রত্যুত্তরে নানা ছন্দে গেয়েছে সে 'ভালোবাসিয়াছি'।
সেই ভালোবাসা মোরে তুলেছে স্বর্গের কাছাকাছি
ছাড়ায়ে ভোমার অধিকার। আমার সে ভালোবাসা
সব ক্ষমক্ষতিশেবে অবশিষ্ট রবে; তার ভাষা
হয়তো হারাবে দীপ্তি অভ্যাসের মানস্পর্শ লেগে,
তবু সে অমৃতরূপ সলে রবে যদি উঠি জ্বেগে

মৃত্যুপরপারে। তারি অব্দে এঁ কৈছিল পত্রনিধা
আন্রমন্তরীর রেণ্, এঁ কৈছে পেলব শেফালিকা
ক্রগন্ধি শিশিরকণিকায়; তারি সক্ষ উত্তরীতে
গেঁথছিল শিল্পকারু প্রভাতের দোয়েলের গীতে
চকিত কাকলিস্তরে; প্রিয়ার বিহ্বল স্পর্শধানি
স্পষ্ট করিয়াছে তার সর্বদেহে রোমাঞ্চিত বাণী,
নিত্য তাহা রয়েছে সঞ্চিত। যেথা তব কর্মশালা
সেথা বাতায়ন হতে কে জানি পরায়ে দিত মালা
আমার ললাট ঘেরি সহসা ক্ষণিক অবকাশে,
সে নহে ভৃত্যের পুরস্কার; কী ইলিতে কী আভাসে
মৃহুর্তে জানায়ে চলে যেত অসীমের আত্মীয়তা
অধরা অদেখা দৃত, বলে যেত ভাষাতীত কথা
অপ্রয়োজনের মানুষেরে।

সে মাহুষ, হে ধরণী,
তোমার আগ্রায় ছেড়ে যাবে যবে, নিয়ো তুমি গণি
যা-কিছু দিয়েছ তারে, তোমার কর্মীর যত সাজ,
তোমার পথের যে পাথেয়, তাহে সে পাবে না লাজ;
রিজতায় দৈত্য নহে। তবু জেনো অবজ্ঞা করি নি
তোমার মাটির দান, আমি সে মাটির কাছে ঋণী —
জানায়েছি বারংবার, তাহারি বেড়ার প্রান্ত হতে
অমুর্তের পেয়েছি সন্ধান। যবে আলোতে আলোতে
লীন হত জড়যবনিকা, পুল্পে পুল্পে তুণে তুণে
রপে রসে সেই ক্ষণে যে গৃঢ় রহস্ত দিনে দিনে
হত নিঃশ্বিত, আজি মর্তের অপর তীরে বৃঝি
চলিতে ফিরাফু মুখ তাহারি চরম অর্থ খুঁজি।

ষবে শাস্ত নিরাসক্ত গিয়েছি তোমার নিমন্ত্রণ জোমার অমরাবতী স্থপন্ন সেই শুভক্ষণে মৃক্তবার ; বৃত্তুক্র লালসারে করে সে বঞ্চিত ;
তাহার মাটির পাত্রে যে অমৃত রয়েছে সঞ্চিত
নহে তাহা দীন ভিক্ লালায়িত লোলুপের লাগি।
ইন্দ্রের ঐর্থর্ব নিয়ে হে ধরিত্রী, আছ তুমি জাগি
ত্যাগীরে প্রত্যাশা করি, নির্লোভেরে সঁপিতে সন্মান,
তুর্গমের পথিকেরে আতিথ্য করিতে তব দান
বৈরাগ্যের ভল সিংহাসনে। ক্র যারা, লুর যারা,
মাংসগন্ধে মৃশ্ব যারা, একান্ত আত্মার দৃষ্টিহারা
শ্রশানের প্রান্তবর, আবর্জনাকুণ্ড তব ঘেরি
বীভৎস চীৎকারে তারা রাত্রিদিন করে ফেরাফেরি,
নির্ম্কল হিংসায় করে হানাহানি।

ভানি তাই আদি
মাত্র্য-জন্তর হৃহংকার দিকে দিকে উঠে বাজি।
তবু যেন হেদে ষাই যেনন হেদেছি বারে বারে
পণ্ডিতের মৃচ্তায়, ধনীর দৈত্তের অত্যাচারে,
দক্জিতের রূপের বিজপে। মাত্র্যের দেবতারে
ব্যক্ষ করে যে অপদেবতা বর্বর ম্থবিকারে
তারে হান্ত হেনে যাব, বলে যাব, 'এ প্রহ্মনের
মধ্য-আম্ব অক্যাৎ হবে লোপ তৃষ্ট অপনের;
নাট্যের ক্বর্রুপে বাকি শুধু রবে ভন্মরাশি
দক্ষশেষ মশালের, আর অদৃষ্টের অট্রাসি।'
বলে যাব, 'দৃত্তচ্ছলে দানবের মৃচ্ অপব্যয়
গ্রন্থিতে পারে না কতু ইতিরুত্তে শার্শত অধ্যায়।'

বুধা বাক্য থাক্। তব দেহলিতে ভনি ঘণ্টা বাজে, শেষপ্রহরের ঘণ্টা; সেই সঙ্গে ক্লান্ত বক্ষোমাঝে ভনি বিদায়ের ছার খুলিবার শব্দ সে অদূরে ধ্বনিতেছে স্থান্তের রঙে রাঙা পুরবীর স্থরে। জীবনের শ্বতিদীপে আজিও দিতেছে যারা জ্যোতি সেই ক'টি বাতি দিয়ে রচিব তোমার সন্ধ্যারতি সপ্তর্যির দৃষ্টির সন্মূথে; দিনাস্থের শেষ পলে রবে মোর মৌন বীণা মৃছিয়া তোমার পদতলে।

আর রবে পশ্চাতে আমার, নাগকেশরের চারা ফুল ধার ধরে নাই, আর রবে থেয়াতরীহার। এ পারের ভালোবাদা — বিরহন্থতির অভিমানে ক্লান্ত হয়ে রাজিশেষে ফিরিবে সে পশ্চাতের পানে।

গৌরীপুর-ভবন। কালিম্পং ২৫ বৈশাগ ১৩৪৫

### প্রোত্তর

ডাক্তার শ্রীপ্ররেশ্রনাপ দাসগুপ্তকে লিখিত

বন্ধু,

চিরপ্রশ্নের বেদীসমূথে চিরনির্বাক্ রহে
বিরাট নিরুত্তর,
ভাহারি পরশ পায় যবে মন নম্রললাটে বহে
আপন প্রেট বর।
থনে খনে ভারি বহিরক্পর্যারে
পুলকে দাঁড়াই, কভ কী যে হয় বলা;
ভগু মনে জানি বাজিল না বীণাভারে
প্রমের স্থরে চরমের গীতিকলা।

চকিত আলোকে কথনো সহসা দেখা দেয় ফুলর,
দেয় না তবুও ধরা—

মাটির হরার কণেক খুলিয়া আপন গোপন ঘর
দেখায় বস্তম্বা।

আলোকধামের আভাস সেথায় আছে
মর্তের বৃকে অমৃত পাত্তে ঢাকা;
ফাগুন সেথায় মন্ত্র লাগায় গাছে,
অরপের রূপ পল্লবে পড়ে আঁকা।

তারি আহ্বানে সাড়া দেয় প্রাণ, জাগে বিস্মিত স্বর,
নিব্দ অর্থ না জানে;
ধূলিময় বাধা-বন্ধ এড়ায়ে চলে যাই বহুদ্র
আপনারি গানে গানে।

'দেখেছি দেখেছি' এই কথা বলিবারে স্বর বেধে যায়, কথা না জোগায় মুথে; ধন্ত যে আমি, সে কথা জানাই কারে— পরশাতীতের হরষ জাগে যে বৃকে।

তুঃথ পেয়েছি, দৈন্ত খিরেছে, অল্লীল দিনে রাতে
দেখেছি কুশ্রীতারে,
মাহুষের প্রাণে বিষ মিশায়েছে মাহুষ আপন হাতে,
ঘটেছে তা বারে বারে।
তবু তো বধির করে নি প্রবণ কভু,
বেহুর ছাপায়ে কে দিয়েছে হুর আনি;
পরুষকল্য ঝঞ্চায় শুনি তবু
চিব্রদিবসের শাস্ক শিবের বাণী।

যাহা জানিবার কোনোকালে তার জেনেছি যে কোনোকিছু
কে তাহা বলিতে পারে—
সকল পাওয়ার মাঝে না-পাওয়ার চলিয়াছি পিছু পিছু
অচেনার অভিসারে।
তব্ও চিত্ত অহেতু আনন্দেতে
বিশ্বনৃত্যলীলায় উঠেছে মেতে;
সেই ছন্দেই মুক্তি আমার পাব,

মৃত্যুর পথে মৃত্যু এড়ায়ে যাব।

ওই শুনি আমি চলেছে আকাশে বাঁধন-ছেঁড়ার রবে নিখিল আত্মহারা; ওই দেখি আমি অন্তবিহীন সতার উৎসবে ছুটেছে প্রাণের ধারা।

নে ধারার বেগ লেগেছে আমার মনে
এ ধরণী হতে বিদায় নেবার কণে;
নিবায়ে ফেলিব ঘরের কোণের বাতি,
যাব অলক্ষ্যে স্থতারার সাধি।

কী আছে জানি না দিন-অবদানে মৃত্যুর অবশেষে;

এ প্রাণের কোনো ছায়।
শেষ আলো দিয়ে ফেলিবে কি রঙ অন্তরবির দেশে,
রচিবে কি কোনো মায়।

জীবনেরে যাহা জেনেছি অনেক তাই;
সীমা থাকে থাক্, তবু তার সীমা নাই।
নিবিড় তাহার সত্য আমার প্রাণে
নিধিল ভ্বন ব্যাপিয়া নিজেরে জানে।

भःश्रा नाकिनिः ১७ कार्छ ১७৪৫

### যাবার মুখে

ষাক এ জীবন,

যাক নিয়ে যাহা টুটে যায়, যাহা

ছুটে যায়, যাহা

ধ্লি হয়ে লোটে ধ্লি-'পরে, চোরা

মৃত্যুই যার অন্তরে, যাহা

রেখে যায় শুধু ফাক।

যাক এ জীবন পুঞ্জিত তার জ্ঞাল নিয়ে যাক।

টুকরো যা থাকে ভাঙা পেয়ালার,

ফুটো সেডারের স্বরহারা তার,

শিখা-নিবে-যাওয়া বাডি,

স্বপ্নশেষের ক্লান্তি-বোঝাই রাতি—
নিম্নে যাক যত দিনে-দিনে-জনা-করা
প্রবঞ্চনায়-ভরা
নিক্ষনতার স্বত্ব সঞ্চয়।
কুড়ায়ে ঝাঁটায়ে মৃছে নিম্নে যাক, নিয়ে যাক শেষ করি
ভাঁটার স্বোতের শেষ-থেয়া-দেওয়া তরী।

নিংশেষ ধবে হয় ধত কিছু ফাঁকি তবন্ত যা রয় বাকি---জগতের সেই সকল-কিছুর অবশেষেতেই কাটায়েছি কাল যত অকাজের বেলায়। মন-ভোলাবার অকারণ গানে কাজ ভোলাবার খেলায়। সেখানে যাহারা এসেছিল মোর পাশে তারা কেহ নয়, তারা কিছু নয় মাহুষের ইতিহাসে। ভুধু অসীমের ইশারা তাহারা এনেছে আঁথির কোণে, অমরাবতীর নৃত্যনৃপুর বাজিয়ে গিয়েছে মনে। দখিনহাওয়ার পথ দিয়ে তারা উকি মেরে গেছে ঘারে, কোনো কথা দিয়ে তাদের কথা যে বুঝাতে পারি নি কারে। রাজা মহারাজ মিলায় শৃত্তে ধুলার নিশান তুলে, তারা দেখা দিয়ে চলে বায় ধবে ফুটে ওঠে ফুলে ফুলে। থাকে নাই থাকে কিছুতেই নেই ভয়, ষা ওয়ায় আসায় দিয়ে যায় ওরা নিভোর পরিচয়। অজানা পথের নামহারা ওরা লক্ষা দিয়েছে মোরে হাটে বাটে যবে ফিরেছি কেবল নামের বেশাতি করে।

আমার ত্রারে আঙিনার ধারে ওই চামেলির লতা কোনো ত্রিনে করে নাই কুপণতা। ওই-বে শিম্ল, ওই-বে সম্বিনা, আমারে বেঁধেছে খণে— কত-বে আমার পাগলামি-পাওয়া দিনে

কেটে গেছে বেলা ভাগু চেয়ে-থাকা মধুর মৈতালিতে, নীল আকাশের তলায় ওদের সর্জ বৈতালিতে। সকালবেলার প্রথম আলোয় বিকালবেলার ছায়ায় দেহপ্রাণমন ভরেছে সে কোন্ অনাদি কালের মারার। পেয়েছি ওম্বের হাতে मृत्रक्रतरमत व्यामिপतिष्ठम এই धत्रीत मार्थ। অসীম আকাশে যে প্রাণ-কাঁপন অসীম কালের বুকে নাচে অবিরাম, তাহারি বারতা ভনেছি ওদের মূথে। ষে মন্ত্রধানি পেয়েছি ওদের স্থরে তাহার অর্থ মৃত্যুর সীমা ছাড়ায়ে গিয়েছে দূরে। সেই সত্যেরই ছবি তিমিরপ্রান্তে চিত্তে আমার এনেছে প্রভাতরবি। দে রবিরে চেয়ে কবির দে বাণী আদে অন্তরে নামি-'ধে আমি রয়েছে ভোমার আমায় দে আমি আমারি আমি'। সে আমি সকল কালে. সে আমি সকল খানে, প্রেমের পরশে দে অসীম আমি বেকে ওঠে মোর গানে।

ষায় যদি তবে যাক

এল যদি শেষ ডাক—

অসীম জীবনে এ ক্ষীণ জীবন শেষ রেখা এঁকে যাক,

মৃত্যুতে ঠেকে যাক।

যাক নিয়ে যাহা টুটে যায়, যাহা

ছুটে যায়, যাহা

ধ্লি হয়ে লুটে ধূলি-'পরে, চোরা

মৃত্যুই যার অন্তরে, যাহা

রেথে যায় শুধূ ফাঁক—

যাক নিয়ে তাহা, যাক এ জীবন, যাক।

শান্তিনিকেতন ২২ মাঘ ১৩৪৩

### অমর্ত

আমার মনে একটুও নেই বৈকুঠের আশা। —
ওইখানে মোর বাদা

যে মাটিতে শিউরে ওঠে ঘাদ,

যার 'পরে ঐ মন্ত্র পড়ে দক্ষিনে বাতাদ।

চিরদিনের আলোক-জালা নীল আকাশের নীচে

যাত্রা আমার নৃত্যপাগল নটরাজের পিছে।

ফ্ল ফোটাবার যে রাগিণী বকুলশাথায় সাধা,

নিজারণে ওড়ার আবেগ চিলের পাথায় বাঁধা,

সেই দিয়েছে রক্তে আমার ঢেউয়ের দোলাছলি;

স্পালোকে সেই উড়েছে হ্রের পাথনা তুলি।

দায়-ভোলা মোর মন

মন্দে-ভালোয় সাদায়-কালোয় অভিত প্রাল্প

ছাড়িয়ে গেছে দ্র দিগস্ক-পানে

আপন বাঁশির পথ-ভোলানো তানে।

দেখা দিল দেহের অতীত কোন্ দেহ এই মোর
ছিন্ন করি বস্তুবাঁধন-ডোর।
তথু কেবল বিপুল অহুভূতি,
গভীর হতে বিচ্ছুরিত আনন্দময় ত্যুতি,
তথু কেবল গানেই ভাষা যার,
পূপিত ফান্তনের ছন্দে গদ্ধে একাকার;
নিমেবহারা চেল্লে-থাকার দূর অপারের মাঝে
ইন্দিত যার বাজে।
বে দেহেতে মিলিরে আছে অনেক ভোরের আলো,
নাম-না-জানা অপুর্বেরে যার লেগেছে ভালো,
বে দেহেতে রূপ নিয়েছে অনিব্চনীয়
সকল প্রিয়ের মাঝখানে যে প্রিয়,

পেরিয়ে মরণ সে মোর সঙ্গে যাবে—
কেবল রসে, কেবল স্থরে, কেবল অন্থভাবে।

শান্তিনিকেতন ১১)৩)৩৭

### পলায়নী

বে প্লায়নের অসীম তরণী
বাহিছে স্থ্যতারা
সেই প্লায়নে দিবসরজনী
ছুটেছ গলাধারা।
চিরধাবমান নিথিলবিশ্ব
এ প্লায়নের বিপুল দৃশ্চ,
এই প্লায়নে ভূত ভবিশ্ব
দীক্ষিছে ধরণীরে।
জলের ছায়া সে ক্রততালে বয়,
ক্রিন ছায়া সে ওই লোকালয়,
একই প্রলয়ের বিভিন্ন লয়

স্পৃষ্টি যথন আছিল নবীন
নবীনতা নিয়ে এলে,
ছেলেমাস্থির স্রোতে নিশিদিন
চল অকারণ থেলে।
লীলাছলে তুমি চিরপথহারা,
বন্ধনহীন নৃত্যের ধারা,
ডোমার ক্লেডে দীমা দিয়ে কারা
বাধন গড়িছে মিছে।

আবাধা ছন্দে হেসে যাও সরি পাথরের মৃঠি শিথিলিত করি, বাঁধাছন্দের নগরনগরী ধুলায় মিলায় পিছে।

অচঞ্চলের অমৃত বরিষে

চঞ্চলতার নাচে,
বিশ্বলীলা তো দেখি কেবলি সে

নেই নেই ক'রে আছে।
ভিত ফেঁদে যারা তুলিছে দেয়াল
তারা বিধাতার মানে না থেয়াল,
তারা বৃষ্ণিল না— অনস্তকাল

অচির কালেরই মেলা।
বিজয়ভোরণ গাঁথে তারা ষত
আপনার ভারে ভেঙে পড়ে তত,
থেলা করে কাল বালকের মতো

লয়ে তার ভাঙা ঢেলা।

ওরে মন, তুই চিস্তার টানে
বাঁধিদ নে আপনারে,
এই বিশ্বের স্থান্তর ভাসানে
আনায়াদে ভেদে যা রে।
কী গেছে তোমার কী রয়েছে আর
নাই ঠাই তার হিসাব রাখার,
কী ঘটিতে পারে জবাব তাহার
নাই বা মিলিল কোনো।
ফেলিতে ফেলিতে যাহা ঠেকে হাতে
তাই পরশিয়া চলো দিনে রাতে,
বে স্বর বাঞ্জিল মিলাতে মিলাতে
তাই কান দিয়ে শোনো।

এর বেশি যদি আরো কিছু চাও

হংথই তাহে মেলে।

বেটুকু পেয়েছ তাই যদি পাও

তাই নাও, দাও ফেলে।

যুগ যুগ ধরি জেনো মহাকাল

চলার নেশায় হয়েছে মাতাল,

ডুবিছে ভাসিছে আকাশ পাতাল

আলোক আঁধার বহি।

দাঁড়াবে না কিছু তব আহ্বানে,

ফিরিয়া কিছু না চাবে তোমা-পানে,
ভেসে যদি যাও যাবে একথানে

সকলের সাথে রহি।

শাস্তিনিকেতন ১৯ চৈত্র ১৩৪৩

#### স্মরণ

যখন রব না আমি মর্তকায়ায়
তথন শ্বরিতে ধদি হয় মন
তবে তুমি এগো হেথা নিভৃত ছায়ায়
যেথা এই চৈত্তের শালবন।

হেথায় যে মন্ত্ররী দোলে শাথে শাথে,
পুচ্ছ নাচায়ে যত পাথি গায়,
গুরা মোর নাম ধরে কভু নাহি ভাকে,
মনে নাহি করে বসি নিরালায়।
কত যাওয়া কত আসা এই হায়াতলে
আনমনে নেয় ওরা সহজেই,
ফিলায় নিমেষে কত প্রতি পলে পলে
হিসাব কোণাও তার কিছু নেই।

ওদের এনেচে ডেকে আদিসমীরণে ইতিহাসলিপিহারা ষেই কাল আমারে সে ডেকেছিল কতু খনে খনে, রক্তে বাজায়েছিল তারি তাল। সেদিন ভূলিয়াছিত্ব কীতি ও খাতি, বিনা পথে চলেছিল ভোলা মন: চারি দিকে নামহারা ক্ষণিকের জ্ঞাতি আপনারে করেছিল নিবেদন। সেদিন ভাবনা ছিল মেঘের মতন, किছ नाटि छिल धरत ताथिवात : দেদিন আকাশে ছিল রূপের রূপন, রঙ চিল উড়ে। চবি আঁকিবার। সেদিনের কোনো দানে ছোটো বডো কাজে স্বাক্ষর দিয়ে দাবি করি নাই: যা লিখেছি যা মুছেছি শুন্তের মাঝে মিলায়েছে, দাম তার ধরি নাই।

দেদিনের হারা আমি — চিহ্নবিহীন
পথ বেয়ে কোরো তার সন্ধান,
হারাতে হারাতে যেথা চলে যায় দিন,
ভরিতে ভরিতে ডালি অবসান।
মাঝে মাঝে পেয়েছিল আহ্বান-পাতি
থেখানে কালের সীমারেথা নেই—
থেলা করে চলে যায় খেলিবার সাথি
গিয়েছিল দায়হীন সেথানেই।
দিই নাই, চাই নাই, রাথি নি কিছুই
ভালো মন্দের কোনো জ্ঞাল;
চলে-যাওয়া ফাগুনের ঝরা ফুলে ভুঁই
আসন পেতেছে মোর ক্ষণকাল।

সেইখানে মাঝে মাঝে এল যারা পাশে
কথা তারা কেলে গেছে কোন্ ঠাই;
সংসার তাহাদের ভোলে অনায়াসে,
সভাঘরে তাহাদের ছান নাই।
বাসা বার ছিল ঢাকা জনতার পারে,
ভাষাহারাদের সাথে মিল যার,
বে আমি চায় নি কারে ঋণী করিবারে,
রাধিয়া বে যায় নাই ঋণভার,
কেখনো শ্বরিতে বদি হয় মন,
ডেকো না ভেকো না সভা — এসো এ ছায়ায়
বেখা এই চৈত্রের শালবন।

শান্তিনিকেতন ২৫ চৈত্ৰ ১৩৪৩

#### সন্ধ্যা

চলেছিল দারাপ্রহর
আমায় নিয়ে দ্রে
যাত্রী-বোঝাই দিনের নৌকো
অনেক ঘাটে ঘূরে।
দ্র কেবলই বেড়ে ওঠে
সামনে যতই চাই,
অস্ত যে তার নাই।
দ্র ছড়িয়ে রইল দিকে দিকে,
আকাশ থেকে দ্র চেয়ে রয় নিনিমিথে।
দিনের রৌস্তে বাজতে থাকে
যাত্রাপথের স্থর,
অনেক দ্র-বে অনেক অনেক দ্র।
ওগো সন্ধ্যা শেষপ্রহরের নেয়ে,
ভাসাও ধেয়া উটার গলা বেয়ে।

পৌছিয়ে দাও ক্লে
ধেথায় আছ অতি-কাছের
তৃয়ারথানি খুলে।
ঐ-বে তোমার সন্ধ্যাতারা
মনকে ছুঁয়ে আছে,
ছায়ায় ঢাকা আম্লকী-বন
এগিয়ে এল কাচে।

দিনের আলো স্বার আলো লাগিয়েছিল ধাঁদা-অনেক দেখায় নিবিড় হয়ে দিল অনেক বাধা। नानान-किছू हूँ य हूँ य হারানো আর পাওয়ায় নানান দিকে ধাওয়ায়। সন্ধ্যা ওগো কাছের তুমি, ঘনিয়ে এসো প্রাণে— আমার মধ্যে তারে জাগাও কেউ যারে না জানে। ধীরে ধীরে দাও আডিনায় আনি वक्नांत्रहें मीनशानि, মুখোমুখি চাওয়ার সে দীপ, কাছাকাছি বসার, অতি-দেখার আবরণটি থদার। স্ব-কিছুরে সরিয়ে করে একটু-কিছুর ঠাই--যার চেয়ে আর নাই।

শান্তিনিকেতন ২৩/৪/৯৭

# ভাগীরথী

পূর্বযুগে, ভাগীরথী, ভোমার চরণে দিল আনি মর্তের ক্রেন্সবাণী: সঞ্চীবনীতপস্থায় ভগীরথ উত্তরিল তুর্গম পর্বত, নিয়ে গেল ডোমা-কাছে মৃত্যুবন্দী প্রেডের আহ্বান— ডাক দিল, আনো আনো প্রাণ-নিবেদিল, হে চৈতগ্রস্থরপিণী তুমি, গৈরিক অঞ্চল তব চুমি তৃণে শব্পে রোমাঞ্চিত হোক মক্ষতল, कनशैत मुख कन, পুষ্পবন্ধ্যালতিকার ঘূচাও বার্থতা, নির্বাক ভূমির মুথে দাও কথা। তুমি যে প্রাণের ছবি, হে স্থাহ্নবী— ধরণীর আদি হৃপ্তি ভেঙে দিয়ে যেথা মাও চলে জাগ্রত কল্লোলে গানে মুখরিয়া উঠে মাটির প্রাকণ, ছই তীরে জেগে ওঠে বন: তট বেয়ে মাথা তোলে নগরনগরী জীবনের আয়োজনে ভাণ্ডার ঐশর্যে ভরি ভরি।

মাহবের মৃথ্যভয় মৃত্যুভয়,
কেমনে করিবে তারে জয়
নাহি জানে;
তাই সে হেরিছে ধ্যানে,
মৃত্যুবিজয়ীর জটা হতে
অক্ষয় অমৃতলোতে
প্রতিকণে নামিছ ধরায়।

পুণাতীর্থতটে সে যে তোমার প্রদাদ পেতে চার।

সে ভাকিছে— মিধ্যাশকা-নাগপাশ ঘ্চাও ঘ্চাও,
মরণেরে যে কালিমা লেপিয়াছি সে তৃমি ম্ছাও;
গন্ধীর অভয়ম্তি মরণের
তব কলধ্বনিমাঝে গান ঢেলে দিক তরণের
এ জন্মের শেষ ঘাটে;
নিকদেশ যাত্রীর ললাটে
স্পর্শ দিক আশীর্বাদ তব,
নিক সে ন্তন পথে যাত্রার পাথেয় অভিনব;
শেষ দত্তে ভরে দিক তার কান
অজানা সমুস্তপথে তব নিত্য-অভিনার-গান।

শান্তিনিকেতন ২৬।৩।৩৭

# তীর্থযাত্রিণী

তীর্থের যাত্রিণী ও যে, জীবনের পথে
শেষ আধকোশটুকু টেনে টেনে চলে কোনোমতে।
হাতে নামজপ-ঝুলি,
পাশে তার রয়েছে পুঁটুলি।
ভোর হতে ধৈষ ধরি বিদ ইস্টেশনে
জম্পষ্ট ভাবনা জাসে মনে—
আর কোনো ইস্টেশনে আছে যেন আর কোনো ঠাই,
যেখা সব ব্যর্থতাই
আপনায়
হারানো অর্থেরে ফিরে পায়,
যেখা গিয়ে ছায়া
কোনো-এক রূপ ধরি পায় যেন কোনো-এক কায়া।
ব্কের ভিতরে ওর পিছু হতে দেয় দোল
আলৈশব-পরিচিত দূর সংসারের কলরোল

প্রত্যাথ্যাত জীবনের প্রতিহত আশা অজানার নিরুদ্দেশে প্রদোধে খুঁজিতে চলে বাদা।

ষে পথে দে করেছিল যাত্রা একদিন

শেখানে নবীন

আলোকে আকাশ ওর মুখ চেয়ে উঠেছিল হেলে।

দে পথে পড়েছে আব্দ এদে

অজানা লোকের দল,
ভাদের কঠের ধানি ওর কাছে ব্যর্থ কোলাহল।

যে যৌবনখানি

একদিন পথে যেতে বল্লভেরে দিয়েছিল আনি

মধুমদিরার রসে বেদনার নেশা

তৃংধে-মুখে-মেশা

দে রসের রিক্ত পাত্রে আজ শুক্ক অবহেলা,

আজিকে চলেছে যারা থেলার সঙ্গীর আশে
থের ঠেলে যায় পথপাশে;
যে খুঁজিছে হুর্গমের সাথি
ও পারে না তার পথে জালাইতে বাতি
জীর্ণ কম্পমান হাতে
হুর্যোগের রাতে।
একদিন যারা সবে এ পথনির্মাণে
লেগেছিল আপনার জীবনের দানে
ও ছিল তাদেরি মাঝে
নানা কাজে—
সে পথ উহার আজ নহে।
কেথা আজি কোন্ দৃত কী বারতা বহে
কোন্ লক্ষ্য-পানে
নাহি জানে।

মধুপগুঞ্জনহীন যেন ক্লান্ত হেমন্তের বেলা।

পরিত্যক্ত একা বসি ভাবিতেছে, পাবে বৃঝি দ্রে
দংসারের মানি ফেলে স্বর্গ-ছে যা তুর্ব্য কিছুরে।
হায়, সেই কিছু
যাবে ওর আগে আগে প্রেডসম, ও চলিবে পিছু
ক্ষীণালোকে, প্রতিদিন ধরি-ধরি করি তারে
অবশেষে মিলাবে আঁধারে।

আলমোড়া ২২ মে ১৯৩৭

# নতুন কাল

কোন্-নে কালের কণ্ঠ হতে এসেছে এই স্বর— 'এপার গলা ওপার গলা, মধ্যিথানে চর।'

व्यत्मक वांगीत्र वमन हम, व्यत्मक वांगी हुन, নতুন কালের নটরান্ধা নিল নতুন রূপ। তথন যে-সব ছেলেমেয়ে শুনেছে এই ছড়া তারা ছিল আর-এক ছাঁদে গড়া। প্রদীপ তারা ভাসিয়ে দিত পূজা আনত তীরে, কী জানি কোন্ চোখে দেখত মকরবাহিনীরে। তথন ছিল নিতা অনিকয়. ইহকালের পরকালের হাজার-রকম ভয়। জাগত রাজার দারুণ থেয়াল, বর্গি নামত দেশে. ভাগ্যে লাগত ভূমিকম্প হঠাৎ এক নিমেষে। ঘরের থেকে থিড়কিঘাটে চলতে হত ডর, লুকিয়ে কোথায় রাজদহার চর। আভিনাতে ভনত পালাগান. বিনা দোষে দেবীর কোপে সাধুর অসমান। শাশাক্ত ছুতায় ঘরের বিবাদ গ্রামের শত্রুতায়

গুপ্ত চালের লড়াই বেত লেগে. শক্তিমানের উঠত গুমর জেগে। হারত যে তার স্বচত পাড়ায় বাস. ভিটেয় চলত চাষ। ধর্ম ছাড়া কারো নামে পাড়বে যে দোহাই ছিল না সেই ঠাই। ফিসফিসিয়ে কথা কওয়া, সংকোচে মন ঘেরা, গৃহস্থবউ, জিব কেটে তার হঠাৎ পিছন-ফেরা---আলতা পায়ে, কাজল চোখে, কপালে তার টিপ, ঘরের কোণে জালে মাটির দীপ। মিনতি তার জলে স্থলে, দোহাই-পাড়া মন. অকল্যাণের শকা সারাক্ষণ। আয়ুলাভের তরে বলির পশুর রক্ত লাগায় শিশুর ললাট-'পরে। রাত্রিদিবদ সাব্ধানে তার চলা. অন্তচিতার ছোঁয়াচ কোথায় যায় না কিছুই বলা। ও দিকেতে মাঠে বাটে দম্বারা দেয় হানা. এ দিকে সংসারের পথে অপদেব্তা নানা। জানা কিম্বা না-জানা সব অপরাধের বোঝা. ভয়ে তারই হয় না মাথা সোজা। এরই মধ্যে গুনগুনিয়ে উঠল কাহার স্বর— 'এপার গঙ্গা ওপার গঙ্গা, মধ্যিখানে চর।'

সেদিনও সেই বইতেছিল উদার নদীর ধারা, ছায়া-ভাসান দিতেছিল দাঁজ-সকালের তারা। ছাটের ঘাটে জমেছিল নৌকো মহান্ধনি, রাত না যেতে উঠেছিল দাঁড়-চালানো ধ্বনি। শাস্ত প্রভাতকালে সোনার রৌক্র পড়েছিল জেলেভিভির পালে। সংস্ক্রেকায় বন্ধ আসা-যাওয়া,
হাঁস-বলাকার পাথার মায়ে চমকেছিল হাওয়া।
ভাঙায় উন্থন পেতে
রানা চড়েছিল মাঝির বনের কিনারেতে।
শেয়াল কলে কলে
উঠতেছিল ভেকে ডেকে ঝাউয়ের বনে বনে।

কোথায় গেল সেই নবাবের কাল,
কাজির বিচার, শহর-কোতোয়াল।
পুরাকালের শিক্ষা এখন চলে উজান-পথে,
ভয়ে-কাঁপা যাত্রা সে নেই বলদ-টানা রথে।
ইতিহাসের গ্রন্থে আরো খূলবে নতুন পাতা,
নতুন রীতির স্থত্রে হবে নতুন জীবন গাঁথা।
বে হোক রাজা যে হোক মন্ত্রী কেউ রবে না তারা,
বইবে নদীর ধারা—
ক্ষেলেভিঙি চিরকালের নৌকো মহাজনি,
উঠবে দাঁভের ধানি।
প্রাচীন অশথ আধা ডাঙায় জলের 'পরে আধা,
দারারাত্রি গুঁভিতে তার পান্সি রইবে বাঁধা।

তথনো সেই বাজবে কানে যথন যুগান্তর—

তথার গলা ওপার গলা, মধ্যিখানে চর।

আলমোড়া ২৫ মে ১৯৩৭

# চলতি ছবি

রোদ্হরেতে ঝাপসা দেখায় ওই-যে দ্রের গ্রাম
ধ্যেন ঝাপসা না-জানা ওর নাম।
পাশ দিয়ে ষাই উড়িয়ে ধৃলি, ভগু নিমেধ-তরে
চলতি ছবি পড়ে চোখের 'পরে।

দেখে গেলেম গ্রামের মেয়ে কলসি-মাথায়-ধরা,
রিজন-শাড়ি-পরা;
দেখে গেলেম পথের ধারে ব্যাবসা চালায় মৃদি;
দেখে গেলেম নতুন বধ্ আধেক হুয়ার রুধি
ঘোমটা থেকে ফাঁক করে তার কালোচোথের কোণা
দেখছে চেয়ে পথের আনাগোনা।
বাঁধানো বট-গাছের তলায় পড়তি রোদের বেলায়
গ্রামের ক'জন মাতব্বরে ময় তাসের খেলায়।
এইটুকুতে চোখ বুলিয়ে আবার চলি ছুটে,
এক মৃহুর্তে গ্রামের ছবি ঝাপসা হয়ে উঠে।

ওই না-জানা গ্রামের প্রান্তে সকালবেলায় পুবে

স্থা ওঠে, সজেবেলায় পশ্চিমে যায় ডুবে।

দিনের সকল কাজে,

স্থা-দেখা রাতের নিস্তামাঝে,

ওই ঘরে, ওই মাঠে,

ওইখানে জল-আনার পথে ভিজে পায়ের ঘাটে,

পাধি-ভাকা ওই গ্রামেরই প্রাতে,

ওই গ্রামেরই দিনের অস্তে ভিমিতদীপ রাভে

তর্মিত ভৃঃধস্থধের নিত্য ওঠা-নাবা—

কোনোটা বা গোপন মনে, বাইরে কোনোটা বা।

তারা যদি তুলত ধ্বনি, তাদের দীপ্ত শিথা

ওই আকাশে লিখত যদি লিথা,
রাত্রিদিনকে-কাঁদিয়ে-তোলা ব্যাকুল প্রাণের ব্যথা

পেত যদি ভাষার উদ্বেলতা,

তবে হোথায় দেখা দিত পাথর-ভাঙা স্রোতে

মানবচিত্ত-তুল্গশিথর হতে

সাগর-থোঁজা নিঝার সেই, গজিয়া নতিয়া

ছুটছে যাহা নিত্যকালের বক্ষে আবর্তিয়া

কারাহাসির পাকে —
ভাহা হলে তেমনি করেই দেখে নিতেম তাকে

চমক লেগে হঠাৎ পথিক দেখে যেমন ক'রে

নায়েগারার জলপ্রপাত অবাক দৃষ্টি ভ'রে।

যুদ্ধ লাগল স্পেনে; চলছে দাৰুণ ভ্ৰাতৃহত্যা শতদ্বীবাণ হেনে। সংবাদ তার মুখর হল দেশ-মহাদেশ জুড়ে, সংবাদ তার বেডায় উড়ে উড়ে দিকে দিকে যন্ত্রগরুডরথে উদয়রবির পথ পেরিয়ে অন্তরবির পথে। কিন্তু যাদের নাই কোনো সংবাদ, কর্তে যাদের নাইকো সিংহনাদ, সেই-যে লক্ষ-কোটি মামুষ কেউ কালো কেউ ধলো, তাদের বাণী কে শুনছে আৰু বলো। তাদের চিত্তমহাসাগর উদ্দাম উন্থাল মগ্ন করে অন্তবিহীন কাল; ওই তো তাহা সমুখেতেই, চার দিকে বিস্তৃত পৃথীজোড়া মহাতৃফান, তবু দোলায় নি তো তাহারই মাঝখানে-বদা আমার চিত্তথানি। এই প্রকাণ্ড জীবননাট্যে কে দিয়েছে টানি প্রকাণ্ড এক অটল হবনিকা।

ওদের আপন কুত্র প্রাণের শিখা বে আলো দেয় একা, পূর্ণ ইতিহাসের মৃতি বায় না তাহে দেখা।

এই পৃথিবীর প্রান্ত হতে বিজ্ঞানীদের দৃষ্টি
জেনেছে আন্ধ তারার বক্ষে উজ্জ্ঞানিত স্বাধী
উন্নথিত বহিনিদ্ধ-প্রাবননিঝ রে
কোটিযোজন দ্রুত্থেরে নিত্য লেহন করে।
কিন্তু এই-বে এই মূহূর্তে বেদন-হোমানল
আলোড়িছে বিপুল চিন্ততল
বিশ্বধারায় দেশে-দেশান্তরে
লক্ষ লক্ষ ঘরে—
আলোক তাহার, দাহন তাহার, তাহার প্রদক্ষিণ
যে অদৃশ্য কেন্দ্র থিরে চলছে রাজিদিন
তাহা মর্তজ্ঞনের কাছে
শান্ত হয়ে শুরু হয়ে আছে।
যেমন শান্ত বেমন শুরু দেখায় মূগ্র চোধে
বিরামহীন জ্যোতির ঝঞ্লা নক্ষ্ত্র-আলোকে।

আলমোড়া জৈছি-আবাত ১৩৪৪

#### যরছাড়া

তথন একটা রাত— উঠেছে সে তড়বড়ি, কাঁচা বুম ভেঙে। শিররেতে ঘড়ি কর্মশ সংকেত দিল নির্মম ধ্বনিতে। অন্তানের শীতে এ বাসার মেয়াদের শেষে থেতে হবে আত্মীরপরশহীন দেশে ক্ষমাহীন কর্তব্যের ডাকে। পিছে পড়ে থাকে

এবারের মতো ত্যাগ্ৰোগ্য গৃহসক্ষা যত। জরাত্রন্ত তক্তপোশ কালিমাথা-শতরঞ্চ-পাতা; আরামকেদারা ডাঙা-হাতা; পাশের শোবার ঘরে হেলে-পড়া টিপয়ের 'পরে পুরোনো আয়না দাগ-ধরা; পোকা-কাটা হিসাবের থাতা-ভরা কাঠের সিন্দুক এক ধারে; দেয়ালে-ঠেদান-দেওয়া সারে সারে বছ বংসরের পাঁজি: কুলুঙ্গিতে অনাদত পূজার ফুলের জীর্ণ সাজি। প্রদীপের ন্তিমিত শিখায় रम्था याग्र, ছায়াতে ক্ষড়িত তারা গুন্তিত রয়েছে অর্থহারা।

ট্যাক্সি এল ঘারে, দিল সাড়া হুংকারপরুষরবে। নিদ্রায় গস্তীর পাড়া রহে উদাসীন। প্রহরীশালায় দূরে বাজে সাড়ে-তিন।

শৃস্তপানে চক্ছ মেলি

দীর্ঘধান কেলি

দূরধানী নাম নিল দেবতার,

তালা দিয়ে ক্ষিল ছ্য়ার।

টেনে নিয়ে অনিচ্ছুক দেহটিরে

দাভালো বাহিরে।

উর্ধে কালো আকাশের ফাঁকা वाँ हि मिर्य हरन राज वाबु एवं भीथी। ষেন সে নির্মম অনিশ্চিত-পানে-ধাওয়া অদৃটের প্রেডচ্ছায়াসম। वृक्षवर्षे मन्तिरत्तत्र शास्त्र, অজগর-অম্বকার গিলিয়াছে তারে। সভা-মাটি-কাট। পুকুরের পাড়ি-ধারে বাদা বাঁধা মন্ত্রের বেছুরের পাতা-ছাওয়া— ক্ষীণ আলো করে মিট্মিট্, পাশে ভেঙে-পড়া পাঁজা। তলায় ছড়ানো তার ইট। तकनीत मनीनिश्चिमात्य লুপ্তরেখা সংসারের ছবি— ধান-কাটা কাজে সারাবেলা চাষীর ব্যস্ততা; গলা-ধরাধরি কথা মেয়েদের: ছটি-পাওয়া ছেলেদের ধেয়ে যাওয়া হৈহৈ রবে ; হাটবারে ভোরবেলা वछा-वहा शाक्षणात्क जाजा मित्र रहेना : আঁকডিয়া মহিষের গলা ও পারে মাঠের পানে রাখাল ছেলের ভেসে চলা। নিত্যজ্ঞানা সংসারের প্রাণলীলা না উঠিতে ফুটে याखी नाम अक्कारत गांजि यात्र हुटि।

বেতে বেতে প্রপাশে
পানাপুক্রের গদ্ধ আনে,
সেই গদ্ধে পার মন
বহুদিনরজনীর সকরণ সিদ্ধ আলিকন।
আনকাবাকা গলি
রেলের কেইশনপথে গেছে চলি;

ছুই পাশে বাসা সারি সারি; নরনারী

যে ষাহার ঘরে

রহিল আরামশব্যা 'পরে।
নিবিড়-আঁধার-ঢালা আমবাগানের ফাঁকে
অসীমের টিকা দিয়া বরণ করিয়া গুরুতাকে
শুক্তারা দিল দেখা।
পৃথিক চলিল একা
অচেডন অসংখ্যের মাঝে।
সাথে সাথে জনশ্য পথ দিয়ে বাজে
রথের চাকার শব্দ হৃদয়বিহীন ব্যস্ত স্থ্রে
দূর হতে দূরে।

শ্রীনিকেতন ২২ নভেম্বর ১৯৩৬

### জন্মদিন

দৃষ্টিজালে জড়ায় ওকে হাজারখানা চোখ,
ধ্বনির রড়ে বিপন্ন ঐ লোক।
জন্মদিনের ম্থর তিথি যারা ভূলেই থাকে,
দোহাই ওগো, তাদের দলে লও এ মান্নফাকে—
সজনে পাতার মতো যাদের হালকা পরিচয়,
তলুক থত্ক শব্দ নাহি হয়।

সবার মাঝে পৃথক ও যে ভিড়ের কারাগারে
থ্যাতি-বেড়ির নিরস্ত ঝংকারে।
সবাই মিলে নানা রঙে রঙিন করছে ওরে,
নিলাজ মঞ্চে রাধছে তুলে ধরে,
আঙুল তুলে দেখাছে দিনরাত;
দুকোর কোথা ভেবে না পায়, আড়াল ভূমিসাং।

#### সেঁজুতি

দাও-না ছেড়ে ওকে
স্বিশ্ব-আলো শ্রামল-ছায়া বিরল-কথার লোকে,
বেড়াবিহীন বিরাট ধূলি-'পর,
সেই ষেধানে মহাশিশুর আদিম ধেলাঘর।

ভোরবেলাকার পাধির ডাকে প্রথম ধ্যের এবে
ঠেকল ধবন পব-প্রথমের চেনাশোনার দেশে,
নামল ঘাটে ধথন তারে দান্ত রাথে নি ঢেকে,
ছুটির আলো নয় গায়ে লাগল আকাশ থেকে—
ধ্যেন করে লাগে তরীর পালে,
থ্যেন লাগে অশোক গাছের কচি পাতার ডালে।
নাম ভোলা ফুল ফুটল ঘাসে ঘাসে
সেই প্রভাতের সহন্ত অবকাশে।
ছুটির যজে পুস্পহোমে জাগল বকুলশাথা,
ছুটির শ্যে ফাগ্ডনবেলা মেলল সোনার পাথা।

ছুটির কোণে গোপনে তার নাম
আচম্কা সেই পেয়েছিল মিটিস্থরের দাম;
কানে কানে সে নাম ডাকার ব্যথা উদাস করে
চৈত্রদিনের ন্তন্ধ চুইপ্রহরে।
আজ সবুজ এই বনের পাতায় আলোর ঝিকিমিকি
সেই নিমেধের তারিথ দিল লিখি।

তাহারে ডাক দিয়েছিল পদ্মানদীর ধারা,
কাঁপন-লাগা বেণুর শিরে দেখেছে শুকতারা;
কাজল-কালো মেঘের পুঞ্জ সজ্জল সমীরণে
নীল ছায়াটি বিছিয়েছিল তটের বনে বনে;
ও দেখেছে গ্রামের বাঁকা বাটে
কাঁথে কলস মুখর মেয়ে চলে স্নানের মাটে;

দর্বেতিসির থেতে

হইরঙা হ্বর মিলেছিল অবাক আকাশেতে;

তাই দেখেছে চেয়ে চেয়ে অন্তর্নবির রাগে—

বলেছিল, এই তো ভালো লাগে।

সেই-যে ভালো-লাগাট তার যাক সে রেথে পিছে,

কীতি যা সে গেঁথেছিল হয় যদি হোক মিছে,

না যদি রয় নাই রহিল নাম—

এই মাটিতে রইল তাহার বিম্মিত প্রণাম।

আলমোড়া ২২ বৈশাথ ১৩৪৪

#### প্রাণের দান

অব্যক্তের অন্তঃপুরে উঠেছিলে জেগে,
তার পর হতে তক্ব, কী ছেলেথেলায়
নিজেরে ঝরায়ে চল চলাহীন বেগে,
পাওয়া দেওয়া তুই তব হেলায়-ফেলায় ।
প্রাণের উৎসাহ নাহি পায় সীমা খুঁ জি
মর্মরিত মাধুর্যের সৌরভসম্পদে ।
মৃত্যুর উৎসাহ দেও অফ্রস্ত বৃঝি
জীবনের বিজ্ঞনাশ করে পদে পদে ।
আপনার সার্থকতা আপনার প্রতি
আনন্দিত উদাসীক্তে; পাও কোন্ স্থা
রিক্ততায়; পরিতাপহীন আত্মকতি
মিটায় জীবনমজ্ঞে মরণের ক্ষ্মা ।
এমনি মৃত্যুর সাথে হোক মোর চেনা,
প্রাণেরে সহজে তার করিব থেলেনা।

শান্তিনিকেতন ১ মার্চ ১৯৩৮

#### নিঃশেষ

শরংবেলার বিত্তবিহীন মেঘ হারায়েছে তার ধারাবর্ধ-বেগ; ক্লান্তি-আলসে বাতার পথে দিগন্ত আছে চুমি, অঞ্জলি তব রুথা তুলিয়াছ হে তরুণী বনভূমি। শান্ত হয়েছে দিক্হারা তার ঝড়ের মন্ত লীলা, বিদ্যাৎপ্রিয়া শ্বতির গভীরে হল অন্তঃশীলা। সময় এসেছে, নির্জনগিরিশিরে কালিমা ঘুচায়ে শুভ্র তৃষারে মিশে যাবে ধীরে ধীরে। অন্তসাগরপশ্চিমপারে সন্ধা। নামিবে যবে সংখ্যেষির নীরব বীণার রাগিণীতে লীন হবে। তবু যদি চাও শেষদান তার পেতে, ওই দেখো ভরা থেতে পাকা ফদলের দোহল্য অঞ্চলে নিংশেষে তার দোনার অর্ঘ্য রেথে গেছে ধরাতলে। সে কথা শ্বরিয়ো, চলে যেতে দিয়ো তারে— লজ্জা দিয়ো না নিঃম্ব দিনের নিঠুর ব্লিক্ততারে।

শান্তিনিকেতন ৮া৪া৩৮

## প্রতীক্ষা

অদীম আকাশে মহাতপন্থী
মহাকাল আছে জাগি।
আজিও যাহারে কেহ নাহি জানে,
দেয় নি ষে দেখা আজো কোনোখানে,
সেই অভাবিত কল্পনাতীত
আবির্ভাবের লাগি
মহাকাল আছে জাগি।

বাতাদে আকাশে যে নবরাগিণী জগতে কোথাও কথনো জাগে নি রহস্থলোকে তারি গান সাধা চলে অনাহত রবে। ভেঙে যাবে বাঁধ স্বর্গপুরের, পাবন বহিবে নৃতন স্থরের, বধির যুগের প্রাচীন প্রাচীর ভেসে চলে যাবে তবে।

ষার পরিচয় কারো মনে নাই,
যার নাম কভু কেহ শোনে নাই,
না জেনে নিখিল পড়ে আছে পথে
যার দরশন মাগি—
তারি সত্যের অপরপ রসে
চমকিবে মন অভ্ত পরশে,
মৃত পুরাতন জড় আবরণ
মৃহুর্তে যাবে ভাগি,
যুগ যুগ ধরি তাহার আশায়
মহাকাল আছে জাগি।

শাস্তিনিকেতন ৪।১০।৩৬

## পরিচয়

একদিন তরীখানা থেমেছিল এই ঘাটে লেগে,
বসস্তের নৃতন হাওয়ার বেগে।
তোমরা শুধায়েছিলে মোরে ভাকি
পরিচয় কোনো আছে নাকি,
যাবে কোন্থানে।
স্থামি শুধু বলেছি, কে জানে।

নদীতে লাগিল দোলা, বাঁধনে পড়িল টান,

একা বসে গাহিলাম যৌবনের বেদনার গান।

সেই গান শুনি

কুস্মিত তরুতলে তরুণতরুণী

তুলিল অশোক,

মোর হাতে দিয়ে তারা কহিল, 'এ আমাদেরই লোক।'

আর কিছু নয়,

সে মোর প্রথম পরিচয়।

তার পরে জোয়ারের বেলা

সাক হল, সাক হল তরকের থেলা;

কোকিলের ক্লান্ত গানে

বিশ্বত দিনের কথা অকন্মাৎ যেন মনে আনে;

কনকটাপার দল পড়ে ঝুরে,

ভেসে যায় দূরে—

ফাল্কনের উৎসবরাতির

নিমন্ত্রণলিখন-পাতির

ছিল্ল অংশ তারা

অর্থহারা।

ভাঁটার গভীর টানে
তরীধানা ভেনে ধার সমুক্রের পানে।
নৃতন কালের নব ধাত্রী ছেলেমেয়ে
শুধাইছে দূর হতে চেয়ে,
'সদ্ধ্যার তারার দিকে
বহিয়া চলেছে তরণী কে।'

সেতারেতে বাঁধিলাম তার, গাহিলাম আরবার —

মোর নাম এই বলে খ্যাত হোক,
আমি তোমাদেরই লোক
আর কিছু নয়,
এই হোক শেষ পরিচয়।

শান্তিনিকেতন ১৩ মাঘ ১৩৪৩

# পালের নৌকা

তীরের পানে চেয়ে থাকি পালের নৌকা ছাড়ি—
গাছের পরে গাছ ছুটে যায়, বাড়ির পরে বাড়ি।
দক্ষিণে ও বামে
গ্রামের পরে গ্রামে
ঘাটের পরে ঘাটগুলো সব পিছিয়ে চলে যায়
ভোজবাজিরই প্রায়।

নাইছে যারা তারা যেন স্বাই মরীচিকা যেমনি চোথে ছবি আঁকে মোছে ছবির লিখা। আমি যেন চেপে আছি মহাকালের তরী, দেখছি চেয়ে যে খেলা হয় যুগযুগান্ত ধরি। পরিচয়ের যেমন শুরু তেমনি তাহার শেয— সামনে দেখা দেয়, পিছনে অমনি নিরুদ্দেশ। ভেবেছিলুম ভূলব না যা তাও যাচ্ছি ভূলে, পিছু দেখার ঘুচিয়ে বেদন চলছি নতুন কূলে।

পেতে পেতেই ছাড়া
দিনরাতির মনটাকে দেয় নাড়া।
এই নাড়াতেই লাগছে থূশি, লাগছে ব্যথা কড়,
বেঁচে-থাকার চলতি থেলা লাগছে ভালোই তবু।

বারেক ফেলা, বারেক তোলা, ফেলতে ফেলতে যাওয়া—
এ'কেই বলে জীবনতরীর চলস্ত দাঁড় বাওয়া।
তাহার পরে রাত্রি আদে, দাঁড় টানা যায় থামি,
কেউ কারেও দেখতে না পায় আঁধারতীর্থগামী।
ভাঁটার স্রোতে ভাদে তরী, অক্লে হয় হারা—
যে সমূদ্রে অন্তে নামে কালপুরুষের তারা।

আ**ল**মোড়া চাঙাতণ

#### চলাচল

ওরা তো দব পথের মান্ত্র্য, তুমি পথের ধারের;
ওরা কাঙ্কে চলছে ছুটে, তুমি কাজের পারের।
বয়দ তোমায় অনেক দিল, অনেক নিল কেড়ে;
রইল যত তাহার চেয়ে অধিক গেল ছেড়ে।
চিহ্ন পড়ে, তারে ঢাকে নতুন চিহ্ন এদে;
কোনো চিহ্ন স্পষ্ট হয়ে রয় না অবশেষে।
যেথায় ছিল চেনা লোকের নীড়
অনায়াদে জমল দেখায় অচেনাদের ভিড়।
তুমি শাস্ত হাদি হাদ যথন ওরা ভাবে
ওদের বেলায় অক্ষত দিন এমনি করেই যাবে।

আলমোড়া ২৯ মে ১৯৩৭

#### মায়া

করেছিম্ম যত স্থরের সাধন
নতুন গানে,
থনে পড়ে তার স্বতির বাঁধন
আলগা টানে।

পুরানো অতীতে শেষে মিলে বায়— বেড়ায় খুরে, প্রেতের মতন জাগায় রাত্তি মায়ার খুরে।

₹

ধরা নাহি দেয় কঠ এড়ায়
ধে স্বরখানি
স্বপ্লগহনে ল্কিয়ে বেড়ায়
তাহার বাণী।
ব্কের কাঁপনে নীরবে দোলে সে
ভিতরপানে,
মায়ার রাণিণী ধ্বনিয়া তোলে সে

٥

দিবস ফুরায়, কোথা চলে যায়
মর্তকায়া—
বাঁধা পড়ে থাকে ছবির রেখায়
ছায়ার ছায়া।
নিত্য ভাবিয়া করি যার সেবা
দেখিতে দেখিতে কোথা যায় কেবা,
স্বপ্ন আসিয়া রচি দেয় তার
রূপের মায়া।

[ শান্তিনিকেতন অক্টোবর ১৯৩৭ ]

# গগনেন্দ্রনাথ ঠাকুর

গগনেজনাপ,

রেখার রঙের তীর হতে তীরে
ফিরেছিল তব মন,
রূপের গভীরে হয়েছিল নিমগন।
গেল চলি তব জীবনের তরী
রেখার সীমার পার
অরপ ছবির রহস্তমাঝে
অমল শুম্রতার।

শাস্তিনিকেতন ১৯৮৮৩৮

# ग्रह

আমার ছুটি আসতে কাছে সকল ছুটির শেষ, ছবি একটি জাগছে মনে— ছুটির মহাদেশ। আকাশ আছে শুরু সেধায়, একটি স্থরের ধারা অদীম নীরবভার কানে বাঞ্চাচ্ছে একভারা।

আলমোড়া জ্যৈষ্ঠ ১৩৪৪

# নাটক ও প্রহসন

# নবীন

# नवीन

#### প্রথম পর্ব

বাসন্তী, হে ভুবনমোহিনী, দিকপ্রান্তে, বনপ্রান্তে, খাম প্রান্তরে, আম্রছায়ে, সরোবরতীরে, নদীনীরে, নীল আকাশে, মলয়বাতাসে ব্যাপিল অনস্ত তব মাধুরী। নগরে গ্রামে কাননে. पित्न निनीएथ. পিকসংগীতে নৃত্যগীতকলনে বিশ্ব আনন্দিত-ভবনে ভবনে বীণাতান রণ-রণ ঝংকৃত। মধুমদমোদিত হৃদয়ে হৃদয়ে রে নবপ্রাণ উচ্চুদিল আজি, বিচলিত চিত উচ্ছলি উন্মাদনা ঝন-ঝন ঝনিল মঞ্চীরে মঞ্চীরে ॥

শুনেছ অলিমালা, ওরা ধিকার দিচ্ছে ওই ও পাড়ার মল্লের দল; তোমাদের চাপল্য তাদের ভালো লাগছে না। শৈবালগুচ্ছবিলম্বী ভারী ভারী সব কালো কালো পাথরগুলোর মতো তমিপ্রগহন গাস্তীর্যে ওরা গুহান্বারে জ্রক্টি পুঞ্জিত করে বসে আছে। কলহাশ্রুচঞ্চলা নির্মারিণী ওদের নিষেধ লঙ্খন করেই বেরিয়ে পড়ুক এই আনন্দময় বিশের আনন্দপ্রবাহ দিকে দিগস্তে বইয়ে দিতে, নাচে গানে কল্লোলে হিল্লোলে; চূর্ণ চূর্ণ স্থের আলো উদ্বেল তরক্তকের অঞ্চলিবিক্ষেপে ছড়িয়ে নিক্দেশ হয়ে যেতে। এই আনন্দ-মাবেগের অস্তরে অস্তরে যে অক্ষর পৌর্থের

অহপ্রেরণা আছে সেটা ও পাড়ার শাস্ত্রবচনের বেড়া এড়িয়ে চলে গেল। ভয় কোরো না তোমরা, যে রসরাজের নিমন্ত্রণে এসেছ তাঁর প্রসন্ধতা যৈমন আজ নেমেছে আমাদের নিকৃত্তে ওই অন্তঃশ্বিত গদ্ধরাজমূক্লের প্রচ্ছন্ন গদ্ধরেণ্তে, তেমনি নামুক তোমাদের কঠে, তোমাদের দেহলতার নিক্ত্বনটনোৎসাহে। সেই যিনি স্থ্রের গুক্ত, তাঁরই চরণে তোমাদের নৃত্যের নৈবেছ আজ নিঝ্রিত করে দাও।

স্থরের গুরু, দাও গো স্থরের দীকা—
মারা স্থরের কাঙাল, এই আমাদের ভিকা।
মন্দাকিনীর ধারা
উবার শুক্তারা
কনকটাপা কানে কানে যে স্থর পেল শিকা।

তোমার স্থরে ভরিয়ে নিমে চিত্ত
যাব যেথায় বেস্থর বাজে নিতা।
কোলাহলের বেগে
ঘূলি উঠে জেগে,
নিয়ো তুমি আমার বীণার সেইখানেই পরীক্ষা।

তুমি স্কলর যৌবনখন,
রসময় তব মৃতি,
দৈয়ভরণ বৈভব তব
অপচয়পরিপৃতি।
নৃত্য গীত কাব্য ছল্দ
কলগুলন বর্ণ গদ্ধ
মরণহীন চিরনবীন
তব মহিমাম্মৃতি॥

ও দিকে আধুনিক আমলের বারোয়ারির দল বলছে, উৎসবে নতুন কিছু চাই। কোণা-কাটা ত্যাড়াবাঁকা ত্ন্দান্-করা কড়া-ফ্যাশানের আহেলা বেলাতি নতুনকে না হলে তাদের শুকনো মেজাজে জোর পৌচছে না। কিন্তু, বাদের রসবেদনা আছে তাঁরা কানে কানে বলে গেলেন, আমরা নতুন চাই নে, আমরা চাই নবীনকে। এরা বলেন, মাধবী বছরে বছরে বাঁকা করে থোঁচা মেরে সাজ বদলায় না, অশোক পলাশ একই পুরাতন রঙে নিঃসংকোচে বারে বারে রঙিন। চিরপুরাভনী ধরণী চিরপুরাতন নবীনের দিকে তাকিয়ে বলছে, 'লাথ লাথ যুগ হিয়ে হিয়ে রাথম্ব তবু হিয়া জুড়ন না গেল।' সেই নিত্যনন্দিত সহজশোভন নবীনের উদ্দেশে তোমাদের আত্মনিবেদনের গান ভক্ত করে দাও।

আন্ গো তোরা কার কী আছে,
দেবার হাওয়া বইল দিকে দিগস্তরে—
এই স্থাম ফুরায় পাছে।
কুশ্বনের অঞ্চলি-যে ছাপিয়ে পড়ে,
পলাশকানন ধৈর্য হারায় রঙের ঝড়ে,
বেগুর শাখা তালে মাতাল পাতার নাচে।

প্রজাপতি রঙ ভাসালো নীলাধরে,
মৌমাছিরা ধ্বনি উড়ায় বাডাস-'পরে।
দ্বিন হাওয়া হেঁকে বেড়ায় 'জাগো জাগো',
দোয়েল কোয়েল গানের বিরাম জানে না গো,
রক্তরঙের জাগল প্রলাপ অশোক গাছে।

আজ বরবর্ণিনী অংশাক্ষয়রী তার চেলাঞ্চল-আন্দোলনের সঙ্গে আকাশে রক্তরঙের কিছিণীঝংকার বিকীর্ণ করে দিলে; কুঞ্জবনের শিরীষবীধিকায় আজ সৌরভের অপরিষেয় দাক্ষিণ্য। ললিভিকা, আমরাও তো শৃন্ত হাতে আসি নি। মাধুর্যের অভল সম্ত্রে আজ দানের জোয়ার লেগেছে, আমরাও ঘাটে ঘাটে দানের বোঝাই ভরীর রশি থসিয়ে দিয়েছি। যে নাচের ভরকে তারা ভেসে পড়ল সেই নাচের ছন্দটা, কিশোর, দেখিয়ে দাও।

ফাগুন, তোমার হাওয়ায় হাওয়ায়
করেছি-যে দান
আমার আপনহারা প্রাণ,
আমার বাঁধন-টেডা প্রাণ।

তোমার অশোকে কিংশুকে অলক্ষ্য রঙ লাগল আমার অকারণের স্থাও, তোমার ঝাউয়ের দোলে মর্মরিয়া ওঠে আমার তুঃধরাতের গান।

পূর্ণিমাসন্ধ্যায়
তোমার রজনীগন্ধায়
রপাগরের পারের পানে উদাদী মন ধায়।
তোমার প্রজাপতির পাথা
আমার আকাশ-চাওয়া ম্য়চোথের রঙিন স্থপন -মাথা—
তোমার চাঁদের আলোয়
মিলায় আমার তুঃথস্থধের দক্ত অব্দান ॥

ভরে দাও, একেবারে ভরে দাও গো, 'প্যালা ভর ভর লায়ী রে'। পূর্ণের উৎসবে দেওয়া আর পাওয়া, একেবারে একই কথা। ঝর্নার এক প্রান্তে কেবলই পাওয়া অভ্র-ভেদী শিথরের দিক থেকে, আর-এক প্রান্তে কেবলই দেওয়া অভলম্পর্শ সমৃত্রের দিক-পানে। এই ধারার মাঝখানে শেষে বিচ্ছেদ নেই। অস্তহীন পাওয়া আর অস্তহীন দেওয়ার নিরবচ্ছিয় আবর্তন এই বিশ্ব। আমাদের গানেও সেই আরুত্তি, কেননা, গান তো আমরা শুধু কেবল গাই নে, গান-ষে আমরা দিই, তাই গান আমরা পাই।

গানের ভালি ভরে দে গো উষার কোলে—
আয় গো তোরা, আয় গো তোরা, আয় গো চলে।
চাঁপার কলি চাঁপার গাছে
হুরের আশায় চেয়ে আছে,
কান পেডেছে নতুন পাতা গাইবি ব'লে।

কমলবরন গগনমাঝে
কমলচরণ ওই বিরাজে।
ওইথানে তোর হুর ভেনে ধাক,
নবীন প্রাণের ওই দেশে ধাক,
ওই যেথানে সোনার আলোর হুয়ার থোলে।

মধ্বিমা, দেখো দেখো, চন্দ্রমা তিথির পর তিথি পেরিয়ে আজ তার উৎসবের তরণী প্রিমার ঘাটে পৌছিয়ে দিয়েছে। নন্দনবন থেকে কোমল আলোর শুল্ল স্ক্রমার পারিজাতত্তবকে তার ডালি ভরে আনল। সেই ডালিখানিকে ওই কোলে নিয়ে বদে আছে কোন্ মাধুরীর মহাখেতা। রাজহংদের ডানার মতো তার লঘু মেঘের শুল্ল বসনাঞ্চল শুল্ত হয়ে পড়েছে ওই আকাশে, আর তার বীণার ফপোর তল্পগুলিতে অলস অঙ্গুলিকেপে থেকে থেকে গুঞ্জিরিত হচ্ছে বেহাগের তান।

নিবিড় অমা-তিমির হতে
বাহির হল জোয়ারস্রোতে
শুক্ররাতে চাঁদের তরণী।
ভরিল ভরা অরপ ফুলে,
সাজালো ভালা অমরাকৃলে
আলোর মালা চামেলিবরণী
শুক্ররাতে চাঁদের তরণী।

তিথির পরে তিথির ঘাটে
আসিছে তরী দোলের নাটে,
নীরবে হাসে স্থপনে ধরণী।
উৎসবের পদরা নিয়ে
পূর্ণিমার ক্লেতে কি এ
ভিড়িল শেষে তন্দ্রাহরণী
কুরুৱাতে চাঁদের তরণী।

দোল লেগেছে এবার। পাওয়া আর না-পাওয়ার মাঝখানে এই দোল।
এক প্রাস্তে মিলন আর-এক প্রাস্তে বিরহ, এই হুই প্রাস্ত স্পর্ল করে করে তুলছে বিশ্বের
কাষ্য়। পরিপূর্ণ আর অপূর্ণের মাঝখানে এই দোলন। আলোতে ছায়াতে ঠেকতে
ঠেকতে রূপ জাগছে জীবন থেকে মরণে, বাহির থেকে অস্তরে। এই ছন্দটি বাঁচিয়ে
বে চলতে চায় সে তো যাওয়া-আদার বার খোলা রেখে দেয়। কিছ, ওই-বে হিসাবি
মাছ্র্রটা বারে শিকল দিয়ে আঁক পাড়ছে তার শিকল-নাড়া দাও তোমরা। মরের
লোককে অস্তত আছ একদিনের মতো ঘরছাড়া করো।

ওরে গৃহবাসী, তোরা থোল্ দার থোল্, লাগল-যে দোল। ছলে জলে বনতলে লাগল-যে দোল। থোল্ দার থোল্।

রাঙা হাসি রাশি রাশি অশোকে পলাশে, রাঙা নেশা মেঘে মেশা প্রভাত-আকাশে, নবীন পাতায় জাগে রাঙা হিল্লোল। থোলু হার খোল্।

বেণুবন মর্মরে দখিনবাতাসে,
প্রজাপতি দোলে ঘাসে ঘাসে—
মউমাছি ফিরে ঘাচি ফুলের দখিনা,
পাথায় বাজায় তার ভিথারির বীণা,
মাধবীবিতানে বায়ু গজে বিভোল।
থোলু দ্বার খোলু॥

আমি সকল নিয়ে বদে আছি সর্বনাশের আশায়,
আমি তার লাগি পথ চেয়ে আছি পথে যে জন ভাসায়।
যে জন দেয় না দেখা, যায় যে দেখে,
ভালোবাসে আড়াল থেকে,
আমার মন মজেছে সেই গভীরের
গোপন ভালোবাসায়।

দর্বনাশের ব্রত যাদের তাদের ভয় ভাঙিয়ে দাও। কারো কারো যে ছিধা ঘোচে
না। ওই দেখো-না পাতার আড়ালে মাধবী। ওই অবগুর্তিতাদের সাহস দাও।
ভনছ না বকুলগুলো ঝরতে ঝরতে বলছে 'যা হয় তা হোক গে', আমের মুকুল বলে
উঠছে 'কিছু হাতে রাধব না'। যারা ক্লপণতা করবে তাদের সময় বয়ে যাবে।

হে মাধবী, বিধা কেন— আসিবে কি ফিরিবে কি—
আঙিনাতে বাহিরিতে মন কেন গেল ঠেকি।
বাতাসে লুকায়ে থেকে
কে-যে ভোরে গেছে ডেকে,
পাডায় পাডায় ভোবে পত্র সে-যে গেছে লেখি।

কথন্ দথিন হতে কে দিল ছয়ায় ঠেলি, চমকি উঠিল জাগি চামেলি নয়ন মেলি। বকুল পেয়েছে ছাড়া, করবী দিয়েছে সাড়া, শিরীষ শিহরি উঠে দূর হতে কারে দেখি।

তুমি কোন্ ভাঙনের পথে এলে স্থা রাতে, আমার ভাঙল যা তাই ধয় হল চরণপাতে।

निमनी, अरे ८५८थ नां अ निखंद नीनां, अरे-८४ कि किमनय--

শ্রামল কোমল চিকন রূপের নবীন শোভা— দেখে যা— কল-উতরোল চঞ্চলদোল গুই-যে বোবা।

শিশু হয়ে এসেছে চিরনবীন, কিশলয়ে তার ছেলেখেলা জমাবার জলো। দোসর হয়ে তার দক্ষে যোগ দিল ওই পর্যের আলো, সেও সাজল শিশু, সারাবেলা সে কেবল ঝিকিমিকি করছে। সেই তো তার কলপ্রলাপ। ওদের নাচে নাচে ম্থরিত হয়ে উঠল প্রাণগীতিকার প্রথম ধুয়োটি।

ওরা অকারণে চঞ্চল।
ভালে ভালে দোলে বায়ুহিল্লোলে
নবপল্লবদল।
ছড়ায়ে ছড়ায়ে ঝিকিমিকি আলো
দিকে দিকে ওরা কী থেলা খেলালো—
মর্যরতানে প্রাণে ওরা আনে
কৈশোরকোলাহল।

ওরা কান পেতে শোনে গগনে গগনে
নীরবের কানাকানি,
নীলিমার কোন্ বাণী।
ওরা প্রাণঝরনার উচ্ছল ধার
ঝরিয়া ঝরিয়া বহে অনিবার,
চিরতাপদিনী ধরণীর ওরা
খ্যামশিখা হোমানল।

দীর্ঘ শৃত্য পথটাকে এতদিন ঠেকেছিল বড়ো কঠিন, বড়ো নিষ্ঠুর। আজ তাকে প্রণাম। পথিককে দে তো অবশেষে এনে পৌছিয়ে দিলে। কিন্তু, ভূলব কেমন করে যে, যে পথ কাছে নিয়ে আদে দেই পথই দ্রে নিয়ে যায়— তাই মনে হয়, ঘরের মধ্যে নিশ্চল হয়ে মিলন হায়ী হয় না, পথে বেরিয়ে পড়লে তবেই পথিকের দলে বিচ্ছেদ এড়ানো যায়। তাই আজ পথকেই প্রণাম।

মোর পথিকেরে বৃঝি এনেছ এবার
করুণ রঙিন পথ।
এনেছে এনেছে অঙ্গনে, মোর
তৃত্বারে লেগেছে রথ।
সে-যে সাগরপারের বাণী
মোর পরানে দিয়েছে আনি,
তার আঁথির তারায় যেন গান গায়
অরণ্য পর্বত।

হৃংথস্থধের এপারে ওপারে
দোলায় আমার মন,
কেন অকারণ অশ্রুসলিলে
ভরে যায় হু'নয়ন।
ভগো নিদারুণ পথ, জানি,
জানি, পুন নিয়ে যাবে টানি

## তারে, চিরদিন মোর যে দিল ভরিয়া যাবে দে স্থপনবৎ॥

বাতাসের চলার পথে যে মৃকুল পড়ে ঝরে, তা নিয়ে তোমার লাগি রেথেছি ডালি ভরে।

টুকরো টুকরো স্থতঃথের মালা গাঁথব— সাতনরী হার পরাব তোমাকে মাধুর্যের মুক্তোগুলি চুনে নিয়ে। ফাগুনের ভরা সাজির উদ্বৃত্ত থেকে তুলে নেব বনের মর্মর, বাণীর স্থতে গোঁথে বেঁধে দেব তোমার মণিবছে। হয়তো আবার আর-বসস্তেও সেই আমার দেওয়া ভ্ষণ প'রেই তুমি আসবে। আমি থাকব না, কিন্তু কী জানি আমার দানের ভ্ষণ হয়তো থাকবে তোমার দক্ষিণ হাতে।

ফাগুনের নবীন আনন্দে গানথানি গাঁথিলাম ছন্দে। দিল তারে বনবীথি কোকিলের কলগীতি, ভরি দিল বকুলের গঙ্কে।

মাধবীর মধুময় মন্ত্র রঙে রঙে রাঙালো দিগন্ত। বাণী মম নিল তুলি পলাশের কলিগুলি, বেঁধে দিল তব মণিবদ্ধে॥

## দ্বিতীয় পর্ব

কেন ধরে রাখা, ও-যে যাবে চলে

মিলনলগন গত হলে।

স্থপনশেষে নয়ন মেলো,

নিবু নিবু দীপ নিবায়ে ফেলো,

কী হবে শুকানো ফুলদলে।

এখনো কোকিল ভাকছে, এখনো শিরীষ্বনের পুষ্পাঞ্চলি উঠছে ভরে ভরে, তবু এই চঞ্চলতার অন্তরে অন্তরে একটা বেদনা শিউরিয়ে উঠল। বিদায়দিনের প্রথম হাওয়া অশ্থগাছের পাতায় পাতায় ঝর ঝর করে উঠছে। সভার বীণা ব্ঝিনীরব হবে, দিগস্তে প্থের একতারার হ্বর বাঁধা হচ্ছে— মনে হচ্ছে, যেন বস্তী রঙ মান হয়ে গেক্সা রঙে নামল।

চলে যায়, মরি হায়, বসস্তের দিন।
দ্র শাথে পিক ভাকে বিরামবিহীন।
অধার সমীরভরে
উচ্ছুসি বকুল ঝরে,
গদ্ধসনে হল মন স্বদৃরে বিলীন।

পুলকিত আম্রবীথি ফাল্কনেরই তাপে,
মধুকরগুঞ্জরণে ছায়াতল কাঁপে।
কেন জানি অকারণে
সারাবেলা আনমনে
পরানে বাজায় বীণা কে গো উদাসীন ॥

বিদায় দিয়ো মোরে প্রসন্ন আলোকে, রাতের কালো আঁধার যেন নামে না ওই চোথে।

হে স্থন্দর, যে কবি তোমার অভিনন্দন করতে এদেছিল তার ছুটি মঞ্র হল।
তার প্রণাম তুমি নাও। তার আপন গানের বন্ধনেই চিরদিন দে বাঁধা রইল তোমার
ছারে। তার স্বরের রাশী তুমি গ্রহণ করেছ আমি জানি; তার পরিচয় রইল তোমার
ফ্লে ফ্লে, তোমার পদপাতকম্পিত শ্রামল শম্পবীথিকায়।

বদন্তে বদন্তে তোমার কবিরে দাও ডাক—
যায় যদি দে যাক।
রইল তাহার বাণী, রইল ভরা হুরে,
রইবে না দে দূরে—
হৃদয় তাহার কুঞ্চে তোমার
রইবে না নির্বাক্।

ছন্দ তাহার রইবে বেঁচে
কিশলয়ের নবীন নাচে নেচে নেচে।
তারে তোমার বীণা যায় না যেন ভূলে,
ডোমার ফ্লে ফুলে
মধুকরের গুঞ্জরণে বেদনা তার থাক্॥

তবে শেষ করে দাও শেষ গান,
তার পরে যাই চলে।
তুমি ভুলো না গো এ রজনী
আজ রজনী ভোর হলে।

এর ভয় হয়েছে দব কথা বলা হল না। এ দিকে বদস্তের পালা দাক হল। স্বরা কর্ গো, স্বরা কর্ — বাতাদ তপ্ত হয়ে এল, এই বেলা রিক্ত হবার আগে স্কলে পূর্ণ করে দে— তার পরে আছে করুণ ধূলি তার সাঁচল বিছিয়ে।

যথন মল্লিকাবনে প্রথম ধরেছে কলি
তোমার লাগিয়া তথনি বন্ধু,
বেঁধেছিম্ম অঞ্চলি।
তথনো কুহেলিজালে
স্থা, তরুণী উষার ভালে
শিশিরে শিশিরে অরুণমালিকা
উঠিতেছে ছলছলি।

এখনো বনের গান
বন্ধু, হয় নি তো অবসান,
তবু এখনি যাবে কি চলি।
ও মোর করুণ বল্লিকা,
তোর প্রান্ত মল্লিকা
ব্যরো-ব্যরো হল, এই বেলা ডোর
শেষ কথা দিস বলি॥

্ 'শুকনো পাতা কে ষে ছড়ায় ওই দ্রে'। বসস্তের ভূমিকায় ওই পাতাগুলি একদিন আগমনীর গানে তাল দিয়েছিল, আজ তারা যাবার পথের ধূলিকে ঢেকে দিল, পায়ে পায়ে প্রণাম করতে লাগল বিদায়পথের পথিককে। নবীনকে সন্মাসীর বেশ পরিয়ে দিয়ে বললে, 'তোমার উদয় স্কুদ্র, তোমার অন্তও স্কুদ্র।'

ঝরা পাতা গো, আমি তোমারি দলে। অনেক হাসি অনেক অঞ্চলে ফাগুন দিল বিদায়মন্ত্র আমার হিয়াতলে।

বারা পাতা গো, বসন্তী রঙ দিয়ে
শেষের বেশে সেজেছ তুমি কি এ !
খেলিলে হোলি ধুলায় দাসে ঘাসে
বসন্তের এই চরম ইতিহাসে ।
তোমারি মতো আমারো উত্তরী
আগুন রঙে দিয়ো রঙিন করি,
অন্তরবি লাগাক পরশমণি
প্রাণের মম শেষের সম্বলে ॥

সে-ষে কাছে এসে চলে গেল তব্ জাগি নি। কী ঘুম তোরে পেয়েছিল হতভাগিনী!

মন ছিল স্থা, কিছু ঘার ছিল থোলা, সেইখান দিয়ে কার নিঃশল চরণের আনা-গোনা। জেগে উঠে দেখি ভূঁইটাপা ফুলের ছিন্ন পাপড়ি লুটিয়ে আছে তার যাওয়ার পথে। আর দেখি, ললাটে পরিয়ে দিয়ে গেছে বরণমালা, তার শেয দান, কিছু এ-ছে বিরহের মালা।

> কথন দিলে পরায়ে স্থপনে বরণমালা, ব্যথার মালা। প্রভাতে দেখি জ্বেগে স্কর্মণ মেঘে বিশায়বাঁশব্রি বাজে স্ক্রেশ্নগালা।

গোপনে এসে গেলে
দেখি নাই আঁখি মেলে।
আঁধারে হুঃখডোরে
বাঁধিল মোরে,
ভূষণ পরালে বিরহুবেদন-ঢালা।

হে বনস্পতি শাল, অবসানের অবসাদকে তুমি দুর করে দিলে। তোমার অক্লান্ত মঞ্জরীয় মধ্যে উৎসবের শেষবেলাকার ঐর্থ্য, নবীনের শেষ জয়ধ্যনি তোমার বীরক্ঠে। অরণ্যভূমির শেষ আনন্দিত বাণী তুমি ভানিয়ে দিলে যাবার পথের পথিককে, বললে 'পুনর্দর্শনার'। তোমার আনন্দের সাহস বিচ্ছেদের সামনে এসে মাধা তুলে দাঁড়াল।

ক্লান্ত যথন আত্রকলির কাল,
মাধবী ঝরিল ভূমিতলে অবসন্ন,
শোরভধনে তথন তুমি হে শাল,
বসন্তে করো ধন্ত।
সান্থনা মাগি দাঁড়ায় কুঞ্জভূমি
রিক্তবেলায় অঞ্চল যবে শৃত্তা—
বনসভাতলে সবার উর্ধ্বে তুমি,
সব অবসানে তোমার দানের পুণ্য।

এইবার শেষ দেওয়া-নেওয়া চুকিয়ে দাও। দিয়ে যাও তোমার বাহিরের দান, উত্তরীয়ের স্থান্ধ, বাঁশির গান, আর নিয়ে যাও আমার অন্তরের বেদনা নীরবতার ডালি থেকে।

তুমি কিছু দিয়ে বাও
মোর প্রাণে গোপনে গো।
ফুলের গন্ধে, বাঁশির গানে,
মর্মরম্থরিত পবনে।
তুমি কিছু নিয়ে বাও
বেদনা হতে বেদনে—
বৈ মোর অঞ্চ হাসিতে লীন,
ধে বাণী নীরব নয়নে।

#### রবীন্দ্র-রচনাবলী

দ্রের বাণীকে জাগিয়ে দিয়ে গেল পথিক। এমনি করেই বারে বারে সে কাছের বন্ধন আল্গা করে দেয়। একটা অপরিচিত ঠিকানার উদ্দেশ বলে দিয়ে যায় কানে, সাহসের স্বর এসে পৌছয় বিচ্ছেদসম্ত্রের পরপার থেকে— মন উদাস হয়ে যায়।

বাজে করুণ স্থরে ( হায় দূরে )
তব চরণতলচুছিত পস্থবীণা।
মম পাছচিত চঞ্চল
জানি না কী উদ্দেশে।

যুথীগন্ধ অশান্ত সমীরে
ধায় উতলা উচ্ছাসে,
তেমনি চিত্ত উদাসী রে
নিদারুণ বিচ্ছেদের নিশীথে

৩০ ফাল্পন ১৩৩৭

## পরিশিষ্ট

প্রথম অভিনয়কালে 'নবীন' যে আকারে মৃদ্রিত হইয়াছিল তাহা এই পরিশিষ্টে সংকলিত হইল। যে গানগুলি প্রচলিত 'নবীন' গ্রন্থে বা অন্ত গ্রন্থে স্থান পাইয়াছে তাহাদের প্রথম ছত্ত্রই কেবল দেওয়া গেল। 'হাদয় আমার, ওই বৃঝি তোর বৈশাধী ঝড় আসে' গানের পাঠান্তর 'হাদয় আমার, ওই বৃঝি তোর ফান্তনী ঢেউ আসে' গানটি পুনম্বিত হইল। 'বেদনা কী ভাষায় রে' প্রচলিত গ্রন্থে বজিত হইলেও, প্রথম প্রকাশিত নবীনের অন্তর্ভু ক নবরচিত গান হিসাবে সম্পূর্ণ উদ্ধৃত হইল।

# नवीन

## প্রথম পর্ব

#### বাসস্তী, হে ভূবনমোহিনী

শুনেছ অলিমালা, ওরা বড়ো ধিকার দিচ্ছে, ওই ওপাড়ার মল্লের দল, উৎসবে তোমাদের চাপলা ওদের ভালো লাগছে না। শৈবালপুঞ্জিত গুহাঘারে কালো কালো শিলাথণ্ডের মতো তমিশ্রগহন গাঞ্জীর্যে ওরা নিশ্চল হয়ে জ্রকৃটি করছে, নির্বারিণী ওদের দামনে দিয়ে বেরিয়ে পড়েছে এই আনন্দময় বিশ্বের আনন্দপ্রবাহ দিকে দিগস্তে বইয়ে দিতে, নাচে গানে কলোলে হিল্লোলে কলহাশ্রে— চূর্ণ চূর্ণ সূর্যের আলো উদ্বেল তরক্বভক্ষের ছন্দে বিকীর্ণ করে দিতে। এই আনন্দ-আবেগের অন্তরে অন্তরে যে অক্ষয় শৌর্যের অন্তরেবাণ আছে, সেটা ওদের শাল্পবচনের বেড়ার বাইরে দিয়ে চলে গেল। ভয় কোরো না তোমরা; যে রসরাজের নিমন্ত্রণে তোমরা এসেছ, তাঁর প্রদন্মতা ঘেমন নেমেছে আমাদের নিকুঞ্জে অন্তঃশ্মিত গন্ধরাজমূকুলের প্রচ্ছন্ন গন্ধরেগ্তে তেমনি নামুক তোমাদের কঠে কঠে, তোমাদের দেহলতার নিক্ষম্ক নটনোৎসাহে। দেই ঘিনি স্থরের গুরু, তাঁর চরণে তোমাদের নৃত্যের অর্থ্য নিবেদন করে দাও।

#### স্থরের গুরু, দাও গো স্থরের দীকা

একটা ফর্মাশ এদেছে বসন্ত-উৎসবে নতুন কিছু চাই— কিন্তু যাদের রসবেদনা আছে তারা বলছে, আমরা নতুন চাই নে, আমরা চাই নবীনকে। তারা বলে, মাধবী বছরে বছরে সাজ বদলায় না, অশোক পলাশ প্রাতন রঙেই বারে বারে রঙিন। এই চিরপুরাতন ধরণী সেই চিরপুরাতন নবীনের দিকে তাকিয়ে বলছে, 'লাখ লাখ যুগ হিয়ে হিয়ে রাথয় তবু হিয়া জুড়ন না গেল।' সেই নবীনের উদ্দেশে তোমাদের গান ভক্ত করে দাও।

#### আন্ গো তোরা কার কী আছে

অশোকবনের রঙমহঙ্গে আজ লাল রঙের তানে তানে পঞ্চমরাগে সানাই বাজিয়ে দিলে, কুঞ্জবনের বীথিকায় আজ সৌরভের অবারিত দানসত্ত। আমরাও তো শৃশুহাতে আদি নি। দানের জোয়ার যথন লাগে অতল জলে তথন ঘাটে ঘাটে দানের বোঝাই-তরী রশি খুলে দিয়ে ভেসে পড়ে। আমাদের ভরা নৌকো দখিন হাওয়ায় পাল তুলে দাগর-মুখো হল, সেই কথাটা কণ্ঠ খুলে জানিয়ে দাও।

#### ফাগুন, তোমার হাওয়ায় হাওয়ায় করেছি-যে দান

ভরে দাও একেবারে ভরে দাও, কোথাও কিছু সংকোচ না থাকে। পূর্ণের উৎসবে দেওয়া আর পাওয়া একই কথা। ঝর্নার এক প্রান্তে পাওয়া রয়েছে অভ্রভেদী শিখরের দিক থেকে, আর-এক প্রান্তে দেওয়া রয়েছে অভ্রন্তর্শের্শ সাগরের দিকে, এর মাঝখানে তো কোনো বিচ্ছেদ নেই। অস্তহীন পাওয়া আর অস্তহীন দেওয়ার আবর্তন নিয়ে এই বিশ্ব।

#### গানের ডালি ভরে দে গো উষার কোলে

মধুরিমা, দেখো, দেখো, চাঁদের তরণীতে আজ পূর্ণতা পরিপুঞ্জিত। কড দিন ধরে এক তিথি থেকে আর-এক তিথিতে এগিয়ে এগিয়ে আদছে। নন্দনবন থেকে আলোর পারিক্ষাত ভরে নিয়ে এল— কোন্ মাধুরীর মহাখেতা সেই ডালি কোলে নিয়ে বসে আছে; ক্ষণে ক্ষণে রাজহংসের ডানার মতো তার ভল্ল মেঘের বসনপ্রাস্ত আকাশে এলিয়ে পড়ছে। আজ মুমভাঙা রাতের বাঁশিতে বেহাগের তান লাগল।

#### নিবিভ অমা-তিমির হতে

দোল লেগেছে এবার। পাওয়া আর না-পাওয়ার মাঝখানে দোল। এক প্রান্তে বিরহ, আর প্রান্তে মিলন, স্পর্শ করে করে ত্লছে বিশ্বের হৃদয়। পরিপূর্ণ আর অপূর্ণের মাঝখানে এই দোলন। আলোতে ছায়াতে ঠেকতে ঠেকতে রূপ জাগছে—জীবন থেকে মরণে, মরণ থেকে জীবনে, অন্তর থেকে বাহিরে, আবার বাহির থেকে অন্তরে। এই দোলার তালে না মিলিয়ে চললেই রসভঙ্গ হয়। ও পাড়ার ওয়া-বে দরজার আগল এঁটে বসেই রইল— হিসেবের খাতার উপর ঝুঁকে পড়েছে। একবার ওদের দরজার বাইরে দাঁড়িয়ে দোলের ডাক দাও।

#### ওরে গৃহবাসী, তোরা খোল ছার খোল

কিন্ত পূর্ণিমার চাঁদ-যে ধ্যানন্তিমিতলোচন পুরোহিতের মতো আকাশের বেদীতে বদে উৎসবের মন্ত্র কপ করতে লাগল। ওকে দেখাছে যেন জ্যোৎসাসমূল্রের টেউয়ের চূড়ায় ফেনপুলের মতো — কিন্তু দে টেউ-যে চিত্রার্শিতবং গুল। এ দিকে আজ বিশ্বের বিচলিত চিত্ত দক্ষিণের হাওয়ায় ভেসে পড়েছে, চঞ্চলের দল মেতেছে বনের শাধায়, পাধির ভানায়— আর ওই কি একা অবিচলিত হয়ে থাকবে নিবাতনিক্ষপিরপ্রদীপমৃ? নিজে মাতবে না আর বিশ্বকে মাতাবে, সে কেমন হল?

এর একটা যা-হয় জবাব দিয়ে দাও।

কে দেবে চাঁদ তোমায় দোলা

আজ সব ভীক্ষদের ভয় ভাঙানো চাই। ওই মাধবীর বিধা-যে ঘোচে না। এ দিকে আকাশে আকাশে প্রগল্ভতা অথচ ওরা রইল সসংকোচে ছায়ার আড়ালে। ওই অবগুটিতাদের সাহস দাও। বেরিয়ে পড়বার হাওয়া বইল যে— বকুলগুলো রাশি রাশি ঝরতে ঝরতে বলছে 'যা হয় তা হোক গে', আমের মুকুল নির্ভয়ে বলে উঠছে 'দিয়ে ফেলব একেবারে শেষ পর্যস্ত'। যে পথিক আপনাকে বিলিয়ে দেবার জন্তেই পথে বেরিয়েছে তার কাছে আত্মনিবেদনের থালি উপুড় করে দিয়ে তবে তাকে আনতে পারবে নিজের আভিনায়। ক্লপণতা করে সময় বইয়ে দিলে তো চলবে না।

टर माधवी, विधा किन, जानित कि फितित कि

দেখতে দেখতে ভরদা বেড়ে উঠছে, তাকে পাব না তো কী। যখন দেখা দেয় না তখনো যে দাড়া দেয়। যে পথে চলে দেখানে-বে তার চলার রঙ লাগে। যে আড়ালে থাকে তার ফাঁক দিয়ে আসে তার মালার গন্ধ। ছয়ারে অন্ধকার যদি-বা চুপচাপ থাকে, আঙিনায় হাওয়াতে চলে কানাকানি। পড়তে পারি নে সব অক্ষর, কিছু চিঠিখানা মনের ঠিকানায় এসে পৌছয়। লুকিয়েই ও ধরা দেবে এমনিতরো ওর ভাবখানা।

সে কি ভাবে গোপন রবে লুকিয়ে হৃদয়-কাড়া

এইবার বেড়া ভাঙল, ত্র্বার বেগে। অন্ধকারের গুহায় অগোচরে জমে উঠেছিল বক্তার উপক্রমণিকা, হঠাৎ ঝনা ছুটে বেরোল, পাথর গেল ভেঙে, বাধা গেল ভেসে। চরম যথন আদেন তথন এক-পা এক-পা পথ গুনে গুনে আদেন না। একেবারে বজ্জে-শান-দেওয়া বিত্যতের মতো, পুঞ্চ পুঞ্চ কালো মেঘের বক্ষ এক আঘাতে বিদীপ করে আদেন।

হাদয় আমার, ওই ব্ঝি তোর ফাস্কনী চেউ আদে, বেড়া-ভাঙার মাতন নামে উদ্দাম উল্লাসে। তোমার মোহন এল সোহন বেশে, কুয়াশাভার গেল ভেনে, এল ভোমার লাধনধন উদার আশাদে। অরণ্যে ভোর হুর ছিল না, বাতাস হিমে ভরা। জীর্ণ পাতায় কীর্ণ কানন, পুশ্পবিহীন ধরা।

## এবার জাগ্রে হতাশ, আয় রে ছুটে অবসাদের বাঁধন টুটে,

বুঝি এল তোমার পথের সাথি উতল উচ্ছাদে।<sup>২</sup>

উৎসবের সোনার কাঠি তোমাকে ছুঁয়েছে, চোধ খুলেছে; এইবার সময় হল চার দিক দেখে নেবার। আজ দেখতে পাবে ওই, শিশু হয়ে এসেছে চির নবীন, কিশলরে তার ছেলেখেলা জমাবার জ্ঞে। তার দোসর হয়ে তার সঙ্গে যোগ দিল ওই প্র্যের আলো, সেও সাজল শিশু, সারাবেলা সে কেবল ঝিকিমিকি করছে। ওই তার কলপ্রলাপ। ওদের নাচে নাচে মর্যরিত হয়ে উঠল প্রাণগীতিকার প্রথম ধুয়োটি।

#### ওরা অকারণে চঞ্চল

আবার একবার চেয়ে দেখো— অবজ্ঞায় চোথ ঝাপসা হয়ে থাকে, আজ সেই কুয়ালা যদি কেটে যায় তবে যাকে তৃচ্ছ বলে দিনে দিনে এড়িয়ে গেছ তাকে দেখে নাও তার আপন মহিমায়। ওই দেখো ওই বনফুল, মহাপথিকের পথের ধারে ও ফোটে, তাঁর পায়ের করুণ স্পর্শে স্কন্দর হয়ে ওঠে ওর প্রণতি। স্থর্যের আলো ওকে আপন বলে চেনে; দখিন হাওয়া ওকে ভাধিয়ে যায় 'কেমন আছ'। তোমায় গানে আজ ওকে গৌরব দিক। এরা যেন কুয়য়াজের সভায় শ্রার সন্তান বিত্রের মতো, আসন বটে নীচে, কিস্কু সন্মান য়য়ং ভীয়ের চেয়ে কম নয়।

#### আজ দখিন বাতাদে?

কাব্যলোকের আদরিণী সহকারমঞ্জরীকে আর চিনিয়ে দিতে হবে না। সে আপনাকে তো প্কোতে জানে না। আকাশের হৃদয় সে অধিকার করেছে, মৌমাছির দল বন্দনা করে তার কাছ থেকে অজল দক্ষিণা নিয়ে যাচ্ছে। সকলের আগেই উৎসবের সদাব্রত ও শুরু করে দিয়েছিল, সকলের শেষ পর্যস্ত ওর আমন্ত্রণ রইল পোলা। কোকিল ওর গুণগান দিনে রাতে আর শেষ করতে পারছে না— তোমরাও তান লাগাও।

#### ও মঙ্করী, ও মঞ্চরী, আমের মঞ্চরী

দীর্ঘ শৃশু পথটাকে এতদিন ঠেকেছিল বড়ো কঠিন, বড়ো নিচুর। আজ তাকে প্রধাম। পথিককে সে তো অবশেষে এনে পৌছিয়ে দিলে। তারই সলে এনে দিলে অসীম সাগরের বাণী। তুর্গম উঠল সেই পথিকের মধ্যে গান গেয়ে। কিছু আনন্দ করতে করতেই চোথে জল আসে-যে। ভূলব কেমন করে যে, যে পথ কাছে নিয়ে আসে সেই পথই দ্রে নিয়ে যায়। পথিককে ঘরে আটক করে না। বাঁধন ছিঁড়ে নিজেও বেরিয়ে না পড়লে ওর সলে বিচ্ছেদ ঠেকাবে কী করে ? আমার ছর-বে ওর যাওয়া-আসার পথের মাঝখানে; দেখা দেয় যদি-বা, তার পরেই সে দেখা আবার কেড়ে নিয়ে চলে যায়।

মোর পথিকেরে বৃঝি এনেছ এবার করুণ রঙিন পথ

তবু ওকে কণকালের বাঁধন পরিয়ে দিতে হবে। টুকরো টুকরো হথের হার গাঁধব— পরাব ওকে মাধুর্যের মৃক্তোগুলি। ফাগুনের ভরা সাজি থেকে যা-কিছু ঝরে ঝরে পড়ছে কুড়িয়ে নেব, বনের মর্যর, বকুলের গন্ধ, পলাশের রক্তিমা— আমার বাণীর হুত্রে সব গোঁথে বেঁধে দেব তার মণিবন্ধে। হয়তো আবার আর-বদস্তেও সেই আমার-দেওয়া ভূষণ প'রেই সে আসবে। আমি থাকব না, কিন্তু কী জানি, আমার দানের ভূষণ হয়তো থাকবে ওর দক্ষিণ হাতে।

ফাগুনের নবীন আনন্দে

## দ্বিতীয় পর্ব

বেদনা কী ভাষায় রে

মর্মে মর্মরি গুঞ্জরি বাজে।

দে বেদনা সমীরে সমীরে সঞ্চারে,

চঞ্চল বেগে বিখে দিল দোলা।

দিবানিশা আছি নিদ্রাহরা বিরহে

তব নন্দনবন-অক্দন-বারে, মনোমোহন বন্ধু,

আকুল প্রাণে

#### পারিজাতমালা স্থান হানে।

বিদায়দিনের প্রথম হাওয়াটা এবার উৎসবের মধ্যে নিঃশ্বদিত হয়ে উঠল।
এখনো কোকিল ডাকছে, এখনো বকুলবনের দখল অজ্জ্ব, এখনো আদ্রমঞ্জরীর নিমন্ত্রণে
মৌমাছিদের আনাগোনা, কিন্তু তবু এই চঞ্চলতার অন্তরে অন্তরে একটা বেদনা
শিউরিয়ে উঠল। দভার বীণা বুঝি নীরব হবে, পথের একতারায় এবার স্কর বাধা
হচ্ছে। দ্র দিগস্তের নীলিমায় দেখা যায় অশ্রুর আভাদ— অবসানের গোধ্লিছায়া
নামছে।

#### চলে যায় মরি হায় বসস্তের দিন

হে স্থলর, যে কবি তোমার অভিনদ্দন করতে এসেছিল তার ছুটির দিন এল। ২২॥৭ তার প্রণাম তৃমি নাও। যে গানগুলি এতদিন গ্রহণ করেছ সেই তার আপন গানের বন্ধনেই সে বাঁধা রইল তোমার দারে— তোমার উৎসবলীলায় সে চিরদিন রয়ে গেল তোমার সাথের সাথি। তোমাকে সে তার হুরের রাখী পরিয়েছে— তার চিরপরিচয় তোমার ফুলে ফুলে, তোমার পদপাতকম্পিত শ্রামল শম্পবীথিকায়।

#### বদস্তে বদস্তে ভোমার কবিরে দাও ডাক

ওর ভন্ন হয়েছে দব কথা বলা হল না ব্ঝি, এ দিকে বদস্তর পালা তো দাল হয়ে এল। ওর মল্লিকাবনে এখনি তো পাপড়িগুলি দব পড়বে ঝরে— তখন বাণী পাবে কোথায়। ত্বরা কর্ গো, ত্বরা কর্। বাতাদ তগু হয়ে এল, এই বেলা রিক্ত হবার আগে তোর শেষ অঞ্জলি পূর্ণ করে দে; তার পরে আছে করুণ ধূলি, তার আঁচলে দব ঝরা ফুলের বিরাম।

#### যথন মল্লিকাবনে প্রথম ধরেছে কলি

স্করের বীণার তারে কোমল গান্ধারে মীড় লেগেছে। আকাশের দীর্ঘনিখাদ বনে বনে হায় হায় করে উঠল, পাতা পড়ছে ঝরে ঝরে। বদস্তের ভূমিকায় ওই পাতাগুলি একদিন শাথায় শাথায় আগমনীর গানে তাল দিয়েছিল, তারাই আজ যাবার পথের ধূলিকে ঢেকে দিল, পায়ে পায়ে প্রণাম করতে লাগল বিদায়পথের পথিককে। নবীনকে সম্রাসীর বেশ পরিয়ে দিলে; বললে, ভোমার উদয় স্ক্লর, ভোমার অন্তও স্ক্লর হোক।

#### ঝরা পাতা গো. আমি তোমারি দলে

মন থাকে স্থা, তথনো দার থাকে খোলা, সেইখান দিয়ে কার আনাগোনা হয়; উত্তরীয়ের গন্ধ আদে দরের মধ্যে, ভূইচাঁপা ফুলের ছিন্ন পাপড়িগুলি লুটিয়ে থাকে তার যাওয়ার পথে; তার বীণা থেকে বসন্তবাহারের রেশটুকু কুড়িয়ে নেয় মধুকর-গুরুরিত দক্ষিণের হাওয়া; কিন্তু জানতে পাই নে, সে এসেছিল। জেগে উঠে দেখি তার আকাশপারের মালা সে পরিয়ে গিয়েছে, কিন্তু ও-যে বিরহের মালা।

#### কখন্ দিলে পরায়ে

বনবন্ধুর থাবার সময় হল, কিন্তু হে বনস্পতি শাল, অবসানের দিন থেকে তুমি অবসাদ খুচিয়ে দিলে। উৎসবের শেষ বেলাকে তোমার অক্লান্ত মঞ্চরী ঐশ্বর্য দিল ভরিয়ে। নবীনের শেষ জয়ধ্বনি তোমার বীরক্ষে। সেই ধ্বনি আজ্ঞ আকাশকে পূর্ণ করল, বিষাদের মানতা দূর করে দিলে। অরণ্যভূমির শেষ আনন্দিত বাণী তুমিই ভনিয়ে দিলে যাবার পথের পথিককে, বললে 'পূন্দর্শনায়'। তোমার আনন্দের সাহস কঠোর বিচ্ছেদের সম্থে দাঁড়িয়ে।

#### ক্লান্ত যথন আত্রকলির কাল

দূরের ডাক এদেছে। পথিক, তোমাকে ফেরাবে কে। তোমার আদা আর তোমার যাওয়াকে আজ এক করে দেখাও। যে পথ তোমাকে নিয়ে আদে দেই পথই তোমাকে নিয়ে যায়, আবার দেই পথই ফিরিয়ে আনে। হে চিরনবীন, এই বিদ্ধি পথেই চির-দিন তোমার রথযাত্রা; যথন পিছন ফিরে চলে যাও সেই চলে যাওয়ার ভঙ্গিটি আবার এদে মেলে দামনের দিকে ফিরে আসায়— শেষ পর্যস্ত দেখতে পাই নে, হায় হায়

#### এখন আমার সময় হল<sup>১</sup>

বিদায়বেলার অঞ্জলি যা শৃক্ত করে দেয় তা পূর্ণ হয় কোন্থানে দেই কথাটা শোনা যাক।

#### এ বেলা ভাক পড়েছে কোন্থানে

আদল্প বিরহের ভিতর দিয়ে শেষ বারের মতো দেওয়া-নেওয়া হয়ে যাক। তুমি দিয়ে যাও তোমার বাহিরের দান, তোমার উত্তরীয়ের স্থপন্ধ, তোমার বাঁশীর গান, আর নিয়ে যাও এই অন্তরের বেদনা আমার নীরবতার ডালি থেকে।

#### जूमि किছू मित्र यां छ

থেলা-শুক্ত থেলা, থেলা-ভাঙাও থেলা। থেলার আরভে হল বাঁধন, থেলার শেষে হল বাঁধন থোলা। মরণে বাঁচনে হাতে হাতে ধরে এই থেলার নাচন। এই থেলায় পুরোপুরি যোগ দাও— শুক্র দক্ষে শেষের সঙ্গে সম্পূর্ণ মিলিয়ে নিয়ে জয়ধ্বনি করে চলে যাও।

#### আজ থেলা-ভাঙার খেলা খেলবি আয়<sup>১</sup>

পথিক চলে গেল স্থানের বাণীকে জাগিয়ে দিয়ে। এমনি করে কাছের বন্ধনকে বারে বারে দে আলগা করে দেয়। একটা কোন্ অপরিচিত ঠিকানার উদ্দেশ বৃকের ভিতর রেথে দিয়ে যায়— জানলায় বসে দেখতে পাই, তার পথ মিলিয়ে গেছে বনরাজিনীলা দিগন্তরেথার ওপারে। বিচ্ছেদের ডাক শুনতে পাই কোন্ নীলিম কুহেলিকার প্রান্ত থেকে— উদাস হয়ে যায় মন— কিছ সেই বিচ্ছেদের বাঁশিতে মিলনেরই স্থর তো বাজে কয়ণ সাহানায়।

#### বাজে করুণ হূরে, হায় দূরে

এই থেলা-ভাঙার থেলা বীরের থেলা। শেষ পর্যস্ত যে ভক দিল না তারই জয়। বাঁধন ছিঁড়ে যে চলে যেতে পারল, পথিকের সলে বেরিয়ে পড়ল পথে, তারই জ্ঞা জ্যের মালা। পিছনে ফিরে ভাঙা থেলনার টুকরো কুড়োতে গেল যে রূপণ তার

#### त्रवीख-त्रव्यावणी

থেল। পুরো হল না— থেলা তাকে মৃক্তি দিল না, থেলা তাকে বেঁধে রাখলে। এবার তবে ধুলোর দঞ্য চুকিয়ে দিয়ে হালকা হয়ে বেরিয়ে পড়ো।

বসন্তে ফুল গাঁথল আমার জয়ের মালা<sup>ত</sup>

এবার প্রলয়ের মধ্যে পূর্ণ হোক লীলা, শমে এসে সব তান মিলুক, শান্তি হোক, মৃক্তি হোক।

ওরে পথিক, ওরে প্রেমিক

৩০ ফাল্কন ১৩৩৭

<sup>&</sup>gt; खडेवा : वमस्र । इबीस्य-त्राचनी > ध्य चर्छ

২ তুলনীর: জনর আমার, ওই বৃথি তোর বৈশাধী ঝড় আসে। নটরাজ। রবীক্স-রচনাবলী ১৮শ থঙ

खडेवा : शास्त्रनी । द्रवीळ-द्रव्यावनी ३२ण थल

# শাপযোচন

## ভূমিকা

যে বৌদ্ধ আখ্যান অবলম্বন করে রাজা নাটক রচিত তারই আভাসে শাপমোচন কথিকাটি রচনা করা হল। এর গান-গুলি পূর্বরচিত নানা গীতিনাটিকা হতে সংকলিত। রবীন্দ্রনাথ ঠাকুর

## ना निर्माहन

ভূমিকার গান। ভাবটা এই, মনের নানা গভীর আকাজ্ঞা কাহিনীতে রূপকে গানে রূপ নেয় ছন্দে বন্ধে, সঙ্গ রচনা করে কল্পনায়, বস্তুজগৎ থেকে ক্ষণকালের ছুটি নিয়ে কল্পজগতে করে লীলা।

এ শুধু অলস মায়া— এ শুধু মেঘের থেলা,
এ শুধু মনের সাধ বাতাসেতে বিসর্জন,
এ শুধু আপনমনে মালা গেঁথে ছিঁড়ে ফেলা,
নিমেযের হাসি কারা গান গেয়ে সমাপন।
শামল পরবপাতে রবিকরে সারা বেলা
আপনারি ছায়া লয়ে থেলা করে ফুলগুলি,
এও সেই ছায়া-থেলা বসস্তের সমীরণে।
কুহকের দেশে যেন সাধ ক'রে পথ ভুলি
হেথা হোথা ঘূরি ফিরি সারাদিন আনমনে।
কারে যেন দেব বলে কোথা যেন ফুল তুলি,
সন্ধ্যায় বনের ফুল উড়ে যায় বনে বনে।
এ থেলা থেলিবে হায়, খেলার সাথী কে আছে।
ভুলে ভুলে গান গাই— কে শোনে কে নাই শোনে—
যদি কিছু মনে পড়ে, যদি কেহু আসে কাছে॥

গন্ধর্ব সৌরদেন স্থরসভায় গীতনায়কদের অগ্রণী। সেদিন তার প্রেয়সী মধুশ্রী গেছে স্মেকশিখরে স্থপ্রদক্ষিণে। সৌরসেনের বিরহীচিত্ত ছিল উৎকৃষ্ঠিত। অনবধানে তার মৃদক্ষের তাল গেল কেটে, নৃত্যে উর্বশীর শমে পড়ল বাধা, ইন্দ্রাণীর কপোল উঠল রাঙা হয়ে।

পাছে হ্বর ভূলি এই ভন্ন হয়,
পাছে ছিন্ন তারের জন্ম হয়।
পাছে উৎস্বক্ষণ তন্ত্রালদে হয় নিমগন,
পুণ্য লগন

र्माय (थनाय क्य रुप्त,

পাছে বিনা গানেই মিলনবেলা ক্ষয় হয়।

যথন তাণ্ডবে মোর ডাক পড়ে,

পাছে তার তালে মোর তাল না মেলে

সেই ঝড়ে।

যথন মরণ এসে ডাকবে শেষে বরণগানে

পাছে প্রাণে

মোর বাণী সব লয় হয়.

পাছে বিনা গানেই বিদায়বেলা লয় হয়॥

খলিতচ্ছন স্রসভার অভিশাপে গন্ধরের দেহশ্রী হল বিষ্ণুত, অরুণেশ্বর নামে ভার জন্ম হল গান্ধাররাজগৃহে।

মধুন্সী ইস্ত্রাণীর পাদপীঠে মাথা রেথে পড়ে রইল, বললে, "ঘটিয়ো না বিচ্ছেদ দেবী, গতি হোক আমাদের একই লোকে, একই ত্রংখভোগে, একই অবমাননায়।"

শচী সকরণ দৃষ্টিতে ইন্দ্রের পানে তাকালেন। ইন্দ্র বললেন, "তথান্ত, যাও মর্তে, সেথানে হৃঃখ পাবে, হৃঃখ দেবে। সেই হৃঃখে ছন্দঃপাতন অপরাধের কয়।"

বিদায়গান

ভরা থাক্ শ্বৃতিস্থধায়
বিদায়ের পাত্রথানি,
মিলনের উৎসবে তায়
ফিরায়ে দিয়ো আনি।
বিষাদের অঞ্চজলে
নীরবের মর্মতলে
গোপনে উঠুক ফ'লে
হদয়ের নৃতন বাণী।

যে পথে যেতে হবে
সে পথে তুমি একা,
নশ্বনে আধার রবে
ধেয়ানে আলোকরেধা।

সারাদিন সংশাপনে স্থারস ঢালবে মনে পরানের পদ্মবনে বিরহের বীণাপাণি॥

মধুশ্রী জন্ম নিল মদ্ররাজকুলে, নাম নিল কমলিকা। স্বর্গলোক থেকে যে আত্মবিশ্বত বিরহবেদনা সঙ্গে এনেছে অরুণেশ্বর, যৌবনে তার তাপ উর্চল প্রবল হয়ে।

জাগরণে যায় বিভাবরী,
আঁথি হতে ঘুম নিল হরি।
যার লাগি ফিরি একা একা,
আঁথি পিপাদিত নাহি দেখা,
তারি বাঁশি ওগো তারি বাঁশি
তারি বাঁশি বাজে হিয়া ভরি।

বাণী নাহি তবু কানে কানে
কী যে তনি তাহা কেবা জানে।
এই হিয়া-ভরা বেদনাতে
বারি-ছলছল আঁথিপাতে
ছায়া দোলে তারি ছায়া দোলে
ছায়া দোলে দিবানিশি ধরি।

তাপার্ড মন খুঁজে বেড়ায় অনার্ষ্টিতে তৃফার জল, বীণা কোলে নিয়ে গান করে—

এসো এসো হে তৃষ্ণার জল,
ভেদ করো কঠিনের বক্ষরল, কলকল ছলছল।
এসো এসো উৎসম্রোতে গৃঢ় অন্ধকার হতে,
এসো হে নির্মল, কলকল ছলছল।
রবিষ্কর রহে তব প্রতীক্ষায়,
তুমি যে খেলার সাথি, সে তোমারে চার।

তাহারি সোনার তান তোমাতে জাগাক গান, এসো হে উজ্জ্বল, কলকল ছলছল।

হাঁকিছে অশান্ত বায়—
আয় আয় আয়, সে তোমায় খুঁজে যায়।
তাহার মৃদক্ষরবে করতালি দিতে হবে,
এসো হে চঞ্চল, কলকল ছলছল।

অনার্ষ্টি কোন্ মায়াবলে
তোমারে করেছে বন্দী পাষাণশৃন্ধলে,
ভেঙে নীরসের কারা এসো বন্ধহীন ধারা,
এসো হে প্রবল, কলকল চলচল ॥

কেমন করে কমিলকার ছবি এদে পড়ল গান্ধারে রাজ-অন্তঃপুরে। মনে হল, যা হারিয়েছিল এই-জন্মের আড়ালে, তাই যেন ফিরে ধরা দিল অপরূপ স্বপ্নরূপে।

> ও আমার চাঁদের আলো, আজ ফাগুনের সন্ধ্যাকালে ধরা দিয়েছ যে আমার পাতায় পাতায় ভালে ভালে। যে গান তোমার স্থরের ধারায় বক্তা জাগায় তারায় তারায় মোর আভিনায় বাজল সে স্থর আমার প্রাণের তালে তালে।

সব কুঁড়ি মোর ফুটে ওঠে তোমার হাসির ইশারাতে, স্বপ্নে-ছাওয়া দখিন হাওয়া আমার ফুলের গদ্ধে মাতে। শুল্র, তুমি করলে বিলোল আমার প্রাণে রঙের হিলোল; মর্মরিত মর্ম আমার জড়ায় তোমার হাসির জালে।

ছবিখানি দিনের চিন্তা রাতের স্বপ্লের 'পরে আপন ভূমিকা রচনা করলে।

তুমি কি কেবলি ছবি, শুধু পটে লিখা।
ওই যে স্থানুর নীহারিকা
যারা করে আছে ভিড়
আকাশের নীড়,
ওই যারা দিনরাত্রি
আলো হাতে চলিয়াছে আঁধারের যাত্রী

গ্রহ তারা রবি,

তুমি কি তাদের মতো সত্য নও—

হায় ছবি, তুমি তথু ছবি !

নয়নসম্পথে তুমি নাই,

নয়নের মাঝখানে নিয়েছ যে ঠাই।

আজি তাই
ভামলে ভামল তুমি নীলিমায় নীল।

আমার নিথিল

তোমাতে পেয়েছে তার অন্তরের মিল।

নাহি জানি, কেহ নাহি জানে

তব হুর বাজে মোর গানে,

কবির অন্তরে তুমি কবি—

নও ছবি, নও ছবি, নও তথু ছবি ॥

রাজা লিখনেন চিঠি চিত্তরূপিণীর উদ্দেশে ! লিখনেন-

কথন দিলে পরায়ে স্থপনে ব্যথার মালা, বরণমালা।
প্রভাতে দেখি জেগে অরুণ মেঘে
বিদায়বাঁশরি বাজে অব্দ্রগালা।
গোপনে এসে গেলে, দেখি নাই আঁখি মেলে।
আঁখারে হু:খডোরে বাঁধিলে মোরে,
ভূষণ পরালে বিরহবেদন-চালা॥

চিঠি পৌছল রাজকন্তার হাতে। অজানার আহ্বানে তার মন হল উতলা। স্থীদের নিয়ে বারবার করে পড়লে সেই চিঠি।

> দে পড়ে দে আমায় তোরা কী কথা আজ লিখেছে সে, তার দুরের বাণীর পরশমানিক লাগুক আমার প্রাণে এসে। শস্তথেতের গন্ধথানি একলা ঘরে দিক সে আনি, ক্লান্তগমন পাছ হাওয়া লাগুক আমার মুক্তকেশে।

নীল আকাশের স্বরটি নিয়ে বাজাক আমার বিজ্ঞন মনে, ধূদর পথের উদাদ বরন মেলুক আমার বাতায়নে। স্থ-ডোবার রাভা বেলায় ছড়াব প্রাণ রঙের থেলায়, আপন-মনে চোথের কোণে অশ্র-আভাদ উঠবে ভেসে ॥

গান্ধারের দৃত এল মন্তরাজধানীতে। বিবাহ-প্রতাব তনে রাজা বললে, "আমার ক্যার তুর্লভ ভাগ্য।"

স্থীরা রাজক্সাকে গিয়ে বললে —

বাজিবে, স্থী, বাঁশি বাজিবে।
হৃদয়রাজ হৃদে রাজিবে।
বচন রাশি রাশি কোথা যে যাবে তাসি,
অধরে লাজহাসি সাজিবে।
নয়নে আঁথিজল করিবে ছলছল,
হুখবেদনা মনে বাজিবে।
মরমে মুরছিয়া মিলাতে চাবে হিয়া
বসই চরণমুগরাজীবে॥

চৈত্রপূর্ণিমার পুণ্যতিথিতে শুভলগ্ন। সেই বিবাহরাত্রে দূরে একলা বসে রাজার বৃক্বের মধ্যে রক্ত ঢেউ খেলিয়ে উঠল। কেবলই তার মনে হতে লাগল, লোকাস্তরে কার সলে এইরকম জ্যোৎস্নারাত্রে সে যেন এক-দোলায় ছলেছিল। ভূলে-যাওয়ার কুহেলিকার ভিতর থেকে পড়েছে মনে। একটা পদ তার মনে গুঞ্জিয়িয়া উঠছে 'ভূলো না— ভূলো না— ভূলো না— ভূলো না

দেদিন ত্জনে ত্লেছিছ বনে, ফুলডোরে বাঁধা ঝুলনা।
দেই শ্বিট্কু কভ্ থনে থনে যেন জাগে মনে, ভূলো না।
দেদিন বাতাদে ছিল তুমি জান
আমারি মনের প্রলাপ জড়ানো,
আকাশে আকাশে আছিল ছড়ানো তোমার হাদির তুলনা।
যেতে যেতে পথে প্রিমারাতে চাঁদ উঠেছিল গগনে,
দেখা হয়েছিল তোমাতে আমাতে কী জানি কী মহালগনে।

এখন আমার বেলা নাহি আর, বহিব একাকী বিরহের ভার— বাঁধিব বে রাথী পরানে তোমার সে রাথী খুলো না, খুলো না॥

ষ্থালয়ে রাজহন্তীর পৃষ্ঠে রত্নাসনে রাজার প্রতিনিধি হয়ে এল অরুণেশরের বংক্ষা-বিহারিণী বীণা, রাজার অশ্রুত আহ্বান সঙ্গে করে। সধীরা দ্রোদিট বন্ধুর আবাহন-গান গাইলে—

তোমার আনন্দ ওই এল ছারে এল গো
থগো পুরবাদী।
বুকের আঁচলথানি ধূলায় ফেলে
আজিনাতে মেলো গো।
পথে সেচন করো গন্ধবারি,
মলিন না হয় চরণ তারি,
ভোমার স্থন্দর ওই এল ছারে এল গো—
আকুল হাদয়খানি সম্মুখে তার ছড়িয়ে ফেলো গো।

সকল ধন্ত যে ধন্ত হল হল গো,
বিশ্বজনের কল্যাণে আজ ঘরের হুয়ার খোলো গো।
হেরো রাঙা হল সকল গগন,
চিত্ত হল পুলকমগন,
তোমার নিত্য-আলো এল খারে এল গো—
তোমার পরানপ্রদীপ তুলে ধরে ওই আলোতে জেলো গো॥

অন্তঃপুরিকারা বীণাথানিকে বরণ করে নিয়ে এল বিবাহের আসরে, বধ্কে আহ্বান করে গাইলে—

বাজো রে বাঁশরী বাজো।
ফুলরী, চন্দনমাল্যে মঙ্গলসন্ধ্যায় সাজো।
বৃঝি মধুফান্ধনমাসে চঞ্চল পাছ সে আসে,
মধুকরপদভরকম্পিত চম্পক
অন্ধনে ফোটে নি কি আজো।

রক্তিম অংশুক মাথে, কিংশুককদণ হাতে,
মন্ত্রীরঝংকত পায়ে, সৌরভমন্থর বায়ে,
বন্দনসংগীতগুল্পনমূখরিত
নন্দনকুলে বিরাজো ॥

বীণার দলে রাজকুমারীর মালা বদল হল। স্থীরা এই বীণা স্থান্দরকে উৎসর্গ করে গাইলে—

লহো লহো তুলে লহো নীরব বীণাথানি,
নন্দননিকুঞ্জ হতে হুর দেহো তায় আনি
থহে হুন্দর হে হুন্দর।
আধার বিছায়ে আছি রাতের আকাশে
তোমারি আখাদে,
তারায় তারায় জাগাও তোমার আলোক-ভরা বাণী
থহে হুন্দর হে হুন্দর।

পাষাণ আমার কঠিন তথে তোমায় কেঁদে বলে—
পরশ দিয়ে দরদ করো, ভাসাও অঞ্জলে
ওহে স্থন্দর হে স্থন্দর।
ভদ্ধ যে এই নয় মরু নিত্য মরে লাজে
আমার চিত্তমাঝে,
ভামল রসের আঁচল তাহার বক্ষে দেহো টানি ।

বধ্ পতিগৃহে যাবার সময় স্থীরা স্থানকে প্রণাম করে বললে—

রাভিয়ে দিয়ে যাও গো এবার যাবার আগে।
আপন রাগে, গোপন রাগে,
তরুণ হাসির অরুণ রাগে,
আক্ষজনের করুণ রাগে।
রঙ যেন মোর মর্মে লাগে— আমার সকল কর্মে লাগে—

সন্ধ্যাদীপের আগায় লাগে— গভীর রাতের জাগায় লাগে। যাবার আগে ষাও গো আমায় জাগিয়ে দিয়ে,
রক্তে তোমার চরণদোলা লাগিয়ে দিয়ে।
আঁধার নিশার বক্ষে যেমন তারা জাগে,
পাষাণগুহার কক্ষে নিবর-ধারা জাগে,
মেঘের বৃকে ষেমন মেদের মন্দ্র জাগে,
বিশ্বনাচের কেন্দ্রে যেমন ছন্দ জাগে—
তেমনি আমায় দোল দিয়ে যাও যাবার পথে আগিয়ে দিয়ে
কাঁদন বাঁধন ভাগিয়ে দিয়ে॥

রাজবধৃ এল পতিগৃহে।

দীপ জলে না, ঘর থাকে অন্ধকার, সেই ঘরে প্রতি রাত্রে স্বামীর কাছে বধ্ সমাগম। কমলিকা বলে, "প্রভু, তোমাকে দেখবার জন্তে আমার দিন, আমার রাত্রি উৎস্ক। আমাকে দেখা দাও।"

এনো আমার ঘরে,
বাহির হয়ে এনো তুমি যে আছ অস্তরে।
হঃধহুথের দোলে এসো,
প্রাণের হিল্লোলে এসো,
স্থপনত্য়ার খুলে এসো অফণ-আলোকে
মৃদ্ধ এ চোথে।
এবার ফুলের প্রফুল্লরুপ এসো বুকের 'পরে ॥

রাজা বলে, "আমার গানেই তুমি আমাকে দেখো। আগে দেখে নাও অন্তরে, বাইরে দেখবার দিন আদবে তার পরে। নইলে ভুল হবে, ছন্দ যাবে ভেঙে।"

> কোথা বাইরে দ্রে ষায় রে উড়ে হায় রে হায়, তোমার চপল আঁথি বনের গাখি বনে পালায়। গুগো, হৃদয়ে যবে মোহন রবে বাজবে বাঁশি তথন আপনি সেধে ফিরবে কেঁদে, পরবে ফাঁসি—

তথন যুচবে জরা, ঘুরিয়া মরা হেথা হোথায়।

চেয়ে দেখিদ না রে হৃদয়্বারে কে আদে যায়—
তোরা ভানিদ কানে বারতা আনে দখিন বায়।
আজি ফুলের বাদে স্থাখর হাদে আকুল গানে
চির বদস্ত যে তোমারি খোঁজে এনেছে প্রাণে,
তারে বাহিরে খুঁজি ফিরিছ বৃঝি পাগলপ্রায়—
আহা আজি দে আঁখি বনের পাধি বনে পালায়।

আত্মকারে বীণা বাজে। আত্মকারে গান্ধবীকলার নৃত্যে বধুকে বর প্রদক্ষিণ করে। সেই নৃত্যকলা নির্বাদনের সঙ্গিনী হয়ে এসেছে তার মর্তদেহে। নৃত্যের বেদনা রানীর বক্ষে আঘাত করে, নিশীথরাত্মে সমৃত্রে জোয়ার এলে তার টেউ যেমন লাগে তটভূমিতে, অশ্রুতে দেয় প্রাবিত করে।

একদিন রাত্রির তৃতীয় প্রহর, শুকতারা পূর্বগগনে; কমলিকা তার স্থান্ধি এলোচ্লে দিলে রাজার হুই পা ঢেকে; বললে, "আদেশ করো আজ উষার প্রথম আলোকে তোমাকে প্রথম দেখব। নইলে আমি বিদায় নিয়ে যাই, রেথে যাই আমার কান্না এই অন্ধকারের বুকে— যতক্ষণ না আমাকে ফিরে ডেকে আন তোমার আলোর সভায়।"

আমি এলেম তোমার বারে,
তাক দিলেম অন্ধকারে।
আগল ধরে দিলেম নাড়া, প্রহর গেল পাই নি সাড়া,
দেখতে পেলেম না তোমারে।
তবে যাবার আগে এখান থেকে
এই লিথনখানি যাব রেখে।
দেখা তোমার পাই বা না পাই
দেখতে এলেম জেনো গো তাই,
ফিরে যাই স্কুদরের পারে।

রাজা বললে, "প্রিয়ে, না-দেখার নিবিড় মিলনকে নষ্ট কোরো না, এই মিনতি। এখনো তুমি অক্তমনে আছ, ওভদৃষ্টির সমন্ত তাই এল না।" আন্মনা গো আন্মনা,
তোমার কাছে আমার বাণীর মাল্যখানি আনব না।
বার্তা আমার ব্যর্থ হবে, সত্য আমার ব্রবে কবে,
তোমারো মন জানব না।
লগ্ন যদি হয় অস্ক্ল মৌনমধুর সাঁঝে
নয়ন তোমার মগ্ন যথন মান আলোর মাঝে,
দেব' তোমায় শান্ত করের সাল্ডনা।

ছন্দে গাঁথা বাণী তথন পড়ব তোমার কানে মন্দমূহল তানে,
ঝিল্লি যেমন শালের বনে নিদ্রানীরব রাতে
অন্ধকারের জপের মালায় একটানা হুর গাঁথে—
একলা আমি বিজন প্রাণের প্রান্থণে
প্রান্তে বদে একমনে
এঁকে যাব আমার গানের আল্পনা ।

মহিষী বললে, "প্রিয়প্রদাদ থেকে আমার ছই চক্ষ্ চিরদিনই কি থাকবে বঞ্চিত। অন্ধতার চেয়ে এ যে বড়ো অভিশাপ।"

অভিমানে মহিষী মুথ ফেরালে।

রাজা বললে, "কাল চৈত্রসংক্রান্তি। নাগকেশরের বনে নিভূতে স্থাদের সঙ্গে আমার নুত্যের দিন। প্রাসাদশিধর থেকে দেখো চেয়ে।"

মহিষীর দীর্ঘনিশাস পড়ল। বললে, "চিনব কী করে।" রাজা বললে, "ঘেমন খুশি কল্পনা করে নিয়ো। সেই কল্পনাই হবে সত্য।"

হায় রে, ওরে যায় না কি জানা।
নয়ন ওরে খুঁজে বেড়ায়, পায় না ঠিকানা।
অলথ পথেই যাওয়া-আদা, তুনি চরণধ্বনির ভাষা,
গদ্ধে তুধু হাওয়ায় হাওয়ায় রইল নিশানা।

কেমন করে জানাই তারে, বসে আছি পথের ধারে। প্রাণে এল সন্ধ্যাবেলা আলোছায়ার রঙিন থেলা, ঝরে-পড়া বকুলদলে বিছায় বিছানা॥ আজি দথিন ত্যার খোলা,

এসো হে আমার বসন্ত, এসো।

**मिय** श्रमग्रामाग्र (माना,

এদো হে আমার বসন্ত, এসো।

নব ভামল শোভন রথে

এসে৷ বকুল-বিছানো পথে,

এসো বাজায়ে ব্যাকুল বেণু

মেথে পিয়ালফুলের রেণু,

এদো হে আমার বসন্ত, এসো।

এদো ঘনপল্লবপুঞ্জে, এদো হে।

এদো বনমল্লিকাকুন্তে, এদো হে।

মৃত্র মধুর মদির হেদে

এদো পাগল হাওয়ার দেশে—

তোমার উতলা উত্তরীয়

তুমি আকাশে উড়ায়ে দিয়ো,

এদো হে আমার বদস্ত, এদো॥

চৈত্রসংক্রান্তির রাতে আবার মিলন। মহিষী বললে, "দেখলেম নাচ। যেন মঞ্জরিত শালতকপ্রেণীতে বসন্তবাতাসের অধৈর্য। যেন চন্দ্রলোকের শুরুপক্ষে লেগেছে তুফান। কেবল একজন কুশ্রী কেন রসভঙ্গ করলে। ও যেন রাহুর অমুচর। কী গুণে ও পেল প্রবেশের অধিকার।"

রাজা শুরু হয়ে রইল। তার পরে উঠল গেয়ে, "অস্কুন্দরের পরম বেদনায় স্কুন্দরের আহ্বান। স্থ্রশি কালো মেঘের ললাটে পরায় ইন্দ্রধন্ত, তার লজ্জাকে সান্থনা দেবার তরে। মর্তের অভিশাপে স্বর্গের করুণা যথন নামে তথনি তো স্কুন্দরের আবির্ভাব। প্রিয়তমে, সেই করুণাই কি তোমার হৃদয়কে কাল মধুর করে নি।"

"না মহারাজ, না" বলে মহিষী হুই হাতে মুখ ঢাকলে।

রাজার কঠের স্থরে লাগল অঞ্জর টোওয়া। বললে, "যাকে দয়া করলে যেত তোমার হৃদয় ভরে, তাকে ঘুণা করে কেন পাথর করলে মনকে।"

"রদ্বিকৃতির পীড়া দইতে পারি নে" বলে মহিষী উঠে পড়ল আদন থেকে।

রাজা হাত ধরে বললে, "একদিন সইতে পারবে আপনারই আন্তরিক রসের দাক্ষিণ্যে। কুশ্রীর আত্মত্যাগে স্থলরের সার্থকতা।"

জ কৃটিল করে মহিষী বললে, "অস্কুলরের জন্তে তোমার এই অমুকুল্পার অর্থ বৃঝি নে। ওই শোনো, উষার প্রথম কোকিলের ডাক। অন্ধকারের মধ্যে তার আলোকের অমুভূতি। আজু স্থোদয়ম্হুর্তে তোমারও প্রকাশ হোক আমার দিনের মধ্যে, এই আশার রইলেম।"

রাজা গাইলেন-

বাহিরে ভূল ভাঙবে যথন

শক্তরে ভূল ভাঙবে কি।
বিষাদ বিষে জলে শেষে

রসের প্রসাদ মাঙবে কি।
বৌদ্রদাহ হলে সারা নামবে কি ওর বর্ধাধারা,
লাজের রাঙা মিটলে হৃদ্য

প্রেমের রঙে রাঙবে কি।

যতই যাবে দ্রের পানে
বাঁধন ততই কঠিন হয়ে টানবে না কি ব্যথার টানে।
অভিমানের কালো মেঘে বাদল হাওয়া লাগবে বেগে,
নয়নজনের আবেগ তথন কোনোই বাধা মানবে কি॥

মহিষী ন্তর হয়ে রইল। রাজা বললে, "আচ্ছা, কথা তোমার রাখব, কিস্কু তাতে ইচ্ছা তোমার পূর্ণ হবে না।"

জলে উঠল আলো, আবরণ গেল ঘুচে, দেখা হল। টলে উঠল ঘুগলের সংসার। "কী অন্তায়, কী নিষ্ঠুর বঞ্চনা" বলতে বলতে কমলিকা ঘর থেকে ছুটে পালিয়ে গেল। তাকে ডাক দিলে রাজার জগৎ থেকে—

না, যেয়ো না, যেয়ো নাকো।
মিলনপিয়াসি মোরা, কথা রাখো।
আজও বকুল আপনহারা, হায় রে,
ফুল ফোটানো হয় নি সারা, সাজি ভরে নি,
পথিক ওগো, থাকো থাকো॥

গেল বহুদ্রে, বনের মধ্যে মৃগয়ার জত্যে যে নির্জন রাজগৃহ আছে সেইখানে। কুয়াশায় ভকতারার মতো লজ্জায় সে আচ্ছয়।

রাত্রি যখন তৃইপ্রহর, আধোঘ্যে সে শুনতে পায় এক বীণাধ্বনির আর্তরাগিণী। স্বপ্নে বছদ্রের আভাস আসে। মনে হয়, এই হুর চিরদিনের চেনা। চিরবিরহের সঞ্চিত অঞ্চ বুকের মধ্যে উছলে ওঠে।

স্থী, আঁধারে একেলা ঘর মন মানে না।
কিলের পিয়াসে কোণা যে যাবে সে, পথ জানে না।
ঝরঝর নীরে, নিবিড় তিমিরে, সম্ভল সমীরে গো,
যেন কার বাণী কভু প্রাণে আনে কভু আনে না॥

রাতের পর রাত যায়। অন্ধকারে তরুতলে যে মাসুষ ছায়ার মতো নাচে তাকে চোখে দেখি নে, তার হৃদয় দেখি— জনশৃত্য দেওদার-বনের দোলায়িত শাখায় যেন দক্ষিণ সমূদ্রের হাওয়ার হাহাকার। রানী মনে ভাবে, যথন সে কাছে এল তথন ছিল কৃষ্ণসন্ধা। যথন চাঁদ উঠল তথন তার মালাখানি রইল, সে রইল না।

যথন এসেছিলে অন্ধকারে

চাঁদ ওঠে নি সিন্ধুপারে।

হে অজানা, তোমায় তবে

জেনেছিলেম অন্থভবে,
গানে তোমার পরশ্খানি বেজেছিল প্রাণের তারে।

তুমি গেলে ধথন একলা চলে

চাঁদ উঠেছে রাতের কোলে।

তথন দেখি পথের কাছে

মালা তোমার পড়ে আছে,
বুঝেছিলেম অন্থানে এ কণ্ঠছার দিলে কারে।

কী হল রাজমহিষীর। কোন্ হতাশের বিরহ তার বিরহ জাগিয়ে তোলে। কোন্ রাত-জাগা পাথি নিস্তর নীড়ের পাশ দিয়ে হ্ছ করে উড়ে যায়, তার পাথার শব্দে যুমস্ত পাথির পাথা উৎস্ক হয়ে ওঠে বে।

বীণায় বাজতে থাকে কেদারা বেহাগ, বাজে কালাংড়া। আকাশে আকাশে

ভারাগুলি বেন তামসী তপশ্বিনীর নীরব জ্বপমন্ত। বীণাধ্বনি যেন আজ আর বাইরে নেই; এসেছে তার অন্তরের তন্ততে তন্ততে।

ওই বৃঝি বাঁশি বাজে বনমাঝে কি মনোমাঝে।
বসস্ত বায় বহিছে কোথায়, কোথায় ফুটেছে ফুল,
বলো গো সম্বনি, এ স্থেরজনী কোন্থানে উদিয়াছে—
বনমাঝে কি মনোমাঝে।

ষাব কি বাব না মিছে এ ভাবনা, মিছে মরি ভয়ে লাজে।

কী জানি কোথা সে বিরহহতাশে ফিরে অভিসারসাজে—

বনমাঝে কি মনোমাঝে ॥

রাজমহিষী বিছানায় উঠে বদে, শ্রন্থ তার বেণী, ত্রন্থ তার বক্ষ। বীণার গুঞ্চরণ আকাশে মেলে দেয় অন্তহীন অভিসারের পথ। রাগিণীবিছানো সেই শৃক্তপথে বেরিয়ে পড়ে তার মন।

কার দিকে। দেখার আগে যাকে চিনেছিল, দেখার পরে যাকে ভ্লেছিল ভারই দিকে।

একদিন নিমদ্লের গন্ধ অন্ধকার বরে নিয়ে এল অনির্বচনীয়ের আমন্ত্রণ। মহিষী দাঁড়াল বিছানা ছেড়ে বাতায়নের কাছে। নীচে দেই ছায়াম্তির নাচ, বিরহের সেই উমিদোলা।

ও কি এল, ও কি এল না, বোঝা গেল না।
ও কি মায়া কি স্বপনছায়া, ও কি ছলনা।
ধরা কি পড়ে ও রূপেরই ডোরে,
গানেরই তানে কি বাঁধিবে ওরে,
ও যে চিরবিরহেরই সাধনা।

ওর বাঁশিতে করণ কী স্বর লাগে
বিরহমিলনমিলিত রাগে।
স্থথে কি তথে ও পাওয়া না-পাওয়া,
হদয়বনে ও উদাসী হাওয়া,
বৃঝি শুধু ও পরমকামনা।

মহিষীর সমস্ত দেহ কম্পিত। ঝিলিঝংকুত রাত। কুঞ্পক্ষের চাঁদ দিগন্তে। অস্পষ্ট আলোয় অরণ্য কথা কয় যেন স্বপ্নে। বোবা বনের ভাষাহীন বাণী লাগল মহিষীর অক্ষে অক্ষে। কথন নাচ আরম্ভ হল সে জানে না। এ নাচ কোন্ জন্মান্তরের, কোন্লোকান্তরের।

বীণায় বাজে পরজের বিহ্বল মীড়। কমলিকা আপন-মনে বলে, 'ওগো কাতর, ওগো হতাশ, আর ডেকো না। আর দেরি নেই, দেরি নেই।'

কৃষ্ণকের চাঁদ ডুবেছে অমাবস্থার তলায়। আঁধারের ভাক গভীর। রাজমহিধী উঠে দাঁড়িয়ে বলে, "ধাব আজ। আর ভয় করি নে আমার দৃষ্টিকে।"

পথের শুক্রো পাতা পায়ে পায়ে বাজিয়ে দিয়ে গেল সে অশথতলায়— সেধানে বীণা বাজছে।

মোর বীণা ওঠে কোন্ হ্বরে বাজি
কোন্ নব চঞ্চল ছন্দে।
মম অন্তর কম্পিত আজি
নিথিলের হৃদয়স্পন্দে।
আসে কোন্ তহন অশান্ত,
উড়ে পীতবসনপ্রান্ত,
আলোকের নৃত্যে বনান্ত
মুখরিত অধীর আনন্দে।

অম্বরপ্রালণমাঝে
নিংম্বর মঞ্জীর গুঞা।
অম্রুত সেই তালে বাজে
করতালি পল্লবপুঞা।
কার পদপরশন-আশা
তৃণে তৃণে অপিল ভাষা,
সমীরণ বন্ধনহার।
উন্মন কোন বনগন্ধে।

বীণা থামল। মহিষী থমকে দাঁড়াল। রাজা বললে, "ভয় কোরো না, প্রিয়ে, ভয় কোরো না।" গলার স্বর জলে-ভরা মেঘের দূর তৃহত্ক ধ্বনির মতো। "কিছু ভয় নেই আমার, জয় হল তোমারই।"

এই বলে মহিষী আঁচলের আড়াল থেকে প্রদীপ বের করলে। ধীরে ধীরে তুলে ধরলে রাজার মুখের কাছে।

কণ্ঠ দিয়ে কথা বেরোতে চায় না। পলক পড়ে না চোখে। বলে উঠল, "প্রভূ আমার, প্রিয় আমার, এ কী স্থলর রূপ তোমার!"

বড়ো বিশ্বয় লাগে হেরি তোমারে।
কোথা হতে এলে তুমি কদিমাঝারে।
এই ম্থ ওই হাসি কেন এত ভালোবাসি,
কেন গো নীরবে ভাসি অশ্রধারে।
তোমারে হেরিয়া খেন জাগে শ্বরণে,
তুমি চিরপুরাতন চিরজীবনে।
তুমি না দাঁড়ালে আসি ক্রময়ে বাজে না বাঁশি,
এই আলো এই হাসি ডুবে আঁধারে॥

## সংযোজন

তোমায় সাজাব যতনে কুস্মরতনে
কের্রে কৃষণে কুষ্মে চন্দনে।
কুস্তলে বেষ্টিব স্বর্ণজালিকা,
কণ্ঠে দোলাইব মৃক্তামালিকা,
সীমস্তে সিন্দুর অরুণবিন্দুর
চরণ রঞ্জিব অলক্ত-অঙ্কনে।

স্থীরে সাজাব স্থার প্রেমে
অলক্ষ্য প্রাণের অমৃক্য হেমে।
সাজাব সকরুণ বিরহবেদনায়,
সাজাব অক্ষয় মিলনসাধনায়,
মধুর লজ্জা রচিব শ্যা।
যুগল প্রাণের বাণীর বন্ধনে ॥

[ 5000 ]

২

হে বিরহী, হায়, চঞ্চল হিয়া তব, নীরবে জাগো একাকী শৃশু মন্দিরে— কোন্ সে নিরুদ্দেশ লাগি আছ চাহিয়া।

অপনরপিণী আলোকস্বন্দরী অলক্ষ্য অলকাপুরী-নিবাসিনী তাহার মূরতি রচিলে বেদনায় হদয়মাঝারে।

[ শান্তিনিকেতন ১৪ নভেম্বর ১৯৩৩ ] 9

নমো নমো শচীচিতরঞ্জন সন্তাপভঞ্জন
নবজলধরকান্তি ঘননীল অঞ্জন,
নমো হে, নমো নমো।
নন্দনবীথির ছায়ে
তব পদপাতে নব পারিজাতে
উদ্দে পরিমল মধুরাতে,
নমো হে, নমো নমো।
তোমার কটাক্ষের ছন্দে মেনকার মঞ্জীরবদ্ধে
জেগে ওঠে গুল্পন মধুকরগল্পন
নমো হে, নমো নমো।

[ পানাহরা। সিংহল ২৬ মে ১৯৩৪ ]

В

হে দথা, বারতা পেয়েছি মনে মনে
তব নিখাদপরশনে,
এদেছ অদেথা বরু
দক্ষিণদমীরণে।
কেন বঞ্চনা কর মোরে,
কেন বাঁধ অদৃশু ভোরে,
দেখা দাও দেহমন ভ'রে
মম নিকুল্পবনে।
দেখা দাও কংশুকে কাঞ্চনে।
কেন শুধু বাঁশরীর স্থরে
ভূলায়ে লয়ে বাও দূরে,
বৌবন-উৎসবে ধরা দাও
দৃষ্টির বন্ধনে॥

¢

বঁধু, কোন্ মায়া লাগল চোখে।
বৃঝি স্থারপে ছিলে চন্দ্রলোকে।
ছিল মন তোমারি প্রতীক্ষা করি
যুগে যুগে দিনরাত্তি ধরি,
ছিল মর্মবেদন্দন অন্ধ্বনারে—
জর জন্ম গেল বিরহণোকে।

অক্ট মঞ্জরি কুঞ্জবনে
সংগীতশৃত্য বিষয় মনে
সঙ্গীরিক্ত বধূ তৃঃখরাতি
পোহাইল নির্জনে শয়ন পাতি।
স্থন্দর হে, স্থন্দর হে,
বরমাল্যখানি ডারি আনো বহে
তৃমি আনো বহে।
অবগুঠনছায়া ঘূচায়ে দিয়ে
হেরো লক্ষিত শ্বিতমুখ শুভ আলোকে ॥

१० वि ० ८

৬

দূরের বন্ধু স্থরের দৃতীরে
পাঠালো তোমার ঘরে।
মিন্সনবীণা বে হৃদয়ের মাঝে
বাজে তব অগোচরে।

মনের কথাটি গোপনে গোপনে বাতাসে বাতাসে ভেসে আসে মনে, বনে উপবনে, বকুলশাখার চঞ্চলভায় মর্মরে মর্মরে

পূষ্পমালার পরশপুলক
পেয়েছ বক্ষতলে।
রাখো তুমি তারে সিক্ত করিয়া
স্থাবে অঞ্জলে।

ধরো সাহানাতে মিলনের পালা, সাজাও যতনে বরণের ডালা, মালতীর মালা, অঞ্চলে ঢেকে কনকপ্রদীপ আনো তার পথ-'পরে

२ ३ । ३ । ७ ८

9

ওরে চিত্ররেথাডোরে বাঁধিল কে—
বহু- পূর্বস্থতিসম হেরি ওকে।
কার তুলিকা নিল মন্ত্রে জিনি
এই মঞ্ল রূপের নিঝ রিণী,
স্থির নিঝ রিণী,
যেন ফান্ধন-উপবনে শুকুরাতে,
দোলপূর্ণিমাতে,
এল ছন্দমুরতি কার নব অশোকে।

নৃত্যকলা যেন চিত্রে লিথা কোন্ স্বর্গের মোহিনী মরীচিকা, শরৎ-মীলাম্বরে তড়িৎলতা কোথা হারাইল চঞ্চলতা। হে স্তর্ধবাণী, কারে দিবে আনি
নন্দনমন্দারমাল্যথানি,
বরমাল্যথানি,
প্রিয়- বন্দনগান-জাগানো রাতে
ভ্রুভ দর্শন দিবে তুমি কাহার চোথে য

২৭ দেপ্টেম্বর ১৯৩৪

Ь

মায়াবন-বিহারিণী হরিণী, গহনস্থপনসঞ্চরিণী, কেন তারে ধরিবারে করি পণ, অকারণ। থাকৃ থাকৃ নিজমনে দ্রেতে, আমি তথু বাঁশরীর স্থরেতে পরশ করিব ওর প্রাণমন, অকারণ

> চমকিবে ফাণ্ডনের পবনে, পশিবে আকাশবাণী প্রবণে, চিত্ত আকুল হবে অহুথন, অকারণ। দূর হতে আমি তারে সাধিব, গোপনে বিরহজোরে বাঁধিব, বাঁধনবিহীন সেই যে বাঁধন, অকারণ।

২৯ সেপ্টেম্বর ি ১৯৩৪ ব

b

কাছে থেকে দ্র রচিল কেন গো আঁধারে, মিলনের মাঝে বিরহকারায় বাঁধা রে। সম্থে রয়েছে স্থাপারাবার, নাগাল না পায় তবু আঁথি তার, কেমনে সরাব কুহেলিকার এই বাধা রে।

#### इवीख-इहनावनी

আড়ালে আড়ালে শুনি শুধু তার বাণী বে,
জানি তারে আমি তবু তারে নাহি জানি যে।
শুধু বেদনায় অন্তরে পাই,
অন্তরে পেয়ে বাহিরে হারাই,
আমার ভূবন রবে কি কেবলি আধা রে ॥

৩০ সেপ্টেম্বর [ ১৯৩৪ ]

20

কোন্ গহন অরণ্যে তারে এলেম হারায়ে—
কোন্ দ্র জনমের কোন্ স্থতিবিস্থতিছায়ে।
আজ আলো-আঁধারে
কথন্ বৃঝি দেখি কথন্ দেখি না তারে।
কোন্ মিলনস্থের অপনসাগর এল পারায়ে।
ধরা-অধরার মাঝে
ছায়ানটের রাগিণীতে আমার বাঁশি বাজে।
বক্লতলায় ছায়ার নাচন ফুলের গজে মিশে
জানি নে মন পাগল করে কিনে—
কোন্ নটিনীর ঘূর্ণি আঁচল লাগে আমার গায়ে॥

৩০ সেপ্টেম্বর ১৯৩৪

# কালের যাত্রা

# উৎসগ

শ্রীযুক্ত শরংচন্দ্র চট্টোপাধ্যায়ের
৫৭ বছর বয়সের জ্বনোংসব উপলক্ষে
কবির সম্রেহ উপহার

৩১ ভাজ ১৩৩৯

## রুপের রশি

### র্থের রশি

#### রথযাত্রার মেলায় মেয়েরা

প্রথমা

এবার কী হল ভাই !
উঠেছি কোন্ ভোরে, তখন কাক ডাকে নি।
কঙ্কালিতলার দিখিতে ছটো ভূব দিয়েই
ছুটে এলুম রথ দেখতে, বেলা হয়ে গেল—
রথের নেই দেখা। চাকার নেই শব্দ।

**বিতীয়া** 

চারি দিকে সব যেন থম্থমে হয়ে আছে, ছম্ছম্ করছে গা।

তৃতীয়া

দোকানি পদারিরা চুপচাপ ব'লে, কেনাবেচা বন্ধ। রান্ডার ধারে ধারে লোক জটলা করে তাকিয়ে আছে কথন্ আদবে রথ। যেন আশা ছেড়ে দিয়েছে।

প্রথমা

দেশের লোকের প্রথম যাত্রার দিন আজ—
বেরবেন ব্রাহ্মণঠাকুর শিশু নিয়ে—
বেরবেন রাজা, পিছনে চলবে সৈন্তসামন্ত—
পণ্ডিতমশার বেরবেন, ছাত্ররা চলবে পুঁথিপত্র হাতে।
কোলের ছেলে নিয়ে মেয়েরা বেরবে,
ছেলেদের হবে প্রথম শুভ্যাত্রা—
কিন্তু কেন সব গেল হঠাৎ থেমে।

দ্বিতীয়া

ওই দেখ, পুরুতঠাকুর বিড়্বিড়্করছে ওখানে। মহাকালের পাণ্ডা বলে মাধায় হাত দিয়ে।

#### সন্মাসীর প্রবেশ

সন্মাসী

সর্বনাশ এল। বাধবে যুদ্ধ, জলবে আগুন, লাগবে মারী, ধরণী হবে বন্ধ্যা, জল যাবে শুকিয়ে।

প্রথমা

এ কী অকল্যাণের কথা ঠাকুর ! উৎসবে এসেছি মহাকালের মন্দিরে— আব্দ রথযাত্তার দিন।

সন্ন্যাসী

দেখতে পাচ্ছ না— আজ ধনীর আছে ধন,
তার মৃদ্য গেছে ফাঁক হয়ে গজভুক্ত কপিখের মতো।
ভরা ফদলের থেতে বাসা করেছে উপবাস।
বক্ষরাজ স্বয়ং তার ভাণ্ডারে বসেছে প্রায়োপবেশনে।
দেখতে পাচ্ছ না— দক্ষীর ভাণ্ড আজ শতহিস্ত,
ভাঁর প্রসাদধারা শুষে নিচ্ছে মক্সভূমিতে—
ফলছে না কোনো ফল।

তৃতীয়া

হাঁ ঠাকুর, তাই তো দেখি।

সন্ন্যাসী

তোমরা কেবলই করেছ ঋণ,
কিছুই কর নি শোধ,
দেউলে করে দিয়েছ যুগের বিত্ত।
তাই নড়ে না আৰু আর রথ—
ওই ধে, পথের বুক কুড়ে পড়ে আছে তার অসাড় দঞ্চিটা।

প্রথমা

তাই তো, বাপ রে, গা শিউরে ওঠে— এ যে অজগর সাপ, থেমে থেমে যোটা ইয়ে আর নড়ে না সমাদী

ওই তো রথের দড়ি, যত চলে না ততই জড়ায়। যথন চলে, দেয় মুক্তি।

**ৰিতীয়া** 

ব্ঝেছি আমাদের পুজো নেবেন ব'লে হত্যে দিয়ে পড়ে আছেন দড়ি-দেবতা। পুজো পেলেই হবেন তুষ্ট।

প্রথমা

ও তাই, পুৰো তো আনি নি। ভূল হয়েছে। ততীয়া

পূজার কথা তো ছিল না—
ভেবেছিলেম রথের মেলায় কেবল বেচব কিনব,
বাজি দেখব আতৃকরের,
আর দেখব বাঁদর-নাচ।
চল্-না শিগগির, এখনো সময় আছে,
আনি গে পুজো।

[ সকলের প্রস্থান

#### নাগরিকদের প্রবেশ

প্রথম নাগরিক

দেখ দেখ রে, রথের দড়িটা কেমন করে পড়ে আছে।

যুশ্যুগাস্তরের দড়ি, দেশদেশাস্তরের হাত পড়েছে ওই দড়িতে,
আজ অনড় হয়ে মাটি কামড়ে আছে

সর্বাক কালো ক'রে।

্বিতীয় নাগরিক

ভন্ন লাগছে রে। সরে দাঁড়া, সরে দাঁড়া। মনে হচ্ছে ওটা এখনি ধরবে ফণা, মারবে ছোবল।

তৃতীয় নাগরিক

একটু একটু নড়ছে খেন রে। আঁকুবাঁকু করছে বুঝি।

প্রথম নাগরিক

বলিস্ নে অমন কথা। মুখে আনতে নেই। ও বদি আপনি নড়ে তা হলে কি আর রক্ষে আছে।

তৃতীয় নাগরিক

তা হলে ওর নাড়া খেয়ে শংসারের সব জ্বোড়গুলো বিজ্ঞোড় হয়ে পড়বে। আমরা যদি না চালাই— ও যদি আপনি চলে, তা হলে পড়ব যে চাকার তলায়।

প্রথম নাগরিক

ওই দেখ ভাই, পুরুতের গেছে মুখ শুকিয়ে, কোণে বদে বদে পড়চে মস্তর।

ষিতীয় নাগরিক

পেদিন নেই রে থেদিন পুরুতের মন্তর-পড়া হাতের টানে চলত রথ। ওয়া ছিল কালের প্রথম বাহন।

তৃতীয় নাগরিক তবু আরু ভোরবেলা দেখি ঠাকুর লেগেছেন টান দিতে— কিঙ্ক একেবারেই উলটো দিকে, পিছনের পথে।

প্রথম নাগরিক দেটাই তো ঠিক পথ, পবিত্র পথ, আদি পথ। দেই পথ থেকে দূরে এসেই তো কালের মাথার ঠিক থাকছে না।

দ্বিতীয় নাগরিক মন্ত পণ্ডিত হয়ে উঠলি দেখি। এত কথা শিধলি কোখা।

প্রথম নাগরিক
ওই পণ্ডিতেরই কাছে। তাঁরা বলেন—
মহাকালের নিজের নাড়ীর টান পিছনের দিকে,
পাঁচজনের দড়ির টানে অগত্যা চলেন সামনে।
নইলে তিনি পিছু হটতে হটতে একেবারে পৌছতেন
অনাদি কালের অতল গছবরে:

তৃতীয় নাগরিক

ওই রশিটার দিকে চাইতে ভয় করে।
ওটা যেন যুগান্তের নাড়ী—
সালিপাতিক জরে আজ দব্দব্করছে।

সন্ন্যাসীর প্রবেশ

সম্যাসী

সর্বনাশ এল।
গুরুগুরু শব্দ মাটির নীচে।
পূমিকম্পের জন্ম হচ্ছে।
গুহার মধ্য থেকে আগুন লক্লক্ মেলছে রসনা।
পূর্বে পশ্চিমে আকাশ হয়েছে রক্তবর্ণ।
প্রস্থাধীপ্তর আঙটি পরেছে দিক্চক্রবাল।

[ প্রস্থান

প্রথম নাগরিক দেশে পুণ্যাত্মা কেউ নেই কি আন্ধ। ধক্তক-না এসে দড়িটা।

দ্বিতীয় নাগরিক এক-একটি পুণ্যাত্মাকে খুঁজে বের করতেই এক-এক যুগ যায় বয়ে— ভতক্ষণ পাণাত্মাদের হবে কী দশা।

ভৃতীয় নাগরিক পাপাত্মাদের কী হবে তা নিয়ে ভগবানের মাথাব্যথা নেই।

ষিতীয় নাগরিক সে কী কথা। সংসার তো পাপাত্মাদের নিয়েই। তারা না থাকলে তো লোকনাথের রাজত উজাড়। পুণ্যাত্মা কালেভন্তে দৈবাৎ আসে, আমাদের ঠেলায় দৌড় মারে বনে জন্মলে গুহায়। প্রথম নাগরিক

দড়িটার রঙ যেন এল নীল হয়ে। সামলে কথা কোন।

মেয়েদের প্রবেশ

প্রথমা

বাজা ভাই, শাঁথ বাজা—
রথ না চললে কিছুই চলবে না।
চড়বে না হাঁড়ি, বুলব্লিতে খেয়ে যাবে ধান।
এরই মধ্যে আমার মেজো ছেলের গেছে চাকরি,
ভার বউটা ভ্রছে অরে। কপালে কী আছে জানি নে।

প্রথম নাগরিক

মেয়েমাম্বর, তোমরা এথানে কী করতে। কালের রথধাতায় কোনো হাত নেই তোমাদের। কূটনো কোটো গে ঘরে।

**ৰিতী**য়া

কেন, পুজো দিতে তো পারি।
আমরা না থাকলে পুরুতের পেট হত না এত মোটা।
গড় করি তোমায় দড়ি-নারায়ণ! প্রসম হও।
এনেছি তোমার ভোগ। ওলো, ঢাল্ ঢাল্ ছি,
ঢাল্ ছধ, গলাজলের ঘট কোখায়,
ঢেলে দে-না জল। পঞ্চগব্য রাধ্ ওইথানে,
আলা পঞ্জাদীশ। বাবা দড়ি-নারায়ণ,
এই আমার মানত রইল, তুমি যথন নড়বে
মাথা মৃড়িয়ে চুল দেব ফেলে।

তৃতীয়া

এক মাস ছেড়ে দেব ভাত, ধাব ভুধু ক্লটি। বলো-না ভাই, স্বাই মিলে— কম্ম দড়ি-নারায়ণের ক্লয়

#### প্রথম নাগরিক

কোথাকার মূর্থ তোরা— দে মহাকালনাথের জয়ধ্বনি।

প্ৰথমা

কোথায় তোমাদের মহাকালনাথ ? দেখি নে তো চক্ষে।
দড়ি-প্রভ্কে দেখছি প্রত্যক্ষ—
হন্তমানপ্রভ্র লক্ষা-পোড়ানো লেজখানার মতো—
কী মোটা, কী কালো, আহা দেখে চক্ষু দার্থক হল।
মরণকালে ওই দড়ি-ধোওয়া জল ছিটিয়ে দিয়ো আমার মাথায়।

বিতীয়া

গালিয়ে নেব আমার হার, আমার বাজুবন্দ, দড়ির ডগা দেব সোনা-বাঁধিয়ে।

তৃতীয়া

আহা, কী হৃন্দর রূপ গো।

প্রথমা

रयन यम्नानमीत्र धाता।

**বিতী**য়া

যেন নাগককার বেণী।

তৃতীয়া

যেন গণেশঠাকুরের শুঁড় চলেছে লম্ব। হয়ে, দেবে জল আসে চোথে।

সন্মাসীর প্রবেশ

প্রথমা

দড়ি-ঠাকুরের পুজো এনেছি ঠাকুর ! কিন্ধু পুরুত যে নড়েন না, মন্তর পড়বে কে।

**সম্যা**সী

কী হবে মস্তরে। কালের পথ হয়েছে হুর্গম। কোধাও উঁচু, কোথাও নিচু, কোথাও গভীর গর্জ। করতে হবে সব সমান, তবে ঘূচবে বিপদ।

তৃতীয়া

বাবা, সাতজ্ঞে শুনি নি এমন কথা।
চিরদিনই তো উচ্র মান রেখেছে নিচ্ মাথা হেঁট ক'রে।
উচ্-নিচ্র সাঁকোর উপর দিয়েই তো রথ চলে।

সম্যাসী

দিনে দিনে গর্ভগুলোর হাঁ উঠছে বেড়ে। হয়েছে বাড়াবাড়ি, সাঁকো আর টি কছে না। ভেঙে পড়ল ব'লে।

[ প্রস্থান

প্রথমা

চল্ ভাই, তবে পুজো দিই গে রান্তা-ঠাকুরকে।
আর গর্ত-প্রভুকেও তো দিন্ধি দিয়ে করতে হবে খুলি,
কী জানি ওঁরা শাপ দেন যদি। একটি-আধটি তো নন,
আছেন ত্-হাত পাঁচ-হাত অন্তর।
নমো নমো দড়ি-ভগবান, রাগ কোরো না ঠাকুর,
দরে আছে ছেলেপুলে।

িমেয়েদের প্রস্থান

সৈহাদলের প্রবেশ

প্রথম দৈনিক

ওরে বাস্ রে। দড়িটা পড়ে আছে পথের মাঝধানে—

যেন একজটা ভাকিনীর জটা।

দ্বিতীয় সৈনিক

মাথা দিল হেঁট করে।
স্বয়ং রাজা লাগালেন হাড, আমরাও ছিলুম পিছনে।
একটু কাঁচ কোঁচ ও করলে না চাকাটা।

#### তৃতীয় দৈনিক

ও ষে আমাদের কাজ নয়, তাই।
ক্ষত্রিয় আমরা, শৃত্ত নই, নই গোরু।
চিরদিন আমরা চড়েই এসেছি রথে।
চিরদিন রথ টানে ওই ওরা— যাদের নাম করতে নেই।

#### প্রথম নাগরিক

শোনো ভাই, আমার কথা। কালের অপমান করেছি আমরা, তাই ঘটেছে এ-সব অনাস্ষ্টি।

তৃতীয় দৈনিক

এ মাহুষ্টা আবার বলে কী।

প্রথম নাগরিক

ত্রেতাযুগে শৃত্র নিতে গেল ব্রাহ্মণের মান —
চাইলে তপস্তা করতে, এত বড়ো আম্পর্ধা—
সেদিনও অকাল লাগল দেশে, অচল হল রথ।
দয়াময় রামচন্দ্রের হাতে কাটা গেল তার মাথা,
তবে তো হল আপদশান্তি।

#### ৰিতীয় নাগরিক

সেই শূদ্রা শাস্ত্র পড়ছেন আজকাল, হাত থেকে কাড়তে গেলে বলেন, আমরা কি মাত্রুষ নই।

তৃতীয় নাগরিক

মান্ত্ৰ নই ! বটে ! কতই শুনব কালে কালে । কোন্দিন বলবে, চুক্ব দেবালয়ে । বলবে, ব্ৰাহ্মণক্ষতিয়ের দক্ষে নাইব এক ঘাটে ।

#### প্রথম নাগরিক

এর পরেও রথ যে চলছে না, সে আমাদের প্রতি দয়া করে। চললে চাকার তলায় গুঁড়িয়ে যেত বিশ্বব্যাণ্ড। প্রথম দৈনিক

আৰু শৃত্ৰ পড়ে শাস্ত্ৰ, কাল লাঙল ধরুবে ব্ৰাহ্মণ। দুৰ্বনাশ!

দ্বিতীয় দৈনিক চল্-না ওদের পাড়ায় গিয়ে প্রমাণ করে আসি— ওরাই মাহুষ না আমরা।

ছিতীয় নাগরিক

এ দিকে আবার কোন্ বৃদ্ধিমান বলেছে রাজাকে—
কলিযুগে না চলে শাস্ত্র, না চলে শস্ত্র,
চলে কেবল স্বর্ণচক্র। তিনি ডাক দিয়েছেন শেঠজিকে।

প্রথম দৈনিক

রথ যদি চলে বেনের টানে তবে গলায় অস্ম বেঁধে জলে দেব ডুব।

দ্বিতীয় দৈনিক

দাদা, রাগ কর মিছে, সময় হয়েছে বাঁকা।
এ যুগে পুস্পধন্থর ছিলেটাও
বেনের টানেই দেয় মিঠে স্থরে টংকার।
তার তীরগুলোর ফলা বেনের ঘরে শানিয়ে না আনলে
ঠিক জায়গায় বাজে না বুকে।

তৃতীয় সৈনিক তা সত্যি। এ কালের রাজতে রাজা থাকেন দামনে, পিছনে থাকে বেনে। যাকে বলে অর্ধ-বেনে-রাজেখর মৃতি।

সন্মাদীর প্রবেশ

প্রথম দৈনিক এই-যে সম্নাসী, রথ চলে না কেন আমাদের হাতে। সম্নাসী

তোমরা দড়িটাকে করেছ জর্জর। বেখানে যত তীর ছুঁড়েছ, বিঁধেছে ওর গায়ে। ভিতরে ভিতরে ফাঁক হয়ে গেছে, আলগা হয়েছে বাঁধনের জোর। তোমরা কেবল ওর ক্ষত বাড়িয়েই চলবে, বলের মাতলামিতে তুর্বল করবে কালকে। সরে যাও, সরে যাও ওর পথ থেকে।

[প্ৰশ্বান

#### ধনপতির অমুচরবর্গের প্রবেশ

প্রথম ধনিক

এটা কী গো, এখনি হঁচট খেয়ে পড়েছিলুম।

দ্বিভীয় ধনিক

ওটাই তো রথের দড়ি।

চতুৰ্থ ধনিক

বীভংস হয়ে উঠেছে, যেন বাহুকি ম'রে উঠল ফুলে।

প্রথম দৈনিক

কে এরা সব।

দ্বিভীয় দৈনিক

আংটির হীরে থেকে আলোর উচ্চিংড়েগুলো লাফিয়ে লাফিয়ে পড়ছে চোখে।

প্রথম নাগরিক

ধনপতি শেঠির দল এরা ৷

প্রথম ধনিক

আমাদের শেঠজিকে ডেকেছেন রাজা। স্বাই আশা করছে, তাঁর হাতেই চলবে রথ।

ষিতীয় দৈনিক

সবাই বলতে বোঝায় কাকে বাপু ? আর তারা আশাই বা করে কিসের। দ্বিতীয় ধনিক

তারা জানে, আজকাল চলছে যা-কিছু

সব ধনপতির হাতেই চলছে।

প্রথম সৈনিক

সত্যি নাকি । এথনি দেখিয়ে দিতে পারি, তলোয়ার চলে আমাদেরই হাতে।

তৃতীয় ধনিক

তোমাদের হাতথানাকে চালাচ্ছে কে।

প্রথম সৈনিক

চুপ, ছবিনীত !

দ্বিতীয় ধনিক

চুপ করব আমরা বটে।

আজ আমাদেরই আওয়াজ ঘুরপাক থেয়ে বেড়াচ্ছে জলে স্থলে আকাশে।

প্রথম সৈনিক

মনে ভাবছ, আমাদের শতদ্বী ভুলেছে তার বজ্ঞনাদ।

দ্বিতীয় ধনিক

ভুললে চলবে কেন। তাকে যে আমাদেরই হকুম ঘোষণা করতে হয় এক হাট থেকে আর-এক হাটে সমূদ্রের ঘাটে ঘাটে।

প্রথম নাগরিক

ওদের সঙ্গে পারবে না তর্কে।

প্রথম সৈনিক

की वत्ना, भावत ना !

স্বচেয়ে বড়ো তর্কটা ঝনুঝন করছে থাপের মধ্যে।

প্রথম নাগরিক

তোমাদের তলোয়ারগুলোর কোনোটা থায় ওদের নিমক, কোনোটা থেয়ে বসেছে ওদের ঘূষ।

প্রথম ধনিক

ভনলেম, নর্মণাতীরের বাবাজিকে আনা হয়েছিল দড়িতে হাত লাগাবার জন্তে। জান খবর ?

#### দ্বিতীয় ধনিক

জানি বৈকি।
রাজার চর পৌছল গুহায়,
তথন প্রভু আছেন চিত হয়ে বৃকে তুই পা আটকে।
তুরী ভেরী দামামা জগঝস্পের চোটে ধ্যান যদি বা ভাঙল,
পা-হুথানা তথন আড়ুই কাঠ।

নাগরিক

শ্রীচরণের দোষ কী দাদা! পঁয়ষটি বছরের মধ্যে একবারও নাম করে নি চলাফেরার। বাবাজি বললেন কী।

দ্বিতীয় ধনিক

কথা কওয়ার বালাই নেই। জিভটার চাঞ্চল্যে রাগ করে গোড়াতেই সেটা ফেলেছেন কেটে।

ধনিক

তার পরে ?

দ্বিতীয় ধনিক

তার পরে দশ জোয়ানে মিলে আনলে তাঁকে রথতলায়।
দড়িতে যেমনি তাঁর হাত পড়া,
রথের চাকা বদে যেতে লাগল মাটির নীচে।

ধনিক

নিজের মনটা যেমন ডুবিয়েছেন রথটাকেও তেমনি তলিয়ে দেবার চেষ্টা।

দ্বিতীয় ধনিক

একদিন উপবাদেই মাহুষের পা চায় না চলতে— পঁয়ষট্ট বছরের উপবাদের ভার পড়ল চাকার 'পরে।

মন্ত্রী ও ধনপতির প্রবেশ

ধনপতি

ভাক পড়ল কেন মন্ত্ৰীমশায় ?

यञ्जी

অনর্থপাত হলেই সর্বাগ্রে তোমাকে স্মরণ করি।

ধনপতি

অর্থপাতে যার প্রতিকার, আমার হারা ভাই সম্ভব।

মন্ত্ৰী

মহাকালের রথ চলছে না।

ধনপতি

এ পর্যস্ত আমরা কেবল চাকায় তেল দিয়েছি, রশিতে টান দিই নি।

यञ्जी

অন্ত সব শক্তি আজ অর্থহীন, তোমাদের অর্থবান হাতের পরীক্ষা হোক।

ধনপতি

চেষ্টা করা থাক।

দৈবক্রমে চেষ্টা যদি সফল হয়, অপরাধ নিয়ো না তবে।

দলের লোকের প্রতি

वला निषित्रच !

সকলে

সিদ্ধির স্থা

ধনপতি

লাগো তবে ভাগ্যবানেরা। টান দেও।

ধনিক

রিশি তুলতেই পারি নে। বিষম ভারী।

ধনপতি

এনো কোষাধ্যক, ধরো তুমি কবে। বলো সিদ্ধিরম্ব। টানো, সিদ্ধিরম্ব।

**ो**रना, निषित्रच्छ !

বিতীয় ধনিক

মন্ত্রীমশায়, রশিটা ধেন আরো আড়ষ্ট হয়ে উঠল, আর আমাদের হাতে হল ধেন পক্ষাধাত।

সকলে

হয়ো হয়ো!

দৈনিক

যাক, আমাদের মান রক্ষা হল।

পুরোহিত

আমাদের ধর্মরকা হল।

দৈনিক

যদি থাকত দেকাল, আজ তোমার মাথা যেত কাটা।

ধনপতি

ওই সোজা কাজটাই জান তোমরা। মাথা থাটাতে পার না, কাটতেই পার মাথা। মন্ত্রীমশায়, ভাবছ কী।

মন্ত্রী

ভাবছি, দব চেষ্টাই ব্যর্থ হল— এথন উপায় কী।

ধনপতি

এবার উপান্ন বের করবেন স্বয়ং মহাকাল। তাঁর নিজের ভাক ধেখানে পৌচবে

সেখান থেকে বাহন আসবে ছুটে।

আজ যারা চোথে পড়ে না

কাল তারা দেখা দেবে সবচেয়ে বেশি।

ওহে থাতাঞ্চি, এই বেদা সামলাও গে থাতাপত্য— কোষাধ্যক্ষ, সিম্বুকগুলো বন্ধ করো শক্ত তালায়।

[ ধনপতি ও তার দলের প্রস্থান

#### মেয়েদের প্রবেশ

প্রথমা

হা গা, রথ চলল না এখনো, দেশস্থদ্ধ রইল উপোস করে ! কলিকালে ভক্তি নেই যে।

মন্ত্ৰী

তোমাদের ভক্তির অভাব কী বাছা, দেখি না তার জোর কত।

প্রথমা

নমো নমো, নমো নমো বাবা দড়ি-ঠাকুর, অন্ত পাই নে তোমার দয়ার। নমো নমো!

দ্বিতীয়া

তিনকড়ির মা বললে সভেরো বছরের ব্রান্ধণের মেয়ে,
ঠিকত্ব্রুর বেলা, বোম ভোলানাথ ব'লে
তালপুর্রে— ঘাটের থেকে তিন হাতের মধ্যে—
এক ডুবে তিন গোছা পাট-শিরালা তুলে
ভিজে চুল দিয়ে বেঁধে দড়ি-প্রভুর কাছে পোড়ালে
প্রভুর টনক নড়বে। জোগাড় করেছি অনেক যত্তে,
সময়ও হয়েছে পোড়াবার।
আগে দড়ি-বাবার গায়ে সিঁত্র-চন্দন লাগা;
ভয় কিসের, ভক্তবৎসল তিনি—
মনে মনে শ্রীগুরুর নাম করে গায়ে হাত ঠেকালে
অপরাধ নেবেন না তিনি।

প্রথমা

তুই দে-না ভাই চন্দন লাগিয়ে, আমাকে বলিদ কেন। আমার দেওরপো পেট-রোগা, কী জানি কিদের থেকে কী হয়।

#### তৃতীয়া

ওই তো ধেঁ ওয়া পাকিয়ে পাকিয়ে উঠছে।
কিন্তু জাগলেন না তো।
দয়াময়!
জন্ম প্রভু, জন্ম দড়ি-দন্মাল প্রভু, মৃথ তুলে চাও।
তোমাকে দেব পরিয়ে পঁয়তালিশ ভরিত্ন দোনার আংটি—
গডাতে দিয়েছি বেণী স্থাকরার কাছে।

#### **দ্বিতী**য়া

তিন বছর থাকব দাসী হয়ে, ভোগ দেব তিন বেলা।
ওলো বিনি, পাধাটা এনেছিদ তো বাতাস কর্-না—
দেখছিদ্ নে রোদ্হরে তেতে উঠেছে ওঁর মেঘবরন গা।
ঘটি করে গদাজলটা ঢেলে দে।
ওইখানকার কাদাটা দে তো, ভাই, আমার কপালে মাধিয়ে।
এই তো আমাদের খেঁদি এনেছে থিচুড়ি-ভোগ।
বেলা হয়ে গেল, আহা, কত কট পেলেন প্রভূ!
জয় দড়ীখর, জয় মহাদড়ীখর, জয় দেবদেবদড়ীখর,
গড় করি তোমার, টলুক তোমার মন।
মাথা কুটছি ভোমার পায়ে, টলুক তোমার মন।
পাখা কর্লো; পাখা কর্, জোরে জোরে।

প্রথমা

কী হবে গো, কী হবে আমাদের—
দয়া হল না যে! আমার তিন ছেলে বিদেশে,
তারা ভালোয় ভালোয় ফিরলে হয়।

#### চরের প্রবেশ

মন্ত্ৰী

বাছারা, এখানে তোমাদের কাক্স হল— এখন ঘরে গিয়ে জ্পতপ ব্রতনিয়ম করো গে। আমাদের কাক্স আমরা কৈরি। প্রথমা

ষাচ্ছি, কিন্তু দেখো মন্ত্রীবাবা, ওই ধে ওয়াটা ষেন শেষ পর্যন্ত থাকে— আর ওই বিলিপত্রটা যেন পড়ে না যায়।

[ स्थाप्ति क्षेत्रीन

5 ব

মন্ত্রীমশায়, গোল বেধেছে শৃত্রপাড়ায়।

यशी

की रुम।

5₫

मल मल अता आमरह छूटि— वनरह, तथ हानाव आमता।

সকলে

वल की ! तिन हूँ एउटे भारत ना।

চর

ঠেকাবে কে ভাদের। মারতে মারতে তলোয়ার যাবে ক্ষয়ে। মন্ত্রীমশায়, বনে পড়লে যে।

মন্ত্ৰী

দল বেঁধে আসছে বলে ভয় করি নে— ভয় হচ্ছে পারবে ওরা।

সৈনিক

रन की मञ्जीभशांत्रांक, मिना जल जागरत ?

মশ্ৰী

নীচের তলাটা হঠাৎ উপরের তলা হয়ে ওঠাকেই বলে প্রলয়, বরাবর যা প্রচ্ছন্ন তাই প্রকাশ হবার সময়টাই যুগান্তর।

**শৈনিক** 

আদেশ করুন কী করতে হবে, ভয় করি নে আমরা।

यञ्जी

ভয় করতেই হবে, তলোয়ারের বেড়া তুলে বক্সা ঠেকানো ষাম না।

চর

वश्य की जातम तन्त ।

মন্ত্ৰী

বাধা দিয়ো না ওদের। বাধা পেলে শক্তি নিজেকে নিজে চিনতে পারে— চিনতে পারলেই আর ঠেকানো যায় না।

চর

ওই-যে এসে পড়েছে ওরা।

मद्री

কিছু কোরো না তোমরা, থাকো স্থির হয়ে।

শৃদ্রদলের প্রবেশ

দলপতি

আমরা এলেম বাবার রথ চালাতে।

यक्री

ভোমরাই তো বাবার রথ চালিয়ে আদছ চিরদিন।

দলপতি

এতদিন আমরা পড়তেম রথের চাকার তলায়,
দ'লে গিয়ে ধুলোয় যেতুম চ্যাপটা হয়ে।
এবার দেই বলি তো নিল না বাবা।

মন্ত্ৰী

তাই তো দেখলেম।
সকাল থেকে চাকার সামনে ধুলোয় করলে লুটোপুটি—
ভয়ে উপরে তাকালে না, পাছে ঠাকুরের দিকে চোখ পড়ে—
তবু তো চাকার মধ্যে একটুও দেখা গেল না কুধার লক্ষণ।

পুরোহিত

একেই বলে অগ্নিমান্যা, তেজ ক্ষয় হলেই ঘটে এই দশা। দলপতি

এবার তিনি ডাক দিয়েছেন তাঁর রশি ধরতে।

পুরোহিত

রশি ধরতে ! ভারি বৃদ্ধি তোমাদের। জানলে কী করে।

দলপতি

কেমন করে জানা গেল সে তো কেউ জানে না।
ভারবেলায় উঠেই স্বাই বললে স্বাইকে,
ভাক দিয়েছেন বাবা। কথাটা ছড়িয়ে গেল পাড়ায় পাড়ায়,
পেরিয়ে গেল মাঠ, পেরিয়ে গেল নদী,

পাহাড় ডিঙিয়ে গেল খবর—

ভাক দিয়েছেন বাবা।

**সৈনিক** 

রক্ত দেবার ক্রন্তে।

দলপতি

না, টান দেবার জন্তে।

পুরোহিত

বরাবর সংদার যারা চালায়, রথের রশি তাদেরই হাতে।

দলপতি

শংশার কি ভোমরাই চালাও ঠাকুর ?

পুরোহিত

ম্পর্বা দেখো একবার। কথার জবাব দিতে শিখেছে— লাগল বলে বন্ধশাপ।

দলপতি

মন্ত্রীমশায়, তোমরাই কি চালাও সংসার।

मङी

দে কী কথা। সংসার বলতে তো তোমরাই।
নিজগুণেই চল, তাই রক্ষে।
চালাক লোকে বলে আমরাই চালাচ্ছি।
আমরা মান রাখি লোক ভূলিয়ে।

#### দলপতি

আমরাই তো জোগাই অন্ন, তাই তোমরা বাঁচ — আমরাই বুনি বস্ত্র, তাতেই তোমাদের লজ্জারকা।

#### **দৈনিক**

দর্বনাশ ! এতদিন মাথা হেঁট করে বলে এদেছে ওরা— তোমরাই আমাদের অন্নবস্থের মালিক। আজ ধরেছে উলটো বুলি, এ তো সহু হয় না।

#### মন্ত্ৰী

সৈনিকের প্রতি

চুপ করো।
দর্দার, মহাকালের বাহন তোমরাই,
তোমরা নারায়ণের গরুড়।
এখন তোমাদের কাজ সাধন করে যাও তোমরা।
তার পরে আদবে আমাদের কাজের পালা।

#### দলপতি

আয় রে ভাই, লাগাই টান, মরি আর বাঁচি।

#### মন্ত্ৰী

কিন্তু বাবা, সাবধানে রান্তা বাঁচিয়ে চোলো। বরাবর যে রান্তার রথ চলেছে যেয়ো সেই রান্তা ধরে। পোড়ো না যেন একেবারে আমাদের ঘাড়ের উপর।

#### দলপতি

কথনো বড়ো রাস্তায় চলতে পাই নি, তাই রাস্তা চিনি নে।
রথে আছেন যিনি তিনিই দামলাবেন।
আয় ভাই, দেখছিদ রথচ্ড়ায় কেতনটা উঠছে তুলে।
বাবার ইশারা। ভয় নেই আর, ভয় নেই। ওই চেয়ে দেখ্রে ভাই,
মরা নদীতে যেমন বান আসে
দড়ির মধ্যে তেমনি প্রাণ এদে পৌচেছে।

পুরোহিত

ছूँ ला, हूँ ला एवरिह, हूँ ला भारत द्वी हूँ ला भारत हो।

মেয়েদের ছুটিয়া প্রবেশ

স্কলে

ছুঁ যো না, ছুঁ য়ো না, দোহাই বাবা—
ও গদাধর, ও বনমালী, এমন মহাপাপ কোরো না।
পৃথিবী বাবে যে রসাতলে।
আমাদের স্বামী ভাই বোন ছেলে
কাউকে পারব না বাঁচাতে।
চল্ রে চল্, দেখলেও পাপ আছে।

[ প্রস্থান

পুরোহিত

চোথ বোজো, চোথ বোজো ভোমরা। ভশ্ম হয়ে যাবে ক্রুদ্ধ মহাকালের মৃতি দেখলে।

দৈনিক

এ কি, এ কি, চাকার শব্দ নাকি — না আকাশটা উঠল আর্তনাদ করে?

পুরোহিত

হতেই পারে না— কিছুতেই হতে পারে না— কোনো শাস্ত্রেই লেখে না।

নাগরিক

নড়েছে রে, নড়েছে, ওই তো চলেছে।

দৈনিক

কী ধুলোই উড়ল — পৃথিবী নিশ্বাদ ছাড়ছে। অক্তায়, বোর অক্তায়। রথ শেষে চলল যে— পাপ, মহাপাপ!

*न्यम्*न

ভয় জয়, মহাকালনাথের জয়।

পুরোহিত

তাই তো, এও দেখতে হল চোখে!

দৈনিক

ঠাকুর, তুমিই হুকুম করো, ঠেকাব রথ-চলা। বৃদ্ধ হয়েছেন মহাকাল, তাঁর বৃদ্ধিদ্রংশ হল— দেখলেম দেটা স্বচক্ষে।

পুরোহিত

দাহদ হয় না ছকুম করতে।
অবশেষে জাত থোওয়াতেই বাবার যদি থেয়াল গেল
এবারকার মতো চূপ করে থাকো রঞ্লাল।
আদছে বারে ওঁকে হবেই প্রায়শ্চিত করতে।
হবেই, হবেই।
ওঁর দেহ শোধন করতে গঙ্গা যাবে শুকিয়ে।

**দৈনিক** 

গন্ধার দরকার হবে না। ঘড়ার ঢাকনার মতো শৃত্রগুলোর মাথা দেব উড়িয়ে, ঢালব ওদের রক্ত।

নাগরিক

মন্ত্ৰীমশায়, যাও কোথায়?

यञ्जी

যাব ওদের সঙ্গে রশি ধরতে।

সৈনিক

ছি ছি, ওদের হাতে হাত মেলাবে তুমি !

यशी

ওরাই যে আজ পেয়েছে কালের প্রদাদ।
স্পষ্টই গেল দেখা, এ মায়া নয়, নয় স্বপ্ন।
এবার থেকে দান রাথতে হবে ওদের সঙ্গে সমান হয়ে।

গৈনিক

তাই বলে ওদেরই এক সারে রশি ধরা ! ঠেকাবই আমরা, রথ চলুক আর নাই চলুক

মন্ত্ৰী

এবার দেখছি চাকার তলায় পড়বার পালা তোমাদেরই।

দৈনিক

সেও ভালো। অনেক কাল চণ্ডালের রক্ত ভবে চাকা আছে অভচি, এবার পাবে শুদ্ধ রক্ত। স্বাদ বদল করুক।

পুরোহিত

কী হল মন্ত্রী, এ কোন্ শনিগ্রহের ভেলকি ? রথটা যে এরই মধ্যে নেমে পড়েছে রাজপথে। পৃথিবী তবু তো নেমে গেল না রসাতলে। মাতাল রথ কোথায় পড়ে কোন পল্লীর ঘাড়ে, কে জানে।

সৈনিক

ওই দেখো, ধনপতির দল আর্তনাদ করে ডাকছে আমাদের। রথটা একেবারে সোজা চলেছে ওদেরই ভাগুরের মৃথে। যাই ওদের রক্ষা করতে।

মন্ত্ৰী

নিজেদের রক্ষার কথা ভাবো। দেখছ না, ঝুঁকেছে তোমাদের অস্ত্রশালার দিকে।

সৈনিক

উপায় ?

মন্ত্ৰী

ওদের সঙ্গে মিলে ধরো-সে রশি। বাঁচবার দিকে ফিরিয়ে আনো রথটাকে— দো-মনা করবার সময় নেই। সৈনিক

কী করবে ঠাতুর, তুমি কী করবে।

পুরোহিত

বীরগণ, তোমরা কী করবে বলো আগে।

সৈনিক

কী করতে হবে বলো-না ভাইসকল ! সবাই বে একেবারে চুপ করে গেছ ! রশি ধরব না লড়াই করব ? ঠাকুর, তুমি কী করবে বলোই-না।

পুরোহিত

কী জানি, রশি ধরব না শাস্ত্র আওড়াব।

সৈনিক

राम, राम मर। त्राथंत्र अपन शैक उनि नि क्लांना श्रूकरय।

বিতীয় দৈনিক

टाइ एएथो-ना, खत्राहे कि होनएह तथ ना तथहा जांगनिहे हरनाह चटनत टांटन निरंग ।

তৃতীয় দৈনিক

এতকাল রথটা চলত যেন স্বপ্নে—
আমরা দিতেম টান আর ও পিছে পিছে আসত দড়িবাঁধা গোরুর মতো।
আন্ত চলছে জেগে উঠে। বাপ রে, কী তেন্ত।
মানছে না আমাদের বাপদাদার পথ—
একটা কাঁচা পথে ছুটেছে বুনো মহিষের মতো।
পিঠের উপর চড়ে বুনেহে ব্ম।

দ্বিতীয় সৈনিক

৬ই যে আদছে কবি, ওকে জিজ্ঞানা করি ব্যাপারটা কী।

পুরোহিত

পাগলের মতো কথা বলছ ভোমরা।

আমরাই বুঝলেম না মানে, বুঝবে কবি ?

ওরা তো বানিয়ে বানিয়ে বলে কথা— শান্ত জানে কী ?

#### কবির প্রবেশ

#### ঘিতীয় দৈনিক

এ কী উলটোপালটা ব্যাপার কবি। পুলতের হাতে চলল না রথ, রাজার হাতে না— মানে বুঝলে কিছু ?

#### ক্ৰি

ওদের মাথা ছিল অত্যন্ত উচ্,
মহাকালের রথের চ্ডার দিকেই ছিল ওদের দৃষ্টি—
নীচের দিকে নামল না চোথ,
রথের দড়িটাকেই করলে তৃচ্ছ।
মান্থবের সন্দে মান্থবকে বাঁধে যে বাঁধন তাকে ওরা মানে নি।
রাগী বাঁধন আৰু উন্মন্ত হয়ে লেজ আছড়াচ্ছে—
দেবে ওদের হাড় শুঁড়িয়ে।

পুরোহিত

তোমার শৃত্তগুলোই কি এত বৃদ্ধিমান—
ওরাই কি দুড়ির নিম্নম মেনে চলতে পারবে।

#### কবি

পারবে না হয়তো।

একদিন ওরা ভাববে, রথী কেউ নেই, রথের সূর্বমন্থ কর্তা ওরাই।

দেখো, কাল থেকেই শুরু করবে চেঁচাতে—

জয় আমাদের হাল লাভল চরকা তাঁতের।

তথন এঁরাই হবেন বলরামের চেলা—

হলধরের মাতলামিতে জগংটা উঠবে টলমলিয়ে।

#### পুরোহিত

তথন যদি রথ আর-একবার অচল হয় বোধ করি তোমার মতো কবিরই ডাক পড়বে— তিনি ফুঁ দিয়ে ঘোরাবেন চাকা। ক্বি

নিতান্ত ঠাটা নম্ন প্রতঠাক্র ! রথযাত্রাম কবির ভাক পড়েছে বারে বারে, কাজের লোকের ভিড় ঠেলে পারে নি সে পৌছতে।

পুরোহিত

রথ তারা চালাবে কিনের জোরে। বুঝিয়ে বলো।

ক্বি

গায়ের জারে নয়, ছন্দের জোরে।
আমরা মানি ছন্দ, জানি একঝোঁকা হলেই তাল কাটে।
মরে মাহ্ব সেই অম্পরের হাতে
চাল-চলন বার এক পাশে বাঁকা;
কুম্বকর্ণের মতো গড়ন বার বেমানান,
বার ভোজন কুৎসিত,
বার ওজন অপরিমিত।
আমরা মানি ম্পরেকে। তোমরা মানো কঠোরকে—
অত্তের কঠোরকে, শাল্লের কঠোরকে।
বাইরে ঠেলা-মারার উপর বিখাস,
অস্তরের তালমানের উপর নয়।

**দৈনিক** 

তুমি তো লঘা উপদেশ দিয়ে চলনে, ও দিকে যে লাগল আগুন।

ক বি

যুগাবদানে লাগেই তো আগুন। যা ছাই হবার তাই ছাই হয়, যা টি কৈ যায় তাই নিয়ে স্পষ্ট হয় নবযুগের।

দৈনিক

তুমি কী করবে কবি!

কবি

আমি তাল রেখে রেখে গান গাব।

দৈনিক

কী হবে তার ফল ?

ক্বি

ষারা টানছে রথ তারা পা ফেলবে তালে তালে। পা যথন হয় বেতালা তথন ক্লে ফ্লে থালথন্দগুলো মারম্তি ধরে। মাতালের কাছে রাজ্পথও হয়ে ওঠে বহুর।

মেয়েদের প্রবেশ

প্রথমা

এ হল কী ঠাকুর !
তোমরা এতদিন আমাদের কী শিথিয়েছিলে !
দেবতা মানলে না পুজো, ভক্তি হল মিছে।
মানলে কিনা ভদ্ত্রের টান, মেলেছের টোওয়া !
ছি ছি, কী ঘেরা।

কবি

পুজো তোমরা দিলে কোথায়।

**ৰিতী**য়া

এই তো এইখানেই।

মি ঢেলেছি, ছধ ঢেলেছি, ঢেলেছি গলাজল—

রাস্তা এখনো কালা হয়ে আছে।

পাতায় কুলে ওখানটা গেছে পিছল হয়ে।

কবি

পুজো পড়েছে ধুলোর, ভক্তি করেছে মাটি। রণের দড়ি কি পড়ে থাকে বাইরে। সে থাকে মান্তবে মান্তবে বাঁধা, দেহে দেহে প্রাণে প্রাণে। সেইথানে জমেছে অপরাধ, বাঁধন হয়েছে তুর্বল।

তৃতীয়া

আর ওরা- বাদের নাম করতে নেই ?

কবি

ওদের দিকেই ঠাকুর পাশ ফিরলেন—
নইলে ছন্দ মেলে না। এক দিকটা উচু হয়েছিল অভিশয় বেশি,
ঠাকুর নীচে দাঁড়ালেন ছোটোর দিকে,
সেইখান থেকে মারলেন টান, বড়োটাকে দিলেন কাত করে।
সমান করে নিলেন তাঁর আসনটা।

প্রথমা

তার পরে হবে কী।

কবি

তার পরে কোন্-এক যুগে কোন্-একদিন
আসবে উলটোরথের পালা।
তথন আবার নতুন যুগের উচুতে নিচুতে হবে বোঝাপড়া।
এই বেলা থেকে বাঁধনটাতে দাও মন—
রথের দড়িটাকে নাও বুকে তুলে, ধুলোয় ফেলো না;
রাস্তাটাকে ভক্তিরসে দিয়ো না কাদা করে।
আজকের মতো বলো সবাই মিলে—
যারা এতদিন মরে ছিল তারা উঠুক বেঁচে;
যারা যুগে যুগে ছিল খাটো হয়ে, তারা দাঁড়াক একবার মাথা তুলে।

সন্ন্যাসীর প্রবেশ

**সন্মা**সী

জয়- মহাকালনাথের জয়!

## কবির দীকা

### কবির দীক্ষা

আমি তো ভরতি হয়েছিলেম তোমার দলেই। मोछ मिल कन। ভয়ে ৷ ভয় কিসের। ভবভয়নিবারিণী সভার সভাপতি-আহা, পরম ধার্মিক— বললেন আমাকে, ওই লন্দীছাড়াটা---থামলে কেন। আমি জানি বলেছেন. লন্ধীছাড়াটা দিচ্ছে তোমাকে রসাতলে। একেবারে ওই শব্দটাই---রসাতলে ৷ অন্তায় তো বলেন নি।

रामां की कवि।

জীবন আমার বার সাধনায় মগ্র

সেই দেবতা তলিয়ে আছেন অতলে—

খুড়ো জ্যাঠারা বলেছেন স্বাই— ভোমার দীকার না আছে অর্থের আশা, না আছে প্রমার্থের।

পণ্ডিত মাহ্য তোমার থুড়ো জ্যাঠারা, বলেন ঠিক কথাই।

সর্বনাশ তো তবে।

সত্য কথাটি বেরল মূথে—
সর্বনাশ, ওইটের থেকেই সর্বলাভ—
সর্বনেশেই মন কেডেচে কবির।

বুঝলেম কথাটা। মিলছে তত্তানন্দস্বামীর সঙ্গে। শিবমন্ত্র দেন তিনি প্রলয়সাধনায়।

শিবমন্ত্ৰ দিই আমিও।

অবাক করলে—
তুমি তো জানি কবি,
কবে হলে শৈব।

কালিদাস ছিলেন শৈব। সেই পথের পথিক কবিরা।

কেন বন্ধ বেঠিক কথা। ডোমরা তো মেতে আছ নাচে গানে।

জগৎজোড়া নাচগানেরই পালা আমাদের প্রাভূর। কী বলেন তথানন্দম্বামী।

প্রসন্ন ছাড়া কথা নেই তাঁর মূথে। তথানশবামীর নাচ! ভনবে গন্তীর গণেশ বৃংহিতধ্বনি করবেন অট্টহাস্তে। ভ্যাগের দীক্ষা নিয়েছি তাঁর কাছে।

যদি পরামর্শ দেন সবই ফুঁকে দিতে তবে কী করবে ত্যাগ। উপুড় করবে শৃক্ত ঘড়াটাকে ?

তুমি কাকে বলো ত্যাগ কবি!

ত্যাগের রূপ দেখে। ওই ঝর্নায়,
নিয়ত গ্রহণ করে তাই নিয়তই করে দান।
নিজেকে যে ত্রকিয়েছে যদি সেই হল ত্যাগী,
তবে সব-আগে শিব ত্যাগ কন্ধন অন্নপূর্ণাকে।

কিন্তু সন্ন্যাসী শিব ভিচ্চ্ক, সেটা তো মানো। মহন্ত দিলেন তিনি জগতের দরিক্সকে।

দারিন্ত্রো তাঁরই মহত্ত মহৎ ধিনি ঐশর্ষে।
মহাদেব ভিক্ষা নেন পাবেন ব'লে নয়—
আমাদের দানকে করতে চান সার্থক।

ভরব কেমন করে তাঁর অদীম ভিক্ষার ঝুলি।

তিনি না চাইলে খ্রেই পেতেম না দেবার ধন।

বুঝলেম না কথাটা।

কিছু তিনি চান নি কুকুর-বেড়ালের কাছে।
'অন্ন চাই' বলে ডাক দিলেন মানুষের বারে।
বেরল মানুষ লাঙল কাঁধে—
বে মাটি ফাঁকা ছিল, প্রকাশ পেল তাতে অন্ন।

বললেন 'চাই কাণড়'।
হাত পেতেই রইলেন—
বেরল ফলের থেকে তুলো,
তুলোর থেকে হুতো,
হুতোর থেকে কাপড়।
ভাগ্যে তাঁর ভিক্ষার ঝুলি অসীম
তাই মাহ্রয সন্ধান পায় অসীম সম্পদের।
নইলে দিন কাটত কুকুর-বেড়ালের মতো।
তোমরা কি বলো সব-চেয়ে বড়ো সন্ন্যাসী ওই কুকুর-বেড়াল।
তত্মানন্দ্রামী কী বলেন।

তিনি বলেন, শিবের ডিক্ষার ঝুলির টানে আমরা হব নিঞ্চিঞ্চন। যার কিছু নেই দেবার, তার নেই দেনা। সংসারের নালিশ একেবারে বন্ধ ডার নামে।

মাস্থকে যদি দেউলে করেন তিনি, তবে ভিক্ষু দেবতার ব্যাবদা হবে যে অচল। তাঁর ভিক্ষের ঝুলির টানে মাস্থ হয় ধনী— যদি দান করতেন ঘটত সর্বনাণ।

তোমার কথা ভনে বোধ হচ্ছে, মিথ্যে নয় পুরাণের কথাটা। ভিক্ক শিবের বরেই রাবণের অর্গলকা। কিন্তু অত্থিন কেন লাগে সে লক্ষায়।

দে বে করলে ভিক্তে বন্ধ। লাগল জমাতে।
দিতে বেমনি পারলে না, বেমনি লাগল কাড়তে,
অমনি ঘটল দর্বনাশ।
ভিক্ত দেবতা ঘারে বনে হাঁকেন, দেহি দেহি।
তরু আমরা কোলে বনে আছি নেংটি প'রে, দেবো কিই বা!
কেউ বা লোভে পড়ে ভাইতে চায় না জমানো ধন।

তবে कि गुद्रांभथ शक्क वनत्व भिरवत राज्या।

বলতে হয় বৈকি।
নইলে এত উন্নতি কেন।
মেনেছে ওরা মহাভিক্র দাবি।
তাই বের করে আনছে নব নব সম্পদ—
ধনে প্রাণে জ্ঞানে মানে।

অশান্তিও তো কম দেখছি নে ওদের মধ্যে।

ষধন শিবের ভোগ ভেঙে নিজের দিকে চুরি করে
উৎপাত বাধে তথন অশিবের।
ত্যাগের ধনে মাছ্য ধনী, চুরির ধনে নয়।
আমরা কুঁড়ে, ভিক্ষক দেবতাকে দিই নে কিছু।
তাই মরছি সব দিকেই—
থেতে ফদল যায় মরে,
পুকুরে জল যায় শুকিয়ে,
দেহে ধরে রোগ, মনে ধরে অবসাদ,
বিদেশী রাজা দেয় তুই কান মলে।
শিবের ঝুলি ভরব যেদিন, সেদিন আমাদের সব ভরবে।

কিন্তু গোড়ায় বলছিলে যে রসের কথাটা শিবের ঝুলিতে তো তার খবর মেলে না।

মেলে বৈকি। গাছের ত্যাগ ফল দিয়ে।
ফল ফলে না রদ না হলে।
প্রাণের ধনই হল আনন্দ, যাকে বলি রদ।
যেখানে রদের দৈয়া, ভরে না দেখানে প্রাণের ক্মগুলু।

শ্বশানে কেন দেখি ভোমার ওই দেবতাকে।

#### রবীস্ত্র-রচনাবলী

মৃত্যুতে তাঁর বিলাস বলে নর, মৃত্যুকে জয় করবেন বলে।
বে দেবতারা অমরাবতীতে

ছন্দই নেই তাঁদের মৃত্যুর সঙ্গে।
মাহবের যিনি শিব
তিনি বিষপান করেন বিষকে কাটাবেন বলে।
'ভিক্ষা দাও' 'ভিক্ষা দাও' বারে বারে রব উঠল তাঁর কঠে—
সে মৃষ্টিভিক্ষা নয়, নয় অবজ্ঞার ভিক্ষা।
নির্মারণীর স্রোভ বখন হয় অলস
তথন তার দানে পক হয় প্রধান।

ছর্বল আ্আার তামসিক দানে
দেবতার তৃতীয় নেত্রে আ্ডন ওঠে জলে।

## পরিশিষ্ট

#### রথযাত্রা

আমার স্নেহাম্পদ ছাত্র শ্রীমান প্রমধনাথ বিশীর কোনো রচনা হইতে এই নাট্যদৃষ্ঠের ভাবটি আমার মনে আসিয়াছিল:

- ১ নাগরিক। মহাকালের রথষাত্রায় এবার যে রথ অচল হয়ে রইল। কিছুতেই নডলেন না। কার দোধে হল তা জানি, গণংকার গুনে বলে দিয়েছেন।
- ২ নাগরিক। হয়তো কারো দোষ নেই, হয়তো মহাকাল ক্লান্ত, আর চলতে ক্লাজিনন।
- > নাগরিক। আরে বল কী। চলতে রাজি না হলে আমাদের চলবে কী করে। ওই দেখো-না, রথের দড়িটা পড়ে আছে, কত যুগের দড়ি— কত মান্নবের হাত পড়েছে ওই দড়িতে, এমন করে তো কোনোদিন ধুলোয় পড়ে থাকে নি।
- ও নাগরিক। রথ যদি না চলে, আর ওই দড়ি যদি পড়ে থাকে, তা হলে ও যে সমস্ত রাজ্যের গলায় দড়ি হবে।
- ৪ নাগরিক। বাবা রে, ওই দড়িটা দেখে ভয় লাগছে, মনে হচ্ছে ও যেন ক্রমে ক্রমে সাপ হয়ে ফণা ধরে উঠবে।
  - ৩ নাগরিক। দেখ্-না ভাই, একটু একটু যেন নড়ছে মনে হচ্ছে।
- > নাগরিক। আমরা যদি না নড়াতে পারি, ও যদি আপনি নড়ে ওঠে, তা হলে যে সর্বনাশ হবে।
- ৩ নাগরিক। তা হলে জগতের সব জোড়গুলো বিজোড় হয়ে উঠবে রে। তা হলে রথটা চলবে আমাদের বুকের পাঁজরের উপর দিয়ে। আমরা ওকে নিজে চালাই বলেই তো ওর চাকার তলায় পড়ি নে। এখন উপায় ?
  - ১ নাগরিক। ওই দেখ্না, পুরুতঠাকুর বদে মন্ত্র পড়ছে।
- ২ নাগরিক। রথঘাত্রায় সব আগেই ওই পুরুতঠাকুরের দলরাই তো দড়ি ধরে প্রথম টানটা দিয়ে থাকেন। এবার কি শুধু মন্ত্র পড়েই কান্ধ সারবেন নাকি।
- ৪ নাগরিক। চেষ্টার ফ্রেটি হয় নি। ভোরের বেলা সেই অন্ধকার থাকতে সবার আগে ওঁরাই তো একচোট টানাটানি করে নিয়েছেন। কলিযুগে ওঁলের কি আর তেজ আছে রে।
- ও নাগরিক। ওই দেখ, আমার কেমন মনে হচ্ছে ওই রশিটা ষেন যুগ-যুগাস্তরের নাড়ীর মতো দব্দব্ করছে।

- > নাগরিক। আমার মনে হচ্ছে ওই রথ চলবে কোনো এক প্ণ্যাত্মা মহাপুরুষের ম্পর্শ পোলে।
- ২ নাগরিক। আরে, রথ চালাতে পুণাত্মা মহাপুরুষের জক্তে বদে থাকলে ভঙলগ্নও তো বদে থাকবে না। ততক্ষণে আমাদের মতো পাপাত্মাদের দশা হবে কী।
  - ১ নাগরিক। পাপাত্মাদের দশা কী হবে সেজন্ত ভগবানের মাধাব্যথা নেই।
- ২ নাগরিক। বলিস কী রে। পুণ্যাত্মাদের জন্তে এ জগৎ তৈরি হয় নি। তা হলে বে আমরা অতিষ্ঠ হতুম। স্ষ্টিটা আমাদেরই জন্তে। দৈবাৎ ছটো-একটা পুণ্যাত্মা দেখা দেয়, বেশিক্ষণ টি কতে পারে না— আমাদের ঠেলা খেয়ে বনে জন্সনে: গুহায় তাদের আন্তায় নিতে হয়।
- > নাগরিক। তা হলে তুমিই দড়াটা ধরে টান দাও-না দাদা— দেখা যাক রথ এগোয় না দড়াটা ছেঁড়ে, না তুমিই পড় মুখ থুবড়ে।
- ২ নাগরিক। দাদা, আমাদের সবে পুণ্যাত্মাদের তফাতটা এই যে, গুন্তিতে তারা একটা-তৃটো, আমরা অনেক। যদি ভরদা করে দেই অনেকে মিলে টান দিতে পারি রথ চলবেই। মিলতে পারলেম না বলে টানতে পারলেম না, পুণ্যাত্মাদের জ্ঞে শৃত্যের দিকে তাকিয়ে রইলেম।
- ৪ নাগরিক। ওরে ভাই, দড়িটা মনে হল যেন নড়ে উঠল, কথাবার্তা সামলে বলিস রে।
- > নাগরিক। শাস্ত্রে আছে ব্রাহ্মমূহুর্তে রথের প্রথম টানটা পুরোহিতের হাতে, বিতীয় প্রহরে বিতীয় টানটা রাজার— দেও তো হয়ে গেল, রথ এগোল না— এখন তৃতীয় টানটা কার হাতে পড়বে।

#### সৈহাদলের প্রবেশ

- ১ দৈর। বড়ো লজ্জা দিলে রে! স্বয়ং রাজা হাত লাগালে, দলে দলে আমর। হাজার জনে ধরে টান দিলুম, চাকার একটু কাঁচাচকোঁচ শক্ত হল না।
- ২ সৈক্ত। আমরা ক্ষত্রিয়, আমরা তো শৃলের মতো গোরু নই— রথ টানা আমাদের কাজ নয়, আমাদের কাজ রথে চড়া।
- ২ সৈনিক। কিম্বা রথ ভাঙা। ইচ্ছে করছে কুডুলখানা নিয়ে রথটাকে টুকরে! টুকরো করে ফেলি। দেখি মহাকাল কেমন ঠেকাতে পারেন।
- ১ নাগরিক। দাদা, ডোমাদের অস্তের জোরে রথ চলবেও না, রথ ভাঙবেও না। গণংকার কী গুনে বলেছে ডা শোন নি বৃঝি ?

- ১ দৈনিক। কীবল তো।
- ১ নাগরিক। ত্রেতাযুগে একবার যে কাণ্ড ঘটেছিল, এখন তাই ঘটবে।
- ১ দৈনিক। আরে, ত্রেতাযুগে তো লহাকাও ঘটেছিল।
- ১ নাগরিক। সে নয়, সে নয়।
- ২ সৈনিক। কিছিদ্যাকাও ?
- - ৩ দৈনিক। আজ তো সে ভয় নেই, আজ ব্রাহ্মণই তপস্থা ছেড়ে দিয়েছে, শুল্রের তো কথাই নেই।
  - > নাগরিক। এখনকার শৃত্তের। কেউ কেউ লুকিয়ে লুকিয়ে শান্ত্র পড়তে আরম্ভ করেছে। ধরা পড়লে বলে, আমরা কি মাহ্র নই। স্বয়ং কলিযুগ শৃত্তের কানে মন্ত্র দিতে বসেছে যে তারা মাহ্র। রথ যে চলে না তাতে মহাকালের দোষ কী—না চললেই ভালো। যদি চলতে শুক্ল করে তা হলে চন্দ্রব্য গুঁড়িয়ে ফেলবে। শৃত্র চোথ রাঙিয়ে বলে কিনা 'আমরা কি মাহ্র নই'! কালে কালে কডই শুনব!
    - ১ সৈনিক। আজ শুদ্র পড়ছে শাস্ত্র, কাল ব্রাহ্মণ ধরবে লাঙল। সর্বনাশ।
  - ২ সৈনিক। তা হলে চল্, ওদের পাড়ায় গিয়ে একবার কষে হাত চালানো যাক। ওরা মাহুষ না আমরা মাহুষ, প্রত্যক্ষ দেখিয়ে দিই।
  - ২ নাগরিক। রাজাকে কে গিয়ে বলেছে, কলিযুগে শাস্ত্রও চলে না, অস্ত্রও চলে না, একমাত্র চলে স্বর্ণমূজা। রাজা তাই আমাদের ধনপতি শেঠজিকে তলব করেছেন। ধনপতি টান দিলেই রথ চলবে এইরকম সকলের বিখাস।
  - > সৈনিক। বেনের টানে যদি রথ চলে তা হলে আমরা অস্ত্র গলায় বেঁধে জলে ডুবে মরব।
  - ২ সৈনিক। তা, রাগ করলে চলবে কেন। বেনের টান আঞ্চকাল সব জায়গাতেই লেগেছে। এমন-কি, পুস্থধ্যুর ছিলেটা বেনের টানেই চঞ্চল হয়ে ওঠে। তার তীরগুলো বেনের ঘরেই তৈরি।
  - ত সৈনিক। তা সত্যি, আজকাল আমাদের রাজতে রাজা থাকেন সামনে, কিন্তু পিছনে থাকে বেনে।
  - > সৈনিক। পিছনেই থাকে তো থাক্-না— আমরা তো থাকি ডাইনে-বাঁরে, মান তো আমাদেরই।

ত সৈনিক। পাশে যে থাকে তার মান থাকতে পারে, কিছ পিছনে যে থাকে ঠেলাটা যে তারই।

#### ধনপতির অমুচরদের প্রবেশ

- ১ সৈনিক। এরা সব কে।
- ২ সৈনিক। আংটির হীরে থেকে আলোর উচ্চিংড়েগুলো চোথের উপর লাফ দিয়ে প্ডভে।
  - ৩ দৈনিক। গলায় সোনার হার নয়তো, সোনার শিকল বললেই হয়। কে এরা।
- > নাগরিক। এরাই তো আমাদের ধনপতি শেঠীর দল। ওই সোনার শিকল দিয়ে এরা মহাকালকে বেঁধে ফেলেছে বলেই তাঁর রথ চলছে না।
  - ১ দৈনিক। তোমরা কি করতে এসেছ।
- ১ ধনিক। রাজা আমাদের প্রভূ ধনপতিকে ডেকে পাঠিয়েছেন। কারো হাতে রথ চলছে না, তাঁর হাতে চলবে বলেই সবাই আশা করে আছে।
  - ২ দৈনিক। স্বাই বলতে কে রে বাপু ? আর আশাই বা করে কেন।
  - ২ ধনিক। আজকাল যা-কিছু চলছে সবই যে ধনপতির হাতে চলছে।
- ১ দৈনিক। এথনই দেখিয়ে দিতে পারি তলোয়ার তার হাতে চলে না, আমাদের হাতে চলে।
  - ৩ ধনিক। তোমাদের হাত চালাচ্ছে কে সেটা বৃঝি এথনো থবর পাও নি।
  - ১ দৈনিক। চুপ বেয়াদব!
- ২ ধনিক। আমরা চূপ করব? আজ আমাদেরই আওয়াজ জলে ছলে আকাশে তাজান?
  - ১ দৈনিক। তোমাদের আওয়াজ? আমাদের শতন্ত্রী ষথন বজ্ঞনাদ করে ওঠে—
- ২ ধনিক। তোমাদের শতন্ত্রী বজ্জনাদে আমাদেরই কথা এক ঘাট থেকে আর-এক ঘাটে, এক হাট থেকে আর-এক হাটে ঘোষণা কুরবার জন্তে আছে।
  - ১ নাগরিক। দাদা, ওদের দক্ষে ঝগড়া করে পেরে উঠবে না।
  - ১ দৈনিক। কীবল ? পারব না!
- ১ নাগরিক। না, তোমাদের কোনো তলোয়ার ওদের নিমক থেয়েছে, কোনোটা বা ওদের ঘুষ থেয়েছে, থাপ থেকে বের করতে গেলেই তা বুঝতে পারবে।
- ১ ধনিক। শুনেছিলেম রথের দড়িতে হাত দেবার জ্বন্তে নর্মদাতীরের বাবাজিকে আব্দ আনা হরেছিল। কী হল থবর জান ?

২ ধনিক। জানি বৈকি। যধন এরা গুহায় গিয়ে পৌছল, দেখল, প্রস্থ পদ্মাসনে হই পা আটকে চিত হয়ে পড়ে আছেন। সাড়াশন্ত নেই। বছকটে ধ্যান ভাঙানো হল। কিন্তু পা হুখানা আড়েষ্ট কাঠ হয়ে গেছে, চলে না।

১ নাগরিক। শ্রীচরণের দোষ কী। তারা আজ ৬৫ বছরের মধ্যে একবারও চলার নাম করে নি। তা, বাবাজি বললেন কী?

২ ধনিক। বলা-কওয়ার বালাই নেই। চাঞ্চল্যের অপবাদ দিয়ে জিবটাকে একেবারে কেটেই ফেলেছেন। গোঁ গোঁ করতে লাগলেন, তার থেকে যার যে-রকম থেয়াল সে সেই রকমেরই অর্থ করে নিলে।

১ ধনিক। তার পরে ?

২ ধনিক। তার পর ধরাধরি করে বাবাজিকে রথতলা পর্যন্ত আনা গেল। কিন্তু বেমনি দভি ধরলেন রথের চাকা মাটির মধ্যে বসে যেতে লাগল।

১ ধনিক। হা, হা, বাবাজি নিজের মনটাকে বেমন গভীরে ডুবিয়েছেন, মহাকালের রথটাকে স্থন্ধ তেমনি তলিয়ে দিচ্ছিলেন বৃঝি ?

২ ধনিক। ওঁর পঁয়ষট্ট বংশরের উপবাদের ভারে চাকা বদে গেল। একদিনের উপবাদের ধাকাতেই আমাদের পা চলতে চায় না।

> নাগরিক। উপবাদের ভারের কথা বলছ, তোমাদের অহংকারের ভারটা বড়ো কম নয়।

২ নাগরিক। সে ভার আপনাকেই আপনি চূর্ণ করে। দেখব আজ তোমাদের ধনপতির মাধা কেমন হেঁট না হয়।

১ ধনিক। আচ্ছা দেখো। বাবা মহাকালের ভোগ জোগায় কে। সে তো আমাদের ধনপতি। যদি বন্ধ করে দেয় তা হলে তাঁর যে চলা না-চলা তুই সমান হয়ে উঠবে। পেট চলা হল সব চলার মূলে।

#### মস্ত্রী ও ধনপতির প্রবেশ

ধনপতি। মন্ত্ৰীমশায়, আজ আমাকে ডাক পড়ল কেন।

মন্ত্রী। রাজ্যে যুধনই কোনো অনর্থপাত হয় তথনই তো তোমাকেই স্বাগ্রে ভাক পড়ে।

ধনপতি। অর্থপাতে ধার প্রতিকার সম্ভব আমার ধারা তার ক্রটি হয় না। কিছু আজকের সংকটটা কীরকমের।

মন্ত্রী। তনেছ বোধ হয়, মহাকালের রথ আজ কারো হাতের টানেই চলছে না।

ধনপতি। অনেছি। কিন্তু মন্ত্ৰী এ-সৰ কান্ত তো এতদিন-

মন্ত্রী। জানি, এতদিন আমাদের পুরোহিত ঠাকুররাই এ-সব কাজ চালিয়েছেন। কিছু তখন যে এঁরা স্বাধীন সাধনার জোরে নিজে চলতেন, চালাতেও পারতেন। এখন এঁরা তোমাদেরই হারে অচল হয়ে বাঁধা, এখন এঁদের হাতে কিছুই চলবে না।

ধনপতি। অস্ত অস্ত বারে রাজা সেনাপতি রাজপারিষদ সকলেই রথের রশিতে হাত লাগাতেন, কথনো তো বাধা ঘটে নি। তথন আমরা তো কেবল চাকায় তেল জুগিয়ে এসেছি, রশিতে টান দিই নি তো।

মন্ত্রী। দেখো শেঠজি, রথষাত্রাটা আমাদের একটা পরীক্ষা। কাদের শক্তিতে। সংসারটা সত্যিই চলছে বাবা মহাকালের রথচক্র ঘোরার ঘারা সেইটেরই প্রমাণ হয়ে থাকে। যথন পুরোহিত ছিলেন নেতা তথন তাঁরা রশি ধরতে না-ধরতে রথটা ঘুম-ভাঙা সিংহের মতো ধড়ফড় করে নড়ে উঠত। এবারে যে কিছুতেই সাড়া দিল না। তার থেকে প্রমাণ হত্তে শান্তই বল, শন্তই বল, সমন্ত অর্থহীন হয়ে পড়েছে— অর্থ এখন তোমারই হাতে। সেই তোমার সার্থক হাতটি আজ রথের রশিতে লাগাতে হবে।

ধনপতি। আগে বরঞ্চ আমার দলের লোকে চেষ্টা করে দেখুক, যদি একটুথানি কেঁপেও ওঠে আমিও হাত দেব, নইলে সকল লোকের সামনে—

মন্ত্রী। কেন আর দেরি করা শেঠজি। রাজ্যের সমন্ত লোক উপোস করে আছে, রথ মন্দিরে গিয়ে না পৌছলে কেউ জলগ্রহণ করবে না। তোমার চেষ্টাতেও যদি রথ না চলে লজ্জ। কিসের, স্বয়ং পুরোহিত রাজা সকলেরই চেষ্টা ব্যর্থ হল, দেশস্ক লোক তো তা দেথেছে।

ধনপতি। তাঁরা হলেন লোকপাল, আমরা হলুম পালের লোক; জনসাধারণে তাঁদের বিচার করে একরকমে, আমাদের বিচার করে আর-এক রকমে। রথ যদি না চলে আমার লক্ষা আছে, কিন্তু রথ যদি চলে তা হলে আমার ভয়। তা হলে আমার সেই ভভাদৃষ্টের স্পর্ধা কোনো লোক ক্ষমা করতে পারবেই না। তথন কাল থেকে তোমরাই ভাবতে বসবে আমাকে থর্ব করা যায় কী উপায়ে।

মন্ত্রী। যা বলছ সবই সত্য হতে পারে, কিন্তু তবুও রথ চলা চাই। আর বেশিক্ষণ যদি বিধা কর তা হলে দেশের লোক খেপে যাবে।

ধনপতি। আচ্ছা, তবে চেষ্টা করে দেখি। কিন্তু যদি দৈবক্রমে আমার চেষ্টা সফল হয় তা হলে আমার অপরাধ নিয়ো না। (দলের লোকদের প্রতি) বলো সিদ্ধিরস্তা! সকলে। সিদ্ধিরস্ত !

ধনপতি ৷ বলো, জয় দিহিদেবী !

नकरन। अत्र निकित्नवी!

ধনপতি। টানব কী । এ রশি যে তুলতেই পারি নে। মহাকালের রথও থেমন ভারী, রশিও তেমনি, এ ভার বহন কি সহজ লোকের কর্ম। (দলের লোকের প্রতি) এসো, তোমরাও স্বাই এসো। সকলে মিলে হাত লাগাও। আমার খাতাঞ্চিকোধার গেল। এসো, এসো। এসো কোষাধাক। আবার বলো, সিদ্ধিরস্ক — টানো।
,সিদ্ধিরস্ক, আর-এক টান । সিদ্ধিরস্ক — জোরে । নাং, কিছুই হল না। আমাদের হাতে রশিটা ক্রমেই যেন আড়াই হয়ে উঠছে।

नकरन। पूर्या। पूर्या।

> रेमनिक। शाक। आमारम्य मान तका रुन।

ধনপতি। নমস্কার, মহাকাল! তৃমি আমার সহায়, তাই তৃমি স্থির হয়ে রইলে। আমার হাতে যদি তৃমি টলতে, আমারই দাড়ের উপরে টলে পড়তে, একেবারে পিষে যেতৃম।

খাতাঞ্চি। প্রাভূ, এই যুগে আমাদের যে সম্মান সমাদর ক্রমেই বেড়ে উঠছিল সেটার বড়ো ক্ষতি হল।

ধনপতি। দেখো, এতকাল আমরা মহাকালের রথের ছায়ায় দাঁড়িয়ে লোকচক্ষুর আগোচরে বড়ো হয়েছি। আজ রথের সামনে এসে পড়ে আমাদের সংকট ঘটেছে— আশেপাশে লোকের দাঁত-কিড়মিড় অনেক দিন থেকে ভনছি। এখন যদি স্পষ্ট সবাই দেখতে পায় যে, রশি ধরে আমরাই রথ চালাচ্ছি তা হলে আমাদের উপর এমন দৃষ্টি লাগবে যে বেশিক্ষণ টি কব না।

> দৈনিক। যদি সেকাল থাকত তা হলে তোমার হাতে রথ চলল না বলে তোমার মাথা কাটা যেত।

ধনপতি। অর্থাৎ, তোমরা তা হলে হাতে কান্ধ পেতে। মাথা কাটতে না পেলেই তোমরা বেকার।

> সৈনিক। আজ কেউ তোমাদের গায়ে হাত দিতে সাহস করে না; রাজ্ঞাও না। এতে বাবা মহাকালেরই মান পর্ব হয়ে গেছে।

ধনপতি। সত্যি কথা বলি— যথন স্বাই গায়ে হাত দিতে সাহস করত তথন তের বেশি নিরাপদে ছিলুম। আজ স্বাই বে আমাদের মানতে বাধ্য হয়েছে এরই মধ্যে আমাদের মরণ। মন্ত্রীমশায়, চুপ করে দাঁড়িয়ে ভাবছ কী। মন্ত্রী। ভাবছি দব-রক্ষ চেষ্টাই ব্যর্থ হল, এখন কোনো উপায় তো আর বাকি নেই।

ধনপতি। ভাবনা কী। যথন তোমাদের কোনো উপায় থাটল না তথন মহাকাল নিজের উপায় নিজেই বের করবেন। তাঁর চলবার গরজ তাঁরই, আমাদের নয়; তাঁর ডাক পড়লেই ঘেথান থেকে হোক তাঁর বাহন ছুটে আসবে। আজ যাদের দেখাই ঘাছে না, কাল তারা সবচেয়ে বেশি চোথে পড়বে। তার আগে আমার থাতাপত্র সামলাই গে। এসো হে কোষাধ্যক্ষ, আজ সিদ্ধুকগুলো একটু শক্ত করে বন্ধ করতে হবে।

[ ধনপতি ও তার দলের প্রস্থান

#### চরের প্রবেশ

চর। মন্ত্রীমশায়, আমাদের শৃত্রপাড়ায় ভারি গোল বেধে গেছে।

মন্ত্ৰী। কেন কী হয়েছে।

চর। দলে দলে আদছে সব ছুটে। তারা বলে, বাবার রথ আমরা চালাব।

नकरन। वरन की। तमि ष्ट्रं एउटे रमव ना।

চর। কিন্তু ভাদের ঠেকাবে কে।

रेमग्रमम । जागता जाहि।

চর। তোমরা কঞ্চনই বা আছ। তাদের মারতে মারতে তোমাদের তলোয়ার কয়ে যাবে— তবু এত বাকি থাকবে যে রথতলায় তোমাদের আর জায়গাই হবে না।

চর। মন্ত্রীমশায়, তুমি ষে একেবারে বদে পড়লে?

মন্ত্রী। ওরা দল বেঁধে আদছে বলে আমি ভয় করি নে।

চর। তবে ?

মন্ত্রী। আমার মনে ভয় হচ্ছে ওরা পারবে।

দৈনিক দল। বল কী, মন্ত্রী-মহারাজ, ওরা পারবে মহাকালের রথ টানতে। শিলা জলে ভাসবে!

মন্ত্রী। দৈবাং যদি পারে তা হলে বিধাতার নৃতন বিধি শুরু হবে। নীচের তলাটা হঠাং উপরের তলা হয়ে ওঠাকেই বলে প্রলয়। ভূমিকম্পে মাটির মধ্যে সেই চেষ্টাতেই তো বিভীষিকা। যা বরাবর প্রচ্ছন্ন আছে তাই প্রকাশ হবার সমন্নটাই যুগাস্তরের সময়। সৈনিক দল। কী করতে চান, আমাদের কী করতে বলেন ছকুম করুন। আমরা কিছুই ভয় করি নে।

মন্ত্রী। সাহস দেখাতে গিয়েই সংসারে ভয় বাড়িয়ে ভোলা হয়। গোঁয়ার্তমি করে তলোয়ারের বেড়া তুলে দিয়েই মহাকালের বক্তা ঠেকানো যায় না।

চর। তা, কী করতে হবে বলেন।

মন্ত্রী। ওদের কোনো বাধা না দেওয়াই হচ্ছে সংপরামর্শ। বাধা দিলে শক্তি
আপনাকে আপনি চিনতে পারে। সেই চিনতে দিলেই আর রক্ষে নেই।

रिमनिक मन। তা ट्रांस भागता मां फिरा थाकि ? अता भार्क ?

**চর। ওই যে এসে পড়েছে।** 

মন্ত্রী। তোমরা কিচ্ছু কোরো না। স্থির হয়ে থাকো।

#### শৃজদলের প্রবেশ

মন্ত্রী। ( দলপতির প্রতি ) এই যে দর্দার ! তোমাদের দেখে বড়ো খুশি হলুম। দলপতি। মন্ত্রীমশায় আমরা বাবার রথ চালাতে এসেছি।

মন্ত্রী। চিরদিন ভোমরাই তো বাবার রথ চালিয়ে এসেছ, আমরা তো উপলক্ষ-মাত্র। সে কি আর জানি নে।

দলপতি। এতদিন আমরা রথের চাকার তলায় পড়েছি, আমাদের দ'লে দিয়ে রথ চলে গেছে। এবার তো আমাদের বলি বাবা নিল না।

মন্ত্রী। সে তো দেখতে পাচ্ছি। আজ ভোরবেলায় তোমাদের পঞ্চাশজন চাকার সামনে ধুলোয় লুটোপুটি করলে— তবু চাকার মধ্যে একটুও ক্ষার লক্ষণ দেখা গেল না, নড়ল না, কাঁা কোঁ করে চীৎকার করে উঠল না— তাদের স্তর্কতা দেখেই তো ভয় পেয়েছি।

দলপতি। এবারে রথের তলাটাতে পড়বার জন্মে মহাকাল আমাদের ডাক দেন নি-- তিনি ডেকেছেন তাঁর রথের রশিটাকে টান দিতে।

পুরোহিত। সভ্যি নাকি। কেমন করে জানলে।

দলপতি। কেমন করে জানা যায় সে তো কেউ জানে না। কিছু আজ ভোরবেলা থেকেই আমাদের মধ্যে হঠাৎ এই কথা নিয়ে কানাকানি পড়ে গেছে। ছেলেমেয়ে বুড়ো জোয়ান স্বাই বলছে 'বাবা ডেকেছেন'।

সৈনিক। রক্ত দেবার জ্ঞে। দলপতি। না, টান দেবার জ্ঞে। পুরোহিত। দেখো বাবা, ভালো করে ভেবে দেখো, সমন্ত সংসার বারা চালায় মহাকালের রথের রশির জিম্মে তাদেরই 'পরে।

দলপতি। ঠাকুর, সংসার কি তোমরাই চালাও।

পুরোহিত। তা দেখো, কাল খারাণ বটে, তবু হাজার হোক আমরা তো রান্ধণ বটে।

দলপতি। মন্ত্রীমশায়, সংসার কি তোমরাই চালাও।

মন্ত্রী। সংসার বলতে তো তোমরাই। নিজগুণে চল, আমরা চালাক লোকেরা বলে থাকি আমরাই চালাচ্ছি। তোমাদের বাদ দিলে আমরা কজনই বা আছি।

দলপতি। আমাদের বাদ দিলে তোমরা যে কজনাই থাকো-না, থাকবে কী উপায়ে ?

মন্ত্ৰী। হাঁ, হাঁ, দে তো ঠিক কথা।

দলপতি। আমরাই তো জোগাচ্ছি অন্ন, তাই থেন্নে তোমরা বেঁচে আছ। আমরাই বুনচি বস্ত্র, তাতেই তোমাদের লক্ষারক্ষা।

দৈনিক। সর্বনাশ! এতদিন এরা আমাদেরই কাছে হাত জ্বোড় করে বলে আসছিল 'তোমরাই আমাদের অন্নবন্ত্রের মালিক'। আব্দ এ কী রক্ষের স্ব উলটো বুলি। আর তো সহু হয় না।

মন্ত্রী। (সৈনিকের প্রতি) চূপ করো। (দলপতিকে) দর্দার, আমরা তো তোমাদের জন্তেই অপেকা করছিল্ম। মহাকালের বাহন তোমরাই, দে কথা আমরা বৃঝি নে, আমরা কি এত মৃচ। তোমাদের কাজটা তোমরা দাধন করে দিয়ে যাও, তার পরে আমাদের কাজ করবার অবসর আমরা পাব।

দলপতি। আয় রে ভাই, স্বাই মিলে টান দে। মরি আর বাঁচি আজ মহাকালের রও নভাবই।

মন্ত্রী। কিন্তু সাবধানে রান্তা বাঁচিয়ে চোলো। যে রান্তায় বরাবর রথ চলেছে সেই রান্তায়। আমাদের ঘাড়ের উপর এসে না পড়ে যেন।

দলপতি। রথের 'পরে রথী আছেন, রান্ডা তিনিই ঠাউরে নেবেন, আমরা তো বাহন, আমরা কী বা বৃঝি। আর রে সবাই। ওই দেখছিদ রথের চ্ডায় কেতনটা তলে উঠেছে, স্বয়ং বাবার ইশারা। ভয় নেই, আর সবাই।

পুরোহিত। ছুঁলে রে ছুঁলে ! রশি ছুঁলে ! ছি, ছি ! নাগরিকগণ। হায়, হায়, কী সর্বনাশ ! পুরোহিত। চোথ বোজ রে ভোরা সব, সবাই চোথ বোজ ! কুজ মহাকালের মৃতি দেখলে তোরা জন্ম হয়ে যাবি।

দৈনিক। ও কী ও! এ কি চাকারই শব্দ না কী ? না আকাশ আর্তনাদ করে উঠল ?

পুরোহিত। হতেই পারে না।

নাগরিক। ওই তো নড়ল বেন।

দৈনিক। ধুলো উড়েছে যে। অভায়, ঘোর অভায় ! রথ চলেছে ! পাপ ! মহা-পাপ !

मृज्यम्म । अग्न, अग्न महाकालित अग्न !

পুরোহিত। তাই তো, এ কী কাও হল!

সৈনিক। ঠাকুর, তুকুম করো। আমাদের সমস্ত অস্ত্রশস্ত্র নিয়ে এই অপবিত্র রথ চলাবন্ধ করে দিই।

পুরোহিত। হুকুম করতে তো সাহস হয় না। বাবা স্বয়ং যদি ইচ্ছে করে জাত খোয়ান, আমাদের হুকুমে তার প্রায়শ্চিত হবে না।

সৈনিক। তা হলে ফেলে দিই আমাদের অস্ত্র!

পুরোহিত। আর আমিও ফেনে দিই আমার পুঁথিপত।

নাগরিকগণ। আমরা যাই সব নগর ছেড়ে! মন্ত্রীমশায়, তুমি কী করবে। কোথায় যাচ্চ।

মন্ত্রী। আমি যাচ্ছি ওদের সঙ্গে মিলে রশি ধরতে।

সৈনিক। ওদের সঙ্গে মিলবে ?

মন্ত্রী। তা হলেই বাবা প্রসন্ধ হবেন। স্পষ্ট দেখছি ওরা যে আজ তাঁর প্রসাদ প্রেছে। এ তো স্বপ্ন নয়, মায়া নয়। ওদের থেকে পিছিয়ে পড়ে আজ কেউ মান রক্ষা করতে পারবে না. মান ওদের সঙ্গে থেকে।

সৈনিক। কিন্তু তাই বলে ওলের সঙ্গে সার মিলিয়ে রশি ধরা! ঠেকাবই ওলের। দলবল ভাকতে চললুম। মহাকালের রথের পথ রক্তে কাদা হয়ে যাবে।

পুরোহিত। আমিও তোমাদের সঙ্গে ধাব, মন্ত্রণা দেবার কাঞ্চে লাগতে পারব।
মন্ত্রী। ঠেকাতে পারবে না। এবার দেখছি চাকার তলায় তোমাদেরই

মন্ত্রী। ঠেকাতে পারবে না। এবার দেখছি চাকার তলায় তোমাদেরই পড়তে হবে।

সৈনিক। তাই সই। বাবার রথের চাকা এতদিন যত-সব চণ্ডালের মাংস থেয়ে অন্তচি হয়ে আছে। আজ শুদ্ধ মাংস পাবে। পুরোহিত। ওই দেখো, ওই দেখো মন্ত্রী! এরই মধ্যে রথটা রাজপথ থেকে নেমে পড়েছে। কোথায় কোন্ পল্লীর উপরে পড়বে কিছুই বলা যায় না।

দৈনিক। ওই-বে ধনপতির দল ওখান থেকে চীংকার করে আমাদের ডাকছে। রপটা যেন ওদেরই ভাণ্ডার লক্ষ্য করে চলেছে। ওরা ভয় পেয়ে গেছে। চলো চলো, ওদের রক্ষা করি গে।

মন্ত্রী। নিজেদের রক্ষা করো, তার পরে অক্ত কথা। আমার তো মনে হচ্ছে রথটা ঠিক তোমাদের অন্ত্রশালার দিকে ঝুঁকেছে, ওর আর কিছু চিহ্ন বাকি থাকবে না। ওই দেখো।

रेमनिक। উপায়?

মন্ত্রী। ওলের সঙ্গে মিলে রশি ধরো-সে— তা হলে রক্ষা পাবার পথে রথের বেগটাকে ফিরিয়ে আনা সম্ভব হবে। আর বিধা করবার সময় নেই।

[প্রস্থান

দৈনিক। (পরম্পর) কী করবে। ঠাকুর, তুমি কী করবে। পুরোহিত। বীরগণ, তোমরা কী করবে।

रैमनिक। आनि तन, व्रश्नि धत्रव ना निष्ठाई कत्रव ! ठीकूत, पृथि की कत्रत्व !

পুরোহিত। জানি নে, রশি ধরব না আবার শাস্ত্র আওড়াতে বসব !

১ দৈনিক। অনতে পাচ্ছ— হুড়মুড় শব্দে পৃথিবীটা বেন ভেঙেচুরে পড়ছে।

২ সৈনিক। চেয়ে দেখো, ওরা টানছে বলে মনেই হচ্ছে না। রুখটাই ওদের ঠেলে নিয়ে চলেছে।

ও দৈনিক। পুরুতঠাকুর, দেখছ রখটা ধেন বেঁচে উঠেছে। কী রকম হেঁকে চলেছে। এতবার রথধাত্রা দেখেছি, ওঁর এরকম সজীবমূতি কখনো দেখি নি। এতকাল ঘূমিয়ে ঘূমিয়ে চলেছিল, আজ জেগে চলেছে। তাই আমাদের পথ মানছে না, নিজের পথ বানিয়ে নিচ্ছে।

২ দৈনিক। কিন্তু গেল যে সব। রথযাত্রার এমন সর্বনেশে উৎসব তো কোনো-দিন দেখি নি। ওই যে কবি আদছে, ওকে জিজ্ঞাসা করো-না, এ-স্বের মানে কী।

পুরোহিত। আমরাই ব্রুতে পারলুম না, কবি ব্রুতে পারবে? ওরা তো কেবল বানিয়ে কথা বলে, সনাতন শাস্তের কথা জানেই না।

> দৈনিক। শান্তের কথা গুলো কোন্কালে মরে গেছে ঠাকুর। তাই তোমাদের কথা তো আর থাটে না দেখি। ওদের যে সব তাজা কথা তাই শুনলে বিশাস হয়।

#### কবির প্রবেশ

২ সৈনিক। কবি, আজ রথযাত্রায় এই যে-স্ব উলটো-পালটা কাও হয়ে গেল, কেন ব্যতে পারো?

কবি। পারি বৈকি।

১ দৈনিক। পুরুতের হাতে, রাজার হাতে রথ চলল না, এর মানে কী।

কবি। ওরা ভূলে গিয়েছিল মহাকালের ভগু রথকে মানলেই হল না, মহাকালের রথের দড়িকেও মানা চাই।

> দৈনিক। কবি, তোমার কথা ভানলে হঠাৎ মনে হয়, হয়তো বা একটা মানে আছে। খুঁজতে গেলে পাওয়া যায় না।

কবি। ওরা বাঁধন মানতে চায় নি, ভধু চলাকেই মেনেছিল। তাই রাগী বাঁধনটা উন্মন্ত হয়ে ওদের উপর লেজ আছড়াচ্ছে, গুঁড়িয়ে যাবে।

পুরোহিত। আর তোমার শ্বশুলোই কি এত বৃদ্ধিমান যে দড়ির নিয়ম সামলে চলতে পারবে।

কবি। হয়তো পারবে না। একদিন ভাববে ওরাই রথের কর্তা, তথনই মরবার সময় আসবে। দেখো-না, কালই বলতে শুরু করবে, আমাদেরই হাল লাঙল চরকা তাঁতের জয়। যে বিধাতা মাসুযের বৃদ্ধিবিছা নিজের হাতে গড়েছেন, অস্তরে বাহিরে অমৃতরস ঢেলে দিয়েছেন, তাঁকে গাল পাড়তে বসবে। তথন এরাই হয়ে উঠবেন বলরামের চেলা, হলধরের মাতলামিতে জগৎটা লগুভগু হয়ে যাবে।

পুরোহিত। তথন আবার রথ অচল হলে বোধ করি কবিদের ভাক পড়বে।
কবি। ঠাটা নম পুরুতঠাকুর! মহাকাল বারেবারেই রথযাত্রায় কবিদের
ডেকেছেন। তারা কাজের লোকের ভিড় ঠেলে পৌছতে পারে নি।

পুরোহিত। তারা চালাবে কিসের জোরে।

কবি। গায়ের জারে নয়ই। আমরা মানি ছন্দ, আমরা জানি এক-ঝোঁকা হলেই তাল কাটে। আমরা জানি স্থন্দরকে কর্ণধার করলেই শক্তির তরী সত্যি বশ মানে। তোমরা বিখাস কর কঠোরকে— শাস্তের কঠোর বা অস্তের কঠোর— সেটা হল জীকর বিখাস, ছর্বলের বিখাস, অসাড়ের বিখাস।

দৈনিক। ওহে কবি, তুমি তো উপদেশ দিতে বদলে, ও দিকে যে আগুন লাগল। কবি। যুগে যুগে কতবার কড আগুন লেগেছে। যা থাকবার তা থাকবেই। দৈনিক। তুমি কী করবে।

### রবীন্দ্র-রচনাবলী

কবি। আমি গান গাব, 'ভয় নেই।'

সৈনিক। তাতে হবে কী।

কবি। ধারা রথ টানছে ভারা চলবার তাল পাবে। বেভালা টানটাই ভয়ংকর দৈনিক। আমরা কী করব।

পুরোহিত। আমি কী করব।

কবি। তাড়াতাড়ি কিছু করতেই হবে এমন কথা নেই। দেখো, ভাবো ভিতরে ভিতরে নতুন হয়ে ওঠো। তার পরে ডাক পড়বার জন্মে তৈরি হয়ে থাকো।

# উপন্যাস ও গল্প

# গল্পগুচ্ছ

# গল্পগুচ্চ

#### সদর ও অন্দর

বিপিনকিশোর ধনীগৃহে জনিয়াছিলেন, সেইজন্ম ধন যে পরিমাণে বায় করিতে জানিতেন তাহার অর্থেক পরিমাণেও উপার্জন করিতে শেখেন নাই। স্থতরাং যে গৃহে জন্ম সে গৃহে দীর্ঘকাল বাস করা ঘটিল না।

স্কর স্থকুমারম্তি তরুণ যুবক, গানবাজনায় সিদ্ধহন্ত, কাজকর্মে নিরতিশয় অপটু; সংসারের পক্ষে সম্পূর্ণ অনাবশুক। জীবনযাত্রার পক্ষে জগন্নাথদেবের রথের মতো অচল; যেরূপ বিপুল আয়োজনে চলিতে পারেন সেরূপ আয়োজন সম্প্রতি বিপিনকিশোরের আয়তাতীত।

সৌভাগ্যক্রমে রাজা চিত্তরজন কোর্ট্ অফ ওয়ার্ড্স হইতে বিষয় প্রাপ্ত হইয়া শথের থিয়েটার ফাঁদিবার চেষ্টা করিতেছেন এবং বিপিনকিশোরের স্থলর চেহারা ও গান গাহিবার ও গান তৈয়ারি করিবার ক্ষতায় মৃগ্ধ হইয়া, তাহাকে দাদরে নিজের অফ্চরশ্রেণীতে ভ্তুক করিয়া লইয়াছেন।

রাজা বি. এ. পাস। তাঁহার কোনোপ্রকার উচ্চুঙ্খলতা ছিল না। বড়োমান্থবের ছেলে হইয়াও নিয়মিত সময়ে এমন-কি নির্দিষ্ট স্থানেই শয়ন ভোজন করিতেন। বিশিনকিশোরকে হঠাৎ তাঁহার নেশার মতো লাগিয়া গেল। তাঁহার গান ভানিতে ও তাঁহার রচিত গীতিনাট্য আলোচনা করিতে করিতে ভাত ঠাওা হইতে থাকে, রাভ বাড়িয়া যায়। দেওয়ানজি বলিতে লাগিলেন, তাঁহার সংযতস্বভাব মনিবের চরিত্র-দোবের মধ্যে কেবল ঐ বিশিনকিশোরের প্রতি অভিশয় আসজি।

রানী বসস্তকুমারী স্বামীকে তর্জন করিয়া বলিলেন, "কোথাকার এক লক্ষীছাড়া বানর আনিয়া শরীর মাটি করিবার উপক্রম করিয়াছে, ওটাকে দ্র করিতে পারিলেই আমার হাড়ে বাতাদ লাগে।"

রাজা যুবতী স্ত্রীর ঈর্ষায় মনে মনে একটু খুশি হইতেন, হাসিতেন; ভাবিতেন, মেয়েরা যাহাকে ভালোবাসে কেবল তাহাকেই জানে। জগতে যে আদরের পাত্র অনেক গুণী আছে, স্ত্রীলোকের শাস্ত্রে সে কথা লেখে না। যে লোক তাহার কানে বিবাহের মন্ত্র পড়িয়াছে সকল গুণ তাহার এবং সকল আদর তাহারই জন্ত । স্বামীর আধঘণটা থাবার সময় অতীত হইয়া গেলে অসহ হয়, আর, স্বামীর আলিতকে দূর করিয়া দিলে তাহার একমৃষ্টি অন্ন জুটিবে না, এ সম্বন্ধে সে সম্পূর্ণ উদাসীন। স্বীলোকের এই বিবেচনাহীন পক্ষপাত দূষণীয় হইতে পারে, কিন্তু চিত্তরঞ্জনের নিকট তাহা নিতাস্ত অপ্রীতিকর বোধ হইল না। এইজন্ত তিনি যথন-তথন বেশিমাত্রায় বিশিনের গুণগান করিয়া স্বীকে থাগাইতেন ও বিশেষ আমোদ বোধ করিতেন।

এই রাজকীয় থেলা বেচারা বিপিনের পক্ষে স্থবিধান্তনক হয় নাই। অন্তঃপুরের বিম্থতায় তাঁহার আহারাদির ব্যবস্থায় পদে পদে কণ্টক পড়িতে লাগিল। ধনীগৃহের ভূত্য আজিত ভদ্রলোকের প্রতি স্বভাবতই প্রতিকৃল; তাহারা রানীর আকোশে সাহস পাইয়া ভিতরে ভিতরে বিপিনকে অনেকপ্রকার উপেক্ষা দেখাইত।

রানী একদিন পুঁটেকে ভ<দনা করিয়া কহিলেন, "তোকে যে কোনো কাজেই পাওয়া যায় না, সমস্ত দিন করিদ কী।"

শে কহিল, রাজার আদেশে বিপিনবাবুর সেবাতেই তাহার দিন কাটিয়া যায়। রানী কহিলেন, "ইস্, বিপিনবাবু যে ভারি নবাব দেখিতেছি।"

পরদিন হইতে পুঁটে বিপিনের উচ্ছিষ্ট ফেলিয়া রাখিত; অনেকসময় তাহার অন্ন চাকিয়া রাখিত না। অনভ্যন্ত হল্ডে বিপিন নিজের অন্নের থালি নিজে মাজিতে লাগিল এবং মাঝে মাঝে উপবাদ দিল; কিন্তু ইহা লইয়া রাজার নিকট নালিশ ফরিয়াদ করা তাহার স্বভাববিক্ষ। কোনো চাকরের সহিত কলহ করিয়া সে আত্মাবমাননা করে নাই। এইরূপে বিপিনের ভাগ্যে সদর হইতে আদর বাড়িতে লাগিল, অন্দর হইতে অবজার সীমা রহিল না।

এ দিকে স্বভন্রাহরণ গীতিনাট্য রিহার্শালশেষে প্রস্তত। রাজবাটির অন্ধনে তাহার অভিনয় হইল। রাজা স্বয়ং দাজিলেন কৃষ্ণ, বিপিন দাজিলেন অর্জুন। আহা, অর্জুনের যেমন কণ্ঠ তেমনি রূপ। দর্শকগণ 'ধন্ত ধন্ত' করিতে লাগিল।

রাত্রে রাজা আদিয়া বদস্তকুমারীকে জিজ্ঞাসা করিলেন, "কেমন অভিনয় দেখিলে।"

রানী কহিলেন, "বিপিন তো বেশ অর্জুন সাজিয়াছিল। বড়োঘরের ছেলের মতো ভাহার চেহারা বটে, এবং গলার স্বরটিও তো দিব্য।"

রাজা বলিলেন, "আর, আমার চেহারা বৃঝি কিছুই নয়, গলাটাও বৃঝি মন্দ।" রানী বলিলেন, "তোমার কথা আলাদা।" বলিয়া পুনরায় বিপিনের অভিনয়ের কথা পাছিলেন।

রাজা ইহা অপেকা অনেক উচ্ছুদিত ভাষায় রানীর নিকট বিপিনের গুণগান করিয়াছেন; কিন্তু অভ রানীর মুখের এইটুকুমাত্র প্রশংসা শুনিয়া তাঁহার মনে হইল, বিপিনটার ক্ষমতা যে পরিমাণে অবিবেচক লোকে তদপেকা তাহাকে ঢের বেশি বাড়াইয়া থাকে। উহার চেহারাই বা কী, আর গলাই বা কী এমন। কিয়ৎকাল পূর্বে তিনিও এই অবিবেচকঞোণীর মধ্যে ছিলেন; হঠাৎ কী কারণে তাঁহার বিবেচনাশক্তি বাডিয়া উঠিল।

পরদিন হইতে বিপিনের আহারাদির স্থব্যবস্থা হইল। বসস্তকুমারী রাজাকে কহিলেন, "বিপিনকে কাছারি ঘরে আমলাদের সহিত বাসা দেওয়া অভায় হইয়াছে। হাজার হউক, একসময়ে উহার অবস্থা ভালো ছিল।"

রাজা কেবল সংক্ষেপে উড়াইয়া দিয়া কহিলেন, "হাঃ!"

রানী অন্থরোধ করিলেন, "থোকার অন্ধ্রাশন উপলক্ষে আর-একদিন থিয়েটার দেওয়া হউক।" রাজা কথাটা কানেই তুলিলেন না।

একদিন ভালো কাপড় কোঁচানো হয় নাই বলিয়া রাজা পুঁটে চাকরকে ভংগনা করাতে সে কহিল, "কী করিব, রানীমার আদেশে বিপিনবাব্র বাসন মাজিতে ও সেবা করিতেই সময় কাটিয়া যায়।"

রাজা রাগিয়া উঠিয়া কহিলেন, "ইস্, বিপিনবাবু তে। ভারি নবাব হইয়াছেন, নিজের বাসন ব্ঝি নিজে মাজিতে পারেন না।"

বিপিন পুনর্ঘিক হইয়া পড়িল।

রানী রাজাকে ধরিয়া পজিলেন, সন্ধ্যাবেলায় তাঁহাদের সংগীতালোচনার সময় পাশের ঘরে থাকিয়া পর্দার আজালে তিনি গান ভানবেন, বিপিনের গান তাঁহার ভালো লাগে। রাজা অনতিকাল পরেই পূর্ববং অত্যন্ত নিয়মিত সময়ে শয়ন ভোজন আরম্ভ করিলেন। গানবাজনা আর চলে না।

রাজা মধ্যাতে জমিদারি-কাজ দেখিতেন। একদিন সকাল সকাল অন্তঃপুরে গিয়া দেখিলেন, রানী কী একটা পড়িতেছেন। রাজা জিজ্ঞাসা করিলেন, "ও কী পড়িতেছ।"

রানী প্রথমটা একটু অপ্রতিভ হইয়া কহিলেন, "বিপিনবাবুর একটা গানের থাতা আনাইয়া ছটো-একটা গানের কথা মুখন্ত করিয়া লইতেছি; হঠাৎ তোমার শথ মিটিয়া গিয়া আর তো গান শুনিবার জ্যো নাই।" বছপূর্বে শথটাকে সমূলে বিনাশ করিবার জ্যু রানী যে বছবিধ চেষ্টা করিয়াছিলেন সে কথা কেহ তাঁহাকে শ্বরণ করাইয়া দিল না। পরদিন বিপিনকে রাজা বিদায় করিয়া দিলেন; কাল হইতে কী করিয়া কোথায় তাঁহার অন্নমৃষ্টি ভুটিবে সে সম্বন্ধে কোনো বিবেচনা করিলেন না।

হ:খ কেবল তাহাই নহে, ইতিমধ্যে বিশিন রাজার সহিত অক্ট আম অহারাগে আবদ্ধ হইয়া পড়িয়াছিলেন; বেতনের চেয়ে রাজার প্রণয়টা তাঁহার কাছে অনেক বেশি দানী হইয়া উঠিয়াছিল। কিন্তু, কী অপরাধে যে হঠাৎ রাজার হৃততা হারাইলেন, অনেক ভাবিয়াও বিশিন তাহা ঠিক করিতে পারিলেন না। এবং দীর্ঘনিশাস ফেলিয়া তাঁহার প্রাতন তম্বাটতে গেলাপ পরাইয়া বয়ুহীন বৃহৎ সংসারে বাহির হইয়া পড়িলেন; যাইবার সময় রাজভৃত্য পুঁটেকে তাঁহার শেষ সম্বল ত্ইটি টাকা পুরস্কার দিয়া গেলেন।

আষাত ১৩০৭

### উদ্ধার

গৌরী প্রাচীন ধনীবংশের প্রমাদরে পালিতা স্থন্দরী কন্তা। স্থামী পরেশ হীনাবস্থা হইতে সম্প্রতি নিজের উপার্জনে কিঞ্চিং অবস্থার উন্নতি করিয়াছে। যতদিন তাহার দৈক্ত ছিল ততদিন কন্তার কষ্ট হইবে ভয়ে স্বস্তুর শাশুড়ি স্থীকে জাঁহার বাড়িতে পাঠান নাই। গৌরী বেশ-একট বয়স্থা হইয়াই পতিগ্রহে আদিয়াছিল।

বোধ করি এই-সকল কারণেই পরেশ স্থলরী যুবতী স্ত্রীকে সম্পূর্ণ নিজের আয়ন্তগম্য বলিয়া বোধ করিতেন না এবং বোধ করি সন্দিগ্ধ স্বভাব তাঁহার একটা ব্যাধির মধ্যে।

পরেশ পশ্চিমে একটি কুদ্র শহরে ওকালতি করিতেন; ঘরে আত্মীয়ন্বজন বড়ো কেহ ছিল না, একাকিনী স্ত্রীর জন্ত তাঁহার চিত্ত উদ্বিগ্ন হইয়া থাকিত। মাঝে মাঝে এক-একদিন হঠাৎ অসময়ে তিনি আদালত হইতে বাড়িতে আসিয়া উপস্থিত হইতেন। প্রথম প্রথম স্বামীর এইরূপ আক্ষিক অভ্যদয়ের কারণ গৌরী ঠিক ব্ঝিতে পারিত না।

মাঝে মাঝে অকারণ পরেশ এক-একটা করিয়া চাকর ছাড়াইয়া দিতে লাগিলেন।
কোনো চাকর তাঁহার আর দীর্ঘকাল পছন্দ হয় না। বিশেষত অস্থবিধার আশহা
করিয়া যে চাকরকে গৌরী রাখিবার জন্ত অধিক আগ্রহ প্রকাশ করিত, তাহাকে
পরেশ এক মৃহুর্ত স্থান দিতেন না। তেজন্বিনী গৌরী ইহাতে যতই আঘাত বোধ
করিত স্থামী ততই অম্বির হইয়া এক-এক সময়ে অডুত ব্যবহার করিতে থাকিতেন।

অবশেষে আত্মসংবরণ করিতে না পারিয়া যথন দাসীকে গোপনে ডাকিয়া পরেশ

নানাপ্রকার দন্দিয় জিজ্ঞাসাবাদ আরম্ভ করিলেন তথন সে-সকল কথা গৌরীর কর্ণগোচর হইতে লাগিল। অভিমানিনী স্বল্পভাষিণী নারী অপমানে আহত সিংহিনীর স্থায় অন্তরে অন্তরে উদ্দীপ্ত হইতে লাগিলেন এবং এই উন্মত্ত সন্দেহ দম্পতির মাঝখানে প্রলয়্থড়গের মতো পড়িয়া উভয়কে একেবারে বিচ্ছিন্ন করিয়া দিল।

পৌরীর কাছে তাঁহার তীত্র সন্দেহ প্রকাশ পাইয়া যখন একবার লজ্জা ভাঙিয়া গেল, তখন পরেশ স্পষ্টতই প্রতিদিন পদে পদে আশক্ষা ব্যক্ত করিয়া স্থীর সহিত কলহ করিতে আরম্ভ করিল এবং গৌরী যতই নিরুত্তর অবজ্ঞা এবং ক্যাঘাতের স্থায় তীক্ষকটাক্ষ ঘারা তাঁহাকে আপাদমন্তক যেন ক্ষতবিক্ষত করিতে লাগিল, ততই তাঁহার সংশয়মন্ততা আরো যেন বাডিবার দিকে চলিল।

এইরপ স্বামীস্থ হইতে প্রতিহত হইয়া পুত্রহীনা তরুণী ধর্মে মন দিল। ছরিসভার নবীন প্রচারক ব্রন্ধচারী প্রমানন্দস্বামীকে ডাকিয়া মন্ত্র লইল এবং তাঁহার নিকট ভাগবতের ব্যাখ্যা শুনিতে আরম্ভ করিল। নারীরদ্যের সমস্ত ব্যর্থ স্নেহ প্রেম কেবল ভক্তি-মাকারে পুরীভূত হইয়া গুরুদেবের পদতলে সমর্পিত হইল।

পরমানন্দের দাধুচরিত্র সম্বন্ধে দেশবিদেশে কাহারে। মনে দংশয়মাত্র ছিল না।
দকলে তাঁহাকে পূজা করিত। পরেশ ইহার দম্বন্ধে মূথ ফুটিয়া দংশয় প্রকাশ করিতে
পারিতেন না বলিয়াই তাহা গুপ্ত ক্ষতের মতো ক্রমশ তাঁহার মর্মের নিকট পর্যন্ত খনন
করিয়া চলিয়াছিল।

একদিন সামান্ত কারণে বিষ উদ্গীরিত হইয়া পড়িল। স্ত্রীর কাছে প্রমানন্দকে উল্লেখ করিয়া 'হৃশ্চরিত্র ভগু' বলিয়া গালি দিলেন এবং কহিলেন, "তোমার শালগ্রাম স্পর্শ করিয়া শপথপূর্ধক বলো দেখি, সেই বকধামিককে তুমি মনে মনে ভালোবাদ না।"

দলিত ফণিনীর তায় মৃহুতের মধ্যেই উদগ্র হইয়া মিথ্যা স্পর্ণা ঘারা স্বামীকে বিদ্ধ করিয়া গৌরী রুদ্ধকণ্ঠে কহিল, "ভালোবাদি, তুমি কী করিতে চাও করো।" পরেশ তৎক্ষণাৎ ঘরে তালাচাবি লাগাইয়া তাহাকে রুদ্ধ করিয়া আদালতে চলিয়া গেল।

অসহ রোবে গৌরী কোনোমতে দার উন্মোচন করাইয়া তৎক্ষণাৎ বাড়ি হইতে বাহির হইয়া গেল।

পরমানন্দ নিভৃত ঘরে জনহীন মধ্যাহ্নে শান্ত্রপাঠ করিতেছিলেন। হঠাৎ অমেঘবাহিনী বিহালতার মতো গৌরী ব্রহ্মচারীর শান্তাধ্যয়নের মাঝখানে আসিয়া ভাঙিয়া পড়িল।

अक कहिलन, "व की।"

শিশু কহিল, "গুরুদেব, অপমানিত সংসার হইতে আমাকে উদ্ধার করিয়া লইয়া চলো, তোমার সেবাব্রতে আমি জীবন উৎসূর্গ করিব।"

পরমানন্দ কঠোর ভ<দনা করিয়া গৌরীকে গৃহে ফিরিয়া পাঠাইলেন। কিছ, হায় গুরুদেব, দেদিনকার সেই অকমাৎ ছিন্নবিচ্ছিন্ন অধ্যয়নস্ত্র আর কি তেমন করিয়া জোড়া লাগিতে পারিল।

পরেশ গৃহে আসিয়া মৃক্রন্বার দেখিয়া স্ত্রীকে জিজ্ঞাসা করিলেন, "এখানে কে আসিয়াছিল।"

স্বী কহিল, "কেহ আসে নাই, আমি গুরুদেবের গৃহে গিয়াছিলাম।" পরেশ মুহূর্তকাল পাংল এবং পরক্ষণেই রক্তবর্ণ হইয়া কহিলেন, "কেন গিয়াছিলে।" গৌরী কহিল, "আমার খুশি।"

সেদিন হইতে পাহারা বদাইয়া স্ত্রীকে ঘরে রুদ্ধ করিয়া পরেশ এমনি উপশ্রব আরম্ভ করিলেন যে শহরময় কুৎদা রটিয়া গেল।

এই-সকল কুৎদিত অপমান ও অত্যাচারের সংবাদে প্রমানন্দের হরিচিন্তা দূর হইয়া গেল। এই নগর অবিলম্বে পরিত্যাগ করা তিনি কর্তব্য বোধ করিলেন, অথচ উৎপীড়িতকে ফেলিয়া কোনোমতেই দূরে যাইতে পারিলেন না। সম্মাসীর এই ক্য়দিনকার দিনরাত্রের ইতিহাস কেবল অন্তর্থামীই জানেন।

অবশেষে অবরোধের মধ্যে থাকিয়া গৌরী একদিন পত্র পাইল, "বংসে, আলোচনা করিয়া দেখিলাম, ইতিপূর্বে অনেক দাধনী দাধকরমণী কৃষ্ণপ্রেম সংদার ত্যাগ করিয়াছেন। যদি সংদারের অত্যাচারে হরিপাদপদ্ম হইতে তোমার চিত্ত বিক্ষিপ্ত হইয়া থাকে, তবে জানাইলে ভগবানের সহায়তায় তাঁহার সেবিকাকে উদ্ধার করিয়া প্রভুর অভয় পদারবিন্দে উৎদর্গ করিতে প্রয়াসী হইব। ২৬শে ফান্ধন ব্ধবারে অপরাহ্ন ২ ঘটিকার দম্ম ইচ্ছা করিলে তোমাদের পুন্ধরিণীতীরে আমার সহিত দাক্ষাৎ হইতে পারিবে।"

গৌরী পত্রথানি কেশে বাঁধিয়া থোঁপার মধ্যে ঢাকিয়া রাখিল। ২৬শে ফাস্কন মধ্যাহে স্নানের পূর্বে চূল খুলিবার সময় দেখিল, চিঠিখানি নাই। হঠাৎ সন্দেহ হইল, হয়তো চিঠিখানি কখন বিছানায় খালিত হইয়া পড়িয়াছে এবং ভাহা তাঁহার স্বামীর হন্তগত হইয়াছে। স্বামী দে পত্র -পাঠে ইবায় দগ্ধ হইতেছে মনে করিয়া গৌরী মনে মনে একপ্রকার জালাময় স্বানন্দ অহভব করিল; কিছু তাহার শিরোভ্যণ পত্রথানি পাষগুহস্তস্পর্শে লাঞ্চিত হইতেছে, এ কল্পনাও তাহার সহু হইল না। ক্রুতপদে স্বামীগৃহে গেল।

দেখিল, স্বামী ভূতলে পড়িয়া গোঁ গোঁ করিতেছে, মুখ দিয়া ফেনা পড়িতেছে, চক্ষতারকা কুপালে উঠিয়াছে। দক্ষিণ বন্ধমৃষ্টি হইতে পত্রখানি ছাড়াইয়া লইয়া তাড়াতাড়ি ডাক্তার ডাকিয়া পাঠাইল।

ভাকার আদিয়া কহিল, আপোপ্লেক্সি— তথন রোগীর মৃত্যু হইয়াছে।

শেইদিন মফস্বলে পরেশের একটি জরুরি মকদ্দমা ছিল। সন্নাদীর এতদ্র পতন হইয়াছিল বে, তিনি সেই সংবাদ লইয়া গৌরীর সহিত সাক্ষাতের জন্ত প্রস্তুত হইয়াছিলেন।

স্থাবিধবা গৌরী যেমন বাতায়ন হইতে গুরুদেবকে চোরের মতো পুছরিণীর তটে দেখিল, তৎক্ষণাং বজ্রচকিতের ন্থায় দৃষ্টি অবনত করিল। গুরু যে কোথা হইতে কোথায় নামিয়াছেন, তাহা যেন বিহ্যতালোকে সহসা এই মূহুর্তে তাহার হৃদয়ে উদ্ভাদিত হইয়া উঠিল।

গুরু ডাকিলেন, "গৌরী।"

গৌরী কহিল, "আসিতেছি, গুরুদেব।"

মৃত্যুসংবাদ পাইয়া পরেশের বন্ধুগণ যথন সংকারের জন্ম উপস্থিত হইল, দেখিল, গৌরীর মৃতদেহ স্বামীর পার্শে শ্রান। সে বিষ থাইয়া মরিয়াছে। আধুনিক কালে এই আশ্চর্য সহমরণের দৃষ্টান্তে সতীমাহাত্ম্যে সকলে গুস্তিত হইয়া গেল।

ভাবিণ ১৩০৭

## হুৰ্বু, দ্ধি

ভিটা ছাড়িতে হইল। কেমন করিয়া, তাহা খোলদা করিয়া বলিব না, আভাদ দিব মাত্র।

আমি পাড়াগেঁয়ে নেটিভ ডাক্তার, পুলিদের থানার সম্মুখে আমার বাড়ি।
ধমরাজের সহিত আমার যে পরিমাণ আহুগত্য ছিল দারোগাবাবুদের সহিত তাহা
অপেকা কম ছিল না, স্তরাং নর ও নারায়ণের ধারা মাহুষের যত বিবিধ রক্ষের
পীড়া ঘটিতে পারে তাহা আমার স্থগোচর ছিল। যেমন মণির ধারা বলয়ের এবং
বলয়ের ধারা মণির শোভা বৃদ্ধি হয় তেমনি আমার মধ্যস্থতায় দারোগার এবং
দারোগার মধ্যস্থতায় আমার উত্তরোত্তর আর্থিক শীবৃদ্ধি ঘটিতেছিল।

এই-সকল ঘনিষ্ঠ কারণে হাল নিয়মের কৃতবিদ্য দারোগা ললিত চক্রবর্তীর সঙ্গে

আমার একটু বিশেষ বন্ধুছ ছিল। তাঁহার একটি অরক্ষণীয়া আত্মীয়া কন্তার সহিত বিবাহের জন্ত মাঝে মাঝে অন্ধরোধ করিয়া আমাকেও প্রায় তিনি অরক্ষণীয় করিয়া তুলিয়াছিলেন। কিন্তু, শনী আমার একমাত্র কন্তা, মাতৃহীনা, তাহাকে বিমাতার হাতে সমর্পণ করিতে পারিলাম না। বর্ষে বর্ষে নৃতন পঞ্জিকার মতে বিবাহের কত ভঙ্জাই ব্যর্থ হইল। আমারই চোথের সম্মুথে কত যোগ্য এবং অযোগ্য পাত্র চতৃর্দোলায় চড়িল, আমি কেবল বর্ষাত্রীর দলে বাহিরবাড়িতে মিষ্টান্ন খাইয়া নিশাস ফেলিয়া বাডি ফিরিয়া আদিলাম।

শনীর বয়স বারো হইয়া প্রায় তেরোয় পড়ে। কিছু স্থবিধামত টাকার জোগাড় করিতে পারিলেই মেয়েটিকে একটি বিশিষ্ট বড়োঘরে বিবাহ দিতে পারিব, এমন আশা পাইয়াছি। সেই কর্মটি শেষ করিতে পারিলে অবিলম্বে আর-একটি শুভকর্মের আয়োজনে মনোনিবেশ করিতে পারিব।

সেই অত্যাবশুক টাকাটার কথা ধ্যান করিতেছিলাম, এমন সময় তুলসীপাড়ার হরিনাথ মজুমদার আসিয়া আমার পায়ে ধরিয়া কাঁদিয়া পড়িল। কথাটা এই, তাহার বিধবা কলা রাত্রে হঠাৎ মারা গিয়াছে, শত্রুপক্ষ গর্ভপাতের অপবাদ দিয়া দারোগার কাছে বেনামি পত্র লিথিয়াছে। এক্ষণে পুলিস তাহার মৃতদেহ লইয়া টানাটানি করিতে উন্থত।

দত্য কন্তাশোকের উপর এতবড়ো অপমানের আঘাত তাহার পক্ষে অসহ হইয়াছে। আমি ডাক্তারও বটে, দারোগার বন্ধুও বটে, কোনোমতে উদ্ধার করিতে হইবে।

লক্ষী যথন ইচ্ছা করেন তথন এমনি করিয়াই কথনো সদর কথনো থিড়কি দরজা দিয়া অনাহত আসিয়া উপস্থিত হন। আমি ঘাড় নাড়িয়া বলিলাম, "ব্যাপারটা বড়ো গুরুতর।" ত্টো-একটা কল্পিড উদাহরণ প্রয়োগ করিলাম, কম্পামান বৃদ্ধ হরিনাথ শিশুর মতো কাঁদিতে লাগিল।

বিস্তারিত বলা বাহুল্য, কন্তার অস্ত্যেষ্টিসংকারের স্থোগ করিতে হরিনাথ ফতুর হইয়া গেল।

আমার কন্যা শশী করুণ স্বরে আদিয়া জিজ্ঞাদা করিল, "বাবা, ঐ বুড়ো ভোমার পায়ে ধরিয়া কেন অমন করিয়া কাঁদিতেছিল।" আমি তাহাকে ধমক দিয়া বলিলাম, "ধা যা, তোর এত থবরে দরকার কী।"

এইবার সংপাত্তে কতাদানের পথ স্থপ্রশন্ত হইল। বিবাহের দিন স্থির হইয়া গেল। একমাত্র কন্তার বিবাহ, ভোজের আয়োজন প্রচুর করিলাম। বাড়িতে গৃহিণী নাই, প্রতিবেশীরা দয়া করিয়া আমাকে সাহায্য করিতে আসিল। সর্বস্থান্ত ক্বতজ্ঞ হরিনাথ দিনরাত্রি থাটিতে লাগিল।

গায়ে-হল্দের দিনে রাত তিনটার সময় হঠাৎ শশীকে ওলাউঠায় ধরিল। রোগ উত্তরোত্তর কঠিন হইয়া উঠিতে লাগিল। অনেক চেটার পর নিজল ঔষধের শিশিগুলা ভূতলে ফেলিয়া ছুটিয়া গিয়া হরিনাথের পা জড়াইয়া ধরিলাম। কহিলাম, "মাপ করো দাদা, এই পাষ্ণুকে মাপ করো। আমার একমাত্র কন্তা, আমার আর কেহ নাই।"

হরিনাথ শশব্যন্ত হইয়া কহিল, "ডাক্তারবাবু, করেন কী, করেন কী। আপনার কাছে আমি চিরঝণী, আমার পায়ে হাত দিবেন না।"

আমি কহিলাম, "নিরপরাধে আমি তোমার সর্বনাশ করিয়াছি, সেই পাপে আমার কন্তা মরিতেছে।"

এই বলিয়া সর্বলোকের সমক্ষে আমি চীৎকার করিয়া বলিলাম, "ওগো, আমি এই বৃদ্ধের সর্বনাশ করিয়াছি, আমি তাহার দণ্ড লইতেছি, ভগবান আমার শনীকে রক্ষা কর্মন।"

বলিয়া হরিনাথের চটিজ্তা খুলিয়া লইয়া নিজের মাথায় মারিতে লাগিলাম, বুদ্ধ ব্যক্তসমন্ত হইয়া আমার হাত হইতে জুতা কাড়িয়া লইল।

প্রদিন দশটা-বেলায় গায়ে-হল্দের হরিপ্রাচিহ্ন লইয়া শশী ইহসংসার হইতে চিরবিদায় গ্রহণ করিল।

তাহার পরদিনেই দারোগাবাবু কহিলেন, "ওহে আর কেন, এইবার বিবাহ করিয়া ফেলো। দেখালনার তো একজন লোক চাই ?"

মাহ্নের মর্মান্তিক দুঃখণোকের প্রতি এরপ নিষ্ঠুর অপ্রকাশয়তানকেও শোভা পায় না। কিন্তু, নানা ঘটনায় দারোগার কাছে এমন মহুয়াখের পরিচয় দিয়াছিলাম বে, কোনো কথা বলিবার মুখ ছিল না। দারোগার বন্ধুত্ব সেই দিন যেন আমাকে চাবুক মারিয়া অপ্যান করিল।

হৃদয় যতই ব্যথিত থাক্, কর্মচক্র চলিতেই থাকে। আগেকার মতোই ক্ষ্ধার আহার, পরিধানের বন্ধ, এমন-কি, চুলার কাষ্ঠ এবং জুতার ফিতা পর্যন্ত পরিপূর্ণ উভ্যমে নিয়মিত সংগ্রহ করিয়া ফিরিতে হয়।

কাজের অবকাশে ষথন একলা ঘরে আসিয়া বসিয়া থাকি তথন মাঝে মাঝে কানে সেই করণ কণ্ঠের প্রশ্ন বাজিতে থাকে, "বাবা, ঐ বুড়ো তোমার পায়ে ধরিয়া কেন অমন করিয়া কাঁদিতেছিল।" দরিস্র হরিনাথের জীর্ণ ঘর নিজের ব্যয়ে ছাইয়া দিলাম, স্মামার হ্রবতী গাভীটি তাহাকে দান করিলাম, তাহার বন্ধকি জোতজ্মা মহাজনের হাত হইতে উদ্ধার করিয়া দিলাম।

কিছুদিন সভশোকের ত্রুসহ বেদনায় নির্জন সন্ধ্যায় এবং অনিদ্র রাজে কেবলই মনে হইত, আমার কোমলহাদয়া মেয়েটি সংসারলীলা শেষ করিয়াও তাহার বাপের নিষ্ঠ্র ত্বন্ধর্মে পরলোকে কোনোমতেই শাস্তি পাইতেছে না। সে ষেন ব্যথিত হইয়া কেবলই আমাকে প্রশ্ন করিয়া ফিরিতেছে, বাবা, কেন এমন করিলে।

কিছুদিন এমনি হইয়াছিল, গরিবের চিকিৎসা করিয়া টাকার জক্ত তাগিদ করিতে পারিতাম না। কোনো ছোটো মেয়ের ব্যামো হইলে মনে হইত আমার শশীই যেন পল্লীর সমস্ত রুগ্না বালিকার মধ্যে রোগ ভোগ করিতেছে।

তখন পুরা বর্ধায় পল্লী ভাসিয়া গেছে। ধানের থেত এবং গৃহের অঙ্গনপার্য দিয়া নৌকায় করিয়া ফিরিতে হয়। ভোররাত্রি হইতে বৃষ্টি শুক্ত হইয়াছে, এখনো বিরাম নাই। ক্রমিদারের কাছারিবাড়ি হইতে আমার ডাক পড়িয়াছে। বাবুদের পান্দির মাঝি

সামান্ত বিলম্বটুকু সহু করিতে না পারিয়া উদ্ধত হইয়া উঠিবার উপক্রম করিতেছে।

ইতিপূর্বে এরূপ ঘূর্যোগে যথন আমাকে বাহির হইতে হইত তথন একটি লোক ছিল যে আমার পুরাতন ছাতাটি খুলিয়া দেখিত তাহাতে কোথাও ছিন্ত আছে কি না, এবং একটি ব্যগ্র কণ্ঠ বাদলার হাওয়া ও বৃষ্টির ছাঁট হইতে স্থত্বে আত্মরক্ষা করিবার জন্ম আমাকে বারম্বার সতর্ক করিয়া দিত। আজ শৃক্ত নীরব গৃহ হইতে নিজের ছাতা নিজে সন্ধান করিয়া লইয়া বাহির হইবার সময় তাহার সেই স্লেহময় মৃথথানি শ্বরণ করিয়া একটুথানি বিলম্ব হইতেছিল। তাহার রুদ্ধ শয়নঘরটার দিকে তাকাইয়া ভাবিতেছিলাম, যে লোক পরের ছংথকে কিছুই মনে করে না তাহার স্থথের জন্ম ভগবান ঘরের মধ্যে এত স্থেহের আয়োজন কেন রাখিবেন। এই ভাবিতে ভাবিতে সেই শৃক্ত ঘরটার দরজার কাছে আসিয়া বৃকের মধ্যে হু হু করিতে লাগিল। বাহিরে বড়োলোকের ভৃত্যের তর্জনম্বর শুনিয়া তাড়াতাড়ি শোক সংবরণ করিয়া বাহির হইয়া পড়িলাম।

নৌকায় উঠিবার সময় দেখি, থানার ঘাটে ডোঙা বাঁধা, একজন চাষা কৌপীন পরিয়া বৃষ্টিতে ভিজিতেছে। আমি জিপ্তাদা করিলাম, "কী রে।" উত্তরে শুনিলাম, গতরাত্রে তাহার কল্যাকে সাপে কাটিয়াছে, থানায় রিপোর্ট করিবার জল্ম হতভাগ্য তাহাকে দ্রগ্রাম হইতে বহিয়া আনিয়াছে। দেখিলাম, সে তাহার নিজের একমাত্র গাত্রবন্ধ খুলিয়া মৃতদেহ ঢাকিয়া রাথিয়াছে। জমিদারি কাছারির অসহিষ্ণু মাঝি নৌকা ছাডিয়া দিল।

বেলা একটার সময় বাজি ফিরিয়া আসিয়া দেখি, তথনো সেই লোকটা বুকের কাছে হাত পা গুটাইয়া বসিয়া বসিয়া ভিজিতেছে; দারোগাবাবুর দর্শন মেলে নাই। আমি তাহাকে আমার রন্ধন-অন্নের এক অংশ পাঠাইয়া দিলাম। সে তাহা ছুঁইল না।

তাড়াতাড়ি আহার সারিয়া কাছারির রোগীর তাগিদে পুনর্বার বাহির হইলাম। সন্ধ্যার সময় বাড়ি ফিরিয়া দেখি তথনো লোকটা একেবারে অভিভূতের মতো বিসয়া আছে। কথা জিজ্ঞাদা করিলে উত্তর দিতে পারে না, মুথের দিকে তাকাইয়া থাকে। এখন তাহার কাছে, এই নদী, এই গ্রাম, এই থানা, এই মেঘাচ্ছন্ন আর্দ্র পিন্ধিল পৃথিবীটা স্বপ্রের মতো। বারমার প্রশ্নের বারা জানিলাম, একবার একজন কন্স্টেবল আদিয়া জিজ্ঞাদা করিয়াছিল, ট ্যাকে কিছু আছে কি না। সে উত্তর করিয়াছিল, সে নিতান্তই গরিব, তাহার কিছু নাই। কন্স্টেবল বলিয়া গেছে, "থাক্ বেটা, তবে এখন বিদয়া থাক্।"

এমন দৃশ্য পূর্বেও অনেকবার দেখিয়াছি, কখনো কিছুই মনে হয় নাই। আজ কোনোমতেই সহ্য করিতে পারিলাম না। আমার শশীর করুণা-গদ্গদ অব্যক্ত কণ্ঠ সমন্ত বাদলার আকাশ জুড়িয়া বাজিয়া উঠিল। ওই কন্তাহারা বাক্যছীন চাষার অপরিমেয় ত্বংথ আমার ব্কের পাঁজরগুলাতে যেন ঠেলিয়া উঠিতে লাগিল।

দারোগাবাবু বেতের মোড়ায় বিদয়া আরামে গুড়গুড়ি টানিতেছিলেন। তাঁহার কল্যাদায়গ্রন্থ আত্মীয় মেসোটি আমার প্রতি লক্ষ করিয়াই সম্প্রতি দেশ হইতে আসিয়াছেন; তিনি মাছরের উপর বিসয়া গল্প করিয়াই সম্প্রতি দেশ হইতে আসিয়াছেন; তিনি মাছরের উপর বিসয়া গল্প করিছেছিলেন। আমি একদমে ঝড়ের বেগে সেখানে উপস্থিত হইলাম। চীৎকার করিয়া বলিলাম, "আপনারা মাছ্ম্ম না পিশাচ?" বলিয়া আমার সমস্ত দিনের উপার্জনের টাকা ঝনাৎ করিয়া তাহার সম্মুথে ফেলিয়া দিয়া কহিলাম, "টাকা চান তো এই নিন, যথন মরিবেন সঙ্গে লইয়া য়াইবেন; এখন এই লোকটাকে ছুটি দিন, ও কল্ঠার সংকার করিয়া আস্ক্ষ।"

বহু উৎপীড়িতের অশ্রুসেচনে দারোগার সহিত ডাব্রুগরের যে প্রণয় বাড়িয়া উঠিয়াছিল, তাহা এই ঝড়ে ভূমিশাং হইয়া গেল।

অনতিকাল পরে দারোগার পায়ে ধরিয়াছি, তাঁহার মহদাশয়তার উল্লেখ করিয়া অনেক স্বতি এবং নিজের বৃদ্ধিভ্রংশ লইয়া অনেক আত্মধিকার প্রয়োগ করিয়াছি, কিন্তু শেষটা ভিটা ছাড়িতে হইল।

#### ফেল

ল্যাজা এবং মুড়া, রাছ এবং কেতু, পরস্পরের সঙ্গে আড়াআড়ি করিলে ঘেমন দেখিতে হইত এও ঠিক সেইরকম। প্রাচীন হালদার বংশ তুই থণ্ডে পৃথক হইয়া প্রকাণ্ড বদত-বাড়ির মাঝখানে এক ভিত্তি তুলিয়া পরস্পর পিঠাপিঠি করিয়া বদিয়া আছে; কেহ কাহারো মুখদর্শন করে না।

নবগোপালের ছেলে নলিন এবং ননীগোপালের ছেলে নন্দ একবংশজাত, একবয়নি, এক ইস্কুলে যায় এবং পারিবারিক বিছেষ ও রেষারেষিতেও উভয়ের মধ্যে সম্পূর্ণ ঐক্য।

নলিনের বাপ নবগোপাল অত্যস্ত কড়া লোক। ছেলেকে হাঁপ ছাড়িতে দিতেন না, পড়ান্তনা ছাড়া আর কথা ছিল না। খেলা খাত ও সাজসজ্জা সম্বন্ধে ছেলের সর্বপ্রকার শথ তিনি থাতাপত্র ও ইস্কুল-বইয়ের নীচে চাপিয়া রাথিয়াছিলেন।

নন্দর বাপ ননীগোপালের শাসনপ্রণালী অত্যন্ত শিথিল ছিল। মা তাহাকে অত্যন্ত ফিট্ফাট্ করিয়া সাজাইয়া ইন্ধুলে পাঠাইতেন, আনা-তিনেক জলপানিও সঙ্গেদিতেন; নন্দ ভাজা মসলা ও কুলপির বরফ, লাঠিম ও মার্বলগুলিকা ইচ্ছামত ভোগবিতরণের দ্বারা যশস্বী হইয়া উঠিয়াছিল।

মনে মনে পরাভব অমুভব করিয়া নলিন কেবলই ভাবিত, নন্দর বাবা যদি আমার বাবা হইত এবং আমার বাবা যদি নন্দর পিতৃষান অধিকার করিত, তাহা চইলে নন্দকে মজা দেখাইয়া দিতাম।

কিন্ত, সেরপ অ্যোগ ঘটিবার পূর্বে ইতিমধ্যে নন্দ বৎসরে বৎসরে প্রাইজ পাইতে লাগিল; নলিন রিক্তহন্তে বাড়ি আসিয়া ইন্ধুলের কর্তৃপক্ষদের নামে পক্ষপাতের অপবাদ দিতে লাগিল। বাপ তাহাকে অন্ত ইন্ধুলে দিলেন, বাড়িতে অন্ত মাস্টার রাখিলেন, ঘুমের সময় হইতে একঘণ্টা কাটিয়া পড়ার সময়ে যোগ করিলেন, কিন্তু ফলের তারতম্য হইল না। নন্দ পাস করিতে করিতে বি. এ. উত্তীর্ণ হইয়া গেল, নলিন ফেল করিতে করিতে এন্ট্রান্দ্ ক্লাসে জাঁতিকলের ইত্রের মতো আটকা পড়িয়া রহিল।

এমন সময় তাহার পিতা তাহার প্রতি দয়া করিলেন। তিনি মরিলেন। তিন বংসর মেয়াদ খাটিয়া এন্টান্স ক্লাস হইতে তাহার মৃক্তি হইল এবং খাধীন নলিন আংটি বোতাম ঘড়ির-চেনে আতোপাস্ত ঝক্মক্ করিয়া নলকে নিরতিশয় নিশ্রত করিয়া দিবার চেষ্টা করিতে লাগিল। এন্টান্স্ ফেলের জুড়ি চৌঘুড়ি বি. এ. পাসের একদোড়ার গাড়িকে অনামানে ছাড়াইয়া যাইতে লাগিল; বিশ্ববিদ্যালয়ের ডিগ্রি ওয়েলার ঘোড়ার সহিত সমান চালে চলিতে পারিল না।

এ দিকে নলিন এবং নন্দের বিবাহের জন্ম পাত্রীর সন্ধান চলিতেছে। নলিনের প্রতিজ্ঞা, সে এমন কল্পা বিবাহ করিবে যাহার উপমা মেলা ভার, তাহার জুড়ি এবং তাহার স্ত্রীর কাছে নন্দকে হার মানিতেই হইবে।

দবচেয়ে ভালোর জন্ম যাহার আকাজ্ঞা, অনেক ভালো তাহাকে পরিত্যাগ করিতে হয়। কাছাকাছি কোনো মেয়েকেই নলিন পছন্দ করিয়া খতম করিতে সাহ্দ করিল না; পাছে আরো ভালো তাহাকে ফাঁকি দিয়া আর-কাহারো ভাগ্যে জোটে।

অবশেষে খবর পাওয়া গেল, রাওলপিগুতে এক প্রবাসী বাঙালির এক পরমাস্থলরী মেয়ে আছে। কাছের স্থলরীর চেয়ে দ্রের স্থলরীকে বেশি লোভনীয় বলিয়া মনে হয়। নলিন মাতিয়া উঠিল, খরচপত্র দিয়া কছাকে কলিকাতায় আনানো হইল। কছাটি স্থলরী বটে। নলিন কহিল, "যিনি ষাই কয়ন, ফস্ করিয়া রাওলপিগু ছাড়াইয়া যাইবেন এমন সাধ্য কাহারো নাই। অস্তত এ কথা কেহ বলিতে পারিবেন না বে, এ মেয়ে তো আমরা পূর্বেই দেখিয়াছিলাম, পছল হয় নাই বলিয়া সম্বন্ধ করি নাই।"

কথাবার্তা তো প্রায় একপ্রকার স্থির, পানপত্তের আয়োজন হইতেছে, এমন সময় একদিন প্রাতে দেখা গেল, ননীগোপালের বাড়ি হইতে বিচিত্র থালার উপর বিবিধ উপঢৌকন লইয়া দাসীচাকরের দল সার বাঁধিয়া চলিয়াছে।

নলিন কহিল, "দেখে এসো তো হে, ব্যাপারখানা কী।"

খবর আদিল, নন্দর ভাবী বধ্র জন্ত পানপত্র যাইতেছে।

নলিন তৎক্ষণাৎ গুড়গুড়ি টানা বন্ধ করিয়া সচকিত হইয়া উঠিয়া বসিল; বলিল, "ধবর নিতে হচ্ছে তো।"

তৎক্ষণাৎ গাড়ি ভাড়া করিয়া ছড় ছড় শব্দে দৃত ছুটিল। বিপিন হাজরা ফিরিয়া আসিয়া কহিল, "কলকাতার মেয়ে, কিন্তু খাসা মেয়ে।"

निलानत त्क मिश्रा राज, करिन, "तन की रह।"

হাজরা কেবলমাত্র কহিল, "খাদা মেয়ে।"

নলিন বলিল, "এ তো দেখতে হচ্ছে।"

পারিষদ বলিল, "সে আর শক্তটা কী!" বলিয়া তর্জনী ও অঙ্গুঠে একটা কাল্পনিক টাকা বাজাইয়া দিল। স্থোগ করিয়া নলিন মেয়ে দেখিল। যতই মনে হইল, এ মেয়ে নন্দর জয়ত একেবারে স্থির হইয়া গেছে ততই বোধ হইতে লাগিল, মেয়েটি রাওলপিওজার চেয়ে ভালো দেখিতে। বিধাপীড়িত হইয়া নলিন পারিষদকে জিজ্ঞাসা করিল, "কেমন ঠেকছে হে।"

হাজরা কহিল, "আজে, আমাদের চোথে তো ভালোই ঠেকছে।" নলিন কহিল, "সে ভালো কি এ ভালো।" হাজরা বলিল, "এ-ই ভালো।"

তথন নলিনের বোধ হইল, ইহার চোথের পল্লব তাহার চেয়ে আরো একটু খেন খন; তাহার রঙটা ইহার চেয়ে একটু খেন বেশি ফ্যাকাশে, ইহার গৌরবর্ণে একটু খেন হলদে আভায় সোনা মিশাইয়াছে। ইহাকে তো হাতছাড়া করা যায় না।

নলিন বিমর্গভাবে চিত হইয়া গুড়গুড়ি টানিতে টানিতে কহিল, "ওহে হাজরা, কী করা যায় বলো তো।"

হাজরা বলিল, "মহারাজ, শক্তটা কী।" বলিয়া পুনশ্চ অঙ্গুঠে তর্জনীতে কাল্পনিক টাকা বাজাইয়া দিল।

টাকাটা যখন সভাই দশব্দে বাজিয়া উঠিল তথন যথোচিত ফল হইতে বিলম্ব হইল না। কন্তার পিতা একটা অকারণ ছুতা করিয়া বরের পিতার সহিত তুমূল ঝগড়া বাধাইলেন। বরের পিতা বলিলেন, "তোমার কন্তার সহিত আমার পুত্তের যদি বিবাহ দিই তবে—" ইত্যাদি, ইত্যাদি।

কস্তার পিতা আরো একগুণ অধিক করিয়া বলিলেন, "তোমার পুত্তের সহিত আমার কন্তার যদি বিবাহ দিই তবে—" ইত্যাদি, ইত্যাদি।

অতঃপর আর বিলম্ব মাত্র না করিয়া নলিন নন্দকে ফাঁকি দিয়া শুভলয়ে শুভবিবাহ সম্বর সম্পন্ন করিয়া ফেলিল। এবং হাসিতে হাসিতে হাজরাকে বলিল, "বি. এ. পাস করা তো একেই বলে। কী বলো হে হাজরা। এবারে আমাদের ও বাড়ির বড়োবাবু ফেল।"

অনতিকাল পরেই ননীগোপালের বাড়িতে একদিন ঢাক ঢোল সানাই বাজিয়া উঠিল। নন্দর গায়ে হলুদ।

নলিন কহিল, "ওহে হাজরা, খবর লও তো পাত্রীট কে।" হাজরা আদিয়া খবর দিল, পাত্রীট সেই রাওলপিণ্ডির মেয়ে।

রাওলপিণ্ডির মেয়ে! হাঃ হাঃ হাঃ। নলিন অত্যন্ত হাসিতে লাগিল। ও বাড়ির

বড়োবাবু আর কলা পাইলেন না, আমাদেরই পরিত্যক্ত পাত্রীটিকে বিবাহ করিতেছেন। হাজরাও বিশুর হাদিল।

কিছ, উত্তরোত্তর নলিনের হাসির আর জোর রহিল না। তাহার হাসির মধ্যে কীট প্রবেশ করিল। একটি কুল সংশয় তীক্ষ স্বরে কানে কানে বলিতে লাগিল, 'আহা, হাতছাড়া হইয়া গেল। শেষকালে নন্দর কপালে জুটিল।' কুল সংশয় ক্রমশই রক্তফীত জোঁকের মতো বড়ো হইয়া উঠিল, তাহার কণ্ঠস্বরপ্ত মোটা হইল। সে বলিল, 'এখন আর কোনোমতেই ইহাকে পাওয়া ষাইবে না, কিছু আসলে ইহাকে দেখিতে ভালো। ভারি ঠিকিয়াছ।'

অন্ত:পুরে নলিন যথন থাইতে গেল তখন তাহার স্ত্রীর ছোটোখাটো সমস্ত খুঁত মস্ত হইয়া তাহাকে উপহাদ করিতে লাগিল। মনে হইতে লাগিল, স্ত্রীটা তাহাকে ভয়ানক ঠকাইয়াছে।

রাওলপিণ্ডিতে যথন সহন্ধ হইতেছিল তথন নলিন সেই কলার যে ফোটো পাইয়াছিল, সেইথানি বাহির করিয়া দেখিতে লাগিল। "বাহবা, অপরূপ রূপমাধুরী। এমন লক্ষীকে হাতে পাইয়া ঠেলিয়াছি, আমি এত বড়ো গাধা।"

বিবাহসন্ধ্যায় আলো জালাইয়া বাজনা বাজাইয়া জুড়িতে চড়িয়া বর বাহির হইল।
নলিন শুইয়া পড়িয়া গুড়গুড়ি হইতে যংসামাক্ত সান্ধনা আকর্ষণের নিক্ষল চেষ্টা
করিতেছে এমন সময় হাজরা প্রসন্নবদনে হাসিতে হাসিতে আসিয়া নন্দকে লক্ষ্য
করিয়া পরিহাস জ্মাইবার উপক্রম করিল।

निन रांकिन, "मुद्रायान !"

হাজরা তটম্ব হইয়া দরোয়ানকে ডাকিয়া দিল।

বাবু হাজরাকে দেখাইয়া দিয়া কহিল, "অব্হি ইস্কো কান পকড়কে বাহার নিকাল দো।"

আখিন ১৩০৭

## শুভদৃষ্টি

কান্তিচন্দ্রের বয়স অল্প, তথাপি জ্বীবিয়োণের পর দ্বিতীয় স্ত্রীর অন্ত্রসন্ধানে ক্ষান্ত থাকিয়া পশুপক্ষী-শিকারেই মনোনিবেশ করিয়াছেন। দীর্ঘ রুশ কঠিন লঘু শরীর, তীক্ষ দৃষ্টি, অব্যর্থ লক্ষ্য, সাজসজ্জায় পশ্চিমদেশীর মতো; সঙ্গে সঙ্গে কুন্তিগির হীরা সিং, ছক্কনলাল, এবং গাইয়ে বাজিয়ে থাঁসাহেব, মিঞাসাহেব অনেক ফিরিয়া থাকে; অক্র্মণ্য অন্তর্নপরিচরেরও অভাব নাই।

ত্বই-চারিজন শিকারী বন্ধুবান্ধব লইয়া অন্তানের মাঝামাঝি কান্তিচন্দ্র নৈদিখির বিলের ধারে শিকার করিতে গিয়াছেন। নদীতে ত্ইটি-বড়ো বোটে তাঁহাদের বাস, আরো গোটা-তিনচার নৌকায় চাকরবাকরের দল গ্রামের ঘাট ঘিরিয়া বিদিয়া আছে। গ্রামবধ্দের জল তোলা, স্নান করা প্রায় বন্ধ। সমস্ত দিন বন্দুকের আওয়াজে জলম্বল কম্পানান, সন্ধ্যাবেলায় ওস্তাদি গলায় তানকর্তবে পল্লীর নিজাতন্দ্রা তিরোহিত।

একদিন সকালে কান্তিচন্দ্র বোটে বিসিয়া বন্দুকের চোঙ স্বাত্ত্ব স্বহস্তে পরিষ্কার করিতেছেন, এমন সময় অনতিদ্রে হাঁদের ডাক শুনিয়া চাহিয়া দেখিলেন, একটি বালিকা তুই হাতে তুইটি তরুণ হাঁদ বক্ষে চাপিয়া ধরিয়া ঘাটে আনিয়াছে। নদীটি ছোটো, প্রায় স্বোতহীন, নানাজাতীয় শৈবালে ভরা। বালিকা হাঁদ হুইটিকে জলে ছাড়িয়া দিয়া একেবারে আয়ত্তের বাহিরে না যায় এইভাবে ত্রন্তমন্তর্ক স্নেহে তাহাদের আগলাইবার চেটা করিতেছে। এটুকু বুঝা গেল, অন্ত দিন সে তাহার হাঁদ জলে ছাড়িয়া দিয়া চলিয়া ঘাইত, কিন্তু স্প্রাতি শিকারীর ভয়ে নিশ্চিন্ত চিত্তে রাখিয়া যাইতে পারিতেছে না।

মেয়েটির সৌন্দর্য নিরভিশয় নবীন, খেন বিশ্বক্মা তাহাকে সভা নির্মাণ করিয়া ছাড়িয়া দিয়াছেন। বয়স ঠিক করা শক্ত। শরীরটি বিকশিত কিন্তু মুখটি এমন কাঁচা যে, সংসার কোথাও যেন তাহাকে লেশমাত্র স্পর্শ করে নাই। সে যে যৌবনে পা ফেলিয়াছে এখনো নিজের কাছে সে থবরটি তাহার পৌছে নাই।

কান্তিচন্দ্র কণকালের জন্ত বন্দৃক সাফ করায় ঢিল দিলেন। তাঁহার চমক লাগিয়া গেল। এমন জায়গায় এমন মুখ দেখিবেন বলিয়া কথনো আশা করেন নাই। অথচ, রাজার অন্তঃপুরের চেয়ে এই জায়গাতেই এই মুখখানি মানাইয়াছিল। সোনার ফুলদানির চেয়ে গাছেই ফুলকে সাজে। সেদিন শরতের শিশিরে এবং প্রভাতের রৌজে নদীতীরের বিকশিত কাশবনটি ঝলমল করিতেছিল, তাহারই মধ্যে দেই সরল নবীন মুখখানি কান্টিচন্দ্রের মুগ্ধ চক্ষে আখিনের আদর আগমনীর একটি আনন্দছবি আঁকিয়া দিল। মন্দাকিনীতীরে তরুণ পার্বতী কখনো কখনো এমন হংসশিশু বক্ষে লইয়া আদিতেন, কালিদাদ দে কথা লিখিতে ভূলিয়াছেন।

এমন সময় হঠাৎ মেয়েটি ভীতত্ত্বস্ত হইয়া কাঁদোকাঁদো ম্থে তাড়াতাড়ি হাঁদ-ছটিকে ব্বে তুলিয়া লইয়া অব্যক্ত আর্তস্বরে ঘাট ত্যাগ করিয়া চলিল। কাস্তিচন্দ্র কারণসন্ধানে বাহিরে আদিয়া দেখিলেন, তাঁহার একটি রিদক পারিষদ কৌতুক করিয়া বালিকাকে ভয় দেখাইবার জক্ত হাঁদের দিকে ফাঁকা বন্দুক লক্ষ করিতেছে। কাস্তিচন্দ্র পশ্চাৎ হইতে বন্দুক কাড়িয়া লইয়া হঠাৎ তাহার গালে সশব্দে প্রকাণ্ড একটি চপেটাঘাত করিলেন, অকমাৎ রসভঙ্গ হইয়া লোকটা সেইখানে ধপ্ করিয়া বিদয়া পড়িল। কাস্তি পুনরায় কামরায় আদিয়া বন্দুক সাফ করিতে লাগিলেন।

সেইদিন বেলা প্রহর-তিনেকের সময় গ্রামপথের ঘনচ্ছায়ার মধ্য দিয়া শিকারীর দল শস্তক্ষেত্রের দিকে চলিয়াছিল। তাহাদের মধ্যে একজন বন্দুকের আওয়ান্ধ করিয়া দিল। কিছু দূরে বাঁশঝাড়ের উপর হইতে কী একটা পাথি আহত হইয়া ঘূরিতে ঘূরিতে ভিতরের দিকে পড়িয়া গেল।

কৌতৃহলী কান্তিচন্দ্র পাথির সন্ধানে ঝোপঝাড় ভেদ করিয়া ভিতরে গিয়া দেখিলেন, একটি সক্তল গৃহস্বয়র, প্রাঙ্গণে সারি সারি ধানের গোলা। পরিচ্ছন্ন বৃহৎ গোয়ালঘরের কুলগাছতলায় বসিয়া সকালবেলাকার সেই মেয়েটি একটি আহত ঘৃ্যু বুকের কাছে তুলিয়া উচ্চুসিত হইয়া কাঁদিতেছে এবং গামলার জলে অঞ্চল ভিজাইয়া পাথির চঞ্চুপুটের মধ্যে জল নিংড়াইয়া দিতেছে। পোষা বিড়ালটা তাহার কোলের উপর ছই পা তুলিয়া উর্ধ্বম্বে ঘৃ্ছ্টির প্রতি উৎস্ক দৃষ্টিপাত করিতেছে; বালিকা মধ্যে মধ্যে তাহার নাসিকাগ্রভাগে তর্জনী-আঘাত করিয়া লুক জন্তর অতিরিক্ত আগ্রহ

পলীর নিশুক মধ্যাহে একটি গৃহস্থান্তণের সচ্ছল শান্তির মধ্যে এই করুণচ্ছবি এক মৃহুর্তেই কান্তিচন্দ্রের হদয়ের মধ্যে আঁকা হইয়া গেল। বিরলপলব গাছটির ছায়া ও রৌজ বালিকার ক্রোড়ের উপর আদিয়া পড়িয়াছে; অদ্রে আহারপরিভৃপ্ত পরিপৃষ্ট গাভী আলত্যে মাটিতে বিদিয়া শৃঙ্গ ও পৃচ্ছ -আন্দোলনে পিঠের মাছি তাড়াইতেছে; মাঝে মাঝে বাঁশের ঝাড়ে ফিস্ ফিস্ কথার মতো নৃতন উত্তরবাতাদের খস্ খস্ শস্ক উঠিতেছে। সেদিন প্রভাতে নদীতীরে বনের মধ্যে বাহাকে বনশীর মতো দেখিতে হইয়াছিল, আজ মধ্যাহে নিশুক গোঠপ্রাকণচ্ছায়ায় তাহাকে স্বেহবিগলিত গৃহলন্দ্রীটির মতো দেখিতে হইল।

কান্তিচন্দ্র বন্দুক-হত্তে হঠাৎ এই বাথিত বালিকার সমূথে আদিয়া অত্যন্ত কুঠিত হইয়া পড়িলেন। মনে হইল, বেন বমালস্থন চোর ধরা পড়িলাম। পাথিটি যে আমার গুলিতে আহত হয় নাই, কোনোপ্রকারে এই কৈফিয়তটুকু দিতে ইচ্ছা হইল। কেমন করিয়া কথাটা পাড়িবেন ভাবিতেছেন এমন সময়ে কুটির হইতে কে ভাকিল, "স্থা।" বালিকা বেন চমকিত হইয়া উঠিল। আবার ভাক পড়িল, "স্থা।" তথন দে তাড়াতাড়ি পাথিটি লইয়া কুটিরম্থে চলিয়া গেল। কান্তিচন্দ্র ভাবিলেন নামটি উপযুক্ত বটে। স্থা।

কান্তি তথন দলের লোকের হাতে বন্দুক রাখিয়া সদর পথ দিয়া সেই কুটিরের 
যারে আসিয়া উপস্থিত হইলেন। দেখিলেন, একটি প্রৌচ্বয়ন্ধ মৃণ্ডিতম্থ শান্তমৃতি
রাহ্মণ দাওয়ায় বিসয়া হরিভক্তিবিলাস পাঠ করিতেছেন। ভক্তিমণ্ডিত তাঁহার মৃথের
স্থাভীর স্লিয় প্রশান্ত ভাবের সহিত কান্তিচন্দ্র সেই বালিকার দয়ার্দ্র মৃথের সাদৃশ্য
অম্ভব করিলেন।

কান্তি তাঁহাকে নমস্বার করিয়া কহিলেন, "তৃষ্ণা পাইয়াছে ঠাকুর, এক ঘটা জল পাইতে পারি কি।"

ব্রাহ্মণ তাড়াতাড়ি তাঁহাকে অভ্যর্থনা করিয়া বসাইলেন এবং ভিতর হইতে পিতলের রেকাবিতে কয়েকটি বাতাসা ও কাঁসার ঘটাতে জল লইয়া স্বহস্তে অতিথির সম্পুধে রাখিলেন।

কান্তি জল থাইলে পর বাহ্মণ তাঁহার পরিচয় লইলেন। কান্তি পরিচয় দিয়া কহিলেন, "ঠাকুর, আপনার ষদি কোনো উপকার করিতে পারি তো কুতার্থ হই।"

নবীন বাঁডুজ্যে কহিলেন, "বাবা, আমার আর কী উপকার করিবে। তবে স্থা বলিয়া আমার একটি কলা আছে, তাহার বয়স হইতে চলিল, তাহাকে একটি সংপাত্রে দান করিতে পারিলেই সংসারের ঋণ হইতে মৃক্তিলাভ করি। কাছে কোথাও ভালো ছেলে দেখি না, দ্রে সন্ধান করিবার মতো সামর্থ্যও নাই; ঘরে গোপীনাথের বিগ্রহ আছে, তাঁহাকে ফেলিয়া কোথাও যাই নাই।"

কান্তি কহিলেন, "আপনি নৌকায় আমার সহিত সাক্ষাৎ করিলে পাত্র সম্বন্ধে আলোচনা করিব।"

এ দিকে কাস্তির প্রেরিত চরগণ বন্দ্যোপাধ্যায়ের কতা স্থার কথা ঘাহাকেই জিজ্ঞাসা করিল সকলেই একবাক্যে কহিল, এমন লক্ষীস্বভাবা কতা আর হয় না।

পরদিন নবীন বোটে উপস্থিত হইলে কান্তি তাঁহাকে ভূমিষ্ঠ হইয়া প্রণাম করিলেন এবং জানাইলেন, তিনিই বান্ধণের কন্তাকে বিবাহ করিতে ইচ্ছুক আছেন। বান্ধণ এই অভাবনীয় সৌভাগ্যে কছকঠে কিছুক্ষণ কথাই কহিতে পারিলেন না। মনে করিলেন, কিছু একটা ভ্রম হইয়াছে। কহিলেন, "আমার কন্তাকে তুমি বিবাহ করিবে?"

কান্তি কহিলেন, "আপনার যদি সমতি থাকে, আমি প্রস্তুত আছি।"
নবীন আবার জিজ্ঞাসা করিলেন, "হ্থাকে ?"— উত্তরে ভনিলেন, "হা।"
নবীন ছিরভাবে কহিলেন, "তা দেখাশোনা—"

কান্তি যেন দেখেন নাই, ভান করিয়া কহিলেন, "সেই একেবারে শুভদৃষ্টির সময়।"
নবীন গদৃগদকঠে কহিলেন, "আমার স্থা বড়ো স্থালা মেয়ে, রাধাবাড়া ঘরকনার
কাজে অধিতীয়। তুমি যেমন না দেখিয়াই তাহাকে বিবাহ করিতে প্রস্তুত হইয়াছ
তেমনি আশীর্বাদ করি, আমার স্থা পতিব্রতা সতীলন্দ্রী হইয়া চিরকাল তোমার
মন্দল করুক। কথনো মুহুর্তের জন্ম তোমার পরিতাপের কারণ না ঘটুক।"

কান্তি আর বিলম্ব করিতে চাহিলেন না, মাঘ মাসেই বিবাহ স্থির হইয়া গেল।
পাড়ার মজুমদারদের পুরাতন কোঠাবাড়িতে বিবাহের স্থান নির্দিষ্ট হইয়াছে।
বর হাতি চড়িয়া মশাল জালাইয়া বাজনা বাজাইয়া যথাসময়ে আদিয়া উপস্থিত।

শুভদৃষ্টির সময় বর কলার মুখের দিকে চাহিলেন। নতশির টোপর-পরা চন্দনচার্চিত স্থাকে ভালো করিয়া যেন দেখিতে পাইলেন না। উন্বেলিত হৃদয়ের আনন্দে চোথে যেন ধাঁধা লাগিল।

বাসরঘরে পাড়ার সরকারি ঠানদিদি যথন বরকে দিয়া জোর করিয়া মেয়ের ছোমটা খোলাইয়া দিলেন তথন কান্তি হঠাৎ চমকিয়া উঠিলেন।

এ তো সেই মেয়ে নয়। হঠাৎ বুকের কাছ হইতে একটা কালো বজ্র উঠিয়া তাঁহার মন্তিক্ষকে যেন আঘাত করিল, মৃহতে বাদরদরের দমন্ত প্রদীপ যেন অন্ধকার হইয়া গেল এবং সেই অন্ধকারপ্রাবনে নববধ্র মৃথথানিকেও যেন কালিমালিপ্ত করিয়া দিল।

কান্তিচন্দ্র বিতীয়বার বিবাহ করিবেন না বলিয়া মনে মনে প্রতিজ্ঞা করিয়াছিলেন; সেই প্রতিজ্ঞা কি এমনি একটা অভ্ত পরিহাদে অদৃষ্ট তুড়ি দিয়া ভাঙিয়া দিল! কভ ভালো ভালো বিবাহের প্রস্তাব অগ্রাহ্ম করিয়াছেন, কত আত্মীয়-বন্ধুবান্ধবদের সাহ্মনয় অহ্বরোধ অবহেলা করিয়াছেন; উচ্চকুট্রিতার আকর্ষণ, অর্থের প্রলোভন, রূপখ্যাভির মোহ সমস্ত কাটাইয়া অবশেষে কোন্-এক অজ্ঞাভ পদ্মীগ্রামে বিলের ধারে এক অজ্ঞাভ দরিক্রের ঘরে এতবড়ো বিভ্রমা, লোকের কাছে মুখ দেখাইবেন কী করিয়া।

খতরের উপরে প্রথমটা রাগ হইল। প্রতারক এক মেয়ে দেখাইয়া আর-এক

মেরের সহিত আমার বিবাহ দিল। কিন্ত ভাবিয়া দেখিলেন, নবীন তো তাঁহাকে বিবাহের পূর্বে কল্পা দেখাইতে চান নাই এমন নয়, তিনি নিজেই দেখিতে অসমত হইয়াছিলেন। বৃদ্ধির দোষে যে এতবড়ো ঠকাটা ঠকিয়াছেন দে লচ্জার কথাটা কাহারো কাছে প্রকাশ না করাই শ্রেয়ঃ বিবেচনা করিলেন।

ঔষধ যেন গিলিলেন কিন্তু মুখের তারটা বিগড়াইয়া গেল। বাসর্বরের ঠাটা আমোদ কিছুই তাঁহার কাছে ফচিল না। নিজের এবং সর্বসাধারণের প্রতি রাগে তাঁহার সর্বাক জলিতে লাগিল।

এমন সময় হঠাৎ তাঁহার পার্শ্বতিনী বধু অব্যক্ত ভীত স্বরে চমকিয়া উঠিল।
সহসা তাহার কোলের কাছ দিয়া একটা খরগোশের বাচ্ছা ছটিয়া গেল। পরক্ষণেই
সেদিনকার সেই মেয়েটি শশকশিশুর অমুসরণপূর্বক তাহাকে ধরিয়া গালের কাছে
রাথিয়া একান্ত স্বেহে আদর করিতে লাগিল। "ওই রে, পাগলি আসিয়াছে" বলিয়া
সকলে তাহাকে চলিয়া যাইতে ইন্ধিত করিল। সে জ্রুক্ষেপমাত্র না করিয়া ঠিক
বরকন্তার সম্পুথে বসিয়া শিশুর মতো কৌতূহলে কী হইতেছে দেখিতে লাগিল। বাড়ির
কোনো দাসী তাহার হাত ধরিয়া টানিয়া লইবার চেষ্টা করিলে বর ব্যস্ত হইয়া
কহিলেন, "আহা, থাক-না, বস্কক।"

মেয়েটিকে জিঞ্জাদা করিলেন, "তোমার নাম কী।"

নে উত্তর না দিয়া ছলিতে লাগিল। ঘরহন্ধ রমণী হাসিয়া উঠিল। কাস্তি আবার জিজ্ঞাদা করিলেন, "তোমার হাঁসহটি কত বড়ো হইল।" অসংকোচে মেয়েটি নীরবে তাঁহার মূথের দিকে চাহিয়া দেখিতে লাগিল।

হতবৃদ্ধি কান্তি সাহসপূর্বক আবার জিজ্ঞাসা করিলেন, "তোমার সেই ঘূণু আরাম হইয়াছে তো?" কোনো ফল পাইলেন না। মেয়েরা এমনভাবে হাসিতে লাগিল যেন বর ভারি ঠিকিয়াছেন।

অবশেষে প্রশ্ন করিয়া খবর পাইলেন, মেয়েটি কালা এবং বোবা, পাড়ার ষত পশুপক্ষীর প্রিয়দঙ্গিনী। দেদিন দে যে স্থা ডাক শুনিয়া উঠিয়া ঘরে গিয়াছিল দে উাহার অম্পান মাত্র, তাহার আর কোনো কারণ ছিল।

কান্তি তথন মনে মনে চমকিয়া উঠিলেন। যাহা হইতে বঞ্চিত হইয়া পৃথিবীতে জাঁহার কোনো স্থপ ছিল না, শুভদৈবক্রমে তাহার নিকট হইতে পরিত্রাণ পাইয়া নিজেকে ধল্ল জ্ঞান করিলেন। মনে করিলেন, যদি এই মেয়েটির বাপের কাছে যাইতাম এবং সে ব্যক্তি আমার প্রার্থনা -অত্নসারে কল্লাটিকে কোনোমতে আমার হাতে সমর্পণ করিয়া নিছতি লাভের চেষ্টা করিত।

যতক্ষণ আয়ন্তচ্যত এই মেয়েটির মোহ জাঁহার মনটিকে আলোড়িত করিতেছিল ততক্ষণ নিজের বধ্টি সম্বন্ধে একেবারে অন্ধ হইয়া ছিলেন। নিকটেই আর কোথাও কিছু সান্ধনার কারণ ছিল কি না তাহা অমুসন্ধান করিয়া দেখিবার প্রবৃত্তিও ছিল না। বেই শুনিলেন মেয়েটি বোবা ও কালা অমনি সমস্ত জগতের উপর হইতে একটা কালো পর্দা ছিন্ন হইয়া পড়িয়া গেল। দ্রের আশা দ্র হইয়া নিকটের জিনিসগুলি প্রত্যক্ষ হইয়া উঠিল। স্থগভীর পরিত্রাণের নিখাদ ফেলিয়া কান্তি লজ্জাবনত বধ্র ম্থের দিকে কোনো-এক স্বর্ঘাগে চাহিয়া দেখিলেন। এতক্ষণে ধথার্থ শুভদৃষ্টি হইল। চর্মচন্ক্র অস্তরালবর্তী মনোনেত্রের উপর হইতে সমস্ত বাধা থসিয়া পড়িল। হাদয় হইতে এবং প্রদীপ হইতে সমস্ত আলোক বিজ্বরিত হইয়া একটিমাত্র কোমল স্কুমার ম্বের উপরে প্রতিফলিত হইল; কান্তি দেখিলেন, একটি শ্লিয়্ম শ্রী, একটি শান্ত লাবণ্যে ম্থখনি মণ্ডিত। ব্রিলেন, নবীনের আশীর্বাদ সার্থক হইবে।

আখিন ১৩০৭

### যভেগুরের যজ

এক সময় যজ্ঞেশরের অবস্থা ভালোই ছিল। এখন প্রাচীন ভাঙা কোঠাবাড়িটাকে সাপব্যাঙ-বাতুড়ের হত্তে সমর্পণ করিয়া থোড়ো ঘরে ভগবদগীতা লইয়া কাল্যাপন করিতেছেন।

এগারো বৎসর পূর্বে তাঁহার মেয়েটি যথন জনিয়াছিল তথন বংশের সৌভাগ্যশশী কৃষ্ণপক্ষের শেষকলার আদিয়া ঠেকিয়াছে। সেইজক্ত সাধ করিয়া মেয়ের নাম রাখিয়াছিলেন কমলা। ভাবিয়াছিলেন, যদি এই কৌশলে ফাঁকি দিয়া চঞ্চলা লক্ষীকে ক্তারূপে ঘরে ধরিয়া রাখিতে পারেন। লক্ষী সে ফলিতে ধরা দিলেন না, কিস্কুমেয়েয়েটির মুথে নিজের শ্রী রাখিয়া গেলেন। বড়ো স্থল্বরী মেয়ে।

মেয়েটির বিবাহ সম্বন্ধে যজ্ঞেশরের যে খুব উচ্চ আশা ছিল তাহা নহে। কাছাকাছি বে-কোনো একটি সংপাত্রে বিবাহ দিতে তিনি প্রস্তাত ছিলেন। কিন্তু তাঁহার জ্যাঠাইমা তাঁহার বড়ো আদরের কমলাকে বড়ো ঘর না হইলে দিবেন না, পণ করিয়া বিসিয়া আছেন। তাঁহার নিজের হাতে আল্প কিছু সংগতি ছিল, ভালো পাত্র পাইলে তাহা বাহির করিয়া দিবেন, স্থির করিয়াছেন।

অবশেষে জ্যাঠাইমার উত্তেজনায় শাস্ত্রাধ্যয়নগুল্লিত শাস্ত পলীগৃহ ছাড়িয়া ষজ্ঞেশ্বর

পাত্র-সন্ধানে বাহির হইলেন। রাজশাহিতে তাঁহার এক আত্মীয় উকিলের বাড়িতে গিয়া আশ্রয় লইলেন।

এই উকিলের মকেল ছিলেন জমিদার গৌরস্থলর চৌধুরী। তাঁহার একমাত্র পুত্র বিভৃতিভূষণ এই উকিলের অভিভাবকতায় কলেজে পড়াশুনা করিত। ছেলেটি কথন বে মেয়েটিকে আদিয়া দেথিয়াছিল তাহা ভগবান প্রজাপতিই জানিতেন।

কিন্ত প্রজাপতির চক্রান্ত যজেশরের ব্ঝিবার সাধ্য ছিল না। তাই বিভূতি সম্বন্ধে তাঁহার মনে কোনোপ্রকার ছ্রাশা স্থান পায় নাই। নিরীহ যজেশরের অল আশা, আল সাহস; বিভূতির মতো ছেলে যে তাঁহার জামাই হইতে পারে এ তাঁহার সম্ভব বলিয়া বোধ হইল না।

উকিলের যত্নে একটি চলনসই পাত্রের সন্ধান পাওয়া গেছে। তাহার বৃদ্ধিস্কদ্ধি না থাক্, বিষয়-আশয় আছে। পাস একটিও দেয় নাই বটে কিন্তু কালেক্টরিতে ৩,২৭৫ টাকা থাজনা দিয়া থাকে।

পাত্রের দল একদিন আসিয়া মেয়েটিকে পছন্দ করিয়া ক্ষীরের হাঁচ, নারিকেলের মিষ্টান ও নাটোরের কাঁচাগোলা খাইয়া গেল। বিভৃতি তাহার অনতিকাল পরে আসিয়া খবর শুনিলেন। যজ্ঞেশর মনের আনন্দে তাঁহাকেও কাঁচাগোলা খাওয়াইতে উত্তত হইলেন। কিন্তু ক্ষ্ধার অত্যন্ত অভাব জানাইয়া বিভৃতি কিছু খাইল না। কাহারো সহিত ভালো করিয়া কথাই কহিল না, বাড়ি চলিয়া গেল।

সেইদিনই সন্ধ্যাবেলায় উকিলবাব বিভৃতির কাছ হইতে এক পত্র পাইলেন।
মর্মটা এই, যজ্ঞেশরের কল্ঠাকে তাহার বড়ো পছন্দ এবং তাহাকে সে বিবাহ করিতে
উৎস্ক ।

উকিল ভাবিলেন, 'এ তো বিষম মৃশকিলে পড়িলাম। গৌরস্করবার্ ভাবিবেন, আমিই আমার আত্মীয়কন্তার দহিত তাঁহার ছেলের বিবাহের চক্রান্ত করিতেছি।'

অত্যন্ত ব্যক্ত হইয়া তিনি যজ্ঞেশ্বরকে দেশে পাঠাইলেন, এবং পূর্বোক্ত পাত্রটির সহিত বিবাহের দিন যথাসম্ভব নিকটবর্তী করিয়া দিলেন। বিভৃতিকে ডাকিয়া অভিভাবকমহাশয় পড়াশুনা ছাড়া আর-কোনো দিকে মন দিতে বিশেষ করিয়া নিষেধ করিলেন। শুনিয়া রাগে বিভৃতির জেদ চার গুণ বাড়িয়া গেল।

বিবাহের আয়োজন উত্যোগ চলিতেছে এমন সময় একদিন যজ্ঞেশবের খোড়ো ঘরে বিভূতিভূষণ স্বয়ং আসিয়া উপস্থিত। যজ্ঞেশবে ব্যন্ত হইয়া কহিলেন, "এসো বাবা, এসো।" কিন্তু, কোথায় বসাইবেন, কী খাওয়াইবেন, কিছুই ভাবিয়া পাইলেন না। এখানে নাটোরের কাঁচাগোলা কোথায়!

বিভৃতিভূষণ যথন স্নানের পূর্বে রোয়াকে বিদয়া তেল মাথিতেছেন তথন জ্যাঠাইমা তাঁহার রক্তাগিরিনিভ গোর পৃষ্ট দেহটি দেখিয়া মৃদ্ধ হইলেন। যজ্ঞেশরকে ডাকিয়া কহিলেন, "এই ছেলেটির দঙ্গে আমাদের কমলের বিবাহ হয় না কি।" ভীক্ যজ্ঞেশর বিকারিত নেত্রে কহিলেন, "নে কি হয়।"

জ্যাঠাইমা কহিলেন, "কেন হইবে না। চেষ্টা করিলেই হয়।" এই বলিয়া তিনি বাথানপাড়ার গোয়ালাদের ঘর হইতে ভালো ছানা ও ক্ষীর আনাইয়া বিবিধ আকার ও আয়তনের মোদক -নির্মাণে প্রব্রত হইলেন।

স্নানাহারের পর বিভৃতিভূষণ দলজ্জে সসংকোচে নিজের বিবাহের প্রস্তাব উত্থাপন করিলেন। যজ্জেখর স্থানন্দে ব্যাকুল হইয়া জ্যাঠাইমাকে স্থসংবাদ দিলেন।

জ্যাঠাইমা শাস্ত মুথে কহিলেন, "তা বেশ হয়েছে বাপু, কিছু তুমি একটু ঠাণ্ডা হও।" তাঁহার পক্ষে এটা কিছুই আশাতীত হয় নাই। যদি কমলার জন্ম এক দিক হইতে কাব্লের আমীর ও অন্ত দিক হইতে চীনের সম্রাট তাঁহার দারস্থ হইত তিনি আশ্বর্য হইতেন না।

ক্ষীণাখাদ যজ্ঞেশ্বর বিভৃতিভূষণের হাত ধরিয়া বলিতে লাগিলেন, "দেখো বাবা, আমার দকল দিক যেন নষ্ট না হয়।"

বিবাহের প্রস্তাব পাকা করিয়া বিভৃতিভূষণ তাঁহার বাপের কাছে আদিয়া উপস্থিত হউলেন।

গৌরস্থলর নিজে নিরক্ষর ছিলেন বলিয়া শিক্ষিত ছেলেটকে মনে মনে বিশেষ থাতির করিতেন। তাঁহার কোনো আচরণে বা মতে পাছে তাঁহার ছেলের কাছে স্থাশিকা বা শিইতার অভাব ধরা পড়ে এই সংকোচ তিনি দ্র করিতে পারিতেন না। তাঁহার একমাত্র প্রাণাধিক পুত্র ঘেন বাপকে মনে মনে ধিকার না দেয়, যেন অশিক্ষিত বাপের জন্ম তাহাকে লজ্জিত না হইতে হয়, এ চেটা তাঁহার সর্বদা ছিল। কিন্তু তব্ ঘথন তানিলেন, বিভৃতি দরিত্রকন্তাকে বিবাহ করিতে উন্মত, তথন প্রথমটা রাগ প্রকাশ করিয়া উঠিলেন। বিভৃতি নতশিরে চুপ করিয়া রহিল। তথন গৌরস্থলর কিঞ্ছিৎ শাস্ত হইয়া নিজেকে সংশোধন করিয়া লইয়া কহিলেন, "আমি কি পণের লোভে তোমাকে বিবাহ করিতে বলিতেছি। তা মনে করিয়ো না। নিজের ছেলেকে লইয়া বেহাইয়ের সঙ্গে দরদক্ষর করিতে বসিব, আমি তেমন ছোটো লোক নই। কিন্তু বড়ো ঘরের মেয়ে চাই।"

विভৃতিভূষণ ব্ৰাইয়া দিলেন, राज्यश्व मञ्जाख्यः नीम्न, मञ्जीक গরিব হইমাছেন।

গৌরস্থন্দর দায়ে পড়িয়া মত দিলেন কিন্তু মনে মনে যজেখরের প্রতি অত্যন্ত রাগ করিলেন।

তথন ছই পক্ষে কথাবার্তা চলিতে লাগিল। আর সব ঠিক হইল কিছ বিবাহ হইবে কোথায় তাহা লইয়া কিছুতেই নিম্পত্তি হয় না। গৌরস্থলর এক ছেলের বিবাহে খুব ধুমধাম করিতে চান, কিছ বুড়াশিবতলার সেই খোড়ো ঘরে সমন্ত ধুমধাম ব্যর্থ হইয়া ঘাইবে। তিনি জেদ করিলেন, তাঁহারই বাড়িতে বিবাহসভা হইবে।

শুনিয়া মাতৃহীনা কক্সার দিদিমা কান্না জুড়িয়া দিলেন। তাঁহাদেরও তো এক সময় স্থাদিন ছিল, আজ লন্ধী বিমুখ হইয়াছেন বলিয়া কি সমস্ত লাধ জলাঞ্জলি দিতে হইবে, পিতৃপুরুষের মান বজায় থাকিবে না? সে হইবে না; আমাদের ঘর খোড়ো হউক আর যাই হউক, এইখানেই বিবাহ দিতে হইবে।

নিরীহ-প্রকৃতি যজ্জেশর অত্যস্ত বিধায় পড়িয়া গেলেন। অবশেষে বিভৃতিভ্ষণের চেষ্টায় কন্তাগৃহেই বিবাহ স্থির হইল।

ইহাতে গৌরস্থনর এবং তাঁহার দলবল ক্লাক্রতার উপর আরো চটিয়া গেলেন। সকলেই স্থির করিলেন, স্পর্ধিত দরিস্রকে অপদস্থ করিতে হইবে। বর্ষাত্র যাহা জোটানো হইল ভাহা পন্টনবিশেষ। এ সহস্কে গৌরস্থনর ছেলের কোনো প্রামর্শ লইলেন না।

বৈশাথ মাসে বিবাহের দিন স্থির হইল। যজ্ঞের তাহার স্বল্লাবশিষ্ট যথাসর্বস্থ পণ করিয়া আয়োজন করিয়াছে। নৃতন আটচালা বাঁধিয়াছে, পাবনা হইতে দি ময়দা চিনি দধি প্রভৃতি আনাইয়াছে। জ্যাঠাইমা তাঁহার যে গোপন পুঁজির বলে স্থগৃহেই বিবাহপ্রভাবে জেদ করিয়াছিলেন তাহার প্রায় শেষ প্রদাটি পর্যন্ত বাহির করিয়া দিয়াছেন।

এমন সময় তুর্ভাগার অদৃষ্টক্রমে বিবাহের তুই দিন আগে হইতে প্রচণ্ড তুর্যোগ আরম্ভ হইল। ঝড় ধদি-বা থামে তো বৃষ্টি থামে না, কিছুক্ষণের জ্বন্ত ধদি-বা নরম পড়িয়া আদে আবার বিশুণ বেগে আরম্ভ হয়। এমন বর্ষণ বিশ-পচিশ বছরের মধ্যে কেহ দেথে নাই।

গৌরস্কার পূর্ব হইতেই গুটিকতক হাতি ও পালকি কৌশনে হাজির রাখিয়া-ছিলেন। আশপাশের গ্রাম হইতে যজ্ঞেশর ছইওয়ালা গোরুর গাড়ির জোগাড় করিতে লাগিলেন। ছদিনে গাড়োয়ানরা নড়িতে চায় না, হাতে পায়ে ধরিয়া বিগুণ মূল্য কব্ল করিয়া যজ্ঞেশর তাহাদের রাজি করিলেন। বর্ষাত্তের মধ্যে যাহাদিগকে গোরুর গাড়িতে চড়িতে হইল তাহারা চটিয়া আগুন হইল। গ্রামের পথে জল দাঁড়াইয়া গেছে। হাতির পা বসিয়া যায়, গাড়ির চাকা ঠেলিয়া তোলা দায় হইল। তথনো বৃষ্টির বিরাম নাই। বরষাত্রগণ ভিজিয়া কাদা মাথিয়া বিধিবিড়ম্বনার প্রতিশোধ কল্যাকর্তার উপর তুলিবে বলিয়া মনে মনে স্থির করিয়া রাখিল। হতভাগ্য যজেশ্রকে এই অসাম্যিক বৃষ্টির জল্ঞ জবাবদিহি করিতে হইবে।

বর সদলবলে ক্যাক্র্ডার কুটিরে আসিয়া পৌছিলেন। অভাবনীয় লোকসমাগম দেখিয়া গৃহস্বামীর বৃক দমিয়া গেল। ব্যাকুল যজ্ঞেশর কাহাকে কোথায় বসাইবেন ভাবিয়া পান না, কপালে করাঘাত করিয়া কেবলই বলিতে থাকেন, "বড়ো কট্ট দিলাম, বড়ো কট্ট দিলাম।" যে আটচালা বানাইয়াছিলেন, তাহার চারি দিক হইতে জ্ঞল পড়িতেছে। বৈশাথ মাসে যে এমন প্রাবেণধারা বহিবে তাহা তিনি স্বপ্নেও আশহা করেন নাই। গগুগ্রামের ভদ্র অভদ্র সমন্ত লোকই যজ্ঞেশরকে সাহায্য করিতে উপস্থিত হইয়াছিল; সংকীর্ণ স্থানকে তাহারা আরো সংকীর্ণ করিয়া তুলিল এবং বৃষ্টির কলোলের উপর তাহাদের কলরব যোগ হইয়া একটি সম্প্রমন্থনের মতো গোলমালের উৎপত্তি হইল। পল্লীবৃদ্ধগণ ধনী অতিথিদের সম্মাননার উপযুক্ত উপায় না দেখিয়া যাহাকে তাহাকে ক্রমাগতই জ্ঞাড়হন্তে বিনয় করিয়া বেড়াইতে লাগিল।

বরকে যথন অন্ত:পুরে লইয়া গেল তথন ক্রুদ্ধ বরষাত্রীর দল রব তুলিল, তাহাদের ক্ষুধা পাইয়াছে, আহার চাই। মুথ পাংশুবর্ণ করিয়া যজ্ঞেশ্বর গলায় কাপড় দিয়া সকলকে বলিলেন, "আমার সাধ্যমত যাহা-কিছু আয়োজন করিয়াছিলাম সব জলে ভাসিয়া গেছে।"

ত্রবাসামগ্রী কতক পাবনা হইতে পথের মধ্যে কতক বা ভগ্নপ্রায় পাকশালায় গলিয়া গুলিয়া উনান নিবিয়া একাকার হইয়া গেছে। সহসা উপযুক্ত পরিমাণ আহার্য সংগ্রহ করা যাইতে পারে বুড়ালিবতলা এমন গ্রামই নহে।

গৌরস্থলর যজেশরের তুর্গতিতে খুশি হইলেন। কহিলেন, "এতগুলা মাছ্যকে তো অনাহারে রাখা যায় না, কিছু তো উপায় করিতে হইবে।"

বর্ষাত্রগণ থেপিয়া উঠিয়া মহা হান্সামা করিতে লাগিল। কহিল, "আমরা ক্টেশনে গিয়া টেন ধরিয়া এখনই বাড়ি ফিরিয়া যাই।"

যজ্ঞেশর হাত জোড় করিয়া কহিলেন, "একেবারে উপবাস নয়। শিবতলার ছানা বিখ্যাত। উপযুক্ত পরিমাণে ছানা কদমা সংগ্রহ আছে। আমার অন্তরের মধ্যে যাহা হইতেছে তাহা অন্তর্থামীই জানেন।"

যজেশরের তুর্গতি দেখিয়া বাথানপাড়ার গোয়ালারা বলিয়াছিল, "ভয় কী ঠাকুর, ছানা যিনি যত খাইতে পারেন আমরা জোগাইয়া দিব।" বিদেশের বর্ষাত্রীগণ না খাইয়া ফিরিলে শিবতলা গ্রামের অপমান; সেই অপমান ঠেকাইবার জন্ত গোয়ালারা প্রচুর ছানার বন্দোবন্ত করিয়াছে।

বর্ষাত্রগণ প্রামর্শ করিয়া জিজ্ঞাসা করিল, "ষত আবশুক ছানা জোগাইতে পারিবে তো ?"

যজ্ঞেশ্বর কথঞিৎ আশান্বিত হইয়া কহিল, "তা পারিব।" "আচ্ছা তবে আনো" বিলয়া বরষাত্রগণ বসিয়া গেল। গৌরস্থন্দর বসিলেন না, তিনি নীরবে এক প্রান্তে দাঁড়াইয়া কৌতুক দেখিতে লাগিলেন।

আহারস্থানের চারি দিকেই পুক্রিণী ভরিয়া উঠিয়া জলে কাদায় একাকার হইয়া গেছে। যজ্ঞেশর ষেমন যেমন পাতে ছানা দিয়া যাইতে লাগিলেন তৎক্ষণাৎ বর্ষাত্রগণ তাহা কাঁধ ভিঙাইয়া পশ্চাতে কাদার মধ্যে টপ্টপ্করিয়া ফেলিয়া দিতে লাগিল।

উপায়বিহীন যজেশরের চকু জলে ভাসিয়া গেল। বারম্বার সকলের কাছে জোড়হাত করিতে লাগিলেন; কহিলেন, "আমি অতি ক্ষুত্র ব্যক্তি, আপনাদের নির্যাতনের যোগ্য নই।"

একজন শুক্তাশু হাসিয়া উত্তর করিল, "মেয়ের বাপ তো বটেন, দে অপরাধ যায় কোথায়।" যজ্ঞেশরের স্বগ্রামের বৃদ্ধগণ বারবার ধিকার করিয়া বলিতে লাগিল, "তোমার যেমন অবস্থা দেইমত ঘরে কন্তালান করিলেই এ দুর্গতি ঘটিত না।"

এ দিকে অন্তঃপুরে মেয়ের দিদিমা অকল্যাণশক্ষাসত্ত্বে অশ্রু সংবরণ করিতে পারিলেন না। দেখিয়া মেয়ের চোথ দিয়া জল পড়িতে লাগিল। ষজ্ঞেখরের জ্যাঠাইমা আদিয়া বিভৃতিকে কহিলেন, "ভাই, অপরাধ যা হইবার তা তো হইয়া গেছে, এখন মাপ করো, আজিকার মতো শুভকর্ম সম্পন্ন হইতে দাও।"

এ দিকে ছানার অস্তায় অপবায় দেখিয়া গোয়ালার দল রাগিয়া হালামা করিতে উত্তত। পাছে বরষাত্রদের সহিত তাহাদের একটা বিবাদ বাধিয়া যায় এই আশহায় যজ্ঞেশ্বর তাহাদিগকে ঠাণ্ডা করিবার জন্ত বহুতর চেষ্টা করিতে লাগিলেন। এমন সময় ভোজনশালায় অসময়ে বর আদিয়া উপস্থিত। বরষাত্ররা ভাবিল, বর বৃঝি রাগ করিয়া অস্তঃপুর হইতে বাহির হইয়া আদিয়াছেন, তাহাদের উৎসাহ বাড়িয়া উঠিল।

বিভূতি ক্ষকটে কহিলেন, "বাবা, আমাদের এ কিরকম ব্যবহার।" বলিয়া একটা ছানার থালা স্বহন্তে লইয়া তিনি পরিবেশনে প্রবৃত্ত হইলেন। গোয়ালাদিগকে বলিলেন, "তোমরা পশ্চাৎ দাঁড়াও, কাহারো ছানা যদি পাঁকে পড়ে তো দেওলা আবার পাতে তুলিয়া দিতে হইবে।" গৌরস্থলরের ম্থের দিকে চাহিয়া তুই-একজন উঠিবে কি না ইতন্তত করিতেছিল—
বিভৃতি কহিলেন, "বাবা, তুমিও বদিয়া যাও, অনেক রাত হইয়াছে।"
গৌরস্থলর বদিয়া গোলেন। চানা যথাস্থানে পৌচিতে লাগিল।

# উলুখড়ের বিপদ

বাব্দের নায়েব গিরিশ বস্থর অন্ত:পুরে পাারী বলিয়া একটি ন্তন দাসী নিযুক্ত হইয়াছিল। তাহার বয়স অর; চরিত্র ভালো। দূর বিদেশ হইতে আসিয়া কিছুদিন কাজ করার পরেই একদিন সে বৢদ্ধ নায়েবের অস্থরাগদৃষ্ট হইতে আত্মরক্ষার জন্ত গৃহিণীর নিকট কাঁদিয়া গিয়া পড়িল। গৃহিণী কহিলেন, "বাছা, তুমি অন্ত কোথাও যাও; তুমি ভালোমাস্থবের মেয়ে, এথানে থাকিলে তোমার স্থবিধা হইবে না।" বিলয়া গোপনে কিছু অর্থ দিয়া বিদায় করিয়া দিলেন।

কিন্তু পালানো দহজ ব্যাপার নহে, হাতে প্থ-থরচও দামান্ত, দেইজন্ত প্যারী গ্রামে হরিহর ভট্টাচার্য মহাশয়ের নিকটে গিয়া আশ্রয় লইল। বিবেচক ছেলেরা কহিল, "বাবা, কেন বিপদ ঘরে আনিতেছেন।" হরিহর কহিলেন, "বিপদ স্বয়ং আশিয়া আশ্রয় প্রার্থনা করিলে তাহাকে ফিরাইতে পারি না।"

গিরিশ বহু দাষ্টাঙ্গে প্রণাম করিয়া কহিল, "ভট্টাচার্যমহাশয়, আপনি আমার ঝি ভাঙাইয়া আনিলেন কেন। ঘরে কাজের ভারি অস্ববিধা হইতেছে।" ইহার উত্তরে হরিহর হু-চারটে সত্য কথা থুব শব্দ করিয়াই বলিলেন। তিনি মানী লোক ছিলেন, কাহারো থাতিরে কোনো কথা ঘুরাইয়া বলিতে জানিতেন না। নায়েব মনে মনে উদ্যাতপক্ষ পিপীলিকার সহিত তাঁহার তুলনা করিয়া চলিয়া গেল। যাইবার সময় খুব ঘটা করিয়া পায়ের ধুলা লইল। ছই-চারি দিনের মধ্যেই ভট্টাচার্যের বাড়িতে প্লিসের সমাগম হইল। গৃহিণীঠাকুরানীর বালিশের নীচে হইতে নায়েবের স্ত্রীর একজোড়া ইয়ারিং বাহির হইল। ঝি প্যারী চোর সাব্যক্ত হইয়া জেলে গেল। ভট্টাচার্যমহাশয় দেশবিখ্যাত প্রতিপত্তির জোরে চোরাই-মাল রক্ষার অভিযোগ হইতে নিক্কৃতি পাইলেন। নায়েব পুনক্ষ রান্ধণের পদধ্লি লইয়া গেল। রান্ধণ বুঝিলেন, হতভাগিনীকে তিনি আত্রম দেওয়াতেই প্যারীর সর্বনাশ ঘটিল। তাঁহার মনে শেল বিধিয়া রহিল। ছেলেরা কহিল, "জমিজমা বেচিয়া কলিকাতায় যাওয়া যাক, এখানে বড়ো মৃশকিল দেথিতেছি।" হরিহর কহিলেন, "পৈতৃক ভিটা ছাড়িতে পারিব না, অদৃষ্টে থাকিলে বিপদ্ কোথায় না ঘটে।"

ইতিমধ্যে নায়েব গ্রামে অতিমাত্রায় থাজনা বৃদ্ধির চেষ্টা করায় প্রজারা বিজ্রোহী হইল। হরিহরের সমস্ত ব্রন্ধান্তর জ্মা, জমিদারের সঙ্গে কোনো সম্বন্ধ নাই। নায়েব তাহার প্রভুকে জানাইল, হরিহরই প্রজাদিগকে প্রশ্রম দিয়া বিজ্রোহী করিয়া তুলিয়াছে। জমিদার কহিলেন, "ষেমন করিয়া পার ভট্টাচার্যকে শাসন করো।" নায়েব ভট্টাচার্যের পদ্ধূলি লইয়া কহিল, "সামনের এই জমিটা পরগনার ভিটার মধ্যে পড়িতেছে; ওটা তো ছাড়িয়া দিতে হয়।" হরিহর কহিলেন, "সে কী কথা। ও যে আমার বছকালের ব্রন্ধত্র।" হরিহরের গৃহপ্রাঙ্গণের সংলগ্ন পৈতৃক জমি জমিদারের পরগনার অন্তর্গত বলিয়া নালিশ রুজু হইল। হরিহর বলিলেন, "এ জমিটা তো তবে ছাড়িয়া দিতে হয়, আমি তো বৃদ্ধ বয়সে আদালতে সাক্ষী দিতে পারিব না।" ছেলেরা বলিল, "বাড়ির সংলগ্ন জমিটাই যদি ছাড়িয়া দিতে হয় তবে ভিটায় টি কিব কী করিয়া।"

প্রাণাধিক পৈতৃক ভিটার মায়ায় বৃদ্ধ কম্পিতপদে আদালতের সাক্ষ্যমঞ্চে গিয়া দীড়াইলেন। মুক্ষেফ নবগোপালবাব্ তাঁহার সাক্ষ্যই প্রামাণ্য করিয়া মকদ্দমা ডিস্মিস্ করিয়া দিলেন। ভট্টাচার্যের থাস প্রজারা ইহা লইয়া গ্রামে ভারি উৎসবসমারোহ আরম্ভ করিয়া দিলে। হরিহর তাড়াতাড়ি তাহাদিগকে থামাইয়া দিলেন। নায়েব আসিয়া পরম আড়ম্বরে ভট্টাচার্যের পদ্ধলি লইয়া গায়ে মাথায় মাথিল এবং আপিল ক্ষজু করিল। উকিলরা হরিহরের নিকট হইতে টাকা লন না। তাঁহারা ব্রাহ্মণকে বারম্বার আখাস দিলেন, এ মকদ্দমায় হারিবার কোনো সম্ভাবনা নাই। দিন কি কথনো রাত হইতে পারে। শুনিয়া হরিহর নিশ্চিস্ত হইয়া ঘরে বিসয়া রহিলেন।

একদিন জমিদারি কাছারিতে ঢাকঢোল বাজিয়া উঠিল, পাঁঠা কাটিয়া নায়েবের বাসায় কালীপূজা হইবে। ব্যাপারথানা কী। ভট্টাচার্য থবর পাইলেন, আপিলে তাঁহার হার হইয়াছে।

ভট্টাচার্য মাথা চাপড়াইয়া উফিলকে জিজ্ঞাসা করিলেন, "বসস্তবার্, করিলেন কী। আমার কী দশা হইবে।"

দিন যে কেমন করিয়া রাত হইল, বসন্তবাব্ তাহার নিগ্ঢ় বৃত্তান্ত বলিলেন, "সম্প্রতি যিনি নৃতন অ্যাভিশনাল জজ হইয়া আদিয়াছেন তিনি মৃজ্যেক থাকা কালে মৃজ্যেক নবগোপালবাব্র সহিত তাঁহার ভারি খিটিমিটি বাধিয়াছিল। তথন কিছু করিয়া উঠিতে পারেন নাই; আজ জজের আসনে বিদ্যা নবগোপালবাব্র রায় পাইবামাত্র উলটাইয়া দিতেছেন; আপনি হারিলেন সেইজন্ত।" ব্যাকুল হরিহর কহিলেন, "হাইকোর্টে ইহার কোনো আপিল নাই ?" বসন্ত কহিলেন, "জ্জবাবু আপিলে

ফল পাইবার সম্ভাবনা মাত্র রাথেন নাই। তিনি আপনাদের সাক্ষীকে দন্দেহ করিয়া বিরুদ্ধ পক্ষের সাক্ষীকেই বিশাস করিয়া গিয়াছেন। হাইকোর্টে তে। সাক্ষীর বিচার হইবে না।"

বৃদ্ধ সাঞ্চনেত্রে কহিলেন, "তবে আমার উপায় ?" উকিল কহিলেন, "উপায় কিছুই দেখি না।"

গিরিশ বস্থ পরদিন লোকজন সব্দে লইয়া ঘটা করিয়া আহ্মণের পদ্ধৃলি লইয়া গেল এবং বিদায়কালে উচ্ছুসিত দীর্ঘনিশ্বাসে কহিল, "প্রভু, ডোমারই ইচ্ছা।"

## প্রতিবেশিনী

আমার প্রতিবেশিনী বালবিধবা। যেন শরতের শিশিরা প্রপ্ত শেফালির মতো বৃষ্ঠচ্যত; কোনো বাসরগৃহের ফুলশ্যার জন্ম সেনহে, সে কেবল দেবপূজার জন্মই উৎদর্গ-করা।

তাহাকে আমি মনে মনে পূজা করিতাম। তাহার প্রতি আমার মনের ভাবটা যে কী ছিল পূজা ছাড়া তাহা অন্ত কোনো সহজ ভাষায় প্রকাশ করিতে ইচ্ছা করি না— পরের কাছে তো নয়ই, নিজের কাছেও না।

আমার অন্তরক প্রিয়বকু নবীনমাধব, সেও কিছু জানিত না। এইরূপে এই যে আমার গভীরতম আবেগটিকে গোপন করিয়া নির্মল করিয়া রাথিয়াছিলাম, ইহাতে আমি কিছু গর্ব অমুভব করিতাম।

কিন্তু মনের বেগ পার্বতী নদীর মতো নিজের জন্মশিথরে আবদ্ধ হইয়া থাকিতে চাহে না। কোনো একটা উপায়ে বাহির হইবার চেষ্টা করে। অক্ততকার্য হইলে বক্ষের মধ্যে বেদনার স্বষ্টি করিতে থাকে। তাই ভাবিতেছিলাম, কবিতায় ভাব প্রকাশ করিব। কিন্তু কুন্টিতা লেখনী কিছুতেই অগ্রসর হইতে চাহিল না।

পরমাশ্চর্যের বিষয় এই বে, ঠিক এই সময়েই স্থামার বন্ধু নবীনমাধবের স্কেশ্মাৎ বিপুল বেগে কবিতা লিখিবার ঝোঁক আসিল, যেন হঠাৎ ভূমিকম্পের মতো।

সে বেচারার এরপ দৈববিপত্তি পূর্বে কখনো হয় নাই, স্কৃতরাং সে এই অভিনব আন্দোলনের জন্ম লেশমাত্র প্রস্তুত ছিল না। তাহার হাতের কাছে ছল্দ মিল কিছুরই জোগাড় ছিল না, তবু দে দমিল না দেখিয়া আশুর্য ইইয়া গেলাম। কবিতা যেন বৃদ্ধ বয়নের বিতীয় পক্ষের স্ত্রীর মতো তাহাকে পাইয়া বসিল। নবীনমাধ্য ছল্দ মিল সম্বন্ধে সহায়তা ও সংশোধনের জন্ম আমার শরণাপন্ন হইল।

কবিতার বিষয়গুলি নৃতন নহে; অথচ পুরাতনও নহে। অর্থাৎ তাহাকে চিরন্তনও বলা যায়, চিরপুরাতন বলিলেও চলে। প্রেমের কবিতা, প্রিয়তমার প্রতি। আমি তাহাকে একটা ঠেলা দিয়া হাসিয়া জিজ্ঞাসা করিলাম, "কে হে, ইনি কে।"

नवीन शामिया करिन, "এখনো महान भारे नारे।"

নবীন রচয়িতার সহায়তাকার্যে আমি অত্যন্ত আরাম পাইলাম। নবীনের কাল্পনিক প্রিয়তমার প্রতি আমার ক্ষম আবেগ প্রয়োগ করিলাম। শাবকহীন মূরগি যেমন হাঁসের ডিম পাইলেও বুক পাতিয়া তা দিতে বসে, হতভাগ্য আমি তেমনি নবীনমাধ্বের ভাবের উপরে হদয়ের সমস্ত উত্তাপ দিয়া চাপিয়া বিদলাম। আনাড়ির লেখা এমনি প্রবল বেগে সংশোধন করিতে লাগিলাম যে, প্রায় পনেরো-আনা আমারই লেখা দাড়াইল।

নবীন বিশ্বিত হইয়া বলে, "ঠিক এই কথাই আমি বলিতে চাই, কিন্তু বলিতে পারি না। অথচ তোমার এ-সব ভাব জোগায় কোথা হইতে।"

আমি কবির মতো উত্তর করি, "কল্পনা হইতে। কারণ, সত্য নীরব, কল্পনাই মৃথরা। সত্য ঘটনা ভাবস্রোতকে পাথরের মতো চাপিয়া থাকে, কল্পনাই ভাহার পথ মৃক্ত করিয়া দেয়।"

নবীন গম্ভীরমূথে একটুথানি ভাবিয়া কহিল, "তাই তো দেখিতেছি। ঠিক বটে।" আবার খানিকক্ষণ ভাবিয়া বলিল, "ঠিক ঠিক।"

পূর্বেই বলিয়াছি আমার ভালোবাদার মধ্যে একটি কাতর সংকোচ ছিল, তাই নিজের জ্বানিতে কোনোমতে লিখিতে পারিলাম না। নবীনকে পর্দার মতো মাঝখানে রাখিয়া তবেই আমার লেখনী মৃথ খুলিতে পারিল। লেখাগুলো যেন রসে ভরিয়া উত্তাপে ফাটিয়া উঠিতে লাগিল।

নবীন বলিল, "এ তো তোমারই লেখা। তোমারই নামে বাহির করি।"
আমি কহিলাম, "বিলক্ষণ। এ তোমারই লেখা, আমি সামান্ত একটু বদল
করিয়াচি মাত্র।"

ক্রমে নবীনেরও সেইরপ ধারণা জন্মিল।

জ্যোতিবিদ যেমন নক্ষজোদয়ের অপেকার আকাশের দিকে ভাকাইয়া থাকে আমিও যে তেমনি মাঝে মাঝে আমাদের পাশের বাড়ির বাডায়নের দিকে চাহিয়া দেখিতাম, সে কথা অন্থীকার করিতে পারি না। মাঝে মাঝে ভক্তের সেই ব্যাকুল দৃষ্টিক্ষেপ সার্থকও হইত। সেই কর্মযোগনিরতা ব্রহ্মচারিণীর সৌম্য মুখ্নী হইতে শান্তব্রিধ জ্যোতি প্রতিবিধিত হইয়া মৃহুর্তের মধ্যে আমার সমন্ত চিত্তকোভ দমন করিয়া দিত। কিছ দেদিন সহসা এ কী দেখিলাম। আমার চল্রলোকেও কি এখনো অগ্না পাত আছে। সেখানকার জনশ্তু সমাধিমগ্র গিরিগুহার সমন্ত বহিনাহ এখনো সম্পূর্ণ নির্বাণ হইয়া যায় নাই কি।

সেদিন বৈশাথ মালের অপরাত্নে ঈশান কোণে মেঘ ঘনাইয়া আসিতেছিল। সেই আসম ঝঞ্চার মেঘবিচ্ছুরিত রুদ্রদীপ্তিতে আমার প্রতিবেশিনী জানালায় একাকিনী দাঁড়াইয়া ছিল। সেদিন তাহার শৃস্তনিবিষ্ট ঘনক্রফ দৃষ্টির মধ্যে কী অ্দ্রপ্রসারিত নিবিড় বেদনা দেখিতে পাইলাম।

আছে, আমার ওই চদ্রলোকে এখনো উত্তাপ আছে! এখনো সেখানে উষ্ণ নিশাস সমীরিত। দেবতার জক্ত মাহুষ নহে, মাহুষের জক্তই সে। তাহার সেই তৃটি চকুর বিশাল ব্যাকুলতা সেদিনকার সেই ঝড়ের আলোকে ব্যগ্র পাথির মতে। উড়িয়া চলিয়াছিল। স্বর্গের দিকে নহে, মানবহৃদয়নীড়ের দিকে।

সেই উৎস্থক আকাজ্জা-উদ্দীপ্ত দৃষ্টিপাতটি দেখার পর হইতে অশাস্ত চিত্তকে স্থান্থির করিয়া রাথা আমার পক্ষে তৃঃসাধ্য হইল। তথন কেবল পরের কাঁচা কবিতা সংশোধন করিয়া তৃথি হয় না— একটা বে-কোনোপ্রকার কান্ধ করিবার জন্ত চঞ্চলতা জন্মিল।

তখন সংকল্প করিলাম, বাংলাদেশে বিধবাবিবাহ প্রচলিত করিবার জ্বন্ত আমার সমস্ত চেটা প্রয়োগ করিব। কেবল বক্তৃতা ও লেখা নহে, অর্থসাহায্য করিতেও অগ্রসর হইলাম।

নবীন আমার দক্ষে তর্ক করিতে লাগিল; সে বলিল, "চিরবৈধব্যের মধ্যে একটি পবিত্র শান্তি আছে, একাদশীর ক্ষীণ ক্ষোৎসালোকিত সমাধিভূমির মতো একটি বিরাট রমণীয়তা আছে; বিবাহের সন্তাবনামাত্রেই কি সেটা ভাঙিয়া যায় না।"

এ-সব কবিত্বের কথা তানিলেই আমার রাগ হইত। হাভিক্ষে যে লোক জীর্ণ হইয়া মরিতেছে তাহার কাছে আহারপুষ্ট লোক যদি থাতের স্থুলত্বের প্রতি দ্বণা প্রকাশ করিয়া ফুলের গন্ধ এবং পাধির গান দিয়া মুম্ধুর পেট ভরাইতে চাহে তাহা হইলে সে কেমন হয়।

আমি রাগিয়া কহিলাম, "দেখো নবীন, আর্টিন্ট লোকে বলে, দৃশু হিদাবে পোড়ো বাড়ির একটা সৌন্ধ আছে। কিন্তু বাড়িটাকে কেবল ছবির হিদাবে দেখিলে চলে না, তাহাতে বাদ করিতে হয়, অতএব আর্টিন্ট যাহাই বলুন, মেরামত আবশুক। বৈধব্য লইয়া তুমি তো দ্র হইতে দিব্য কবিত্ব করিতে চাও, কিন্তু তাহার মধ্যে একটি আকাজ্বপূর্ণ মানবহৃদয় আপনার বিচিত্র বেদনা লইয়া বাদ করিতেছে, দেটা শারণ রাধা কর্তব্য।"

মনে করিয়াছিলাম, নবীনমাধবকে কোনোমতেই দলে টানিতে পারিব না, সেদিন সেইজগুই কিছু অতিরিক্ত উন্মার সহিত কথা কহিয়াছিলাম। কিন্তু হঠাৎ দেখিলাম, আমার বক্তৃতা-অবসানে নবীনমাধব একটিমাত্র গভীর দীর্ঘনিশ্বাস ফেলিয়া আমার সমস্ত কথা মানিয়া লইল; বাকি আরো অনেক ভালো ভালো কথা বলিবার অবকাশই দিল না।

সপ্তাহথানেক পরে নবীন আসিয়া কহিল, "তুমি যদি সাহায্য কর আমি একটি বিধবাবিবাহ করিতে প্রস্তুত আছি।"

এমনি খুশি হইলাম— নবীনকে বুকে টানিয়া কোলাকুলি করিলাম; কহিলাম, "যত টাকা লাগে আমি দিব।" তথন নবীন তাহার ইতিহাস বলিল।

বৃঝিলাম, তাহার প্রিয়তমা কাল্পনিক নহে। কিছুকাল ধরিয়া একটি বিধবা নারীকে দে দূর হইতে ভালোবাসিত, কাহারো কাছে তাহা প্রকাশ করে নাই। যে মাসিক পত্রে নবীনের, ওরফে আমার, কবিতা বাহির হইত সেই পত্রগুলি ঘথান্থানে পিয়া পৌছিত। কবিতাগুলি বার্থ হয় নাই। বিনা সাক্ষাৎকারে চিত্ত-আকর্ষণের এই এক উপায় আমার বন্ধু বাহির করিয়াছিলেন।

কিন্ধ নবীন বলেন, তিনি চক্রান্ত করিয়া এই-সকল কৌশল অবলম্বন করেন নাই। এমন-কি, তাঁহার বিশ্বাস ছিল বিধবা পড়িতে জানেন না। বিধবার ভাইয়ের নামে কাগজগুলি বিনা স্বাক্ষরে বিনা মূল্যে পাঠাইয়া দিতেন। এ কেবল মনকে সান্ধনা দিবার একটা পাগলামি মাত্র। মনে হইত, দেবতার উদ্দেশে পুষ্পাঞ্জলি দান করা গেল, তিনি জাহুন বা না জাহুন, গ্রহণ করুন বা নাই করুন।

নানা ছুতায় বিধবার ভাইয়ের সহিত নবীন যে বন্ধুত্ব করিয়া লইয়াছিলেন, নবীন বলেন, তাহারও মধ্যে কোনো উদ্দেশ্য ছিল না। যাহাকে ভালোবাসা যায় তাহার নিকটবর্তী আত্মীয়ের সঙ্গ মধুর বোধ হয়।

অবশেষে ভাইয়ের কঠিন পীড়া উপলক্ষে ভগিনীর সহিত কেমন করিয়া সাক্ষাৎ হয় সে স্থদীর্ঘ কথা। কবির সহিত কবিতার অবলম্বিত বিষয়টির প্রত্যক্ষ পরিচন্ত্র হইয়া কবিতা সম্বন্ধে অনেক আলোচনা হইয়া গেছে। আলোচনা যে কেবল ছাপানো কবিতা-কয়টির মধ্যেই বন্ধ ছিল তাহাও নহে।

সম্প্রতি আমার সহিত তর্কে পরাস্ত হইয়া নবীন সেই বিধবার সহিত সাক্ষাৎ করিয়া বিবাহের প্রতাব করিয়া বসিয়াছে। প্রথমে কিছুতেই সম্মতি পায় নাই। নবীন তথন আমার ম্থের সমস্ত যুক্তিগুলি প্রয়োগ করিয়া এবং তাহার সহিত নিজের চোথের তুই-চার ফোঁটা জল মিশাইয়া তাহাকে সম্পূর্ণ হার মানাইয়াছে। এথন বিধবার অভিভাবক পিলে কিছু টাকা চায়।

व्यामि विननाम, "এখনই नछ।"

নবীন বলিল, "তাহা ছাড়া বিবাহের পর প্রথম মাস পাঁচ-ছন্ন বাবা নিশ্চর আমার মাসহারা বন্ধ করিয়া দিবেন, তথনকার মতো উভয়ের খরচ চালাইবার জোগাড় করিয়া দিতে হইবে।" আমি কথাটি না কহিয়া চেক লিখিয়া দিলাম। বলিলাম, "এখন তাঁহার নামটি বলো। আমার সঙ্গে যখন কোনো প্রতিযোগিতা নাই তখন পরিচয় দিতে ভয় করিয়ো না। তোমার গাছুঁইয়া শপথ করিতেছি, আমি তাঁহার নামে কবিতা লিখিব না, এবং যদি লিখি তাঁহার ভাইকে না পাঠাইয়া তোমার কাছে পাঠাইয়া দিব।"

নবীন কহিল, "আরে, দেজন্ত আমি ভয় করি না। বিধবাবিবাহের লজ্জায় তিনি অত্যন্ত কাতর, তাই তোমাদের কাছে তাঁহার সম্বদ্ধে আলোচনা করিতে তিনি অনেক করিয়া নিষেধ করিয়া দিয়াছিলেন। কিন্তু এখন আর ঢাকিয়া রাখা মিথ্যা। তিনি তোমারই প্রতিবেশিনী, ১৯ নম্বরে থাকেন।"

কংপিওটা যদি লোহার বয়লার হইত তো এক চমকে ধক্ করিয়া ফাটিয়া যাইত। বিজ্ঞানা করিলাম. "বিধবাবিবাহে তাঁহার অমত নাই ?"

নবীন হাসিয়া কহিল, "দপ্তাতি তো নাই।"
আমি কহিলাম, "কেবল কবিতা পড়িয়াই তিনি মুগ্ধ ?"
নবীন কহিল, "কেন, আমার সেই কবিতাগুলি তো মন্দ হয় নাই।"
আমি মনে মনে কহিলাম, 'ধিক্।'
ধিক্ কাহাকে। তাঁহাকে, না আমাকে, না বিধাতাকে। কিছ ধিক্।

## নফনীড়

### প্রথম পরিচ্ছেদ

ভূপতির কাজ করিবার কোনো দরকার ছিল না। তাঁহার টাকা খথেষ্ট ছিল, এবং দেশটাও গরম। কিন্ধ গ্রহবশত তিনি কাজের লোক হইয়া জয়গ্রহণ করিয়াছিলেন। এইজন্ত তাঁহাকে একটা ইংরেজি খবরের কাগজ বাহির করিতে হইল। ইহার পরে সমরের দীর্ঘতার জন্ত তাঁহাকে আর বিলাপ করিতে হয় নাই।

ছেলেবেলা হইতে তাঁর ইংরেজি লিথিবার এবং বক্তৃতা দিবার শথ ছিল। কোনো-প্রকার প্রয়োজন না থাকিলেও ইংরেজি খবরের কাগজে তিনি চিঠি লিথিতেন, এবং বক্তব্য না থাকিলেও সভান্থলে তু-কথা না বলিয়া ছাড়িতেন না।

তাঁহার মতো ধনী লোককে দলে পাইবার জন্ম রাষ্ট্রনৈতিক দলপতিরা অজত্র স্বতিবাদ করাতে নিজের ইংরেজি রচনাশক্তি সম্বজে তাঁহার ধারণা যথেষ্ট পরিপুট হুইয়া উঠিয়াছিল।

অবশেষে তাঁহার উকিল ভালক উমাপতি ওকালতি ব্যবসায়ে হতোভম হইয়া ভগিনীপতিকে কহিল, 'ভূপতি, তুমি একটা ইংরেজি থবরের কাগজ বাহির করো। ভোমার যে রকম অসাধারণ' ইত্যাদি।

ভূপতি উৎসাহিত হইয়া উঠিল। পরের কাগজে পত্র প্রকাশ করিয়া গৌরব নাই, নিজের কাগজে খাধীন কলমটাকে পুরাদমে ছুটাইতে পারিবে। ভালককে সহকারী করিয়া নিতান্ত অল্প বয়সেই ভূপতি সম্পাদকের গ্রিতে আরোহণ করিল।

অল্প বয়দে সম্পাদকি নেশা এবং রাজনৈতিক নেশা অত্যন্ত জোর করিয়া ধরে। ভূপতিকে মাতাইয়া তুলিবার লোকও ছিল অনেক।

এইরপে দে যতদিন কাগদ লইয়া ভার হইয়া ছিল ততদিনে তাহার বালিকা বধু চারুলতা ধীরে ধীরে যৌবনে পদার্পন করিল। থবরের কাগদ্ধের সম্পাদক এই মন্ত. থবরটি ভালো করিয়া টের পাইল না। ভারত গবর্মেণ্টের সীমান্তনীতি ক্রমশই স্ফীত হইয়া সংখ্যের বন্ধন বিদীর্ণ করিবার দিকে যাইতেছে, ইহাই তাহার প্রধান লক্ষের বিষয় ছিল।

ধনীগৃহে চারুলভার কোনো কর্ম ছিল না। ফলপরিণামহীন ফুলের মতো পরিপূর্ব অনাবশুকভার মধ্যে পরিস্ফুট হইয়া উঠাই ভাহার চেষ্টাশৃক্ত দীর্ঘ দিনরাত্রির একমাত্র কাজ ছিল। ভাহার কোনো অভাব ছিল না।

এমন অবস্থার স্থাপে পাইলে বধু স্থামীকে লইয়া স্বত্যন্ত বাড়াবাড়ি করিয়া থাকে, দাস্পত্যলীলার সীমান্তনীতি সংদারের সমন্ত সীমা লজ্মন করিয়া সময় হইতে অসময়ে এবং বিহিত হইতে অবিহিতে গিয়া উত্তীর্ণ হয়। চারুলতার সে স্থাগে ছিল না। কাগজের আবরণ ডেদ করিয়া স্থামীকে অধিকার করা তাহার পক্ষে হুইয়াছিল।

বৃবতী স্ত্রীর প্রতি মনোষোগ আকর্ষণ করিয়া কোনো আত্মীয়া তাহাকে ভর্ৎদনা করিলে ভূপতি একবার দচেতন হইয়া কহিল, "তাই ভো, চাকর একজন কেউ দক্ষিনী থাকা উচিত, ও বেচারার কিছুই করিবার নাই।"

শ্রালক উমাপতিকে কহিল, "তোমার স্ত্রীকে আমাদের এথানে আনিয়া রাথো-না— সমবয়সি স্ত্রীলোক কেহ কাছে নাই, চাকর নিশ্চয়ই ভারি ফাঁকা ঠেকে।"

স্বীসদের অভাবই চারুর পক্ষে অত্যস্ত শোকাবহ, সম্পাদক এইরূপ ব্ঝিল এবং শুলকজায়া মন্দাকিনীকে বাড়িতে আনিয়া সে নিশ্চিম্ন হুইল।

বে সময়ে স্থামী স্ত্রী প্রেমোন্মেষের প্রথম অরুণালোকে পরস্পরের কাছে অপরূপ মহিমায় চিরন্তন বলিয়া প্রতিভাত হয়, দাস্পতাের সেই স্থাপ্রভামতিত প্রত্যুষকাল অচেতন অবস্থায় কথন অতীত হইয়া গেল কেহ জানিতে পারিল না। ন্তনত্বের স্বাদ না পাইয়াই উভয়ের উভয়ের কাছে পুরাতন পরিচিত অভ্যন্ত হইয়া গেল।

লেখাপ্ডার দিকে চাকলতার একটা স্বাভাবিক ঝোঁক ছিল বলিয়া তাহার দিনগুলা সত্যন্ত বোঝা হইয়া উঠে নাই। সে নিজের চেটায় নানা কৌশলে পড়িবার বন্দোবন্ত করিয়া লইয়াছিল। ভূপতির পিনতুতো ভাই অমল থার্ড-ইয়ারে পড়িতেছিল, চাকলতা তাহাকে ধরিয়া পড়া করিয়া লইত; এই কর্মটুকু আদায় করিয়া লইবার জন্ম অমলের অনেক আবদার তাহাকে দহু করিতে হইত। তাহাকে প্রায়ই হোটেলে থাইবার থোরাকি এবং ইংরেজি সাহিত্যগ্রন্থ কিনিবার থরচা জোগাইতে হইত। অমল মাঝে মাঝে বন্ধুদের নিমন্ত্রণ করিয়া থাওয়াইত, সেই যক্ত-সমাধার ভার গুরুদক্ষিণার স্বরূপ চাকলতা নিজে গ্রহণ করিত। ভূপতি চাকলতার প্রতি কোনো দাবি করিত না, কিন্তু সামান্ম একটু পড়াইয়া পিনতুতো ভাই অমলের দাবির অন্ত ছিল না। তাহা লইয়া চাক্লতা প্রায় মাঝে মাঝে কুত্রিম কোপ এবং বিজ্ঞাহ প্রকাশ করিত; কিন্তু কোনো একটা লোকের কোনো কাজে আদা এবং স্বেহের উপত্রব সন্থ করা তাহার পক্ষে জত্যাবশ্রুক হইয়া উঠিয়াছিল।

অমল কহিল, "বোঠান, আমাদের কালেজের রাজবাড়ির জামাইবাব রাজ-অতঃপুরের থাস হাতের বুননি কার্পেটের জুতো পরে আনে, আমার তো দহু হয় না— একজোড়া কার্পেটের জুতো চাই, নইলে কোনোমতেই পদমর্যাদা রক্ষা করতে পারছি নে।"

চারু। হাঁ, তাই বৈকি! আমি বসে বসে তোমার জুতো সেলাই করে মরি।
দাম দিচ্ছি, বাজার থেকে কিনে আনো গে বাও।

ष्मन दिनम, "भिष्टि इएक ना।"

চারু জুতা দেলাই করিতে জানে না, এবং অমলের কাছে দে কথা স্বীকার করিতেও চাহে না। কিন্তু তাহার কাছে কেহ কিছু চায় না, অমল চায়— সংসারে সেই একমাত্র প্রার্থীর প্রার্থনা রকা না করিয়া দে থাকিতে পারে না। অমল যে সময় কালেজে যাইত সেই সময়ে দে লুকাইয়া বহু যত্নে কার্পেটের সেলাই শিথিতে লাগিল। এবং অমল নিজে যথন তাহার জুতার দরবার সম্পূর্ণ ভূলিয়া বদিয়াছে এমন সময় একদিন সন্ধ্যাবেলায় চাক্ন তাহাকে নিমন্ত্রণ করিল।

গ্রীমের সময় ছাদের উপর আসন করিয়া অমলের আহারের জায়গা করা হইয়াছে। বালি উড়িয়া পড়িবার ভয়ে পিতলের ঢাকনায় থালা ঢাকা রহিয়াছে। অমল কালেজের বেশ পরিত্যাগ করিয়া মুথ ধুইয়া ফিটুফাট হইয়া আসিয়া উপস্থিত হইল।

অমল আসনে বদিয়া ঢাকা খ্লিল; দেখিল, থালায় একজোড়া নৃতন-বাঁধানো পশ্মের জুতা সাজানো রহিয়াছে। চাফলতা উচ্চৈঃস্বরে হাসিয়া উঠিল।

জুতা পাইয়া অমলের আশা আরো বাড়িয়া উঠিল। এখন গলাবন্ধ চাই, রেশমের ক্ষমালে ফুলকাটা পাড় দেলাই করিয়া দিতে হইবে, তাহার বাহিরের ঘরে বসিবার বড়ো কেদারায় তেলের দাগ নিবারণের জন্ম একটা কাজ-করা আবরণ আবশ্যক।

প্রত্যেক বারেই চাঙ্কলতা আপত্তি প্রকাশ করিয়া কলহ করে এবং প্রত্যেক বারেই বহু যত্ত্বে ও স্নেহে শৌখিন অমলের শখ মিটাইয়া দেয়। অমল মাঝে মাঝে জিজ্ঞানা করে, "বউঠান, কতদূর হইল।"

চারুলতা মিথ্যা করিয়া বলে, "কিছুই হয় নি।" কথনো বলে, "দে আমার মনেই ছিল না।"

কিন্তু অমল ছাড়িবার পাত্র নয়। প্রতিদিন শ্বরণ করাইয়া দেয় এবং আবদার করে। নাছোড়বান্দা অমলের সেই-সকল উপদ্রব উল্লেক করাইয়া দিবার জগুই চারু উদাদীক্ত প্রকাশ করিয়া বিরোধের স্বাষ্ট করে এবং হঠাং একদিন তাহার প্রার্থনা প্রণ করিয়া দিয়া কৌতুক দেখে।

ধনীর সংসারে চার্ককে আর কাহারে। জন্ম কিছুই করিতে হয় না, কেবল অমল তাহাকে কাজ না করাইয়া ছাড়ে না। এই-সকল ছোটোথাটো শথের খাটুনিতেই তাহার হৃদয়বৃত্তির চর্চা এবং চরিতার্থতা হইত।

ভূপতির অন্তঃপুরে যে একথণ্ড জমি পড়িয়া ছিল তাহাকে বাগান বলিলে অনেকটা অত্যক্তি করা হয়। সেই বাগানের প্রধান বনস্পতি ছিল একটা বিলাতি আমড়া গাছ।

এই ভূথণ্ডের উন্নতিসাধনের জন্ম চারু এবং অমলের মধ্যে একটা কমিটি বসিয়াছে। উভয়ে মিলিয়া কিছুদিন হইতে ছবি আঁকিয়া, প্ল্যান করিয়া, মহা উৎসাহে এই জমিটার উপরে একটা বাগানের কল্পনা ফলাও করিয়া তুলিয়াছে।

অমল বলিল, "বউঠান, আমাদের এই বাগানে সেকালের রাজকভার মতে। ভোমাকে নিজের হাতে গাছে জল দিতে হবে।" চারু কহিল, "আর ওই পশ্চিমের কোণটাতে একটা কুঁড়ে তৈরি করে নিতে হবে, হরিণের বাচ্চা থাকবে।"

**অমল কহিল, "আর-একটি ছোটোখাটো ঝিলের মতো করতে হবে, তাতে হাঁদ** চরবে।"

চারু সে প্রস্তাবে উৎসাহিত হইয়া কহিল, "আর তাতে নীলপদ্ম দেব, আমার অনেকদিন থেকে নীলপদ্ম দেখবার সাধ আছে।"

অমল কহিল, "সেই ঝিলের উপর একটি সাঁকো বেঁধে দেওয়া যাবে, আর ঘাটে একটি বেশ ছোটো ডিঙি থাকবে।"

চার কহিল, "पांठे অবশ্र मामा মার্বেলের হবে।"

অমল পেনসিল কাগজ লইয়া ফল কাটিয়া কম্পাদ ধরিয়া মহা আড়ম্বরে বাগানের একটা ম্যাপ আঁকিল।

উভয়ে মিলিয়া দিনে দিনে কল্পনার সংশোধন পরিবর্তন করিতে করিতে বিশ-পঁচিশ্থানা নতন ম্যাপ আঁকা হইল।

ম্যাপ থাড়া হইলে কত খরচ হইতে পারে তাহার একটা এশ্টিমেট তৈরি হইতে লাগিল। প্রথমে সংকল্প ছিল— চাফ নিজের বরাদ্দ মাসহারা হইতে ক্রমে ক্রমে বাগান তৈরি করিয়া তুলিবে; ভূপতি তো বাড়িতে কোথায় কী হইতেছে তাহা চাহিয়া দেখে না; বাগান তৈরি হইলে তাহাকে সেথানে নিমন্ত্রণ করিয়া আশ্চর্য করিয়া দিবে; সে মনে করিবে, আলাদিনের প্রদীপের সাহায়ে জাপান দেশ হইতে একটা আভ বাগান তুলিয়া আনা হইয়াছে।

কিন্তু এস্টিমেট খথেষ্ট কম করিয়া ধরিলেও চাফর সংগতিতে কুলায় না। অমল তথন পুনরায় ম্যাপ পরিবর্তন করিতে বসিল। কহিল, "তা হলে বউঠান, ঐ ঝিলটা বাদ দেওয়া যাক।"

চারু কহিল, "না না, ঝিল বাদ দিলে কিছুতেই চলবে না, ওতে আমার নীলপদ্ম থাকবে।"

অমল কহিল, "তোমার হরিণের ঘরে টালির ছাদ নাই দিলে। ওটা অমনি একটা সাদাসিধে খোড়ো চাল করলেই হবে।"

চারু অত্যন্ত রাগ করিয়া কহিল, "তা হলে আমার ও ঘরে দরকার নেই— ও থাকু।"

মরিশস হইতে লবন্ধ, কর্নাট হইতে চন্দন, এবং সিংহল হইতে দারচিনির চারা আনাইবার প্রতাব ছিল, অমল তাহার পরিবর্তে মানিকতলা হইতে সাধারণ দিশি ও বিলাতি গাছের নাম করিতেই চাক্র মুথ ভার করিয়া বদিল; কহিল, "তা হলে আমার বাগানে কাজ নেই।"

এস্টিমেট কমাইবার এরপ প্রথা নয়। এস্টিমেটের সঙ্গে সঙ্গে কল্লনাকে ধর্ব করা চারুর পক্ষে অসাধ্য এবং অমল মুখে যাহাই বলুক, মনে মনে তাহারও সেটা ক্ষচিকর নয়।

স্মল কহিল, "তবে বউঠান, তুমি দাদার কাছে বাগানের কথাটা পাড়ো; তিনি নিশ্য টাকা দেবেন।"

চারু কহিল, "না, তাঁকে বললে মজা কী হল। আমরা হজনে বাগান তৈরি করে তুলব। তিনি তো সাহেববাড়িতে ফ্রমাশ দিয়ে ইডেন গার্ডেন বানিয়ে দিতে পারেন — তা হলে আমাদের প্লানের কী হবে।"

আমড়া গাছের ছায়ায় বসিয়া চারু এবং অমল অসাধ্য সংকল্পের কল্পনাহথ বিস্তার করিতেছিল। চারুর ভাজ মন্দা দোতলা হইতে ডাকিয়া কহিল, "এত বেলায় বাগানে তোরা কী করছিল।"

চাক কহিল, "পাকা আমড়া খুঁজছি।"

नुका मना करिन, "পাन यमि आमात करता आनिन।"

চারু হাসিল, অমল হাসিল। তাহাদের সমন্ত সংকল্পগুলির প্রধান হুথ এবং গৌরব এই ছিল বে, সেগুলি তাহাদের তুজনের মধ্যেই আবদ্ধ। মন্দার আর বা-কিছু গুণ থাকৃ, কল্পনা ছিল না; সে এ-সকল প্রস্তাবের রস গ্রহণ করিবে কী করিয়া। সে এই তুই সভ্যের সকলপ্রকার কমিটি হইতে একেবারে ব্যক্তিত।

অদাধ্য বাগানের এশ্টিমেটও কমিল না, কল্পনাও কোনো অংশে হার মানিতে চাহিল না। স্থতরাং আমড়াতলার কমিটি এইভাবেই কিছুদিন চলিল। বাগানের বেখানে ঝিল হইবে, বেখানে হরিণের ঘর হইবে, বেখানে পাথরের বেদি হইবে, অমল সেখানে চিহ্ন কাটিয়া রাখিল।

তাহাদের সংকল্পিত বাগানে এই আমড়াতলার চার দিক কী ভাবে বাঁধাইতে হইবে, অমল একটি ছোটো কোদাল লইয়া তাহারই দাগ কাটিতেছিল— এমন সময় চাকু গাছের ছায়ায় বসিয়া বলিল, "অমল, তুমি যদি লিখতে পারতে তা হলে বেশ হত।"

অমল জিজাসা করিল, "কেন বেশ হত।"

চাক। তা হলে মামাদের এই বাগানের বর্ণনা করে তোমাকে দিয়ে একটা গল্প লেখাতুম। এই ঝিল, এই হরিণের ঘর, এই আমড়াতলা, সমস্কই ডাতে থাকড— আমরা ত্জনে ছাড়া কেউ ব্যুতে পারত না, বেশ মজা হত। অমল, তুমি একবার লেখবার চেষ্টা করে দেখো-না, নিশ্চয় তুমি পারবে।

অমল কহিল, "আচ্ছা, যদি লিখতে পারি তো আমাকে কী দেবে।" চাফ কহিল, "তুমি কী চাও।"

অমল কহিল, "আমার মশারির চালে আমি নিজে লতা এঁকে দেব, সেইটে তোমাকে আগাগোড়া রেশম দিয়ে কাজ করে দিতে হবে।"

চারু কহিল, "তোমার সমন্ত বাড়াবাড়ি। মশারির চালে আবার কাজ!"

মশারি জিনিসটাকে একটা শ্রীহীন কারাগারের মতো করিয়া রাথার বিশ্বদ্ধে অমল অনেক কথা বলিল। সে কহিল, সংসারের পনেরো-আনা লোকের যে সৌন্দর্যবোধ নাই এবং ক্স্রীতা ভাহাদের কাছে কিছুমাত্র পীড়াকর নহে ইহাই ভাহার প্রমাণ।

চাক্ব সে কথা তৎক্ষণাৎ মনে মনে মানিয়া লইল এবং 'আমাদের এই ছটি লোকের নিভূত কমিটি যে সেই পনেরো-আনার অন্তর্গত নহে' ইহা মনে করিয়া সে খুলি হইল।

কহিল, "আচ্ছা বেশ, আমি মশারির চাল তৈরি করে দেব, তুমি লেখো।" অমল রহস্তপূর্ণভাবে কহিল, "তুমি মনে কর, আমি লিখতে পারি নে ?"

চারু অত্যন্ত উত্তেজিত হইয়া কহিল, "তবে নিশ্চয় তুমি কিছু লিখেছ, আমাকে দেখাও।"

অমল। আজ থাকু, বউঠান।

চাক্ষ। না, আজই দেখাতে হবে— মাথা থাও, তোমার লেথা নিয়ে এসো গে।
চাক্ষকে তাহার লেখা শোনাইবার অতিব্যগ্রতাতেই অমলকে এতদিন বাধা
দিতেছিল। পাছে চাক্ষ না বোঝে, পাছে তাহার ভালো না লাগে, এ সংকোচ সে
তাডাইতে পারিতেছিল না।

আজ থাতা আনিয়া একটুথানি লাল হইয়া, একটুথানি কাশিয়া, পড়িতে আরম্ভ করিল। চারু গাছের গুঁড়িতে হেলান দিয়া বাসের উপর পা ছড়াইয়া ভনিতে লাগিল।

প্রবন্ধের বিষয়টা ছিল 'আমার থাতা'। অমল লিথিয়াছিল— 'হে আমার ভ্রন্থ থাতা, আমার কল্পনা এখনো তোমাকে স্পর্শ করে নাই। স্থতিকাগৃহে ভাগ্যপুরুষ প্রবেশ করিবার পূর্বে শিশুর ললাটপট্টের স্তায় তুমি নির্মল, তুমি রহস্তময়। বেদিন তোমার শেষ পৃষ্ঠার শেষ ছত্ত্রে উপসংহার লিথিয়া দিব, সেদিন আজ কোঁথায়! তোমার এই ভ্রু শিশুপত্রগুলি সেই চিরদিনের জন্তু মদীচিহ্নিত সমাপ্তির কথা আজ স্বপ্লেও কল্পনা করিতেছে না।'— ইত্যাদি অনেকথানি লিথিয়াছিল।

চাক তক্ষজায়ায় ব্দিয়া শুক হইয়া শুনিতে লাগিল। পড়া শেষ হ**ইলে ক্ষণকাল** চুপ করিয়া থাকিয়া কৃছিল, "তুমি আবার লিখতে পার না!"

সেদিন সেই গাছের তলায় অমল সাহিত্যের মাদকরস প্রথম পান করিল; শাকী ছিল নবীনা, রসনাও ছিল নবীন এবং অপরাহের আলোক দীর্ঘ ছায়াপাতে রহস্থময় হইয়া আদিয়াছিল।

চারু বলিল, "অমল, গোটাকতক আমড়া পেড়ে নিয়ে যেতে হবে, নইলে মন্দাকে কী হিসেব দেব।"

মৃঢ় মন্দাকে তাহাদের পড়াওনা এবং আলোচনার কথা বলিতে প্রবৃত্তিই হয় না, স্বতরাং আমড়া পাড়িয়া লইয়া যাইতে হইল।

### দ্বিতীয় পরিচ্ছেদ

বাগানের সংকল্প তাহাদের অক্সান্ত অনেক সংকল্পের ক্সায় সীমাহীন কল্পনাক্ষেত্রের মধ্যে কথন হারাইয়া গেল তাহা অমল এবং চাফ লক্ষও করিতে পারিল না।

এখন অমলের লেখাই ভাহাদের আলোচনা ও পরামর্শের প্রধান বিষয় হইয়া উঠিল। অমল আসিয়া বলে, "বোঠান, একটা বেশ চমৎকার ভাব মাধায় এসেছে।"

চারু উৎসাহিত হইয়া উঠে; বলে, "চলো, আমাদের দক্ষিণের বারান্দায়— এথানে এখনই মন্দা পান সাজতে আসবে।"

চারু কান্মীরি বারান্দায় একটি জীর্ণ বেতের কেদারায় আদিয়া বদে এবং অমল রেলিঙের নিচেকার উচ্চ অংশের উপর বদিয়া পা ছড়াইয়া দেয়।

অমলের লিখিবার বিষয়গুলি প্রায়ই স্থনির্দিষ্ট নহে; তাহা পরিষার করিয়া বলা শক্ত। গোলমাল করিয়া সে যাহা বলিত তাহা স্পষ্ট বুঝা কাহারো সাধ্য নহে। অমল নিজেই বারবার বলিত, "বোঠান, তোমাকে ভালো বোঝাতে পারছি নে।"

চারু বলিত, "না, আমি অনেকটা বুঝতে পেরেছি; তুমি এইটে লিখে ফেলো, দেরি কোরো না।"

সে থানিকটা বৃঝিয়া, থানিকটা না বৃঝিয়া, অনেকটা কল্পনা করিয়া, অনেকটা অমলের ব্যক্ত করিবার আবেগের ঘারা উত্তেজিত হইয়া, মনের মধ্যে কী একটা থাড়া করিয়া তুলিত, তাহাতেই সে স্থুখ পাইত এবং আগ্রহে অধীর হইয়া উঠিত।

চাক্ষ সেইদিন বিকালেই জিজ্ঞাসা করিত, "কভটা লিখলে।" অমল বলিত, "এরই মধ্যে কি লেখা বায়।" চান্ধ প্রদিন স্কালে ইবং কলতের খরে জিজ্ঞাসা করিত, "কই, তুমি সেটা লিখলে না ?"

ষ্মল বলিত, "রোদো, আর-একটু ভাবি।"

চারু রাগ করিয়া বলিত, "তবে যাও।"

বিকালে সেই রাগ ঘনীভূত হইয়া চারু যথন কথা বন্ধ করিবার জো করিত তথন অমল লেখা কাগজের একটা অংশ কুমাল বাহির করিবার ছলে পকেট হইতে একট্-খানি বাহির করিত।

মুহুর্তে চারুর মৌন ভাঙিয়া গিয়া সে বলিয়া উঠিত, "ওই-ঘে তৃমি লিখেছ! আমাকে ফাঁকি! দেখাও।"

অমল বলিত, "এখনো শেষ হয় নি, আর-একটু লিখে শোনাব।"

চারু। না, এখনই শোনাতে হবে।

অমল এখনই শোনাইবার জন্মই ব্যস্ত; কিন্তু চারুকে কিছুক্ষণ কাড়াকাড়ি না করাইয়া দে শোনাইত না। তার পরে অমল কাগজখানি হাতে করিয়া বিদিয়া প্রথমটা একটুখানি পাতা ঠিক করিয়া লইত, পেনিদিল লইয়া ছই-এক জায়গায় হটো-একটা সংশোধন করিতে থাকিত, ততক্ষণ চারুর চিত্ত পুলকিত কৌতৃহলে জলভারনত মেঘের মতো সেই কাগজ কয়খানির দিকে ঝুঁকিয়া রহিত।

অমল ত্ই-চারি প্যারাগ্রাফ যথন যাহা লেখে তাহা যতটুকুই হোক চারুকে সভ সভ শোনাইতে হয়। বাকি অলিথিত সংশটুকু আলোচনা এবং কল্পনায় উভয়ের মধ্যে মথিত হইতে থাকে।

এতদিন গুজনে আকাশকুস্থমের চয়নে নিযুক্ত ছিল, এখন কাব্যকুস্থমের চাষ আরম্ভ হইয়া উভয়ে আর-সমস্ভই ভূলিয়া গেল।

একদিন অপরাত্মে অমল কালেজ হইতে ফিরিলে তাহার পকেটটা কিছু অতিরিক্ত ভরা বলিয়া বোধ হইল। অমল যথন বাড়িতে প্রবেশ করিল তথনই চাক্ত অন্তঃপুরের গবাক্ষ হইতে তাহার পকেটের পূর্ণতার প্রতি লক্ষ করিয়াছিল।

অমল অন্তদিন কালেজ হইতে ফিরিয়া বাড়ির ভিতরে আসিতে দেরি করিত না; আজ সে তাহার ভরা পকেট লইয়া বাহিরের ঘরে প্রবেশ করিল, শীদ্র আসিবার নাম করিল না।

চারু অন্ত:পুরের সীমান্তদেশে আসিরা অনেকবার তালি দিল, কেহ শুনিল না।
চারু কিছু রাগ করিয়া তাহার বারান্দায় মন্মথ দত্তর এক বই হাতে করিয়া পড়িবার
চেষ্টা করিতে লাগিল।

মন্মথ দত্ত নৃতন গ্রন্থকার। তাহার লেখার ধরন অনেকটা অমলেরই মতো, এইজক্ত অমল তাহাকে কখনো প্রশংসা করিত না; মাঝে মাঝে চারুর কাছে তাহার
লেখা বিক্বত উচ্চারণে পড়িয়া বিদ্রপ করিত— চারু অমলের নিকট হইতে সে বই
কাড়িয়া লইয়া অবজ্ঞাভরে দুরে ফেলিয়া দিত।

আজ ধখন অমলের পদশব্দ ভনিতে পাইল তখন সেই মন্নথ দত্তর 'কলকণ্ঠ'-নামক বই মুথের কাছে তুলিয়া ধরিয়া চারু অত্যন্ত একাগ্রভাবে পড়িতে আরম্ভ করিল।

অমল বারান্দায় প্রবেশ করিল, চারু লক্ষও করিল না। অমল কহিল, "কী বোঠান, কী পড়া হচ্ছে।"

চারুকে নিরুত্তর দেখিয়া অমল চৌকির পিছনে আদিয়া বইটা দেখিল। কহিল, "মরাথ দত্তর গলগণ্ড।"

চারু কহিল, "আ:, বিরক্ত কোরো না, আমাকে পড়তে দাও।" পিঠের কাছে দাঁড়াইয়া অমল ব্যক্ত্বরে পড়িতে লাগিল, "আমি তৃণ, ক্ষুদ্র তৃণ; ভাই রক্তাম্বর রাজবেশধারী অশোক, আমি তৃণমাত্র! আমার ফুল নাই, আমার ছায়া নাই, আমার মন্তক আমি আকাশে তৃলিতে পারি না, বসন্তের কোকিল আমাকে আপ্রয় করিয়া ক্রেবরে জগৎ মাতায় না— তব্ ভাই অশোক, তোমার ওই পুল্পিত উচ্চ শাধা হইতে তৃমি আমাকে উপেক্ষা করিয়ো না; তোমার পায়ে পড়িয়া আছি আমি তৃণ, তব্ আমাকে তৃচ্ছ করিয়ো না।"

অমল এইটুকু বই হইতে পড়িয়া তার পরে বিজ্ঞা করিয়া বানাইয়া বলিতে লাগিল, "আমি কলার কাঁদি, কাঁচকলার কাঁদি, ভাই কুমাণ্ড, ভাই গৃহচালবিহারী কুমাণ্ড, আমি নিতান্তই কাঁচকলার কাঁদি।"

চাক্ল কৌতুহলের তাড়নাম রাগ রাথিতে পারিল না; হাসিয়া উঠিয়া বই ফেলিয়া দিয়া কহিল, "তুমি ভারি হিংস্টে, নিজের লেখা ছাড়া কিছু পছল হয় না।"

অমল কহিল, "তোমার ভারি উদারতা, তুণটি পেলেও গিলে থেতে চাও।"

চারু। আচ্ছা মশায়, ঠাট্টা করতে হবে না— পকেটে কী আছে বের করে ফেলো।

অমল। কী আছে আনাৰ করে।।

অনেককণ চারুকে বিরক্ত করিয়া অমল পকেট হইতে 'সরোরুহ'-নামক বিধ্যাত মাসিক পত্র বাহির করিল।

চারু দেখিল, কাগজে অমলের সেই 'থাতা'-নামক প্রবন্ধটি বাহির হইয়াছে।
চারু দেখিয়া চুপ করিয়া রহিল। অমল মনে করিয়াছিল, তাহার বোঠান খ্ব

খুশি হইবে। কিন্তু খুশির বিশেষ কোনো লক্ষণ না দেখিয়া বলিল, "সরোকহ পত্তে বে-সে লেখা বের হয় না।"

অমল এটা কিছু বেশি বলিল। যে-কোনোপ্রকার চলনসই লেখা পাইলে সম্পাদক ছাড়েন না। কিন্তু অমল চারুকে ব্যাইয়া দিল, সম্পাদক বড়োই কড়া লোক, একশো প্রবন্ধের মধ্যে একটা বাছিয়া লন।

শুনিয়া চারু খুশি হইবার চেষ্টা করিতে লাগিল কিন্তু খুশি হইতে পারিল না। কিলে যে সে মনের মধ্যে আঘাত পাইল তাহা ব্ঝিয়া দেখিবার চেষ্টা করিল; কোনো সংগত কারণ বাহির হইল না।

অমলের লেখা অমল এবং চারু তুজনের সম্পত্তি। অমল লেখক এবং চারু পাঠক। তাহার গোপনতাই তাহার প্রধান রস। সেই লেখা সকলে পড়িবে এবং অনেকেই প্রশংসা করিবে, ইহাতে চারুকে যে কেন এতটা পীড়া দিতেছিল তাহা সে ভালো করিয়া বুঝিল না।

কিন্তু লেথকের আকাজ্জা একটিমাত্র পাঠকে অধিকদিন মেটে না। অমল তাহার লেখা চাপাইতে আরম্ভ করিল। প্রশংসাও পাইল।

মাঝে মাঝে ভক্তের চিঠিও আসিতে লাগিল। অমল সেগুলি তাহার বোঠানকে দেখাইত। চাক তাহাতে খুশিও হইল, কষ্টও পাইল। এখন অমলকে লেখায় প্রবৃত্ত করাইবার জন্ম একমাত্র তাহারই উৎসাহ ও উত্তেজনার প্রয়োজন রহিল না। অমল মাঝে মাঝে কদাচিৎ নামস্বাক্ষরবিহীন রমণীর চিঠিও পাইতে লাগিল। তাহা লইয়া চাক তাহাকে ঠাট্টা করিত কিন্তু হুথ পাইত না। হঠাৎ তাহাদের কমিটির ক্ষদ্ধ ঘার খুলিয়া বাংলাদেশের পাঠকমগুলী তাহাদের ত্জনকার মাঝখানে আসিয়া দাঁড়াইল।

ভূপতি একদিন অবসরকালে কহিল, "তাই তো চাক্ল, আমাদের অমল যে এমন ভালো লিখতে পারে তা তো আমি জানতুম না।"

ভূপতির প্রশংসায় চারু খুশি হইল। অমল ভূপতির আশ্রিত, কিন্তু অন্য আজিতদের সহিত তাহার অনেক প্রভেদ আছে এ কথা তাহার স্থামী বুঝিতে পারিলে চারু যেন গর্ব অন্তব করে। তাহার ভাবটা এই যে 'অমলকে কেন যে আমি এতটা স্বেহু আদর করি এতদিনে তোমরা তাহা বুঝিলে; আমি অনেকদিন আগেই অমলের মর্বাদা বুঝিয়া-ছিলাম, অমল কাহারো অবজ্ঞার পাত্র নহে।'

চারু জিজাসা করিল, "তুমি তার লেখা পড়েছ ?" জুপতি কহিল, "হাঁ— না ঠিক পড়ি নি। সময় পাই নি। কিন্তু আমাদের নিশিকান্ত প'ড়ে খুব প্রশংসা করছিল। সে বাংলা লেখা বেশ বোঝে।"

ভূপতির মনে অমলের প্রতি একটি সম্মানের ভাব জাগিয়া উঠে, ইহা চাকর একান্ত ইচ্ছা।

### তৃতীয় পরিচ্ছেদ

উমাপদ ভূপতিকে তাহার কাগজের সঙ্গে অক্ত পাঁচুরকম উপহার দিবার কথা ব্ঝাইতেছিল। উপহারে যে কী করিয়া লোকসান কাটাইয়া লাভ হইতে পারে তাহা ভূপতি কিছুতেই ব্ঝিতে পারিতেছিল না।

চারু একবার ঘরের মধ্যে প্রবেশ করিয়াই উমাপদকে দেখিয়া চলিয়া গেল। আবার কিছুক্ষণ ঘুরিয়া ফিরিয়া ঘরে আদিয়া দেখিল, তুইজনে হিদাব লইয়া তর্কে প্রবৃত্ত।

উমাপদ চারুর অধৈর্য দেখিয়া কোনো ছুতা করিয়া বাহির হইয়া গেল। ভূপতি হিশাব লইয়া মাথা ঘুরাইতে লাগিল।

চারু ঘরে ঢুকিয়া বলিল, "এখনো বৃঝি তোমার কান্ধ শেষ হল না। দিনরাত ঐ একথানা কাগন্ধ নিয়ে যে তোমার কী করে কাটে, আমি তাই ভাবি।"

ভূপতি হিদাব দরাইয়া রাথিয়া একটুখানি হাসিল। মনে মনে ভাবিল, 'বাস্তবিক, চারুর প্রতি আমি মনোযোগ দিবার সময়ই পাই না, বড়ো অস্তায়। ও বেচারার পক্ষে সময় কাটাইবার কিছুই নাই।'

ভূপতি স্নেংপূর্ণস্বরে কহিল, "আজ যে তোমার পড়া নেই! মান্টারটি বুঝি পালিয়েছেন? তোমার পাঠশালার সব উলটো নিয়ম— ছাত্রীটি পুঁথিপত্র নিয়ে প্রস্তুত, মান্টার পলাতক! আজকাল অমল তোমাকে আগেকার মতো নিয়মিত পড়ায় বলে তো বোধ হয় না।"

চারু কহিল, "আমাকে পড়িয়ে অমলের সময় নই করা কি উচিত। অমলকে তুমি বুঝি একজন সামাগ্য প্রাইভেট টিউটর পেয়েছ ?"

ভূপতি চাক্ষর কটিদেশ ধরিয়া কাছে টানিয়া কহিল, "এটা কি সামান্ত প্রাইভেট টিউটারি হল। তোমার মতো বউঠানকে যদি পড়াতে পেতৃম তা হলে—"

চারু। ইস্ ইস্, তুমি আর বোলো না। স্বামী হয়েই রক্ষে নেই তো আরো কিছু। ভূপতি ঈষৎ একটু আহত হইয়া কহিল, "আছা, কাল থেকে আমি নিশ্চয় তোমাকে পড়াব। তোমার বইগুলো আনো দেখি, কী তুমি পড় একবার দেখে নিই।"

চাক্ষ। ঢের হয়েছে, তোমার আর পড়াতে হবে না। এখনকার মতো তোমার খবরের কাগজের হিসাবটা একটু রাখবে। এখন আর-কোনো দিকে মন দিতে পারবে কি না বলো।

ভূপতি কহিল, "নিশ্চয় পারব। এখন তুমি আমার মনকে যে দিকে ফেরাতে চাও সেই দিকেই ফিরবে।"

চারু। আছা বেশ, তা হলে অমলের এই লেখাটা একবার পড়ে দেখো কেমন চমৎকার হয়েছে। সম্পাদক অমলকে লিখেছে, এই লেখা পড়ে নবগোপালবাবু তাকে বাংলার রাশ্বিন নাম দিয়েছেন।

শুনিয়া ভূপতি কিছু সংকৃচিতভাবে কাগজধানা হাতে করিয়া লইল। খুনিয়া দেখিল, লেখাটির নাম 'আষাঢ়ের চাঁদ'। গত তুই সপ্তাহ ধরিয়া ভূপতি ভারত-গবর্মেণ্টের বাজেট-সমালোচনা লইয়া বড়ো বড়ো অঙ্কপাত করিতেছিল, সেই-সকল অঙ্ক বহুপদ কীটের মতো তাহার মন্তিক্ষের নানা বিবরের মধ্যে সঞ্চরণ করিয়া ফিরিতেছিল— এমন সময় হঠাৎ বাংলা ভাষায় 'আষাঢ়ের চাঁদ' প্রবন্ধ আগাগোড়া পড়িবার জন্ম তাহার মন প্রশ্বন্ত ছিল না। প্রবন্ধটিও নিতান্ত ছোটো নহে।

লেখাটা এই মপে শুরু হইয়াছে— 'আজ কেন আবাঢ়ের চাঁদ সারা রাত মেঘের মধ্যে এমন করিয়া লুকাইয়া বেড়াইডেছে। যেন স্বর্গলোক হইতে দে কী চুরি করিয়া আনিয়াছে, যেন ভাহার কলঙ্ক ঢাকিবার স্থান নাই। ফান্তুন মাদে যথন আকাশের একটি কোণেও মৃষ্টিপরিমাণ মেঘ ছিল না তথন তো জগতের চক্ষের সন্মুখে সেনির্লজ্জের মতো উন্মুক্ত আকাশে আপনাকে প্রকাশ করিয়াছিল— আর আজ তাহার সেই ঢলচল হাসিধানি— শিশুর স্থপ্রের মতো, প্রিয়ার স্থতির মতো, স্থবেশ্বরী শচীর অলকবিলম্বিত মুক্তার মালার মতো—'

ভূপতি মাথা চূলকাইয়া কহিল, "বেশ লিথেছে। কিন্তু আমাকে কেন। এ-সব কবিম্ব কি আমি বৃঝি।"

চারু সংকুচিত হইয়া ভূপতির হাত হইতে কাগজখানা কাড়িয়া কহিল, "তুমি তবে কী বোঝ।"

ভূপতি কহিল, "আমি সংসারের লোক, আমি মাত্রুষ বৃঝি।" চাক্ল কহিল, "মাত্রুরে কথা বৃঝি দাহিত্যের মধ্যে লেখে না ?" ভূপতি। ভূল লেখে। তা ছাড়া মাহ্য যথন সশরীরে বর্তমান তথন বানানো কথার মধ্যে তাকে খুঁজে বেড়াবার দরকার ?

বলিয়া চাক্লতার চিবৃক ধরিয়া কহিল, "এই যেমন আমি তোমাকে বৃঝি, কিছ সেজগু কি 'মেঘনাদবধ' 'কবিকছণ চণ্ডী' আগাগোড়া পড়ার দরকার আছে।"

ভূপতি কাব্য বোঝে না বলিয়া অহংকার করিত। তবু অমলের লেখা ভালো করিয়া না পড়িয়াও তাহার প্রতি মনে মনে ভূপতির একটা প্রজা ছিল। ভূপতি ভাবিত, 'বলিবার কথা কিছুই নাই অথচ এত কথা অনর্গল বানাইয়া বলা সে তো আমি মাথা কৃটিয়া মরিলেও পারিতাম না। অমলের পেটে যে এত ক্ষমতা ছিল তাহা কে জানিত।'

ভূপতি নিজের রসজ্ঞতা অস্বীকার করিত কিন্তু সাহিত্যের প্রতি তাহার ক্বপণতা ছিল না। দরিদ্র লেখক তাহাকে ধরিয়া পড়িলে বই ছাপিবার খরচ ভূপতি দিত, কেবল বিশেষ করিয়া বলিয়া দিত, "আমাকে যেন উৎসর্গ করা না হয়।" বাংলা ছোটো বড়ো সমন্ত সাপ্তাহিক এবং মাসিক পত্র, খ্যাত অখ্যাত পাঠ্য অপাঠ্য সমন্ত বই দে কিনিত। বলিত, "একে পড়ি না, তার পরে যদি না কিনি তবে পাপও করিব প্রায়ক্তিন্তও হইবে না।" পড়িত না বলিয়াই মন্দ বইয়ের প্রতি তাহার লেশমাত্র বিষেষ ছিল না, সেইজন্ত তাহার বাংলা লাইব্রেরি গ্রন্থে পরিপূর্ণ ছিল।

অমল ভূপতির ইংরেজি প্রফ-সংশোধন-কার্বে সাহায্য করিত; কোনো-একটা কাপির হুর্বোধ্য হস্তাক্ষর দেথাইয়া সহবার জন্ত সে একতাড়া কাগজপত্র সহয়। ঘরে চুকিল।

ভূপতি হাসিয়া কহিল, "অমল, তুমি আঘাঢ়ের চাঁদ আর ভাস্র মাসের পাকা তালের উপর যত খুশি লেখাে, আমি তাতে কোনাে আপত্তি করি নে— আমি কারাে আধীনতায় হাত দিতে চাই নে— কিন্তু আমার বাধীনতায় কেন হন্তক্ষেপ। সেগুলাে আমাকে না পড়িয়ে ছাড়বেন না, তােমার বােঠানের এ কী অত্যাচার।"

অমল হাসিয়া কহিল, "তাই তো বোঠান— আমার লেথাগুলো নিয়ে তুমি যে দাদাকে জুলুম করবার উপায় বের করবে, এমন জানলে আমি লিথতুম না।"

দাহিত্যরদে বিম্থ ভূপতির কাছে আনিয়া তাহার অত্যন্ত দরদের লেখাগুলিকে অপদস্থ করাতে অমল মনে মনে চাফর উপর রাগ করিল এবং চাফ তৎক্ষণাৎ তাহা ব্ঝিতে পারিয়া বেদনা পাইল। কথাটাকে অন্ত দিকে লইয়া বাইবার জন্ত ভূপতিকে কহিল, "তোমার ভাইটির একটি বিশ্লে দিয়ে দাও দেখি, তা হলে আর লেখার উপদ্রব সৃত্ব করতে হবে না।"

স্থৃপতি কহিল, "এখনকার ছেলেরা আমাদের মতো নির্বোধ নয়। তাদের যত কবিত্ব লেখায়, কাজের বেলায় সেয়ানা। কই, তোমার দেওরকে তো বিয়ে করতে রাজি করাতে পারলে না।"

চারু চলিয়া গেলে ভূপতি অমলকে কহিল, "অমল, আমাকে এই কাগজের হালামে থাকতে হয়, চারু বেচারা বড়ো একলা পড়েছে। কোনো কাজকর্ম নেই, মাঝে মাঝে আমার এই লেখবার ঘরে উকি মেরে চলে যায়। কী করব বলো। তুমি, অমল, ওকে একটু পড়াশুনোয় নিযুক্ত রাখতে পারলে ভালো হয়। মাঝে মাঝে চারুকে যদি ইংরেজি কাব্য থেকে তর্জমা করে শোনাও তা হলে ওর উপকারও হয় ভালোও লাগে। চারুর সাহিত্যে বেশ কচি আছে।"

অমল কহিল, "তা আছে। বোঠান যদি আরো একটু পড়ান্তনো করেন তা হলে আমার বিখাদ উনি নিজে বেশ ভালো লিখতে পারবেন।"

ভূপতি হাসিয়া কহিল, "ততটা আশা করি নে, কিন্তু চারু বাংলা লেখার ভালোমন্দ আমার চেয়ে চের বুয়তে পারে।"

অমল। ওঁর কল্পনাশক্তি বেশ আছে, স্ত্রীলোকের মধ্যে এমন দেখা যায় না।
ভূপতি। পুরুষের মধ্যেও কম দেখা যায়, তার সাক্ষী আমি। আচ্ছা, তুমি
তোমার বউঠাকরুনকে যদি গড়ে তুলতে পার আমি তোমাকে পারিতোষিক দেব।

অমল। কীদেবে ভনি।

ভূপতি। তোমার বউঠাকজনের জুড়ি একটি খুঁজে-পেতে এনে দেব।
অমল। আবার তাকে নিয়ে পড়তে হবে! চিরজীবন কি গড়ে তুলতেই কাটাব।
ছটি ভাই আঞ্চলালকার ছেলে, কোনো কথা তাহাদের মুখে বাধে না।

## চতুর্থ পরিচ্ছেদ

পাঠকসমাজে প্রতিপত্তি লাভ করিয়া অমল এখন মাথা তুলিয়া উঠিয়াছে। আগে সে ক্লের ছাত্রটির মতো থাকিত, এখন দে যেন সমাজের গণ্যমান্ত মাত্র্যের মতো হইয়া উঠিয়াছে। মাঝে মাঝে সভায় সাহিত্যপ্রবন্ধ পাঠ করে— সম্পাদক ও সম্পাদকের দৃত তাহার ঘরে আসিয়া বসিয়া থাকে, তাহাকে নিমন্ত্রণ করিয়া থাওয়ায়, নানা সভার সভ্য ও সভাপতি হইবার জন্ত তাহার নিকট অন্থরোধ আসে, ভূপতির ঘরে দাসদাসী-আত্মীয়স্কলনের চক্ষে তাহার প্রভিষ্ঠায়ান অনেকটা উপরে উঠিয়া গেছে।

মন্দাকিনী এতদিন তাহাকে বিশেষ একটা কেহ বলিয়া মনে করে নাই। অমল ২২১১৬ ও চাক্বর হাস্থালাপ-আলোচনাকে সে ছেলেমামুষি বলিয়া উপেক্ষা করিয়া পান সাজিত ও ঘরের কাজকর্ম করিত; নিজেকে সে উহাদের চেয়ে শ্রেষ্ঠ এবং সংসারের পক্ষে আবশুক বলিয়াই জানিত।

অমলের পান থাওয়া অপরিমিত ছিল। মন্দার উপর পান সাজিবার ভার থাকাতে সে পানের অথথা অপব্যয়ে বিরক্ত হইত। অমলে চারুতে বড়য়ল্ল করিয়া মন্দার পানের ভাগুার প্রায়ই লুঠ করিয়া আনা ডাহাদের একটা আমোদের মধ্যে ছিল। কিন্তু এই শৌখিন চোর হুটির চৌর্যপরিহাস মন্দার কাছে আমোদজনক বোধ হইত না।

আসল কথা, একজন আত্রিত অন্ত আত্রিতকে প্রসন্নচক্ষে দেখে না। অমলের জন্ত মন্দাকে যেটুকু গৃহকর্ম অতিরিক্ত করিতে হইবে সেটুকুতে সে যেন কিছু অপমান বোধ করিত। চারু অমলের পক্ষপাতী ছিল বলিয়া মুখ ফুটিয়া কিছু বলিতে পারিত না, কিছু অমলকে অবহেলা করিবার চেষ্টা তাহার সর্বদাই ছিল। স্থযোগ পাইলেই দাদদাদীদের কাছেও গোপনে অমলের নামে খোঁচা দিতে সে ছাড়িত না। তাহারাও যোগ দিত।

কিন্ধ অমলের যথন অভ্যুথান আরম্ভ হইল তথন মন্দার একটু চমক লাগিল।
সে অমল এখন আরু নাই। এখন তাহার সংকৃচিত নম্রতা একেবারে ঘূচিয়া গেছে।
অপরকে অবজ্ঞা করিবার অধিকার এখন যেন তাহারই হাতে। সংসারে প্রতিষ্ঠা
প্রাপ্ত হইয়া যে পুরুষ অসংশয়ে অকৃষ্ঠিতভাবে নিজেকে প্রচার করিতে পারে, যে লোক
একটা নিশ্চিত অধিকার লাভ করিয়াছে, সেই সমর্থ পুরুষ সহজেই নারীর দৃষ্টি আকর্ষণ
করিতে পারে। মন্দা যখন দেখিল অমল চারি দিক হইতেই শ্রদ্ধা পাইতেছে তখন
দেও অমলের উচ্চ মন্তকের দিকে মৃথ তুলিয়া চাহিল। অমলের তরুণ মৃথে
নবগৌরবের গর্বোজ্জল দীপ্তি মন্দার চক্ষে মোহ আনিল; সে যেন অমলকে নৃতন
করিয়া দেখিল।

এখন আর পান চুরি করিবার প্রয়োজন রহিল না। অমলের খ্যাতিলাতে চারুর এই আর-একটা লোকদান; তাহাদের ষড়যন্ত্রের কৌতুকবন্ধনটুকু বিচ্ছিন্ন হইয়া গেল; পান এখন অমলের কাছে আপনি আদিয়া পড়ে, কোনো অভাব হয় না।

তাহা ছাড়া, তাহাদের গৃইজনে-গঠিত দল হইতে মন্দাকিনীকে নানা কৌশলে দূরে রাখিয়া তাহারা দে আমোদ বোধ করিত, তাহাও নই হইবার উপক্রম হইয়াছে। মন্দাকে তফাতে রাধা কঠিন হইল। অমল যে মনে করিবে চাক্লই তাহার একমাত্র বন্ধু ও সমজদার, ইহা মন্দার ভালো লাগিত না। পূর্বকৃত অবহেলা দে হুদে আসলে শোধ দিতে উত্তত। স্থতরাং অমলে চাক্লতে মুখোমুখি হইলেই মন্দা কোনো ছলে

মাঝধানে আসিয়া ছায়া ফেলিয়া গ্রহণ লাগাইয়া দিত। হঠাৎ মন্দার এই পরিবর্তন লইয়া চাক্ন তাহার অসাক্ষাতে যে পরিহাস করিবে সে অবসরটুকু পাওয়া শক্ত হইল।

মন্দার এই অনাহত প্রবেশ চাকর কাছে যত বিরক্তিকর বোধ হইত অমলের কাছে ততটা বোধ হয় নাই, এ কথা বলা বাহল্য। বিম্থ রমণীর মন ক্রমশ তাহার দিকে যে ফিরিতেছে, ইহাতে ভিতরে ভিতরে দে একটা আগ্রহ অম্বভব করিতেছিল।

কিন্তু চারু যখন দূর হইতে মন্দাকে দেখিয়া ভীত্র মৃত্ত্বরে বলিত "ঐ আসছেন" তথন অমলও বলিত, "তাই তো, আলালে দেখছি।" পৃথিবীর অক্ত-সকল সঙ্গের প্রতি অসহিষ্কৃতা প্রকাশ করা তাহাদের একটা দল্পর ছিল; অমল সেটা হঠাৎ কী বলিয়া ছাড়ে। অবশেষে মন্দাকিনী নিকটবাতিনী হইলে অমল যেন বলপূর্বক সৌজক্ত করিয়া বলিত, "তার পরে, মন্দা-বউঠান, আজ তোমার পানের বাটায় বাটপাড়ির লক্ষণ কিছু দেখলে।"

মন্দা। যথন চাইলেই পাও ভাই, তথন চুরি করবার দরকার!

অমল। চেয়ে পাওয়ার চেয়ে তাতে স্থথ বেশি।

মন্দা। তোমরা কী পড়ছিলে পড়ো-না, ভাই। থামলে কেন। পড়া ভনতে আমার বেশ লাগে।

ইতিপূর্বে পাঠাহরাগের জন্ত খ্যাতি অর্জন করিতে মন্দার কিছুমাত চেটা দেখা যায় নাই, কিন্তু 'কালোহি বলবত্তরঃ'।

চাঙ্গর ইচ্ছা নহে অরদিকা মন্দার কাছে অমল পড়ে, অমলের ইচ্ছা মন্দাও তাহার লেখা শোনে।

চারু। অমল কমলাকান্তের দপ্তরের সমালোচনা লিখে এনেছে, সে কি তোমার— মন্দা। হলেমই বা মুখ্যু, তবু ভনলে কি একেবারেই বুরতে পারি নে।

তথন আর-একদিনের কথা অমলের মনে পড়িল। চারুতে মন্দাতে বিস্তি থেলিতেছে, সে তাহার লেখা হাতে করিয়া থেলাসভায় প্রবেশ করিল। চারুকে শুনাইবার জন্ত সে অধীর, খেলা ভাঙিতেছে না দেখিয়া সে বিরক্ত। অবশেষে বলিয়া উঠিল, "তোমরা তবে খেলো বউঠান, আমি অথিলবাবুকে লেখাটা শুনিয়ে আসি গে।"

চারু অমলের চাদর চাপিয়া কহিল, "আ:, বোদো-না, যাও কোথায়।" বলিয়া তাড়াতাড়ি হারিয়া খেলা শেষ করিয়া দিল।

মন্দা বলিল, "তোমাদের পড়া আরম্ভ হবে ব্ঝি? তবে আমি উঠি।"
চারু ভক্ততা করিয়া কহিল, "কেন, তুমিও শোনো-না ভাই।"

মলা। না ভাই, আমি তোমাদের ও-সব ছাইপাশ কিছুই বুঝি নে; আমার

কেবল ঘুম পায়। বলিয়া দে অকালে খেলাভলে উভয়ের প্রতি অত্যন্ত বিরক্ত হইয়া চলিয়া গেল।

সেই মন্দা আজ কমলাকান্তের সমালোচনা শুনিবার জন্ম উৎস্ক। অমল কহিল, "তা বেশ তো মন্দা-বউঠান, তুমি শুনবে সে তো আমার দৌভাগ্য।" বলিয়া পাত উলটাইয়া আবার গোড়া হইতে পড়িবার উপক্রম করিল; লেথার আরভে সে অনেকটা পরিমাণ রস ছড়াইয়াছিল, সেটুকু বাদ দিয়া পড়িতে তাহার প্রবৃত্তি হইল না।

চারু তাড়াতাড়ি বলিল, "ঠাকুরপো, তুমি যে বলেছিলে জাহুবী লাইত্রেরি থেকে পুরোনো মাদিক পত্ত কতকগুলো এনে দেবে।"

অমল। সে তো আজ নয়।

চাৰু। আত্ইতো। বেশ। ভূলে গেছ বুঝি।

অমল। ভূলব কেন। তুমি যে বলেছিলে—

চারু। আচ্ছা বেশ, এনো না। তোমরা পড়ো। আমি যাই, পরেশকে লাইব্রেরিতে পাঠিয়ে দিই গে। বলিয়া চারু উঠিয়া পড়িল।

অমল বিপদ আশকা করিল। মন্দা মনে মনে বৃঝিল এবং মৃহুর্তের মধ্যেই চারুর প্রতি তাহার মন বিষাক্ত হইয়া উঠিল। চারু চলিয়া গেলে অমল যথন উঠিবে কি না ভাবিয়া ইতন্তত করিতেছিল মন্দা ঈষৎ হাসিয়া কহিল, "যাও ভাই, মান ভাঙাও গে; চারু রাগ করেছে। আমাকে লেখা শোনালে মুশকিলে পড়বে।"

ইহার পরে অমলের পক্ষে ওঠা অত্যস্ত কঠিন। অমল চারুর প্রতি কিছু রুট হইয়া কহিল, "কেন, মৃশকিল কিসের।" বলিয়া লেথা বিস্তৃত করিয়া ধরিয়া পড়িবার উপক্রম করিল।

মন্দা দুই হাতে তাহার লেখা আচ্ছাদন করিয়া বলিল, "কাজ নেই ভাই, পোড়ো না।" বলিয়া, যেন অশ্রু সম্বরণ করিয়া, অন্তক চলিয়া গেল।

#### পঞ্চম পরিচ্ছেদ

চাক্ষ নিমন্ত্রণে গিয়াছিল। মন্দা ঘরে বসিয়া চুলের দড়ি বিনাইতেছিল। "বউঠান" বলিয়া অমল ঘরের মধ্যে প্রবেশ করিল। মন্দা নিশ্চয় জানিত যে, চাক্ষর নিমন্ত্রণে যাওয়ার সংবাদ অমলের অগোচর ছিল না; হাসিয়া কহিল, "আহা অমলবাবু, কাকে খুঁজতে এসে কার দেখা পেলে। এমনি ভোমার অদৃষ্ট।" অমল কহিল, "বাঁ দিকের বিচালিও ঘেমন ডান দিকের বিচালিও ঠিক তেমনি, গর্দভের পক্ষে তুইই স্মান আদ্রের।" বলিয়া সেইখানে বসিয়া গেল।

অমল। মন্দা-বোঠান, তোমাদের দেশের গল্প বলো, আমি ভনি।

লেখার বিষয় সংগ্রহ করিবার জন্ম অমল সকলের সব কথা কৌত্হলের সহিত শুনিত। সেই কারণে মন্দাকে এখন সে আর পূর্বের ন্যায় সম্পূর্ণ উপেক্ষা করিত না। মন্দার মনস্তব্ধ, মন্দার ইতিহাস, এখন তাহার কাছে ঔংস্কাজনক। কোথায় তাহার জন্মভূমি, তাহাদের গ্রামটি কিরুপ, ছেলেবেলা কেমন করিয়া কাটিত, বিবাহ হইল কবে, ইত্যাদি সকল কথাই সে খুঁটিয়া খুঁটিয়া জিজ্ঞাসা করিতে লাগিল। মন্দার ক্ষে জীবনর্ত্তান্ত সহন্দে এত কৌত্হল কেহ কখনো প্রকাশ করে নাই। মন্দা আনন্দে নিজের কথা বকিয়া যাইতে লাগিল; মাঝে মাঝে কহিল, "কী বকছি তার ঠিক নাই।"

অমল উৎসাহ দিয়া কহিল, "না, আমার বেশ লাগছে, বলে যাও।" মন্দার বাপের এক কানা গোমন্তা ছিল, সে তাহার বিতীয় পক্ষের জীর সঙ্গে ঝগড়া করিয়া এক-একদিন অভিমানে অনশনত্রত গ্রহণ করিত, অবশেষে ক্ষ্ণার জালায় মন্দাদের বাড়িতে কিরপে গোপনে আহার করিতে আসিত এবং দৈবাৎ একদিন স্ত্রীর কাছে কিরপে ধরা পড়িয়াছিল, সেই গল্প যথন হইতেছে এবং অমল মনোযোগের সহিত শুনিতে শুনিতে সকৌত্বক হাসিতেছে, এমন সময় চারু ঘরের মধ্যে আসিয়া প্রবেশ করিল।

গল্পের স্থ্র ছিন্ন হইয়া গেল। তাহার আগমনে হঠাৎ একটা জমাট সভা ভাঙিয়া গেল, চাক তাহা স্পষ্টই বৃঝিতে পারিল।

অমল জিজ্ঞাদা করিল, "বউঠান, এত সকাল-সকাল ফিরে এলে যে।"

চাঞ্চ কহিল, "তাই তো দেখছি। বেশি সকাল-সকালই ফিরেছি।" বলিয়া চলিয়া যাইবার উপক্রম করিল।

অমল কহিল, "ভালোই করেছ, বাঁচিয়েছ আমাকে। আমি ভাবছিলুম, কথন না জানি ফিরবে। মন্মথ দত্তর 'সন্ধ্যার পাখি' বলে নৃতন বইটা ভোমাকে পড়ে শোনাব বলে এনেছি।"

চারণ। এখন থাক্, আমার কান্ধ আছে।

অমল। কাজ থাকে তো আমাকে হকুম করো, আমি করে দিচ্ছি।

চারু জানিত অমল আজ বই কিনিয়া আনিয়া তাহাকে শুনাইতে আসিবে; চারু দ্বী জন্মাইবার জন্ত মন্মথর লেখার প্রচুর প্রশংসা করিবে এবং অমল সেই বইটাকে বিকৃত করিয়া পড়িয়া বিজ্ঞপ করিতে থাকিবে। এই-সকল কল্পনা করিয়াই অধৈর্যবশত সে অকালে নিমন্ত্রণগৃহের সমস্ত অসুনয়বিনয় লজ্মন করিয়া অস্থের ছুতায় গৃহে চলিয়া আসিতেছে। এখন বারবার মনে করিতেছে, 'দেখানে ছিলাম ভালো, চলিয়া আসা অক্সায় হইয়াছে।'

মন্দাও তো কম বেহায়া নয়। একলা অমলের সহিত একঘরে বিদিয়া দাঁত বাহির করিয়া হালিতেছে। লোকে দেখিলে কী বলিবে। কিন্তু মন্দাকে এ কথা লইয়া ভংগনা করা চাকর পক্ষে বড়ো কঠিন। কারণ, মন্দা যদি তাহারই দৃষ্টান্তের উল্লেখ করিয়া জ্বাব দেয়। কিন্তু সে হইল এক, আর এ হইল এক। সে অমলকে রচনায় উৎসাহ দেয়, অমলের দক্ষে পাহিত্যালোচনা করে, কিন্তু মন্দার তো সে উদ্দেশ্ত আদ্বেই নয়। মন্দা নিঃসন্দেহই সরল যুবককে মৃদ্ধ করিবার জন্ম জাল বিন্তার করিতেছে। এই ভয়ংকর বিপদ হইতে বেচারা অমলকে রক্ষা করা তাহারই কর্তব্য। অমলকে এই মায়াবিনীর মতলব কেমন করিয়া বুঝাইবে। বুঝাইলে তাহার প্রলোভনের নিবৃত্তি না হইয়া যদি উল্টা হয়।

বেচারা দাদা! তিনি তাঁহার স্বামীর কাগজ লইয়া দিন রাত থাটিয়া মরিতেছেন, আর মন্দা কিনা কোণটিতে বিদিয়া অমলকে ভূলাইবার জন্ত আয়োজন করিতেছে। দাদা বেশ নিশ্চিম্ভ আছেন। মন্দার উপরে তাঁর অগাধ বিশ্বাস। এ-সকল ব্যাপার চারু কী করিয়া স্বচক্ষে দেখিয়া স্থির থাকিবে। ভারি অন্তায়।

কিন্তু আগে অমল বেশ ছিল, যেদিন হইতে লিখিতে আরম্ভ করিয়া নাম করিয়াছে সেই দিন হইতেই যত অনর্থ দেখা যাইতেছে। চার্রুই তো তাহার লেখার গোড়া। কুক্লণে দে অমলকে রচনায় উৎসাহ দিয়াছিল। এখন কি আর অমলের 'পরে তাহার পূর্বের মতো জোর খাটিবে। এখন অমল পাঁচজনের আদরের আদ পাইয়াছে, অতএব একজনকে বাদ দিলে তাহার আগে যায় না।

চারু স্পটই ব্ঝিল, তাহার হাত হইতে গিয়া পাঁচজনের হাতে পড়িয়া অমলের সমূহ বিপদ। চারুকে অমল এখন নিজের ঠিক সমকক্ষ বলিয়া জানে না; চারুকে সে ছাড়াইয়া গেছে। এখন সে লেখক, চারু পাঠক। ইহার প্রতিকার করিতেই হইবে।

षाहा, मतल ष्रमल, भाग्नाविनी भन्ना, विठाता नाना।

## ষষ্ঠ পরিচ্ছেদ

সেদিন আবাঢ়ের নবীন মেঘে আকাশ আচ্ছন। ঘরের মধ্যে অন্ধকার ঘনীভূত হইয়াছে বলিয়া চারু তাহার থোলা জানালার কাছে একান্ত ঝুঁ কিয়া পড়িয়া কী একটা লিখিতেছে। অমল কথন নি:শব্দপদে পশ্চাতে আসিয়া দাঁড়াইল তাহা সে জানিতে পারিল না। বাদলার শ্বিদ্ধ আলোকে চাফ লিথিয়া গেল, অমল পড়িতে লাগিল। পাশে অমলেরই ত্ই-একটা ছাপানো লেখা খোলা পড়িয়া আছে; চাকর কাছে সেইগুলিই রচনার একমাত্র আদর্শ।

"তবে বে বল, তুমি লিথতে পার না!" হঠাৎ অমলের কণ্ঠ শুনিয়া চারু অত্যন্ত চমকিয়া উঠিল; তাড়াতাড়ি থাতা লুকাইয়া ফেলিল; কহিল, "তোমার ভারি অভায়।"

অমল। কী অন্তায় করেছি।

চাক। স্থকিয়ে স্থকিয়ে দেখছিলে কেন।

ষমল। প্রকাশ্তে দেখতে পাই নে বলে।

চাক্ন তাহার লেখা ছি ড়িয়া ফেলিবার উপক্রম করিল। অমল ফস্ করিয়া তাহার হাত হইতে থাতা কাড়িয়া লইল। চাক্ন কহিল, "তুমি যদি পড় তোমার সঙ্গে জন্মের মতো আড়ি।"

অমল। যদি পড়তে বারণ কর তা হলে তোমার সঙ্গে জন্মের মতো আড়ি। চারু। আমার মাথা থাও ঠাকুরপো, পোড়ো না।

অবশেষে চাক্তকেই হার মানিতে হইল। কারণ, অমলকে তাহার লেখা দেখাইবার জন্ম মন ছট্ফট্ করিতেছিল, অথচ দেখাইবার বেলায় যে তাহার এত লজ্জা করিবে তাহা দে ভাবে নাই। অমল যথন অনেক অহনয় করিয়া পড়িতে আরম্ভ করিল তথন লজ্জায় চাক্তর হাত-পা বরফের মতো হিম হইয়া গেল। কহিল, "আমি পান নিয়ে আদি গে।" বলিয়া তাড়াতাড়ি পাশের ঘরে পান সাজিবার উপলক্ষ করিয়া চলিয়া গেল।

অমল পড়া সাঙ্গ করিয়া চাফকে গিয়া কহিল, "চমৎকার হয়েছে।"

চারু পানে থয়ের দিতে ভূলিয়া কহিল, "যাও, আর ঠাট্টা করতে হবে না। দাও, আমার থাতা দাও।"

অমল কহিল, "থাতা এখন দেব না, লেখাটা কপি করে নিয়ে কাগজে পাঠাব।" চারু। হাঁ, কাগজে পাঠাবে বৈকি! সে হবে না।

চাক ভারি গোলমাল করিতে লাগিল। অমলও কিছুতে ছাড়িল না। সে ধখন বারবার শপথ করিয়া কহিল "কাগজে দিবার উপযুক্ত হইয়াছে" তখন চাক্ল ধেন নিতান্ত হতাশ হইয়া কহিল, "তোমার সঙ্গে তো পেরে ওঠবার জো নেই! থেটা ধরবে সে আর কিছুতেই ছাড়বে না!" षमन कहिन, "मामारक একবার দেখাতে হবে।"

ভনিয়া চাক পান সাজা ফেলিয়া আসন হইতে বেগে উঠিয়া পড়িল; থাতা কাড়িবার চেষ্টা করিয়া কহিল, \*না, তাঁকে শোনাতে পাবে না। তাঁকে যদি আমার লেখার কথা বল তা হলে আমি আর এক অক্ষর লিখব না।"

অমল। বউঠান, তুমি ভারি ভূল ব্ঝছ। দাদা মূথে যাই বলুন, তোমার লেথা দেখলে খুব খুশি হবেন।

চারু। তা হোক, আমার খুশিতে কাজ নেই।

চারু প্রতিজ্ঞা করিয়া বসিয়াছিল সে লিখিবে— অমলকে আশ্রুর্য করিয়া দিবে;
মন্দার সহিত তাহার যে অনেক প্রভেদ এ কথা প্রমাণ না করিয়া সে ছাড়িবে না।
এ কয়দিন বিশুর লিখিয়া সে ছি ড়িয়া ফেলিয়াছে। যাহা লিখিতে যায় তাহা নিতান্ত
অমলের লেখার মতো হইয়া উঠে; মিলাইতে গিয়া দেখে এক-একটা অংশ অমলের
রচনা হইতে প্রায় অবিকল উদ্ধৃত হইয়া আসিয়াছে। সেইগুলিই ভালো, বাকিগুলা
কাঁচা। দেখিলে অমল নিশ্রুত্ব মনে মনে হাসিবে, ইহাই কল্পনা করিয়া চারু সে-সকল
লেখা কৃটি কৃটি করিয়া ছি ড়িয়া পুক্রের মধ্যে ফেলিয়া দিয়াছে, পাছে তাহার একটা
থণ্ড ও দৈবাৎ অমলের হাতে আসিয়া পড়ে।

প্রথমে সে লিথিয়াছিল 'প্রাবণের মেঘ'। মনে করিয়াছিল, 'ভাবাঞ্জলে অভিবিজ্ঞ খ্ব একটা নৃতন লেখা লিথিয়াছি।' হঠাৎ চেতনা পাইয়া দেখিল জিনিসটা অমলের 'আষাঢ়ের চাঁদ'-এর এপিঠ-ওপিঠ মাত্র। অমল লিথিয়াছে, 'ভাই চাঁদ, তুমি মেঘের মধ্যে চোরের মতো লুকাইয়া বেড়াইতেছ কেন।' চারু লিথিয়াছিল, 'স্থী কাদ্দ্বিনী, হঠাৎ কোথা হইতে আসিয়া তোমার নীলাঞ্জের তলে চাঁদকে চুরি করিয়া প্লায়ন করিতেছ' ইত্যাদি।

কোনোমতেই অমলের গণ্ডি এড়াইতে না পারিয়া অবশেষে চারু রচনার বিষয় পরিবর্তন করিল। চাঁদ, মেঘ, শেফালি, বউ-কথা-কও, এ-সমন্ত ছাড়িয়া সে 'কালীতলা' বলিয়া একটা লেখা লিখিল। তাহাদের গ্রামে ছায়ায়-অন্ধকার পুকুরটির ধারে কালীর মন্দির ছিল; সেই মন্দিরটি লইয়া তাহার বাল্যকালের কল্পনা ভন্ন উৎস্কর্য, সেই সমন্দে তাহার বিচিত্র শ্বতি, সেই জাগ্রত ঠাকুরানীর মাহাত্ম্য সম্পন্ধ গ্রামে চিরপ্রচলিত প্রাচীন গল্প— এই-সমন্ত লইয়া সে একটি লেখা লিখিল। তাহার আরম্ভ-ভাগ অমলের লেখার ছাঁদে কাব্যাড়েম্বরপূর্ণ হইয়াছিল, কিন্তু থানিকটা অগ্রসর হইতেই তাহার লেখা সহছেই সরল এবং পল্লীগ্রামের ভাষা-ভন্নী-আভাসে পরিপূর্ণ হইয়া উঠিয়াছিল।

এই লেখাটা অমল কাড়িয়া লইয়া পড়িল। তাহার মনে হইল, গোড়ার দিকটা বেশ সরস হইয়াছে, কিন্তু কবিত্ব শেষ পর্যস্ত রক্ষিত হয় নাই। ষাহা হউক, প্রথম রচনার পক্ষে লেখিকার উভাম প্রশংসনীয়।

চারু কহিল, 'ঠাকুরপো, এলো আমরা একটা মাসিক কাগজ বের করি। কী বল।" অমল। অনেকগুলি রৌপাচক না হলে সে কাগজ চলবে কী করে।

চারু। আমাদের এ কাগজে কোনো খরচ নেই। ছাপা হবে না তো— হাতের অক্ষরে লিখব। তাতে তোমার আমার ছাড়া আর কারো লেখা বেরবে না, কাউকে পড়তে দেওয়া হবে না। কেবল ত্ কপি করে বের হবে; একটি ভোমার জন্তে, একটি আমার জন্তে।

কিছুদিন পূর্বে হইলে অমল এ প্রস্তাবে মাতিয়া উঠিত; এখন গোপনতার উৎসাহ তাহার চলিয়া গেছে। এখন দশজনকে উদ্দেশ না করিয়া কোনো রচনায় দে স্থধ পায় না। তবু সাবেক কালের ঠাট বজায় রাখিবার জন্ম উৎসাহ প্রকাশ করিল। কহিল, "সে বেশ মজা হবে।"

চারু কহিল, "কিন্তু প্রতিজ্ঞা করতে হবে, আমাদের কাগজ ছাড়া আর কোথাও তুমি লেখা বের করতে পারবে না।"

অমল। তা হলে সম্পাদকরা যে মেরেই ফেলবে।

চারু। আর আমার হাতে বুঝি মারের অস্ত্র নেই ?

সেইরপ কথা হইল। হই সম্পাদক, হুই লেথক এবং হুই পাঠকে মিলিয়া কমিটি বসিল। অমল কহিল, "কাগজের নাম দেওয়া যাক চারুপাঠ।" চারু কহিল, "না, এর নাম অমলা।"

এই নৃতন বন্দোবন্তে চারু মাঝের কয়দিনের হৃঃথবিরক্তি ভূলিয়া গেল। তাহাদের মাসিক পত্রটিতে তো মন্দার প্রবেশ করিবার কোনো পথ নাই এবং বাহিরের লোকেরও প্রবেশের ছার রুদ্ধ।

## সপ্তম পরিচ্ছেদ

ভূপতি একদিন আসিয়া কহিল, "চারু, তুমি যে লেথিকা হয়ে উঠবে, পূর্বে এমন তো কোনো কথা ছিল না।"

চারু চমকিয়া লাল হইয়া উঠিয়া কহিল, "আমি লেখিকা! কে বললে ভোমাকে। কথ্ধনো না!"

ভূপতি। বামালহন্দ গ্রেফ্তার। প্রমাণ হাতে-হাতে। বলিয়া ভূপতি একখণ্ড

সরোক্ষহ বাহির করিল। চারু দেখিল, যে-সকল লেখা সে তাহাদের গুপ্ত সম্পত্তি মনে করিয়া নিজেদের হন্তলিখিত মাসিক পত্তে সঞ্চয় করিয়া রাখিতেছিল তাহাই লেখক-লেখিকার নামস্থদ্ধ সরোক্ষহে প্রকাশ হইয়াছে।

কে যেন তাহার থাঁচার বড়ো সাথের পোষা পাথিগুলিকে দ্বার খুলিয়া উড়াইয়া দিয়াছে, এমনি তাহার মনে হইল। ভূপতির নিকটে ধরা পড়িবার লজ্জা ভূলিয়া গিয়া বিশ্বাস্থাতী অমলের উপর তাহার মনে মনে অত্যন্ত রাগ হইতে লাগিল।

"আর এইটে দেখো দেখি।" বলিয়া বিশ্ববন্ধ খবরের কাগজ খুলিয়া ভূপতি চারুর সন্মুখে ধরিল। তাহাতে 'হাল বাংলা লেখার ঢং' বলিয়া একটা প্রবন্ধ বাহির হইয়াছে।

চারু হাত দিয়া ঠেলিয়া দিয়া কহিল, "এ পড়ে আমি কী করব।" তথন অমলের উপর অভিমানে আর কোনো দিকে সে মন দিতে পারিতেছিল না। ভূপতি জাের করিয়া কহিল, "একবার পড়ে দেখােই-না।"

চারু অগত্যা চোথ বুলাইয়া গেল। আধুনিক কোনো কোনো লেথকশ্রেণীর ভাবাড়ম্বরে পূর্ণ গছ লেথাকে গালি দিয়া লেথক খুব কড়া প্রবন্ধ লিথিয়াছে। তাহার মধ্যে অমল এবং মন্মথ দত্তর লেথার ধারাকে সমালোচক তীত্র উপহাদ করিয়াছে, এবং তাহারই দক্ষে তুলনা করিয়া নবীনা লেথিকা শ্রীমতী চারুবালার ভাষার অরুত্রিম সরলতা, অনায়াস সরসতা এবং চিত্ররচনানৈপুণ্যের বহুল প্রশংসা করিয়াছে। লিথিয়াছে, এইরপ রচনাপ্রণালীর অমুকরণ করিয়া সফলতা লাভ করিলে তবেই অমল-কোম্পানির নিন্তার, নচেৎ তাহারা সম্পূর্ণ ফেল করিবে ইহাতে কোনো সন্দেহ নাই।

ভূপতি হাসিয়া কহিল, "একেই বলে গুরুমারা বিছে।"

চারু তাহার লেখার এই প্রথম প্রশংসায় এক-একবার খুশি হইতে গিয়া তৎক্ষণাৎ পীড়িত হইতে লাগিল। তাহার মন যেন কোনোমতেই খুশি হইতে চাহিল না। প্রশংসার লোভনীয় স্বধাপাত্র মৃথের কাছ পর্যন্ত আদিতেই ঠেলিয়া ফেলিয়া দিতে লাগিল।

দে বুঝিতে পারিল, তাহার লেখা কাগজে ছাপাইয়া অমল হঠাৎ তাহাকে বিশ্বিত করিয়া দিবার সংকল্প করিয়াছিল। অবশেষে ছাপা হইলে পর স্থির করিয়াছিল কোনো-একটা কাগজে প্রশংসাপূর্ণ সমালোচনা বাহির হইলে তুইটা একসঙ্গে দেখাইয়া চাক্ষর রোষশান্তি ও উৎসাহবিধান করিবে। যথন প্রশংসা বাহির হইল তথন অমল কেন আগ্রহের সহিত তাহাকে দেখাইতে আসিল না। এ সমালোচনায় অমল

আঘাত পাইয়াছে এবং চারুকে দেখাইতে চাহে না বলিয়াই এ কাগজগুলি সে একেবারে গোপন করিয়া গেছে। চারু আরামের জন্ম অতি নিভূতে বে একটি কুন্ত নাহিত্যনীড় রচনা করিতেছিল হঠাৎ প্রশংসা-শিলাবৃষ্টির একটা বড়ো রকমের শিলা আসিয়া সেটাকে একেবারে খলিত করিবার জো করিল। চারুর ইহা একেবারেই ভালো লাগিল না।

স্থৃপতি চলিয়া গেলে চারু তাহার শোবার মরের থাটে চূপ করিয়া বদিয়া রহিল; সম্মুথে সরোক্ষহ এবং বিশ্বস্কু খোলা পড়িয়া আছে।

থাতা-হাতে অমল চারুকে সহসা চকিত করিয়া দিবার জক্ত পশ্চাৎ হইতে নিঃশব্দপদে প্রবেশ করিল। কাছে আসিয়া দেখিল, বিশ্ববন্ধুর সমালোচনা খুলিয়া চারু নিময়চিত্তে বসিয়া আছে।

পুনরায় নি:শব্দপদে অমল বাহির হইয়া গেল। 'আমাকে গালি দিয়া চাক্ষর লেথাকে প্রশংসা করিয়াছে বলিয়া আনন্দে চাক্ষর আর চৈতন্ত নাই।' মূহুর্তের মধ্যে তাহার সমস্ত চিত্ত যেন তিক্তন্তাদ হইয়া উঠিল। চাক্ষ যে মূর্থের সমালোচনা পড়িয়া নিজেকে আপন গুরুর চেয়ে মন্ত মনে করিয়াছে, ইহা নিশ্চয় স্থির করিয়া অমল চাক্ষর উপর ভারি রাগ করিল। চাক্ষর উচিত ছিল কাগন্ধথানা টুকরা টুকরা করিয়া ছি'ডিয়া আগুনে ছাই করিয়া পুড়াইয়া ফেলা।

চারুর উপর রাগ করিয়া অমল মন্দার ঘরের ঘারে দাঁড়াইয়া সশব্দে ভাকিল, "মন্দা-বউঠান।"

মন্দা। এসো ভাই, এদো। না চাইতেই যে দেখা পেলুম। আজ আমার কী ভাগ্যি।

অমল। আমার নৃতন লেখা ছ-একটা ভনবে?

মন্দা। কতদিন থেকে 'শোনাব শোনাব' করে আশা দিয়ে রেখেছ কিন্তু শোনাও না তো। কান্ধ নেই ভাই— আবার কে কোন্ দিক থেকে রাগ করে বসলে তুমিই বিপদে পড়বে— আমার কী।

অমল কিছু তীব্রম্বরে কহিল, "রাগ করবেন কে। কেনই বা রাগ করবেন। আচ্ছা দে দেখা যাবে, তুমি এখন শোনোই তো।"

মন্দা যেন অত্যন্ত আগ্রহে তাড়াতাড়ি সংযত হইয়া বদিল। অমল হুর করিয়া সমারোহের সহিত পড়িতে আরম্ভ করিল।

অমলের লেখা মন্দার পক্ষে নিতান্তই বিদেশী, তাহার মধ্যে কোথাও দে কোনো কিনারা দেখিতে পায় না। সেইজ্ঞাই সমস্ত মুধে আনন্দের হাসি আনিয়া অতিরিক্ত ব্যগ্রতার ভাবে সে ভনিতে লাগিল। উৎসাহে অমলের কণ্ঠ উত্তরোত্তর উচ্চ হইয়া উঠিল।

দে পড়িতেছিল— 'অভিমন্থা ঘেমন গর্ভবাসকালে কেবল ব্যহ-প্রবেশ করিতে শিথিয়াছিল, ব্যহ হইতে নির্গমন শেথে নাই— নদীর শ্রোত সেইরপ গিরিদরীর পাষাণ-জঠরের মধ্যে থাকিয়া কেবল সন্মুখেই চলিতে শিথিয়াছিল, পশ্চাতে ফিরিতে শেখে নাই। হায় নদীর শ্রোত, হায় ঘৌবন, হায় কাল, হায় সংসার, তোমরা কেবল সন্মুখেই চলিতে পার— যে পথে শ্বতির স্বর্ণমন্তিত উপলথগু ছড়াইয়া আস সে পথে আর কোনোদিন ফিরিয়া যাও না। মান্থ্যের মনই কেবল পশ্চাতের দিকে চায়, অনস্ক জগৎ-সংসার সে দিকে ফিরিয়াও তাকায় না।

এমন সময় মন্দার খারের কাছে একটি ছায়া পড়িল, সে ছায়া মন্দা দেখিতে পাইল। কিন্তু যেন দেখে নাই এরপ ভান করিয়া অনিমেষদৃষ্টিতে অমলের মুখের দিকে চাহিয়া নিবিড় মনোযোগের সহিত পড়া শুনিতে লাগিল।

ছায়া তৎক্ষণাৎ সরিয়া গেল।

চাক্র অপেক্ষা করিয়া ছিল, অমল আসিলেই তাহার সম্মুখে বিশ্ববন্ধু কাগঞ্চীকে যথোচিত লাঞ্চিত করিবে, এবং প্রতিজ্ঞা ভঙ্গ করিয়া তাহাদের লেখা মাসিক পত্রে বাহির করিয়াছে বলিয়া অমলকেও ভর্ণনা করিবে।

অমলের আদিবার দময় উত্তীর্ণ হইয়া গেল তবু তাহার দেখা নাই। চারু একটা লেখা ঠিক করিয়া রাখিয়াছে; অমলকে শুনাইবার ইচ্ছা; তাহাও পড়িয়া আছে।

এমন দময়ে কোথা হইতে অমলের কণ্ঠস্বর শুনা যায়। এ যেন মন্দার ঘরে।
শরবিদ্ধের মতো দে উঠিয়া পড়িল। পায়ের শব্দ না করিয়া দে ঘারের কাছে আদিয়া
দাঁড়াইল। অমল যে লেখা মন্দাকে শুনাইতেছে এখনো চারু তাহা শোনে নাই।
অমল পড়িতেছিল— 'মায়্যের মনই কেবল পশ্চাতের দিকে চায়— অনস্ত জগৎ-সংসার
দে দিকে ফিরিয়াও তাকায় না।'

চারু যেমন নিংশবে আসিয়াছিল তেমন নিংশবে আর ফিরিয়া ঘাইতে পারিল না। আজ পরে পরে তুই-তিনটা আঘাতে তাহাকে একেবারে ধৈর্যচ্যত করিয়া দিল। মন্দা যে একবর্ণও ব্ঝিতেছে না এবং অমল যে নিতান্ত নির্বোধ মৃঢ়ের মতো তাহাকে পড়িয়া ভনাইয়া তৃপ্তিলাভ করিতেছে, এ কথা তাহার চীৎকার করিয়া বলিয়া আসিতে ইচ্ছা করিল। কিন্ধ না বলিয়া সক্রোধে পদশব্দে তাহা প্রচার করিয়া আসিল। শয়ন-গৃহে প্রবেশ করিয়া চারু ছার সশব্দে বন্ধ করিল।

अभन क्नकारनत कर পড़ाय काछ निन। मन्ना शनिया ठाकत উদ্দেশ है कि उ

করিল। অমল মনে মনে কহিল, 'বউঠানের এ কী দৌরাত্মা। তিনি কি ঠিক করিয়া রাথিয়াছেন, আমি তাঁহারই ক্রীতদাস। তাঁহাকে ছাড়া আর কাহাকেও পড়া ভনাইতে পারিব না। এ বে ভয়ানক জ্লুম।' এই ভাবিয়া সে আরো উচ্চৈঃস্বরে মন্দাকে পড়িয়া ভনাইতে লাগিল।

পড়া হইয়া গেলে চারুর ঘরের সমুখ দিয়া সে বাহিরে চলিয়া গেল। একবার চাহিয়া দেখিল, ঘরের হার রুদ্ধ।

চারু পদশব্দে বৃঝিল, অমল তাহার ঘরের সমুখ দিয়া চলিয়া গেল— একবারও থামিল না। রাগে ক্লোভে তাহার কারা আদিল না। নিজের নৃতন-লেখা খাতাথানি বাহির করিয়া তাহার প্রত্যেক পাতা বসিয়া বসিয়া টুকরা টুকরা করিয়া ছিঁ ড়িয়া ভূপাকার করিল। হায়, কী কুক্ষণেই এই-সমস্ত লেখালেখি আরম্ভ হইয়াছিল।

#### অষ্টম পরিচ্ছেদ

দদ্যার সময় বারান্দার টব হইতে জুঁইফুলের গদ্ধ আসিতেছিল। ছিন্ন মেঘের ভিতর দিয়া স্নিগ্ধ আকাশে তারা দেখা যাইতেছিল। আজ চাক্ষ চুল বাঁধে নাই, কাপড় ছাড়ে নাই। জানলার কাছে অন্ধকারে বসিয়া আছে, মূহ্বাতাসে আন্তে আত্তে তাহার খোলা চুল উড়াইতেছে, এবং তাহার চোখ দিয়া এমন ঝর্ ঝর্ করিয়া কেন জল বহিয়া যাইতেছে তাহা সে নিজেই বুঝিতে পারিতেছে না।

এমন সময় ভূপতি ঘরে প্রবেশ করিল। তাহার মুখ অত্যন্ত মান, হাদয় ভারাক্রান্ত। ভূপতির আদিবার সময় এখন নহে। কাগজের জন্ত লিখিয়া প্রফ দেখিয়া অন্তঃপুরে আদিতে প্রায়ই তাহার বিলম্ব হয়। আজ সন্ধ্যার পরেই যেন কোন্ সান্তনা-প্রত্যাশায় চারুর নিকট আদিয়া উপস্থিত হইল।

ঘরে প্রদীপ জলিতেছিল না। খোলা জানলার ক্ষীণ আলোকে ভূপতি চারুকে বাতায়নের কাছে অস্পষ্ট দেখিতে পাইল; ধীরে ধীরে পশ্চাতে আদিয়া দাঁড়াইল। পদশব্দ শুনিতে পাইয়াও চারু মুখ ফিরাইল না— মুতিটির মতো দ্বির হইয়া কঠিন হইয়া বিদিয়া রহিল।

ভূপতি কিছু আভৰ্ষ হইয়া ডাকিল, "চাক।"

ভূপতির কঠবরে দচকিত হইয়া তাড়াতাড়ি উঠিয়া পড়িল। ভূপতি আদিয়াছে লে তাহা মনে করে নাই। ভূপতি চাল্লর মাধার চুলের মধ্যে আঙুল বুলাইতে ব্লাইতে স্বেহার্ত্রকণ্ঠে জিজ্ঞানা করিল, "অন্ধকারে তুমি যে একলাটি বলে আছ, চারু? মন্দা কোথায় গেল।"

চাক ষেমনটি আশা করিয়াছিল আজ সমন্ত দিন তাহার কিছুই হইল না। সে নিশ্চয় স্থির করিয়াছিল অমল আসিয়া ক্ষমা চাহিবে— সেজগ্র প্রস্তুত হইয়া সে প্রতীকা করিতেছিল, এমন সময় ভূপতির অপ্রত্যাশিত কণ্ঠস্বরে সে ষেন আর আত্মসম্বরণ করিতে পারিল না— একেবারে কাঁদিয়া ফেলিল।

ভূপতি ব্যন্ত হইয়া ব্যথিত হইয়া জিজ্ঞানা করিল, "চাঞ্চ, কী হয়েছে, চাঞ্চ।"

কী হইয়াছে তাহা বলা শক্ত। এমনই কী হয়েছে। বিশেষ তো কিছুই হয়
নাই। অমল নিজের ন্তন লেখা প্রথমে তাহাকে না ভনাইয়া মন্দাকে ভনাইয়াছে
এ কথা লইয়া ভূপতির কাছে কী নালিশ করিবে। ভনিলে কি ভূপতি হাসিবে না ?
এই তুচ্ছ ব্যাপারের মধ্যে গুরুতর নালিশের বিষয় ষে কোন্খানে লুকাইয়া আছে
তাহা খুঁজিয়া বাহির করা চারুর পক্ষে অসাধ্য। অকারণে সে যে কেন এত অধিক
কষ্ট পাইতেছে, ইহাই সম্পূর্ণ বুঝিতে না পারিয়া তাহার কষ্টের বেদনা আরো বাড়িয়া
উঠিয়াছে।

ভূপতি। বলো-না চারু, তোমার কী হয়েছে। আমি কি তোমার উপর কোনো অক্তায় করেছি। ভূমি তো জানই, কাগজের ঝঞ্চাট নিয়ে আমি কিরকম ব্যতিব্যস্ত হয়ে আছি, ধদি তোমার মনে কোনো আঘাত দিয়ে থাকি দে আমি ইচ্ছে করে দিই নি।

ভূপতি এমন বিষয়ে প্রশ্ন করিতেছে যাহার একটিও জবাব দিবার নাই, সেইজন্ত চারু ভিতরে ভিতরে অধীর হইয়া উঠিল; মনে হইতে লাগিল, ভূপতি এখন তাহাকে নিষ্কৃতি দিয়া ছাড়িয়া গেলে সে বাঁচে।

ভূপতি দিতীয়বার কোনো উত্তর না পাইয়া পুনর্বার স্নেহসিক্ত স্বরে কহিল, "আমি সর্বদা তোমার কাছে আসতে পারি নে চারু, সেজন্তে আমি অপরাধী, কিন্তু আর হবে না। এখন থেকে দিনরাত কাগজ নিয়ে থাকব না। আমাকে তুমি যতটা চাও ভতটাই পাবে।"

চারু অধীর হইয়া বলিল, "সেজক্তে নয়।"

पृथि करिन, "তবে की करछ।" विनय्न थाटित **উপ**র विनन।

চারু বিরক্তির শ্বর গোপন করিতে না পারিয়া কহিল, "দে এখন থাক্, রাত্রে বলব।"

ভূপতি মৃহুৰ্তকাৰ শুৰু থাকিয়া কহিল, "আচ্ছা, এখন থাক্।" বলিয়া আন্তে

আন্তে উঠিয়া বাহিরে চলিয়া গেল। তাহার নিজের একটা কী কথা বলিবার ছিল, দে আর বলা হইল না।

ভূপতি যে একটা ক্ষোভ পাইয়া গেল, চারুর কাছে তাহা অগোচর রহিল না।
মনে হইল, 'ফিরিয়া ডাকি।' কিন্তু ডাকিয়া কী কথা বলিবে। অহতাপে তাহাকে
বিদ্ধ করিল, কিন্তু কোনো প্রতিকার সে খুঁজিয়া পাইল না।

রাত্রি হইল। চারু আজ দবিশেষ যতু করিয়া ভূপতির রাত্রের আহার সাজাইল এবং নিজে পাথা হাতে করিয়া বসিয়া রহিল।

এমন সময় শুনিতে পাইল মন্দা উচৈচ: স্বরে ডাকিডেছে, "ব্রজ, ব্রজ।" ব্রজ চাকর সাড়া দিলে জিজাসা করিল, "ব্যানবাব্র খাওয়া হয়েছে কি।" ব্রজ উত্তর করিল, "হয়েছে।" মন্দা কহিল, "থাওয়া হয়ে গেছে অথচ পান নিয়ে গেলি নে যে।" মন্দা ব্রজকে শত্যস্ত তিরস্কার করিতে লাগিল।

এমন সময়ে ভূপতি অন্তঃপুরে আদিয়া আহারে বদিল, চারু পাথা করিতে লাগিল।
চারু আজ প্রতিজ্ঞা করিয়াছিল, ভূপতির সঙ্গে প্রফুল্ল স্নিগ্ধভাবে নানা কথা
কহিবে। কথাবার্তা আগে হইতে ভাবিয়া প্রস্তুত হইয়া বদিয়া ছিল। কিন্তু মন্দার
কণ্ঠস্বরে তাহার বিস্তৃত আয়োজন সমস্ত ভাঙিয়া দিল, আহারকালে ভূপতিকে সে একটি
কথাও বলিতে পারিল না। ভূপতিও অত্যন্ত বিমর্থ অন্তমনস্ক হইয়া ছিল। সে ভালো
করিয়া থাইল না, চারু একবার কেবল জিজ্ঞাসা করিল, "কিছু খাচ্ছ না যে।"

ভূপতি প্রতিবাদ করিয়া কহিল, "কেন। কম থাই নি তো।"

শয়নঘরে উভয়ে একত্র হইলে ভূপতি কহিল, "আন্ধ রাত্রে ভূমি কী বলবে বলেছিলে।"

চারু কহিল, "দেখো, কিছুদিন থেকে মন্দার ব্যবহার আমার ভালো বোধ হচ্ছে না। ওকে এখানে রাথতে আমার আর সাহস হয় না।"

ভূপতি। কেন, কী করেছে।

চার । অমলের সঙ্গে ও এমনি ভাবে চলে যে, সে দেখলে লজ্জা হয়।

ভূপতি হাসিয়া উঠিয়া কহিল, "হাঃ, তুমি পাগল হয়েছ। অমল ছেলেমান্ত্র। সেদিনকার ছেলে—"

চারু। তুমি তো ঘরের থবর কিছুই রাথ না, কেবল বাইরের থবর কুড়িয়ে বেড়াও। যাই হোক, বেচারা দাদার জন্মে আমি ভাবি। তিনি কখন খেলেন না খেলেন মন্দা তার কোনো খোঁজও রাথে না, অখচ অমলের পান খেকে চুন খসে গেলেই চাক্রবাক্রদের সঙ্গে বকাবকি ক'রে অন্থ করে। ভূপতি। তোমরা মেয়েরা কিন্তু ভারি সন্দিগ্ধ তা বলতে হয়। চারু রাগিয়া বলিল, "আচ্ছা বেশ, আমরা সন্দিগ্ধ, কিন্তু বাড়িতে আমি এ-সমন্ত বেহায়াপনা হতে দেব না তা বলে রাখছি।"

চারুর এ-সমন্ত অমূলক আশকায় ভূপতি মনে মনে হাসিল, খুশিও হইল। গৃহ যাহাতে পবিত্র থাকে, দাম্পত্যধর্মে আন্থমানিক কাল্পনিক কলঙ্কও লেশমাত্র ম্পর্শনা করে, এজন্ত সাধ্বী স্ত্রীদের যে অতিরিক্ত সতর্কতা, যে সন্দেহাকুল দৃষ্টিক্ষেপ, তাহার মধ্যে একটি মাধুর্য এবং মহন্ত আছে।

ভূপতি শ্রন্ধায় এবং স্নেহে চাফর ললাট চূম্বন করিয়া কহিল, "এ নিয়ে আর কোনো গোল করবার দরকার হবে না। উমাপদ ময়মনসিংহে প্রাকৃটিস্ করতে যাচ্ছে, মন্দাকেও সঙ্গে নিয়ে যাবে।"

অবশেষে নিজের ছশ্চিস্তা এবং এই-সকল অপ্রীতিকর আলোচনা দূর করিয়া দিবার জন্ম ভূপতি টেবিল হইতে একটা খাতা তুলিয়া লইয়া কহিল, "তোমার লেখা আমাকে শোনাও-না, চারু।"

চারু খাতা কাড়িয়া লইয়া কহিল, "এ তোমার ভালো লাগবে না, তুমি ঠাট্টা করবে।"

ভূপতি এই কথায় কিছু ব্যথা পাইল, কিন্তু তাহা গোপন করিয়া হাসিয়া কহিল, "আচ্ছা, আমি ঠাট্টা করব না, এমনি স্থির হয়ে শুনব যে তোমার ভ্রম হবে, আমি ঘুমিয়ে পড়েছি।"

কিন্তু ভূপতি আমল পাইল না— দেখিতে দেখিতে খাতাপত্ত নানা আবরণ-আজাদনের মধ্যে অন্তহিত হইয়া গেল।

#### নবম পরিচ্ছেদ

সকল কথা ভূপতি চারুকে বলিতে পারে নাই। উমাপদ ভূপতির কাগজখানির কর্মাধ্যক্ষ ছিল। চাঁদা আদায়, ছাপাধানা ও বাজারের দেনা শোধ, চাকরদের বেতন দেওয়া, এ-সমস্তই উমাপদর উপর ভার ছিল।

ইতিমধ্যে হঠাৎ একদিন কাগজওয়ালার নিকট হইতে উকিলের চিঠি পাইয়া ভূপতি আশ্চর্য হইয়া গেল। ভূপতির নিকট হইতে তাহাদের ২৭০০ টাকা পাওনা জানাইয়াছে। ভূপতি উমাপদকে ডাকিয়া কহিল, "এ কী ব্যাপার! এ টাকা তো আমি তোমাকে দিয়ে দিয়েছি। কাগজের দেনা চার-পাচশোর বেশি তো হ্বার কথা নয়।"

উমাপদ কহিল, "নিশ্চয় এরা ভূল করেছে।"

কিন্ধ, আর চাপা রহিল না। কিছুকাল হইতে উমাপদ এইরপ ফাঁকি দিয়া আদিতেছে। কেবল কাগজ সম্বন্ধে নহে, ভূপতির নামে উমাপদ বাজারে অনেক দেনা করিয়াছে। গ্রামে সে যে একটি পাকা বাড়ি নির্মাণ করিতেছে তাহার মালমসলার কতক ভূপতির নামে লিখাইয়াছে, অধিকাংশই কাগজের টাকা হইতে শোধ করিয়াছে।

যথন নিতান্তই ধরা পড়িল তথন দে রুক্ষ স্বারে কহিল, "আমি তো আর নিরুদ্দেশ হচ্ছি নে। কাজ করে আমি ক্রমে ক্রমে শোধ দেব— তোমার সিকি পয়সার দেনা যদি বাকি থাকে তবে আমার নাম উমাপদ নয়।"

তাহার নামের ব্যত্যয়ে ভূপতির কোনো সান্তনা ছিল না। অর্থের ক্ষতিতে ভূপতি তত ক্ষ্ম হয় নাই, কিন্তু অকলাৎ এই বিশ্বাস্থাতকতায় সে যেন ঘর হইতে শ্রের মধ্যে পা ফেলিল।

সেইদিন দে অকালে অন্ত:পুরে গিয়াছিল। পৃথিবীতে একটা যে নিশ্চয় বিশ্বাদের স্থান আছে, দেইটে ক্ষণকালের জন্ম অমুভব করিয়া আদিতে তাহার হৃদয় ব্যাকুল হইয়াছিল। চারু তথন নিজের হৃতে সন্ধ্যাদীপ নিবাইয়া জানলার কাছে অন্ধকারে বিদ্যা ছিল।

উমাপদ পরদিনই ময়মনসিংহে হাইতে প্রস্তত। বাজারের পাওনাদাররা থবর পাইবার পূর্বেই দে দরিয়া পড়িতে চায়। ভূপতি দ্বণাপূর্বক উমাপদর দহিত কথা কহিল না— ভূপতির দেই মৌনাবস্থা উমাপদ দৌভাগ্য বলিয়া জ্ঞান করিল।

অমল আসিয়া জিজ্ঞাসা করিল, "মস্দা-বোঠান, এ কী ব্যাপার। জিনিসপত্র গোছাবার ধুম যে ?"

মন্দা। আর ভাই, থেতে তো হবেই। চিরকাল কি থাকব।

অমল। যাচ্ছ কোথায়।

यन्ता (मर्गा

অমল। কেন। এখানে অস্থবিধাটা কী হল।

মন্দা। অস্থবিধে আমার কী বল। তোমাদের পাচজনের দকে ছিলুম, স্থেই ছিলুম। কিন্তু অক্তের অস্থবিধে হতে লাগল যে। বলিয়া চারুর ঘরের দিকে কটাক্ষ করিল।

অমল গন্তীর হইয়া চুপ করিয়া রহিল। মন্দা কহিল, "ছি ছি, কী লজ্জা। বাবু কী মনে করলেন।" অমল এ কথা লইয়া আর অধিক আলোচনা করিল না। এটুকু স্থির করিল, চাক্ল ভাহাদের সম্বন্ধ দাদার কাছে এমন কথা বলিয়াছে যাহা বলিবার নহে।

অমল বাড়ি হইতে বাহির হইয়া রান্তায় বেড়াইতে লাগিল। তাহার ইচ্ছা হইল এ বাড়িতে আর ফিরিয়া না আদে। দাদা যদি বোঠানের কথায় বিশ্বাস করিয়া তাহাকে অপরাধী মনে করিয়া থাকেন, তবে মন্দা যে পথে গিয়াছে তাহাকেও সেই পথে যাইতে হয়। মন্দাকে বিদায় এক হিসাবে অমলের প্রতিও নির্বাসনের আদেশ— সেটা কেবল মুখ ফুটিয়া বলা হয় নাই মাত্র। ইহার পরে কর্তব্য খুব স্থশ্পষ্ট— আর একদণ্ডও এখানে থাকা নয়। কিন্তু দাদা যে তাহার সম্বন্ধে কোনোপ্রকার অন্তায় ধারণা মনে মনে পোষণ করিয়া রাখিবেন সে হইতেই পারে না। এতদিন তিনি অক্ষ্ম বিশ্বাসে তাহাকে ঘরে স্থান দিয়া পালন করিয়া আদিতেছেন, সে বিশ্বাসে যে অমল কোনো অংশে আঘাত দেয় নাই সে কথা দাদাকে না ব্রাইয়া সে কেমন করিয়া যাইবে।

ভূপতি তথন আত্মীয়ের ক্বতন্বতা, পাওনাদারের তাড়না, উচ্ছুল্পল হিসাবপত্র এবং শৃষ্ঠ তহবিল লইয়া মাথায় হাত দিয়া ভাবিতেছিল। তাহার এই শুদ্ধ মনোতৃংথের কেহ দোসর ছিল না— চিত্তবেদনা এবং ঋণের সঙ্গে একলা দাঁড়াইয়া যুদ্ধ করিবার জন্ম ভূপতি প্রস্তুত হইতেছিল।

এমন সময় অমল ঝড়ের মতো ঘরের মধ্যে প্রবেশ করিল। ভূপতি নিজের অগাধ চিস্তার মধ্য হইতে হঠাৎ চমকিয়া উঠিয়া চাহিল। কহিল, "থবর কী অমল।" অকস্মাৎ মনে হইল, অমল বুঝি আর-একটা কী গুরুতর হুঃসংবাদ লইয়া আসিল।

অমল কহিল, "দাদা, আমার উপরে তোমার কি কোনোরকম সন্দেহের কারণ হয়েছে।"

ভূপতি আশ্চর্য হইয়া কহিল, "তোমার উপরে সন্দেহ।" মনে মনে ভাবিল, 'সংসার যেরপ দেখিতেছি তাহাতে কোনোদিন অমলকেও সন্দেহ করিব আশ্চর্য নাই।'

অমল। বোঠান কি আমার চরিত্রদম্বন্ধে তোমার কাছে কোনোরকম দোষারোপ করেছেন।

ভূপতি ভাবিল, ওঃ, এই ব্যাপার। বাঁচা গেল। স্নেহের অভিমান। সে মনে করিয়াছিল, দর্বনাশের উপর বৃঝি আর-একটা কিছু দর্বনাশ ঘটিয়াছে, কিছু গুরুতর সংকটের সময়েও এই-সকল তৃচ্ছ বিষয়ে কর্ণণাত করিতে হয়। সংসার এ দিকে সাঁকোও নাড়াইবে অথচ সেই সাঁকোর উপর দিয়া তাহার শাকের আঁটিগুলো পার করিবার জন্ম তাগিদ করিতেও ছাড়িবে না।

অক্ত সময় হইলে ভূপতি অমলকে পরিহাদ করিত, কিন্তু আজ তাহার দে প্রফুলতা ছিল না। সে বলিল, "পাগল হয়েছ নাকি।"

অমল আবার জিজ্ঞাদা করিল, "বোঠান কিছু বলেন নি ?"

স্থৃপতি। তোমাকে ভালোবাসেন বলে যদি কিছু বলে থাকেন তাতে রাগ করবার কোনো কারণ নেই।

অমল। কাজকর্মের চেষ্টায় এখন আমার অক্তত্র যাওয়া উচিত।

ভূপতি ধমক দিয়া কহিল, "অমল, তুমি কী ছেলেমাছ্যি করছ তার ঠিক নেই। এখন পড়াশুনো করো, কাজকর্ম পরে হবে।"

অমল বিমর্থম্থে চলিয়া আসিল, ভূপতি তাহার কাগজের গ্রাহকদের মূল্যপ্রাপ্তির তালিকার দহিত তিন বৎদরের জমাখরচের হিদাব মিলাইতে বদিয়া গেল।

## দশম পরিচ্ছেদ

সমল স্থির করিল, বউঠানের সঙ্গে মোকাবিলা করিতে হইবে, এ কথাটার শেষ না করিয়া ছাড়া হইবে না। বোঠানকে যে-সকল শক্ত শক্ত কথা শুনাইবে মনে মনে তাহা আরুত্তি করিতে লাগিল।

মন্দা চলিয়া গেলে চারু দংকল্প করিল, অমলকে সে নিজে হইতে ডাকিয়া পাঠাইয়া 
তাহার রোষশান্তি করিবে। কিন্তু একটা লেখার উপলক্ষ করিয়া ডাকিতে হইবে।
অমলেরই একটা লেখার অন্তকরণ করিয়া 'অমাবস্তার আলো' নামে দে একটা প্রবন্ধ
ফাঁদিয়াছে। চারু এটুকু ব্ঝিয়াছে যে তাহার স্বাধীন ছাঁদের লেখা অমল পছন্দ
করে না।

পূর্ণিমা তাহার সমস্ত আলোক প্রকাশ করিয়া ফেলে বলিয়া চাফ তাহার নৃতন রচনায় পূর্ণিমাকে অত্যন্ত ভংসনা করিয়া লজা দিতেছে। লিথিতেছে— অমাবস্থার অভলম্পর্শ অন্ধকারের মধ্যে যোলোকলা চাঁদের সমস্ত আলোক শুরে শুরে আবদ্ধ হইয়া আছে, তাহার এক রশ্মিও হারাইয়া যায় নাই— তাই পূর্ণিমার উজ্জলতা অপেক্ষা আনবস্থার কালিমা পরিপূর্ণতর— ইত্যাদি। অমল নিজের সকল লেথাই সকলের কাছে প্রকাশ করে এবং চাফ তাহা করে না— পূর্ণিমা-অমাবস্থার তুলনার মধ্যে কি দেই কথাটার আভাস আছে।

এ দিকে এই পরিবারের তৃতীয় ব্যক্তি ভূপতি কোনো আসন্ন ঋণের ডাগিদ হইতে মৃক্তিলাভের জন্ত ডাহার পরম বন্ধু মতিলালের কাছে গিয়াছিল।

মতিলালকে সংকটের সময় ভূপতি কয়েক হাজার টাকা ধার দিয়াছিল— সেদিন অত্যস্ত বিপ্রত হইয়া সেই টাকাটা চাহিতে গিয়াছিল। মতিলাল ল্লানের পর গা খুলিয়া পাথার হাওয়া লাগাইতেছিল এবং একটা কাঠের বাল্লর উপর কাগজ মেলিয়া অতি ছোটো অক্ষরে সহত্র তুর্গানাম লিখিতেছিল। ভূপতিকে দেখিয়া অত্যস্ত হলতার স্বরে কহিল, "এসো এসো— আজকাল তো তোমার দেখাই পাবার জোনেই।"

মতিলাল টাকার কথা শুনিয়া আকাশপাতাল চিন্তা করিয়া কহিল, "কোন্ টাকার কথা বলছ। এর মধ্যে তোমার কাছ থেকে কিছু নিয়েছি নাকি।"

ভূপতি সাল-তারিথ স্মরণ করাইয়া দিলে মতিলাল কহিল, "ওঃ, সেটা তো স্মনেকদিন হল তামাদি হয়ে গেছে।"

ভূপতির চক্ষে তাহার চতুদিকের চেহার। সমন্ত যেন বদল হইয়া গেল। দংসারের যে অংশ হইতে মুখোশ থসিয়া পড়িল সে দিকটা দেখিয়া আতত্বে ভূপতির শরীর কণ্টকিত হইয়া উঠিল। হঠাৎ বল্লা আসিয়া পড়িলে ভীত ব্যক্তি যেখানে সকলের চেয়ে উচ্চ চূড়া দেখে সেইখানে যেমন ছুটয়া যায়, সংশয়াক্রান্ত বহিঃসংসার হইতে ভূপতি তেমনি বেগে অন্তঃপুরে প্রবেশ করিল, মনে মনে কহিল, 'আর যাই হোক, চারু তো আমাকে বঞ্চনা করিবে না।'

চারু তথন খাটে বদিয়া কোলের উপর বালিশ এবং বালিশের উপর থাতা রাথিয়া ঝুঁকিয়া পড়িয়া একমনে লিখিতেছিল। ভূপতি যথন নিতান্ত তাহার পাশে আদিয়া দাঁড়াইল তথনই তাহার চেতনা হইল, তাড়াতাড়ি তাহার থাতাটা পায়ের নীচে চাপিয়া বদিল।

মনে যথন বেদনা থাকে তথন অল্প আঘাতেই গুরুতর ব্যথা বোধ হয়। চারু এমন অনাবশ্যক সম্বরতার সহিত তাহার লেখা গোপন করিল দেখিয়া ভূপতির মনে বাজিল।

ভূপতি ধীরে ধীরে থাটের উপর চারুর পাশে বিদল। চারু তাহার রচনাম্রোতে অনপেন্দিত বাধা পাইয়া এবং ভূপতির কাছে হঠাং থাতা লুকাইবার ব্যস্ততায় অপ্রতিভ হইয়া কোনো কথাই জোগাইয়া উঠিতে পারিল না।

সেদিন ভূপতির নিজের কিছু দিবার বা কহিবার ছিল না। সে রিজহন্তে চারুর নিকটে প্রার্থী হইয়া আসিয়াছিল। চারুর কাছ হইতে আশকাধর্মী ভালোবাসার একটা-কোনো প্রশ্ন, একটা-কিছু আদর পাইলেই ভাহার ক্ষত-যন্ত্রণায় ঔষধ পড়িত। কিছ 'হাাদে লক্ষ্মী হৈল লক্ষ্মীছাড়া', এক মৃহুর্তের প্রয়োজনে প্রীতিভাপ্তারের চাবি চারু

ষেন কোনোখানে খুঁজিয়া পাইল না। উভয়ের স্কঠিন মৌনে ঘরের নীরবতা অত্যস্ত নিবিভ হইয়া আদিল।

থানিককণ নিতান্ত চুপচাপ থাকিয়া ভূপতি নিশ্বাস ফেলিয়া খাট ছাড়িয়া উঠিল এবং ধীরে ধীরে বাহিরে চলিয়া আদিল।

সেই সময় অমল বিশুর শব্দ শব্দ কথা মনের মধ্যে বোঝাই করিয়া লইয়া চারুর 
ঘরে জ্রুতপদে আসিতেছিল, পথের মধ্যে অমল ভূপতির অত্যন্ত শুদ্ধ বিবর্ণ মূথ দেখিয়া 
উদবিশ্ব হইয়া থামিল, জিজ্ঞাসা করিল, "দাদা, তোমার অহুথ করেছে?"

অমলের স্মিশ্বর শুনিবামাত্র হঠাৎ ভূপতির সমন্ত হৃদয় তাহার অশ্রুরাশি লইয়া বুকের মধ্যে যেন ফুলিয়া উঠিল। কিছুক্ষণ কোনো কথা বাহির হইল না। সবলে আত্মসম্বরণ করিয়া ভূপতি আর্দ্ররে কহিল, "কিছু হয় নি, অমল। এবারে কাগজে তোমার কোনো লেখা বেরচ্ছে কি।"

অমল শক্ত শক্ত কথা যাহা সঞ্চয় করিয়াছিল তাহা কোথায় গেল। তাড়াতাড়ি চাক্রর ঘরে আসিয়া জিজ্ঞানা করিল, "বউঠান, দাদার কী হয়েছে বলো দেখি।"

চারু কহিল, "কই, তা তো কিছু ব্যুতে পারপুম না। অস্ত কাগজে বোধ হয় ওঁর কাগজকে গাল দিয়ে থাকবে।"

অমল মাথা নাডিল।

না ডাকিতেই অমল আদিল এবং সহজভাবে কথাবার্তা আরম্ভ করিয়া দিল দেখিয়া চাক্র অত্যস্ত আরাম পাইল। একেবারেই লেখার কথা পাড়িল— কহিল, "আরু আমি 'অমাবস্থার আলো' বলে একটা লেখা লিখছিলুম; আর একটু হলেই তিনি সেটা দেখে ফেলেছিলেন।"

চাফ নিশ্চয় খির করিয়াছিল, তাহার নৃতন লেখাটা দেখিবার জন্ত অমল পীড়াপীড়ি করিবে। সেই অভিপ্রায়ে খাতাখানা একটু নাড়াচাড়াও করিল। কিন্তু, অমল একবার তীব্রদৃষ্টিতে কিছুক্ষণ চাক্রর মুখের দিকে চাহিল— কী ব্ঝিল, কী ভাবিল জানি না। চকিত হইয়া উঠিয়া পড়িল। পর্বভপথে চলিতে চলিতে হঠাং এক সময়ে মেঘের কুয়াশা কাটিবামাত্র পথিক যেন চমকিয়া দেখিল, সে সহস্র হন্ত গভীর গহররের মধ্যে পা বাড়াইতে খাইতেছিল। অমল কোনো কথা না বলিয়া একেবারে মর হইতে বাহির হইয়া গেল।

চারু অমলের এই অভূতপূর্ব ব্যবহারের কোনো তাৎপর্য বুঝিতে পারিল না।

## একাদশ পরিচ্ছেদ

প্রদিন ভূপতি আবার অসময়ে শয়ন্মরে আসিয়া চারুকে ডাকাইয়া আনাইল। কহিল, "চারু, অমলের বেশ একটি ভালো বিবাহের প্রস্থাব এসেছে।"

চাक অগ্রমনস্ক ছিল। কহিল, "ভালো কী এসেছে।"

ভূপতি। বিয়ের সম্বন্ধ।

চার। কেন, আমাকে কি পছন্দ হল না।

ভূপতি উচৈঃ স্বরে হাদিয়া উঠিল। কহিল, "তোমাকে পছন্দ হল কি না সে কথা এখনো অমলকে জিজ্ঞাসা করা হয় নি। যদি বা হয়ে থাকে আমার তো একটা ছোটো-খাটো দাবি আছে, দে আমি ফদ করে ছাড়ছি নে।"

চারণ। আং, কী বকছ তার ঠিক নেই। তুমি যে বললে, তোমার বিয়ের সম্বন্ধ এসেছে। চারুর মুখ লাল হইয়া উঠিল।

ভূপতি। তা হলে কি ছুটে তোমাকে খবর দিতে আসতুম? বকশিশ পাবার তো আশা ছিল না।

চারু। অমলের সম্বন্ধ এসেছে? বেশ তো। তা হলে আর দেরি কেন।

ভূপতি। বর্ধমানের উকিল রখুনাথবাবু তাঁর মেয়ের সঙ্গে বিবাহ দিয়ে অমলকে বিলেত পাঠাতে চান।

চারু বিশ্বিত হইয়া জিজ্ঞাদা করিল, "বিলেত ১"

ভূপতি। হাঁ, বিলেত।

চায়-। অমল বিলেত ধাবে ? বেশ মজা তো। বেশ হয়েছে, ভালোই হয়েছে। তা তুমি তাকে একবার বলে দেখো।

ভূপতি। আমি বলবার আগে তুমি তাকে একবার ডেকে ব্ঝিয়ে বললে ভালো হয় না ?

চারু। আমি তো তিন হাজার বার বলেছি। সে আমার কথা রাথে না। আমি তাকে বলতে পারব না।

ভূপতি। তোমার কি মনে হয়, সে করবে না ?

চাক। আরো তো অনেকবার চেষ্টা দেখা গেছে, কোনোমতে তো রাজি হয় নি।
ভূপতি। কিন্তু এবারকার এ প্রস্তাবটা তার পক্ষে ছাড়া উচিত হবে না।
আমার অনেক দেনা হয়ে গেছে, অমলকে আমি তো আর দেরকম করে আশ্রন্থ দিতে
পারব না।

ভূপতি অমলকে ডাকিয়া পাঠাইল। অমল আসিলে তাহাকে বলিল, "বর্ধমানের উকিল রবুনাথবাব্র মেয়ের সঙ্গে তোমার বিয়ের প্রভাব এসেছে। তাঁর ইচ্ছে বিবাহ দিয়ে তোমাকে বিলেভ পাঠিয়ে দেবেন। তোমার কী মত।"

অমল কহিল, "তোমার ধদি অন্তমতি থাকে, আমার এতে কোনো অমত নেই।" অমলের কথা শুনিয়া উভয়ে আশ্চর্য হইয়া গেল। সে যে বলিবামাত্রই রাজি হইবে, এ কেহ মনে করে নাই।

চাক তীরস্বরে ঠাট্টা করিয়া কহিল, "দাদার অহমতি থাকলেই উনি মত দেবেন। কী আমার কথার বাধ্য ছোটো ভাই। দাদার 'পরে ভক্তি এতদিন কোথায় ছিল, ঠাকুরপো '

অমল উত্তর না দিয়া একটুথানি হাসিবার চেষ্টা করিল।

সমলের নিরুত্তরে চারু যেন তাহাকে চেতাইয়া তুলিবার জন্ম বিগুণতর ঝাঁজের সঙ্গে বলিল, "তার চেয়ে বলো-না কেন, নিজের ইচ্ছে গেছে। এতদিন ভান করে থাকবার কী দরকার ছিল যে বিয়ে করতে চাও না? পেটে থিদে মুখে লাজ।"

ভূপতি উপহাদ করিয়া কহিল, "অমল তোমার থাতিরেই এতদিন খিদে চেপে রেখেছিল, পাছে ভাজের কথা ভনে তোমার হিংসা হয়।"

চাক্ষ এই কথায় লাল হইয়া উঠিয়া কোলাহল করিয়া বলিতে লাগিল, "হিংদে! তা বৈকি! কথ্খনো আমার হিংদে হয় না। ওরকম করে বলা তোমার ভারি অস্তায়।"

· ভূপতি। ওই দেখো। নিজের স্ত্রীকে ঠাট্টাও করতে পারব না।
চাফ। না, ওরকম ঠাট্টা আমার ভালো লাগে না।

ভূপতি। আচ্ছা, গুরুতর অপরাধ করেছি। মাপ করো। যা হোক, বিয়ের প্রভাবটা ভা হলে স্থির ?

অমল কহিল, "হা।"

চাঞ্চ। মেয়েটি ভালো কি মন্দ তাও বুঝি একবার দেখতে যাবারও তর সইল না। তোমার যে এমন দশা হয়ে এনেছে তা তো একটু আভানেও প্রকাশ কর নি।

ভূপতি। অমল, মেয়ে দেখতে চাও তো তার বন্দোবস্ত করি। খবর নিয়েছি মেয়েটি স্থন্দরী।

অমল। না, দেখবার দরকার দেখি নে।

চারু। ওর কথা শোন কেন। সে কি হয়। কনে না দেখে বিয়ে হবে ? ও না দেখতে চায় আমরা তো দেখে নেব। ष्मम । ना माना, उरे निष्म मिथा दित कहतात नतकात दिशे ता।

চান। কাজ নেই বাপু— দেরি হলে বুক ফেটে যাবে। তুমি টোপর মাথায় দিয়ে এখনই বেরিয়ে পড়ো। কী জানি, তোমার সাত রাজার ধন মানিকটিকে যদি আর কেউ কেড়ে নিয়ে যায়।

অমলকে চারু কোনো ঠাট্রাতেই কিছুমাত্র বিচলিত করিতে পারিল না।

চারু। বিলেত পালাবার জন্মে তোমার মনটা বুঝি দৌড়চ্ছে? কেন, এথানে আমরা তোমাকে মারছিলুম না ধরছিলুম। হ্যাট কোট পরে সাহেব না সাজলে এথনকার ছেলেদের মন ওঠে না। ঠাকুরপো, বিলেত থেকে ফিরে এসে আমাদের মতো কালা আদমিদের চিনতে পারবে তো?

অমল কহিল, "তা হলে আর বিলেত যাওয়া কী করতে।"

ভূপতি হাসিয়া কহিল, "কালো রূপ ভোলবার জক্তেই তো সাত সমুদ্র পেরোনো। তা, ভয় কী চাফ, আমরা রইলুম, কালোর ভক্তের অভাব হবে না।"

ভূপতি খুশি হইয়া তথনই বর্ধমানে চিঠি লিখিয়া পাঠাইল। বিবাহের দিন স্থির হইয়া গেল।

#### দ্বাদশ পরিচ্ছেদ

ইতিমধ্যে কাগজথানা তুলিয়া দিতে হইল। ভূপতি থরচ আর জোগাইয়া উঠিতে পারিল না। লোকসাধারণ-নামক একটা বিপুল নির্মম পদার্থের যে সাধনায় ভূপতি দীর্থকাল দিনরাত্রি একান্ত মনে নিযুক্ত ছিল সেটা এক মৃহুর্তে বিসর্জন দিতে হইল। ভূপতির জীবনে সমস্ত চেষ্টা যে অভ্যন্ত পথে গত বারো বংসর অবিচ্ছেদে চলিয়া আদিতেছে সেটা হঠাং এক জায়গায় যেন জলের মাঝখানে আদিয়া পড়িল। ইহার জন্য ভূপতি কিছুমাত্র প্রস্তুত ছিল না। অকম্মাং-বাধাপ্রাপ্ত তাহার এতদিনকার সমস্ত উত্যমকে সে কোথায় ফিরাইয়া লইয়া যাইবে। তাহারা যেন উপবাদী অনাথ শিশুসন্থানদের মতো ভূপতির মুখের দিকে চাহিল, ভূপতি তাহাদিগকে আপন অস্তঃপুরে করুণাময়ী ভক্ষাপ্রায়ণা নারীর কাছে আনিয়া দাঁড় করাইল।

নারী তথন কী ভাবিতেছিল। সে মনে মনে বলিতেছিল 'এ কী আশ্চর্য, অমলের বিবাহ হইবে সে তো খুব ভালোই। কিন্তু এতকাল পরে আমাদের ছাড়িয়া পরের মরে বিবাহ করিয়া বিলাত চলিয়া যাইবে, ইহাতে তাহার মনে একবারও একটুখানির জন্ম দিধাও জন্মিল না ? এতদিন ধরিয়া তাহাকে যে আমরা এত যত্ন করিয়া রাখিলাম, আর ধেমনি বিদায় লইবার একটুখানি ফাঁক পাইল অমনি কোমর বাঁধিয়া প্রস্তুত হইল, ষেন এতদিন স্থোগের অপেক্ষা করিতেছিল। অপচ মুখে কতই মিষ্ট, কতই ভালোবাদা। মান্থকে চিনিবার জো নাই। কে জানিত, যে লোক এত লিখিতে পারে তাহার হৃদয় কিছুমাত্র নাই।'

নিজের হৃদয়প্রাচ্থের সহিত তুলনা করিয়া চারু অমলের শৃত্ত হৃদয়কে অত্যন্ত অবজ্ঞা করিতে অনেক চেষ্টা করিল কিন্তু পারিল না। ভিতরে ভিতরে নিয়ত একটা বেদনার উদ্বেগ তপ্ত শ্লের মতো তাহার অভিমানকে ঠেলিয়া ঠেলিয়া তুলিতে লাগিল— 'অমল আজ বাদে কাল চলিয়া যাইবে, তবু এ কয়দিন তাহার দেখা নাই। আমাদের মধ্যে যে পরস্পর একটা মনান্তর হইয়াছে সেটা মিটাইয়া লইবার আর অবসরও হইল না।' চারু প্রতিক্ষণে মনে করে অমল আপনি আসিবে— তাহাদের এতদিনকার খেলাধুলা এমন করিয়া ভাঙিবে না, কিন্তু অমল আর আসেই না। অবশেষে ধথন যাত্রার দিন অত্যন্ত নিকটবর্তী হইয়া আদিল তথন চারু নিজেই অমলকে ভাকিয়া পাঠাইল।

অমল বলিল, "আর একটু পরে যাচ্ছি।" চাক তাহাদের সেই বারান্দার চৌকিটাতে গিয়া বসিল। সকালবেলা হইতে ঘন মেঘ করিয়া গুমট হইয়া আছে— চাক তাহার খোলা চূল এলো করিয়া মাথায় জড়াইয়া একটা হাতপাথা লইয়া ক্লান্ত দেহে অল্ল অল্ল বাতাস করিতে লাগিল।

অত্যস্ত দেরি হইল। ক্রমে তাহার হাতপাথা আর চলিল না। রাগ দৃঃখ অধৈর্য তাহার বৃকের ভিতরে ফুটিয়া উঠিল। মনে মনে বলিল— নাই আসিল অমল, তাতেই বা কী। কিন্তু তবু পদশক মাত্রেই তাহার মন ঘারের দিকে চুটিয়া যাইতে লাগিল।

দ্র গির্জায় এগারোটা বাজিয়া গেল। স্থানান্তে এখনই ভূপতি থাইতে আসিবে। এখনো আধ ঘণ্টা সময় আছে, এখনো অমল যদি আসে। যেমন করিয়া হোক, তাহাদের কয়দিনকার নীরব ঝগড়া আজ মিটাইয়া ফেলিতেই হইবে— অমলকে এমনভাবে বিদায় দেওয়া যাইতে পারে না। এই সমবয়দি দেওয়-ভাজের মধ্যে ঘৈ চিরস্তন মধ্র সম্বন্ধ টুকু আছে— অনেক ভাব, আড়ি, অনেক স্নেহের দৌরাত্ম্যা, অনেক বিশ্রন্ধ স্থালোচনায় বিজ্ঞিত একটি চিরচ্ছায়াময় লতাবিতান— অমল সে কি আজ ধূলায় লুটাইয়া দিয়া বছদিনের জন্ত বছদ্রে চলিয়া যাইবে। একটু পরিতাপ হইবে না ? তাহার তলে কি শেষ জলও সিঞ্চন করিয়া যাইবে না— তাহাদের অনেকদিনের দেওয়-ভাজ সম্বন্ধের শেষ অঞ্জল।

আধৰণ্টা প্রায় অতীত হয়। এলো থোপা খুলিয়া থানিকটা চুলের গুচ্ছ চাক্

ক্রতবেগে আঙুলে জ্বড়াইতে এবং খুলিতে লাগিল। অশ্রু সম্বরণ করা আর যায় না। চাকর আসিয়া কহিল, "মাঠাকরুন, বাবুর জ্বন্তে ডাব বের করে দিতে হবে।"

চারু আঁচল হইতে ভাঁড়ারের চাবি খুলিয়া ঝন্ করিয়া চাকরের পায়ের কাছে ফেলিয়া দিল— সে আশ্চর্য হইয়া চাবি লইয়া চলিয়া গেল।

চারুর বৃকের কাছ হইতে কী একটা ঠেলিয়া কণ্ঠের কাছে উঠিয়া আদিতে লাগিল।

যথাসময়ে ভূপতি সহাস্থাৰ খাইতে আসিল। চাক পাধা হাতে আহারস্থানে উপস্থিত হইয়া দেখিল, অমল ভূপতির সঙ্গে আদিয়াছে। চাক ভাহার মুখের দিকে চাহিল না।

অমল জিজ্ঞানা করিল, "বোঠান, আমাকে ডাকছ ?"
চারু কহিল, "না, এখন আর দরকার নেই।"
অমল। তা হলে আমি যাই, আমার আবার অনেক গোছাবার আছে।
চারু তখন দীগুচক্ষে একবার অমলের মুখের দিকে চাহিল; কহিল, "যাও।"
অমল চারুর মুখের দিকে একবার চাহিয়া চলিয়া গেল।

আহারান্তে ভূপতি কিছুক্ষণ চারুর কাছে বিদয়া থাকে। আদ দেনাপাওনা-হিদাবপত্তের হাঙ্গামে ভূপতি অত্যন্ত ব্যক্ত— তাই আদ্ধ অন্তঃপুরে বেশিক্ষণ থাকিতে পারিবে না বলিয়া কিছু ক্ষুণ্ণ হইয়া কহিল, "আদ্ধ আর আমি বেশিক্ষণ বদতে পারছি নে— আদ্ধ অনেক ঝঞ্চাট।"

চারু বলিল, "তা যাও-না।"

ভূপতি ভাবিল, চারু অভিমান করিল। বলিল, "তাই বলে যে এখনই খেতে হবে তা নয়; একটু জিরিয়ে খেতে হবে।" বলিয়া বিদিল। দেখিল চারু বিমর্থ হইয়া আছে। ভূপতি অহুতপ্ত চিত্তে অনেকক্ষণ বিদিয়া রহিল, কিন্তু কোনোমতেই কথা জ্মাইতে পারিল না। অনেকক্ষণ কথোপকথনের বুথা চেষ্টা করিয়া ভূপতি কহিল, "অমল তো কাল চলে যাচ্ছে, কিছুদিন তোমার বোধ হয় খুব একলা বোধ হবে।"

চারু তাহার কোনো উত্তর না দিয়া খেন কী একটা আনিতে চট্ করিয়া অক্স ঘরে চলিয়া গেল। ভূপতি কিয়ৎকণ অপেক্ষা করিয়া বাহিরে প্রস্থান করিল।

চারু আজ অমলের মৃথের দিকে চাহিয়া লক্ষ করিয়াছিল অমল এই কয়দিনেই অত্যন্ত রোগা হইয়া গেছে— তাহার মৃথে তরুণতার সেই স্ফৃতি একেবারে নাই। ইহাতে চারু স্থও পাইল বেদনাও বোধ করিল। আসয় বিচ্ছেদই যে অমলকে ক্লিষ্ট করিতেছে, চারুর তাহাতে সন্দেহ রহিল না— কিন্তু তবু অমলের এমন ব্যবহার কেন। কেন সে দ্রে দ্রে পালাইয়া বেড়াইতেছে। বিদায়কালকে কেন সে ইচ্ছাপূর্বক এমন বিরোধতিক্ত করিয়া তুলিতেছে।

বিছানায় শুইয়া ভাবিতে ভাবিতে দে হঠাৎ চমকিয়া উঠিয়া বসিল। হঠাৎ মন্দার কথা মনে পড়িল। যদি এমন হয়, অমল মন্দাকে ভালোবাদে। মন্দা চলিয়া গৈছে বলিয়াই যদি অমল এমন করিয়া— ছি! অমলের মন কি এমন হইবে। এত কুন্ত্র থমন কল্যিত ? বিবাহিত রমণীর প্রতি তাহার মন যাইবে ? অসম্ভব। সন্দেহকে একাস্ত চেষ্টায় দ্ব করিয়া দিতে চাহিল কিন্তু সন্দেহ তাহাকে স্বলে দংশন করিয়া রহিল।

এমনি করিয়া বিদায়কাল আদিল। মেঘ পরিকার হইল না। অমল আদিয়া কম্পিতকঠে কহিল, "বোঠান, আমার যাবার সময় হয়েছে। তুমি এখন থেকে দাদাকে দেখো। তাঁর বড়ো সংকটের অবস্থা— তুমি ছাড়া তাঁর আর সাস্থনার কোনো পথ নেই।"

অমল ভূপতির বিষয় মান ভাব দেখিয়া সন্ধান দ্বারা তাহার তুর্গতির কথা জানিতে পারিয়াছিল। ভূপতি যে কিরপ নিঃশব্দে আপন তৃঃথত্দশার সহিত একলা লড়াই করিতেছে, কাহারো কাছে দাহায্য বা দান্তনা পায় নাই, অথচ আপন আন্ত্রিত পালিত আত্মীয়ন্ত্রদাদিককে এই প্রলয়দংকটে বিচলিত হইতে দেয় নাই, ইহা সে চিন্তা করিয়া চূপ করিয়া রহিল। তার পরে দে চাক্রর কথা ভাবিল, নিজের কথা ভাবিল, কর্ণমূল লোহিত হইয়া উঠিল, সবেগে বলিল, 'চূলোয় যাক আযাঢ়ের চাঁদ আর অমাবস্থার আলো। আমি ব্যারিস্টার হয়ে এদে দাদাকে যদি সাহায্য করতে পারি তবেই আমি পুরুষমান্ত্রয়।'

গত রাত্রি সমস্ত রাত জাগিয়া চারু ভাবিয়া রাখিয়াছিল অমলকে বিদায়কালে কী কথা বলিবে— সহাস্থ অভিমান এবং প্রফুল গুলাসীত্যের ছারা মাজিয়া মাজিয়া সেই কথাগুলিকে সে মনে মনে উজ্জ্ব ও শানিত করিয়া তুলিয়াছিল। কিন্তু বিদায় দিবার সময় চারুর মুথে কোনো কথাই বাহির হইল না। সে কেবল বলিল, "চিঠি লিখবে তো, অমল ?"

অমল ভূমিতে মাথা রাথিয়া প্রণাম করিল, চারু ছুটিয়া শয়নঘরে গিয়া দার বদ্ধ করিয়া দিল।

## ত্রয়োদশ পরিচ্ছেদ

ভূপতি বর্ধমানে গিয়া অমলের বিবাহ-অস্তে তাহাকে বিলাতে রওনা করিয়া ঘরে ফিরিয়া অাদিল।

নানা দিক হইতে ঘা খাইয়া বিশ্বাসপরায়ণ ভূপতির মনে বহিঃসংসারের প্রতি একটা বৈরাগ্যের ভাব আসিয়াছিল। সভাসমিতি মেলামেশা কিছুই তাহার ভালো লাগিত না। মনে হইল, 'এই-সব লইয়া আমি এতদিন কেবল নিজেকেই ফাঁকি দিলাম — জীবনের স্থপের দিন রুণা বহিয়া গেল এবং সারভাগ আবর্জনাকুণ্ডে ফেলিলাম।'

ভূপতি মনে মনে কহিল, 'যাক, কাগজটা গেল, ভালোই হইল। মৃজিলাভ করিলাম।' সন্ধ্যার সময় আঁধারের হুত্রপাত দেখিলেই পাথি যেমন করিয়া নীড়ে ফিরিয়া আদে, ভূপতি সেইরপ তাহার দীর্ঘদিনের সঞ্চরণক্ষেত্র পরিত্যাগ করিয়া অন্তঃপুরে চারুর কাছে চলিয়া আসিল। মনে মনে স্থির করিল, 'বাস্, এখন আর-কোথাও নয়; এইখানেই আমার স্থিতি। যে কাগজের জাহাজটা লইয়া সমন্তদিন খেলা করিতাম সেটা ভূবিল, এখন ঘরে চলি।'

বোধ করি ভূপতির একটা সাধারণ সংস্কার ছিল, স্ত্রীর উপর অধিকার কাহাকেও অর্জন করিতে হয় না, স্ত্রী ধ্রুবতারার মতো নিজের আলো নিজেই জালাইয়া রাথে—
হাওয়ায় নেবে না, তেলের অপেক্ষা রাথে না। বাহিরে যথন ভাঙচুর আরম্ভ হইল
তথন অন্তঃপুরে কোনো থিলানে ফাটল ধরিয়াছে কি না তাহা একবার পরথ করিয়া
দেখার কথাও ভূপতির মনে স্থান পায় নাই।

ভূপতি সন্ধার সময় বর্ধমান হইতে বাড়ি ফিরিয়া আদিল। তাড়াতাড়ি মৃথহাত ধূইয়া সকাল সকাল থাইল। অমলের বিবাহ ও বিলাতঘাতার আতোপাস্ত বিবরণ তানিবার জন্ম বভাবতই চারু একান্ত উৎস্কক হইয়া আছে দ্বির করিয়া ভূপতি আজ কিছুমাত্র বিলম্ব করিল না। ভূপতি শোবার ঘরে বিহানায় গিয়া তাইয়া গুড়গুড়ির স্থদীর্ঘ নল টানিতে লাগিল। চারু এখনো অহুপন্থিত, বোধ করি গৃহকার্য করিতেছে। তামাক পুড়িয়া আন্ত ভূপতির ঘূম আদিতে লাগিল। ক্লণে ঘূমের ঘোর ভাঙিয়া চমকিয়া জাগিয়া উঠিয়া দে ভাবিতে লাগিল, এখনো চারু আদিতেছে না কেন। অবশেষে ভূপতি থাকিতে না পারিয়া চারুকে ডাকিয়া পাঠাইল। ভূপতি জিজ্ঞানা করিল, "চারু, আজ যে এত দেরি করলে?"

চারু তাহার জ্বাবদিহি না করিয়া কহিল, "হাঁ, আজ দেরি হয়ে গেল।" চারুর আগ্রহপূর্ব প্রশ্নের জন্ত ভূপতি অপেকা করিয়া রহিল; চারু কোনো প্রশ্ন করিল না। ইহাতে ভূপতি কিছু ক্ষ্ম হইল। তবে কি চাক অমলকে ভালোবাদে না। অমল ষতদিন উপস্থিত ছিল ততদিন চাক তাহাকে লইয়া আমোদ-আফ্লাদ করিল, আর ষেই চলিয়া গেল অমনি তাহার সম্বন্ধে উদাদীন। এইরূপ বিসদৃশ ব্যবহারে ভূপতির মনে থটকা লাগিল, সে ভাবিতে লাগিল— তবে কি চাকর হৃদয়ের গভীরতা নাই। কেবল সে আমোদ করিতেই জানে, ভালোবাসিতে পারে না? মেয়েমামুষের পক্ষে এরূপ নিরাসক্ত ভাব তো ভালো নয়।

চারু ও অমলের দথিতে ভূপতি আনন্দ বোধ করিত। এই ত্ইজনের ছেলেমায়বি আড়ি ও ভাব, থেলা ও মন্ত্রণা তাহার কাছে স্থমিষ্ট কৌতৃকাবহ ছিল; অমলকে চারু সর্বদা বে যত্ন আদর করিত তাহাতে চারুর স্থকোমল হৃদয়ালুতার পরিচয় পাইয়া ভূপতি মনে মনে খুলি হইত। আজ আশুর্য হইয়া ভাবিতে লাগিল, দে দমন্তই কি ভাদা-ভাদা, হৃদয়ের মধ্যে তাহার কোনো ভিত্তি ছিল না? ভূপতি ভাবিল, চারুর হৃদয় যদি না থাকে তবে কোথায় ভূপতি আগ্রম পাইবে।

অল্পে অল্পে পরীক্ষা করিবার জন্ত ভূপতি কথা পাড়িল, "চারু, তুমি ভালো ছিলে তো? তোমার শরীর থারাপ নেই ?"

চারু সংক্ষেপে উত্তর করিল, "ভালোই আছি।"

ভূপতি। অমলের তো বিয়ে চুকে গেল।

এই বলিয়া ভূপতি চূপ করিল; চারু তৎকালোচিত একটা কোনো সংগত কথা বলিতে অনেক চেষ্টা করিল, কোনো কথাই বাহির হইল না; সে আড়ষ্ট হইয়া রহিল।

ভূপতি স্বভাবতই কথনো কিছু লক্ষ্য করিয়া দেখে না— কিন্তু অমলের বিদায়শোক তাহার নিজের মনে লাগিয়া আছে বলিয়াই চাকর উদাসীন্ত তাহাকে আঘাত করিল। তাহার ইচ্ছা ছিল, সমবেদনায় ব্যথিত চাকর সঙ্গে অমলের কথা আলোচনা করিয়া সে হৃদয়ভার লাঘব করিবে।

ভূপতি। মেম্বেটিকে দেখতে বেশ।— চারু, ঘুমোচ্ছ? চারু কহিল, "না।"

ভূপতি। বেচারা অমল একলা চলে গেল। যথন তাকে গাড়িতে উঠিয়ে দিলুম, সে ছেলেমামূষের মতো কাঁদতে লাগল— দেখে এই বুড়োবয়সে আমি আর চোথের জল রাখতে পারলুম না। গাড়িতে ছজন সাহেব ছিল, পুরুষমামূষের কালা দেখে তাদের ভারি আমোদ বোধ হল।

নির্বাণদীপ শয়নঘরে বিছানার অন্ধকারের মধ্যে চারু প্রথমে পাশ ফিরিয়া শুইল,

তাহার পর হঠাং তাড়াতাড়ি বিছানা ছাড়িয়া চলিয়া গেল। স্থৃপতি চকিত হইয়া জিজ্ঞানা করিল, "চারু, অস্থুথ করেছে ?"

কোনো উত্তর না পাইয়া দেও উঠিল। পাশে বারালা হইতে চাপা কান্নার শব্দ ভনিতে পাইয়া অন্তপদে গিয়া দেখিল, চারু মাটিতে পড়িয়া উপুড় হইয়া কান্না রোধ ক্রিবার চেষ্টা ক্রিতেছে।

এরপ হরন্ত শোকোচ্ছাদ দেখিয়া ভূপতি আশ্চর্য হইয়া গেল। ভাবিল, চারুকে কী ভূল ব্ঝিয়াছিলাম। চারুর স্বভাব এতই চাপা যে, আমার কাছেও হৃদয়ের কোনো বেদনা প্রকাশ করিতে চাহে না। ষাহাদের প্রকৃতি এইরূপ তাহাদের ভালোবাদা স্থগভীর এবং তাহাদের বেদনাও অত্যন্ত বেশি। চারুর প্রেম দাধারণ স্বীলোকদের স্থায় বাহির হইতে তেমন পরিদ্ভামান নহে, ভূপতি তাহা মনে মনে ঠাহর করিয়া দেখিল। ভূপতি চারুর ভালোবাদার উচ্ছাদ কথনো দেখে নাই; আজ বিশেষ করিয়া ব্ঝিল, তাহার কারণ অন্তরের দিকেই চারুর ভালোবাদার গোপন প্রদার। ভূপতি নিজেও বাহিরে প্রকাশ করিতে অপটু; চারুর প্রকৃতিতেও হৃদয়াবেগের স্থগভীর অন্তঃশীলতার পরিচয় পাইয়া সে একটা তথি অন্তত্ব করিল।

ভূপতি তথন চারুর পাশে বিদিয়া কোনো কথা না বলিয়া ধীরে ধীরে তাহার গায়ে হাত ব্লাইয়া দিতে লাগিল। কী করিয়া সান্ত্রনা করিতে হয় ভূপতির তাহা জানা ছিল না— ইহা সে ব্ঝিল না, শোককে যথন কেহ অন্ধকারে কণ্ঠ চাপিয়া হত্যা করিতে চাহে তথন সাক্ষী বিদিয়া ধাকিলে ভালো লাগে না।

# চতুর্দশ পরিচ্ছেদ

ভূপতি যথন তাহার থবরের কাগজ হইতে অবসর লইল তথন নিজের ভবিশ্বতের একটা ছবি নিজের মনের মধ্যে আঁকিয়া লইয়াছিল। প্রতিজ্ঞা করিয়াছিল, কোনো প্রকার ছরাশা-ছল্টেয় ঘাইবে না, চারুকে লইয়া পড়াশুনা ভালোবাসা এবং প্রতিদিনের ছোটোথাটো গার্হয়্য কর্তব্য পালন করিয়া চলিবে। মনে করিয়াছিল, যে-সকল ঘোরো স্থখ সব চেয়ে স্থলভ অথচ স্থলর, সর্বদাই নাড়াচাড়ার যোগ্য অথচ পবিত্র নির্মল, সেই সহজ্ঞলভ্য স্থগুলির ঘারা তাহার জীবনের গৃহকোণটিতে সন্ধ্যা-প্রদীপ জালাইয়া নিভ্ত শান্তির অবতারণা করিবে। হাসি গল্প পরিহাস, পরস্পরের মনোরঞ্জনের জন্ত প্রত্যহ ছোটোথাটো আয়োজন, ইহাতে অধিক চেটা আবশ্যক হয় না অথচ স্থথ অপ্যাপ্ত হয়া উঠে।

কার্যকালে দেখিল, সহজ স্থ সহজ নহে। যাহা মূল্য দিয়া কিনিতে হয় না তাহা যদি আপনি হাতের কাছে না পাওয়া যায় তবে আর কোনোমতেই কোণাও খুঁজিয়া পাইবার উপায় থাকে না।

ভূপতি কোনোমতেই চারুর সঙ্গে বেশ করিয়া জমাইয়া লইতে পারিল না। ইহাতে সে নিজেকেই দোষ দিল। ভাবিল, 'বারো বৎসর কেবল ধবরের কাগজ লিথিয়া, স্ত্রীর সঙ্গে কী করিয়া গল্প করিতে হয় সে বিভা একেবারে থোয়াইয়াছি।' সন্ধ্যাদীপ জালিতেই ভূপতি আগ্রহের সহিত ঘরে যায়— সে তুই-একটা কথা বলে, চারু তুই-একটা কথা বলে, তার পরে কী বলিবে ভূপতি কোনোমতেই ভাবিয়া পায় না। নিজের এই অক্ষমতায় স্ত্রীর কাছে সে লজ্জা বোধ করিতে থাকে। স্ত্রীকে লইয়া গল্প করা সে এতই সহজ মনে করিয়াছিল অথচ মৃঢ়ের নিকট ইহা এতই শক্ত! সভাহলে বক্তৃতা করা ইহার চেয়ে সহজ।

বে সন্ধ্যাবেলাকে ভূপতি হাস্তে কৌতুকে প্রণয়ে আদরে রমণীয় করিয়া তুলিবে কয়না করিয়াছিল, সেই সন্ধ্যাবেলা কাটানো তাহাদের পক্ষে সমস্থার স্বরূপ হইয়া উঠিল। কিছুক্ষণ চেষ্টাপূর্ণ মৌনের পর ভূপতি মনে করে 'উঠিয়া যাই'— কিন্তু উঠিয়া গেলে চারু কী মনে করিবে এই ভাবিয়া উঠিতেও পারে না। বলে, "চারু, তাদ খেলবে?" চারু অক্ত কোনো গতি না দেখিয়া বলে, আচ্ছা। বলিয়া অনিচ্ছাক্রমে তাদ পাড়িয়া আনে, নিতান্ত ভূল করিয়া অনায়াদেই হারিয়া যায় — দে খেলায় কোনো স্বর্থ থাকে না।

ভূপতি অনেক ভাবিয়া একদিন চারুকে জিজ্ঞাসা করিল, "চারু, মন্দাকে আনিয়া নিলে হয় না ? তুমি নিতান্ত একলা পড়েছ।"

চাক মন্দার নাম ভনিয়াই জ্বলিয়া উঠিল। বলিল, "না, মন্দাকে আমার দরকার নেই।"

ভূপতি হাদিল। মনে মনে খুশি হইল। সাধ্বীরা যেথানে সতীধর্মের কিছুমাত্র ব্যতিক্রম দেখে সেথানে ধৈর্ম রাখিতে পারে না।

বিষেবের প্রথম ধাকা দামলাইয়া চাক ভাবিল, মন্দা থাকিলে সে হয়তো ভূপভিকে অনেকটা আমোদে রাখিতে পারিবে। ভূপতি তাহার নিকট হইতে যে মনের স্থধ চায় সে তাহা কোনোমতে দিতে পারিতেছে না, ইহা চাক অঞ্ভব করিয়া পীড়া বোধ করিতেছিল। ভূপতি জগৎসংসারের আর-সমন্ত ছাড়িয়া একমাত্র চাকর নিকট হইতেই তাহার জীবনের সমস্ত আনন্দ আকর্ষণ করিয়া লইতে চেষ্টা করিতেছে, এই একাগ্র চেষ্টা দেখিয়া ও নিজের অস্তরের দৈক্ত উপলব্ধি করিয়া চাক ভীত হইয়া

পঞ্চিয়াছিল। এমন করিয়া কতদিন কিরপে চলিবে। ভূপতি আর কিছু অবলমন করে না কেন। আর-একটা থবরের কাগজ চালায় না কেন। ভূপতির চিত্তরঞ্জন করিবার অভ্যাস এ পর্যন্ত চাফকে কথনো করিতে হয় নাই, ভূপতি তাহার কাছে কোনো সেবা দাবি করে নাই, কোনো হৢথ প্রার্থনা করে নাই, চাককে সে সর্বতোভাবে নিজের প্রয়োজনীয় করিয়া তোলে নাই; আজ হঠাৎ তাহার জীবনের সমন্ত প্রয়োজন চাফর নিকট চাহিয়া বসাতে সে কোথাও কিছু যেন খুঁজিয়া পাইতেছে না। ভূপতির কী চাই, কী হইলে সে হৢপ্ত হয়, তাহা চাফ ঠিকমত জানে না এবং জানিলেও তাহা চাফর পক্ষে সহজে আয়ত্তগম্য নহে।

ভূপতি যদি অল্পে অল্পে অগ্রসর হইত তবে চারুর পক্ষে হয়তো এত কঠিন হইত না। কিন্তু হঠাৎ এক রাত্রে দেউলিয়া হইয়া রিক্ত ভিক্ষাপাত্র পাতিয়া বদাতে দে ঘেন বিব্রত হইয়াছে।

চাক্ন কহিল, "আচ্ছা, মন্দাকে আনিয়ে নাও, দে থাকলে তোমার দেখাওনোর অনেক স্থবিধে হতে পারবে।"

ভূপতি হাদিয়া কহিল, "আমার দেখা<del>ও</del>নো! কিছু দরকার নেই।"

ভূপতি ক্ষুণ্ণ হইয়া ভাবিল, 'আমি বড়ো নীরদ লোক, চারুকে কিছুতেই আমি স্থী করিতে পারিতেছি না।'

এই ভাবিয়া সে সাহিত্য লইয়া পড়িল। বন্ধুরা কথনো বাড়ি আসিলে বিশ্বিত হইয়া দেখিত, ভূপতি টেনিসন, বাইরন, বিষ্কিয়ের গল্প এই সমন্ত লইয়া আছে। ভূপতির এই অকাল-কাব্যাহ্মরাগ দেখিয়া বন্ধুবান্ধবেরা অত্যন্ত ঠাট্টাবিদ্রেপ করিতে লাগিল। ভূপতি হাসিয়া কহিল, "ভাই, বাঁশের ফুলও ধরে, কিন্তু কথন ধরে তার ঠিক নেই।"

একদিন সন্ধ্যাবেলায় শোবার ঘরে বড়ো বাতি জালাইয়া ভূপতি প্রথমে লজ্জায় একটু ইতন্তত করিল; পরে কহিল, "একটা কিছু পড়ে শোনাব ?"

চারু কহিল, "শোনাও-না।"

ভূপতি। কী শোনাব।

চারু। তোমার যা ইচ্ছে।

ভূপতি চারুর অধিক আগ্রহ না দেখিয়া একটু দমিল। তবু সাহস করিয়া কহিল, তিনিসন থেকে একটা কিছু তর্জমা করে তোমাকে শোনাই।"

চাক কহিল, "শোনাও।"

সমন্তই মাটি হইল। সংকোচ ও নিকংসাহে ভূপতির পড়া বাধিয়া ঘাইতে

লাগিল, ঠিকমত বাংলা প্রতিশব্দ জোগাইল না। চাল্লর শৃগুদৃষ্টি দেখিয়া বোঝা গেল, দে মন দিতেছে না। সেই দীপালোকিত ছোটো ঘরটি, সেই সন্ধ্যাবেলাকার নিভূত অবকাশটুকু তেমন করিয়া ভরিয়া উঠিল না।

ভূপতি আরো দুই-একবার এই ভ্রম করিয়া অবশেষে স্ত্রীর সহিত সাহিত্য-চর্চার চেষ্টা পরিত্যাগ করিল।

#### পঞ্চদশ পরিচ্ছেদ

ষেমন গুরুতর আঘাতে সায়ু অবশ হইয়া ষায় এবং প্রথমটা বেদনা টের পাওয়া ষায় না, দেইরপ বিচ্ছেদের আরম্ভকালে অমলের অভাব চারু ভালো করিয়া ষেন উপলব্ধি করিতে পারে নাই।

অবশেবে ষতই দিন যাইতে লাগিল ততই অমলের অভাবে দাংসারিক শৃত্যতার পরিমাপ ক্রমাগতই যেন বাড়িতে লাগিল। এই ভীষণ আবিদ্ধারে চারু হতবৃদ্ধি হইয়া গেছে। নিকুশ্বন হইতে বাহির হইয়া সে হঠাৎ এ কোন্ মরুভূমির মধ্যে আদিয়া পড়িয়াছে— দিনের পর দিন যাইতেছে, মরুপ্রান্তর ক্রমাগতই বাড়িয়া চলিয়াছে। এ মরুভূমির কথা সে কিছুই জানিত না।

ঘুম থেকে উঠিয়াই হঠাৎ বৃকের মধ্যে ধক্ করিয়া উঠে— মনে পড়ে, অমল নাই। সকালে যথন সে বারালায় পান সাজিতে বসে, ক্ষণে ক্ষণে কেবলই মনে হয়, অমল পকাৎ হইতে আসিবে না। এক-একসময় অক্সমনস্ক হইয়া বেশি পান সাজিয়া ফেলে, সহসা মনে পড়ে, বেশি পান থাইবার লোক নাই। যথনই ভাঁড়ারঘরে পদার্পণ করে মনে উদয় হয়, অমলের জন্ত জলথাবার দিতে হইবে না। মনের অধৈর্য অন্তঃপুরের সীমান্তে আসিয়া ভাহাকে অরণ করাইয়া দেয়, অমল কলেজ হইতে আসিবে না। কোনো একটা নৃতন বই, নৃতন লেখা, নৃতন থবর, নৃতন কৌতুক প্রভ্যাশা করিবার নাই; কাহারো জন্ত কোনো সেলাই করিবার, কোনো লেখা লিখিবার, কোনো শৌখন জিনিস কিনিয়া রাখিবার নাই।

নিজের অসহ কটে ও চাঞ্চল্যে চাক নিজে বিশ্বিত। মনোবেদনার অবিশ্রাম পীড়নে তাহার ভয় হইল। নিজে কেবলই প্রশ্ন করিতে লাগিল, 'কেন। এত কট কেন হইতেছে। অমল আমার এতই কী যে, তাহার জয় এত ছঃখ ভোগ করিব। আমার কী হইল, এতদিন পরে আমার এ কী হইল। দাসী চাকর রাভার মুটেমজ্ব-গুলাও নিশ্বিত হইয়া ফিরিতেছে, আমার এমন হইল কেন। ভগবান হরি, আমাকে এমন বিপদে কেন ফেলিলে।'

কেবলই প্রশ্ন করে এবং আশুর্য হয়, কিন্তু ছৃঃথের কোনো উপশম হয় না।
স্মনলের স্থতিতে তাহার অন্তর-বাহির এমনি পরিব্যাপ্ত যে, কোথাও সে পালাইবার
স্থান পায় না।

ভূপতি কোথার অমলের স্থতির আক্রমণ হইতে তাহাকে রক্ষা করিবে, তাহা না করিয়া সেই বিচ্ছেদব্যথিত স্নেহনীল মৃত কেবলই অমলের কথাই মনে করাইয়া দেয়।

শ্বনেষে চারু একেবারে হাল ছাড়িয়া দিল – নিজের সঙ্গে যুদ্ধ করায় ক্ষান্ত হইল; হার মানিয়া নিজের অবস্থাকে শ্ববিরোধে গ্রহণ করিল। অমলের শ্বতিকে বত্বপূর্বক হুদুয়ের মধ্যে প্রতিষ্ঠিত করিয়া লইল।

ক্রমে এমনি হইয়া উঠিল, একাগ্রচিত্তে অমলের ধ্যান তাহার গোপন গর্বের বিষয় হইল— সেই স্মৃতিই ষেন তাহার জীবনের শ্রেষ্ঠ গৌরব।

গৃহকার্যের অবকাশে একটা সময় সে নির্দিষ্ট করিয়া লাইল। সেই সময় নির্জনে গৃহত্তার রুদ্ধ করিয়া তর তর করিয়া অমলের সহিত তাহার নিজ জীবনের প্রত্যেক ঘটনা চিন্তা করিত। উপুড় হইরা বালিশের উপর মুথ রাখিয়া বারবার করিয়া বলিত, "অমল, অমল, অমল," সম্প্র পার হইয়া যেন শব্দ আসিত, "বোঠান, কী বোঠান।" চাক সিক্ত চক্ষ্ মুদ্রিত করিয়া বলিত, "অমল, তুমি রাগ করিয়া চলিয়া গেলে কেন। আমি তো কোনো দোষ করি নাই। তুমি যদি ভালোম্থে বিদায় লইয়া যাইতে, তাহা হইলে বোধ হয় আমি এত তৃংখ পাইতাম না।" অমল সম্মুখে থাকিলে যেমন কথা হইত চাক্ষ ঠিক তেমনি করিয়া কথাগুলি উচ্চারণ করিয়া বলিত, "অমল, তোমাকে আমি একদিনও ভূলি নাই। একদিনও না, একদণ্ডও না। আমার জীবনের শ্রেষ্ঠ পদার্থ সমস্ত তুমিই ফুটাইয়াছ, আমার জীবনের সারভাগ দিয়া প্রতিদিন তোমার পূজা করিব।"

এইরপে চারু তাহার দমন্ত ঘরকরা তাহার সমস্ত কর্তব্যের অন্তঃভরের তলদেশে স্থাক ধনন করিয়া সেই নিরালোক নিশুর অন্ধকারের মধ্যে অপ্রমালাস্থ্যিত একটি গোপন শোকের মন্দির নির্মাণ করিয়া রাখিল। সেখানে তাহার স্বামী বা পৃথিবীর আর-কাহারো কোনো অধিকার রহিল না। সেই স্থানটুকু ঘেমন গোপনতম, তেমনি গভীরতম, তেমনি প্রিয়তম। তাহারই ঘারে দে সংসারের সমস্ত ছন্মবেশ পরিভ্যাগ করিয়া নিজের অনার্ভ আত্মস্থরণে প্রবেশ করে এবং সেখান হইতে বাহির হইয়া মুখোশখানা আবার মুখে দিয়া পৃথিবীর হাস্তালাপ ও ক্রিয়াকর্মের রক্ত্মির মধ্যে আসিয়া উপস্থিত হয়।

## ষোড়শ পরিচ্ছেদ

এইরপে মনের সহিত ছন্দ্রবিবাদ ত্যাগ করিয়া চাক্র তাহার বৃহৎ বিষাদের মধ্যে একপ্রকার শান্তিলাভ করিল এবং একনিষ্ঠ হইয়া স্বামীকে ভক্তি ও ষত্ন করিতে লাগিল। ভূপতি বখন নিস্তিত থাকিত চাক্র তখন ধীরে ধীরে তাহার পায়ের কাছে মাথা রাথিয়া পায়ের ধূলা সীমস্তে তুলিয়া লইত। সেবাল্ডশ্রমার গৃহকর্মে স্বামীর লেশমাত্র ইচ্ছা সে অসম্পূর্ণ রাখিত না। আন্তিত প্রতিপালিত ব্যক্তিদের প্রতিকোনাপ্রকার অষত্বে ভূপতি তৃঃখিত হইত জানিয়া, চাক্র তাহাদের প্রতি আতিখ্যে তিলমাত্র ক্রটি ঘটতে দিত না। এইরপে সমন্ত কাক্ষকর্ম সারিয়া ভূপতির উচ্ছিষ্ট প্রসাদ খাইয়া চাক্রর দিন শেষ হইয়া যাইত।

এই দেবা ও যত্নে ভয়শ্রী ভূপতি যেন নবযৌবন ফিরিয়া পাইল। স্ত্রীর দহিত পূর্বে যেন তাহার নববিবাহ হয় নাই, এতদিন পরে যেন হইল। দাজসজ্জায় হাস্ত্রে পরিহাদে বিকশিত হইয়া সংসারের সমস্ত হুর্ভাবনাকে ভূপতি মনের একপাশে ঠেলিয়া রাখিয়া দিল। রোগ-আরামের পর যেমন ক্ষ্ণা বাড়িয়া উঠে, শরীরে ভোগশক্তির বিকাশকে সচেতনভাবে অহভব করা যায়, ভূপতির মনে এতকাল পরে সেইরপ একটা অপূর্ব এবং প্রবল ভাবাবেশের দঞ্চার হইল। বন্ধুদিগকে, এমন-কি, চারুকে লুকাইয়া ভূপতি কেবল কবিতা পড়িতে লাগিল। মনে মনে কহিল, কাগজ্ঞানা গিয়া এবং অনেক হৃথে পাইয়া এতদিন পরে আমি আমার স্ত্রীকে আবিদ্ধার করিতে পারিয়াছি।'

ভূপতি চারুকে বলিল, "চারু, তুমি আজকাল লেখা একেবারেই ছেড়ে দিয়েছ কেন।"

চারু বলিল, "ভারি তো আমার লেখা।"

ভূপতি। সভ্যি কথা বলছি, ভোমার মতো অমন বাংলা এথনকার লেধকদের মধ্যে আমি ভো আর কারো দেখি নি। 'বিশ্ববন্ধু'তে যা লিখেছিল আমারও ঠিক ভাই মত।

চার । আ: থামো।

ভূপতি "এই দেখো-না" বলিয়া একখণ্ড 'স্রোক্তহ' বাহির ক্রিয়া চাক্ত ও অমলের ভাষার তুলনা ক্রিডে আরম্ভ ক্রিল। চাক্ত আরক্তম্থে ভূপতির হাত হইতে কাগজ কাড়িয়া লইয়া অঞ্চলের মধ্যে আচ্চাদন ক্রিয়া রাখিল।

प्राचि मत्न भारत जाविन, 'लाथांत नकी अकजन ना थांकिला लाथा वाहित हम ना ;

রোসো, আমাকে লেখাটা অভ্যাদ করিতে হইবে, তাহা হইলে ক্রমে চাফরও লেখার উৎসাহ সঞ্চার করিতে পারিব।

ভূপতি অত্যন্ত গোপনে থাতা লইয়া লেখা অভাাস করিতে আরম্ভ করিল। অভিধান দেখিয়া পুন:পুন: কাটিয়া, বারবার কাপি করিয়া ভূপতির বেকার অবস্থার দিনগুলি কাটিতে লাগিল। এত কটে এত চেটায় তাহাকে লিখিতে হইতেছে বে, সেই বছ ছ:থের রচনাগুলির প্রতি ক্রমে তাহার বিশাস ও মমতা জন্মিল।

অবশেষে একদিন তাহার লেখা আর-একজনকে দিয়া নকল করাইয়া ভূপতি স্ত্রীকে লইয়া দিল। কহিল, "আমার এক বন্ধু নতুন লিখতে আরম্ভ করেছে। আমি তো কিছু বুঝি নে, তুমি একবার পড়ে দেখো দেখি তোমার কেমন লাগে।"

খাতাথানা চারুর হাতে দিয়া সাধ্বসে ভূপতি বাহিরে চলিয়া গেল। সরল ভূপতির এই ছলনাটুকু চারুর বুঝিতে বাকি রহিল না।

পড়িল; লেখার ছাঁদ এবং বিষয় দেখিয়া একট্থানি হাসিল। হায়! চাফ তাহার স্বামীকে ভক্তি করিবার জন্ত এত আয়োজন করিতেছে, সে কেন এমন ছেলেমাস্থি করিয়া পূজার অর্ঘ ছড়াইয়া ফেলিতেছে। চাফর কাছে বাহবা আদায় করিবার জন্ত তাহার এত চেষ্টা কেন। সে যদি কিছুই না করিত, চাফর মনোযোগ আকর্ষণের জন্ত সর্বদাই তাহার যদি প্রয়াস না থাকিত, তবে স্বামীর পূজা চাফর পক্ষে সহজ্বসাধ্য হইত। চাফর একাস্ত ইচ্ছা, ভূপতি কোনো অংশেই নিজেকে চাফর অপেকা ছোটো না করিয়া ফেলে।

চারু থাতাথানা মুড়িয়া বালিশে হেলান দিয়া দ্রের দিকে চাহিয়া অনেককণ ধরিয়া ভাবিতে লাগিল। অমলও তাহাকে নৃতন লেথা পড়িবার জন্ম আনিয়া দিত।

সন্ধাবেলায় উৎস্ক ভূপতি শয়নগৃহের সম্থবর্তী বারান্দায় ফুলের টব-পর্যবেক্ষণে নিযুক্ত হইল, কোনো কথা জিজ্ঞাসা করিতে সাহস করিল না।

চারু আপনি বলিল, "এ কি তোমার বন্ধুর প্রথম লেখা।" ভূপতি কহিল, "হা।"

চারণ। এত চমৎকার হয়েছে— প্রথম লেখা বলে মনেই হয় না।

স্থৃপতি অত্যন্ত থূশি হইয়া ভাবিতে লাগিল, বেনামি লেখাটায় নিজের নামজারি করা যায় কী উপায়ে।

ভূপতির থাতা ভয়ংকর ক্রতগতিতে পূর্ণ হইয়া উঠিতে লাগিল। নাম প্রকাশ হইতেও বিলম্ব হইল না।

# সপ্তদশ পরিচ্ছেদ

বিলাত হইতে চিঠি আদিবার দিন কবে, এ খবর চারু সর্বদাই রাখিত। প্রথমে এডেন হইতে ভূপতির নামে একখানা চিঠি আদিল, তাহাতে অমল বউঠানকে প্রণাম নিবেদন করিয়াছে; স্বয়েজ হইতেও ভূপতির চিঠি আদিল, বউঠান তাহার মধ্যেও প্রণাম পাইল। মান্টা হইতে চিঠি পাওয়া গেল, তাহাতেও পুনশ্চ নিবেদনে বউঠানের প্রণাম আদিল।

চাক্র অমলের একথানা চিঠিও পাইল না। ভূপতির চিঠিওলি চাহিয়া লইয়া উলটিয়া পালটিয়া বারবার করিয়া পড়িয়া দেখিল— প্রণামজ্ঞাপন ছাড়া আর কোথাও তাহার সহজে আভাসমাত্রও নাই।

চারু এই কয়দিন যে একটি শাস্ত বিষাদের চন্দ্রাতপচ্ছায়ার আশ্রয় লইয়াছিল অমলের এই উপেক্ষায় তাহা ছিন্ন হইয়া গেল। অন্তরের মধ্যে তাহার হুংপিগুটা লইয়া আবার যেন ছেঁড়াছেঁড়ি আরম্ভ হইল। তাহার সংসারের কর্তব্যস্থিতির মধ্যে আবার ভূমিকম্পের আন্দোলন জাগিয়া উঠিল।

এখন ভূপতি এক-একদিন অর্ধরাত্তে উঠিয়া দেখে, চারু বিছানায় নাই। খুঁজিয়া খুঁজিয়া দেখে, চারু দক্ষিণের ঘরের জানালায় বিদয়া আছে। তাহাকে দেখিয়া চারু তাড়াতাড়ি উঠিয়া বলে, "ঘরে আজ যে গরম, তাই একটু বাতাসে এসেছি।"

ভূপতি উদ্বিশ্ন হইয়া বিছানায় পাথা টানার বন্দোবন্ত করিয়া দিল, এবং চারুর স্বাস্থ্যভঙ্গ আশকা করিয়া দর্বদাই তাহার প্রতি দৃষ্ট রাখিল। চারু হাসিয়া বলিত, "আমি বেশ আছি, তুমি কেন মিছামিছি ব্যস্ত হও।" এই হাসিটুকু ফুটাইয়া তুলিতে তাহার বক্ষের সমস্ত শক্তি প্রয়োগ করিতে হইত।

অমল বিলাতে পৌছিল। চারু ছির করিয়াছিল, পথে তাহাকে স্বতম্ন চিঠি লিখিবার যথেষ্ট স্থযোগ হয়তো ছিল না, বিলাতে পৌছিয়া অমল লখা চিঠি লিখিবে। কিন্তু দে লখা চিঠি আদিল না।

প্রত্যেক মেল আদিবার দিনে চারু তাহার সমস্ত কাজকর্ম কথাবার্তার মধ্যে ভিতরে ভিতরে ছট্ফট্ করিতে থাকিত। পাছে ভূপতি বলে, 'তোমার নামে চিঠিনাই' এইজন্ত সাহস করিয়া ভূপতিকে প্রশ্ন জিক্সানা করিতে পারিত না।

এমন অবস্থায় একদিন চিঠি আদিবার দিনে ভূপতি মন্দগমনে আদিয়া মৃত্হাস্তে কহিল, "একটা জিনিস আছে, দেখবে ?"

চাক ব্যন্তসমন্ত চমকিত হইয়া কহিল, "কই দেখাও।"

ভূপতি পরিহাসপূর্বক দেখাইতে চাহিল না।

চারু অধীর হইয়া ভূপতির চাদরের মধ্য হইতে বাঞ্চিত পদার্থ কাড়িয়া লইবার চেষ্টা করিল। সে মনে মনে ভাবিল, 'সকাল হইতেই আমার মন বলিতেছে, আজ আমার চিঠি আসিবেই— এ কথনো ব্যর্থ হইতে পারে না।'

ভূপতির পরিহাসস্পৃহা ক্রমেই বাড়িয়া উঠিল; সে চারুকে এড়াইয়া থাটের চারি দিকে ফিরিতে লাগিল।

তথন চাঞ্চ একান্ত বিরক্তির সহিত থাটের উপর বসিয়া চোথ ছল্ছল্ করিয়া তুলিল।

চাকর একান্ত আগ্রহে ভূপতি অত্যন্ত খূশি হইয়া চাদরের ভিতর হইতে নিজের রচনার থাতাথানা বাহির করিয়া তাড়াতাড়ি চাকর কোলে দিয়া কহিল, "রাগ কোরো না। এই নাও।"

## অষ্টাদশ পরিচ্ছেদ

অমল যদিও ভূপতিকে জানাইয়াছিল যে, পড়াগুনার তাড়ায় সে দীর্ঘকাল পত্র লিখিতে সময় পাইবে না, তবু তুই-এক মেল তাহার পত্র না আদাতে সমস্ত সংসার চারুর পক্ষে কণ্টকশ্য্যা হইয়া উঠিল।

সন্ধ্যাবেলায় পাঁচ কথার মধ্যে চারু অত্যন্ত উদাসীনভাবে শাস্তম্বরে তাহার স্বামীকে কহিল, "আছো দেখো, বিলেতে একটা টেলিগ্রাফ করে জানলে হয় না, অমল কেমন আছে ?"

ভূপতি কহিল, "ছুই হপ্তা আগে তার চিঠি পাওয়া গেছে, সে এখন পড়ায় ব্যস্ত।"
চারু। ওঃ, তবে কাজ নেই। আমি ভাবছিলুম, বিদেশে আছে, যদি
ব্যামোস্থামো হয়— বলা তো যায় না।

ভূপতি। নাঃ, তেমন কোনো ব্যামো হলে ধবর পাওয়া বেত। টেলিগ্রাফ করাও তো কম ধরচা নর।

চারণ। তাই নাকি। আমি ভেবেছিল্ম, বড়ো জোর এক টাকা কি ছু টাকা লাগবে।

ভূপতি। বল কী, প্রায় একশো টাকার ধারা।

চাৰু। তা হলে তো কথাই নেই।

দিন তুয়েক পরে চারু ভূপতিকে বলিল, "আমার বোন এখন চু চড়োয় আছে, আজ একবার তার থবর নিয়ে আদতে পার ?" ভূপতি। কেন। কোনো অহুথ করেছে নাকি ?

চারু। না, অহুথ না, জানই তো তুমি গেলে তারা কত খুশি হয়।

ভূপতি চারুর অন্থরোধে গাড়ি চড়িয়া হাবড়া-স্টেশন-অভিমূথে ছুটিল। পথে একসার গোড় আদিয়া তাহার গাড়ি আটক করিল।

এমন সময় পরিচিত টেলিগ্রাফের হরকরা ভূপতিকে দেখিয়া তাহার হাতে একধানা টেলিগ্রাফ লইরা দিল। বিলাতের টেলিগ্রাম দেখিয়া ভূপতি ভারি ভয় পাইল। ভাবিল, অমলের হয়তো অহুথ করিয়াছে। ভয়ে ভয়ে খুলিয়া দেখিল টেলিগ্রামে লেখা আছে, 'আমি ভালো আছি।'

ইহার অর্থ কী। পরীক্ষা করিয়া দেখিল, ইহা প্রী-পেড টেলিগ্রামের উত্তর।

হাওড়া যাওয়া হইল না। গাড়ি ফিরাইয়া ভূপতি বাড়ি আদিয়া স্ত্রীর হাতে টেলিগ্রাম দিল। ভূপতির হাতে টেলিগ্রাম দেখিয়া চারুর মুখ পাংশুবর্ণ হইয়া গেল।

ভূপতি কহিল, "আমি এর মানে কিছুই ব্যতে পারছি নে।" অহুসন্ধানে ভূপতি মানে ব্যিল। চারু নিজের গহনা বন্ধক রাথিয়া টাকা ধার করিয়া টেলিগ্রাফ পাঠাইয়াছিল।

ভূপতি ভাবিল, এত করিবার তো দরকার ছিল না। আমাকে একটু অহ্বরোধ করিয়া ধরিলেই তো আমি টেলিগ্রাফ করিয়া দিতাম, চাকরকে দিয়া গোপনে বান্ধারে গহনা বন্ধক দিতে পাঠানো— এ তো ভালো হয় নাই।

থাকিয়া থাকিয়া ভূপতির মনে কেবলই এই প্রশ্ন হইতে লাগিল, চারু কেন এত বাড়াবাড়ি করিল। একটা অম্পষ্ট সন্দেহ অলক্ষ্যভাবে তাহাকে বিদ্ধ করিতে লাগিল। দে সন্দেহটাকে ভূপতি প্রত্যক্ষভাবে দেখিতে চাহিল না, ভূলিয়া থাকিতে চেষ্টা করিল, কিন্তু বেদনা কোনোমতে ছাড়িল না।

#### উনবিংশ পরিচ্ছেদ

অমলের শরীর ভালো আছে, তবু সে চিঠি লেখে না ! একেবারে এমন নিদারণ ছাড়াছাড়ি হইল কী করিয়া। একবার মুখোমুখি এই প্রশ্নটার জ্বাব লইয়া আসিতে ইচ্ছা হয়, কিছ মধ্যে সমূল্ল পার হইবার কোনো পথ নাই। নিষ্ঠ্র বিচ্ছেদ, নিরুপায় বিচ্ছেদ, সকল প্রশ্ন সকল প্রতিকারের অতীত বিচ্ছেদ।

চাক আপনাকে আর থাড়া রাথিতে পারে না। কাজকর্ম পড়িয়া থাকে, সকল বিষয়েই ভূল হয়, চাকরবাকর চুরি করে; লোকে তাহার দীনভাব লক্ষ্য করিয়া নানাপ্রকার কানাকানি করিতে থাকে, কিছুতেই তার চেতনামাত্র নাই। এমনি হইল, হঠাৎ চারু চমকিয়া উঠিত, কথা কহিতে কহিতে তাহাকে কাঁদিবার জন্ম উঠিয়া ঘাইতে হইত, অমলের নাম শুনিবামাত্র তাহার মুখ বিবর্ণ হইয়া ঘাইত।

অবশেষে ভূপতিও সমস্ত দেখিল, এবং যাহা মৃহুর্তের জন্ত ভাবে নাই তাহাও ভাবিল— সংসার একেবারে তাহার কাছে বুদ্ধ জ্বীর্ণ হইয়া গেল।

মাঝে বে-কয়দিন আনন্দের উরেবে ভূপতি অন্ধ হইয়াছিল সেই কয়দিনের শ্বতি তাহাকে লজা দিতে লাগিল। বে অনভিজ্ঞ বানর জহর চেনে না তাহাকে ঝুঁটা পাথর দিয়া কি এমনি করিয়াই ঠকাইতে হয়।

চারুর ষে-সকল কথায় আদরে ব্যবহারে ভূপতি ভূলিয়াছিল সেগুলা মনে আদিয়া তাহাকে 'মূঢ়, মূঢ়, বুঢ়' বলিয়া বেত মারিতে লাগিল।

অবশেষে তাহার বহু কটের বহু ষত্বের রচনাগুলির কথা যখন মনে উদয় হইল তথন ভূপতি ধরণীকে বিধা হইতে বলিল। অঙ্কুশতাড়িতের মতো চারুর কাছে ক্রতপদে গিয়া ভূপতি কহিল, "আমার সেই লেখাগুলো কোথায়।"

চাক কহিল, "আমার কাছেই আছে।"

ভূপতি কহিল, "দেগুলো দাও।"

চাফ তথন ভূপতির জন্ত ডিমের কচুরি ভাজিতেছিল, কহিল, "তোমার কি এখনই চাই।"

ভূপতি কহিল, "হা, এখনই চাই।"

চারু কড়া নামাইয়া রাখিয়া আলমারি হইতে থাতা ও কাগজগুলি বাহির করিয়া আনিল।

ভূপতি অধীরভাবে তাহার হাত হইতে সমস্ত টানিয়া লইয়া থাতাপত্র একেবারে উনানের মধ্যে ফেলিয়া দিল।

চারু ব্যন্ত হইয়া দেগুলা বাহির করিবার চেষ্টা করিয়া কহিল, "এ কী করলে।" ভূপতি তাহার হাত চাপিয়া ধরিয়া গর্জন করিয়া বলিল, "থাক্।"

চারু বিস্মিত হইয়া দাঁড়াইয়া রহিল। সমস্ত লেখা নিংশেষে পুড়িয়া ভস্ম হইয়া গেল।

চারু ব্ঝিল। দীর্ঘনিশাস ফেলিল। কচুরিভাজা অসমাপ্ত রাখিয়া ধীরে ধীরে অক্ততে চলিয়া গেল।

চারুর সমূথে থাতা নষ্ট করিবার সংকল্প ভূপতির ছিল না। কিন্তু ঠিক সামনেই আগুনটা জ্বলিতেছিল, দেখিয়া কেমন যেন তাহার খুন চাপিয়া উঠিল। ভূপতি স্বাত্মসম্বরণ করিতে না পারিয়া প্রবঞ্চিত নির্বোধের সমস্ত চেষ্টা বঞ্চনাকারিণীর সম্মুখেই স্বাগুনে ফেলিয়া দিল।

সমস্ত ছাই হইয়া গেলে, ভূপতির আক্ষিক উদ্ধানতা যথন শাস্ত হইয়া আদিল তথন চাক্ষ আপন অপরাধের বোঝা বহন করিয়া যেরপ গভীর বিষাদে নীরব নতম্থে চলিয়া গেল তাহা ভূপতির মনে জাগিয়া উঠিল— সমুখে চাহিয়া দেখিল, ভূপতি বিশেষ করিয়া ভালোবাদে বলিয়াই চাক্ষ হহন্তে যত্ন করিয়া খাবার তৈরি করিতেছিল।

ভূপতি বারান্দার রেলিঙের উপর ভর দিয়া দাঁড়াইল। মনে মনে ভাবিতে লাগিল— তাহার জন্ত চাক্তর এই ঘে-সকল অপ্রান্ত চেটা, এই ঘে-সমন্ত প্রাণণণ বঞ্চনা ইহা অপেক্ষা সকরণ ব্যাপার জগৎসংসারে আর কী আছে। এই-সমন্ত বঞ্চনা, এ তো ছলনাকারিণীর হেয় ছলনামাত্র নহে; এই ছলনাগুলির জন্ত ক্ষতহাদয়ের ক্ষতবন্ধণা চতুপ্ত ণ বাড়াইয়া অভাগিনীকে প্রতি দিন প্রতি মৃহূর্তে হৎপিও হইতে রক্ত নিম্পেষণ করিয়া বাহির করিতে হইয়াছে। ভূপতি মনে মনে কহিল, 'হায় অবলা, হায় হৃঃথিনী। দরকার ছিল না, আমার এ-সব কিছুই দরকার ছিল না। এতকাল আমি তো ভালোবাসা না পাইয়াও 'পাই নাই' বলিয়া জানিতেও পারি নাই— আমার তো কেবল প্রফা দেখিয়া, কাগজ লিথিয়াই চলিয়া গিয়াছিল; আমার জন্ত এত করিবার কোনো দরকার ছিল না।'

তথন আপনার জীবনকে চাঙ্গর জীবন হইতে দ্রে সরাইয়া লইয়া— ডাজার যেমন সাংঘাতিক ব্যাধিগ্রন্থ রোগীকে দেখে, ভূপতি তেমনি করিয়া নিঃসম্পর্ক লোকের মতো চাঙ্গকে দ্র হইতে দেখিল! ওই একটি ক্ষীণশক্তি নারীর হৃদয় কী প্রবল সংসারের ঘারা চারি দিকে আক্রান্থ হইয়াছে। এমন লোক নাই যাহার কাছে সকল কথা ব্যক্ত করিতে পারে, এমন কথা নহে যাহা ব্যক্ত করা যায়, এমন স্থান নাই যেথানে সমন্ত হৃদয় উদ্ঘাটিত করিয়া দিয়া সে হাহাকার করিয়া উঠিতে পারে— অথচ এই অপ্রকাশ্র অপরিহার্য অপ্রতিবিধেয় প্রত্যহপুঞ্জীভূত হুঃখভার বহন করিয়া নিতান্ত সহজ লোকের মতো, তাহার স্কৃতিত প্রতিবেশিনীদের মতো, তাহাকে প্রতিদিনের গৃহকর্য সম্পন্ন করিতে হুইতেছে।

ভূপতি তাহার শয়নগৃহে গিয়া দেখিল— জানালার গরাদে ধরিয়া অশ্রুহীন অনিমেবনৃষ্টিতে চাক বাহিরের দিকে চাহিয়া আছে। ভূপতি আন্তে আন্তে তাহার কাছে আদিয়া দাঁড়াইল— কিছু বলিল না, তাহার মাথার উপরে হাত রাখিল।

#### বিংশ পরিচ্ছেদ

বন্ধুরা ভূপতিকে জিজ্ঞানা করিল, "ব্যাপারথানা কী। এত ব্যস্ত কেন।" ভূপতি কৃহিল, "থবরের কাগজ—"

বন্ধু। আবার ধবরের কাগজা? ভিটেমাটি ধবরের কাগজে মুড়ে গলার জলে ফেলতে হবে নাকি।

ভূপতি। না, আর নিজে কাগজ করছি নে।

বন্ধ। তবে?

ভূপতি। মৈশুরে একটা কাগন্ধ বের হবে, আমাকে তার সম্পাদক করেছে।

বন্ধু। বাড়িদর ছেড়ে একেবারে মৈশুরে যাবে ? চারুকে সঙ্গে নিয়ে যাচ্ছ ?

ভূপতি। না, মামারা এখানে এসে থাকবেন।

বন্ধ। সম্পাদকি নেশা তোমার আর কিছুতেই ছুটল না।

ভূপতি। মাহুষের যা হোক একটা কিছু নেশা চাই।

विमायकारन ठांक किळांमा कतिन, "करव जामरव ?"

ভূপতি কহিল, "তোমার যদি একলা বোধ হয়, আমাকে লিখো, আমি চলে আসব।"

বলিয়া বিদায় লইয়া ভূপতি যথন থারের কাছ পর্যস্ত আদিয়া পৌছিল তথন হঠাৎ
চাক ছুটিয়া আদিয়া তাহার হাত চাপিয়া ধরিল, কহিল, "আমাকে সদে নিয়ে যাও।
আমাকে এখানে ফেলে রেথে যেয়ে। না।"

ভূপতি থমকিয়া শাঁড়াইয়া চাফর মুখের দিকে চাহিয়া রহিল। মৃষ্টি শিথিল হইয়া ভূপতির হাত হইতে চাফর হাত খুলিয়া আদিল। ভূপতি চাফর নিকট হইতে সরিয়া বারান্দায় আদিয়া শাঁড়াইল।

ভূপতি ব্ঝিল, অমলের বিচ্ছেদশ্বতি যে বাড়িকে বেষ্টন করিয়া জ্বলিতেছে চারু দাবানলগ্রস্ত হরিণীর মতো দে বাড়ি পরিত্যাগ করিয়া পালাইতে চায়।— 'কিন্তু, আমার কথা দে একবার ভাবিয়া দেখিল না ? আমি কোথায় পলাইব। যে স্ত্রী হৃদয়ের মধ্যে নিয়ত অন্তকে ধ্যান করিতেছে, বিদেশে গিয়াও তাহাকে ভূলিতে সময় পাইব না ? নির্জন বন্ধুহীন প্রবাদে প্রত্যহ তাহাকে সক্ষান করিতে হইবে ? সমস্ত দিন পরিশ্রম করিয়া সন্ধায় যথন ঘরে ফিরিব তথন নিন্তন্ধ শোকপরায়ণা নারীকে লইয়া দেই সন্ধ্যা কী ভ্রানক হইয়া উঠিবে। যাহার স্বস্তরের মধ্যে মৃতভার, তাহাকে বক্ষের কাছে ধরিয়া রাখা, সে আমি কতদিন পারিব। আরো কত বৎসর প্রত্যহ আমাকে

এমনি করিয়া বাঁচিতে হইবে ৷ যে আজায় চূর্ণ হইয়া ভাঙিয়া গেছে তাহার ভাঙা ইটকাঠগুলা ফেলিয়া যাইতে পারিব না, কাঁধে করিয়া বহিয়া বেড়াইতে হইবে ?'

ভূপতি চারুকে আদিয়া কহিল, "না, দে আমি পারিব না।"

মৃহতের মধ্যে সমস্ত রক্ত নামিয়া গিয়া চারুর মৃথ কাগজের মতো শুক্ত সাদা হইয়া গেল, চারু মৃঠা করিয়া খাট চাপিয়া ধরিল।

তংক্ষণাৎ ভূপতি কহিল, "চলো চারু, আমার সঙ্গেই চলো।" চারু বলিল, "না, থাকু।"

বৈশাখ-অগ্রহায়ণ ১৩০৮

# দর্গহরণ

কী করিয়া গল্প লিখিতে হয়, তাহা সম্প্রতি শিখিয়াছি। বঙ্কিমবার্ এবং সার্ ওয়াল্টার স্কট পড়িয়া আমার বিশেষ ফল হয় নাই। ফল কোথা হইতে কেমন করিয়া হইল, আমার এই প্রথম গল্পেই সেই কথাটা লিখিতে বসিলাম।

আমার পিতার মতামত অনেকরকম ছিল; কিন্তু বাল্যবিবাহের বিরুদ্ধে কোনো
মত তিনি কেতাব বা স্বাধীনবৃদ্ধি হইতে গড়িয়া তোলেন নাই। আমার বিবাহ যথন
হয় তথন সতেরো উত্তীর্ণ হইয়া আঠারোয় পা দিয়াছি; তথন আমি কলেজে থার্ডইয়ারে পড়ি— এবং তথন আমার চিত্তক্লেরে যৌবনের প্রথম দক্ষিণবাতাস বহিতে
আরম্ভ করিয়া কত অলক্য দিক হইতে কত অনিব্চনীয় গীতে এবং গছে, কম্পনে এবং
মর্মরে আমার তরুণ জীবনকে উৎস্ক করিয়া তৃলিতেছিল, তাহা এখনো মনে হইলে
বৃক্রের ভিতরে দীর্ঘনিশাস ভরিয়া উঠে।

তথন আমার মা ছিলেন না— আমাদের শৃশুসংসারের মধ্যে লক্ষীস্থাপন করিবার জন্ম আমার পড়াশুনা শেষ হইবার অপেকা না করিয়াই, বাবা বারো বৎসরের বালিকা নির্মারিণীকে আমাদের ঘরে আনিলেন।

নির্ঝরিণী নামটি হঠাৎ পাঠকদের কাছে প্রচার করিতে সংকোচবোধ করিতেছি। কারণ, তাঁহাদের অনেকেরই বয়স হইয়াছে— অনেকে ইস্কুল-মাস্টারি মুন্সেফি এবং কেহ কেহ বা সম্পাদকিও করেন, তাঁহারা আমার শুলুরমহাশরের নামনির্বাচনক্ষতির অতিমাত্র লালিত্য এবং নৃতনত্বে হাসিবেন এমন আশকা আছে। কিন্তু আমি তথন অর্বাচীন ছিলাম, বিচারশক্তির কোনো উপত্রব ছিল না, তাই নামটি বিবাহের সম্বন্ধ হইবার সময়েই যেমনি তনিলাম অমনি---

> কানের ভিতর দিয়া মরমে পশিল গো, আকুল করিল মোর প্রাণ।

এখন বয়দ হইয়াছে এবং ওকালতি ছাড়িয়া মৃন্দেফি-লাভের জন্ম বাগ্র হইয়া উঠিয়াছি, তবু হদয়ের মধ্যে ওই নামটি পুরাতন বেহালার আওয়াজের মতো আরো বেশি মোলায়েম হইয়া বাজিতেছে।

প্রথম বয়সের প্রথম প্রেম অনেকগুলি ছোটোখাটো বাধার ধারা মধুর। লচ্জার বাধা, ঘরের লোকের বাধা, অনডিজ্ঞতার বাধা— এইগুলির অস্তরাল হইতে প্রথম পরিচয়ের যে আভাস দিতে থাকে তাহা ভোরের আলোর মতো রঙিন— তাহা মধ্যাহের মতো স্বস্পষ্ট, অনাবৃত এবং বর্ণচ্চটাবিহীন নহে।

আমাদের সেই নবীন পরিচয়ের মাঝখানে বাবা বিদ্ধাগিরির মতো দাঁড়াইলেন। তিনি আমাকে হস্টেলে নির্বাসিত করিয়া দিয়া তাঁহার বউমাকে বাংলা লেথাপড়া শিখাইতে প্রবৃত্ত হুইলেন। আমার এই গল্পের শুরু হুইল সেইখানে।

শশুরমশায় কেবল তাঁহার কন্সার নামকরণ করিয়াই নিশ্চেষ্ট ছিলেন না, তিনি তাহাকে শিক্ষাদানেরও প্রভূত আয়োজন করিয়াছিলেন। এমন-কি, উপক্রমণিকা তাহার মুখস্থ শেষ হইয়াছিল। মেঘনাদবধ কাব্য পড়িতে হেমবাব্র টীকা তাহার প্রয়োজন হইত না।

হুপেলে গিয়া তাহার পরিচয় পাইয়াছিলাম। আমি সেধানে থাকিতে নানা উপায়ে বাবাকে লুকাইয়া নববিরহতাপে অত্যস্ত উত্তপ্ত ত্ই-একথানা চিঠি তাহাকে পাঠাইতে আরম্ভ করিয়াছিলাম। তাহাতে কোটেশন-মার্কা না দিয়া আমাদের নব্য কবিদের কাব্য ছাঁকিয়া অনেক কবিতা ঢালিয়াছিলাম; ভাবিয়াছিলাম— প্রণয়িনীর কেবল প্রেম আকর্ষণ করাই যথেষ্ট নহে, প্রজাও চাই। শ্রন্ধা পাইতে হইলে বাংলা ভাবায় যেরূপ রচনাপ্রণালীর আশ্রয় লওয়া উচিত সেটা আমার স্বভাবত আদিত না, সেইজ্ঞ, মণৌ বজ্রসম্থকীর্ণে স্বত্যেবান্তি মে গতিঃ। অর্থাৎ, অগ্য জহরিরা যে-সকল মি ছিল্র করিয়া রাথিয়াছিলেন, আমার চিঠি তাহা স্ব্রের মতো গাঁথিয়া পাঠাইত। কিন্তু, ইহার মধ্যে মণিগুলি অন্তের, কেবলমাত্র স্বত্রটুকুই আমার, এ বিনয়টুকু স্পষ্ট করিয়া প্রচার করা আমি ঠিক সংগত মনে করি নাই— কালিদাসও করিতেন না, যদি সভ্যই তাঁহার মণিগুলি চোরাই মাল হইত।

চিঠির উত্তর বধন পাইলাম তাহার পর হইতে বধান্থানে কোটেশন-মার্কা দিতে

আর কার্পণ্য করি নাই। এটুকু বেশ বোঝা গেল, মববধু বাংলাভাষাটি বেশ জানেন। তাঁহার চিঠিতে বানান-ভূল ছিল কি না তাহার উপযুক্ত বিচারক আমি নই— কিন্তু সাহিত্যবোধ ও ভাষাবোধ না থাকিলে এমন চিঠি লেখা যায় না, সেটুকু আন্দাজে ব্রিতে পারি।

দ্বীর বিভা দেখিয়া দংখামীর ষডটুকু গর্ব ও আনন্দ হওয়া উচিত তাহা আমার হয় নাই এমন কথা বলিলে আমাকে অন্তায় অপবাদ দেওয়া হইবে, কিন্তু তারই দক্ষে একটু অন্ত ভাবও ছিল। সে ভাবটুকু উচ্চদরের না হইতে পারে, কিন্তু খাভাবিক। মৃশকিল এই বে, যে উপায়ে আমার বিভার পরিচয় দিতে পারিতাম সেটা বালিকার পক্ষে ত্র্ম। সে যেটুকু ইংরেজি জানে তাহাতে বার্ক-মেকলের ছাঁদের চিঠি তাহার উপরে চালাইতে হইলে মশা মারিতে কামান দাগা হইত— মশার কিছুই হইত না, কেবল ধোঁয়া এবং আওয়াছই সার হইত।

আমার যে তিন্টি প্রাণের বন্ধু ছিল তাহাদিগকে আমার স্ত্রীর চিঠি না দেখাইয়া থাকিতে পারিলাম না। তাহারা আশ্চর্য হইয়া কহিল, "এমন স্ত্রী পাইয়াছ, ইহা তোমার ভাগা।" অর্থাৎ, ভাষাস্তরে বলিতে গেলে এমন স্ত্রীর উপযুক্ত স্বামী আমি নই।

নিঝ রিণীর নিকট হইতে পত্রোত্তর পাইবার পূর্বেই যে কথানি চিঠি লিখিয়া ফেলিয়াছিলাম তাহাতে হৃদয়োচ্ছাস যথেষ্ট ছিল, কিন্তু বানান-ভূলও নিতান্ত অল্ল ছিল না। সতর্ক হইয়া লেখা যে দরকার তাহা তথন মনেও করি নাই। সতর্ক হইয়া লিখিলে বানান-ভূল হয়তো কিছু কম পড়িত, কিন্তু হৃদয়োচ্ছাস্টাও মারা যাইত।

এমন অবস্থায় চিঠির মধ্যস্থত। ছাড়িয়া মোকাবিলায় প্রেমালাপই নিরাপদ। স্বতরাং, বাবা আপিসে গেলেই আমাকে কালেজ পালাইতে হইত। ইহাতে আমাদের উভয় পক্ষেরই পাঠচর্চায় যে ক্ষতি হইত, আলাপচর্চায় তাহা স্থদস্থন্ধ পোষণ করিয়া লইতাম। বিশ্বজগতে যে কিছুই একেবারে নষ্ট হয় না, এক আকারে যাহা ক্ষতি অন্য আকারে তাহা লাভ— বিজ্ঞানের এই তথ্য প্রেমের পরীক্ষাশালায় বারম্বার যাচাই করিয়া লইয়া একেবারে নিঃসংশয় হইয়াছি।

এমন সময়ে আমার স্ত্রীর জাঠ তুতো বোনের বিবাহকাল উপস্থিত— আমরা তো বধানিয়মে আইবুড়োভাত দিয়া থালাস, কিন্তু আমার স্ত্রী স্নেহের আবেগে এক কুবিতা রচনা করিয়া লাল কাগজে লাল কালি দিয়া লিখিয়া তাহার ভগিনীকে না পাঠাইয়া থাকিতে পারিল না। সেই রচনাটি কেমন করিয়া বাবার হন্তগত হইল। বাবা ভাঁহার বধ্যাতার কবিতায় রচনানৈপুণ্য, সন্তাবসৌন্দর্য, প্রসাদগুণ, প্রাঞ্জলতা ইত্যাদি শান্তসমত নানা গুণের স্মাবেশ দেখিয়া অভিভূত হইয়া গেলেন। তাঁহার বৃদ্ধ বৃদ্ধিগকে দেখাইলেন, তাঁহারাও তামাক টানিতে টানিতে বলিলেন, "খাসা হইয়াছে!" নববধূর যে রচনাশক্তি আছে এ কথা কাহারো অগোচর রহিল না। হঠাৎ এইরপ থ্যাতিবিকাশে রচয়িত্রীর কর্ণমূল এবং কপোলম্ম অঞ্চণবর্ণ হইয়া উঠিয়াছিল; অভ্যাসক্রমে তাহা বিল্পু হইল। পূর্বেই বলিয়াছি, কোনো জিনিস একবারে বিল্পু হয় না— কী জানি, লজ্জার আভাটুকু তাহার কোমল কপোল ছাড়িয়া আমার কঠিন হদয়ের প্রচ্ছের কোনে হয়তো আশ্রম্ম লইয়া থাকিবে।

কিন্তু তাই বলিয়া স্থামীর কর্তব্যে শৈথিল্য করি নাই। অপক্ষণাত সমালোচনার থারা স্বীর রচনার দোষ সংশোধনে আমি কথনোই আলহ্য করি নাই। বাবা তাহাকে নির্বিচারে ষতই উৎসাহ দিয়াছেন, আমি তডই সতর্কতার সহিত ক্রাটি নির্দেশ করিয়া তাহাকে যথোচিত সংযত করিয়াছি। আমি ইংরেজি বড়ো বড়ো লেথকের লেখা দেখাইয়া তাহাকে অভিভূত করিতে ছাড়ি নাই। সে কোকিলের উপর একটা কীলিখিয়াছিল, আমি শেলির স্কাইলার্ক্ ও কীট্নের নাইটিকেল শুনাইয়া তাহাকে একপ্রকার নীরব করিয়া দিয়াছিলাম। তথন বিছার জোরে আমিও যেন শেলি ও কীট্নের গৌরবের কতকটা ভাগী হইয়া পড়িতাম। আমার স্ত্রীও ইংরেজি সাহিত্য হইতে ভালো ভালো জিনিস তাহাকে তর্জমা করিয়া শুনাইবার জন্ত আমাকে পীড়াপীড়ি করিত, আমি গর্বের সহিত তাহার অন্তরোধ রক্ষা করিতাম। তথন ইংরেজি দাহিত্যের মহিমার উজ্জ্বল হইয়া উঠিয়া আমার স্ত্রীর প্রতিভাকে কি মান করি নাই। স্ত্রীলোকের কমনীয়ভার পক্ষে এই একটু ছায়ার আচ্ছাদন দরকার, বাবা এবং বন্ধ্বান্ধবেরা ভাহা বৃদ্ধিতেন না— কাজেই আমাকে এই কঠোর কর্তব্যের ভার লইতে হইয়াছিল। নিশীথের চন্দ্র মধ্যাহের স্বর্ধের মতো হইয়া উঠিলে ত্ই দণ্ড বাহবা দেওয়া চলে, কিন্তু তাহার পরে ভাবিতে হয়, ওটাকে ঢাকা দেওয়া যায় কী উপায়ে।

আমার স্ত্রীর লেখা বাবা এবং অন্তান্ত অনেকে কাগন্তে ছাপাইতে উত্তত হইয়াছিলেন। নিঝ রিণী তাহাতে লজাপ্রকাশ করিত— আমি তাহার সে লজ্জারকা করিয়াছি। কাগতে ছাপিতে দিই নাই, কিন্তু বন্ধুবান্ধবদের মধ্যে প্রচার বন্ধ করিতে পারা গেল না।

ইতার কুফল যে কতদ্র হইতে পারে, কিছুকাল পরে তাহার পরিচয় পাইয়াছিলাম।
তথন উকিল হইয়া আলিপুরে বাহির হই। একটা উইল-কেল লইয়া বিরুদ্ধ পক্ষের
সল্পে খুব জোরের সহিত লড়িতেছিলাম। উইলটি বাংলায় লেখা। স্বপক্ষের অন্তর্গল
ভাহার অর্থ বে কিরুপ স্পষ্ট ভাহা বিধিমতে প্রমাণ করিতেছিলাম, এমন সময়

বিরোধী পক্ষের উকিল উঠিয়া বলিলেন, "আমার বিধান বন্ধু যদি তাঁহার বিচ্মী স্ত্রীর কাছে এই উইলটি ব্রিয়া লইয়া আদিতেন, তবে এমন অভূত ব্যাখ্যা হারা মাতৃ ভাষাকে ব্যথিত করিয়া তুলিতেন না।"

চুলায় আগুন ধরাইবার বেলা ফুঁ দিতে দিতে নাকের জলে চোথের জলে হইতে হয়, কিন্তু গৃহদাহের আগুন নেবানোই দায়। লোকের ভালো কথা চাপা থাকে, আর অনিষ্টকর কথাগুলো মৃথে মৃথে হতঃ শব্দে ব্যাপ্ত হইয়া যায়। এ গল্লটিও দর্বত প্রচারিত হইল। ভয় হইয়াছিল, পাছে আমার ত্রীর কানে ওঠে। সৌভাগ্যক্রমে ওঠে নাই— অন্তত এ সম্বন্ধে তাহার কাছ হইতে কোনো আলোচনা কথনো শুনি নাই।

একদিন একটি অপরিচিত ভদ্রলোকের সহিত আমার পরিচয় হইতেই তিনি জিজ্ঞাদা করিলেন, "আপনিই কি শ্রীমতী নিম'রিণী দেবীর স্বামী।" আমি কহিলাম, "আমি তাঁহার স্বামী কি না দে কথার জবাব দিতে চাহি না, তবে তিনিই আমার স্বীবটেন।" বাহিরের লোকের কাছে স্বীর স্বামী বলিয়া খ্যাতিলাভ করা আমি গৌরবের বিষয় বলিয়া জ্ঞান করি না।

দেটা যে গৌরবের বিষয় নহে, সে কথা আমাকে আর-এক ব্যক্তি অনাবশুক স্পষ্ট ভাষায় শ্বরণ করাইয়া দিয়াছিল। পূর্বেই পাঠকগণ সংবাদ পাইয়াছেন, আমার স্ত্রীর জাঠ তুভো বোনের বিবাহ হইয়াছে। তাহার আমীটা অত্যন্ত বর্বর ছর্ব্ । স্ত্রীর প্রতি তাহার অত্যাচার অসহ। আমি এই পাষণ্ডের নির্দিয়াচরণ লইয়া আত্মীয়সমাজে আলোচনা করিয়াছিলাম, দে কথা অনেক বড়ো হইয়া তাহার কানে উঠিয়াছিল। সে তাহার পর হইতে আমার প্রতি লক্ষ করিয়া সকলের কাছে বলিয়া বেড়াইডেছে যে, নিজের নামে হইতে আরম্ভ করিয়া শন্তরের নামে পর্যন্ত উত্তম-মধ্যম-অধ্য অনেকরকম ব্যাতির বিবরণ শাস্ত্রে লিখিয়াছে, কিন্ধু নিজের স্থীর খ্যাতিতে যশন্থী হওয়ার কল্পনা কবির মাথাতেও আসে নাই।

এমন-সব কথা লোকের মুখে মুখে চলিতে আরম্ভ করিলে স্ত্রীর মনে তে। দণ্ড জিয়িতেই পারে। বিশেষত বাবার একটা বদ্ অভ্যাস ছিল, নিঝ রিণীর সামনেই তিনি আমাদের পরস্পরের বাংলাভাষাজ্ঞান লইয়া কৌতুক করিতেন। একদিন তিনি বলিলেন, "হরিশ যে বাংলা চিঠিগুলো লেখে তাহার বানানটা তুমি দেখিয়া দাও-নাকেন, বউমা— আমাকে এক চিঠি লিখিয়াছে, তাহাতে সে 'জগদিন্দ্র' লিখিতে দীর্ঘ ঈ বসাইয়াছে।" তানিয়া বাবার বউমা নীরবে একটুখানি স্মিতহাক্ত করিলেন। আমিও কথাটাকে ঠাটা বলিয়া হাদিলাম, কিছু এরকম ঠাটা ভালো নয়।

ত্রীর দন্তের পরিচয় পাইতে আমার দেরি হইল না। পাড়ার ছেলেদের এক ক্লাব আছে; সেথানে একদিন তাহারা এক বিথাত বাংলা-লেথককে বক্তৃতা দিতে রাজি করিয়াছিল। অপর একটি বিথাত লোককে সভাপতিও ঠিক করা হয়; তিনি বক্তৃতার পূর্বরাত্রে অস্বাস্থ্য জানাইয়া ছুটি লইলেন। ছেলেরা উপায়ান্তর না দেখিয়া আমাকে আসিয়া ধরিল। আমার প্রতি ছেলেদের এই অহৈতৃকী আদা দেখিয়া আমি কিছু প্রফুল হইয়া উঠিলাম; বিলিলাম, "তা বেশ তো, বিষয়টা কী বলো তো।"

তাহারা কহিল, "প্রাচীন ও আধুনিক বন্দসাহিত্য।"

আমি কহিলাম, "বেশ হইবে, ঘুটোই আমি ঠিক সমান জানি।"

পরদিন সভায় বাইবার পূর্বে জলথাবার এবং কাপড়চোপড়ের জন্ম স্ত্রীকে কিছু তাড়া দিতে লাগিলাম। নিঝ রিণী কহিল, "কেন গো, এত ব্যস্ত কেন— আবার কি পাত্রী দেখিতে বাইতেছ।"

আমি কহিলাম, "একবার দেখিয়াই নাকে-কানে থত দিয়াছি; আর নয়।" "তবে এত সাজসক্ষার তাড়া যে।"

ন্ত্ৰীকে দগৰ্বে সমন্ত ব্যাপারটা বলিলাম। শুনিয়া সে কিছুমাত্ত উল্লাদ প্রকাশ না করিয়া ব্যাকুলভাবে আমার হাত চাপিয়া ধরিল। কহিল, "তুমি পাগল হইয়াছ? না, না, দেখানে তুমি যাইতে পারিবে না।"

আমি কহিলাম, "রাজপুতনারী যুদ্ধসাঞ্জ পরাইয়া স্বামীকে রণক্ষেত্রে পাঠাইয়া দিত— আর বাঙালির মেয়ে কি বক্তৃতাসভাতেও পাঠাইতে পারে না।"

নিম'রিণী কহিল, "ইংরেজি বক্তৃতা হইলে আমি ভয় করিতাম না, কিন্তু— থাক্-না, অনেক লোক আসিবে, তোমার অভ্যাস নাই— শেষকালে—"

শেষকালের কথাটা আমিও কি মাঝে মাঝে ভাবি নাই। রামমোহন রায়ের গানটা মনে পড়িডেছিল —

> মনে করে। শেষের সে দিন ভয়ংকর, অক্তে বাক্য কবে কিন্তু তুমি রবে নিঞ্তর।

বক্তার বক্তা-অন্তে উঠিয়া দাঁড়াইবার সময় সভাপতি যদি হঠাৎ 'দৃষ্টিহীন নাড়ীকীণ হিমকলেবর' অবস্থায় একেবারে নিরুত্তর হইয়া পড়েন, তবে কী গতি হইবে। এই-সকল কথা চিস্তা করিয়া পূর্বোক্ত পলাতক সভাপতিমহাশয়ের চেয়ে আমার স্বাস্থ্য যে কোনো অংশে ভালো ছিল, এমন কথা আমি বলিতে পারি না।

व्क फ्लाहेशा खीरक करिलाम, "निस्नत, ज्ञि कि मरन कत—"

जी किहन, "आिय किहूरे मत्न किंद्र मा- किंद्र आमात्र आन छात्रि माथा

ধরিয়া আসিয়াছে, বোধ হয় জ্বর আসিবে, তুমি আজ আমাকে ফেলিয়া হাইতে পারিবে না!"

আমি কহিলাম, "সে আলাদা কথা। তোমার মুখটা একটু লাল দেখাইতেছে বটে।"

সেই লালটা সভান্থলে আমার ত্রবস্থা কল্পনা করিয়া লচ্জায়, অথবা আসম জ্বরের আবেশে, দে কথা নিঃসংশয়ে পর্যালোচনা না করিয়াই আমি ক্লাবের সেক্রেটারিকে স্ত্রীর পীড়ার কথা জানাইয়া নিজ্ঞতিলাভ করিলাম।

বলা বাছল্য, স্ত্রীর জরভাব অতি সত্তর ছাড়িয়া গেল। আমার অন্তরাত্মা কহিতে লাগিল, 'আর দব ভালো হইল, কিন্তু তোমার বাংলা বিদ্যা সম্বন্ধে তোমার স্ত্রীর মনে এই-বে সংস্কার, এটা ভালো নয়। তিনি নিজেকে মন্ত বিচুষী বলিয়া ঠাওরাইয়াছেন—কোনোদিন বা মশারির মধ্যে নাইটস্থল খুলিয়া তিনি তোমাকে বাংলা পড়াইবার চেষ্টা করিবেন।'

আমি কহিলাম, "ঠিক কথা— এই বেলা দর্প চূর্ণ না করিলে ক্রমে আর তাহার নাগাল পাওয়া ঘাইবে না।"

সেই রাত্রেই তাহার দব্দে একটু থিটিমিটি বাধাইলাম। অল্প শিক্ষা যে কিরপ ভদ্যংকর জিনিদ, পোপের কাব্য হইতে তাহার উদাহরণ উদ্ধার করিয়া তাহাকে ভ্রনাইলাম। ইহাও বুঝাইলাম, কোনোমতে বানান এবং ব্যাকরণ বাঁচাইয়া লিথিলেই যে লেখা হইল তাহা নহে— আদল জিনিদটা হইতেছে আইজিয়া। কাশিয়া বলিলাম, "সেটা উপক্রমণিকায় পাওয়া যায় না— দেটার জন্ত মাথা চাই।" মাথা যে কোথায় আছে দে কথা তাহাকে স্পষ্ট করিয়া বলি নাই, কিন্তু তবু বোধ হয় কথাটা অস্পষ্ট ছিল না। আমি কহিলাম, "লিথিবার যোগ্য কোনো লেখা কোনো দেশে কোনোদিন কোনো জীলোক লেখে নাই।"

ভনিয়া নিঝ রিণীর মেয়েলি তার্কিকতা চড়িয়া উঠিল। সে বলিল, "কেন মেয়েরা লিখিতে পারিবে না। মেয়েরা এতই কি হীন।"

षामि कहिलाम, "ताग कतिया की कतित्व। मुहोस्ड प्रथास-ना।"

নিঝ রিণী কহিল, "ডোমার মতো যদি আমার ইতিহাস প্লা থাকিত তবে নিশ্চয়ই আমি ঢের দৃষ্টাস্ত দেখাইতে পারিতাম।"

এ কথাটা শুনিয়া আমার মন একটু নরম হইয়াছিল, কিন্তু তর্ক এইথানেই শেষ হয় নাই। ইহার শেষ যেথানে দেটা পরে বর্ণনা করা যাইতেছে।

'উদ্দীপনা' বলিয়া মাসিক পত্তে ভালো গল্প লিখিবার জন্ত পঞ্চাশ টাকা পুরস্কার ২২॥১৯ ঘোষণা করিয়াছিল। কথা এই স্থির হইল, আমরা ছজনেই সেই কাগজে ছুটা গ্ল লিখিয়া পাঠাইব, দেখি কাহার ভাগ্যে পুরস্কার জোটে।

রাত্রের ঘটনা তো এই। প্রদিন প্রভাতের আলোকে বৃদ্ধি যথন নির্মণ হইয়া আদিল তথন বিধা জারিতে লাগিল। কিন্তু প্রতিজ্ঞা করিলাম, এ অবসর ছাড়িয়া দেওয়া হইবে না— যেমন করিয়া হউক, জিভিতেই হইবে। হাতে তথনো ছই মাস সময় ছিল।

প্রকৃতিবাদ অভিধান কিনিলাম, বহিমের বইগুলাও সংগ্রহ করিলাম। কিন্তু বহিমের লেখা আমার চেয়ে আমার অন্তঃপুরে অধিক পরিচিত, তাই সে মহদাপ্রম পরিত্যাগ করিতে হইল। ইংরেজি গল্পের বই দেদার পড়িতে লাগিলাম। অনেকগুলা গল্প ভাঙিয়া-চুরিয়া একটা প্রট দাঁড় করাইলাম। প্রটটা পুবই চমৎকার হইয়াছিল, কিন্তু মুশকিল এই হইল, বাংলা-সমাজে সে-সকল ঘটনা কোনো অবহাতেই ঘটতে পারে না। অতিপ্রাচীন কালের পাঞ্জাবের সীমান্তদেশে গল্পের ভিত্তি ফাঁদিলাম; সেখানে সম্ভব-অসন্তের সমস্ভ বিচার একেবারে নিরাক্বত হওয়াতে কলমের মুথে কোনো বাধা রহিল না। উদ্দাম প্রণম্ম, অসন্তব বীরত্ব, নিদাকণ পরিণাম সার্কাদের ঘোড়ার মতো আমার গল্প ঘিরিয়া অতুত গতিতে ঘূরিতে লাগিল।

রাত্রে আমার ঘুম হইত না; দিনে আহারকালে ভাতের থালা ছাড়িয়া মাছের ঝোলের বাটিতে ভাল ঢালিয়া দিতাম। আমার অবস্থা দেখিয়া নিঝারিণী আমাকে অফুনয় করিয়া কহিল, "আমার মাথা থাও, ভোমাকে আর গল্প লিখিতে হইবে না—আমি হার মানিতেছি।"

আমি উত্তেজিত হইয়া বলিলাম, "তুমি কি মনে করিতেছ আমি দিনরাত্রি কেবল, গল্প ভাবিয়াই মরিতেছি। কিছুই না। আমাকে মকেলের কথা ভাবিতে হয়— ভোমার মতো গল্প এবং কবিতা চিস্তা করিবার অবসর পড়িয়া থাকিলে আমার ভাবনা কী ছিল।"

ষাহা হউক, ইংরেজি প্লট এবং সংস্কৃত অভিধানে মিলাইয়া একটা গল্প থাড়া করিলাম। মনের কোণে ধর্মবৃদ্ধিতে একটু পীড়াবোধ করিতে লাগিলাম— ভাবিলাম, বেচারা নিঝর ইংরেজি সাহিত্য পড়ে নাই, তাহার ভাব সংগ্রহ করিবার ক্ষেত্র সংকীর্ণ; আমার সঙ্গে তাহার এই লড়াই নিতান্ত অসমকক্ষের লড়াই।

#### উপসংহার

লেখা পাঠানো হইয়াছে। বৈশাথের সংখ্যায় পুরস্কারযোগ্য গল্লটি বাহির হইবে। যদিও আমার মনে কোনো আশবা ছিল না, তবু সময় যত নিকটবতী হইল, মনটা তত চঞ্চল হইয়া উঠিল।

বৈশাথ মাসও আসিল। একদিন আদালত হইতে সকাল-সকাল ফিরিয়া আসিয়া থবর পাইলাম, বৈশাথের 'উদ্দীপনা' আসিয়াছে, আমার ল্ল। তাহা পাইয়াছে।

ধীরে ধীরে নি:শব্দপদে অন্তঃপুরে গেলাম। শয়ন্বরে উকি মারিয়া দেখিলাম, আমার স্ত্রী কড়ায় আগুন করিয়া একটা বই পুড়াইতেছে। দেয়ালের আয়নায় নির্বারিণীর মুখের যে প্রতিবিদ্ব দেখা ঘাইতেছে তাহাতে স্পষ্ট বুঝা গেল, কিছু পূর্বে সে অশ্রুবর্ষণ করিয়া লইয়াছে।

মনে আনন্দ হইল, কিন্তু দেইগকে একটু দয়াও হইল। আহা, বেচারার গল্পটি 'উদ্দীপনা'য় বাহির হয় নাই। কিন্তু এই সামান্ত ব্যাপারে এত হৃঃধ! স্ত্রীলোকের অহংকারে এত অল্লেই ঘা পড়ে।

আবার আমি নিঃশব্দদে ফিরিয়া গেলাম। উদ্দীপনা-আপিদ হইতে নগদ দাম দিয়া একটা কাগজ কিনিয়া আনাইলাম। আমার লেথা বাহির হইয়াছে কি না দেখিবার জন্ত কাগজ খুলিলাম। স্হচীপত্র দেখিলাম, পুরস্কারযোগ্য গল্পটির নাম 'বিক্রমনারায়ণ' নহে, তাহার নাম 'ননদিনী', এবং তাহার রচ্মিতার নাম— এ কী! এ যে নিম'রিণী দেবী!

বাংলাদেশে আমার স্ত্রী ছাড়া আর কাহারে। নাম নিঝ রিণী আছে কি । গল্পটি খুলিয়া পড়িলাম। দেখিলাম, নিঝ রের সেই হডভাগিনী জাঠতুতো বোনের বুতাস্থটিই ভালপালা দিয়া বণিত। একেবারে মরের কথা— দাদা ভাষা, কিন্তু সমস্ত ছবির মতো চোখে পড়ে এবং চক্ষ্ জলে ভরিয়া যায়। এ নিঝ রিণী বে আমারই 'নিঝর' ভাহাতে সন্দেহ নাই।

তথন আমার শয়নঘরের সেই দাহদৃশ্য এবং ব্যথিত রম্ণীর সেই মানম্থ অনেকক্ষণ চুপ করিয়া বদিয়া ভাবিতে লাগিলাম।

রাত্রে ভইতে আসিয়া স্ত্রীকে বলিলাম, "নিঝর, যে খাতায় তোমার দেখাগুলি আছে সেটা কোথায়।"

নিঝ রিণী কহিল, "কেন, দে লইয়া তুমি কী করিবে।" আমি কহিলাম, "আমি ছাপিতে দিব।" নিঝ রিণী। আহা, আর ঠাটা করিতে হইবে না। আমি। না, ঠাটা করিতেছি না। সত্যিই ছাপিতে দিব।

নিঝ রিণী। সে কোথায় গেছে আমি জানি না।

আমি কিছু জেদের দক্ষেই বলিলাম, "না নিঝর, সে কিছুতেই হইবে না। বলো, সেটা কোথায় আছে।"

निय तिगी करिन, "मठाई मिछ। नाई।"

আমি। কেন, কী হইল।

নিঝ রিণী। সে আমি পুড়াইয়া ফেলিয়াছি।

আমি চমকিয়া উঠিয়া কহিলাম, "আঁা, সে কী। কবে পুড়াইলে।"

নিঝ রিণী। আজই পুড়াইয়াছি। আমি কি জানি না যে, আমার লেখা ছাই লেখা। স্ত্রীলোকের রচনা বলিয়া লোকে মিথ্যা করিয়া প্রশংসা করে।

ইহার পর হইতে এ পর্যন্ত নিঝরকে সাধ্যসাধনা করিয়াও এক ছত্র লিখাইতে পারি নাই। ইতি শ্রীহরিশচন্দ্র হালদার

উপরে যে গল্পটি লেখা হইয়াছে উহার পনেরো-আনাই গল্প। আমার স্বামী যে বাংলা কত অল্প জানেন, তাহা তাঁহার রচীত উপস্তাশটি পড়িলেই কাহারো ব্ঝিতে বাকি থাকিবে না। ছি ছি নিজের স্থিকে লইয়া এমনি করিয়া কি গল্প বানাইতে হয় ? ইতি শ্রীনিম্পিনি দেবী

স্ত্রীলোকের চাত্রী সম্বন্ধে দেশী-বিদেশী শাল্পে-অশাপ্তে অনেক কথা আছে— তাহাই শ্বরণ করিয়া পাঠকেরা ঠকিবেন না। আমার রচনাটুকুর ভাষা ও বানান কে সংশোধন করিয়া দিয়াছেন, দে কথা আমি বলিব না— না বলিলেও বিজ্ঞ পাঠক অন্থমান করিতে পারিবেন। আমার স্ত্রী যে কয়-লাইন দিখিয়াছেন তাহার বানান-ভ্লগুলি দেখিলেই পাঠক বৃঝিবেন, দেগুলি ইচ্ছাক্লত— তাঁহার স্বামী যে বাংলায় পরমপণ্ডিত এবং গল্পটা যে আযাড়ে, ইহাই প্রমাণ করিবার এই অতি সহজ উপায় তিনি বাহির করিয়াছেন— এইজন্তই কালিদাপ লিখিয়াছেন, স্ত্রীণামশিক্ষিতপটুত্বম। তিনি স্ত্রীচরিত্র বৃঝিতেন। আমিও সম্প্রতি চোথ-ফোটার পর হইতে বৃঝিতে শুক্ষ করিয়াছি। কালে হয়তো কালিদাপ হইয়া উঠিতেও পারিব। কালিদাসের সঙ্গে আরো একটু সাদৃশ্য দেখিতেছি। শুনিয়াছি, কবিবর নববিবাহের পর তাঁহার বিহুষী

স্বীকে যে শ্লোক রচনা করিয়া শোনান তাহাতে উট্রশন্ত হইতে রফলাটা লোপ করিয়াছিলেন— শন্ধপ্রয়োগ সম্বন্ধ এরপ হুর্ঘটনা বর্তমান লেখকের দ্বারাও অনেক দ্বিয়াছে— অতএব, সমস্ত গভীরভাবে পর্যালোচনা করিয়া আশা হইতেছে, কালিদাসের ব্যেরপ পরিণাম হইম্বাছিল, আমার পক্ষেও তাহা অসম্ভব নহে। ইতি শ্রীহঃ

এ গল্প যদি ছাপানো হয়, আমি বাপের বাড়ি চলিয়া যাইব। শ্রীমতী নিः

আমিও তৎক্ষণাৎ শুশুরবাড়ি যাত্রা করিব। খ্রীহঃ

कार्यन ३७०३

# মাল্যদান

সকালবেলায় শীত-শীত ছিল। তুপুরবেলায় বাতাসটি অল্ল-একটু তাতিয়া উঠিয়া দক্ষিণ দিক হইতে বহিতে আরম্ভ করিয়াছে।

যতীন যে বারালায় বসিয়া ছিল দেখান হইতে বাগানের এক কোণে এক দিকে একটি কাঁঠাল ও আর-এক দিকে একটি শিরীষগাছের মাঝথানের ফাঁক দিয়া বাহিরের মাঠ চোথে পড়ে। সেই শৃত্ত মাঠ ফান্তনের রৌজে ধৃধ্ করিতেছিল। তাহারই এক প্রান্ত দিয়া কাঁচা পথ চলিয়া গেছে— সেই পথ বাহিয়া বোঝাই-খালাস গোক্ষর গাড়ি মন্দগমনে গ্রামের দিকে ফিরিয়া চলিয়াছে, গাড়োয়ান মাথায় গামছা ফেলিয়া অত্যন্ত বেকারভাবে গান গাহিতেছে।

এমন সময় পশ্চাতে একটি দহাস্ত নারীকণ্ঠ বলিয়া উঠিল, "কী ষতীন, পূর্বজন্মের কারো কথা ভাবিতেছ বুঝি।"

ষতীন কহিল, "কেন পটল, আমি এমনিই কি হতভাগা বে, ভাবিতে হইলেই পূর্বজন্ম লইয়া টান পাড়িতে হয়।"

আত্মীয়দমাজে 'পটল' নামে খ্যাত এই মেয়েটি বলিয়া উঠিল, "আর মিথ্যা বড়াই করিতে হইবে না। তোমার ইহজন্মের সব খবরই তো রাখি, মশায়। ছি ছি, এত বয়স হইল, তবু একটা সামান্ত বউও ঘরে আনিতে পারিলে না। আমাদের ওই-যে ধনা মালীটা, ওরও একটা বউ আছে— তার সঙ্গে হুইবেলা ঝগড়া করিয়া সে পাড়াইজ

লোককে জানাইয়া দেয় যে, বউ আছে বটে। আর তুমি যে মাঠের দিকে তাকাইয়া ভান করিতেছ, যেন কার চাঁদম্থ ধ্যান করিতে বদিয়াছ, এ-সমন্ত চালাকি আমি কি বৃষি না - ও কেবল লোক দেখাইবার ভড়ং মাত্র। দেখো যতীন, চেনা বাম্নের শৈতের দরকার হয় না— আমাদের ওই ধনাটা তো কোনোদিন বিরহের ছুতা করিয়া মাঠের দিকে অমন তাকাইয়া থাকে না; অতিবড়ো বিচ্ছেদের দিনেও গাছের তলায় নিড়ানি হাতে উহাকে দিন কাটাইতে দেখিয়াছি— কিছু উহার চোথে তো অমন ঘোর-ঘোর ভাব দেখি নাই। আর তুমি মশায়, সাতজন্ম বউয়ের ম্থ দেখিলে না—কেবল হাদপাতালে মড়া কাটিয়া ও পড়া ম্থহু করিয়া বয়দ পার করিয়া দিলে, তুমি অমনতরো তুপুরবেলা আকাশের দিকে গদ্গদ হইয়া তাকাইয়া থাক কেন। না, এ-সমন্ত বাজে চালাকি আমার ভালো লাগে না। আমার গা জালা করে।"

ষতীন হাতজোড় করিয়া কহিল, "থাকৃ থাকৃ, আর নয়। আমাকে আর লজ্জা দিয়ো না। তোমাদের ধনাই ধন্ত। উহারই আদর্শে আমি চলিতে চেষ্টা করিব। আর কথা নয়, কাল সকালে উঠিয়াই যে কাঠকুড়ানি মেয়ের মুধ দেখিব, তাহারই গলায় মালা দিব— ধিককার আমার আর সহু হুইতেছে না।"

প্টল। তবে এই কথা রহিল?

यजीन। दां, त्रश्नि।

পটল। তবে এদো।

যতীন। কোপায় ষাইব।

পটল। এসোই-না।

যতীন। নানা, একটা কী চ্টুমি তোমার মাধায় আসিয়াছে। আমি এখন নড়িতেছি না।

পটল। আচ্ছা, তবে এইখানেই বোসো।— বলিয়া সে ক্রুতপদে প্রস্থান করিল।
পরিচয় দেওয়া যাক। যতীন এবং পটলের বয়সের একদিন মাত্র তারতম্য।
পটল যতীনের চেয়ে একদিনের বড়ো বলিয়া যতীন তাহার প্রতি কোনোপ্রকার
সামাজিক সম্মান দেখাইতে নারাজ। উভয়ে খ্ড়তুতো-জাঠতুতো ভাইবোন। বরাবর
একত্রে খেলা করিয়া আসিয়াছে। 'দিদি' বলে না বলিয়া পটল যতীনের নামে
বাল্যকালে বাপ-খ্ডার কাছে অনেক নালিশ করিয়াছে, কিন্তু কোনো শাসনবিধির
ঘারা কোনো ফল পায় নাই— একটিমাত্র ছোটো ভাইয়েয় কাছেও তাহার পটল-মাম
মুচিল না।

প্টল দিব্য মোটালোটা গোলগাল, প্রফ্রতার রলে পরিপূর্ণ। তাহার কৌতুকহান্ত

দমন করিয়া রাথে, স্মাজে এমন কোনো শক্তি ছিল না। শাশুড়ির কাছেও দেকোনোদিন গাশ্বীর্থ অবলম্বন করিতে পারে নাই। প্রথম-প্রথম তা লইয়া অনেক কথা উঠিয়াছিল। কিন্তু, শেষকালে সকলকেই হার মানিয়া বলিতে হইল— ওর ওই রকম। তার পরে এমন হইল যে, পটলের ত্র্নিবার প্রফুল্লতার আঘাতে গুরুজনদের গান্তীর্য ধ্লিসাং হইয়া গেল। পটল তাহার আশেপাশে কোনোখানে মন-ভার ম্থ-ভার ত্র্নিস্তা সহিতে পারিত না— অজ্জ্র গল্প-হাসি-ঠাট্রায় তাহার চারি দিকের হাওয়া যেন বিত্যুৎ-শক্তিতে বোঝাই হইয়া থাকিত।

পটলের স্বামী হরকুমারবাবৃ ডেপুটি ম্যাজিস্টেট— বেহার-অঞ্চল হইতে বদলি হইয়া কলিকাতায় আবকারি-বিভাগে স্থান পাইয়াছেন। প্রেগের ভয়ে বালিতে একটি বাগানবাড়ি ভাড়া লইয়া থাকেন, দেখান হইতে কলিকাতায় যাতায়াত করেন। আবকারি-পরিদর্শনে প্রায়ই তাঁহাকে মফস্বলে ফিরিতে হইবে বলিয়া দেশ হইতে মা এবং অন্ত হই-একজন আত্মীয়কে আনিবার উপক্রম করিতেছেন, এমন সময় ডাক্রারিতে নৃতন-উত্তীর্ণ প্রারপ্রতিপত্তিহীন ষ্তীন বোনের নিমন্ত্রণে হপ্তাখানেকের জন্ত এখানে আসিয়াছে।

কলিকাতার গলি হইতে প্রথম দিন গাছপালার মধ্যে আসিয়া ষতীন ছায়াময় নির্জন বারান্দায় ফাল্গন-মধ্যাহ্বের রসালতে আবিট হইয়া বসিয়া ছিল, এমন সময়ে পূর্বক্থিত সেই উপদ্রব আরম্ভ হইল। পটল চলিয়া গেলে আবার থানিকক্ষণের জন্ত সে নিশ্চিন্ত হইয়া একটুথানি নড়িয়া-চড়িয়া বেশ আরাম করিয়া বসিল— কাঠকুড়ানি মেয়ের প্রসঙ্গে ছেলেবেলাকার রূপক্থার অলিগলির মধ্যে তাহার মন ঘ্রিয়া বেড়াইতে লাগিল।

এমন সময় আবার পটলের হাসিমাথা কণ্ঠের কাকলিতে সে চমকিয়া উঠিল।

পটল আর-একটি মেয়ের হাত ধরিয়া সবেগে টানিয়া আনিয়া ষতীনের সমূথে স্থাপন করিল; কহিল, "ও কুড়ানি।"

य्याष्ट्री कहिन, "की, मिमि।"

পটল। আমার এই ভাইটি কেমন দেখ্দেখি।

মেয়েটি অসংকোচে ষতীনকে দেখিতে লাগিল। পটল কহিল, "কেমন, ভালো দেখিতে না ?"

মেয়েট গম্ভীরভাবে বিচার করিয়া ঘাড় নাড়িয়া কহিল, "হা, ভালো।"

যতীন লাল হইয়া চৌকি ছাড়িয়া উঠিয়া কহিল, "আ: পটল, কী ছেলেমাফুষি ক্রিতেছ।" পটল। আমি ছেলেমাছ্যি করি, না তুমি বুড়োমাছ্যি কর ! তোমার বুঝি বয়নের গাছপাথর নাই ।

যতীন প্লায়ন করিল। পটল তাহার পিছনে পিছনে ছুটিতে ছুটিতে কহিল, "ও ধতীন, তোমার ভয় নাই, তোমার ভয় নাই। এখনই তোমার মালা দিডে হইবে না— ফাগুনচৈত্রে লগ্ন নাই — এখনো হাতে সময় আছে।"

পটল যাহাকে কুড়ানি বলিয়া ডাকে, দেই মেয়েটি অবাক হইয়া রহিল। তাহার বয়দ যোলো হইবে, শরীর ছিপ ছিপে— মৃথশ্রী সম্বন্ধ অধিক কিছু বলিবার নাই, কেবল মৃথে এই একটি অসামান্ততা আছে যে দেখিলে যেন বনের হরিণের ভাব মনে আসে। কঠিন ভাষায় তাহাকে নির্ক্তির লা যাইতেও পারে— কিন্তু তাহা বেকামি নহে, তাহা বৃদ্ধির্ত্তির অপরিক্ত্রণমাত্র, তাহাতে কুড়ানির মৃথের সৌন্দর্য নই না করিয়া বরঞ্চ একটি বিশিষ্টতা দিয়াছে।

দদ্যাবেলায় হরকুমারবার্ কলিকাতা হইতে ফিরিয়া আসিয়া ঘতীনকে দেখিয়া কহিলেন, "এই যে, ঘতীন আসিয়াছ, ভালোই হইয়াছে। তোমাকে একটু ডাজারি করিতে হইবে। পশ্চিমে থাকিতে গুভিক্ষের সময় আমরা একটি মেয়েকে লইয়া মাহ্ম্য করিতেছি— পটল তাহাকে কুড়ানি বলিয়া ডাকে। উহার বাপ-মা এবং ওই মেয়েটি আমাদের বাংলার কাছেই একটি গাছতলায় পড়িয়া ছিল। যথন থবর পাইয়া গেলাম, গিয়া দেখি, উহার বাপ-মা মরিয়াছে, মেয়েটির প্রাণটুকু আছে মাত্র। পটল তাহাকে অনেক যত্বে বাঁচাইয়াছে। উহার জাতের কথা কেহ জানে না— তাহা লইয়া কেহ আপত্তি করিলেই পটল বলে, 'ও তো ছিজ; একবার মরিয়া এবার আমাদের ঘরে জিয়য়াছে, উহার সাবেক জাত কোথায় ঘৃঢ়য়া গেছে।' প্রথমে মেয়েটি পটলকে মা বলিয়া ডাকিতে শুক করিয়াছিল; পটল তাহাকে ধমক দিয়া বলিল, 'থবরদার, আমাকে মা বলিস নে আমাকে দিদি বলিস।' পটল বলে, 'অতবড়ো মেয়ে মা বলিলে নিজেকে বৃড়ি বলিয়া মনে হইবে ঘে।' বোধ করি সেই ঘৃতিক্ষের উপবাসে বা আর-কোনো কারণে উহার থাকিয়া-থাকিয়া শ্লবেদনার মতো হয়। ব্যাপারখানা কী তোমাকে ভালো করিয়া পরীকা করিয়া দেখিতে হইবে। ওরে তুল্সি, কুড়ানিকে ডাকিয়া আন্তো।"

কুড়ানি চূল বাঁধিতে বাঁধিতে অসম্পূর্ণ বেণী পিঠের উপরে ছ্লাইয়া হরকুমারবাব্র ঘরে আদিয়া উপস্থিত হইল। তাহার হরিণের মতো চোথছটি ছুজনের উপর রাখিয়া সে চাহিয়া বহিল।

ষতীন ইতন্তত করিতেছে দেখিয়া হরকুমার তাহাকে কহিলেন, "রুণা সংকোচ

করিতেছ, যতীন। উহাকে দেখিতে মন্ত ভাগর, কিন্তু কচি ভাবের মতো উহার ভিতরে কেবল জল ছল্ছল্ করিতেছে— এখনো শাঁসের রেখা মাত্র দেখা দেয় নাই। ও কিছুই বোঝে না— উহাকে তুমি নারী বলিয়া ভ্রম করিয়ো না, ও বনের হরিণী।"

ষতীন তাহার ভাক্তারি কর্তব্য সাধন করিতে লাগিল— কুড়ানি কিছুমাত্র কুঠা প্রকাশ করিল না। যতীন কহিল, "শরীরয়ন্ত্রের কোনো বিকার তো বোঝা গেল না।" পটল ফস্ করিয়া ঘরে চুকিয়া বলিল, "হৃদয়যন্ত্রেরও কোনো বিকার ঘটে নাই। তার পরীক্ষা দেখিতে চাও?"

বলিয়া কুড়ানির কাছে গিয়া তাহার চিবৃক স্পর্শ করিয়া কহিল, "ও কুড়ানি, আমার এই ভাইটিকে তোর পছন্দ হইয়াছে ?"

কুড়ানি মাথা হেলাইয়া কহিল, "হাঁ।" পটল কহিল, "আমার ভাইকে তুই বিয়ে করিবি?" সে আবার মাথা হেলাইয়া কহিল, "হাঁ।"

পটল এবং হরকুমারবাবু হাসিয়া উঠিলেন। কুড়ানি কৌতুকের মর্ম না ব্ঝিয়া তাঁহাদের অহকরণে মুখখানি হাসিতে ভরিয়া চাহিয়া রহিল।

যতীন লাল হইয়া উঠিয়া ব্যন্ত হইয়া কহিল, "আঃ পটল, তুমি বাড়াবাড়ি করিতেছ— ভারি অন্তায়। হরকুমারবাব্, আপনি পটলকে বড়ো বেশি প্রশ্রয় দিয়া থাকেন।"

হরকুমার কহিলেন, "নহিলে আমিও ষে উহার কাছে প্রশ্নয় প্রত্যাশা করিতে পারি না। কিন্তু ষতীন, কুড়ানিকে তুমি জান না বলিয়াই অত ব্যস্ত হইতেছ। তুমি লজ্জা করিয়া কুড়ানিকে স্থন্ধ লজ্জা করিছে শিথাইবে দেখিতেছি। উহাকে জ্ঞানবুক্ষের ফল তুমি থাওয়াইয়ো না। সকলে উহাকে লইয়া কোতৃক করিয়াছে— তুমি যদি মাঝের থেকে গান্তীর্ধ দেখাও, তবে সেটা উহার পক্ষে একটা অসংগত ব্যাপার হইবে।"

পটল। ওইজগুই তো যতীনের সঙ্গে আমার কোনোকালেই বনিল না, ছেলেবেলা থেকে কেবলই ঝগড়া চলিতেছে— ও বড়ো গন্তীর।

হরকুমার। ঝগড়া করাটা বৃঝি এমনি করিয়া একেবারে অভ্যাস হইয়া গেছে— ভাই সরিয়া পড়িয়াছেন, এখন—

পটল। ফের মিথ্যা কথা। তোমার দক্ষে ঝগড়া করিয়া হুখ নাই— আমি চেষ্টাও করি না।

হরকুমার। আমি গোড়াডেই হার মানিয়া যাই।

পটল। বড়ো কর্মই করো। গোড়ায় হার না মানিয়া শেষে হার মানিলে কত থশি হইতাম।

রাত্রে শোবার ঘরের জানলা-দরজা খুলিয়া দিয়া ষতীন অনেক কথা ভাবিল। যে মেয়ে আপনার বাপ-মাকে না খাইতে পাইয়া মরিতে দেখিয়াছে, তাহার জীবনের উপর কী ভীষণ ছায়া পড়িয়াছে। এই নিদারণ ব্যাপারে সে কত বড়ো হইয়া উঠিয়াছে— তাহাকে লইয়া কি কৌতুক করা যায়। বিধাতা দয়া করিয়া তাহার বৃদ্ধিবৃত্তির উপরে একটা আবরণ ফেলিয়া দিয়াছেন— এই আবরণ যদি উঠিয়া যায় তবে অদৃষ্টের রুদ্রলীলার কী ভীষণ চিহ্ন প্রকাশ হইয়া পড়ে। আজ মধ্যাহে গাছের ফাক দিয়া যতীন যথন ফাল্কনের আকাশ দেখিতেছিল, দূর হইতে কাঁঠালম্কুলের গদ্ধ মৃত্তর হইয়া তাহার আগকে আবিষ্ট করিয়া ধরিতেছিল, তথন তাহার মনটা মাধুর্যের কুহেলিকায় সমস্ত জগৎটাকে আছের করিয়া দেখিয়াছিল— ওই বৃদ্ধিহীন বালিকা তাহার হিরণের মতো চোথ-তৃটি লইয়া সেই দোনালি কুহেলিকা অপসারিত করিয়া দিয়াছে; ফাল্কনের এই কৃজন-গুল্পন-মর্যরের পশ্চাতে যে সংসার ক্ষ্ধাত্যগত্র হংথকঠিন দেহ লইয়া বিরাট মৃতিতে দাড়াইয়া আছে, উদ্ঘাটিত যবনিকার শিল্পমাধুর্যের অন্তরালে সে দেখা দিল।

পরদিন দদ্ধার সময় কুড়ানির সেই বেদনা ধরিল। পটল তাড়াতাড়ি ষতীনকে ডাকিয়া পাঠাইল। যতীন আদিয়া দেখিল, কটে কুড়ানির হাতে পায়ে থিল ধরিতেছে, শরীর আড়াই। যতীন ঔষধ আনিতে পাঠাইয়া বোতলে করিয়া গরম জল আনিতে ছুকুম করিল। পটল কহিল, "ভারি মন্ত ডাক্টার হইয়াছ, পায়ে একটু গরম তেল মালিশ করিয়া দাও-না। দেখিতেছ না, পায়ের তেলো হিম হইয়া গেছে।"

ষ্তীন রোগিণীর পায়ের তলায় গরম তেল সবেগে ঘবিয়া দিতে লাগিল।
চিকিৎসা-ব্যাপারে রাত্রি অনেক হইল। হরকুমার কলিকাতা হইতে ফিরিয়া আসিয়া
বারবার কুড়ানির থবর লইতে লাগিলেন। যতীন ব্ঝিল, সন্ধ্যাবেলায় কর্ম হইতে
ফিরিয়া আসিয়া পটল-অভাবে হরকুমারের অবয়া অচল হইয়া উঠিয়াছে— ঘন ঘন
কুড়ানির থবর লইবার তাৎপর্য তাই। ষতীন কহিল, "হরকুমারবাব্ ছট্ফট্ করিতেছেন,
তুমি যাও পটল।"

পটল কহিল, "পরের দোহাই দিবে বৈকি। ছট্ফট্ কে করিতেছে তা ব্ঝিয়াছি। আমি গেলেই এখন তুমি বাঁচো। এ দিকে কথায় কথায় লজ্জায় ম্থচোথ লাল হইয়া উঠে — তোমার পেটে যে এত ছিল, তা কে ব্ঝিবে।"

যতীন। আচ্ছা, দোহাই তোমার, তুমি এইথানেই থাকো। রক্ষা করে।—

ভোমার মুখ বন্ধ হইলে বাঁচি। আমি ভূল বুঝিয়াছিলাম— হরকুমারবাব বোধ হয় শাস্তিতে আছেন, এরকম ক্ষোগ তাঁর সর্বদা ঘটে না।

কুড়ানি আরাম পাইয়া যখন চোখ খুলিল পটল কহিল, "তোর চোখ খোলাইবার জন্ম তোর বর যে আজ অনেকক্ষণ ধরিয়া তোকে পায়ে ধরিয়া লাধিয়াছে— আজ তাই বৃঝি এত দেরি করিলি। ছি ছি, ওঁর পায়ের ধূলা নে।"

কুড়ানি কর্তব্যবোধে তৎক্ষণাৎ গম্ভীরভাবে ষতীনের পায়ের ধুলা লইল। ষতীন জ্রুতপদে ঘর হইতে চলিয়া গেল।

তাহার পরদিন হইতে যতীনের উপরে রীতিমত উপত্রব আরম্ভ হইল। যতীন থাইতে বসিয়াছে, এমন সময় কুড়ানি আসিয়া অয়ানবদনে পাথা দিয়া তাহার মাছি তাড়াইতে প্রবৃত্ত হইল। যতীন বাল্ড হইয়া বলিয়া উঠিল, "থাক্ থাক্, কাজ নাই।" কুড়ানি এই নিষেধে বিশ্বিত হইয়া মৃথ ফিরাইয়া পশ্চাদ্বর্তী ঘরের দিকে একবার চাহিয়া দেখিল— তাহার পরে আবার পুনশ্চ পাথা দোলাইতে লাগিল। যতীন অন্তরালবতিনীর উদ্দেশে বলিয়া উঠিল, "পটল, তুমি যদি এমন করিয়া আমাকে আলাও, তবে আমি থাইব না— আমি এই উঠিলাম।"

বলিয়া উঠিবার উপক্রম করিতেই কুড়ানি পাথা ফেলিয়া দিল। যতীন বালিকার বৃদ্ধিহীন মুথে তীব্র বেদনার রেখা দেখিতে পাইল; তৎক্ষণাৎ অস্তপ্ত হইয়া দে পুনর্বার বিদিয়া পড়িল। কুড়ানি যে কিছু বোঝে না, দে যে লজ্জা পায় না, বেদনা বোধ করে না, এ কথা যতীনও বিশাস করিতে আরম্ভ করিয়াছিল। আজ চকিতের মধ্যে দেখিল, সকল নিয়মেরই ব্যতিক্রম আছে, এবং ব্যতিক্রম কথন হঠাৎ ঘটে আগে হইতে তাহা কেহই বলিতে পারে না। কুড়ানি পাথা ফেলিয়া দিয়া চলিয়া গেল।

পরদিন সকালে যতীন বারান্দায় বসিয়া আছে, গাছপালার মধ্যে কোকিল অত্যস্ত ডাকাডাকি আরম্ভ করিয়াছে, আমের বোলের গদ্ধে বাতাস ভারাক্রান্ত— এমন সময় সে দেখিল, কুড়ানি চায়ের পেয়ালা হাতে লইয়া যেন একটু ইতন্তত করিতেছে। তাহার হরিণের মতো চক্ষে একটা সকরুণ ভয় ছিল— সে চা লইয়া গেলে যতীন বিরক্ত হইবে কি না ইহা যেন সে ব্ঝিয়া উঠিতে পারিতেছিল না। যতীন ব্যথিত হইয়া উঠিয়া অগ্রসর হইয়া তাহার হাত হইতে পেয়ালা লইল। এই মানবজ্ঞাের হরিণশিশুটিকে তুচ্ছ কারণে কি বেদনা দেওয়া যায়। যতীন যেমনি পেয়ালা লইল অমনি দেখিল, বারান্দার অপর প্রান্তে পটল সহসা আবির্ভূত হইয়া নি:শন্ধহান্তে যতীনকে কিল দেখাইল, ভাবটা এই যে, 'কেমন ধরা পড়িয়াছ।'

সেইদিন সন্ধার সময় ষতীন একখানি ডাক্তারি কাগজ পড়িতেছিল, এমন সময়

ফুলের গদ্ধে চকিত হইয়া উঠিয়া দেখিল, কুড়ানি বকুলের মালা হাতে ঘরের মধ্যে প্রবেশ করিল। ঘতীন মনে মনে কহিল, 'বড়োই বাড়াবাড়ি হইতেছে— পটলের এই নিষ্ঠ্র আমোদে আর প্রশ্রম দেওয়া উচিত হয় না।' কুড়ানিকে বলিল, "ছি ছি কুড়ানি, তোমাকে লইয়া তোমার দিদি আমোদ করিতেছেন, তুমি বুঝিতে পার না।"

কথা শেষ করিতে না করিতেই কুড়ানি এন্ড-সংকুচিত-ভাবে প্রস্থানের উপক্রম করিল। যতীন তথন তাড়াতাড়ি তাহাকে ডাকিয়া কহিল, "কুড়ানি, দেখি তোমার মালা দেখি।" বলিয়া মালাটি তাহার হাত হইতে লইল। কুড়ানির মুখে একটি আনন্দের উজ্জ্বলতা ফুটিয়া উঠিল, অন্তরাল হইতে সেই মুহুর্তে একটি উচ্চহাস্থের উচ্ছাস্থনি শুনা গেল।

পরদিন সকালে উপত্রব করিবার জন্ম পটল ষতীনের ঘরে গিয়া দেখিল, ঘর শৃক্ত। একথানি কাগজে কেবল লেখা আছে— 'পালাইলাম। শ্রীযতীন।'

"ও কুড়ানি, তোর বর যে পালাইল। তাহাকে রাখিতে পারিলি নে।" বলিয়া কুড়ানির বেণী ধরিয়া নাড়া দিয়া পটল ঘরকলার কাজে চলিয়া গেল।

কথাটা ব্ঝিতে কুড়ানির একটু সময় গেল। সে ছবির মতো দাঁড়াইয়া স্থিরদৃষ্টিতে সম্মুথে চাহিয়া রহিল। তাহার পর ধীরে ধীরে ধতীনের ঘরে আসিয়া দেখিল, তাহার ঘর থালি। তার পূর্বসন্ধ্যার উপহারের মালাটা টেবিলের উপর পড়িয়া আছে।

বসন্তের প্রাতঃকালটি স্লিঞ্জন্মনর; রৌন্রটি কম্পিত ক্লফচ্ডার শাথার ভিতর দিয়া ছায়ার সহিত মিশিয়া বারান্দার উপর আসিয়া পড়িয়াছে। কাঠবিড়ালি লেজ পিঠে তুলিয়া ছুটাছুটি করিতেছে এবং সকল পাথি মিলিয়া নানা হ্লরে গান গাহিয়া তাহাদের বক্তব্য বিষয় কিছুতেই শেষ করিতে পারিতেছে না। পৃথিবীর এই কোণটুকুতে, এই থানিকটা ঘনপল্লব ছায়া এবং রৌন্ত্ররচিত জগংখণ্ডের মধ্যে প্রাণের আনন্দ ফুটিয়া উঠিতেছিল; তাহারই মাঝখানে ওই বুদ্ধিহীন বালিকা তাহার জীবনের, তাহার চারি দিকের সংগত কোনো অর্থ বুঝিয়া উঠিতে পারিতেছিল না। সমন্তই কঠিন প্রহেলিকা। কী হইল, কেন এমন হইল, তার পরে এই প্রভাত, এই গৃহ, এই ষাহাকিছু সমস্তই এমন একেবারে শৃত্ত হইয়া গেল কেন। যাহার ব্ঝিবার সামর্থ্য অল্প তাহাকে হঠাৎ একদিন নিজ হদয়ের এই অতল বেদনার রহস্তগর্ভে কোনো প্রদীপ হাতে না দিয়া কে নামাইয়া দিল। জগতের এই সহজ-উচ্ছুদিত প্রাণের রাজ্যে এই গাছপালা-মৃগপক্ষীর আত্মবিন্মৃত কলরবের মধ্যে কে তাহাকে আবার টানিয়া তুলিতে পারিবে।

পটল বরক্ষার কাজ সারিয়া কুড়ানির সন্ধান লইতে আসিয়া দেখিল, সে বতীনের

পরিত্যক্ত মরে তাহার থাটের থুরা ধরিয়া মাটিতে পড়িয়া আছে— শৃক্ত শধ্যাটাকে যেন পায়ে ধরিয়া দাধিতেছে। তাহার বৃকের ভিতরে যে একটি হুধার পাত্র লুকানো ছিল সেইটে যেন শৃক্ততার চরণে বুথা আখাসে উপুড় করিয়া ঢালিয়া দিতেছে— ভ্মিতলে পুঞ্জীভূত সেই খলিতকেশা ল্প্তিত্বসনা নারী যেন নীরব একাগ্রতার ভাষায় বলিতেছে, "লও, লও, আমাকে লও। ওগো, আমাকে লও।"

পটল বিশ্বিত হইয়া কহিল, "ও কী হইতেছে, কুড়ানি।"

কুড়ানি উঠিল না; সে যেমন পড়িয়া ছিল তেমনি পড়িয়া রহিল। পটল কাছে আদিয়া তাহাকে স্পর্শ করিতেই সে উচ্চুদিত হইয়া ফুলিয়া ফুলিয়া কাঁদিতে লাগিল।

পটল তথন চকিত হইয়া বলিয়া উঠিল, "ও পোড়ারম্থি, সর্বনাশ করিয়াছিল। মরিয়াছিল।"

হরকুমারকে পটল কুড়ানির অবস্থা জানাইয়া কহিল, "এ কী বিপদ ঘটিল। তুমি কী করিতেছিলে, তুমি আমাকে কেন বারণ করিলে না।"

হরকুমার কহিল, "তোমাকে বারণ করা যে আমার কোনোকালে অভ্যাস নাই। বারণ করিলেই কি ফল পাওয়া যাইত।"

পটল। তুমি কেমন স্বামী ? আমি যদি ভূল করি, তুমি আমাকে জোর করিয়া থামাইতে পার না ? আমাকে তুমি এ থেলা খেলিতে দিলে কেন।

এই বলিয়া সে ছুটিয়া গিয়া ভূপতিতা বালিকার গলা জড়াইয়া ধরিয়া কহিল, "লক্ষী বোন আমার, তোর কী বলিবার আছে, আমাকে খুলিয়া বল।"

হায়, কুড়ানির এমন কী ভাষা আছে যে, আপনার হৃদয়ের অব্যক্ত রহস্ত সে কথা
দিয়া বলিতে পারে। সে একটি অনিব্চনীয় বেদনার উপর তাহার সমস্ত বৃক দিয়া
চাপিয়া পড়িয়া আছে — সে বেদনাটা কী, জগতে এমন আর কাহারো হয় কি না,
তাহাকে লোকে কী বলিয়া থাকে, কুড়ানি তাহার কিছুই জানে না। সে কেবল কালা
দিয়া বলিতে পারে; মনের কথা জানাইবার তাহার আর কোনো উপায় নাই।

পটল কহিল, "কুড়ানি, তোর দিদি বড়ো ছুই ; কিন্তু তার কথা যে তুই এমন করিয়া বিখাস করিবি, তা সে কথনো মনেও করে নি। তার কথা কেহ কথনো বিখাস করে না; তুই এমন ভূল কেন করিলি। কুড়ানি, একবার মৃথ তুলিয়া তোর দিদির ম্থের দিকে চা; তাকে মাপ কর।"

কিছ, কুড়ানির মন তথন বিম্থ হইয়া গিয়াছিল, সে কোনোমতেই প্টলের ম্থের দিকে চাহিতে পারিল না; সে আরো জোর করিয়া হাতের মধ্যে মাথা গুঁজিয়া রহিল। সে ডালো করিয়া সমস্ত কথা না ব্ঝিয়াও একপ্রকার মৃচ্ডাবে পটলের প্রতি রাগ করিয়াছিল। পটল তথন ধীরে ধীরে বাহুপাশ খুলিয়া লইয়া উঠিয়া গেল— এবং জানালার ধারে পাথরের মৃতির মতো শুক্জাবে দাঁড়াইয়া ফাল্পনের রৌক্রচিক্কণ স্থপারি-গাছের পলবশ্রেণীর দিকে চাহিয়া পটলের তুই চক্ষ্ দিয়া জল পড়িতে লাগিল।

পরদিন কুড়ানির আর দেখা পাওয়। গেল না। পটল তাহাকে আদর করিয়া ভালো ভালো গহনা এবং কাপড় দিয়া সাজাইত। নিজে সে এলোমেলো ছিল, নিজের সাজ সহদ্ধে তাহার কোনো যত্ব ছিল না, কিন্তু সাজগোজের সমন্ত শথ কুড়ানির উপর দিয়াই সে মিটাইয়া লইত। বহুকালসঞ্চিত সেই-সমন্ত বসনভ্ষণ কুড়ানির মরের মেজের উপর পড়িয়া আছে। তাহার হাতের বালাচুড়ি, নাসাগ্রের লবক্ষুলটি পর্যন্ত সে খুলিয়া ফেলিয়া গিয়াছে। তাহার পটলদিদির এতদিনের সমন্ত আদর সে ঘেন গা হইতে মুছিয়া ফেলিবার চেটা করিয়াছে।

হরকুমারবাবু কুড়ানির সন্ধানে পুলিসে খবর দিলেন। সেবারে প্লেগ-দমনের বিভীষিকায় এত লোক এত দিকে পলায়ন করিতেছিল যে, সেই-সকল পলাতকদলের মধ্য হইতে একটি বিশেষ লোককে বাছিয়া লওয়া পুলিসের পক্ষে শক্ত হইল। হরকুমারবাবু তুই-চারিবার ভূল লোকের সন্ধানে অনেক হঃখ এবং লজ্ঞা পাইয়া কুড়ানির আশা পরিত্যাগ করিলেন। অজ্ঞাতের কোল হইতে তাঁহারা যাহাকে পাইয়াছিলেন অজ্ঞাতের কোলের মধ্যেই সে আবার লুকাইয়া পড়িল।

যতীন বিশেষ চেষ্টা করিয়া দেবার প্লেগ-হাসপাতালে ডাজারি-পদ গ্রহণ করিয়াছিল। একদিন ছপুরবেলায় বাসায় আহার সারিয়া হাসপাতালে আদিয়া সেশুনিল, হাসপাতালের স্ত্রী-বিভাগে একটি নৃতন রোগিণী আদিয়াছে। পুলিস তাহাকে পথ হইতে কুড়াইয়া আনিয়াছে।

যতীন তাহাকে দেখিতে গেল। মেয়েটির মুখের অধিকাংশ চাদরে ঢাকা ছিল।
যতীন প্রথমেই তাহার হাত তুলিয়া লইয়া নাড়ি দেখিল। নাড়িতে জ্বর অধিক নাই,
কিন্তু হুর্বলতা অত্যন্ত। তথন প্রীক্ষার জ্ঞু মুখের চাদর স্বাইয়া দেখিল, সেই
কুড়ানি।

ইতিমধ্যে পটলের কাছ হইতে যতীন কুড়ানির সমস্ত বিবরণ জানিয়াছিল।
অব্যক্ত হৃদয়ভাবের দ্বারা ছায়াছ্দ্র তাহার সেই হরিণচক্ষ্টট কাজের অবকাশে
যতীনের ধ্যানদৃষ্টির উপরে কেবলই অঞ্চীন কাতরতা বিকীর্ণ করিয়াছে। আজ সেই
রোগনিমীলিত চক্ষ্র স্থার্থ পল্লব কুড়ানির শীর্ণ কপোলের উপরে কালিমার রেথা
টানিয়াছে; দেখিবামাত্র যতীনের বুকের ভিতরটা হঠাৎ কে যেন চাপিয়া ধরিল।
এই একটি মেরেকে বিধাতা এত ষত্বে ফুলের মতো স্কুমার করিয়া গড়িয়া ছড়িক

হইতে মারীর মধ্যে ভাসাইয়া দিলেন কেন। আজ এই-যে পেলব প্রাণটি ক্লিট হইয়া বিছানার উপরে পড়িয়া আছে, ইহার এই জন্ধ কয়দিনের আয়র মধ্যে এত বিপদের আঘাত, এত বেদনার ভার সহিল কী করিয়া, ধরিল কোথায়। য়তীনই বা ইহার জীবনের মাঝখানে তৃতীয় আয়-একটি সংকটের মতো কোথা হইতে আসিয়া জড়াইয়া পড়িল। কদ্ধ দীর্ঘনিশাস যতীনের বক্ষোবারে আঘাত করিতে লাগিল — কিছু সেই আঘাতের তাড়নায় তাহার হদয়ের তারে একটা স্থের মীড়ও বাজিয়া উঠিল। যে ভালোবাসা জগতে হুর্লভ, য়তীন তাহা না চাহিতেই, ফাল্কনের একটি মধ্যাহ্নে একটি প্র্বিকশিত মাধ্বীমঞ্জরির মতো অক্সাং তার পায়ের কাছে আপনি আদিয়া থসিয়া পড়িয়াছে। যে ভালোবাসা এমন করিয়া মৃত্যুর বার পর্যন্ত আসিয়া মৃছিত হইয়া পড়ের প্রিবীতে কোন্ লোক সেই দেবভোগ্য নৈবেভলাতের অধিকারী।

যতীন কুড়ানির পাশে বিদিয়া তাহাকে অল্প আল্প গরম হুধ খাওয়াইয়া দিতে লাগিল। থাইতে খাইতে অনেকক্ষণ পরে সে দীর্ঘনিখাস ফেলিয়া চোথ মেলিল। যতীনের মুথের দিকে চাহিয়া তাহাকে অদূর স্বপ্লের মতো যেন মনে করিয়া লইতে চেষ্টা করিল। যতীন যথন তাহার কপালে হাত রাখিয়া একটুখানি নাড়া দিয়া কহিল, "কুড়ানি"— তথন তাহার অজ্ঞানের শেষ ঘোরটুকু হঠাৎ ভাঙিয়া গেল— যতীনকে সে চিনিল এবং তথনই তাহার চোথের উপরে বাম্পকোমল আর-একটি মোহের আবরণ পড়িল। প্রথম-মেঘ-সমাগমে স্থান্ডীর আযাঢ়ের আকাশের মতো কুড়ানির কালো চোথবুটির উপর একটি যেন স্বদ্বব্যাপী সজললিগ্ধতা ঘনাইয়া আসিল।

যতীন সকরণ ষত্বের সহিত কহিল, "কুড়ানি, এই হুধটুকু শেষ করিয়া ফেলো।"
কুড়ানি একটু উঠিয়া বসিয়া পেয়ালার উপর হইতে যতীনের মূথে স্থিরদৃষ্টিতে
চাহিয়া সেই হুধটুকু ধীরে ধীরে ধাইয়া ফেলিল।

হাদপাতালের ডাক্তার একটিমাত্র রোগীর পাশে দমন্তক্ষণ বসিয়া থাকিলে কাজও চলে না, দেখিতেও ভালো হয় না। অক্তত্র কর্তব্য সারিবার জন্ম যতীন যথন উঠিল তথন ভয়ে ও নৈরাক্ষে কুড়ানির চোথহটি ব্যাকুল হইয়া পড়িল। যতীন তাহার হাত ধরিয়া তাহাকে আখাদ দিয়া কহিল, "আমি আবার এথনই আদিব কুড়ানি, তোমার কোনো ভয় নাই।"

যতীন কর্তৃপক্ষদিগকে জানাইল যে, এই নৃতন-আনীত রোগিনীর প্রেগ হয় নাই, সে না খাইয়া তুর্বল হইয়া পড়িয়াছে। এথানে অক্ত প্রেগরোগীর সঙ্গে থাকিলে তাহার পক্ষে বিপদ ঘটিতে পারে।

বিশেষ চেষ্টা করিয়া যতীন কুড়ানিকে অক্তত্ত লইয়া যাইবার অন্ত্যতি লাভ করিল

এবং নিজের বাদায় লইয়া গেল। পটলকে সমস্ত ধবর দিয়া একথানি চিঠিও লিখিয়া দিল।

সেইদিন সন্ধ্যার সময় রোগী এবং চিকিৎসক ছাড়া ঘরে আর কেছ ছিল না।
শিয়রের কাছে রঙিন কাগজের আবরণে ঘেরা একটি কেরোসিন ল্যাম্প ছায়াচ্ছন্ত্র মুদ্
আলোক বিকীর্ণ করিতেছিল— ব্যাকেটের উপরে একটা ঘড়ি নিন্তর ঘরে টিক্টিক্
শব্দে দোলক দোলাইতেছিল।

যতীন কুড়ানির কপালে হাত দিয়া কহিল, "তুমি কেমন বোধ করিতেছ, কুড়ানি।" কুড়ানি তাহার কোনো উত্তর না করিয়া যতীনের হাতটি আপনার কপালেই চাপিয়া রাথিয়া দিল।

ষতীন আবার জিজ্ঞাদা করিল, "ভালো বোধ হইতেছে ?"
কুড়ানি একটুথানি চোখ বুজিন্না কহিল, "হা।"
যতীন জিজ্ঞাদা করিল, "ভোমার গলায় এটা কী, কুড়ানি।"

কুড়ানি তাড়াতাড়ি কাপড়টা টানিয়া তাহা ঢাকিবার চেটা করিল। যতীন দেখিল, দে একগাছি শুকনো বকুলের মালা। তখন তাহার মনে পড়িল, দে মালাটা কী। ঘড়ির টিক্টিক্ শব্দের মধ্যে যতীন চুপ করিয়া বদিয়া ভাবিতে লাগিল। কুড়ানির এই প্রথম লুকাইবার চেটা— নিজের হৃদয়ের ভাব গোপন করিবার এই তাহার প্রথম প্রয়াস। কুড়ানি মৃগশিশু ছিল, দে কখন হৃদয়ভারাতুর যুবতী নারী হইয়া উঠিল। কোন্ রৌলের আলোকে, কোন্ রৌলের উত্তাপে তাহার বৃদ্ধির উপরকার সমন্ত কুয়াশা কাটিয়া গিয়া তাহার লজ্জা, তাহার শক্ষা, তাহার বেদনা এমন হঠাৎ প্রকাশিত হইয়া পড়িল।

রাত্রি ছুটা-আড়াইটার সময় যতীন চৌকিতে বসিন্ধাই ঘুমাইয়া পড়িয়াছে। হঠাৎ ছার খোলার শব্দে চমকিয়া উঠিয়া দেখিল, পটল এবং হরকুমারবাবু এক বড়ো ব্যাগ হাতে ঘরের মধ্যে প্রবেশ করিলেন।

হরকুমার কহিলেন, "ভোমার চিঠি পাইয়া কাল সকালে আদিব বলিয়া বিছানায় ভইলাম। অর্ধেক রাত্রে পটল কহিল, 'ওগো, কাল সকালে গেলে কুড়ানিকে দেখিতে পাইব না— আমাকে এখনই ষাইতে হইবে।' পটলকে কিছুতেই বুঝাইয়া রাখা গেল না, তখনই একটা গাড়ি করিয়া বাহির হইয়া পড়িয়াছি।"

পটল হরকুমারকে কহিল, "চলো, তুমি ষতীনের বিছানায় শোবে চলো।"

হরকুমার ঈষৎ আপত্তির আড়ম্বর করিয়া যতীনের মরে গিয়া শুইয়া পড়িসেন, জাঁহার নিত্রা ধাইতেও দেরি হইল না। পটল ফিরিয়া আসিয়া ষতীনকে ঘরের এক কোণে ডাকিয়া জিজ্ঞাসা করিল, "আশা আছে ?"

যতীন কুড়ানির কাছে আদিয়া তাহার নাড়ি দেখিয়া মাথা নাড়িয়া ইঙ্গিতে জানাইল যে, আশা নাই।

পটল কুড়ানির কাছে আপনাকে প্রকাশ না করিয়া যতীনকে আড়ালে লইয়া কহিল, "ষতীন, সত্য বলো, তুমি কি কুড়ানিকে ভালোবাস না।"

ষতীন পটলকে কোনো উত্তর না দিয়া কুড়ানির বিছানার পাশে আদিয়া বসিল। তাহার হাত চাপিয়া ধরিয়া নাড়া দিয়া কহিল, "কুড়ানি, কুড়ানি।"

কুড়ানি চোথ মেলিয়া মুখে একটি শান্ত মধুর হাসির আভাসমাত আনিয়া কহিল, "কী, দাদাবাব।"

ষতীন কহিল, "কুড়ানি, তোমার এই মালাটি আমার গলায় পরাইয়া দাও।" কুড়ানি অনিমেষ অবুঝ চোঝে যতীনের মুখের দিকে তাকাইয়া রহিল। যতীন কহিল, "তোমার মালা আমাকে দিবে না?"

যতীনের এই আদরের প্রশ্রয়টুকু পাইয়া কুড়ানির মনে প্রকৃত অনাদরের একটুথানি অভিমান জাগিয়া উঠিল। সে কহিল, "কী হবে, দাদাবাবু।"

যতীন ছই হাতে তাহার হাত লইয়া কহিল, "আমি তোমাকে ভালোবাসি, কুড়ানি।"

ভনিয়া ক্ষণকালের জন্ম কুড়ানি ন্তক রহিল; তাহার পরে তাহার চুই চক্ষু দিয়া অজ্ঞল জল পড়িতে লাগিল। যতীন বিছানার পাশে নামিয়া হাঁটু গাড়িয়া বসিল, কুড়ানির হাতের কাছে মাথা নত করিয়া রাথিল। কুড়ানি গলা হইতে মালা খুলিয়া যতীনের গলায় পরাইয়া দিল।

তথন পটল তাহার কাছে আসিয়া ভাকিল, "কুড়ানি।"

কুড়ানি তাহার শীর্ণ মূথ উজ্জ্ল করিয়া কহিল, "কী, দিদি।"

পটল তাহার কাছে আদিয়া তাহার হাত ধরিয়া কহিল, "আমার উপর তোর আর কোনো রাগ নাই, বোন ?"

কুড়ানি স্মিগ্ধকোমলদৃষ্টিতে কহিল, "না, দিদি।" পটল কহিল, "যতীন, একবার তুমি ও ঘরে যাও।"

যতীন পাশের ঘরে গেলে পটল ব্যাগ থুলিয়া কুড়ানির সমস্ত কাপড়-গহনা তাহার মধ্য হইতে বাহির করিল। রোগিণীকে অধিক নাড়াচাড়া না করিয়া একথানি লাল বেনারসি শাড়ি সম্ভর্গণে তাহার মলিন বল্লের উপর জুড়াইয়া দিল। পরে একে একে এক একগাছি চুড়ি তাহার হাতে দিয়া তুই হাতে তুই বালা পরাইয়া দিল। তার পরে ডাকিল, "হতীন।"

যতীন আদিতেই তাহাকে বিছানায় বদাইয়া পটল তাহার হাতে কুড়ানির একছড়া দোনার হার দিল। যতীন দেই হারছড়াটি লইয়া আন্তে আন্তে কুড়ানির মাথা তুলিয়া ধরিয়া তাহাকে পরাইয়া দিল।

ভোরের আলো যথন কুড়ানির মুখের উপরে আসিয়া পড়িল তথন সে আলো সে আর দেখিল না। তাহার অমান মুখকান্তি দেখিয়া মনে হইল, সে মরে নাই— কিন্তু সে যেন একটি অতলস্পর্শ স্থেরপ্রের মধ্যে নিমগ্ন হইয়া গেছে।

যথন মৃতদেহ লইয়া যাইবার সময় হইল তথন পটল কুড়ানির বুকের উপর পড়িয়া কাঁদিতে কাঁদিতে কহিল, "বোন, তোর ভাগ্য ভালো। জীবনের চেয়ে তোর মরণ স্থথের।"

যতীন কুড়ানির দেই শাস্তক্ষিগ্ধ মৃত্যুচ্ছবির দিকে চাহিয়া ভাবিতে লাগিল, 'বাহার ধন তিনিই নিলেন, আমাকেও বঞ্চিত করিলেন না।'

८००८ क्रवर्

#### ক্মফল

#### প্রথম পরিচ্ছেদ

আজ দতীশের মাদি স্কুমারী এবং মেদোমশায় শশধরবাবু আদিয়াছেন—
দতীশের মা বিধুম্থী ব্যন্তসমন্তভাবে তাঁহাদের অভ্যর্থনায় নিযুক্ত। "এদো দিদি,
বোদো। আজ কোন্ পুণ্যে রায়মশায়ের দেখা পাওয়া গেল। দিদি না আদলে তোমার
আর দেখা পাবার জো নেই।"

শশধর। এতেই ব্রবে তোমার দিদির শাসন কিরকম কড়া। দিনরাত্তি চোথে চোথে রাথেন।

স্কুমারী। তাই বটে, এমন রত্ব ঘরে রেখেও নিশ্চিম্ন মনে খুমনো যায় না। বিধুমুখী। নাকডাকার শব্দে।

হুকুমারী। পতীশ, ছি ছি, তুই এ কী কাপড় পরেছিন। তুই কি এইরকম

ধুতি পরে ইম্মলে থাস নাকি। বিধু, ওকে যে ফ্রাকটা কিনে দিয়েছিলেম সে কীহল।

বিধুম্থী। সে ও কোন্কালে ছি ডে ফেলেছে।

স্কুমারী। তা তো ছিঁড়বেই। ছেলেমাম্বের গায়ে এক কাপড় কতদিন টেঁকে। তা, তাই বলে কি আর নৃতন ফ্রক তৈরি করাতে নেই। তোদের ঘরে সকলই অনাস্টে।

বিধুম্থী। জানোই তো দিদি, তিনি ছেলের গায়ে সভ্য কাপড় দেখলেই আগুন হয়ে ওঠেন। আমি যদি না থাকতেম তো তিনি বোধ হয় ছেলেকে দোলাই গায়ে দিয়ে কোমরে ঘুনসি পরিয়ে ইস্কলে পাঠাতেন— মাগো! এমন স্পষ্টছাড়া পছন্দও কারো দেখি নি।

স্কুমারী। মিছে না। এক বৈ ছেলে নয়— একে একটু সাজাতে গোজাতেও ইচ্ছা করে না! এমন বাপও তো দেখি নি। সতীশ, পরন্ত রবিবার আছে, তুই আমাদের বাড়ি যাস, আমি তোর জন্মে এক স্থট কাপড় র্যাম্জের ওথান হতে আনিয়ে রাথব। আহা, ছেলেমান্থযের কি শ্ব হয় না।

সতীশ। এক স্বটে আমার কী হবে, মাসিমা। ভাত্নজি-সাহেবের ছেলে আমার সঙ্গে একসঙ্গে পড়ে, সে আমাকে তাদের বাড়িতে পিংপং থেলায় নিমন্ত্রণ করেছে— আমার তো সেরকম বাইরে যাবার মথমলের কাপড় নেই।

শশধর। তেমন জায়গায় নিমন্ত্রণে না যাওয়াই ভালো, সভীশ।

স্কুমারী। আচ্ছা আচ্ছা, তোমার আর বক্তৃতা দিতে হবে না। ওর যথন তোমার মতন বয়দ হবে তথন—

শশধর। তথন ওকে বক্তৃতা দেবার অক্ত লোক হবে, বৃদ্ধ মেসোর প্রামর্শ শোনবার অবসর হবে না।

স্কুমারী। আছো মশায়, বক্তৃতা করবার অন্ত লোক যদি তোমাদের ভাগ্যে না জুটত তবে তোমাদের কী দশা হত বলো দেখি।

শশধর। সে কথা বলে লাভ কী। সে অবস্থা কল্পনা করাই ভালো। সতীশ। (নেপথ্যের দিকে চাহিয়া) না না, এখানে আনতে হবে না, আমি যাচ্ছি। প্রসান

স্কুমারী। সতীশ ব্যস্ত হয়ে পালালো কেন, বিধু।

বিধুম্থী। থালায় করে তার জলথাবার আনছিল কিনা, ছেলের তাই তোমাদের সামনে লক্ষা। স্কুমারী। আহা, বেচারার লক্ষা হতে পারে। ও সতীশ, শোন্ শোন্; তোর মেসোমশায় তোকে পেলেটির বাড়ি থেকে আইস্ক্রীম থাইয়ে আনবেন, তুই ওঁর সঙ্গে যা। ওগো, যাও-না, ছেলেমামূষকে একট—

সতীশ। মাসিমা, দেখানে কী কাপড় পরে যাব।

বিধুমুখী। কেন, ভোর ভো চাপকান আছে।

সতীশ। সে বিশ্রী।

স্কুমারী। আর যাই হোক বিধু, তোর ছেলে ভাগ্যে পৈতৃক পছন্দটা পায় নি তাই রক্ষা। বান্তবিক, চাপকান দেখলেই খানসামা কিয়া যাত্রার দলের ছেলে মনে পড়ে। এমন অসভ্য কাপড় আর নেই।

শশধর। এ কথাগুলো—

স্কুমারী। চুপিচুপি বলতে হবে? কেন, ভয় করতে হবে কাকে। মন্মথ নিষ্কের পছন্দমত ছেলেকে দান্ধ করাবেন, আর আমরা কথা কইতেও পাব না।

শশধর। সর্বনাশ। কথা বন্ধ করতে আমি বলি নে। কিন্তু সতীশের সামনে এ-সমস্ত আলোচনা—

স্কুমারী। আচ্ছা আচ্ছা, বেশ। তুমি ওকে পেলেটির ওখানে নিয়ে যাও। সভীশ। না মাদিমা, আমি সেখানে চাপকান পরে যেতে পারব না।

স্কুমারী। এই যে মন্মথবার আসছেন। এখনি সতীশকে নিয়ে বকাবকি করে ওকে অন্থির করে তুলবেন। ছেলেমাগুষ, বাপের বকুনির চোটে ওর একদণ্ড শাস্তিনেই। আয় সতীশ, তুই আমার সঙ্গে আয় — আমরা পালাই।

## স্কুমারীর প্রস্থান। মন্মথর প্রবেশ

বিধ্। সতীশ ঘড়ি ঘড়ি করে কয়দিন আমাকে অন্থর করে তুলেছিল। দিদি তাকে একটা রূপোর ঘড়ি দিয়েছেন – আমি আগে থাকতে বলে রাখলেম, তুমি আবার ভনলে রাগ করবে।

#### বিধুমুথীর প্রস্থান

মরথ। আগে থাকতে বলে রাথলেও রাগ করব। শশধর, সে দড়িট তোমাকে নিম্নে যেতে হবে।

শশধর। তুমি তো আচ্ছা লোক। নিয়ে তো গেলেম, শেষকালে বাড়ি গিয়ে জবাবদিহি করবে কে।

মন্মথ। না শশধর, ঠাট্রা নয়, আমি এ-সব ভালোবাসি নে।

শশধর। ভালোবাস না, কিন্তু সহাও করতে হয়— সংসারে এ কেবল তোমার একলারই পক্ষে বিধান নয়।

মন্নথ। আমার নিজের সম্বন্ধে হলে আমি নিঃশব্দে সহু করতেম। কিন্তু ছেলেকে আমি মাটি করতে পারি না। যে ছেলে চাবা মাত্রই পায়, চাবার পূর্বেই যার অভাবমোচন হতে থাকে, সে নিতান্ত ভূর্ভাগা। ইচ্ছা দমন করতে না শিথে কেউ কোনো কালে স্থী হতে পারে না। বঞ্চিত হয়ে থৈর্যক্ষা করবার যে বিছা, আমি তাই ছেলেকে দিতে চাই, ঘড়ি ঘড়ির চেন জোগাতে চাই নে।

শশধর। সে তো ভালো কথা, কিন্তু তোমার ইচ্ছামাত্রেই তো সংসারের সমস্ত বাধা তথনই ধূলিসাৎ হবে না। সকলেরই যদি তোমার মতো সদ্বৃদ্ধি থাকত তা হলে তো কথাই ছিল না; তা যথন নেই তথন সাধুসংকল্পকেও গায়ের জােরে চালানাে যায় না, ধৈর্ম চাই। স্ত্রীলােকের ইচ্ছার একেবারে উলটাম্থে চলবার চেটা করলে অনেক বিপদে পড়বে— তার চেয়ে পাশ কাটিয়ে একটু ঘ্রে গেলে স্থবিধামত ফল পাওয়া যায়। বাতাদ যথন উলটা বয় জাহাজের পাল তথন আড় করে রাথতে হয়, নইলে চলা অসম্ভব।

মন্মথ। তাই বুঝি তুমি গৃহিণীর সকল কথাতেই সায় দিয়ে যাও। ভীক !

শশধর। তোমার মতো অসমসাহস আমার নেই। যার ঘরকল্লার অধীনে চবিশে ঘণ্টা বাদ করতে হয় তাঁকে ভয় না করব তো কাকে করব। নিজের স্ত্রীর সঙ্গে বীরত্ব করে লাভ কী। আঘাত করলেও কট, আঘাত পেলেও কট। তার চেয়ে তর্কের বেলায় গৃহিণীর মতকে সম্পূর্ণ অকাট্য বলে স্বীকার করে কাজের বেলায় নিজের মত চালানোই সংপরামর্শ— গোঁয়াতু মি করতে গেলেই মৃশকিল বাধে।

মন্মথ। জীবন যদি স্থাবি হত তবে ধীরেস্থতে তোমার মতে চলা যেত, পরমায়ু যে অল্ল।

শশধর। সেইজন্তই তো ভাই, বিবেচনা করে চলতে হয়। সামনে একটা পাথর পড়লে বে লোক যুরে না গিয়ে সেটা ডিভিয়ে পথ সংক্রেপ করতে চায়, বিলম্ব ভারই অদৃষ্টে আছে। কিন্তু তোমাকে এ-সকল বলা বুথা— প্রতিদিনই তো ঠেকছ, তবু যথন শিক্ষা পাচ্ছ না তথন আমার উপদেশে ফল নেই। তুমি এমনি ভাবে চলতে চাও, যেন তোমার স্বী বলে একটা শক্তির অন্তিত্ব নেই— অথচ তিনি যে আছেন সে সম্বন্ধে তোমার লেশমাত্র সন্দেহ থাকবার কোনো কারণ দেখি নে।

#### দ্বিতীয় পরিচ্ছেদ

দাম্পত্য কলহে চৈব বহ্বারন্তে লঘ্কিয়া— শাস্ত্রে এইরূপ লেখে। কিন্তু দম্পতি-বিশেষে ইহার ব্যতিক্রম ঘটে, অভিজ্ঞ ব্যক্তিরা তাহা অস্বীকার করেন না।

মন্মথবাব্র সহিত তাঁহার স্ত্রীর মধ্যে মধ্যে যে বাদপ্রতিবাদ ঘটিয়া থাকে তাহা নিশ্চয়ই কলহ, তবু তাহার আরম্ভও বহু নহে, তাহার ক্রিয়াও লঘু নহে— ঠিক অজাযুদ্ধের সঙ্গে তাহার তুলনা করা চলে না।

কয়েকটি দৃষ্টান্ত দ্বারা এ কথার প্রমাণ হইবে।

মন্মথবাবু কহিলেন, "তোমার ছেলেটিকে যে বিলাতি পোশাক পরাতে আরম্ভ করেছ, সে আমার পছন্দ নয়।"

বিধু কহিলেন, "পছনা বৃঝি একা তোমারই আছে। আজকাল তো সকলেই ছেলেদের ইংরেজি কাপড় ধরিয়েছে।"

মন্মথ হাসিয়া কহিলেন, "পকলের মতেই যদি চলবে তবে সকলকে ছেড়ে একমাত্র আমাকেই বিবাহ করলে কেন।"

বিধু। তুমি যদি কেবল নিজের মতেই চলবে তবে একা না থেকে আমাকেই বা তোমার বিবাহ করবার কী দরকার ছিল।

মন্মথ। নিজের মত চালাবার জন্তও যে অন্ত লোকের দরকার হয়।

বিধু। নিজের বোঝা বহাবার জন্ত ধোবার দরকার হয় গাধাকে, কিন্তু আমি তো আর—

মন্মথ। (জিব কাটিয়া) আরে রাম রাম, তুমি আমার দংদার-মকভূমির আরব ঘোড়া। কিন্তু দে প্রাণীর্ভান্তের তর্ক এখন থাক্। তোমার ছেলেটিকে দাহেব করে তুলো না।

বিধু। কেন করব না। তাকে কি চাষা করব। এই বলিয়া বিধু মর হইতে বাহির হইয়া গেলেন।

বিধ্র বিধবা জা পাশের ঘরে বসিয়া দীর্ঘশাদ ফেলিয়া মনে করিলেন, স্বামী-স্ত্রীতে বিরলে প্রেমালাপ হইয়া গেল।

# তৃতীয় পরিচ্ছেদ

মন্মথ। ও কী ও, তোমার ছেলেটিকে কী মাথিয়েছ।

বিধু। মূর্ছা বেয়ো না, ভয়ানক কিছু নয়, একট্থানি এসেন্স মাত্র। তাও বিলাতি নয়— তোমাদের সাধের দিশি।

মন্মথ। আমি তোমাকে বারবার বলেছি, ছেলেদের তুমি এ-সমস্ত শৌখিন জিনিদ অভ্যাস করাতে পারবে না।

বিধু। আচ্ছা, যদি তোমার আরাম বোধ হয় তো কাল হতে কেরোসিন এবং ক্যাস্টর অয়েল মাথাব।

মশ্বথ। সেও বাজে খরচ হবে। যেটা না হলেও চলে সেটা না অভ্যাস করাই ভালো। কেরোসিন, ক্যাস্টর অয়েল, গায় মাথায় মাথা আমার মতে অনাবশুক।

বিধু। তোমার মতে আবশ্যক জিনিস কটা আছে তা তো জানি না, গোড়াতেই আমাকে বোধ হয় বাদ দিয়ে বসতে হয়।

মন্মথ। তোমাকে বাদ দিলে যে বাদ প্রতিবাদ একেবারেই বন্ধ হবে। এতকালের দৈনিক অভ্যাস হঠাৎ ছাড়লে এ বয়সে হয়তো সহ্য হবে না। যাই হোক, এ কথা আমি ভোমাকে আগে হতে বলে রাথছি, ছেলেটিকে তুমি সাহেব কর বা নবাব কর বা সাহেবি-নবাবির খিচুড়ি পাকাও তার খরচ আমি জোগাব না। আমার মৃত্যুর পরে সে যা পাবে তাতে তার শথের থরচ কুলোবে না।

বিধু। দে আমি জানি। তোমার টাকার উপরে ভরদা রাখলে ছেলেকে কোপ নি পরানো অভ্যাদ করাতেম।

বিধুর এই অবজ্ঞাবাক্যে মর্যাহত হইয়াও মন্মথ ক্ষণকালের মধ্যে সামলাইয়া লইলেন; কহিলেন, "আমিও তা জানি। তোমার ভগিনীপতি শশধরের 'পরেই তোমার ভরদা। তার সন্তান নেই বলে ঠিক করে বলে আছ, তোমার ছেলেকেই সে উইলে সমস্ত লিখেপড়ে দিয়ে যাবে। সেইজন্মই যখন-তথন ছেলেটাকে ফিরিন্দি সাজিয়ে এক-গা গদ্ধ মাথিয়ে তার মেসোর আদর কাড়বার জন্ম পাঠিয়ে দাও। আমি দারিল্যের লক্ষা অনায়াসেই সন্থ করতে পারি, কিন্ত ধনী কুটুম্বের সোহাগ-যাচনার লক্ষা আমার সন্থ হয় না।"

এ কথা মন্নথর মনে অনেকদিন উদয় হইয়াছে, কিন্তু কথাটা কঠোর হইবে বলিয়া এ পর্যস্ত কথনো বলেন নাই। বিধুমনে করিতেন, স্বামী তাঁহার গৃঢ় অভিপ্রায় ঠিক বুঝিতে পারেন নাই, কারণ স্বামীসম্প্রদায় স্ত্রীর মনন্তত্ব সম্বন্ধে অপরিসীম মুর্থ। কিন্তু মন্মথ যে বসিয়া বসিয়া তাঁহার চাল ধরিতে পারিয়াছেন, হঠাৎ জানিতে পারিয়া বিধুর পক্ষে মর্মান্তিক হইয়া উঠিল।

মুখ লাল করিয়া বিধু কহিলেন, "ছেলেকে মাসির কাছে পাঠালেও গায়ে সয় না, এতবড়ো মানী লোকের ঘরে আছি সে তো পূর্বে বুঝতে পারি নি।"

এমন সময় বিধবা জা প্রবেশ করিয়া কহিলেন, "মেজবউ, তোদের ধন্ত। আজ সতেরো বংসর হয়ে গেল তবু তোদের কথা ফুরালো না। রাত্রে কুলায় না, শেষকালে দিনেও ত্ইজনে মিলে ফিস্ফিস্। তোদের জিবের আগায় বিধাতা এত মধু দিনরাত্রি জোগান কোথা হতে আমি তাই ভাবি। রাগ কোরো না ঠাকুরপো, তোমাদের মধুরালাপে ব্যাঘাত করব না, একবার কেবল তু মিনিটের জন্ত মেজবউয়ের কাছ হতে দেলাইয়ের প্যাটার্নটা দেখিয়ে নিতে এসেছি।"

# চতুর্থ পরিচ্ছেদ

সতীশ। জেঠাইমা। জেঠাইমা। কীবাপ।

সতীশ। আজ ভাহড়ি-দাহেবের ছেলেকে মা চা ধাওয়াবেন, তুমি যেন দেথানে ছঠাৎ গিয়ে পোড়ো-না।

জেঠাইমা। আমার যাবার দরকার কী স্তীশ।

সতীশ। যদি যাও তো তোমার এ কাপড়ে চলবে না, তোমাকে-

জেঠাইমা। সতীশ, তোর কোনো ভয় নেই, আমি এই ঘরেই থাকব, যতক্ষণ তোর বন্ধুর চা থাওয়া না হয়, আমি বার হব না।

সতীশ। জেঠাইমা, আমি মনে করছি, তোমার এই ঘরেই তাকে চা থাওয়াবার বন্দোবস্ত করব। এ বাড়িতে আমাদের যে ঠাসাঠাসি লোক— চা থাবার, ডিনার থাবার মতো দর একটাও থালি পাবার জো নেই। মার শোবার দরে সিন্দুক-ফিন্দুক কত কী রয়েছে, সেথানে কাকেও নিয়ে থেতে লক্ষা করে।

জেঠাইমা। আমার এথানেও তো জিনিসপত্ত-

সতীশ। ওগুলো আন্ধকের মতো বার করে দিতে হবে। বিশেষত তোমার এই বঁটি চুপড়ি-বারকোশগুলো কোথাও না লুকিয়ে রাখলে চলবে না।

জেঠাইমা। কেন বাবা, ওগুলোতে এত লজ্জা কিসের। তাদের বাড়িতে কি কুটনো কুটবার নিয়ম নেই। সতীশ। তা জানি নে জেঠাইমা, কিন্তু চা থাবার ঘরে ওগুলো রাথা দম্বর নয়। এ দেখলে নরেন ভাত্তি নিশ্চয় হাসবে, বাড়ি গিয়ে তার বোনদের কাছে গল্প করবে।

জ্ঞোইমা। শোনো একবার, ছেলের কথা শোনো। বঁটি-চুপড়ি তো চিরকাল ঘরেই থাকে। তা নিয়ে গল্প করতে তো ভনি নি।

দতীশ। তোমাকে আর-এক কাজ করতে হবে জেঠাইমা— আমাদের নন্দকে তুমি ঘেমন করে পার এখানে ঠেকিয়ে রেখো। সে আমার কথা ভনবে না, খালি গায়ে ফ্স করে সেখানে গিয়ে উপস্থিত হবে।

জেঠাইমা। তাকে যেন ঠেকালেম, কিছ তোমার বাবা যখন থালি গায়ে—

সতীশ। দে আমি আগেই মাদিমাকে গিয়ে ধরেছিলেম, তিনি বাবাকে আজ পিঠে থাবার নিমন্ত্রণ করেছেন, বাবা এ-সমস্ত কিছুই জানেন না।

জ্ঞোইমা। বাবা সতীশ, যা মন হয় করিস, কিন্তু আমার ঘরটাতে তোদের ওই থানাটানাগুলো —

সতীশ। সে ভালো করে দাফ করিয়ে দেব এখন।

### পঞ্চম পরিচ্ছেদ

সতীশ। মা, এমন করে তো চলে না।

विश्वा क्न, की श्राप्रहा

সতীশ। চাঁদনির কোট ট্রাউজার পরে আমার বার হতে লজ্জা করে। সেদিন ভাছড়ি-সাহেবের বাড়ি ইভ্নিং পার্টি ছিল, কয়েকজন বাবু ছাড়া আর সকলেই ড্রেস স্কট পরে গিয়েছিল, আমি সেথানে এই কাপড়ে গিয়ে ভারি অপ্রস্তুতে পড়েছিলাম। বাবা কাপড়ের জন্ম যে সামান্য টাকা দিতে চান তাতে ভক্তা রক্ষা হয় না।

বিধ্। জান তো সতীশ, তিনি যা ধরেন তা কিছুতেই ছাড়েন না। কত টাকা হলে তোমার মনের মতো পোশাক হয় শুনি।

সতীশ। একটা মনিং স্থট আর একটা লাউঞ্জ স্থটে একশো টাকার কাছাকাছি লাগবে। একটা চলনসই ইভ্নিং ডেুদ দেড়শো টাকার কমে কিছুতেই হবে না।

বিধু। বল কী, সভীশ। এ তো তিনশো টাকার ধাকা, এত টাকা-

সতীশ। মা, ওই তোমাদের দোষ। এক, ফকিরি করতে চাও সে ভালো, আর যদি ভদ্রসমাজে মিশতে হয় তবে অমন টানাটানি করে চলে না। ভদ্রতা রাথতে গেলে তো খরচ করতে হবে, তার তো কোনো উপায় নেই। স্থন্দরবনে পাঠিয়ে দাও-না কেন, দেখানে ড্রেদ কোটের দরকার হবে না।

বিধু। তা তো জানি, কিন্তু — আচ্ছা, তোমার মেসো তো তোমাকে জন্মদিনের উপহার দিয়ে থাকেন, এবারকার জন্ম একটা নিমন্ত্রণের পোশাক তাঁর কাছ হতে জোগাড় করে নাও-না। কথায় কথায় তোমার মাসির কাছে একটু আভাস দিলেই হয়।

সতীশ। সে তো অনায়াসেই পারি, কিন্তু বাবা যদি টের পান আমি মেসোর কাছ হতে কাপড় আদায় করেছি, তা হলে রক্ষা থাকবে না।

বিধু। আচ্ছা, দে আমি দামলাতে পারব।

#### সভীশের এন্তান

ভাত্তি-সাহেবের মেয়ের সঙ্গে যদি সতীশের কোনোমতে বিবাহের জোগাড় হয় তা হলেও আমি সতীশের জন্ত অনেকটা নিশ্চিম্ত থাকতে পারি। ভাত্তি-সাহেব ব্যারিন্টার মান্ত্য, বেশ ত্-দশ টাকা রোজগার করে। ছেলেবেলা হতেই সতীশ তো ওদের বাড়ি আনাগোনা করে, মেয়েটি ভো আর পাষাণ নয়, নিশ্চয় আমার সতীশকে পছন্দ করবে। সতীশের বাপ ভো এ-সব কথা একবার চিম্তাও করেন না, বলতে গেলে আগুন হয়ে ওঠেন, ছেলের ভবিশ্বতের কথা আমাকেই সমস্ত ভাবতে হয়।

# যষ্ঠ পরিচ্ছেদ

# মিস্টার ভাত্তির বাড়িতে টেনিস-ক্ষেত্র

নলিনী। ও কী সতীশ, পালাও কোথায়।

সতীশ। তোমাদের এখানে টেনিদ পার্টি জানতেম না, আমি টেনিদ স্কট পরে আসি নি।

নলিনী। সকল গোরুর তো এক রঙের চামড়া হয় না, তোমার না হয় ওরিজিঞাল বলেই নাম রটবে। আচ্ছা, আমি তোমার স্থবিধা করে দিচ্ছি। মিস্টার নন্দী, আপনার কাছে আমার একটা অন্থরোধ আছে।

ननी। अञ्चरतांथ रकन, इक्र्य रम्न-ना- आमि आपनांत्रहे स्वरार्थ।

নলিনী। যদি একবারে অসাধ্য বোধ না করেন তো আত্তকের মতো আপনারা সতীশকে মাপ করবেন— ইনি আজ টেনিস স্থট পরে আসেন নি। এতবড়ো শোচনীয় তুর্ঘটনা!

নন্দী। আপনি ওকালতি করলে থুন জাল ঘর-জালানোও মাপ করতে পারি।

টেনিস স্থট না পরে এলে যদি আপনার এত দয়া হয় তবে আমার এই টেনিস স্থটা।
মিস্টার সতীশকে দান করে তাঁর এই— এটাকে কী বলি! তোমার এটা কী স্থট
সতীশ— থিচুড়ি স্থটই বলা যাক— তা আমি সতীশের এই থিচুড়ি স্থটটা পরে রোজ
এখানে আসব। আমার দিকে যদি স্থর্গের সমস্থ স্থা চন্দ্র তারা অবাক হয়ে তাকিয়ে
থাকে তব্ লজ্জা করব না। সতীশ, এ কাপড়টা দান করতে যদি তোমার আপত্তি
থাকে তবে তোমার দরজির ঠিকানাটা আমাকে দিয়ো। ফ্যাশানেবল ছাটের চেয়ে
মিস ভাতুড়ির দয়া অনেক মূল্যবান।

নলিনী। শোনো শোনো সতীশ, ভনে রাখো। কেবল কাপড়ের ছাঁট নয়, মিষ্ট কথার ছাঁদও তুমি মিস্টার নন্দীর কাছে শিখতে পার। এমন আদর্শ আর পাবে না। বিলাতে ইনি ডিউক ডাচেস ছাড়া আর কারো সঙ্গে কথাও কন নি। মিস্টার নন্দী, আপনাদের সময় বিলাতে বাঙালি ছাত্র কে কে ছিল।

নন্দী। আমি বাঙালিদের সঙ্গে সেথানে মিশি নি।

নলিনী। শুনছ সতীশ। রীতিমত সভা হতে গেলে কত সাবধানে থাকতে হয়। তুমি বোধ হয় চেষ্টা করলে পারবে। টেনিস স্থট সম্বন্ধে তোমার যেরকম স্ক্রন্ধ তাতে আশা হয়।

#### অপ্তত্ত গমন

সতীশ। (দীর্ঘনিখাস ফেলিয়া) নেলিকে আজ পর্যস্ত ব্রতেই পারলেম না।
আমাকে দেখে ও বোধ হয় মনে মনে হাসে। আমারও মৃশকিল হয়েছে, আমি
কিছুতে এখানে এসে স্থেমনে থাকতে পারি নে— কেবলই মনে হয়, আমার টাইটা
বৃঝি কলারের উপরে উঠে গেছে, আমার টাউজারে হাঁটুর কাছটায় হয়তো কুঁচকে
আছে। নন্দীর মতো কবে আমিও বেশ ওইরকম অনায়াসে স্ফুভির সঙ্গে—

নলিনী। (পুনরায় আসিয়া) কী সতীশ, এখনো যে তোমার মনের থেদ মিটল না। টেনিস কোর্তার শোকে তোমার হৃদয়টা যে বিদীর্ণ হয়ে গেল। হায়, কোর্তাহারা হৃদয়ের সান্ত্রনা জগতে কোথায় আছে— দরজির বাড়ি ছাড়া।

সতীশ। আমার হৃদয়টার ধবর ধদি রাথতে তবে এমন কথা আর বলতে না নেলি।

নলিনী। (করতালি দিয়া) বাহবা। মিস্টার নন্দীর দৃষ্টাস্তে মিষ্ট কথার আমদানি এখনই শুরু হয়েছে। প্রশ্রম পেলে অত্যস্ত উন্নতি হবে ভরদা হচ্ছে। এসো, একটু কেক থেয়ে যাবে, মিষ্ট কথার পুরস্কার মিষ্টান্ন।

সতীশ। না, আজ আর খাব না, আমার শরীরটা —

নলিনী। সতীশ, আমার কথা শোনো— টেনিস কোর্তার থেদে শরীর নষ্ট কোরো না, খাওয়াদাওয়া একেবারে ছাড়া ভালো নয়। কোর্ডা জিনিসটা জগতের মধ্যে সেরা জিনিস সন্দেহ নেই, কিন্তু এই তুচ্ছ শরীরটা না হলে সেটা ঝুলিয়ে বেড়াবার স্থবিধা হয় না।

### সপ্তম পরিচ্ছেদ

শশধর। দেখো মন্মথ, সতীশের উপরে তুমি বড়ো কড়া ব্যবহার আরম্ভ করেছ; এখন বয়েস হয়েছে, এখন ওর প্রতি অতটা শাসন তালো নয়।

বিধু। বলো তো রায়মশায়। আমি তো ওঁকে কিছুতেই বুঝিয়ে পারলেম না।
মন্মথ। ছটো অপবাদ এক মৃহুর্তেই। একজন বললেন নির্দয়, আর-একজন
বললেন নির্বোধ। যাঁর কাছে হতবুদ্ধি হয়ে আছি তিনি যা বলেন দহু করতে রাজি
আছি— তাঁর ভগ্নী যা বলবেন তার উপরেও কথা কব না, কিন্তু তাই বলে তাঁর
ভগ্নীপতি পর্যস্ত সহিষ্ণুতা চলবে না। আমার ব্যবহারটা কিরকম কড়া শুনি।

শশধর। বেচারা সতীশের একটু কাপড়ের শথ আছে, ও পাঁচ জায়গায় মিশতে আরম্ভ করেছে, ওকে তুমি চাঁদনির—

মক্সথ। আমি তো টাদনির কাপড় পরতে বলি নে। ফিরি**ন্দি পোশাক আ**মার ত্ব-চক্ষের বিষ। ধুতি-চাদর চাপকান-চোগা পরুক, কখনো লচ্ছা পেতে হবে না।

শশধর। দেখো মন্মথ, দতীশ যদি এ বয়সে শথ মিটিয়ে না নিতে পারে তবে বুড়োবয়সে থামকা কী করে বদবে, সে আরো বদ দেখতে হবে। আর ভেবে দেখো, যেটাকে আমরা শিশুকাল হতেই সভ্যতা বলে শিথছি তার আক্রমণ ঠেকাবে কী করে।

মন্নথ। যিনি সভ্য হবেন তিনি সভ্যতার মালমসলা নিজের থরচেই জোগাবেন। যে দিক হতে তোমার সভ্যতা আসছে টাকাটা সে দিক হতে আসছে না, বরং এখান হতে সেই দিকেই যাচেছ।

বিধু। রায়মশায়, পেরে উঠবেন না— দেশের কথা উঠে পড়লে ওঁকে থামানো যায় না।

শশধর। ভাই মন্মথ, ও সব কথা আমিও বৃঝি। কিন্তু, ছেলেদের আবদারও তো এড়াতে পারি নে। সতীশ ভাতৃড়ি সাহেবদের সঙ্গে ধ্থন মেশামেশি করছে তথন উপযুক্ত কাপড় না থাকলে ও বেচারার বড়ো মৃশকিল। আমি র্যাঞ্চিনের বাড়িতে ওর জন্ত্র—

#### ভূত্যের প্রবেশ

ভূত্য। সাহেববাড়ি হতে এই কাণড় এয়েছে। মন্ত্রণ। নিয়ে যা কাপড় নিয়ে যা। এখনি নিয়ে যা।

### বিধুর প্রতি

দেখো, সতীশকে যদি আমি এ কাপড় পরতে দেখি তবে তাকে বাড়িতে থাকতে দেব না, মেসে পাঠিয়ে দেব, সেখানে সে আপন ইচ্ছামত চলতে পারবে।

#### ক্ৰন্ত প্ৰস্থান

শশধর। অবাক কাও!

বিধু। (সরোদনে) রায়মশায়, তোমাকে কী বলব, আমার বেঁচে স্থথ নেই। নিজের ছেলের উপর বাপের এমন ব্যবহার কেউ কোথাও দেখেছে ?

শশধর। আমার প্রতি ব্যবহারটাও তো ঠিক ভালো হল না। বোধ হয় মন্মথর হন্ধমের গোল হয়েছে। আমার পরামর্শ শোনো, তুমি ওকে রোজ সেই একই ভালভাত থাইয়ো না। ও যতই বলুক-না কেন, মাঝে মাঝে মদলাওয়ালা রানা না হলে ম্থে রোচে না, হন্ধমও হয় না। কিছুদিন ওকে ভালো করে থাওয়াও দেখি, তার পরে তুমি যা বলবে ও তাই ভনবে। এ সম্বন্ধে ভোমার দিদি ভোমার চেয়ে ভালো বোঝেন।

### শশধরের প্রস্থান। বিধুম্থীর ক্রন্সন

বিধবা জা। ( ঘরে প্রবেশ করিয়া, আত্মগত ) কথনো কান্না, কখনো হাসি— কত রকম যে সোহাগ তার ঠিক নেই— বেশ আছে।

### नौर्यनियाम

ও মেজবউ, গোসাঘরে বসেছিস! ঠাকুরপোকে ডেকে দিই, মানভঞ্জনের পালা হয়ে যাক।

## অষ্টম পরিচ্ছেদ

নলিনী। সতীশ, আমি তোমাকে কেন ডেকে পাঠিয়েছি বলি, রাগ কোরো না। সতীশ। তুমি ডেকেছ বলে রাগ করব, আমার মেজাজ কি এতই বদ। নলিনী। না, ও-সব কথা থাকু। সকল সময়েই নন্দী-সাহেবের চেলাগিরি কোরো না। বলো দেখি, আমার জন্মদিনে তুমি আমাকে অমন দামী জিনিস কেন দিলে।

সতীশ। থাকে দিয়েছি তাঁর তুলনায় জিনিদটার দাম এমনই কি বেশি।

নলিনী। আবার ফের নন্দীর নকল!

সতীশ। নন্দীর নকল সাধে করি! তার প্রতি যথন ব্যক্তিবিশেষের পক্ষপাত-

নলিনী। তবে যাও, তোমার সঙ্গে আর আমি কথা কব না।

সতীশ। আচ্ছা, মাপ করো, আমি চুপ করে গুনব।

নলিনী। দেখে। সভীশ, মিস্টার নন্দী আমাকে নির্বোধের মতো একটা দামী বেস্লেট পাঠিয়েছিলেন, তুমি অমনি নির্বৃদ্ধিতার স্থর চড়িয়ে তার চেয়ে দামী একটা নেক্লেস পাঠাতে গেলে কেন।

সতীশ। যে অবস্থায় লোকের বিবেচনাশক্তি থাকে না সে অবস্থাটা ভোমার জানা নেই বলে তুমি রাগ করছ, নেলি।

নলিনী। আমার দাভজনে জেনে কাজ নেই। কিন্তু এ নেক্লেদ ভোমাকে ফিরে নিয়ে থেতে হবে।

সতীশ। ফিরে দেবে ?

নলিনী। দেব। বাহাছরি দেখাবার জত্তে যে দান, আমার কাছে সে দানের কোনো মূল্য নেই।

সতীশ। তুমি অক্তায় বলছ নেলি।

নলিনী। আমি কিছুই অন্তায় বলছি নে— তুমি যদি আমাকে একটি ফুল দিতে আমি ঢের বেশি খুশি হতেম। তুমি যথন-তথন প্রায়ই মাঝে মাঝে আমাকে কিছু-না-কিছু দামী জিনিদ পাঠাতে আরম্ভ করেছ। পাছে তোমার মনে লাগে বলে আমি এতদিন কিছুই বলি নি। কিন্তু, ক্রমেই মাত্রা বেড়ে চলেছে, আর আমার চুপ করে থাকা উচিত নয়। এই নাও তোমার নেকলেদ।

সতীশ। এ নেক্লেস তুমি রাস্তায় টান মেরে ফেলে দান্ত, কিন্তু আমি এ কিছুতেই নেব না।

নলিনী। আচ্ছা সভীশ, আমি তো ভোমাকে ছেলেবেলা হতেই জানি, আমার কাছে ভাঁড়িয়ো না। সভা করে বলো, ভোমার কি অনেক টাকা ধার হয় নি।

সতীশ। কে তোমাকে বলেছে। নরেন বুঝি ?

নলিনী। কেউ বলে নি। আমি তোমার মৃথ দেথেই বুঝতে পারি। আমার জন্ম তুমি এমন অভায় কেন করছ। সতীশ। সময়বিশেষে লোকবিশেষের জন্ত মাত্র্য প্রাণ দিতে ইচ্ছা করে; আজকালকার দিনে প্রাণ দেবার অবকাশ খুঁজে পাওয়া যায় না— অন্তত ধার করবার হে ত্বত তাও কি ভোগ করতে দেবে না। আমার পক্ষে যা হঃসাধ্য আমি তোমার জন্ত তাই করতে চাই নেলি, একেও যদি তুমি নন্দী-সাহেবের নকল বল তবে আমার পক্ষে মর্যান্তিক হয়।

নলিনী। আচ্ছা, তোমার যা করবার তা তো করেছ— তোমার সেই ত্যাগম্বীকারটুকু আমি নিলেম— এখন এ জিনিসটা ফিরে নাও।

দতীশ। ওটা যদি আমাকে ফিরিয়ে নিতে হয় তবে ওই নেক্লেসটা গলায় ফাঁস লাগিয়ে দম বন্ধ করে আমার পক্ষে মরা ভালো।

নলিনী। দেনা তুমি শোধ করবে কী করে।

সতীশ। মার কাছ হতে টাকা পাব।

निनी। हि हि, जिनि मत्न करत्वन आभात जग्ने जांत्र हालत तमना शास्त्र।

সতীশ। সে কথা তিনি কথনোই মনে করবেন না, তাঁর ছেলেকে তিনি অনেকদিন হতে জানেন।

নলিনী। আচ্ছা দে যাই হোক, তুমি প্রতিজ্ঞা করো, এখন হতে তুমি আমাকে দামী জিনিদ দেবে না। বড়োজোর ফুলের তোড়ার বেশি আর কিছু দিতে পারবে না।

সতীশ। আচ্ছা, সেই প্রতিজ্ঞাই করলেম।

নলিনী। ধাক, এখন তবে তোমার গুরু নন্দী-সাহেবের পাঠ আর্ত্তি করো। দেখি, স্থতিবাদ করবার বিভা তোমার কতদ্র অগ্রসর হল। আচ্ছা, আমার কানের ডগা সম্বন্ধে কী বলতে পার বলো— আমি তোমাকে পাচ মিনিট সময় দিলেম।

সতীশ। যা বলব তাতে ওই ডগাটুকু লাল হয়ে উঠবে।

নলিনী। বেশ বেশ, ভূমিকাটি মন্দ হয় নি। আজকের মতে। ওইটুকুই থাকৃ, বাকিটুকু আর-একদিন হবে। এখনই কান বাঁবাঁ করতে শুরু হয়েছে।

### নবম পরিচ্ছেদ

বিধু। আমার উপর রাগ কর যা কর, ছেলের উপর কোরো না। তোমার পায়ে ধরি, এবারকার মতো তার দেনটো শোধ করে লাও। মন্মধ। আমি রাগারাগি করছি নে, আমার যা কর্তব্য তা আমাকে করতেই হবে। আমি সতীশকে বার বার বলেছি, দেনা করলে শোধবার ভার আমি নেব না। আমার সে কথার অন্তথা হবে না।

বিধু। ওগো, এতবড়ো সত্যপ্রতিজ্ঞ যুধিষ্টির হলে সংসার চলে না। সতীশের এখন বয়স হয়েছে, তাকে জলপানি যা দাও তাতে ধার না করে তার চলে কী করে বলো দেখি।

মন্মথ। যার ষেরপ সাধ্য তার চেয়ে চাল বড়ো করলে কারোই চলে না—ফকিরেরও না, বাদশারও না।

বিধু। তবে কি ছেলেকে জেলে যেতে দেবে।

মরথ। সে যদি থাবার আয়োজন করে এবং তোমরা যদি তার জোগাড় দাও তবে আমি ঠেকিয়ে রাথব কী করে।

#### মন্মথর প্রস্থান ৷ শশধরের প্রবেশ

শশধর। আমাকে এ বাড়িতে দেখলে মন্মথ ভয় পায়। ভাবে, কালো কোর্তা ফরমাশ দেবার জন্ম ফিতা হাতে তার ছেলের গায়ের মাপ নিতে এসেছি। তাই কদিন আদি নি। আজ তোমার চিঠি পেয়ে স্কু কান্নাকাটি করে আমাকে বাড়ি-ছাড়া করেছে।

বিধু। দিদি আসেন নি?

শশধর। তিনি এখনি আসবেন। ব্যাপারটা কী।

বিধু। সবই তো ভনেছ। এখন ছেলেটাকে জেলে না দিলে ওঁর মন স্থান্থির ছচ্ছে না। র্যান্ধিন-হার্মানের পোশাক তাঁর পছল হল না, জেলথানার কাপড়টাই বোধ হর তাঁর মতে বেশ স্থান্ড।

শশধর। আর ষাই বল মন্নথকে বোঝাতে খেতে আমি পারব না। তার কথা আমি বৃঝি নে, আমার কথাও সে বোঝে না, শেষকালে—

বিধু। সে কি আমি জানি নে। তোমরা তো তাঁর জ্বী নও যে মাথা হেঁট করে সমস্তই সহু করবে। কিন্তু এখন এ বিপদ ঠেকাই কী করে।

শশধর। তোমার হাতে কিছু কি—

বিধু। কিছুই নেই— সতীশের ধার শুখতে আমার প্রায় সমস্ত গহনাই বাঁধা পড়েছে, হাতে কেবল বালাজ্যেড়া আছে।

#### সতীশের প্রবেশ

শশধর। কী সভীশ, থরচপত্র বিবেচনা করে কর না, এখন কী মৃশকিলে পড়েছ দেখো দেখি।

সতীশ। মৃশকিল তো কিছুই দেখি নে।

শশধর। তবে হাতে কিছু আছে বুঝি! ফাঁস কর নি।

সতীশ। কিছু তো আছেই।

শশধর। কত?

সতীশ। আফিম কেনবার মতো।

বিধু। (কাদিয়া উঠিয়া) সভীশ, ও কী কথা তুই বলিস। আমি অনেক ছ:থ পেয়েছি, আমাকে আর দ্যাস নে।

শশধর। ছি ছি, সতীশ। এমন কথা যদি-বা কথনো মনেও আদে তবু কি মার দামনে উচ্চারণ করা যায়। বড়ো অন্তায় কথা।

#### সুকুমারীর প্রবেশ

বিধু। দিদি, সতীশকে রক্ষা করো। ও কোন্দিন কী করে বলে আমি তো ভয়ে বাঁচি নে। ও যা বলে শুনে আমার গা কাঁপে।

স্থকুমারী। ও আবার কী বলে।

বিধু! বলে কিনা আফিম কিনে আনবে।

স্কুমারী। কী সর্বনাশ। সতীশ, আমার গা ছুঁয়ে বল্ এমন কথা মনেও আনবিনে। চুপ করে রইলি যে। লক্ষী বাপ আমার। তোর মা-মাসির কথা মনে করিস।

সতীশ। জেলে বসে মনে করার চেয়ে এ-সমস্ত হাস্তকর ব্যাপার জেলের বাইরে চুকিয়ে ফেলাই ভালো।

স্বকুমারী। আমরা থাকতে তোকে জেলে কে নিয়ে যাবে।

সভীশ। পেয়াদা।

স্কুমারী। আচ্ছা, দে দেখৰ কতবড়ো পেয়াদা; ওগো, এই টাকাটা ফেলে দাও-না, ছেলেমামুখকে কেন কষ্ট দেওয়া।

শশধর। টাকা ফেলে দিতে পারি, কিন্ধ মন্নথ আমার মাথার ইট ফেলে না মারে। দতীশ। মেনোমশায়, দে ইট তোমার মাথায় পৌছবে না, আমার ঘাড়ে ২২॥২১ পড়বে। একে এক্জামিনে ফেল করেছি, তার উপরে দেনা, এর উপরে জেলে বাবার এতবড়ো স্থযোগটা যদি মাটি হয়ে যায় তবে বাবা আমার সে অপরাধ মাপ করবেন না।

বিধু। সত্যি দিদি, সতীশ মেসোর টাকা নিয়েছে শুনলে তিনি বোধ হয় ওকে বাড়ি হতে বার করে দেবেন।

স্কুমারী। তা দিন-না। আর কি কোথাও বাড়ি নেই নাকি। ও বিধু, সতীশকে তৃই আমাকেই দিয়ে দে-না। আমার তো ছেলেপুলে নেই, আমি নাহয় ওকেই মাহ্য করি। কীবল গো।

শশধর। সে তো ভালোই। কিন্তু সতীশ যে বাঘের বাচ্ছা, ওকে টানতে গেলে তার মুথ থেকে প্রাণ বাঁচানো দায় হবে।

স্কুমারী। বাঘমশায় তো বাচ্চাটিকে জেলের পেয়াদার হাতেই সমর্পণ করে দিয়েছেন, আমরা যদি তাকে বাঁচিয়ে নিয়ে ষাই এখন তিনি কোনো কথা বলতে পারবেন না।

ममध्य । याधिनी की यानन, याष्ट्रारे वा की यान।

স্কুমারী। যা বলে সে আমি জানি, সে কথা আর জিজ্ঞাসা করতে হবে না। তুমি এখন দেনটো শোধ করে দাও।

विधू। निनि।

স্কুমারী। আর দিদি দিদি করে কাঁদতে হবে না। চল্, তাের চুল বেঁধে দিই গে। এমন ছিরি করে তাের ভগ্নীপতির সামনে বার হতে লজা করে না ?

### শশ্ধর ব্যতীত সকলের প্রস্থান ৷ মন্মথর প্রবেশ

শশধর। মন্মথ, ভাই, তুমি একটু বিবেচনা করে দেখো-

मग्रथ। विद्युष्टना ना कद्द एका आमि किछूरे कति ना।

শশধর। তবে দোহাই তোমার, বিবেচনা একটু খাটো করো। ছেলেটাকে কি জেলে দেবে। তাতে কি ওর ভালো হবে।

মন্নথ। ভালোমন্দর কথা কেউই শেষ পর্যস্ত ভেবে উঠতে পারে না। আমি মোটাম্টি এই বৃঝি যে, বার বার দাবধান করে দেওয়ার পরও যদি কেউ অস্থায় করে তবে তার ফলভোগ হতে তাকে কৃত্রিম উপায়ে রক্ষা করা কারে। উচিত হয় না। আমরা বদি মাঝে পড়ে ব্যর্থ করে না দিতেম তবে প্রকৃতির কঠিন শিক্ষায় মাহুষ ষ্থার্থ মাহুষ হয়ে উঠতে পারত। শশধর। প্রকৃতির কঠোর শিকাই যদি একমাত্র শিকা হত তবে বিধাতা বাপমায়ের মনে শ্রেইটুকু দিতেন না। মন্নথ, তুমি যে দিনরাত কর্মফল কর্মফল করের আমি তা সম্পূর্ণ মানি না। প্রকৃতি আমাদের কাছ হতে কর্মফল কড়ায় গণ্ডায় আদায় করে নিতে চায় কিন্তু প্রকৃতির উপরে যিনি কর্ডা আছেন তিনি মাঝে পড়ে তার অনেকটাই মহ কুপ দিয়ে থাকেন, নইলে কর্মফলের দেনা শুধতে শুধতে আমাদের অভিত্ব পর্যন্ত বিক্রানের হেলানের হিলাবে কর্মফল সত্যা, কিন্তু বিজ্ঞানের উপরেও বিজ্ঞান আছে, সেথানে প্রেমের হিলাবে ফলাফল সমন্ত অভ্যরক্ম। কর্মফল নৈস্গিক, মার্জনাটা তার উপরের কথা।

মন্মথ। ধিনি অনৈস্থিক মাস্থ তিনি যা খুশি করবেন, আমি অতি দামান্ত নৈস্থিক, আমি কর্মকল শেষ পর্যস্তই মানি।

শশধর। আচ্ছা, আমি যদি সতীশের দেনা শোধ করে তাকে থালাস করি, তুমি কী করবে।

মন্মথ। আমি তাকে ত্যাগ করব। দেখো, সতীশকে আমি যে ভাবে মাত্র্য করতে চেয়েছিলেম প্রথম হতেই বাধা দিয়ে তোমরা তা ব্যর্থ করেছ। এক দিক হতে সংযম আর-এক দিক হতে প্রভায় পেয়ে দে একেবারে নই হয়ে গেছে। ক্রমাগতই ভিক্ষা পেয়ে যদি তার সম্মানবাধ এবং দায়িত্রবোধ চলে যায়, যে কাজের যে পরিণাম তোমরা যদি মাঝে পড়ে কিছুতেই তাকে তা ব্রুতে না দাও, তবে তার আশা আমি ভ্যাগ করলেম। তোমাদের মতেই তাকে মাত্র্য করো— তুই নৌকোয় পা দিয়েই ভার বিপদ্ঘটেছে।

শশধর। ও কী কথা বলছ মন্মথ— তোমার ছেলে—

মন্মথ। দেখো শশধর, নিজের প্রকৃতি ও বিশ্বাদ -মতেই নিজের ছেলেকে আমি মাত্র্য করতে পারি, অন্ত কোনো উপায় তো জানি না। যথন নিশ্চয় দেখছি তা কোনোমতেই হবার নয়, তথন পিতার দায়িত্ব আমি আর রাথব না। আমার যা দাধ্য তার বেশি আমি করতে পারব না।

#### মন্মথর প্রস্থান

শশধর। কী করা যায়। ছেলেটাকে তো জেলে দেওয়া যায় না। অপরাধ মান্থবের পক্ষে যত সর্বনেশেই হোক, জেলথানা তার চেয়ে ঢের বেশি।

### দশম পরিচ্ছেদ

ভাহড়িজারা। খনেছ ? সতীশের বাপ হঠাৎ মারা গেছে। মিন্টার ভাহড়ি। হাঁ, সে তো খনেছি।

জায়া। সে-যে সমস্ত সম্পত্তি হাসপাতালে দিয়ে গেছে, কেবল সতীশের মার জন্ত জীবিতকাল পর্যস্ত ৭৫ টাকা মাসহারা বরাদ্দ করে গেছে। এখন কী করা যায়।

ভাতুড়ি। এত ভাবনা কেন তোমার।

জায়া। বেশ লোক যা হোক তুমি। তোমার মেয়ে যে সতীশকে ভালোবাসে সেটা বুঝি তুমি ছই চক্ষু মেলে দেখতে পাও না! তুমি তো ওদের বিবাহ দিতেও প্রস্তুত ছিলে। এখন উপায় কী করবে।

ভাহজি। আমি তো মন্মথর টাকার উপর বিশেষ নির্ভর করি নি।

জায়া। তবে কি ছেলেটির চেহারার উপরেই নির্ভর করে বসেছিলে। অমবস্তুটা বুঝি অনাবশ্রক ?

ভাত্তি। সম্পূর্ণ আবশ্যক। যিনি যাই বলুন, তর চেয়ে আবশ্যক আর-কিছুই নেই। সতীশের একটি মেসো আছে, বোধ হয় জান।

জায়া। মেসো তো ঢের লোকেরই থাকে, তাতে ক্ষুধাশাস্তি হয় না।

ভাহড়ি। এই মেদোটি আমার মকেল— অগাধ টাকা— ছেলেপুলে কিছুই নেই— বয়সও নিভান্ত অল্প নয়। সে ভো সভীশকেই পোহাপুত্র নিতে চায়।

জায়া। মেসোটি তো ভালো। তা চট্পট্ নিক-না। তুমি একটু তাড়া দাও-না। ভাত্নড়ি। তাড়া আমাকে দিতে হবে না, তার মরের মধ্যেই তাড়া দেবার লোক আছে। সবই প্রায় ঠিকঠাক, এখন কেবল একটা আইনের খটকা উঠেছে— এক ছেলেকে পোয়পুত্র লওয়া যায় কি না— তা ছাড়া সতীশের আবার বয়স হয়ে গেছে।

জায়া। আইন তো তোমাদেরই হাতে— তোমরা চোথ বুজে একটা বিধান দিয়ে দাও না।

ভাহড়ি। ব্যস্ত হোয়ো না— পোয়পুত্র না নিলেও অন্ত উপায় আছে।

জায়া। আমাকে বাঁচালে। আমি ভাবছিলেম, সম্বন্ধ ভাঙি কী করে। আবার, আমাদের নেলি থেরকম জেদালো মেয়ে, সে যে কী করে বসত বলা যায় না। কিন্তু তাই বলে গরিবের হাতে তো মেয়ে দেওয়া যায় না। ওই দেখো, তোমার মেয়ে কেঁদে চোখ ফুলিয়েছে। কাল যথন খেতে বসেছিল এমন সময় সতীশের বাপ-মরার থবর পেল, অমনি তথনি উঠে চলে গেল।

ভাত্তি। কিন্তু, নেলি যে সতীশকে ভালোবাসে সে তো দেখে মনে হয় না। ও তো সতীশকে নাকের জলে চোখের জলে করে। আমি আরো মনে করতাম, নন্দীর উপরেই ওর বেশি টান।

জায়া। তোমার মেয়েটির ওই স্বভাব সে বাকে ভালোবাদে তাকেই জালাতন করে। দেখো না বিভালছানাটাকে নিয়ে কী কাওটাই করে! কিন্তু আশ্র্য এই, তবুতো ওকে কেউ ছাড়তে চায় না।

#### निनीत अदर्भ

নলিনী। মা, একবার সতীশবাব্র বাড়ি যাবে না ? তাঁর মা বোধ হয় থুব কাতর হয়ে পড়েছেন। বাবা, আমি একবার তাঁর কাছে যেতে চাই।

### একাদশ পরিচ্ছেদ

সতীশ। মা, এথানে আমি ষে কত স্থা আছি সে তো আমার কাপড়-চোপড় দেখেই ব্যতে পার। কিন্তু মেদোমশায় ষতক্ষণ না আমাকে পোগুপুত্র গ্রহণ করেন ততক্ষণ নিশ্চিত্ত হতে পারছি নে। তুমি যে মাসহারা পাও আমার তো তাতে কোনো সাহায্য হবে না। অনেকদিন হতে নেব-নেব করেও আমাকে পোগুপুত্র নিচ্ছেন না—বোধ হয় ওঁদের মনে মনে সন্তানলাভের আশা এখনো আছে।

বিধু। (হতাশভাবে) সে আশা সফল হয়-বা, সতীশ।

मতীশ। আঁ। বলোকী মা।

বিধু। লক্ষণ দেখে তো তাই বোধ হয়।

সতীশ। লক্ষণ অমন অনেক সময় ভূসও তো হয়।

বিধু। না, ভূল নয় সতীশ, এবার তোর ভাই হবে।

সতীশ। কী যে বল মা, তার ঠিক নেই— ভাই হবেই কে বললে! বোন হতে পারে না বৃঝি!

বিধু। দিদির চেহারা থেরকম হয়ে গেছে নিশ্চয় তাঁর মেয়ে হবে না, ছেলেই হবে। তা ছাড়া ছেলেই হোক, মেয়েই হোক, আমাদের পক্ষে সমানই।

সতীশ। এত বয়সের প্রথম ছেলে, ইতিমধ্যে অনেক বিদ্ন ঘটতে পারে।

বিধু। সতীশ, তুই চাকরির চেষ্টা কর্।

সতীশ। অসম্ভব। পাদ করতে পারি নি। তা ছাড়া চাকরি করবার অভ্যাদ

শামার একেবারে গেছে। কিন্তু, যাই বল মা, এ ভারি অক্সায়। আমি তো এতদিনে বাবার সম্পত্তি পেতেম, তার থেকে বঞ্চিত হলেম, তার পরে যদি আবার—

বিধৃ। অস্তায় নয় তো কী, সতীশ। এ দিকে তোকে মরে এনেছেন, ও দিকে আবার ডাজার ডাকিয়ে ওবৃধও থাওয়া চলছে। নিজের বোনপোর সঙ্গে এ কিরকম ব্যবহার। শেষকালে দয়াল ডাক্তারের ওবৃধ তো থেটে গেল। অন্ধির হোস নে সতীশ। একমনে ভগবানকে ডাক— তাঁর কাছে কোনো ডাক্তারই লাগে না। তিনি যদি—

সতীশ। আহা, তিনি যদি এখনো— এখনো সময় আছে। মা, এঁদের প্রতি আমার ক্বতজ্ঞ থাকা উচিত, কিন্তু ষেরকম অক্তায় হল, সে ভাব রক্ষা করা শব্দ হয়ে উঠেছে। ঈশরের কাছে এঁদের একটা ত্র্ঘটনা না প্রার্থনা করে থাকতে পারছি নে— তিনি দয়া করে যেন—

বিধু। আহা তাই হোক, নইলে তোর উপায় কী হবে দতীশ, আমি তাই ভাবি। হে ভগবান, তুমি যেন—

সভীশ। এ যদি না হয় তবে ঈশ্বরকে আমি আর মানব না। কাগজে নান্তিকতা প্রচার করব।

বিধু। আরে চুপ চুপ, এখন এমন কথা মুখে আনতে নেই। তিনি দয়াময়, তাঁর দয়া হলে কী না ঘটতে পারে। সতীশ, তুই আজ এত ফিট্ফাট্ সাজ করে কোথায় চলেছিস। উঁচু কলার পরে মাথা যে আকাশে গিয়ে ঠেকল। ঘাড় হেঁট করবি কী করে।

সতীশ। এমনি করে কলারের জোরে যতদিন মাথা তুলে চলতে পারি চলব, তার পরে ঘাড় হেঁট করবার দিন যথন আসবে তথন এগুলো দেলে দিলেই চলবে। বিশেষ কান্ধ আছে মা, চললেম, কথাবার্তা পরে হবে।

#### প্রসার

বিধৃ। কাজ কোণায় আছে তা জানি। মাগো, ছেলের আর তর সয় না।
এ বিবাহটা ঘটবেই। আমি জানি, আমার সতীশের অদৃষ্ট থারাপ নয়; প্রথমে বিদ্ল
যতই ঘটুক, শেষকালটায় ওর ভালো হয়ই, এ আমি বরাবর দেখে আসছি। না হবেই
বাকেন। আমি তো জ্ঞাতসারে কোনো পাপ করি নি— আমি তো সতী স্ত্রী ছিলাম,
দেইজন্তে আমার ধ্ব বিশাদ হচ্ছে দিদির এবারে—

# দ্বাদশ পরিচ্ছেদ

স্থকুমারী। সতীশ। সতীশ। কী মাসিমা।

স্কুমারী। কাল যে তোমাকে খোকার কাপড় কিনে আনবার জন্ম এত করে বললেম, অপমান বোধ হল বৃঝি।

সতীশ। অপমান কিসের মাসিমা। কাল ভাত্তি-সাহেবের ওথানে আমার নিমন্ত্রণ ছিল তাই—

স্কুমারী। ভাত্ডি-সাহেবের ওধানে তোমার এত ঘন ঘন যাতায়াতের দরকার কী, তা তো ভেবে পাই নে। তারা সাহেব মায়্র্য, তোমার মতো অবস্থার লোকের কি তাদের সঙ্গে করা সাজে। আমি তো শুনলেম, তোমাকে তারা আজকাল পোছে না, তর্ বৃঝি ওই রভিন টাইয়ের উপর টাইয়িং পরে বিলাতি কাতিক সেজে তাদের ওধানে আনাগোনা করতেই হবে। তোমার কি একটুও সম্মানবাধ নেই। তাই যদি থাকবে তবে কি কাজকর্মের কোনো চেটা না করে এথানে এমন করে পড়ে থাকতে। তার উপরে আবার একটা কাজ করতে বললে মনে মনে রাগ করা হয়, পাছে ওঁকে কেউ বাড়ির সরকার মনে করে ভূল করে। কিন্তু, সরকারও তো ভালো— পে থেটে উপার্জন করে থার।

দতীশ। মাদিমা, আমিও হয়তো তা পারতেম, কিন্তু তুমিই তো-

স্কুমারী। তাই বটে। জানি, শেষকালে আমারই দোষ হবে। এখন ব্যছি তোমার বাপ তোমাকে ঠিক চিনতেন। তাই তোমাকে এমন করে শাসনে রেখেছিলেন। আমি আরো ছেলেমাথ্য বলে দয়া করে তোমাকে দরে ছান দিলেম, জেল থেকে বাঁচালেম, শেষকালে আমারই দোষ হল। একেই বলে কৃতজ্ঞতা! আছো, আমারই না হয় দোষ হল, তবু যে কদিন এখানে আমাদের অন্ন থাছে, দরকারমত ছটো কাজই না হয় করে দিলে। এমন কি কেউ করে না। এতে কি অত্যন্ত অপমান বোধ হয়।

সতীশ। কিছু না, কিছু না। কী করতে হবে বলো, আমি এখনি করছি।
স্কুমারী। থোকার জন্ত সাড়ে সাত গজ রেন্বো সিন্ধ চাই— আর একটা সেলার
স্কট—

### সতীশের প্রস্থানোত্তম

শোনো শোনো, ওর মাপটা নিয়ে যেয়ো, জুতো চাই।

### সতীশ প্রস্থানোমুখ

আত ব্যস্ত হচ্ছ কেন— সবগুলো ভালো করে শুনেই যাও। আজও বুঝি ভাছড়ি-সাহেবের রুটি বিস্কৃট থেতে যাবার জন্ম প্রাণ ছট্ফট্ করছে। থোকার জন্মে ইট-হ্যাট এনো— আর তার ক্যালও এক ডজন চাই।

### দতীশের প্রস্থান। তাহাকে পুনরায় ডাকিয়া

শোনো সতীশ, আর-একটা কথা আছে। শুনলাম, তোমার মেসোর কাছ হতে তুমি নৃতন স্কট কেনবার জন্ত আমাকে না বলে টাকা চেয়ে নিয়েছ। যথন নিজের সামর্থ্য হবে তথন যত খুশি সাহেবিয়ানা কোরো, কিন্তু পরের পয়সায় ভাছড়ি-সাহেবদের তাক লাগিয়ে দেবার জন্ত মেসোকে ফতুর করে দিয়ো না। সে টাকাটা আমাকে ফেরত দিয়ো। আজকাল আমাদের বড়ো টানাটানির সময়।

সতীশ। আচ্ছা, এনে দিচ্ছি।

স্কুমারী। এখন তুমি দোকানে যাও, সেই টাকা দিয়ে কিনে বাকিটা ফেরত দিয়ো। একটা হিদাব রাখতে ভূলো না যেন।

#### নতীশের প্রস্তানোভ্য

শোনো দতীশ, এই কটা জিনিস কিনতে আবার যেন আড়াই টাকা গাড়িভাড়া লাগিয়ে বোদো না। ওইজন্তে ভোমাকে কিছু আনতে বলতে ভয় করে। হু পা হেঁটে চলতে হলেই অমনি তোমার মাথায় মাথায় ভাবনা পড়ে— পুরুষমান্ত্রর এত বাবু হলে তো চলে না। তোমার বাবা রোজ সকালে নিজে হেঁটে গিয়ে নতুন বাজার হতে কই মাছ কিনে আনতেন — মনে আছে তো ? মুটেকেও তিনি এক পয়সা দেন নি।

সতীশ। তোমার উপদেশ মনে থাকবে — আমিও দেব না। আজ হতে তোমার এখানে মুটেভাড়া বেহারার মাইনে যত অল্প লাগে সে দিকে আমার সর্বদাই দৃষ্টি থাকবে।

# ত্রয়োদশ পরিচ্ছেদ

হরেন। দাদা, তুমি অনেকক্ষণ ধরে ও কী লিখছ, কাকে লিখছ বলো-না।
সতীশ। যা যা, তোর সে খবরে কাজ কী, তুই খেলা কর্ গে যা।
হরেন। দেখি-না কী লিখছ— আমি আজকাল পড়তে পারি।
সতীশ। হরেন, তুই আমাকে বিরক্ত করিস নে বলছি— যা তুই।
হরেন। ভয়ে আকার ভা, ল, ভাল, বয়ে আকার বা, সয়ে আকার সা,

ভালোবাদা। দাদা, কী ভালোবাদার কথা লিখছ বলো-না। তুমিও কাঁচা পেয়ারা ভালোবাদ বৃথি। আমিও বাদি।

সতীশ। আ: হরেন, অত চেঁচাস নে, ভালোবাসার কথা আমি লিখি নি।
হরেন। আঁয়া মিথ্যা কথা বলছ! আমি যে পড়লেম ভয়ে আকার ভা, ল,
ভাল, বয়ে আকার সয়ে আকার ভালোবাসা। আচ্ছা, মাকে ভাকি, তাঁকে দেখাও।

সতীশ। না না, মাকে ভাকতে হবে না। লক্ষীটি, তুই একটু খেলা করতে যা, আমি এইটে শেষ করি।

रदान। विशे की माम। व रा मूरलद राष्ट्रा। वामि त्नर।

সতীশ। ওতে হাত দিস নে, হাত দিস নে, ছিঁড়ে ফেলবি।

र्रात । ना, जामि हिँ ए एक्नर ना, जामारक ना ७-ना।

সতীশ। থোকা, কাল তোকে আমি অনেক তোড়া এনে দেব, এটা থাক্।

रुद्रत। मामा, এটা বেশ, আমি এইটেই নেব।

সতীশ। না, এ আর-একজনের জিনিস, আমি তোকে দিতে পারব না।

হরেন। আঁ্যা, মিথ্যে কথা। আমি তোমাকে লজগুদ আনতে বলেছিলেম, তুমি দেই টাকায় তোড়া কিনে এনেছ— তাই বৈকি, আর-একজনের জিনিদ বৈকি।

সতীশ। হরেন, লক্ষী ভাই, তুই একটুথানি চুপ কর্, চিঠিথানা শেষ করে ফেলি। কাল তোকে আমি অনেক লঞ্জুস কিনে এনে দেব।

হরেন। আচ্ছা, তুমি কী লিখছ আমাকে দেখাও।
দতীশ। আচ্ছা দেখাব, আগে লেখাটা শেষ করি।
হরেন। তবে আমিও লিখি।

### স্রেট লইয়া চীংকারম্বরে

ভয়ে আকার ভা, म, ভাল, বয়ে আকার বা সয়ে আকার সা ভালোবাসা।

সতীশ। চুপ চুপ, অত চীৎকার করিদ নে। আ:, থাম্ থাম্।

হরেন। তবে আমাকে তোড়াটা দাও।

সতীশ। আচ্ছা নে, কিন্তু থবরদার ছিঁড়িস নে— ও কী করলি। যা বারণ করলেম তাই! ফুলটা ছিঁড়ে ফেললি। এমন বদ ছেলেও ভো দেখি নি।

তোড়া কাড়িয়া লইয়া চপেটাঘাত করিয়া

লন্ধীছাড়া কোথাকার! যা, এখান থেকে যা বলছি, যা।

### হরেনের চীৎকারন্থরে ক্রন্দন, সতীশের সবেগে প্রস্থান বিধুমুখীর ব্যস্ত হইয়া প্রবেশ

বিধু। সতীশ ব্ঝি হরেনকে কাঁদিয়েছে, দিদি টের পেলে সর্বনাশ হবে। হরেন, বাপ আমার, কাঁদিস নে, লক্ষ্মী আমার, সোনা আমার।

হরেন। ( সরোদনে ) দাদা আমাকে মেরেছে।

বিধু। আচ্ছা আচ্ছা, চুপ কর্, চুপ কর্। আমি দাদাকে খুব করে মারব এখন। হরেন। দাদা ফুলের তোড়া কেড়ে নিয়ে গেল।

বিধু। আচ্ছা, দে আমি তার কাছ থেকে নিয়ে আসছি।

#### হরেনের ক্রন্সন

এমন ছিঁচ্কাঁছনে ছেলেও তো আমি কথনো দেখিনি। দিদি আদর দিয়ে ছেলেটির মাথা থাচ্ছেন। যথন যেটি চায় তথনই সেটি তাকে দিতে হবে। দেখোনা, একবারে দোকান ঝাঁটিয়ে কাপড়ই কেনা হচ্ছে। যেন নবাবপুত্র। ছি ছি, নিজের ছেলেকে কি এমনি করেই মাটি করতে হয়। (সতর্জনে) খোকা, চুপ কব্ বলছি। ওই হামদোবুড়ো আসছে।

#### সুকুমারীর প্রবেশ

স্কুমারী। বিধু, ও কী ও! আমার ছেলেকে কি এমনি করেই ভূতের ভন্ন দেখাতে হন্ন। আমি চাকর বাকরদের বারণ করে দিয়েছি, কেউ ওর কাছে ভূতের কথা বলতে সাহস করে না। আর তুমি বৃঝি মাসি হয়ে ওর এই উপকার করতে বসেছ। কেন বিধু, আমার বাছা তোমার কী অপরাধ করেছে। ওকে তুমি হটি চক্ষে দেখতে পার না, তা আমি বেশ বৃঝেছি। আমি বরাবর তোমার ছেলেকে পেটের ছেলের মতো মাহব করলেম, আর তুমি বৃঝি আঞ্চ তারই শোধ নিতে এসেছ।

বিধু। (সরোদনে) দিদি, এমন কথা বোলো না। আমার কাছে আমার সতীশ আর তোমার হরেনে প্রভেদ কী আছে।

হরেন। মা, দাদা আমাকে মেরেছে।

বিধু। ছি ছি থোকা, মিথাা বলতে নেই। দাদা তোর এখানে ছিলই না তা মারবে কী করে।

হরেন। বাং, দাদা যে এইখানে বসে চিঠি লিখছিল— তাতে ছিল ভয়ে আকার ভা, ল, ভাল, বয়ে আকার দয়ে আকার, ভালোবাসা। মা, তুমি আমার জত্যে দাদাকে লজ্জুস আনতে বলেছিলে, দাদা সেই টাকায় ফুলের ভোড়া কিনে এনেছে— ভাতেই আমি একটু হাত দিয়েছিলেম বলেই অমনি আমাকে মেরেছে।

স্কুমারী। তোমরা মায়ে পোয়ে মিলে আমার ছেলের সঙ্গে লেগেছ বৃঝি। ভকে তোমাদের সহা হচ্ছে না। ও গেলেই তোমরা বাঁচ। আমি তাই বলি, খোকা রোজ ভাক্তার-ক'বরাজের বোভল বোভল ওষ্ধ গিলছে, তবু দিন দিন এমন রোগা হচ্ছে কেন। ব্যাপারখানা আজ বোঝা গেল।

# চতুর্দশ পরিচ্ছেদ

সতীশ। আমি তোমার কাছে বিদায় নিতে এসেছি, নেলি।

निनी। रुन, रकाशांग्र गारव।

সতীশ। জাহারমে।

নলিনী। সে জায়গায় যাবার জন্ম কি বিদায় নেবার দরকার হয়। যে লোক সন্ধান জানে সে তো ঘরে বসেই সেখানে যেতে পারে। আজ তোমার মেজাজটা এমন কেন। কলারটা বুঝি ঠিক হাল ফেশানের হয় নি!

সতীশ। তুমি কি মনে কর আমি কেবল কলারের কথাই দিনরাত্রি চিন্তা করি। নলিনী। তাই তো মনে হয়। সেইজন্তই তো হঠাৎ তোমাকে অত্যন্ত চিন্তাশীলের মতো দেখায়।

সতীশ। ঠাট্টা কোরো না নেলি, তুমি যদি আজ আমার হৃদয়টা দেখতে পেতে— নলিনী। তা হলে ভূম্রের ফুল এবং সাপের পাঁচ পাও দেখতে পেতাম।

সতীশ। আবার ঠাটা। তুমি বড়ো নিষ্ঠ্র। সত্যই বলছি নেলি, আজ বিদায় নিতে এসেছি।

নলিনী। দোকানে যেতে হবে ?

সতীশ। মিনতি করছি নেলি, ঠাট্টা করে আমাকে দগ্ধ কোরো না। আজ্র আমি চিরদিনের মতো বিদায় নেব।

নলিনী। কেন, হঠাং দেজন্ত তোমার এত বেশি আগ্রহ কেন।

সতীশ। সত্য কথা বলি, আমি যে কত দ্রিত্র তা তুমি জান না।

নলিনী। দেজজ্ঞ তোমার ভয় কিলের। আমি তো তোমার কাছে টাকা ধার চাই নি।

সতীণ। তোমার সঙ্গে আমার বিবাহের সমন্ধ হয়েছিল—

निनौ। छारे भानार्व १ विवाह ना रुख्ये इ९कन्थ।

সতীশ। আমার অবস্থা জানতে পেরে মিস্টার ভাতুড়ি আমাদের সম্বন্ধ ভেঙে দিলেন। নলিনী। অমনি সেই অপমানেই কি নিজদেশ হয়ে ষেতে হবে। এতবড়ো অভিমানী লোকের কারো সঙ্গে কোনো সম্বন্ধ রাথা শোভা পান্ন না। সাধে আমি তোমার মুখে ভালোবাসার কথা শুনলেই ঠাট্টা করে উড়িয়ে দি।

সতীশ। নেলি, তবে কি এখনো আমাকে আশা রাখতে বল।

নলিনী। দোহাই সতীশ, অমন নভেলি ছাঁদে কথা বানিয়ে বোলো না, আমার হাসি পায়। আমি তোমাকে আশা রাখতে বলব কেন। আশা যে রাখে সে নিজের গরজেই রাখে, লোকের প্রামর্শ ভনে রাখে না।

সতীশ। সে তোঠিক কথা। আমি জানতে চাই তুমি দারিস্র্রাকে দ্বণা কর কিনা।

निन्नी। थ्र कति, यमि तम मातिना मिथात घात्रा नित्कत्क ताकरण तिष्टा करत।

সতীশ। নেলি, তুমি কি কখনো তোমার চিরকালের অভ্যন্ত আরাম ছেড়ে গরিবের ঘরের লক্ষী হতে পারবে।

নলিনী। নভেলে যেরকম ব্যারামের কথা পাঁড়া যায়, সেটা তেমন করে চেপে ধরলে আরাম আপনি ঘরছাড়া হয়।

সতীশ। সে ব্যারামের কোনো লক্ষণ কি তোমার—

নলিনী। সতীশ, তুমি কথনো কোনো পরীক্ষাতেই উত্তীর্ণ হতে পারলে না। স্বয়ং নন্দী-সাহেবও বোধ হয় অমন প্রশ্ন তুলতেন না। তোমাদের একচুলও প্রশ্রয় দেওয়া চলে না।

সতীশ। তোমাকে আমি আজও চিনতে পারলেম না, নেলি।

নলিনী। চিনবে কেমন করে। আমি তো তোমার হাল ফেশানের টাই নই, কলার নই— দিনরাত থা নিয়ে ভাব তাই তুমি চেন।

সতীশ। আমি হাত জোড় করে বলছি নেলি, তুমি আজ আমাকে এমন কথা বোলোনা। আমি যে কী নিয়ে ভাবি তা তুমি নিশ্ম জান—

নলিনী। তোমার সহচ্ছে আমার অন্তর্দৃষ্টি যে এত প্রথর তা এতটা নি:সংশয়ে ছির কোরো না। ওই বাবা আসছেন। আমাকে এখানে দেখলে তিনি অনর্থক বিরক্ত হবেন, আমি যাই।

#### প্রস্থান

সতীশ। মিন্টার ভাতুড়ি, আমি বিদায় নিতে এসেচি।

ভাছড়ি। আচ্ছা, তবে আজ—

সতীশ। থাবার আগে একটা কথা আছে।

ভাত্তি। কিন্তু সময় তো নেই, আমি এখন বেড়াতে বের হব।

সতীশ। কিছুক্ষণের জন্ত কি সঙ্গে যেতে পারি।

ভাত্নড়ি। তুমি ধে পার তাতে সন্দেহ নেই, কিন্তু আমি পারব না। সম্প্রতি আমি সঙ্গীর অভাবে তত অধিক ব্যাকুল হয়ে পড়ি নি।

# পঞ্চদশ পরিচ্ছেদ

শশধর। আ:, কী বল। তুমি কি পাগল হয়েছ নাকি। স্কুমারী। আমি পাগল না তুমি চোথে দেখতে পাও না!

শশধর। কোনোটাই আশ্চর্য নয়, তুটোই সম্ভব। কিন্ত-

স্কুমারী। আমাদের হরেনের জন্ম হতেই দেখ নি, ওদের মুখ কেমন হয়ে গেছে। সভীশের ভাবথানা দেখে বুঝতে পার না!

শশধর। আমার অত ভাব ব্ঝবার ক্ষমতা নেই, সে তো তুমি জানই। মন জিনিসটাকে অদৃশ্য পদার্থ বলেই শিশুকাল হতে আমার কেমন একটা সংস্থার বদ্ধমূল হয়ে গেছে। ঘটনা দেখলে তবু কতকটা বুঝতে পারি।

স্কুমারী। সতীশ যথনই আড়ালে পায় তোমার ছেলেকে মারে, আবার বিধুও তার পিছনে পিছনে এদে থোকাকে জুজুর ভয় দেখায়।

শশধর। ওই দেখো, তোমরা ছোটো কথাকে বড়ো করে তোল। যদিই বা সভীশ থোকাকে কথনো—

স্কুমারী। সে তুমি সহু করতে পার, আমি পারব না— ছেলেকে তো ভোমার গর্ভে ধরতে হয় নি।

শশধর। দে কথা আমি অস্বীকার করতে পারব না। এথন তোমার অভিপ্রায় কী তনি।

স্কুমারী। শিক্ষা সম্বন্ধে তুমি তো বড়ো বড়ো কথা বল, একবার তুমি ভেবে দেখো-না, আমরা হরেনকে যেভাবে শিক্ষা দিতে চাই তার মাসি তাকে অন্তর্মণ শেখায়— সতীশের দৃষ্টাস্থটিই বা তার পক্ষে কিরূপ সেটাও তো ভেবে দেখতে হয়।

শশধর। তুমি যথন অত বেশি করে ভাবছ তথন তার উপরে আমার আর ভাববার দরকার কি আছে। এখন কর্তব্য কী বলো।

স্কুমারী। আমি বলি সতীশকে তুমি বলো, তার মার কাছে থেকে সে এখন

কাজকর্মের চেষ্টা দেখুক। পুরুষমান্থ্য পরের পদ্মশায় বাব্গিরি করে, দে কি ভালো দেখতে হয়।

শশধর। ওর মা যে টাকা পায় তাতে সতীশের চলবে কী করে।

স্কুমারী। কেন, ওদের বাড়ি ভাড়া লাগে না, মাদে পঁচাত্তর টাকা কম কী।

শশধর। সভীশের যেরপ চাল দাঁড়িয়েছে, পঁচাত্তর টাকা তো সে চুরুটের ডগাতেই ফুঁকে দেবে। মার গহনাগাঁটি ছিল, সে তো অনেকদিন হল গেছে; এখন হবিয়ার বাঁধা দিয়ে তো দেনা শোধ হবে না।

স্কুমারী। যার সামর্থ্য কম তার অত লখা চালেই বা দরকার কী।

শশধর। ময়থ তো সেই কথাই বলত। আমরাই তো সতীশকে অয়য়প বুঝিয়েছিলেম। এখন ওকে দোষ দিই কী করে।

স্কুমারী। না, দোষ কি ওর হতে পারে। সব দোষ আমারই! তুমি তো আর কারো কোনো দোষ দেখতে পাও না— কেবল আমার বেলাতেই তোমার দর্শনশক্তি বেড়ে যায়।

শশধর। ওগো, রাগ কর কেন— আমিও তো দোষী।

স্কুমারী। তা হতে পারে। তোমার কথা তুমি জান। কিন্তু, আমি কথনো ওকে এমন কথা বলি নি যে, তুমি তোমার মেসোর ঘরে পারের উপর পা দিয়ে গোঁফে তা দাও, আর লম্বা কেদারায় বদে বদে আমার বাছার উপর বিষদৃষ্টি দিতে থাকো।

শশধর। না, ঠিক ওই কথাগুলো তুমি তাকে মাথার দিব্য দিয়ে শপথ করিয়ে নাও নি— অতএব তোমাকে দোষ দিতে পারি নে। এথন কী করতে হবে বলো।

স্কুমারী। সে তুমি যা ভালো বোধ কর তাই করো। কিন্তু আমি বলছি, সভীশ যতক্ষণ এ বাড়িতে থাকবে, আমি থোকাকে কোনোমতে বাইরে যেতে দিতে পারব না। ভাক্তার থোকাকে হাওয়া থাওয়াতে বিশেষ করে বলে দিয়েছে— কিন্তু হাওয়া থেতে গিয়ে ও কথন একলা সভীশের নজরে পড়বে, সে কথা মনে করলে আমার মন দ্বির থাকে না। ও ভো আমারই আপন বোনের ছেলে, কিন্তু আমি ২কে এক মৃহুর্তের জন্তুও বিশাস করি নে— এ আমি তোমাকে স্পষ্টই বললেম।

#### সতীশের প্রবেশ

দতীশ। কাকে বিখাদ কর না মাসিমা। আমাকে? আমি তোমার খোকাকে স্থাোগ পেলে গলা টিপে মারব, এই তোমার ভয় ? যদি মারি তবে, তুমি তোমার বোনের ছেলের যে অনিষ্ট করেছ, তার চেয়ে ওর কি বেশি অনিষ্ট করা ছবে। কে আমাকে ছেলেবেলা হতে নবাবের মতো শৌখিন করে তুলেছে এবং আজ ভিক্ষুকের মতো পথে বের করলে। কে আমাকে পিতার শাসন হতে কেড়ে এনে বিশ্বের লাঞ্ছনার মধ্যে টেনে আনলে। কে আমাকে —

স্কুমারী। ওগো, শুনছ? তোমার সামনে আমাকে এমনি করে অপমান করে? নিজের মূথে বললে কিনা খোকাকে গলা টিপে মারবে? ওমা, কী হবে গো। আমি কালদাপকে নিজের হাতে হুধকলা দিয়ে পুষেছি।

সতীশ। হধকলা আমারও ঘরে ছিল— সে হধকলায় আমার রক্ত বিষ হয়ে উঠত না — তা হতে চিরকালের মতো বঞ্চিত করে তুমি ষে হধকলা আমাকে খাইয়েছ, তাতে আমার বিষ জমে উঠেছে। সত্য কথাই বলছ, এখন আমাকে ভয় করাই চাই— এখন আমি দংশন করতে পারি।

### विधुम्थीत्र अटदन

বিধু। কী দতীশ, কী হয়েছে, তোকে দেখে বে ভয় হয়। অমন করে তাকিয়ে আছিদ কেন। আমাকে চিনতে পারছিদ নে ? আমি যে তোর মা, দতীশ।

সতীশ। মা, তোমাকে মা বলব কোন্ মুখে। মা হয়ে কেন তুমি আমার পিতার শাসন হতে আমাকে বঞ্চিত করলে। কেন তুমি আমাকে জ্বেল হতে ফিরিয়ে আনলে। সে কি মাসির ঘর হতে ভয়ানক। তোমরা ঈশ্বরকে মা বলে ডাক, তিনি ঘদি তোমাদের মতো মা হন ভবে তাঁর আদর চাই নে, তিনি যেন আমাকে নরকে দেন।

শশধর। আ: দতীশ ! চলো চলো— কী বকছ, থামো। এসো, বাইরে আমার ঘরে এসো।

# ষোড়শ পরিচ্ছেদ

শশধর। সতীশ, একটু ঠাণ্ডা হও। তোমার প্রতি অত্যন্ত অক্সায় হয়েছে, সে কি আমি জানি নে। তোমার মাসি রাগের মূথে কী বলেছেন, সে কি অমন করে মনে নিতে আছে। দেখো, গোড়ায় যা ভূল হয়েছে তা এখন যতটা সম্ভব প্রতিকার করা যাবে, তুমি নিশ্বিস্ত থাকো।

সতীশ। মেসোমশায়, প্রতিকারের আর কোনো সম্ভাবনা নেই। মাসিমার সঙ্গে আমার এখন ধেরূপ সম্পর্ক দাঁড়িয়েছে তাতে তোমার ঘরের অন্ন আমার গলা দিয়ে আর গলবে না। এতদিন তোমাদের যা খরচ করিয়েছি তা যদি শেষ কড়িট পর্যস্ত শোধ করে না দিতে পারি, তবে আমার মরেও শাস্তি নেই। প্রতিকার ষদি কিছু থাকে তো দে আমার হাতে, তুমি কী প্রতিকার করবে।

শশধর। না, শোনো সতীশ, একটু স্থির হও। তোমার যা কর্তব্য সে তুমি পরে ভেবো— তোমার সহচ্ছে আমরা যে অক্যায় করেছি তার প্রায়শ্চিত্ত তো আমাকেই করতে হবে। দেখো, আমার বিষয়ের এক অংশ আমি তোমাকে লিখে দেব— সেটাকে তুমি দান মনে কোরো না, সে তোমার প্রাপ্য। আমি সমন্ত ঠিক করে রেখেছি— পরন্ত শুক্রবারে রেজেন্ত্রী করে দেব।

সতীশ। (শশধরের পায়ের ধূলা লইয়া) মেসোমশায়, কী আর বলব— তোমার এই স্নেহে—

শশধর। আচ্ছা, থাক্ থাক্। ও-সব স্থেহ-ফ্রেহ আমি কিছু ব্ঝি নে, রসকষ আমার কিছুই নেই— যা কর্তব্য তা কোনোরকমে পালন করতেই হবে এই ব্ঝি। সাড়ে আটটা বাজল, তুমি আজ কোরিছিয়ানে যাবে বলেছিলে, যাও। সতীশ, একটা কথা তোমাকে বলে রাখি। দানপত্রখানা আমি মিন্টার ভাতৃড়িকে দিয়েই লিখিয়ে নিয়েছি। ভাবে বোধ হল, তিনি এই ব্যাপারে অত্যন্ত সন্তুই হলেন— তোমার প্রতি যে তাঁর টান নেই এমন তো দেখা গেল না। এমন-কি, আমি চলে আসবার সময় তিনি আমাকে বললেন, সতীশ আজকাল আমাদের সঙ্গে দেখা করতে আসে না কেন।

### সতীশের প্রস্থান

ওরে রামচরণ, ভোর মা-ঠাকুরানীকে একবার ডেকে দে ভো।

### হুকুমারীর প্রবেশ

স্কুমারী। কী খির করলে।

শশধর। একটা চমৎকার প্র্যান ঠাউরেছি।

হুকুমারী। তোমার প্ল্যান যত চমৎকার হবে সে আমি জানি। যা হোক, সভীশকে এ বাড়ি হতে বিদায় করেছ তো?

শশধর। তাই যদি না করব তবে আর প্ল্যান কিসের। আমি ঠিক করেছি সতীশকে আমাদের তরফ-মানিকপুর লিখেপড়ে দেব— তা হলেই সে স্বচ্ছন্দে নিজের ধরচ নিজে চালিয়ে আলাদা হয়ে থাকতে পারবে। তোমাকে আর বিরস্ত করবে না।

় স্কুমারী। আহা, কী স্থান প্রানই ঠাউরেছ। সৌন্দর্যে আমি একেবারে মুগ্ধ। না না, তুমি অমন পাগলামি করতে পারবে না, আমি বলে দিলেম।

শশধর। দেখো, এক সময়ে তো ওকেই সমন্ত সম্পত্তি দেবার কথা ছিল।

স্কুমারী। তথন তো আমার হরেন জন্মায় নি। তা ছাড়া তুমি কি ভাব, তোমার আর ছেলেপুলে হবে না।

শশধর। স্কু, ভেবে দেখো, আমাদের অক্তায় হচ্ছে। মনেই কর-না কেন, তোমার হুই ছেলে।

স্কুমারী। সে আমি অতশত বৃঝি নে— তৃমি ষদি এমন কাজ কর তবে আমি গলায় দড়ি দিয়ে মরব— এই আমি বলে গেলুম।

### তুকুমারীর প্রস্থান। সতীশের প্রবেশ

শশধর। কী সতীশ, থিয়েটারে গেলে না।

সতীশ। না মেসোমশায়, আজ আর থিয়েটার না। এই দেখো, দীর্ঘকাল পরে মিন্টার ভাত্তির কাছ হতে আমি নিমন্ত্রণ পেয়েছি। তোমার দানপত্রের ফল দেখো। সংসারের উপর আমার ধিকার জন্মে গেছে, মেসোমশায়। আমি তোমার সে তালুক নেব না।

শশধর। কেন, সতীশ।

সতীশ। আমি ছদ্মবেশে পৃথিবীর কোনো স্থভোগ করব না। আমার যদি নিজের কোনো মূল্য থাকে তবে সেই মূল্য দিয়ে যতটুকু পাওয়া যায় ততটুকুই ভোগ করব, তার চেয়ে এক কানাকভিও আমি বেশি চাই না, তা ছাড়া তুমি যে আমাকে তোমার সম্পত্তির অংশ দিতে চাও, মাদিমার সম্বতি নিয়েছ তো?

শশধর। না, দে তিনি— অর্থাৎ দে একরকম করে হবে। হঠাৎ তিনি রাজি না হতে পারেন, কিন্ধ —

সতীশ। তুমি তাঁকে বলেছ?

শশধর। হা, বলেছি বৈকি। বিলক্ষণ। তাঁকে না বলেই কি আর-

সতীশ। তিনি রাজি হয়েছেন।

শশধর। তাকে ঠিক রাজি বলা যায় না বটে, কিছু ভালো করে বৃঝিয়ে-

সভীশ। বৃথা চেটা মেসোমশায়। তাঁর নারাজিতে তোমার সম্পত্তি নিতে চাই নে। তুমি তাঁকে বোলো, আজ পর্যন্ত তিনি আমাকে যে অর খাইয়েছেন তা উদ্গার না করে আমি বাঁচব না। তাঁর সমস্ত ঋণ স্কৃত্ত্ব শোধ করে তবে আমি হাঁপ ছাড়ব।

শশধর। সে কিছুই দরকার নেই সতীশ— তোমাকে বরঞ্চ কিছু নগদ টাকা গোপনে—

२२॥२२

সতীশ। না মেসোমশার, আর ঋণ বাড়াব না। তোমার কাছে এখন কেবল আমার একটি অন্থরোধ আছে। তোমার যে সাহেব-বন্ধুর আপিলে আমাকে কাজ দিতে চেয়েছিলে, দেখানে আমার কাজ জুটিয়ে দিতে হবে।

শশধর। পারবে তো?

সতীশ। এর পরেও যদি না পারি তবে পুনর্বার মাসিমার অন্ন খাওয়াই আমার উপযুক্ত শান্তি হবে।

### সপ্তদশ পরিচ্ছেদ

স্কুমারী। দেখো দেখি, এখন সতীশ কেমন পরিশ্রম করে কাজকর্ম করছে। দেখো, অতবড়ো সাহেব-বাবু আজকাল পুরানো কালো আলপাকার চাপকানের উপরে কোঁচানো চাদর ঝুলিয়ে কেমন নিয়মিত আপিসে যায়!

শশধর। বড়োসাহেব সতীশের খুব প্রশংসা করেন।

স্কুমারী। দেখে। দেখি, তুমি যদি তোমার জমিদারিটা তাকে দিয়ে বদতে তবে এতদিনে দে টাই-কলার-জুতা-ছড়ি কিনেই দেটা নিলামে চড়িয়ে দিত। ভাগ্যে আমার পরামর্শ নিয়েছ, তাই তো সতীশ মাস্থ্যের মতো হয়েছে।

শশধর। বিধাতা আমাদের বৃদ্ধি দেন নি কিন্তু স্ত্রী দিয়েছেন, আর তোমাদের বৃদ্ধি দিয়েছেন তেমনি দক্ষে সক্ষে নির্বোধ স্বামীগুলাকেও তোমাদের হাতে সমর্পণ করেছেন— আমাদেরই জিত।

স্কুমারী। আচ্ছা আচ্ছা, ঢের হয়েছে, ঠাট্টা করতে হবে না! কিন্তু সতীশের পিছনে এতদিন যে টাকাটা ঢেলেছ সে যদি আজ থাকত— তবে—

শশধর। সভীশ ভো বলেছে, কোনো-একদিন সে সমস্তই শোধ করে দেবে।

স্কুমারী। সে যত শোধ করবে আমার গায়ে রইল। সে তো বরাবরই ওইরকম লখাচৌড়া কথা বলে থাকে। তুমি বৃঝি সেই ভরসায় পথ চেয়ে বসে আছ।

শশধর। এতদিন তো ভরসা ছিল, তুমি যদি পরামর্শ দাও তো সেটা বিসর্জন দিই।

স্কুমারী। দিলে তোমার বেশি লোকসান হবে না, এই পর্যস্ত বলতে পারি। ওই-যে তোমার সতীশবাব্ আসছেন। চাকরি হয়ে অবধি একদিনও তো আমাদের চৌকাঠ মাড়ান নি, এমনি তাঁর কৃতজ্ঞতা! আমি যাই।

#### সতীশের প্রবেশ

সতীশ। মাদিমা, পালাতে হবে না। এই দেখো, আমার হাতে অস্ত্রশস্ত্র কিছুই নেই — কেবল খানকয়েক নোট আছে।

শশধর। ইস্! এ যে একতাড়া নোট। যদি আপিদের টাকা হয় তো এমন করে সঙ্গে নিয়ে বেড়ানো ভালো হচ্ছে না, সতীশ।

সতীশ। আর সঙ্গে নিয়ে বেড়াব না। মাসিমার পায়ে বিসর্জন দিলাম। প্রপাম হই, মাসিমা। বিস্তর অন্তগ্রহ করেছিলে— তথন তার হিসাব রাথতে হবে মনেও করি নি, স্তরাং পরিশোধের অঙ্কে কিছু ভূলচুক হতে পারে। এই পনেরো হাজার টাকা গুনে নাও। তোমার থোকার পোলাও-পরমান্নে একটি তঙুলকণাও কম না পড়ক।

শশধর। এ কী কাণ্ড সতীশ। এত টাকা কোথায় পেলে।

দতীশ। আমি গুন্চট আজ ছয় মাস আগাম থরিদ করে রেথেছি— ইতিমধ্যে দর চড়েছে; তাই মুনফা পেয়েছি।

मनधत। मठीम, এ य क्यायमा।

সতীশ। থেলা এইথানেই শেষ- আর দরকার হবে না।

শশধর। তোমার এ টাকা তুমি নিয়ে যাও, আমি চাই না।

সতীশ। তোমাকে তো দিই নি মেসোমশায়। এ মাসিমার ঋণশোধ। তোমার ঋণ কোনোকালে শোধ করতে পারব না।

শশধর। কী হুকু, এ টাকাগুলো-

স্কুমারী। গুনে থাতাঞ্চির হাতে দাও-না— ওইথানেই কি ছড়ানো পড়ে থাকবে।

শশধর। সতীশ, খেয়ে এসেছ তো?

সতীশ। বাডি গিয়ে খাব।

শশধর। আঁ্যা, সে কী কথা। বেলা যে বিস্তর হয়েছে। আজ এইখানেই থেয়ে যাও।

স্তীশ। আর থাওয়া নয় মেদোমশায়। এক দফা শোধ করলেম, অর্ৠণ আবার নৃতন করে ফাঁদতে পারব না।

#### প্রস্থান

স্কুমারী। বাপের হাত হতে রক্ষা করে এতদিন ওকে থাইয়ে-পরিয়ে মামুষ করলেম, আজ হাতে ত্-পর্মা আদতেই ভাবখানা দেখেছ। ক্বতজ্ঞতা এমনিই বটে। ধোর কলি কিনা।

# অষ্টাদশ পরিচ্ছেদ

শতীশ। বড়োদাহেব হিদাবের খাতাপত্র কাল দেখবেন। মনে করেছিলেম, ইতিমধ্যে 'গানি'র টাকাটা নিশ্চয় পাওয়া যাবে, তহবিল পূরণ করে রাখব— কিন্তু বাজার নেমে গেল। এখন জেল ছাড়া গতি নেই। ছেলেবেলা হতে দেখানে যাবারই আয়োজন করা গেছে।

কিন্তু, অদৃষ্টকে ফাঁকি দেব। এই পিন্তলে ছটি গুলি পুরেছি— এই ষথেষ্ট। নেলি— না না, ও নাম নয়, ও নাম নয়— আমি তা হলে মরতে পারব না। যদি-বা সে আমাকে ভালোবেদে থাকে, দে ভালোবাদা আমি ধ্লিদাৎ করে দিয়ে এদেছি। চিঠিতে আমি তার কাছে দমন্তই কবুল করে লিখেছি। এখন পৃথিবীতে আমার কপালে যার ভালোবাদা বাকি রইল দে আমার এই পিন্তল। আমার অন্তিমের প্রেয়দী, ললাটে তোমার চুম্বন নিয়ে চক্ষু মুদ্ব।

মোসশায়ের এ বাগানটি আমারই তৈরি। যেথানে যত তুর্লভ গাছ পাওয়া যায় সব সংগ্রহ করে এনেছিলেম। ভেবেছিলেম, এ বাগান একদিন আমারই হবে। ভাগ্য কার জন্ম আমাকে দিয়ে এই গাছগুলো রোপণ করে নিচ্ছিল তা আমাকে তথন বলে নি— তা হোক, এই ঝিলের ধারে এই বিলাতি ষ্টিফানোটিস লতার কুঞ্জে আমার এ জন্মের হাওয়া খাওয়া শেষ করব — মৃত্যুর দ্বারা আমি এ বাগান দখল করে নেব—এথানে হাওয়া খেতে আসতে আর কেউ সাহস করবে না।

মেদোমশায়কে প্রণাম করে পায়ের ধুলো নিতে চাই। পৃথিবী হতে ওই ধুলোটুকু নিয়ে থেতে পারলে আমার মৃত্যু সার্থক হত। কিন্তু, এখন সন্ধ্যার সময় তিনি মাদিমার কাছে আছেন— আমার এ অবস্থায় মাদিমার সঙ্গে দেখা করতে আমি সাহস করি নে। বিশেষত পিতল ভরা আছে।

মরবার সময় সকলকে ক্ষমা করে শান্তিতে মরার উপদেশ শাস্ত্রে আছে। কিন্তু, আমি ক্ষমা করতে পারলেম না। আমার এ মরবার সময় নয়। আমার অনেক স্থপের কল্পনা, ভোগের আশা ছিল— অল্প কয়েক বৎসরের জীবনে তা একে একে সমন্তই টুকরা টুকরা হয়ে ভেঙেছে। আমার চেয়ে অনেক অযোগ্য, অনেক নির্বোধ লোকের ভাগ্যে অনেক অযাচিত রথ জুটেছে, আমার জুটেও জুটল না— সেজন্ত যারা দায়ী তাদের কিছুতেই ক্ষমা করতে পারব না— কিছুতেই না। আমার মৃত্যুকালের অভিশাপ যেন চিরজীবন তাদের পিছনে পিছনে ফেরে— তাদের সকল স্থকে কানা করে দেয়। তাদের তৃষ্ণার জলকে বাপা করে দেবার জন্তু আমার দশ্ম

জীবনের সমস্ত দাহকে যেন আমি রেখে যেতে পারি।

হায়! প্রলাপ! সমগুই প্রলাপ! অভিশাণের কোনো বলই নেই। আমার মৃত্যু কেবল আমাকেই শেব করে দেবে— আর কারো গায়ে হাত দিতে পারবে না। আ:— তারা আমার জীবনটাকে একেবারে ছারথার করে দিলে, আর আমি মরেও তাদের কিছুই করতে পারলেম না। তাদের কোনো কতি হবে না— তারা স্থেথ থাকবে, তাদের দাঁতমাজা হতে আরম্ভ করে মশারি-ঝাড়া পর্যন্ত কোনো তুচ্ছ কাজটিও বন্ধ থাকবে না— অথচ আমার ত্র্য-চন্দ্র-নক্ষত্রের সমগু আলোক এক ফুংকারে নিবল— আমার নেলি - উঃ, ও নাম নয়।

ও কে ও! হরেন! সন্ধ্যার সময় বাগানে বার হয়েছে যে! বাপ-মাকে লুকিয়ে চুরি করে কাঁচা পেয়ারা পাড়তে এসেছে। ওর আকাজ্জা ওই কাঁচা পেয়ারার চেয়ে আর অধিক উর্দ্ধে চড়ে নি— ওই গাছের নিচু ডালেই ওর অধিকাংশ হুথ ফলে আছে। পৃথিবীতে ওর জীবনের কী মূলা। গাছের একটা কাঁচা পেয়ারা যেমন, এ সংসারে ওর কাঁচা জীবনটাই বা তার চেয়ে কী এমন বড়ো। এখনি যদি ছিল্ল করা যায় তবে জীবনের কত নৈরাশ্য হতে ওকে বাঁচানো যায় তা কে বলতে পারে। আর মাসিমা—
ইং! একেবারে লুটাপুটি করতে থাকবে। আঃ!

ঠিক সময়টি, ঠিক স্থানটি, ঠিক লোকটি। হাতকে আর সামলাতে পাচ্ছি নে। হাতটাকে নিয়ে কী করি। হাতটাকে নিয়ে কী করা যায়।

ছড়ি লইয়া সতীশ সবেগে চারাগাছগুলিকে ক্রমাগত আঘাত করিতে লাগিল। তাহাতে তাহার উত্তেজনা ক্রমশ আরো বাড়িয়া উঠিতে লাগিল। অবশেষে নিজের হাতকে সে সবেগে আঘাত করিল; কিন্তু কোনো বেদনা বোধ করিল না। শেষে পকেটের ভিতর হইতে পিন্তল সংগ্রহ করিয়া লইয়া সে হরেনের দিকে সবেগে অগ্রসর হইতে লাগিল।

হরেন। (চমকিয়া উঠিয়া) এ কী! দাদা নাকি। তোমার ছটি পায়ে পড়ি দাদা, তোমার ছটি পায়ে পড়ি — বাবাকে বলে দিয়ে। না।

সতীশ। (চীৎকার করিয়া) মেসোমশায়— মেসোমশায়— এইবেলা রক্ষা করো— আর দেরি কোরো না— তোমার ছেলেকে এখনো রক্ষা করো।

শশধর। (ছুটিয়া আদিয়া) কী হয়েছে দতীশ। কী হয়েছে। স্কুমারী। (ছুটিয়া আদিয়া) কী হয়েছে, আমার বাছার কী হয়েছে। হরেন। কিছুই হয় নি মা— কিছুই না— দাদা ভোমাদের সঙ্গে ঠাট্টা করছেন। স্কুমারী। এ কিরকম বিশ্রী ঠাট্টা। ছি ছি, সকলই অনাস্ষ্টি! দেখো দেখি। আমার বুক এখনো ধড়াদ-ধড়াস করছে। সতীশ মদ ধরেছে বুঝি!

সতীশ। পালাও— তোমাদের ছেলেকে নিয়ে এথনি পালাও। নইলে তোমাদের রক্ষা নেই।

#### হরেনকে লইয়া অন্তপদে সুকুমারীর পলায়ন

শশধর। সতীশ, অমন উতলা হোয়োনা। ব্যাপারটা কী বলো। হরেনকে কার হাত হতে রক্ষা করবার জন্ত ডেকেছিলে।

সতীশ । আমার হাত হতে। (পিন্তল দেখাইয়া) এই দেখো মেদোমশায়।

### ক্রতপদে বিধুম্থীর প্রবেশ

বিধু। সতীশ, তুই কোথায় কী সর্বনাশ করে এসেছিস বল্ দেখি। আপিসের সাহেব পুলিস সঙ্গে নিয়ে আমাদের বাড়িতে খানাতলাসি করতে এসেছে। যদি পালাতে হয় তো এই বেলা পালা। হায় ভগবান! আমি তো কোনো পাপ করি নি, আমারই অদৃষ্টে এত হুঃখ ঘটে কেন।

সতীশ। ভয় নেই— পালাবার উপায় আমার হাতেই আছে !

শশধর। তবে কি তুমি-

সতীশ। তাই বটে মেসোমশায়— যা সন্দেহ করছ তাই। আমি চুরি করে মাসির ঝণ শোধ করেছি। আমি চোর। মা, ভনে খুশি হবে, আমি চোর, আমি খুনী। এখন আরু কাঁদতে হবে না— যাও যাও, আমার সমুথ হতে যাও। আমার অসহ বোধ হচ্ছে।

শশধর। সতীশ, তুমি আমার কাছেও তো কিছু ঋণী আছ, তাই শোধ করে যাও।

সতীশ। বলো, কেমন করে শোধ করব। কী আমি দিতে পারি। কী চাও তুমি। শশধর। ওই পিন্তলটা দাও।

সতীশ। এই দিলাম। আমি জেলেই যাব। না গেলে আমার পাপের ঋণশোধ হবে না।

শশধর। পাপের ঋণ শান্তির বারা শোধ হয় না সতীশ, কর্মের বারাই শোধ হয়। তুমি নিশ্চয় জেনো আমি অফুরোধ করলে তোমার বড়োসাহেব তোমাকে জেলে দেবেন না। এখন হতে জীবনকে সার্থক করে বেঁচে থাকো।

সতীল। মেসোমশায়, এখন আমার পক্ষে বাঁচা যে কত কঠিন তা তুমি জান না — মরব নিশ্চয় জেনে পায়ের তলা হতে আমার শেষ স্থথের অবলম্বনটা আমি পদাঘাতে ফেলে দিয়ে এসেছি— এখন কী নিয়ে বাঁচব।

শশধর। তবু বাঁচতে হবে, আমার ঋণের এই শোধ— আমাকে ফাঁকি দিয়ে পালাতে পারবে না।

সতীশ। তবে তাই হবে।

শশধর। আমার একটা অন্নরোধ শোনো। তোমার মাকে আর মাসিকে অহরের সহিত ক্ষমা করো।

সতীশ। তুমি যদি আমাকে ক্ষমা করতে পার, তবে এ সংসারে কে এমন থাকতে পারে যাকে আমি ক্ষমা করতে না পারি।

#### প্রণাম করিয়া

মা, আশীর্বাদ করো, আমি সব যেন সহ্ করতে পারি— আমার সকল দোষগুণ নিয়ে তোমরা আমাকে যেমন গ্রহণ করেছ, সংসারকে আমি যেন তেমনি করে গ্রহণ করি।

বিধু। বাবা, কী আর বলব। মা হয়ে আমি তোকে কেবল স্নেহই করেছি, তোর কোনো ভালো করতে পারি নি— ভগবান তোর ভালো করুন। দিদির কাছে আমি একবার তোর হয়ে ক্ষমা ভিক্ষা করে নিই গে।

#### প্রসান

শশধর। তবে এসো সতীশ, আমার ঘরে আজ আহার করে যেতে হবে।

#### ক্রতপদে নলিনীর প্রবেশ

নলিনী ৷ সভীশ !

भणीम। की निन्नी।

নলিনী। এর মানে কী। এ চিঠি তুমি আমাকে কেন লিখেছ।

সতীশ। মানে যেমন ব্ঝেছিলে সেইটেই ঠিক। আমি তোমাকে প্রতারণা করে
চিঠি লিখি নি। তবে আমার ভাগ্যক্রমে সকলই উলটা হয়। তুমি মনে করতে
পার, তোমার দয়া উদ্রেক করবার জন্মই আমি— কিন্তু মেনোমশায় সাক্ষী আছেন,
আমি অভিনয় করছিলেম না— তব্ বদি বিশ্বাস না হয়, প্রতিজ্ঞারক্ষা করবার এখনো
সময় আছে।

নলিনী। কী তুমি পাগলের মতো বকছ। আমি তোমার কী অপরাধ করেছি যে তুমি আমাকে এমন নিষ্ঠুর ভাবে —

দতীশ। বেজন্ত আমি সংকল্প করেছি সে তুমি জান, নলিনী-- আমি তো একবর্ণও গোপন করি নি, তবু কি আমার উপর তোমার শ্রন্ধা আছে।

নলিনী। শ্রদ্ধা ! সতীশ, তোমার উপর ওইজগ্রই আমার রাগ ধরে। শ্রদ্ধা, ছি ছি, শ্রদ্ধা তো পৃথিবীতে অনেকেই অনেককে করে। তুমি যে কাজ করেছ আমিও তাই করেছি— তোমাতে আমাতে কোনো ডেদ রাথি নি। এই দেখো, আমার গহনাগুলি সব এনেছি— এগুলি এখনো আমার সম্পত্তি নয়— এগুলি আমার বাপমায়ের। আমি তাঁদিগকে না বলে এনেছি, এর কত দাম হতে পারে আমি কিছুই জানি নে; কিন্তু এ দিয়ে কি তোমার উদ্ধার হবে না।

শশধর। উদ্ধার হবে, এই গহনাগুলির দক্ষে আরো অমূল্য যে ধনটি দিয়েছ তা দিয়েই সতীশের উদ্ধার হবে।

নলিনী। এই-যে শশধরবার্, মাপ করবেন, তাড়াতাড়িতে আপনাকে আমি—
শশধর। মা, সেজন্ম লজ্জা কী। দৃষ্টির দোষ কেবল আমাদের মতো বুড়োদেরই
হয় না— তোমাদের বয়সে আমাদের মতো প্রবীণ লোক হঠাৎ চোথে ঠেকে না।
সতীশ, তোমার আপিদের সাহেব এসেছেন দেখছি। আমি তাঁর সঙ্গে কথাবাতা কয়ে
আসি, ততক্ষণ তুমি আমার হয়ে অভিধিসৎকার করো। মা, এই পিন্তলটা এখন
তোমার জিম্মাতেই থাকতে পারে।

পৌষ ১৩১০

# মাস্টারমশায়

# ভূমিকা

রাত্রি তথন প্রায় হটা। কলিকাতার নিজক শব্দম্ব্রে একট্থানি ঢেউ তুলিয়া একটা বড়ো জুড়িগাড়ি ভবানীপুরের দিক হইতে আসিয়া বিজিতলাওয়ের মোড়ের কাছে থামিল। সেথানে একটা ঠিকাগাড়ি দেখিয়া, আরোহী বাবু তাহাকে ডাকিয়া আনাইলেন। তাহার পাশে একটি কোট-হাট-পরা বাঙালি বিলাতফের্তা যুবা সম্মুথের আসনে হই পা তুলিয়া দিয়া একটু মদমত্ত অবস্থায় ঘাড় নামাইয়া ঘুমাইতেছিল। এই যুবকটি নৃতন বিলাত হইতে আসিয়াছে। ইহারই অভ্যর্থনা উপলক্ষে বন্ধুমহলে একটা খানা হইয়া গেছে। দেই খানা হইতে ফিরিবার পথে একজন বন্ধু তাহাকে কিছুদ্র অগ্রসর করিবার জন্ত নিজের গাড়িতে তুলিয়া লইয়াছেন। তিনি ইহাকে ছ-তিনবার ঠেলা দিয়া জাগাইয়া কহিলেন, "মজুমদার, গাড়ি পাওয়া গেছে, বাড়ি যাও।"

মজুমদার দচকিত হইয়া একটা বিলাতি দিব্য গালিয়া ভাড়াটে গাড়িতে উঠিয়া পড়িল। তাহার গাড়োয়ানকে ভালো করিয়া ঠিকানা বাতলাইয়া দিয়া ত্রুহাম গাড়ির আরোহী নিজের গম্যপথে চলিয়া গেলেন।

ঠিকাগাড়ি কিছুদ্র দিধা গিয়া পার্ক স্ত্রীটের সম্থ্য ময়দানের রান্ডায় মোড় লইল। মজুমদার আর-একবার ইংরেজি শপথ উচ্চারণ করিয়া আপন মনে কহিল, 'এ কী! এ তো আমার পথ নয়!' তার পরে নিদ্রাজড় অবস্থায় ভাবিল, 'হবেও বা, এইটিই হয়তো সোজা রান্ডা।'

ময়দানে প্রবেশ করিতেই মজুমদারের গা কেমন করিয়া উঠিল। হঠাৎ তাহার মনে হইল — কোনো লোক নাই তবু তাহার পাশের জায়গাটা যেন ভতি হইয়া উঠিতেছে; যেন তাহার আসনের শৃত্য অংশের আকাশটা নিরেট হইয়া তাহাকে ঠাসিয়া ধরিতেছে। মজুমদার ভাবিল— এ কী ব্যাপার! গাড়িটা আমার সঙ্গে এ কিরকম ব্যবহার শুক্ষ করিল। "এই গাড়োয়ান, গাড়োয়ান!" গাড়োয়ান কোনো জবাব দিল না। পিছনের খড়খড়ি খুলিয়া ফেলিয়া সহিসটার হাত চাপিয়া ধরিল; কহিল, "তুম্ ভিতর আকে বৈঠো।" সহিস ভীতকঠে কহিল, "নেহি, সা'ব, ভিতর নেহি জায়েগা!" শুনিয়া মজুমদারের গায়ে কাটা দিয়া উঠিল; সে জোর করিয়া সহিসের হাত চাপিয়া কহিল, "জল্দি ভিতর আও।"

দহিল দবলে হাত ছিনাইয়া লইয়া নামিয়া দৌড় দিল। তথন মজুমদার পাশের দিকে ভয়ে ভয়ে তাকাইয়া দেখিতে লাগিল; কিছুই দেখিতে পাইল না, তর্ মনে হইল, পাশে একটা অটল পদার্থ একেবারে চাপিয়া বিদয়া আছে। কোনোমতে গলায় আওয়াজ আনিয়া মজুমদার কহিল, "গাড়োয়ান, গাড়ি রোখো।" বোধ হইল, গাড়োয়ান যেন দাঁড়াইয়া উঠিয়া হই হাতে রাশ টানিয়া ঘোড়া থামাইতে চেষ্টা করিল— ঘোড়া কোনোমতেই থামিল না। না থামিয়া ঘোড়া হটা রেড রোডের রাস্তা ধরিয়া পুনর্বার দক্ষিণের দিকে মোড় লইল। মজুমদার ব্যন্ত হইয়া কহিল, "আরে, কাঁহা যাতা।" কোনো উত্তর পাইল না। পাশের শৃত্তার দিকে রহিয়া রহিয়া কটাক্ষ করিতে করিতে মজুমদারের দর্বাঙ্গ দিয়া ঘাম ছুটিতে লাগিল। কোনোমতে আড়েই হইয়া নিজের শরীরটাকে যতদ্র সংকীর্ণ করিতে হয় তাহা দে করিল, কিন্তু সে যত্তুকু জায়গা ছাড়িয়া দিল তড্টুকু জায়গা ভরিয়া উঠিল। মজুমদার মনে মনে তর্ক

ক্রিতে লাগিল যে, কোন প্রাচীন মুরোপীয় জ্ঞানী বলিয়াছেন Nature abhors vacuum- जाहे त्जा मिश्रिकि। किस बाही की ता। बाही कि Nature? यमि আমাকে কিছু না বলে তবে আমি এখনি ইহাকে সমস্ত জায়গাটা ছাড়িয়া দিয়া লাফাইয়া পড়ি। লাফ দিতে সাহদ হইল না- পাছে পিছনের দিক হইতে অভাবিতপূর্ব একটা কিছু ঘটে। 'পাহারাওয়ালা' বলিয়া ডাক দিবার চেষ্টা করিল-কিন্তু বহুকটে এমনি একটুখানি অভুত কীণ আওয়াজ বাহির হইল যে, অত্যন্ত ভয়ের মধ্যেও তাহার হাদি পাইল। অন্ধকারে ময়দানের গাছগুলো ভূতের নিশুৰ পার্লামেন্টের মতো পরস্পর মুখামুখি করিয়া দাঁড়াইয়া রহিল, এবং গ্যাদের খুঁটিগুলো ममखरे रयन जातन अथह किछूरे रयन दलिय ना अमनिजाद थाए। इस्या मिहैमिएं আলোকশিখায় চোখ টিপিতে লাগিল। মজুমদার মনে করিল, চট করিয়া এক লক্ষে সামনের আসনে গিয়া বসিবে। বেমনি মনে করা অমনি অহভেব করিল, সামনের আদন হইতে কেবলমাত্র একটা চাহনি তাহার মুখের দিকে তাকাইয়া আছে। চকু नारे, किन्नरे नारे, अथह अकरा हारिन। त्म हारिन एव कारांत्र छारा एपन मतन পড়িতেছে অথচ কোনোমতেই বেন মনে আনিতে পারিতেছে না। মজুমদার হুই চকু জোর করিয়া বুজিবার চেষ্টা করিল— কিন্তু ভয়ে বুজিতে পারিল না— দেই অনির্দেশ্য চাহনির দিকে তুই চোথ এমন শক্ত করিয়া মেলিয়া রহিল যে, নিমেষ ফেলিতে সময় পাইল না

এ দিকে গাড়িটা কেবলই ময়দানের রান্তার উত্তর হইতে দক্ষিণে ও দক্ষিণ হইতে উত্তরে চক্ষপথে ঘূরিতে লাগিল। ঘোড়া ছটো ক্রমেই যেন উন্মন্ত হইয়া উঠিল— তাহাদের বেগ কেবলই বাড়িয়া চলিল— গাড়ির থড়্থড়েগুলো থর্থর্ করিয়া কাঁপিয়া ঝর্ঝর্ শব্দ করিতে লাগিল।

এমন সময় গাড়িটা যেন কিলের উপর থুব একটা ধান্ধা থাইয়া হঠাৎ থামিয়া গেল।
মন্ত্র্মদার চকিত হইয়া দেখিল, তাহাদেরই রান্ডায় গাড়ি দাঁড়াইয়াছে ও গাড়োয়ান
ভাহাকে নাড়া দিয়া জিজ্ঞানা করিতেছে, "নাহেব, কোথায় যাইতে হইবে বলো।"

মজুমদার রাগিয়া জিজ্ঞাদা করিল, "এতক্ষণ ধরিয়া আমাকে ময়দানের মধ্যে প্রাইলি কেন।"

গাড়োয়ান আশ্চর্য হইয়া কহিল, "কই, ময়লানের মধ্যে তো ঘুরাই নাই।" মজুমলার বিশ্বাস না করিয়া কহিল, "তবে এ কি শুধু স্বপ্র।"

গাড়োয়ান একটু ভাবিয়া ভীত হইয়া কহিল, "বাব্দাহেব, বৃঝি ভাগু স্থ নহে।
আমার এই গাড়িতেই আজ তিন বছর হইল একটা ঘটনা ঘটিয়াছিল।"

মজুমদারের তথন নেশা ও খুমের ঘোর সম্পূর্ণ ছাড়িয়া যাওয়াতে গাড়োয়ানের গল্পে কর্ণপাত না করিয়া ভাড়া চকাইয়া দিয়া চলিয়া গেল।

কিন্তু রাত্রে তাহার ভালো করিয়া যুম হইল না— কেবলই ভাবিতে লাগিল, সেই চাহনিটা কার।

5

অধর মজুমদারের বাপ সামান্ত শিপ-সরকারি হইতে আরম্ভ করিয়া একটা বড়ো হৌদের মৃচ্ছুদিগিরি পর্যস্ত উঠিয়াছিলেন। অধরবাব বাপের উপার্জিত নগদ টাকা স্থদে থাটাইতেছেন, তাঁহাকে আর নিজে খাটিতে হয় না। বাপ মাথায় সাদা ফেটা বাঁধিয়া পালকিতে করিয়া আপিদে যাইতেন, এ দিকে তাঁহার ক্রিয়াকর্ম দানধ্যান যথেষ্ট ছিল। বিপদে-আপদে অভাবে-অনটনে সকল শ্রেণীর লোকেই যে তাঁহাকে আসিয়া ধরিয়া পড়িত, ইহাই তিনি গর্বের বিষয় মনে করিতেন।

অধরবাবু বড়ো বাড়ি ও গাড়ি-জুড়ি করিয়াছেন, কিন্তু লোকের দক্ষে আর ওাঁহার দম্পর্ক নাই; কেবল টাকা-ধারের দালাল আদিয়া ওাঁহার বাঁধানো ছঁকায় তামাক টানিয়া যায় এবং অ্যাটনি আপিদের বাবুদের দক্ষে স্ট্যাম্প-দেওয়া দলিলের শর্ত সহন্ধে আলোচনা হইয়া থাকে। তাঁহার সংসারে ধরচপত্র সহন্ধে হিসাবের এমনি ক্যাক্ষি বে পাড়ার ফুটবল ক্লাবের নাছোড়বান্দা ছেলেরাও বছ চেষ্টায় ওাঁহার তহবিলে দম্ভক্ট করিতে পারে নাই।

এমন সময় তাঁহার ঘরকলার মধ্যে একটি অতিথির আগমন হইল। ছেলে ছল না, হল না, করিতে করিতে অনেকদিন পরে তাঁহার একটি ছেলে জিলিল। ছেলেটির চেহারা তাহার মার ধরনের। বড়ো বড়ো চোখ, টিকলো নাক, রঙ রক্ষনীগন্ধার পাপড়ির মতো— যে দেখিল সেই বলিল, "আহা ছেলে তো নয়, যেন কাতিক।" অধরবাব্র অহুগত অহুচর রতিকান্ত বলিল, "বড়ো ঘরের ছেলের ধেমনটি হওয়া উচিত তেমনই হইয়াছে।"

ছেলেটির নাম হইল বেণুগোপাল। ইতিপূর্বে অধরবাবুর স্থী ননীবালা সংসার-থরচ লইয়া স্বামীর বিরুদ্ধে নিজের মত তেমন জাের করিয়া কােনােদিন থাটান নাই। ফুটো একটা শথের ব্যাপার অথবা লােকিকতার অত্যাবশুক আয়াজন লইয়া মাঝে মাঝে বচসা হইয়াছে বটে, কিন্তু শেষকালে স্বামীর রূপণতার প্রতি অবজ্ঞা করিয়া নিঃশন্ধে হার মানিয়াছেন।

এবারে ননীবালাকে অধরলাল আঁটিয়া উঠিতে পারিলেন না, বেণুগোপাল সহজে

তাঁহার হিসাব এক-এক পা করিয়া হঠিতে লাগিল। তাহার পায়ের মল, হাতের বালা, গলার হার, মাথার টুপি, তাহার দিশি বিলাতি নানা রকমের নানা রঙের নাজসক্ষা সম্বন্ধে ননীবালা যাহা-কিছু দাবি উত্থাপিত করিলেন, সব কটাই তিনি কথনো নীরব অশ্রুপাতে, কথনো সরব বাক্যবর্ষণে জিতিয়া লইলেন। বেণুগোপালের জন্ত যাহা দরকার এবং যাহা দরকার নয় তাহা চাইই চাই— সেথানে শৃক্ত তহবিলের ওজর বা ভবিশ্বতের ফাঁকা আখাস একদিনও খাটল না।

২

বেণুগোপাল বাড়িয়া উঠিতে লাগিল। বেণুর জন্ম থরচ করাটা অধরলালের অভ্যাদ হইয়া আদিল। তাহার জন্ম বেশু মাহিনা দিয়া অনেক-পাদ-করা এক বুড়ো মান্টার রাখিলেন। এই মান্টার বেণুকে মিইভাষায় ও শিইাচারে বশ করিবার অনেক চেটা করিলেন— কিন্তু তিনি নাকি বরাবর ছাত্রদিগকে কড়া শাসনে চালাইয়া আজ পর্যন্ত মান্টারি মর্যাদা অক্ষ্ম রাখিয়া আসিয়াছেন, দেইজন্ম তাঁহার ভাষার মিইতা ও আচারের শিইতায় কেবলই বেহুর লাগিল— সেই শুদ্ধ সাধনায় ছেলে ভ্লিল না। ননীবালা অধরলালকে কহিলেন, "ও তোমার কেমন মান্টার। ওকে দেখিলেই যে ছেলে অস্থির হইয়া উঠে। ওকে ছাড়াইয়া দাও।"

বুড়া মান্টার বিদায় হইল। সেকালে মেয়ে যেমন স্বয়ন্থরা হইত তেমনি ননীবালার ছেলে স্বয়ন্দান্টার হইতে বদিল— দে যাহাকে না বরিয়া লইবে তাহার দকল পাদ ও দকল দার্টিফিকেট রুথা।

এমনি সময়টিতে গায়ে একথানি ময়লা চাদর ও পায়ে ছেঁড়া ক্যান্থিসের জ্তা পরিয়া মান্টারির উমেদারিতে হরলাল আসিরা জ্টিল। তাহার বিধবা মা পরের বাড়িতে র াধিয়া ও ধান ভানিয়া তাহাকে মফস্বলের এন্ট্রেন্স্ স্ক্লে কোনোমতে এন্ট্রেন্স্ পাদ করাইয়াছে। এখন হরলাল কলিকাতায় কলেজে পড়িবে বলিয়া প্রাণপণ প্রতিজ্ঞা করিয়া বাহির হইয়াছে। অনাহারে তাহার মুথের নিম্ন অংশ শুকাইয়া ভারতবর্ধের কন্যাকুমারীর মতো দক্র হইয়া আসিয়াছে, কেবল মন্ত কপালটা হিমালয়ের মতো প্রশন্ত হইয়া অত্যন্ত চোথে পড়িতেছে। মক্রভ্মির বালু হইতে স্থের আলো ধেমন ঠিকরিয়া পড়ে তেমনি তাহার হুই চকু হইতে দৈন্ডের একটা অস্বাভাবিক দীপ্তি বাহির হইতেছে।

দরোয়ান জিজ্ঞাশা করিল, "তুমি কী চাও। কাহাকে চাও।" হরলাল ভয়ে ভয়ে বলিল, "বাজির বাব্র সঙ্গে দেখা করিতে চাই।" দরোয়ান কহিল, "দেখা হইবে না।" তাহার উত্তরে হরলাল কী বলিবে ভাবিয়া না পাইয়া ইতত্ত্ত করিতেছিল, এমন সময় সাত বছরের ছেলে বেণুগোপাল বাগানে থেলা সারিয়া দেউড়িতে আসিয়া উপস্থিত হইল। দরোয়ান হরলালকে দ্বিধা করিতে দেখিয়া আবার কহিল, "বাব্, চলা যাও।"

বেণুর হঠাৎ জিদ চড়িল — সে কহিল, "নেহি জায়গা!" বলিয়া সে হরলালের হাত ধরিয়া তাহাকে দোতলার বারান্দায় তাহার বাপের কাছে লইয়া হাজির করিল।

বাব্ তথন দিবানিন্দা সারিয়া জড়ালসভাবে বারান্দায় বেতের কেদারায় চুপচাপ বিসিয়া পা দোলাইতেছিলেন ও বৃদ্ধ রতিকান্ত একটা কাঠের চৌকিতে আসন হইয়া বিসিয়া ধীরে ধীরে তামাক টানিতেছিল। সেদিন এই সময়ে এই অবস্থায় দৈবক্রমে হরলালের মাস্টারি বাহাল হইয়া গেল।

রতিকান্ত জিজ্ঞানা করিল, "আপনার পড়া কী পর্যন্ত।"

रतनान একট্থানি মৃথ নিচু করিয়া কহিল, "এন্ট্রেন্স্ পাস করিয়াছি।"

রতিকান্ত জ তুলিয়া কহিল, "শুধু এন্ট্রেন্স্ পাদ ? আমি বলি কলেজে পড়িয়াছেন। আপনার বয়সও তো নেহাত কম দেখি না।"

হরলাল চুপ করিয়া রহিল। আশ্রিত ও আশ্রয়প্রত্যাশীদিগকে সকল রকমে পীড়ন করাই রতিকান্তের প্রধান আনন্দ ছিল।

রতিকান্ত আদর করিয়া বেণুকে কোলের কাছে টানিয়া লইবার চেটা করিয়া কহিল, "কত এম. এ. বি. এ. আদিল ও গেল— কাহাকেও পছন্দ হইল না — আর শেষকালে কি সোনাবাবু এন্ট্রেল্-পাস-করা মাস্টারের কাছে পড়িবেন।"

বেণু রতিকান্তের আদরের আকর্ষণ জোর করিয়া ছাড়াইয়া লইয়া কহিল, "যাও!" রতিকান্তকে বেণু কোনোমতেই সহ্য করিতে পারিত না, কিন্তু রতিও বেণুর এই অসহিফুতাকে তাহার বাল্যমাধুর্যের একটা লক্ষণ বলিয়া ইহাতে থুব আমোদ পাইবার চেষ্টা করিত, এবং তাহাকে সোনাবাবু চাঁদবাবু বলিয়া থেপাইয়া আগুন করিয়া তুলিত।

হরলালের উমেদারি দফল হওয়া শক্ত হইয়া উঠিয়াছিল; সে মনে মনে ভাবিতেছিল, এইবার কোনো স্থাগে চৌকি হইতে উঠিয়া বাহির হইতে পারিলে বাঁচা যায়। এমন সময়ে অধরলালের সহসা মনে হইল, এই ছোকরাটিকে নিভান্ত সামান্ত মাহিনা দিলেও পাওয়া যাইবে। শেষকালে দ্বির হইল, হরলাল বাড়িতে থাকিবে, থাইবে ও পাঁচ টাকা করিয়া বেতন পাইবে। বাড়িতে রাথিয়া যেটুকু অতিরিক্ত দাক্ষিণ্য প্রকাশ করা হইবে, তাহার বদলে অতিরিক্ত কাজ আদায় করিয়া লইলেই এটুকু দয়া সার্থক হইতে পারিবে।

9

এবারে মান্টার টি<sup>\*</sup>কিয়া গেল। প্রথম হইতেই হরলালের সঙ্গে বেণুর এমনি ন্ধমিয়া গেল ধেন তাহারা দুই ভাই। কলিকাতায় হরলালের আত্মীয়বন্ধু কেহই ছিল না — এই ফুন্দর ছোটো ছেলেটি তাহার সমন্ত হৃদ্য জুড়িয়া বসিল। অভাগা হরলালের এমন করিয়া কোনো মাহুষকে ভালোবাসিবার স্থগোগ ইতিপূর্বে কথনো ঘটে নাই। কী করিলে তাহার অবস্থা ভালো হইবে, এই আশায় দে বছ কটে বই জোগাড় করিয়া কেবলমাত্র নিজের চেষ্টায় দিনরাত ভরু পড়া করিয়াছে। মাকে পরাধীন থাকিতে হইয়াছিল বলিয়া ছেলের শিশুবয়দ কেবল দংকোচেই কাটিয়াছে— নিষেধের গণ্ডি পার হইয়া হুটামির ঘারা নিজের বাল্যপ্রতাপকে জয়শালী করিবার স্বথ সে কোনোদিন পায় নাই। সে কাহারো দলে ছিল না, সে আপনার ছেঁড়া বই ও ভাঙা স্লেটের মাঝখানে একলাই ছিল। জগতে জন্মিয়া যে ছেলেকে শিশুকালেই নিত্তক ভালোমামুষ হইতে হয়, তথন হইতেই মাতার দুঃখ ও নিজের অবস্থা ধাহাকে সাবধানে বৃঝিয়া চলিতে হয়, সম্পূর্ণ অবিবেচক হইবার স্বাধীনতা যাহার ভাগ্যে কোনোদিন জোটে না, আমোদ করিয়া চঞ্চতা করা বা হৃঃথ পাইয়া কাঁদা, এ হুটোই যাহাকে অন্ত লোকের অন্ধবিধা ও বিরক্তির ভয়ে সমস্ত শিশুশক্তি প্রয়োগ করিয়া চাপিয়া ষাইতে হয়, তাঁহার মতো করুণার পাত্র অথচ করুণা হইতে বঞ্চিত জগতে কে আছে!

সেই পৃথিবীর সকল মাহুষের নীচে চাপা-পড়া হরলাল নিজেও জানিত না, তাহার মনের মধ্যে এত স্নেহের রস অবসরের অপেকায় এমন করিয়া জমা হইয়া ছিল। বেণুর সঙ্গে থেলা করিয়া, তাহাকে পড়াইয়া, অস্থথের সময় তাহার সেবা করিয়া হরলাল স্পষ্ট ব্ঝিতে পারিল, নিজের অবস্থার উন্নতি করার চেয়েও মাহুষের আর-একটা জিনিস আছে— সে যথন পাইয়া বসে তথন তাহার কাছে আর-কিছুই লাগে না।

বেণ্ ও হরলালকে পাইয়া বাঁচিল। কারণ, ঘরে সে একটি ছেলে; একটি অতি ছোটো ও আর-একটি তিন বছরের বোন আছে— বেণু তাহাদিগকে সন্ধানের যোগ্যই মনে করে না। পাড়ার সমবয়সী ছেলের অভাব নাই— কিন্তু অধরলাল নিজের ঘরকে অত্যন্ত বড়ো ঘর বলিয়া নিজের মনে নিশ্চয় ছির করিয়া রাধাতে মেলামেশা করিবার উপযুক্ত ছেলে বেণুর ভাগ্যে জুটিল না। কাজেই হরলাল তাহার একমাত্র সলী হইয়া উঠিল। অনুক্ল অবস্থায় বেণুর ঘে-সকল দৌরাত্মা দশন্ধনের মধ্যে ভাগ হইয়া একরকম সহন্যোগ্য হইতে পারিত তাহা সমন্তই একা হরলালকে বহিতে

হইত। এই-সমন্ত উপদ্রব প্রতিদিন সহ করিতে করিতে হরলালের ক্ষেহ আরো দৃঢ় হইরা উঠিতে লাগিল। রতিকান্ত বলিতে লাগিল, "আমাদের সোনাবাবুকে মান্টার-মশার মাটি করিতে বলিয়াছেন।" অধরলালেরও মাঝে মাঝে মনে হইতে লাগিল, মান্টারের সঙ্গে ছাত্রের সন্থদ্ধটি ঠিক যেন যথোচিত হইতেছে না। কিন্তু হরলালকে বেণুর কাছ হইতে তফাত করে এমন সাধ্য এখন কাহার আছে।

g

বেণুর বয়দ এখন এগারো। হরলাল এফ. এ. পাদ করিয়া জলপানি পাইয়া তৃতীয় বাধিকে পড়িতেছে। ইতিমধ্যে কলেজে তাহার ছটি-একটি বদ্ধু যে জোটে নাই তাহা নহে, কিন্তু ওই এগারো বছরের ছেলেটিই তাহার দকল বদ্ধুর দেরা। কলেজ হইতে ফিরিয়া বেণুকে লইয়া দে গোলদিঘি এবং কোনো-কোনোদিন ইডেন গার্ডেনে বেড়াইতে যাইত। তাহাকে গ্রীক ইতিহাদের বীরপুরুষদের কাহিনী বলিত, তাহাকে স্কট ও ভিক্টর হাগোর গল্প একটু একটু করিয়া বাংলায় শুনাইত— উচ্চৈঃম্বরে তাহার কাছে ইংরেজি কবিতা আর্ত্তি করিয়া তাহা তর্জমা করিয়া ব্যাথ্যা করিত, তাহার কাছে শেক্স্পীয়ারের জুলিয়দ সীদ্ধার মানে করিয়া পড়িয়া তাহা হইতে অ্যাণ্টনির বক্তৃতা মৃথয় করাইবার চেষ্টা করিত। ওই একটুখানি বালক হরলালের হাদয়-উদ্বোধনের পক্ষে ঘেন সোনার কাঠির মতো হইয়া উঠিল। একলা বিদয়া যথন পড়া ম্থয় করিত তথন ইংরেজি দাহিত্য দে এমন করিয়া মনের মধ্যে গ্রহণ করে নাই, এখন দে ইতিহাদ বিজ্ঞান দাহিত্য যাহা-কিছু পড়ে তাহার মধ্যে কিছু রদ পাইলেই সেটা আগে বেণুকে দিবার জন্ম আগ্রহ বোধ করে এবং বেণুর মনে সেই আনন্দ দক্ষার করিবার চেষ্টাতেই তাহার নিজের বৃঝিবার শক্তি ও আনন্দের অধিকার যেন ছুইগুণ বাড়িয়া যায়।

বেণু ইন্ধূল হইতে আদিয়াই কোনোমতে তাড়াতাড়ি জলপান সারিয়াই হরলালের কাছে যাইবার জন্ম একেবারে ব্যস্ত হইয়া উঠিত, তাহার মা তাহাকে কোনো ছুতায় কোনো প্রলোভনে অন্তঃপুরে ধরিয়া রাখিতে পারিত না। ননীবালার ইহা ভালো লাগে নাই। তাহার মনে হইত, হরলাল নিজের চাকরি বজায় রাখিবার জন্মই ছেলেকে এত করিয়া বশ করিবার চেষ্টা করিতেছে। সে একদিন হরলালকে ডাজিয়া পর্দার আড়াল হইতে বলিল, "তুমি মান্টার, ছেলেকে কেবল সকালে এক ঘণ্টা বিকালে এক ঘণ্টা পড়াইবে— দিনরাত্রি উহার সঙ্গে লাগিয়া থাক কেন। আজকাল ও যে মা বাপ কাহাকেও মানে না। ও কেমন শিক্ষা পাইতেছে। আগে বে ছেলে মা বলিতে

একেবারে নাচিয়া উঠিত আজ বে তাহাকে ডাকিয়া পাওয়া যায় না। বেণু আমার বড়ো ঘরের ছেলে, উহার দলে তোমার অত মাধামাথি কিদের জন্ত।"

দেদিন রতিকান্ত অধরবাব্র কাছে গল্প করিতেছিল যে, তাহার জানা তিনচার জন লোক, বড়োমান্থরের ছেলের মাস্টারি করিতে আদিয়া ছেলের মন এমন
করিয়া বশ করিয়া লইয়াছে যে, ছেলে বিষয়ের অধিকারী হইলে তাহারাই সর্বেসর্বা
হইয়া ছেলেকে স্বেচ্ছামত চালাইয়াছে। হরলালের প্রতিই ইশারা করিয়া যে
এ-সকল কথা বলা হইতেছিল তাহা হরলালের ব্রিতে বাকি ছিল না। তবু সে চূপ
করিয়া সমস্ত সহু করিয়া গিয়াছিল। কিন্তু আজ বেণুর মার কথা শুনিয়া তাহার
ব্ক ভাঙিয়া গেল। সে ব্রিতে পারিল, বড়োমান্থরের ঘরে মাস্টারের পদবীটা কী।
গোয়ালঘরের ছেলেকে হুধ জোগাইবার যেমন গোরু আছে তেমনি তাহাকে বিছা
জোগাইবার একটা মান্টারও রাখা হইয়াছে— ছাত্রের সঙ্গে স্বেহপূর্ণ আত্মীয়তার
সম্বন্ধ স্থানন এতবড়ো একটা স্পর্বা যে, বাড়ির চাকর হইতে গৃহিণী পর্যস্ত কেহই
তাহা সহু করিতে পারে না, এবং সকলেই সেটাকে স্বার্থসাধনের একটা চাতুরী
বলিয়াই জানে।

হরলাল কম্পিতকণ্ঠে বলিল, "মা, বেণুকে আমি কেবল পড়াইব, তাহার সঙ্গে আমাকু আর-কোনো সম্পর্ক থাকিবে না।"

✓সেদিন বিকালে বেণুর সব্দে তাহার খেলিবার সময়ে হরলাল কলেজ হইতে ফিরিলই না। কেমন করিয়া রান্ডায় রান্ডায় ঘুরিয়া সে সময় কাটাইল তাহা সেই জানে। সন্ধ্যা হইলে যথন সে পড়াইতে আসিল তথন বেণু মুথ ভার করিয়া রহিল। হরলাল তাহার অন্থপস্থিতির কোনো জ্বাবদিহি না করিয়া পড়াইয়া গেল— সেদিন পড়া স্বিধামত হইলই না।

হরলাল প্রতিদিন রাত্রি থাকিতে উঠিয়া তাহার ঘরে বসিয়া পড়া করিত। বেণু দকালে উঠিয়াই মৃথ ধুইয়া তাহার কাছে ছুটিয়া যাইত। বাগানে বাঁধানো চৌবাচ্ছায় মাছ ছিল। তাহাদিগকে মৃড়ি থাওয়ানো ইহাদের এক কাজ ছিল। বাগানের এক কোণে কতকগুলা পাথর সাজাইয়া, ছোটো ছোটো রাস্তা ও ছোটো গেট ও বেড়া তৈরি করিয়া বেণু বালখিল্য ঋষির আশ্রমের উপযুক্ত একটি অতি ছোটো বাগান বসাইয়াছিল। সে বাগানে মালীর কোনো অধিকার ছিল না। সকালে এই বাগানের চর্যা করা তাহাদের দ্বিতীয় কাজ। তাহার পরে রৌক্র বেশি হইলে বাঁড়ি ফিরিয়া বেণু হরলালের কাছে পড়িতে বসিত। কাল সায়াকে যে গল্পের অংশ শোনা হয়্ম নাই সেইটে শুনিবার জন্ত আজ বেণু যথাসাধ্য ভোরে উঠিয়া বাহিরে ছুটিয়া

আসিয়াছিল। দে মনে করিয়াছিল, সকালে ওঠায় সে আজ মান্টারমশায়কে ব্ঝি জিভিয়াছে। মরে আসিয়া দেখিল, মান্টারমশায় নাই। দরোয়ানকে জিজ্ঞাদা করিয়া জানিল, মান্টারমশায় বাহির হইয়া গিয়াছেন। ১০

সেদিনও সকালে পড়ার সময় বেণু ক্ষুদ্র হৃদয়টুকুর বেদনা লইয়া মুখ গন্তীর করিয়া রহিল। সকালবেলায় হরলাল কেন যে বাহির হইয়া গিয়াছিল তাহা জিজ্ঞাসাও করিল না। হরলাল বেণুর মুখের দিকে না চাহিয়া বইয়ের পাতার উপর চোধ রাথিয়া পড়াইয়া গেল। বেণু বাড়ির ভিতরে তাহার মার কাছে যথন থাইতে বসিল তথন তাহার মা জিজ্ঞাসা করিলেন, "কাল বিকাল হইতে তোর কী হইয়াছে বল্ দেথি। মুখ হাঁড়ি করিয়া আছিল কেন— ভালো করিয়া থাইতেছিল না— ব্যাপারখানা কী।"

বেণু কোনো উত্তর করিল না। আহারের পর মা তাহাকে কাছে টানিয়া আনিয়া তাহার গায়ে হাত ব্লাইয়া অনেক আদর করিয়া যথন তাহাকে বারবার প্রশ্ন করিতে লাগিলেন তথন সে আর থাকিতে পারিল না— ফুঁপাইয়া কাঁদিয়া উঠিল। বলিল, "মান্টারমশায়—"

मा कहिल्लन, "मान्छात्रमभाग्र की।"

বেণু বলিতে পারিল না মান্টারমশায় কী করিয়াছেন। কী যে অভিযোগ তাহা ভাষায় ব্যক্ত করা কঠিন।

ননীবালা কহিলেন, "মাস্টারমশায় বৃঝি তোর মার নামে তোর কাছে লাগাইয়াছেন।"

সে কথার কোনো অর্থ বুঝিতে না পারিয়া বেণু উত্তর না করিয়া চলিয়া গেল।

â

ইতিমধ্যে বাড়িতে অধরবাবুর কতকগুলা কাপড়চোপড় চুরি হইয়া গেল। পুলিসকে ধবর দেওয়া হইল। পুলিস খানাডলাসিতে হরলালেরও বাক্স সন্ধান করিতে ছাড়িল না। রতিকান্ত নিতান্তই নিরীহভাবে বলিল, "যে লোক লইয়াছে সে কি আর মাল বাক্সর মধ্যে রাখিয়াছে।"

মালের কোনো কিনার। হইল না। এরপ লোকসান অধরলালের পক্ষে অসহ। তিনি পৃথিবী হৃদ্ধ লোকের উপর চটিয়া উঠিলেন। রতিকান্ত কহিল, "বাড়িতে অনেক লোক রহিয়াছে, কাহাকেই বা দোষ দিবেন, কাহাকেই বা সন্দেহ করিবেন। যাহার যখন খুশি আসিতেছে যাইতেছে।"

অধরলাল মান্টারকে ডাকাইয়া বলিলেন, "দেখো হরলাল, তোমাদের কাহাকেও ২২॥২৩

বাড়িতে রাখা আমার পক্ষে স্থবিধা হইবে না। এখন হইতে তুমি আলাদা বাদায় খাকিয়া বেণুকে ঠিক সময়মত পড়াইয়া যাইবে, এই হইলেই ভালো হয়— নাহয় আমি তোমার ছই টাকা মাইনে বুদ্ধি করিয়া দিতে রান্ধি আছি।"

রতিকাম্ব তামাক টানিতে টানিতে বলিল, "এ তো অতি ভালো কথা— উভয়পক্ষেই ভালো।"

হরলাল মুখ নিচু করিয়া শুনিল। তথন কিছু বলিতে পারিল না। ঘরে আদিয়া অধরবাবুকে চিঠি লিখিয়া পাঠাইল, নানা কারণে বেণুকে পড়ানো তাহার পক্ষে স্বিধা হইবে না--- অতএব আজই দে বিদায় গ্রহণ করিবার জন্ত প্রস্তুত হইয়াছে।

দেদিন বেণু ইন্ধূল হইতে ফিরিয়া আসিয়া দেখিল, মান্টারমশায়ের ঘর শৃষ্ম। তাঁহার সেই ভগ্নপ্রায় টিনের পেঁটরাটিও নাই। দড়ির উপর তাঁহার চাদর ও গামছা ঝুলিত, সে দড়িটা আছে, কিন্তু চাদর ও গামছা নাই। টেবিলের উপর থাতাপত্র ও বই এলোমেলো ছড়ানো থাকিত, তাহার বদলে সেথানে একটা বড়ো বোতলের মধ্যে সোনালি মাছ ঝক্ঝক করিতে করিতে ওঠানামা করিতেছে। বোতলের গায়ের উপর মান্টারমশায়ের হন্তাক্ষরে বেণুর নাম লেথা একটা কাগজ আঁটা। আর-একটি ন্তন ভালো বাঁধাই করা ইংরেজি ছবির বই, ডাহার ভিতরকার পাতায় এক প্রান্তে বেণুর নাম ও তাহার নীচে আজকের তারিথ মাস ও সন দেওয়া আছে।

বেণু ছুটিয়া তাহার বাপের কাছে গিয়া কহিল, "বাবা, মান্টারমশায় কোথায় গেছেন।" বাপ তাহাকে কাছে টানিয়া লইয়া কছিলেন, "তিনি কাজ ছাড়িয়া দিয়া চলিয়া গেছেন।"

বেণু বাপের হাত ছাড়াইয়া লইয়া পাশের ঘরে বিছানার উপরে উপুড় হইয়া পড়িয়া কাঁদিতে লাগিল। অধরবাবু ব্যাকুল হইয়া কী করিবেন কিছুই ভাবিয়া পাইলেন না।

পরদিন বেলা সাড়ে দশটার সময় হরলাল একটা মেসের ঘরে তক্তপোশের উপর উন্মনা হইয়া বসিয়া কলেজে যাইবে কি না ভাবিতেছে এমন সময় হঠাৎ দেখিল প্রথমে অধরবাবুদের দরোয়ান ঘরে প্রবেশ করিল এবং তাহার পিছনে বেণু ঘরে চুকিয়াই হরলালের গলা জড়াইয়া ধরিল। হরলালের গলার স্বর আটকাইয়া গেল; কথা কহিতে গেলেই তাহার ছু চোথ দিয়া জল ঝরিয়া পড়িবে এই ভয়ে সে কোনো কথাই কহিতে পারিল না। বেণু কহিল, "মাস্টারমশায়, আমাদের বাড়ি চলো।"

বেণু তাহাদের বৃদ্ধ দরোয়ান চন্দ্রভানকে ধরিয়া পড়িয়াছিল, যেমন করিয়া হউক, মান্টারমশায়ের বাড়িতে তাহাকে লইয়া ঘাইতে হইবে। পাড়ার যে মুটে হরলালের

পেটরা বহিয়া আনিয়াছিল তাহার কাছ হইতে সন্ধান লইয়া আজ ইন্ধুলে যাইবার গাড়িতে চন্দ্রভান বেণুকে হরলালের মেসে আনিয়া উপস্থিত করিয়াছে।

কেন যে হরলালের পক্ষে বেণুদের বাড়ি যাওয়া একেবারেই অসম্ভব তাহা সে বলিতেও পারিল না, অথচ তাহাদের বাড়িতেও ষাইতে পারিল না। বেণু যে তাহার গলা জড়াইয়া ধরিয়া তাহাকে বলিয়াছিল 'আমাদের বাড়ি চলো'— এই স্পর্শ ও এই কথাটার স্থতি কত দিনে কত রাত্রে তাহার কঠ চাপিয়া ধরিয়া যেন তাহার নিখাস রোধ করিয়াছে— কিন্তু ক্রমে এমনও দিন আসিল যথন তুই পক্ষেই সমস্ত চুকিয়া গেল— বক্ষের শিরা আঁকড়াইয়া ধরিয়া বেদনা নিশাচর বাতুড়ের মতো আর ঝুলিয়া রহিল না।

ঙ

হরলাল অনেক চেটা করিয়াও পড়াতে আর তেমন করিয়া মনোযোগ করিতে পারিল না। সে কোনোমতেই স্থির হইয়া পড়িতে বসিতে পারিত না। সে থানিকটা পড়িবার চেটা করিয়াই ধাঁ করিয়া বই বন্ধ করিয়া ফেলিত এবং অকারণে ক্রুতপদে রাস্তায় ঘ্রিয়া আসিত। কলেজে লেক্চারের নোটের মাঝে মাঝে খ্ব বড়ো বড়ো ফাঁক পড়িত এবং মাঝে মাঝে যে সমস্ত আঁকজোঁক পাড়িত তাহার সঙ্গে প্রাচীন ইজিপ্টের চিত্রলিপি ছাড়া আর কোনো বর্ণমালার সাদৃশ্য ছিল না।

হরলাল ব্ঝিল, এ-সমস্ত ভালো লক্ষণ নয়। পরীক্ষায় সে যদি-বা পাস হয় বৃত্তি পাইবার কোনো সন্তাবনা নাই। বৃত্তি না পাইলে কলিকাভায় ভাহার একদিনও চলিবে না। ও দিকে দেশে মাকেও ছ-চার টাকা পাঠানো চাই। নানা চিস্তা করিয়া চাকরির চেটায় বাহির হইল। চাকরি পাওয়া কঠিন, কিন্তু না পাওয়া তাহার পক্ষে আরো কঠিন; এইজন্ত আশা ছাড়িয়াও আশা ছাড়িতে পারিল না।

হরলালের সৌভাগ্যক্রমে একটি বড়ো ইংরেজ সদাগরের আপিসে উমেদারি করিতে গিয়া হঠাং সে বড়োসাহেবের নজরে পড়িল। সাহেবের বিশ্বাস ছিল, তিনি ম্থ দেখিয়া লোক চিনিতে পারেন। হরলালকে ডাকিয়া তাহার সঙ্গে ত্-চার কথা কহিয়াই তিনি মনে মনে বলিলেন, এ লোকটা চলিবে। জিজ্ঞাসা করিলেন, "কাজ জানা আছে?" হরলাল কহিল, "না।" "জামিন দিতে পারিবে?" তাহার উত্তরেও "না"। "কোনো বড়োলোকের কাছ হইতে সার্টিফিকেট আনিতে পার?" কোনো বড়োলোকেরই সে জানে না।

ভনিয়া সাহেব আরো যেন থুশি হইয়াই কহিলেন, "আচ্ছা বেশ, পঁচিশ টাকা

বেতনে কাজ আরম্ভ করো, কাজ শিথিলে উন্নতি হইবে।" তার পরে সাহেব তাহার বেশভ্যার প্রতি দৃষ্টি করিয়া কহিলেন, "পনেরো টাকা আগাম দিতেছি— আপিসের উপযুক্ত কাপড় তৈরি করাইয়া লইবে।"

কাপড় তৈরি হইল, হরলাল আপিসেও বাহির হইতে আরম্ভ করিল। বড়োগাহেব তাহাকে ভূতের মতো খাটাইতে লাগিলেন। অন্ত কেরানিরা বাড়ি গেলেও হরলালের ছুটি ছিল না। এক-একদিন সাহেবের বাড়ি গিয়াও তাঁহাকে কাজ বুঝাইয়া দিয়া আসিতে হইত।

এমনি করিয়া কাজ শিথিয়া লইতে হরলালের বিলম্ব হইল না। তাহার সহযোগী কেরানিরা তাহাকে ঠকাইবার অনেক চেষ্টা করিল, তাহার বিরুদ্ধে উপরওয়ালাদের কাছে লাগালাগিও করিল, কিন্তু এই নিঃশব্দ নিরীহ সামাগ্য হরলালের কোনো অপকার করিতে পারিল না।

যথন তাহার চলিশ টাকা মাহিনা হইল, তথন হরলাল দেশ হইতে মাকে আনিয়া একটি ছোটোথাটো গলির মধ্যে ছোটোথাটো বাড়িতে বাসা করিল। এতদিন পরে তাহার মার ছংথ ঘূচিল। মা বলিলেন, "বাবা, এইবার বউ ঘরে আনিব।" হরলাল মাতার পায়ের ধুলা লইয়া বলিল, "মা, ওইটে মাপ করিতে হইবে।"

মাতার আর-একটি অমুরোধ ছিল। তিনি বলিতেন, "তুই যে দিনরাত তোর ছাত্র বেণুগোপালের গল্প করিদ, তাহাকে একবার নিমন্ত্রণ করিয়া থাওয়া। তাহাকে আমার দেখিতে ইচ্ছা করে।"

হরলাল কহিল, "মা, এ বাদায় তাহাকে কোথায় বদাইব। রোদো, একটা বড়ো বাদা করি, তাহার পরে তাহাকে নিমন্ত্রণ করিব।"

٩

হরলালের বেতনবৃদ্ধির দক্ষে ছোটো গলি হইতে বড়ো গলি ও ছোটো বাড়ি হইতে বড়ো বাড়িতে তাহার বাদ-পরিবর্তন হইল। তবু সে কী জানি কী মনে করিয়া, অধরলালের বাড়ি যাইতে বা বেণুকে নিজের বাদায় ভাকিয়া আনিতে কোনোমতেই মন স্থির করিতে পারিল না।

হয়তো কোনোদিনই তাহার সংকোচ ঘূচিত না। এমন সময়ে হঠাৎ থবর পাওয়া গেল বেণুর মা মারা গিয়াছেন। শুনিয়া মুহূর্ত বিলম্ব না করিয়া সে অধরলালের বাড়ি গিয়া উপস্থিত হইল।

এই হুই অসমবয়সী বন্ধুতে অনেকদিন পরে আবার একবার মিলন হইল। বেণুর

আশোচের সময় পার হইয়া গেল— তবু এ বাড়িতে হরলালের যাতায়াত চলিতে লাগিল। কিন্তু ঠিক তেমনটি আর কিছুই নাই। বেণু এখন বড়ো হইয়া উঠিয়া অনুষ্ঠ ও তর্জনী -যোগে তাহার নৃতন গোঁফের রেথার সাধ্যসাধনা করিতেছে। চালচলনে বাবুয়ানা ফুটিয়া উঠিয়াছে। এখন তাহার উপযুক্ত বন্ধুবান্ধবেরও অভাব নাই। ফোনোগ্রাফে থিয়েটারের নটাদের ইতর গান বাজাইয়া দে বন্ধুমহলকে আমোদে রাখে। পড়িবার ঘরে সেই সাবেক ভাঙা চৌকি ও দাগি টেবিল কোথায় গেল। আয়নাতে, ছবিতে, আসবাবে ঘর যেন ছাতি ফুলাইয়া রহিয়াছে। বেণু এখন কলেজে যায় কিন্তু দিতীয় বাহ্যিকের সীমানা পার হইবার জন্ত তাহার কোনো তাগিদ দেখা যায় না। বাপ স্থির করিয়া আছেন, ত্ই-একটা পাস করাইয়া লইয়া বিবাহের হাটে ছেলের বাজারদর বাড়াইয়া তুলিবেন। কিন্তু ছেলের মা জানিতেন ও ম্পাই করিয়া বলিতেন, "আমার বেণুকে সামান্ত লোকের ছেলের মতো গৌরব প্রমাণ করিবার জন্তু পাদের হিদাব দিতে হইবে না— লোহার সিন্তুকে কোম্পানির কাগজ অক্ষয় হইয়া থাক্।" ছেলেও মাতার এ কথাটা বেশ করিয়া মনে মনে বুঝিয়া লইয়াছিল।

যাহা হউক, বেণুর পক্ষে সে যে আজ নিতান্তই অনাবশ্যক তাহা হরলাল স্পষ্টই ব্ঝিতে পারিল এবং কেবলই থাকিয়া থাকিয়া সেই দিনের কথা মনে পড়িল, যেদিন বেণু হঠাৎ দকালবেলায় তাহার দেই মেদের বাদায় গিয়া তাহার গলা জড়াইয়া ধরিয়া বলিয়াছিল 'মাস্টারমশায় আমাদের বাড়ি চলো'। সে বেণু নাই, সে বাড়ি নাই, এখন মাস্টারমশায়কে কেই-বা ডাকিবে।

হরলাল মনে করিয়াছিল, এইবার বেণুকে তাহাদের বাদায় মাঝে মাঝে নিমন্ত্রণ করিবে। কিন্তু তাহাকে আহ্বান করিবার জোর পাইল না। একবার ভাবিল, উহাকে আদিতে বলিব; তাহার পরে ভাবিল, বলিয়া লাভ কী— বেণু হয়ভো নিমন্ত্রণ রক্ষা করিবে, কিন্তু, থাকু।

হর শলের মা ছাড়িলেন না। তিনি বারবার বলিতে লাগিলেন, তিনি নিজের হাতে রাধিয়া তাহাকে থাওয়াইবেন— আহা, বাছার মা মারা গেছে।

অবশেষে হরলাল একদিন তাহাকে নিমন্ত্রণ করিতে গেল। কহিল, "অধরবাবুর কাছ হইতে অস্থ্যতি লইয়া আসি।" বেণু কহিল, "অস্থ্যতি লইতে হইবে না, আপনি কি মনে করেন আমি এখনো সেই থোকাবাবু আছি।"

হরলালের বাদায় বেণু খাইতে আদিল। মা এই কাতিকের মতো ছেলেটিকে তাঁহার হুই স্নিগ্ধচক্ষুর আশীর্বাদে অভিযিক্ত করিয়া যত্ত করিয়া থাওয়াইলেন। তাঁহার কেবলই মনে হইতে লাগিল, আহা, এই বয়সের এমন ছেলেকে ফেলিয়া ইহার মা যথন মরিল তথন তাহার প্রাণ না জানি কেমন করিতেছিল।

আহার সারিয়াই বেণু কহিল, "মান্টারমশায়, আমাকে আজ একটু সকাল-সকাল যাইতে হইবে। আমার তুই-একজন বন্ধুর আসিবার কথা আছে।"

বলিয়া পকেট হইতে সোনার ঘড়ি খুলিয়া একবার সময় দেখিয়া লইন্স; তাহার পরে সংক্ষেপে বিদায় লইয়া জুড়িগাড়িতে চড়িয়া বসিল। হরলাল তাহার বাদার দরজার কাছে দাঁড়াইয়া রহিল। গাড়ি সমস্ত গলিকে কাঁপাইয়া দিয়া মূহুর্তের মধ্যেই চোখের বাহির হইয়া গেল।

মা কহিলেন, "হরলাল, উহাকে মাঝে মাঝে ডাকিয়া আনিস। এই বয়সে উহার মা মারা গেছে মনে করিলে আমার প্রাণটা কেমন করিয়া উঠে।"

হরলাল চূপ করিয়া রহিল। এই মাতৃহীন ছেলেটকে দাখনা দিবার জক্ত সে কোনো প্রয়োজন বোধ করিল না। দীর্ঘনিখাদ ফেলিয়া মনে মনে কহিল, 'বাদ্, এই পর্যন্ত। আর কথনো ডাকিব না। একদিন পাঁচ টাকা মাইনের মান্টারি করিয়াছিলাম বটে— কিন্তু আমি দামাক্ত হরলাল মাত্র।'

6

একদিন সন্ধ্যার পর হরলাল আপিদ হইতে ফিরিয়া আসিয়া দেখিল, তাহার একতলার ঘরে অন্ধকারে কে একজন বিদয়া আছে। সেথানে যে কোনো লোক আছে তাহা লক্ষ্য না করিয়াই সে বোধ হয় উপরে উঠিয়া যাইত, কিন্তু দরজায় ঢুকিয়াই দেখিল এসেন্সের গন্ধে আকাশ পূর্ণ। ঘরে প্রবেশ করিয়া হরলাল জিজ্ঞাদা করিল, "কে, মশায়।" বেণু বলিয়া উঠিল, "মান্টারমশায়, আমি।"

হরলাল কহিল, "এ কী ব্যাপার। কথন আসিয়াছ।"

বেণু কহিল, "অনেকক্ষণ আসিয়াছি। আপনি যে এত দেরি করিয়া আপিস হইতে ফেরেন তাহা তো আমি জানিতাম না।"

বছকাল হইল দেই-যে নিমন্ত্রণ থাইয়া গেছে তাহার পরে আর একবারও বেণু এ বাদায় আদে নাই। বলা নাই, কহা নাই, আজ হঠাৎ এমন করিয়া দে যে সন্ধ্যার দময় এই অন্ধকার হরের মধ্যে অপেক্ষা করিয়া বদিয়া আছে ইহাতে হরলালের মন উদ্বিশ্ব হইয়া উঠিল।

উপরের ঘরে গিয়া বাতি জালিয়া ছুইজনে বসিল। হরলাল জিঞাসা করিল, "সব ভালো তো? কিছু বিশেষ থবর আছে?"

বেণু কহিল, পড়াশুনা ক্রমে তাহার পক্ষে বড়োই একঘেয়ে হইয়া আদিয়াছে। কাঁহাতক সে বৎসরের পর বৎসর ওই সেকেও ইয়ারেই আটকা পড়িয়া থাকে। তাহার চেয়ে অনেক বয়সে-ছোটো ছেলের সঙ্গে তাহাকে একসঙ্গে পড়িতে হয়— তাহার বড়ো লক্ষা করে। কিন্তু বাবা কিছুতেই বোঝেন না।

হরলাল জিজ্ঞানা করিল, "তোমার কী ইচ্ছা।"

বেণু কহিল, তাহার ইচ্ছা দে বিলাত যায়, বারিস্টার হইয়া আদে। তাহারই দলে একদলে পড়িত, এমন-কি, তাহার চেয়ে পড়াভনায় অনেক কাঁচা একটি ছেলে বিলাতে যাইবে হির হইয়া গেছে।

হরলাল কহিল, "তোমার বাবাকে তোমার ইচ্ছা জানাইয়াছ?"

বেণু কহিল, "জানাইয়াছি। বাবা বলেন, পাদ না করিলে বিলাতে ঘাইবার প্রস্তাব তিনি কানে আনিবেন না। কিন্তু আমার মন থারাপ হইয়া গেছে— এখানে থাকিলে আমি কিছুতেই পাদ করিতে পারিব না।"

হরলাল চুপ করিয়া বসিয়া ভাবিতে লাগিল। বেণু কহিল, "আজ এই কথা লইয়া বাবা আমাকে যাহা মুখে আসিয়াছে তাহাই বলিয়াছেন। তাই আমি বাড়ি ছাড়িয়া চলিয়া আসিয়াছি। মা থাকিলে এমন কখনোই হইতে পারিত না।" বলিতে বলিতে সে অভিমানে কাঁদিতে লাগিল।

হরলাল কহিল, "চলো আমি-স্থদ্ধ তোমার বাবার কাছে যাই, প্রামর্শ করিয়া যাহা ভালো হয় স্থির করা যাইবে।"

বেণু কহিল, "না, আমি সেখানে যাইব না।"

বাপের সঙ্গে রাগারাগি করিয়া হরলালের বাড়িতে আসিয়া বেণু থাকিবে, এ কথাটা হরলালের মোটেই ভালো লাগিল না। অথচ 'আমার বাড়ি থাকিতে পারিবে না' এ কথা বলাও বড়ো শক্ত। হরলাল ভাবিল, আর-একটু বাদে মনটা একটু ঠাণ্ডা হইলেই ইহাকে ভূলাইয়া বাড়ি লইয়া যাইব। জিজ্ঞাদা করিল, "তুমি থাইয়া আসিয়াছ ?"

বেণু কহিল, "না, আমার কুধা নাই— আমি আজ থাইব না।"

হরলাল কহিল, "সে কি হয়।" তাড়াতাড়ি মাকে গিয়া কহিল, "মা, বেণু আসিয়াছে, তাহার জ্ঞ কিছু থাবার চাই।"

শুনিয়া মা ভারি খুশি হইয়া থাবার তৈরি করিতে গেলেন। হরলাল আপিলের কাপড় ছাড়িয়া মৃথহাত ধুইয়া বেণুর কাছে আসিয়া বসিল। একটুথানি কাশিয়া একটুথানি ইতন্তত করিয়া সে বেণুর কাঁধের উপর হাত রাথিয়া কহিল, "বেণু, কাজটা ভালো হইতেছে না। বাবার দলে ঝগড়া করিয়া বাড়ি হইতে চলিয়া আসা, এটা তোমার উপযুক্ত নয়।"

শুনিয়া তথনই বিছানা ছাড়িয়া উঠিয়া বেণু কহিল, "আপনার এখানে যদি শ্বিধা না হয় আমি সতীশের বাড়ি যাইব।" বলিয়া সে চলিয়া যাইবার উপক্রম করিল। হরলাল তাহার হাত ধরিয়া কহিল, "রোসো, কিছু থাইয়া যাও।"

বেণু রাগ করিয়া কহিল, "না, আমি খাইতে পারিব না।" বলিয়া হাত ছাড়াইয়া ধর হইতে বাহির হইয়া আদিল।

এমন সময় হরলালের জন্ত যে জলখাবার প্রস্তুত ছিল তাহাই বেণুর জন্ত থালায় গুডাইয়া মা তাহাদের সন্মুথে আসিয়া উপস্থিত হইলেন। কহিলেন, "কোথায় যাও, বাছা।"

বেণু কহিল, "আমার কাজ আছে, আমি চলিলাম।"

মা কহিলেন, "সে কি হয় বাছা, কিছু না খাইয়া যাইতে পারিবে না।" এই বলিয়া দেই বারান্দায় পাত পাড়িয়া তাহাকে হাতে ধরিয়া থাইতে বদাইলেন।

বেণু রাগ করিয়া কিছু খাইতেছে না, খাবার লইয়া একটু নাড়াচাড়া করিতেছে মাত্র, এমন সময় দরজার কাছে একটা গাড়ি আদিয়া থামিল। প্রথমে একটা দরোয়ান ও তাহার পশ্চাতে স্বয়ং অধরবাবু মচ্মচ্ শব্দে সিঁড়ি বাহিয়া উপরে আদিয়া উপস্থিত। বেণুর মুখ বিবর্ণ হইয়া গেল।

মা ঘরের মধ্যে দরিয়া গেলেন। অধর ছেলের সম্মুখে আসিয়া ক্রোধে কম্পিত কঠে হরলালের দিকে চাহিয়া কহিলেন, "এই বৃঝি! রতিকান্ত আমাকে তথনি বলিয়াছিল, কিন্তু তোমার পেটে যে এত মতলব ছিল তাহা আমি বিশাস করি নাই। তৃমি মনে করিয়াছ বেণুকে বশ করিয়া উহার ঘাড় ভাঙিয়া খাইবে। কিন্তু সে হইতে দিব না। ছেলে চুরি করিবে! তোমার নামে পুলিস-কেস করিব, তোমাকে জেলে ঠেলিব তবে ছাড়িব।" এই বলিয়া বেণুর দিকে চাহিয়া কহিলেন, "চল্। ওঠ্।" বেণু কোনো কথাটি না কহিয়া তাহার বাপের পিছনে পিছনে চলিয়া গেল।

সেদিন কেবল হরলালের মুখেই খাবার উঠিল না।

৯

এবারে হরলালের সদাগর-আপিস কী জানি কী কারণে মফস্বল হইতে প্রচুর পরিমাণে চাল ডাল ধরিদ করিতে প্রবৃত্ত হইয়াছে। এই উপলক্ষে হরলালকে প্রতি সপ্তাহেই শনিবার ভোরের গাড়িতে সাত-আট হাজার টাকা লইয়া মফস্বলে ঘাইতে হইত। পাইকেরদিগকে হাতে হাতে দাম চুকাইয়া দিবার জন্ত মফস্বলের একটা বিশেষ কেন্দ্রে তাহাদের যে আপিদ আছে দেইখানে দশ ওপাচ টাকার নোট ও নগদ টাকা লইয়া দে যাইত, দেখানে রদিদ ও থাতা দেখিয়া গত সপ্তাহের মোটা হিদাব মিলাইয়া, বর্তমান সপ্তাহের কাজ চালাইবার জন্ত টাকা রাখিয়া আদিত। সল্পে আপিদের তুইজন দরোয়ান যাইত। হরলালের জামিন নাই বলিয়া আপিদে একটা কথা উঠিয়াছিল, কিন্তু বড়োদাহেব নিজের উপর সমস্ত ঝুঁকি লইয়া বলিয়াছিলেন— হরলালের জামিনের প্রয়োজন নাই।

মাঘ মাস হইতে এইভাবে কাজ চলিতেছে, চৈত্র পর্যস্ত চলিবে এমন সম্ভাবনা আছে। এই ব্যাপার লইয়া হরলাল বিশেষ ব্যস্ত ছিল। প্রায়ই তাহাকে অনেক রাত্রে আপিস হইতে ফিরিতে হইত।

একদিন এইরূপ রাত্রে ফিরিয়া শুনিল বেণু আসিয়াছিল, মা তাহাকে থাওয়াইয়া যত্ন করিয়া বদাইয়াছিলেন— সেদিন তাহার সঙ্গে কথাবার্তা গল্প করিয়া তাহার প্রতি তাঁহার মন আরো স্নেহে আরুষ্ট হইয়াছে।

এমন আরো হুই-একদিন হইতে লাগিল। মা বলিলেন, "বাড়িতে মা নাই নাকি, দেইজ্ঞ দেখানে তাহার মন টেঁকে না। আমি বেণুকে তোর ছোটো ভাইয়ের মতো, আপন ছেলের মতোই দেখি। দেই স্থেহ পাইয়া আমাকে কেবল মা বলিয়া ভাকিবার জ্ঞ্ঞ এখানে আদে।" এই বলিয়া আঁচলের প্রাস্ত দিয়া তিনি চোথ মুছিলেন।

হরলালের একদিন বেণুর সঙ্গে দেখা হইল। সেদিন সে অপেক্ষা করিয়া বসিয়া ছিল। অনেক রাত পর্যন্ত কথাবার্তা হইল। বেণু বলিল, "বাবা আজকাল এমন হইয়া উঠিয়াছেন ষে আমি কিছুতেই বাড়িতে টি কৈতে পারিতেছি না। বিশেষত শুনিতে পাইতেছি, তিনি বিবাহ করিবার জন্ম প্রস্তুত হইতেছেন। রতিবাবু সম্বন্ধ লইয়া আসিতেছেন— তাঁহার সঙ্গে কেবলই পরামর্শ চলিতেছে। পূর্বে আমি কোথাও গিয়া দেরি করিলে বাবা অন্থির হইয়া উঠিতেন, এখন যদি আমি ছই-চারিদিন বাড়িতে না ফিরি তাহা হইলে তিনি আরাম বোধ করেন। আমি বাড়ি থাকিলে বিবাহের আলোচনা সাবধানে করিতে হয় বলিয়া আমি না থাকিলে তিনি হাঁফ ছাড়িয়া বাঁচেন। এ বিবাহ যদি হয় তবে আমি বাড়িতে থাকিতে পারিব না। আমাকে আপনি উদ্ধারের একটা পথ দেখাইয়া দিন— আমি স্বতম্ব হইতে চাই।"

ক্ষেত্তে ও বেদনায় হরলালের হৃদয় পরিপূর্ণ হইয়া উঠিল। সংকটের সময় আর-সকলকে ফেলিয়া বেণু যে তাহার সেই মাস্টারমশায়ের কাছে আদিয়াছে, ইহাতে কটের সঙ্গে কভে কভার আনন্দ হইল। কিন্তু মাস্টারমশায়ের কভটুকুই বা সাধ্য আছে। বেণু কহিল, "যেমন করিয়া হোক, বিলাতে গিন্ধা বারিন্টার ছইয়া আসিলে এই বিপদ হুইতে পরিত্তাণ পাই।"

हतमान कश्नि, "অधत्रवाव् कि घाँडेरा पिरवन।"

বেগু কহিল, "আমি চলিয়া গেলে তিনি বাঁচেন। কিন্তু টাকার উপরে ষেরকম মায়া, বিলাতের থরচ তাঁহার কাছ হইতে সহজে আদায় হইবে না। একটু কৌশল করিতে হইবে।"

হরলাল বেণুর বিজ্ঞতা দেখিয়া হাসিয়া কহিল, "কী কৌশল।"

বেণু কহিল, "আমি হ্যাণ্ডনোটে টাকা ধার করিব। পাওনাদার আমার নামে নালিশ করিলে বাবা তথন দায়ে পড়িয়া শোধ করিবেন। সেই টাকায় পালাইয়া বিলাত যাইব। সেথানে গেলে তিনি থরচ না দিয়া থাকিতে পারিবেন না।"

হরলাল কহিল, "তোমাকে টাকা ধার দিবে কে।"

বেণু কহিল, "আপনি পারেন না ?"

হরলাল আশ্চর্য হইয়া কহিল, "আমি!" মুথে আর কোনো কথা বাহির হইল না।
বেণু কহিল, "কেন, আপনার দরোয়ান তো তোড়ায় করিয়া অনেক টাকা ঘরে
আনিল।"

হরলাল হাসিয়া কহিল, "সে দরোয়ানও যেমন আমার, টাকাও তেমনি।"

বলিয়া এই আপিদের টাকার ব্যবহারটা কী তাহা বেণুকে বুঝাইয়া দিল। এই টাকা কেবল একটি রাত্রের জন্তই দরিলের ঘরে আশ্রয় লয়, প্রভাত হইলে দশ দিকেতে গমন করে।

বেণু কহিল, "আপনাদের সাহেব আমাকে ধার দিতে পারেন না? নাহয় আমি
স্ফদ বেশি করিয়া দিব।"

হরলাল কহিল, "তোমার বাপ যদি সিকিউরিটি দেন তাহা হইলে আমার অহুরোধে হয়তো দিতেও পারেন।"

বেণু কহিল, "বাবা যদি দিকিউরিটি দিবেন তো টাকা দিবেন না কেন।"

তর্কটা এইথানেই মিটিয়া গেল। হরলাল মনে মনে ভাবিতে লাগিল, 'আমার ষদি কিছু থাকিত, তবে বাড়িঘর জমিজমা সমস্ত বেচিয়া-কিনিয়া টাকা দিতাম।' কিছু একটিমাত্র অন্ধবিধা এই বে, বাড়িঘর জমিজমা কিছুই নাই। 50

একদিন শুক্রবার রাত্রে হরলালের বাদার সম্মুথে জুড়িগাড়ি দাঁড়াইল। বেণু গাড়ি হইতে নামিবামাক্র হরলালের আপিদের দরোয়ান তাহাকে মন্ত একটা দেলাম করিয়া উপরে বাবৃকে শশব্যস্ত হইয়া সংবাদ দিতে গেল। হরলাল তথন তাহার শোবার ঘরে মেজের উপর বিদয়া টাকা মিলাইয়া লইতেছিল। বেণু দেই ঘরেই প্রবেশ করিল। আছ তাহার বেশ কিছু নৃতন ধরনের। শৌধিন ধুতিচাদরের বদলে নধর শরীরে পাশি কোট ও প্যাণ্টলুন আঁটিয়া মাথায় ক্যাপ পরিয়া আসিয়াছে। তাহার হই হাতের আঙুলে মণিমুক্তার আংটি ঝক্মক্ করিতেছে। গলা হইতে লখিত মোটা সোনার চেনে আবদ্ধ ঘড়ি বৃকের পকেটে নিবিষ্ট। কোটের আন্তিনের ভিতর হইতে জামার হাতায় হীরার বোতাম দেখা যাইতেছে।

হরলাল টাকা গোনা বন্ধ করিয়া আশ্চর্য হইয়া কহিল, "এ কী ব্যাপার। এড রাত্তে এ বেশে যে ?"

বেণু কহিল, "পরত বাবার বিবাহ। তিনি আমার কাছে তাহা গোপন করিয়া রাথিয়াছেন, কিন্তু আমি থবর পাইয়াছি। বাবাকে বলিলাম আমি কিছুদিনের জন্ত আমাদের বারাকপুরের বাগানে হাইব। ভনিয়া তিনি ভারি খুণি হইয়া রাজি হইয়াছেন। তাই বাগানে চলিয়াছি; ইচ্ছা হইতেছে, আর ফিরিব না। যদি সাহস থাকিত তবে গলার জলে ভূবিয়া মরিতাম।"

বলিতে বলিতে বেণু কাঁদিয়া ফেলিল। হরলালের বুকে যেন ছুরি বিঁধিতে লাগিল। একজন অপরিচিত স্ত্রীলোক আদিয়া বেণুর মার ঘর, মার খাট, মার স্থান অধিকার করিয়া লইলে, বেণুর স্নেহস্থতিজড়িত বাড়ি যে বেণুর পক্ষে কিরকম কণ্টকময় হইয়া উঠিবে তাহা হরলাল সমস্ত হৃদয় দিয়া বৃঝিতে পারিল। মনে মনে ভাবিল, পৃথিবীতে গরিব হইয়া না জন্মিলেও তৃঃথের এবং অপমানের অস্ত নাই। বেণুকে কী বলিয়া যে সান্থনা দিবে তাহা কিছুই ভাবিয়া না পাইয়া বেণুর হাতখানা নিজের হাতে লইল। লইবামাত্র একটা তর্ক তাহার মনে উদয় হইল। সে ভাবিল, এমন একটা বেদনার সময় বেণু কী করিয়া এত সাজ করিতে পারিল।

হরলাল তাহার আংটির দিকে চোথ রাথিয়াছে দেথিয়া বেণু ষেন তাহার মনের প্রমাট আঁচিয়া লইল। বে বলিল, "এই আংটিগুলি আমার মায়ের।"

ভনিয়া হরলাল বহু কটে চোথের জল সামলাইয়া লইল। কিছুক্ষণ পরে কহিল, "বেণু, থাইয়া আসিয়াছ ?"

বেণু কহিল, "হা- আপনার খাওয়া হয় নাই ?"

হরলাল কহিল, "টাকাগুলি গনিয়া আয়রন-চেস্টে না তুলিয়া মর হইতে বাহির হইতে পারিব না।"

বেণু কহিল, "আপনি খাইয়া আহ্নন, আপনার সঙ্গে অনেক কথা আছে। আমি ঘরে রহিলাম; মা আপনার খাবার লইয়া বসিয়া আছেন।"

হরলাল একটু ইতন্তত করিয়া কহিল, "আমি চটু করিরা থাইয়া আসিতেছি।"

হরলাল তাড়াতাড়ি থাওয়া সারিয়া মাকে লইয়া ঘরে প্রবেশ করিল। বেণু তাঁহাকে প্রণাম করিল, তিনি বেণুর চিবুকের স্পর্শ লইয়া চুম্বন করিলেন। হরলালের কাছে সমস্ত থবর পাইয়া তাঁহার বুক যেন ফাটিয়া যাইতেছিল। নিজের সমস্ত স্নেহ দিয়াও বেণুর অভাব তিনি পুরণ করিতে পারিবেন না এই তাঁহার ছঃধ।

চারি দিকে ছড়ানো টাকার মধ্যে তিনজনে বিদয়া বেণুর ছেলেবেলাকার গল্প ছইতে লাগিল। মান্টারমশায়ের দক্ষে জড়িত তাহার কত দিনের কত ঘটনা। তাহার মাঝে মাঝে সেই অসংযতক্ষেহশালিনী মার কথাও আসিয়া পড়িতে লাগিল।

এমনি করিয়া রাত অনেক হইয়া গেল। হঠাৎ একসময় ঘড়ি খুলিয়া বেণু কহিল, "আর নয়, দেরি করিলে গাড়ি ফেল করিব।"

হরলালের মা কহিলেন, "বাবা, আজ রাত্রে এইখানেই থাকো-না, কাল সকালে হরলালের সঙ্গে একসঙ্গেই বাহির হইবে।"

বেণু মিনতি করিয়া কহিল, "না মা, এ অন্ধরোধ করিবেন না, আজ রাত্তে যে করিয়া হউক আমাকে ঘাইতেই হইবে।"

হরলালকে কহিল, "মান্টারমশায়, এই আংটি-ঘড়িগুলা বাগানে লইয়া যাওয়া নিরাপদ নয়। আপনার কাছেই রাথিয়া যাই, ফিরিয়া আসিয়া লইয়া যাইব। আপনার দরোয়ানকে বলিয়া দিন, আমার গাড়ি হইতে চামড়ার হ্যাগুব্যাগটা আনিয়া দিক। সেইটের মধ্যে এগুলা রাথিয়া দিই।"

আপিসের দরোয়ান গাড়ি হইতে ব্যাগ লইয়া আসিল। বেণু তাহার চেন ঘড়ি আংটি বোতাম সমস্ত খুলিয়া ব্যাগের মধ্যে পুরিয়া দিল। সতর্ক হরলাল সেই ব্যাগটি লইয়া তথনই আয়রন-সেফের মধ্যে রাখিল।

বেণু হরলালের মার পায়ের ধুলা লইল। তিনি রুদ্ধকঠে আশীর্বাদ করিলেন, "মা জগদ্যা তোমার মা হইয়া তোমাকে রক্ষা করুন।"

তাহার পরে বেণু হরলালের পাদস্পর্শ করিয়া প্রণাম করিল। আর-কোনোদিন

সে হরলালকে এমন করিয়া প্রণাম করে নাই। হরলাল কোনো কথা না বলিয়া তাহার পিঠে হাত দিয়া তাহার দক্ষে দক্ষে নীচে নামিয়া আদিল। গাড়ির লঠনে আলো জালিল, ঘোড়া তুটা অধীর হইয়া উঠিল। কলিকাতার গ্যাসালোকখচিত নিশীথের মধ্যে বেণুকে লইয়া গাড়ি অদুশ্য হইয়া গেল।

হরলাল তাহার ঘরে আসিয়া অনেকক্ষণ ধরিয়া চূপ করিয়া বসিয়া রহিল। তাহার পর একটা দীর্ঘনিশ্বাস ফেলিয়া টাকা গনিতে গনিতে ভাগ করিয়া এক-একটা থলিতে ভরতি করিতে লাগিল। নোটগুলা পূর্বেই গনা হইয়া থলিবন্দি হইয়া লোহার সিন্দুকে উঠিয়াছিল।

22

লোহার সিন্দুকের চাবি মাথার বালিশের নীচে রাথিয়া সেই টাকার ঘরেই হরলাল অনেক রাত্রে শয়ন করিল। ভালো ঘুম হইল না। স্বপ্রে দেখিল— বেণুর মা পদার আড়াল হইতে তাহাকে উচ্চন্বরে তিরস্কার করিভেছেন; কথা কিছুই স্পষ্ট শুনা যাইতেছে না, কেবল দেই অনিদিষ্ট কণ্ঠন্বরের সঙ্গে দঙ্গে বেণুর মার চুনি-পানাহীরার অলংকার হইতে লাল সব্জ শুল্ল রশ্মির স্থচিগুলি কালো পদাটাকে ফুঁড়িয়া বাহির হইয়া আন্দোলিত হইতেছে। হরলাল প্রাণপণে বেণুকে ডাকিবার চেষ্টা করিতেছে কিন্তু তাহার গলা দিয়া কিছুতেই স্বর বাহির হইতেছে না। এমন সময় প্রচণ্ড শঙ্গে কী একটা ভাঙিয়া পদা ছিঁড়িয়া পড়িয়া গেল— চমকিয়া চোথ মেলিয়া হরলাল দেখিল একটা শুপাকার অন্ধকার। হঠাৎ একটা দমকা হাওয়া উঠিয়া সশব্দে জানলায় ঠেলা দিয়া আলো নিবাইয়া দিয়াছে। হরলালের সমস্ত শরীর ঘামে ভিজিয়া গেছে। দে তাড়াতাড়ি উঠিয়া দেশালাই দিয়া আলো জালিল। ঘড়িতে দেখিল চারটে বাজিয়াছে। আর ঘুমাইবার সমন্থ নাই— টাকা লইয়া মফস্বলে যাইবার জন্ত প্রস্তত হইতে হইবে।

হরলাল মুথ ধুইয়া ফিরিবার সময় মা তাঁহার ঘর হইতে কহিলেন, "কী বাবা, উঠিয়াছিস?"

হরলাল প্রভাতে প্রথমে মাতার মললম্থ দেখিবার জন্ম ঘরে প্রবেশ করিল।
মা তাহার প্রণাম লইয়া মনে মনে তাহাকে আশীর্বাদ করিয়া কহিলেন, "বাবা, আমি
এইমাত্র স্বপ্ন বেধিতেছিলাম, তুই যেন বউ আনিতে চলিয়াছিল। ভোরের স্বপন কি
মিথ্যা ছইবে।"

हत्रनाम हामित्रा घरत ध्यर्यं कतिम। ठीका ७ मार्टित थरनेश्वरना माहात्र

সিন্দুক হইতে বাহির করিয়া পাাকবাক্ষয় বন্ধ করিবার জ্বল্ল উদ্যোগ করিতে লাগিল। হঠাৎ তাহার বৃকের ভিতর ধড়াস করিয়া উঠিল— ছই-তিনটা নোটের থলি শৃল। মনে হইল স্থপন দেখিতেছে। থলেগুলা লইয়া সিন্দুকের গায়ে জোরে আছাড় দিল— তাহাতে শৃল্ল থলের শৃল্লতা অপ্রমাণ হইল না। তবু বৃথা আশায় থলের বন্ধনগুলা খুলিয়া খুব করিয়া ঝাড়া দিল, একটি থলের ভিতর হইতে ছইথানি চিঠি বাহির হইয়া পড়িল। বেণুর হাতের লেখা— একটি চিঠি তাহার বাপের নামে, আর-একটি হরলালের।

তাড়াতাড়ি খুলিয়া পড়িতে গেল। চোথে ষেন দেখিতে পাইল না। মনে হইল ষেন আলো যথেষ্ট নাই। কেবলই বাতি উসকাইয়া দিতে লাগিল। যাহা পড়ে তাহা ভালো বোঝে না, বাংলা ভাষা যেন ভূলিয়া গেছে।

কথাটা এই যে, বেণু তিন হাজার টাকার পরিমাণ দশটাকাওয়ালা নোট লইয়া বিলাতে যাত্রা করিয়াছে, আজ ভোরেই জাহাজ ছাড়িবার কথা। হরলাল যে সময় খাইতে গিয়াছিল সেই সময় বেণু এই কাণ্ড করিয়াছে। লিখিয়াছে যে, 'বাবাকে চিঠি দিলাম, তিনি আমার এই ঋণ শোধ করিয়া দিবেন। তা ছাড়া ব্যাগ খুলিয়া দেখিবেন, তাহার মধ্যে মায়ের যে গহনা আছে তাহার দাম, কত ঠিক জানি না, বোধ হয় তিন হাজার টাকার বেশি হইবে। মা যদি বাঁচিয়া থাকিতেন তবে বাবা আমাকে বিলাতে যাইবার টাকা না দিলেও এই গহনা দিয়াই নিশ্চয় মা আমাকে থয়চ জোগাড় করিয়া দিতেন। আমার মায়ের গহনা বাবা যে আর-কাহাকেও দিবেন তাহা আমি সহু করিতে পারি নাই। সেইজ্লা ধেমন করিয়া পারি আমিই তাহা লইয়াছি। বাবা যদি টাকা দিতে দেরি করেন তবে আপনি অনায়াসে এই গহনা বেচিয়া বা বন্ধক দিয়া টাকা লইতে পারিবেন। এ আমার মায়ের জিনিস— এ আমারই জিনিস।' এ ছাড়া আরো অনেক কথা— সে কোনো কাজের কথা নহে।

হরলাল ঘরে তালা দিয়া তাড়াতাড়ি একথানা গাড়ি লইয়া গলার ঘাটে ছুটিল।
কোন জাহাজে বেণু থাতা করিয়াছে তাহার নামও সে জানে না। মেটিয়াব্রুজ
পর্যন্ত ছুটিয়া হরলাল থবর পাইল তুইথানা জাহাজ ভোরে রওনা হইয়া গেছে।
ত্থানাই ইংলণ্ডে ঘাইবে। কোন্ জাহাজে বেণু আছে তাহাও তাহার অনুমানের
অতীত এবং সে জাহাজ ধরিবার যে কী উপায় তাহাও সে ভাবিয়া পাইল না।

মেটিয়াব্রুক্ত হইতে তাহার বাসার দিকে যথন গাড়ি ফিরিল তথন সকালের রৌজে কলিকাতা শহর জাগিয়া উঠিয়াছে। হরলালের চোথে কিছুই পড়িল না। ভাহার দমন্ত হতবৃদ্ধি অন্তঃকরণ একটা কলেবরহীন নিদারণ প্রতিকূলতাকে যেন কেবলই প্রাণপণে ঠেলা মারিডেছিল— কিন্তু কোথাও এক ভিলও তাহাকে টলাইতে পারিডেছিল না। যে বাদায় তাহার মা থাকেন, এতদিন যে বাদায় পা দিবামাত্র কর্মক্ষেত্রের দমন্ত ক্লান্তি ও সংঘাতের বেদনা মৃহুর্তের মধ্যেই তাহার দ্র হইয়া গিয়াছে, দেই বাদার সম্মুখে গাড়ি আসিয়া দাঁড়াইল— গাড়োয়ানের ভাড়া চুকাইয়া দিয়া দেই বাদার মধ্যে সে অপ্রিমেয় নৈরাগ্য ও ভয় লইয়া প্রবেশ করিল।

মা উদ্বিশ্ন হইয়া বারান্দায় দাঁড়াইয়া ছিলেন। জিজ্ঞাসা করিলেন, "বাবা, কোথায় গিয়াছিলে।"

হরলাল বলিয়া উঠিল, "মা, তোমার জক্ত বউ আনিতে গিয়াছিলাম।" বলিয়া শুক্কঠে হাসিতে হাসিতে সেইঝানেই মূছিত হইয়া পড়িয়া গেল।

"ও মা, কী হইল গো" বলিয়া মা তাড়াতাড়ি জল আনিয়া তাহার মুখে জলের ঝাপটা দিতে লাগিলেন।

কিছুক্ষণ পরে হরলাল চোথ খুলিয়া শৃগুদৃষ্টিতে চারি দিকে চাহিয়া উঠিয়া বদিল। হরলাল কহিল, "মা, তোমরা ব্যন্ত হইয়ো না। আমাকে একটু একলা থাকিতে দাও।" বলিয়া দে তাড়াতাড়ি মরের মধ্যে প্রবেশ করিয়াই ভিতর হইতে দরক্ষা বন্ধ করিয়া দিল। মা দরজার বাহিরে মাটির উপর বদিয়া পড়িলেন— ফাল্পনের রোক্ত তাঁহার সর্বাব্দে আদিয়া পড়িল। তিনি রুদ্ধ দরজার উপর মাধা রাথিয়া থাকিয়া থাকিয়া কেবল ডাকিতে লাগিলেন, "হরলাল, বাবা হরলাল।"

হরলাল কহিল, "মা, একটু পরেই আমি বাহির হইব, এখন তুমি যাও।" মা রৌজে দেইখানেই বসিয়া জপ করিতে লাগিলেন।

আপিনের দরোয়ান অসিয়া দরজায় ঘা দিয়া কহিল, "বাবু, এখনি না বাহির হইলে আর গাড়ি পাওয়া যাইবে না।"

হরলাল ভিতর হইতে কহিল, "আজ দাতটার গাড়িতে যাওয়া হইবে না।" দরোয়ান কহিল, "তবে কথন যাইবেন।"

হরলাল কহিল, "দে আমি তোমাকে পরে বলিব।"

मद्रायान याथा नाष्ट्रिया हाक छन्ठाह्या नीटह हनिया दशन।

হরলাল ভাবিতে লাগিল, 'এ কথা বলি কাহাকে। এ যে চুরি। বেণুকে কি জেলে দিব।'

হঠাৎ সেই গহনার কথা মনে পড়িল। সে কথাটা একেবারেই ভূলিয়া গিয়াছিল। মনে হইল যেন কিনারা পাওয়া গেল। ব্যাগ খূলিয়া দেখে ভাহার মধ্যে শুলু আংটি ঘড়ি বোতাম হার নহে— বেস্লেট চিক সিঁথি মৃক্তার মালা প্রভৃতি আরো অনেক দামী গহনা আছে। তাহার দাম তিন হাজার টাকার অনেক বেশি। কিছু এও তো চুরি। এও তো বেণ্র নয়। এ ব্যাগ যতক্ষণ তাহার ঘরে থাকে ততক্ষণ তাহার বিপদ।

তথন আর দেরি না করিয়া অধরলালের সেই চিঠি ও ব্যাগ লইয়া হরলাল ঘর হইতে বাহির হইল।

মা জিজ্ঞাদা করিলেন, "কোথায় যাও, বাবা।"

হরলাল কহিল, "অধরবাবুর বাড়িতে।"

মার বুক হইতে হঠাৎ অনির্দিষ্ট ভয়ের একটা মন্ত বোঝা নামিয়া গেল। তিনি স্থির করিলেন, ওই-যে হরলাল কাল শুনিয়াছে বেগুর বাপের বিয়ে, তাই শুনিয়া অবধি বাছার মনে শাস্তি নাই। আহা, বেগুকে কত ভালোই বাসে।

মা জিজ্ঞানা করিলেন, "আজ তবে তোমার আর মফস্বলে যাওয়া হইবে না ?" হরলাল কহিল, "না।" বলিয়াই ভাড়াভাড়ি বাহির হইয়া পড়িল।

অধরবাব্র বাড়ি পৌছিবার পূর্বেই দ্র হইতে শোনা গেল রসনচৌকি আলেয়া রাগিণীতে করুণস্বরে আলাপ জড়িয়া দিয়াছে, কিন্তু হরলাল দরজায় চুকিয়াই দেখিল, বিবাহবাড়ির উৎসবের সঙ্গে একটা যেন অশান্তির লক্ষণ মিশিয়াছে। দরোয়ানের পাহারা কড়ারুড, বাড়ি হইতে চাকরবাকর কেহ বাহির হইতে পারিতেছে না—সকলেরই মুথে ভয় ও চিন্তার ভাব; হরলাল থবর পাইল, কাল রাত্রে বাড়িতে অনেক টাকার গহনা চুরি হইয়া গেছে। তুই-তিনজন চাকরকে বিশেষভাবে সন্দেহ করিয়া প্লিদের হাতে সমর্পণ করিবার উদ্যোগ হইতেছে।

হরলাল দোতলায় বারান্দায় গিয়া দেখিল, অধরবাবু আগুন হইয়া বসিয়া আছেন, ও রতিকান্ত তামাক খাইতেছে। হরলাল কহিল, "আপনার দকে গোপনে আমার একটু কথা আছে।"

অধরবাব্ চটিয়া উঠিয়া কহিলেন, "তোমার সঙ্গে গোপনে আলাপ করিবার এখন আমার সময় নয়— যাহা কথা থাকে এইখানেই বলিয়া ফেলো।"

তিনি ভাবিলেন, হরলাল বুঝি এই সময়ে তাঁহার কাছে সাহায্য বা ধার চাহিতে আসিয়াছে। রতিকান্ত কহিল, "আমার সামনে বাবুকে কিছু জানাইতে যদি লজ্জা করেন, আমি নাহয় উঠি।"

অধর বিরক্ত হইয়া কহিলেন, "আঃ, বোসো না।"
হরলাল কহিল, "কাল রাত্রে বেণু আমার বাড়িতে এই ব্যাগ রাখিয়া গেছে।"

অধর। ব্যাগে কী আছে।

र्जनान गांग थ्निया अध्वयांद्र राज्य मिन।

অধর। মাসারে ছাত্রে মিলিয়া বেশ কারবার খুলিয়াছ তো। জানিতে এ চোরাই মাল বিক্রি করিলে ধরা পড়িবে, তাই আনিয়া দিয়াছ— মনে করিতেছ সাধুতার জন্ম বকশিশ পাইবে ?

তথন হরলাল অধরের পত্রথানা তাঁহার হাতে দিল। পড়িয়া তিনি আশুন হইয়া উঠিলেন। বলিলেন, "আমি পুলিদে থবর দিব। আমার ছেলে এখনো সাবালক হয় নাই— তুমি তাহাকে চুরি করিয়া বিলাত পাঠাইয়াছ। হয়তো পাঁচশো টাকা ধার দিয়া তিন হাজার টাকা লিখাইয়া লইয়াছ। এ ধার আমি শুধিব না।"

হরলাল কহিল, "আমি ধার দিই নাই।"

অধর কহিলেন, "তবে সে টাকা পাইল কোথা হইতে। তোমার বাক্স ভাঙিয়া চুরি করিয়াছে ?"

হরলাল সে প্রশ্নের কোনো উত্তর দিল না। রতিকান্ত টিপিয়া টিপিয়া কহিল, "ওঁকে জিজ্ঞাদা কম্বন-না, তিন হাজার টাকা কেন, পাঁচশো টাকাও উনি কি কথনো চক্ষে দেখিয়াছেন।"

যাহা হউক, গহনা চুরির মীমাংসা হওয়ার পরেই বেগুর বিলাত পালানো সইয়া বাড়িতে একটা ছলমূল পড়িয়া গেল। হরলাল সমস্ত অপরাধের ভার মাধায় করিয়া লইয়া বাড়ি হইতে বাহির হইয়া আদিল।

রান্তায় যথন বাহির হইল তথন তাহার মন যেন অসাড় হইয়া গেছে। তম্ব করিবার এবং ভাবনা করিবারও শক্তি তথন ছিল না। এই ব্যাপারের পরিণাম যে কী হইতে পারে মন তাহা চিস্তা করিতেও চাহিল না।

গলিতে প্রবেশ করিয়া দেখিল তাহার বাড়ির সম্থে একটা গাড়ি দাঁড়াইয়া আছে। চমকিয়া উঠিল। হঠাৎ আশা হইল, বেণু ফিরিয়া আদিয়াছে। নিশ্চয়ই বেণু! তাহার বিপদ যে সম্পূর্ণ নিরূপায়রূপে চূড়াস্ত হইয়া উঠিবে এ কথা সে কোনোমতেই বিশাস করিতে পারিল না।

তাড়াতাড়ি গাড়ির কাছে আসিয়া দেখিল, গাড়ির ভিতরে তাহাদের আপিসের একজন সাহেব বসিয়া আছে। সাহেব হরলালকে দেখিয়াই গাড়ি হইতে নামিয়া তাহার হাত ধরিয়া বাড়িতে প্রবেশ করিল। জিজ্ঞাসা করিল, "আজ মফল্বলে গেলে না কেন।"

আপিদের দরোয়ান সন্দেহ করিয়া বড়োসাহেবকে গিয়া জানাইয়াছে— তিনি

## ইহাকে পাঠাইয়াছেন।

হরলাল বলিল, "তিন হাজার টাকার নোট পাওয়া যাইতেছে না।"
সাহেব জিজ্ঞাসা করিল, "কোথায় গেল ?"
হরলাল 'জানি না' এমন উত্তরও দিতে পারিল না, চূপ করিয়া রহিল।
সাহেব কহিল, "টাকা কোথায় আছে দেখিব চলো।"

হরলাল তাহাকে উপরের ঘরে লইয়া গেল। সাহেব সমন্ত গনিয়া চারি দিক খুঁ জিয়া পাতিয়া দেখিল। বাড়ির সমন্ত ঘর তর তর করিয়া অফুসদ্ধান করিতে লাগিল। এই ব্যাপার দেখিয়া মা আর থাকিতে পারিলেন না— তিনি সাহেবের সামনেই বাহির হইয়া ব্যাকুল হইয়া জিজ্ঞাসা করিলেন, "ওরে হরলাল, কী হইল রে।"

হরলাল কহিল, "মা, টাকা চুরি গেছে।"

মা কহিলেন, "চুরি কেমন করিয়া ঘাইবে। হরলাল, এমন সর্বনাশ কে করিল।" হরলাল কহিল, "মা, চুপ করো।"

সন্ধান শেষ করিয়া সাহেব জিজ্ঞাসা করিল, "এ ঘরে রাত্তে কে ছিল।"

হরলাল কহিল, "বার বন্ধ করিয়া আমি একলা তইয়াছিলাম- আর-কেহ ছিল না।"

সাহেব টাকাগুলা গাড়িতে তুলিয়া হরলালকে কহিল, "আচ্ছা, বড়োসাহেবের কাছে চলো।"

হরলালকে সাহেবের সঙ্গে চলিয়া যাইতে দেখিয়া মা ভাহাদের পথ রোধ করিয়া কহিল, "সাহেব, আমার ছেলেকে কোথায় লইয়া যাইবে। আমি না ধাইয়া এ ছেলে মাহুব করিয়াছি— আমার ছেলে কথনোই পরের টাকায় হাত দিবে না।"

मारहर तां:ला कथा किছू ना दुबिया कहिल, "बाच्हा, बाच्हा।"

হরলাল কহিল, "মা, তুমি কেন ব্যস্ত হইতেছ। বড়োলাহেবের লব্দে দেখা করিয়া আমি এখনি আদিতেছি।"

या **উদ্**বিগ্ন ছইয়া কহিলেন, "তুই যে সকাল থেকে কিছুই খাস নাই।"

সে কথার কোনো উত্তর না দিয়া হরলাল গাড়িতে উঠিয়া চলিয়া গেল। মা মেন্দের উপরে লুটাইয়া পড়িয়া রহিলেন।

বড়োদাহেব হরলালকে কহিলেন, "সভ্য করিয়া বলো ব্যাপারখানা কী।" • হরলাল কহিল, "আমি টাকা লই নাই।"

বড়োসাহেব। সে কথা আমি সম্পূর্ণ বিশাস করি। কিন্তু তুমি নিশ্চয় জান কে সইয়াছে ? হরলাল কোনো উত্তর না দিয়া মুখ নিচ্ করিয়া বদিয়া রহিল। সাহেব। তোমার জ্ঞাতসারে এ টাকা কেহ লইয়াছে ?

হরলাল কহিল, "আমার প্রাণ থাকিতে আমার জ্ঞাতসারে এ টাকা কেহ লইতে পারিত না।"

বড়োসাহেব কহিলেন, "দেখো হরলাল, আমি তোমাকে বিশাস করিয়া কোনো আমিন না লইয়া এই দায়িত্বের কাজ দিয়াছিলাম। আপিসের সকলেই বিরোধী ছিল। তিন হাজার টাকা কিছুই বেশি নয়। কিন্তু তুমি আমাকে বড়ো লজ্জাতেই ফেলিবে। আজ সমস্ত দিন তোমাকে সময় দিলাম— যেমন করিয়া পার টাকা সংগ্রহ করিয়া আনো— তাহা হইলে এ লইয়া কোনো কথা তুলিব না, তুমি যেমন কাজ করিডেছ তেমনি করিবে।"

এই বলিয়া সাহেব উঠিয়া গেলেন। তথন বেলা এগারোটা হইয়া গেছে। হরলাল যথন মাথা নিচু করিয়া বাহির হইয়া গেল তথন আপিসের বাবুরা অত্যস্ত খুলি হইয়া হরলালের পতন লইয়া আলোচনা করিতে লাগিল।

হরলাল একদিন সময় পাইল। আরো একটা দীর্ঘ দিন নৈরাশ্রের শেষতলের পক্ষ আলোড়ন করিয়া তুলিবার মেয়াদ বাড়িল।

উপায় কী, উপায় কী, উপায় কী— এই ভাবিতে ভাবিতে সেই রৌলে হরলাল রান্তায় বেড়াইতে লাগিল। শেষে উপায় আছে কি না সে ভাবনা বন্ধ হইয়া গেল কিছ বিনা কারণে পথে খুরিয়া বেড়ানো থামিল না। যে কলিকাতা হাজার হাজার লোকের আপ্রায়হান তাহাই এক মুহুর্তে হরলালের পক্ষে একটা প্রকাণ্ড ফাসকলের মতো হইয়া উঠিল। ইহার কোনো দিকে বাহির হইবার কোনো পথ নাই। সমন্ত জনসমান্দ এই অভিকৃত্র হরলালকে চারি দিকে আটক করিয়া দাঁড়াইয়াছে। কেছ তাহাকে জানেও না, এবং তাহার প্রতি কাহারো মনে কোনো বিধেষও নাই, কিছ প্রত্যেত লোকেই তাহার শক্র। অথচ রান্তার লোক তাহার গা ঘেঁষিয়া তাহার পাশ দিয়া চলিয়াছে; আপিসের বাব্রা বাহিরে আসিয়া ঠোঙায় করিয়া জল থাইতেছেন, তাহার দিকে কেছ তাকাইতেছেন না; ময়দানের ধারে অলস পথিক মাথার নীচে হাত রাখিয়া একটা পায়ের উপর আর-একটা পা তুলিয়া গাছের তলায় পড়িয়া আছে; আকর্ষাগাড়ি ভরতি করিয়া হিন্দুছানী মেয়েরা কালীঘাটে চলিয়াছে; একজন চাপরালি একথানা চিঠি লইয়া হরলালের সমূথে ধরিয়া কহিল, "বাব্, ঠিকানা পড়িয়া তাহাকে ব্রাইয়া দিল। কমে অপিস বন্ধ হইবার সময় আসিল। বাড়িম্থো গাড়িগুলো

আপিসমহলের নানা রাভা দিয়া ছুটিয়া বাহির হইতে লাগিল। আপিদের বাবুরা ট্রাম ভরতি করিয়া থিয়েটারের বিজ্ঞাপন পড়িতে পড়িতে বাদায় ফিরিয়া চলিল। আজ হইতে হরলালের আপিদ নাই, আপিদের ছুটি নাই, বাদায় ফিরিয়া ঘাইবার জন্ত ট্রাম ধরিবার কোনো তাড়া নাই। শহরের সমন্ত কাজকর্ম, বাড়িদর, গাড়িজুড়ি, খানাগোনা হরলানের কাছে কথনো-বা খতাস্ত উৎকট সত্যের মতো দাঁত মেলিয়া উঠিতেছে, कथरना-वा একেবারে বস্তবীন স্বপ্লের মতে। ছাল্লা হইলা আদিতেছে। षारांत्र नारे, विकास नारे, बाल्य नारे, क्यम कतिया वर रवनाव्यत पिन काणिया व्यन তাহা দে জানিতেও পারিল না। রাস্তায় রাস্তায় গ্যাদের আলো জলিল— যেন একটা সতর্ক অন্ধকার দিকে দিকে তাহার সহত্র ক্রুর চক্ষু মেলিয়া শিকারলুক্ক দানবের মতো চুপ করিয়া রহিল। রাজি কত হইল সে কথা হরলাল চিন্তাও করিল না। তাহার কপালের শিরা দব্ দব্ করিতেছে; মাথা যেন ফাটিয়া যাইতেছে; সমন্ত শরীরে আগুন জনিতেতে; পা আর চলে না। সমন্ত দিন পর্যায়ক্রমে বেদনার উত্তেজনা ও অবদাদের অদাডতার মধ্যে মার কথা কেবল মনের মধ্যে যাতায়াত করিয়াছে— কলিকাতার অসংখ্য জনশ্রেণীর মধ্যে কেবল ওই একটিমাত্র নামই ভক্ষকণ্ঠ ভেদ করিয়া মুথে উঠিয়াছে - মা, মা, মা। আর কাহাকেও ভাকিবার নাই। মনে করিল, রাত্রি ঘথন নিবিড় হইয়া আদিবে, কোনো লোকই যথন এই অতি দামান্ত হরলালকে বিনা অপরাধে অপমান করিবার জ্ঞ জাগিয়া থাকিবে না, তথন সে চুপ করিয়া তাহার মায়ের কোলের কাছে গিয়া ভইয়া পড়িবে— তাহার পরে ঘুম যেন আর না ভাঙে! পাছে তার মার সম্মথে পুলিসের লোক বা আর-কেহ তাহাকে অপমান করিতে আদে এই ভয়ে সে বাদায় ঘাইতে পারিতেছিল না। শরীরের ভার বখন আর বহিতে পারে না এমন সময় হরলাল একটা ভাড়াটে গাড়ি দেখিয়া তাহাকে ভাকিল। গাড়োয়ান জিজাদা করিল, "কোথায় ঘাইবে।"

হরলাল কহিল, "কোপাও না। এই ময়দানের রান্ডায় থানিককণ হাওয়া খাইয়া বেড়াইব।"

গাড়োয়ান সন্দেহ করিয়া চলিয়া যাইবার উপক্রম করিতেই হরলাল তাহার হাতে আগাম ভাড়া একটা টাকা দিল। সে গাড়ি তথন হরলালকে লইয়া ময়দানের রান্ডায় বুরিয়া বুরিয়া বেড়াইতে লাগিল।

তথন শ্রীন্ত হরলাল তাহার তথ্য মাধা থোলা জানলার উপর রাথিয়া চোধ বুজিল। একটু একটু করিয়া তাহার সমস্ত বেদনা যেন দ্র হইয়া আদিল। শরীর শীতল হইল। মনের মধ্যে একটি অগভীর অনিবিড় আনন্দপূর্ণ শান্তি ঘনাইয়া আদিতে লাগিল। একটা যেন পরম পরিত্রাণ তাহাকে চারি দিক হইতে আলিকন করিয়া ধরিল। সে যে সমন্ত দিন মনে করিয়াছিল কোথাও তাহার কোনো পথ নাই, সহায় নাই, নিছতি नाहे, छाहात अभगात्मत (नव नाहे, पृ:(यह अविध नाहे, मि क्यों) (यन এक मृहार्डहे মিথা। হইয়া গেল। এখন মনে হইল, সে তো একটা ভন্ন মাত্র, সে তো সভ্য নয়। যাহা তাহার জীবনকে লৌহার মুঠিতে আঁটিয়া পিষিয়া ধরিয়াছিল, হরলাল তাহাকে আর কিছুমাত্র খীকার করিল না- মৃক্তি অনস্ত আকাশ পূর্ণ করিয়া আছে, শান্তির কোথাও দীমা নাই। এই অতি সামাল হরলালকে বেদনার মধ্যে, অপমানের মধ্যে, অন্তারের মধ্যে বন্দী করিয়া রাখিতে পারে এমন শক্তি বিশ্ববন্ধাণ্ডের কোনো রাজা-মহারাজারও নাই। যে আতকে সে আপনাকে আপনি বাঁধিয়াছিল তাহা সমন্তই খুলিয়া গেল! তথন হরলাল আপনার বন্ধনমুক্ত হৃদয়ের চারি দিকে অনস্ত আকাশের মধ্যে অমুভব করিতে লাগিল, যেন তাহার সেই দরিদ্র মা দেখিতে দেখিতে বাড়িতে বাড়িতে বিরাটরূপে সমস্ত অন্ধকার ভূড়িয়া বসিতেছেন। তাঁহাকে কোথাও ধরিতেছে না। কলিকাতার রান্ডাঘাট বাড়িঘর দোকানবান্ধার একটু একটু করিয়া তাঁহার মধ্যে আচ্ছন্ন হইয়া বাইতেছে— বাতাস ভরিয়া গেল, আকাশ ভরিয়া উঠিল, একটি একটি করিয়া নক্ষত্র তাঁহার মধ্যে মিলাইরা গেল— হরলালের শরীরমনের সমন্ত বেদনা, সমন্ত ভাবনা, সমস্ত চেতনা তাঁহার মধ্যে অল্প অল্প করিয়া নিংশেষ হইয়া গেল— ওই গেল, তश्च वात्भित्र वृत्वृत একেবারে ফাটিয়া গেল- এখন আর অন্ধকারও নাই, আলোকও নাই, রহিল কেবল একটি প্রগাঢ় পরিপূর্ণতা।

গির্জার ঘড়িতে একটা বাজিল। গাড়োয়ান অন্ধকার ময়লানের মধ্যে গাড়ি লইয়া ঘ্রিতে ঘ্রিতে অবশেষে বিরক্ত হইয়া কহিল, "বাব্, ঘোড়া তো আর চলিতে পারে না— কোথায় যাইতে হইবে বলো।"

কোনো উত্তর পাইল না। কোচবাত্ম হইতে নামিয়া হরলালকে নাড়া দিয়া আবার জিজ্ঞাসা করিল। উত্তর নাই। তথন ভয় পাইয়া গাড়োয়ান পরীক্ষা করিয়া দেখিল হরলালের শরীর আড়াই, তাহার নিখাস বহিতেছে না।

'কোথায় যাইতে হইবে' হরলালের কাছ হইতে এই প্রান্ধের আর উত্তর পাওয়া গেল না।

আধাঢ়-জাবণ ১৩১৪

## গুপ্তধন

5

অমাবস্থার নিশীথ রাত্রি। মৃত্যুঞ্জর তান্ত্রিক মতে তাহাদের বছকালের গৃহদেবতা জয়কালীর পূজার বিদিয়াছে। পূজা সমাধা করিয়া বধন উঠিল তথন নিকটছ আমবাগান হইতে প্রত্যুবের প্রথম কাক ডাকিল।

মৃত্যুঞ্জয় পশ্চাতে ফিরিয়া চাহিয়া দেখিল মন্দিরের ধার রুদ্ধ রহিয়াছে। তথন সে একবার দেবীর চরণতলে মন্তক ঠেকাইয়া তাঁহার আসন সরাইয়া দিল। সেই আসনের নীচে হইতে একটি কাঁঠালকাঠের বাক্স বাহির হইল। পৈতায় চাবি বাঁধা ছিল। সেই চাবি লাগাইয়া মৃত্যুঞ্জয় বাক্সটি খুলিল। খুলিবামাত্রই চমকিয়া উঠিয়া মাধায় করাঘাত করিল।

মৃত্যুগ্ধয়ের অন্ধরের বাগান প্রাচীর দিয়া ঘেরা। সেই বাগানের এক প্রান্তে বড়ো বড়ো গাছের ছায়ার অন্ধকারে এই ছোটো মন্দিরটি। মন্দিরে জয়কালীর মৃতি ছাড়া আর-কিছুই নাই; তাহার প্রবেশঘার একটিমাত্র। মৃত্যুগ্ধয় বাক্ষটি লইয়া অনেকক্ষণ নাড়াচাড়া করিয়া দেখিল। মৃত্যুগ্ধয় বাক্ষটি খ্লিবার পূর্বে তাহা বন্ধই ছিল— কেহ তাহা ভাঙে নাই। মৃত্যুগ্ধয় দশবার করিয়া প্রতিমার চারি দিকে ঘ্রিয়া হাতড়াইয়া দেখিল— কিছুই পাইল না। পাগলের মতো হইয়া মন্দিরের ঘার খ্লিয়া ফেলিল— তথন ভোরের আলো ফ্টিতেছে। মন্দিরের চারি দিকে মৃত্যুগ্ধয় ঘ্রিয়া ঘ্রিয়া ব্ধা আখালে খ্রীজয়া বেড়াইতে লাগিল।

সকালবেলাকার আলোক ধথন পরিক্ষৃত হইয়া উঠিল তথন সে বাহিরের চণ্ডীমণ্ডণে আদিয়া মাথায় হাত দিয়া বসিয়া ভাবিতে লাগিল। সমস্ত রাত্তি অনিস্রার পর ক্লান্তশরীরে একটু তস্ত্রা আসিরাছে, এমন সময়ে হঠাৎ চমকিয়া উঠিয়া ওনিল, "জয় হোক, বাবা।"

সন্মুখে প্রাক্তে এক জটাজ্টধারী সম্মানী। মৃত্যুঞ্জয় ভক্তিভরে তাঁহাকে প্রণাম করিল। সম্মানী তাহার মাধার হাত দিয়া আশীর্বাদ করিয়া কহিলেন, "বাবা, তুমি মনের মধ্যে রুধা শোক করিতেছ।"

ওনিয়া মৃত্যুঞ্জয় আশ্চর্য হইয়া উঠিল— কহিল, "আপনি অন্তর্গামী, নহিলে আমার শোক কেমন করিয়া ব্ঝিলেন। আমি তো কাহাকেও কিছু বলি নাই।" সন্ন্যাসী কহিলেন, "বংস, আমি বলিতেছি, তোমার যাহা হারাইরাছে সেজস্ত ভূমি আনন্দ করো, শোক করিয়ো না।"

মৃত্যুঞ্জয় তাঁহার ছই পা জড়াইয়া ধরিয়া কহিল, "আপনি তবে তে। সমন্তই জানিয়াছেন— কেমন করিয়া হারাইয়াছে, কোণায় গেলে ফিরিয়া পাইব, তাহা না বলিলে আমি আপনার চরণ ছাড়িব না।"

দয়্যাসী কহিলেন, "আমি যদি তোমার অমকল কামনা করিতাম তবে বলিতাম।
কিন্তু ভগবতী দমা করিয়া যাহা হরণ করিয়াছেন সেলস্ত শোক করিয়ো না।"

মৃত্যুঞ্চয় সন্ন্যাদীকে প্রদন্ধ করিবার জন্ম সমস্তদিন বিবিধ উপচারে তাঁহার দেবা করিল। পরদিন প্রত্যুবে নিজের গোহাল হইতে লোটা ভরিয়া সফেন তৃথ্য ছহিয়া লইয়া আসিয়া দেখিল, সন্ন্যাদী নাই।

## ২

মৃত্যুক্তয় যথন শিশু ছিল, যথন তাহার পিতামহ হরিহর একদিন এই চণ্ডীমণ্ডপে বিদিয়া তামাক থাইতেছিল, তথন এমনি করিয়াই একটি সন্নাসী 'জয় হোক, বাবা' বলিয়া এই প্রাক্তপে আসিয়া দাঁড়াইয়াছিলেন। হরিহর সেই সন্নাসীকে কয়েকদিন বাড়িতে রাধিয়া বিধিমত সেবার বারা সম্ভষ্ট করিল।

বিদায়কালে সন্নাদী যথন জিজ্ঞাদা করিলেন "বংশ, তুমি কী চাও," হরিহর কহিল, "বাবা যদি সম্ভই হইয়া থাকেন তবে আমার অবস্থাটা একবার শুনুন। এককালে এই গ্রামে আমরা দকলের চেয়ে বর্ধিষ্ণু ছিলাম। আমার প্রণিতামহ দূর হইতে কুলীন আনাইয়া তাঁহার এক কন্তার বিবাহ দিয়াছিলেন। তাঁহার দেই দৌহিত্রবংশ আমাদিগকেই ফাঁকি দিয়া আজকাল এই গ্রামে বজোলোক হইয়া উঠিয়াছে। আমাদের এখন অবস্থা ভালো নয়, কাজেই ইহাদের অহংকার সহ্থ করিয়া থাকি। কিন্তু আর সহ্থ হয় না। কী করিলে আবার আমাদের বংশ বড়ো হইয়া উঠিবে সেই উপায় বলিয়া দিন, সেই আশীর্বাদ কক্ষন।"

সন্মানী ঈষৎ হাসিরা কহিলেন, "বাবা, ছোটো হইয়া স্থাপ থাকো। বড়ো হইকার চেষ্টায় শ্বের দেখি না।"

কিছ হরিহর তবু ছাড়িল না, বংশকে বড়ো করিবার জন্ত দে সমন্ত স্বীকার করিতে রাজি আছে।

তথন সন্ন্যাসী তাঁহার ঝুলি হইতে কাপড়ে মোড়া একটি তুলট কাগজের লিখন বাহির করিলেন। কাগজখানি দীর্ঘ, কোটাপ্রের মতো গুটানো। সন্ন্যাসী সেটি মেবের উপরে খুলিয়া ধরিলেন। হরিহর দেখিল, তাহাতে নানাপ্রকার চক্রে নানা সাংকেতিক চিহ্ন আঁকা; আর সকলের নিয়ে একটি প্রকাণ্ড ছড়া লেখা আছে, তাহার আরম্ভটা এইরপ:

পারে ধরে সাধা।
রা নাহি দের রাধা।
শেষে দিল রা,
পাগোল ছাড়ো পা।
তেঁতুল-বটের কোলে
দক্ষিণে যাও চলে।
ঈশানকোণে ঈশানী,
কহে দিলাম নিশানী।
ইত্যাদি।

হরিহর কহিল, "বাবা, কিছুই তো বৃঝিলাম না।"

সন্মাদী কহিলেন, "কাছে রাথিয়া দাও, দেবীর পূজা করো। তাঁহার প্রসাদে তোমার বংশে কেহ-না-কেহ এই নিধন বুঝিতে পারিবে। তথন সে এমন ঐশ্চর্য পাইবে কগতে যাহার তুলনা নাই।"

ছরিছর মিনতি করিয়া কহিল, "বাবা কি বুঝাইয়া দিবেন না।" সম্যাসী কহিলেন, "না। সাধনা ঘারা বুঝিতে হইবে।"

এমন সময় হরিহরের ছোটো ভাই শংকর আসিয়া উপস্থিত হইল। তাহাকে দেখিয়া হরিহর তাড়াতাড়ি লিখনটি লুকাইবার চেষ্টা করিল। সয়াসী হাসিয়া কহিলেন, "বড়ো হইবার পথের ছঃখ এখন হইতেই ভরু হইল। কিছু গোপন করিবার দয়কার নাই। কারণ, ইহার রহস্থ কেবল একজনমাত্রই ভেদ করিতে পারিবে, হাজার চেষ্টা করিলেও আর-কেহ তাহা পারিবে না। তোমাদের মধ্যে সেই লোকটি বে কে তাহা কেহ জানে না। অতএব ইহা সকলের সয়্বথই নির্ভয়ে খুলিয়া রাখিতে পারো।"

• সন্ন্যাসী চলিয়া গেলেন। কিন্তু হরিহর এ কাগন্ধটি লুকাইয়া না রাথিয়া থাকিতে পারিল না। পাছে আর কেহ ইহা হইতে লাভবান হয়, পাছে তাহার ছোটো ভাই শংকর ইহার ফলভোগ করিতে পারে, এই আশব্দায় হরিহর এই কাগন্ধটি একটি কাঁঠালকাঠের বাজ্মে বন্ধ করিয়া তাহাদের গৃহদেবতা জয়কালীর আসনতলে লুকাইয়া রাখিল। প্রত্যেক অমাবস্থায় নিশীধরাত্তে দেবীর পূজা সারিয়া সে একবার করিয়া সেই কাগন্ধটি খুলিয়া দেখিত, যদি দেবী প্রসন্ন হইয়া তাহাকে অর্থ বৃথিবার শক্তি দেন।

শংকর কিছুদিন হইতে হরিত্বকে মিনতি করিতে লাগিল, "দাদা, আমাকে সেই কাগজটা একবার ভালো করিয়া ছেঁথিতে দাও-না।"

হরিহর কহিল, "দূর পাগল। 'সে কাগজ কি আছে। বেটা ভণ্ডসয়্যাসী কাগজে কভকগুলা হিজিবিজি কাটিয়া আমাকে ফাঁকি দিয়া গেল— আমি সে পুড়াইয়া ফোলয়াছি।"

শংকর চুপ করিয়া রহিল। হঠাৎ একদিন শংকরকে ঘরে দেখিতে পাওরা গেল না। তাহার পর হইতে সে নিফদেশ।

হরিহরের অন্ত সমন্ত কাজকর্ম নষ্ট হইল— গুপ্ত ঐশ্বর্যের ধ্যান এক মুহূর্ত লে ছাড়িতে পারিল না।

মৃত্যুকাল উপস্থিত হইলে সে তাহার বড়ো ছেলে শ্রামাপদকে এই সন্ন্যাদীদত্ত কাগজখানি দিয়া গেল।

এই কাগজ পাইয়া ভাষাপদ চাকরি ছাড়িয়া দিল। জয়কালীর পূজায় আর একান্তমনে এই লিখনপাঠের চর্চায় তাহার জীবনটা যে কোন্ দিক দিয়া কাটিয়া গেল তাহা বুঝিতে পারিল না।

মৃত্যুঞ্জয় খ্যামাপদর বড়ো ছেলে। পিতার মৃত্যুর পরে সে এই সম্যাদীদন্ত গুপ্তলিখনের অধিকারী হইয়াছে। তাহার অবস্থা উত্তরোত্তর যতই হীন হইয়া আদিতে লাগিল, ততই অধিকতর আগ্রহের সহিত ওই কাগজ্ঞানির প্রতি তাহার সমস্ত চিত্ত নিবিষ্ট হইল। এমন সময় গত অমাবস্থারাত্রে প্রভার পর লিখনখানি আর দেখিতে পাইল না— সয়্যাদীও কোথায় অন্তর্ধান করিল।

মৃত্যুঞ্জম কহিল, এই সন্ন্যাসীকে ছাড়া হইবে না। সমন্ত সন্ধান ইহার কাছ হইডেই মিলিবে।

এই বলিয়া দে ঘর ছাড়িয়া সন্ন্যাসীকে খুঁজিতে বাহির হইল। এক বৎসর পথে পথে কাটিয়া গেল।

9

গ্রামের নাম ধারাগোল। সেথানে মৃত্যুঞ্জয় মৃদির দোকানে বসিয়া তামাক খাইতেছিল, আর অক্তমনন্দ হইয়া নানা কথা ভাবিতেছিল। কিছু দ্রে মাঠের ধার দিয়া একজন সয়্যাসী চলিয়া গেল। প্রথমটা মৃত্যুঞ্জয়ের মনোধোগ আরুট হইল না।, একটু পরে হঠাও তাহার মনে হইল, বে লোকটা চলিয়া গেল এই তো সেই সয়্যাসী।

ভাড়াভাড়ি হঁকাট রাথিয়া ম্দিকে সচকিত করিয়া একদৌড়ে সে দোকান হইতে বাহির হইয়া গেল। কিন্তু সে সন্ত্যাসীকে দেখা গেল না।

তথন সন্ধা অন্ধনার হইয়া আসিয়াছে। অপরিচিত স্থানে কোথায় যে সন্ধানীর সন্ধান করিতে বাইবে তাহা সে ঠিক করিতে পারিল না। দোকানে ফিরিয়া আসিয়া মুদিকে জিজ্ঞাসা করিল, "ওই-যে মন্ত বন দেখা বাইতেছে, ওধানে কী আছে।"

মৃদি কহিল, "এককালে ওই বন শহর ছিল কিন্তু অগন্ত্য মৃনির শাপে ওথানকার রাজা প্রজা দমন্তই মড়কে মরিয়াছে। লোকে বলে ওথানে অনেক ধনরত্ব আঞ্চও খুঁজিলে পাওয়া যায়; কিন্তু দিনত্পুরেও ওই বনে সাহস করিয়া কেহ যাইতে পারে না। যে গেছে সে আর ফেরে নাই।"

মৃত্যুঞ্জয়ের মন চঞ্চল হইয়া উঠিল। সমন্ত রাত্রি মুদির দোকানে মাত্রের উপর পড়িয়া মশার জালায় দর্বাল চাপড়াইতে লাগিল, আর ওই বনের কথা, সয়্মাসীর কথা, সেই হারানো লিখনের কথা ভাবিতে থাকিল। বার বার পড়িয়া সেই লিখনটি মৃত্যুঞ্জয়ের প্রায় কণ্ঠহ হইয়া গিয়াছিল, তাই এই অনিস্রাবস্থায় কেবলই তাহার মাথায় ঘ্রিতে লাগিল—

পারে ধরে সাধা।
রা নাহি দের রাধা।
শেষে দিল রা,
পাগোল ভাডো পা।

মাথা গরম হইয়া উঠিল— কোনোমতেই এই কটা ছত্র সে মন হইতে দ্র করিতে পারিল না। অবশেষে ভোরের বেলায় যথন তাহার তন্ত্রা আদিল তথন স্বপ্নে এই চারি ছত্রের অর্থ অতি সহজে তাহার নিকট প্রকাশ হইল। 'রা নাহি দেয় রাধা' অতএব 'রাধা'র 'রা' না থাকিলে 'ধা' রহিল— 'শেষে দিল রা', অতএব হইল 'ধারা'— 'পাগোল ছাড়ো পা'— 'পাগোল'-এর 'পা' ছাড়িলে 'গোল' বাকি রহিল— অতএব সমন্তটা মিলিয়া হইল 'ধারাগোল'— এ জায়গাটার নাম তো 'ধারাগোল'ই বটে।

यश ভাঙিয়া মৃত্যুলয় লাফাইয়া উঠিল।

8

সমস্ত দিন বনের মধ্যে ফিরিয়া সন্থাবেলায় বত্কটে পথ খুঁজিয়া অনাহারে মৃতপ্রায় , অবস্থার মৃত্যুঞ্জর গ্রামে ফিরিল।

পর दिन का हर कि का वीधिया পুনর্বার সে বনের মধ্যে যাত্রা করিল। অপরাহে

একটা দিখির ধারে আসিয়া উপস্থিত হইল। দিখির মাঝথানটা পরিছার জল আর পাড়ের গারে গায়ে চারি দিকে পথ আর কুম্দের বন। পাথরে বাঁধানো ঘাট ভাঙিয়া- চুরিয়া পড়িয়াছে, সেইখানে জলে চিঁড়া ভিজাইয়া খাইয়া দিখির চারি দিক প্রদক্ষিণ করিয়া দেখিতে লাগিল।

দিখির পশ্চিমপাড়ির প্রান্তে হঠাৎ মৃত্যুঞ্জয় থমকিয়া দাঁড়াইল। দেখিল একটা তেঁতুলগাছকে বেষ্টন করিয়া প্রকাণ্ড বটগাছ উঠিয়াছে। তৎক্ষণাৎ তাহার মনে পড়িল—

## ভেঁতুল-বটের কোলে, দক্ষিণে যাও চলে।

দক্ষিণে কিছুদ্র যাইতেই ঘন জন্পলের মধ্যে আদিয়া পড়িল। সেখানে সে বেতঝাড় ভেদ করিয়া চলা একেবারে অসাধ্য। যাহা হউক, মৃত্যুঞ্জয় ঠিক করিল, এই গাছটাকে কোনোমতে হারাইলে চলিবে না।

এই গাছের কাছে ফিরিয়া আদিবার সময় গাছের অন্তর্গাল দিয়া অনতিদ্রে একটা মন্দিরের চ্ডা দেখা গেল। সেই দিকের প্রতি লক্ষ করিয়া মৃত্যুঞ্জয় এক ভাঙা মন্দিরের কাছে আদিয়া উপস্থিত হইল। দেখিল, নিকটে একটা চুল্লি, পোড়া কাঠ আর ছাই পড়িয়া আছে। অতি সাবধানে মৃত্যুঞ্জয় ভয়্রয়ার মন্দিরের মধ্যে উকি মারিল। সেথানে কোনো লোক নাই, প্রতিমা নাই, কেবল একটি কম্বল, কমগুলু আর গেকয়া উত্তরীয় পড়িয়া আছে।

তথন সন্ধ্যা আদর হইয়া আদিয়াছে; গ্রাম বহুদ্রে, অন্ধকারে বনের মধ্যে পথ
সন্ধান করিয়া যাইতে পারিবে কি না, তাই এই মন্দিরে মহুগুবস্তির লক্ষণ দেখিয়া
মৃত্যুপ্তর খুশি হইল। মন্দির হইতে একটি বৃহৎ প্রস্তর্থণ্ড ভাঙিয়া বারের কাছে
পড়িয়া ছিল; সেই পাথরের উপরে বিদিয়া নতশিরে ভাবিতে ভাবিতে মৃত্যুপ্তর হঠাৎ
পাথরের গায়ে কী যেন লেখা দেখিতে পাইল। মুঁকিয়া পড়িয়া দেখিল একটি চক্র আঁকা, তাহার মধ্যে কতক স্পষ্ট কতক লুগুপ্রায় ভাবে নিম্নলিখিত সাংকেতিক অক্ষর লেখা আছে—



এই চক্রটি মৃত্যঞ্জয়ের স্পরিচিত। কত অমাবস্থা-রাত্রে পৃজাগৃহে স্থান্ধ ধৃপের ধৃমে স্বতদীপালোকে তুলট কাগজে অহিত এই চক্রচিহ্নের উপরে ঝুঁকিয়া পড়িয়া রহস্তভেদ করিবার জন্ম একাগ্রমনে সে দেবীর প্রসাদ ঘাচ্ঞা করিয়াছে। আজ অভীইসিদ্ধির অভ্যন্ত সন্ধিকটে আসিয়া তাহার সর্বাদ্ধ যেন কাঁপিতে লাগিল। পাছে তীরে আসিয়া তরী ভোবে, পাছে সামান্ম একটা ভূলে তাহার সমন্ত নই হইয়া যায়, পাছে সেই সয়াসী পূর্বে আসিয়া সমন্ত উদ্ধার করিয়া লইয়া গিয়া থাকে, এই আশকায় তাহার বুকের মধ্যে তোলপাড় করিতে লাগিল। এখন যে তাহার কী কর্তব্য তাহা সে ভাবিয়া পাইল না। তাহার মনে হইল, সে হয়তো তাহার ঐশ্বর্যভাগ্ররের ঠিক উপরেই বিয়য়া আছে, অথচ কিছুই জানিতে পাইতেছে না।

বিদিয়া বিদিয়া দে কালীনাম জপ করিতে লাগিল; সন্ধার অন্ধকার নিবিড় হইয়া আদিল; ঝিল্লির ধ্বনিতে বনভূমি মুখর হইয়া উঠিল।

¢

এমন সময় কিছুদ্র ঘন বনের মধ্যে অগ্নির দীপ্তি দেখা পেল। মৃত্যুঞ্জয় তাহার প্রস্তাসন ছাড়িয়া উঠিয়া পড়িল আর সেই শিখা লক্ষ্য করিয়া চলিতে লাগিল।

বছকটে কিছুদ্র গিয়া একটা অশথগাছের গুঁড়ির অন্তরাল হইতে স্পষ্ট দেখিতে পাইল, তাহার সেই পরিচিত সন্ন্যাসী অগ্নির আলোকে সেই তুলটের লিখন মেলিয়া একটা কাঠি দিয়া ছাইয়ের উপরে একমনে অন্ধ ক্ষিতেছে।

মৃত্যুঞ্জয়ের ঘরের সেই পৈতৃক তুলটের লিখন! আরে ভণ্ড, চোর! এইজগুই সে মৃত্যুঞ্জয়েকে শোক করিতে নিষেধ করিয়াছিল বটে!

সন্ন্যাদী একবার করিয়া অঙ্ক কষিতেছে আর একটা মাপকাঠি লইয়া জমি মাপিতেছে— কিয়দ্র মাপিয়া হতাশ হইয়া ঘাড় নাড়িয়া পুনর্বার আসিয়া অঙ্ক কষিতে প্রবৃত্ত হইতেছে।

এমনি করিয়া রাত্রি যখন অবসানপ্রায়, যখন নিশান্তের শীতবায়্তে ব্নম্পতির অগ্রশাখার পল্পবগুলি মর্মরিত হইয়া উঠিল, তখন সম্যাসী সেই লিখনপত্র গুটাইয়া লইয়া চলিয়া গেল।

মৃত্যুঞ্জয় কী করিবে ভাবিয়া পাইল না। ইহা সে নিশ্চয় ব্ঝিতে পারিল বে, সন্মাসীর সাহায্য ব্যতীত এই লিখনের রহস্ত ভেদ করা তাহার সাধ্য হইবে না। শৃক্ সন্মাসী বে মৃত্যুঞ্জয়কে সাহায্য করিবে না তাহাও নিশ্চিত। অতএব গোপনে সন্মাসীর প্রতি দৃষ্টি রাখা ছাড়া অক্ত উপায় নাই। কিন্তু দিনের বেলায় গ্রামে না গেলে তাহার আহার মিলিবে না; অতএব অস্তত কাল সকালে একবার গ্রামে যাওয়া আবশুক।

ভোরের দিকে অদ্ধকার একটু ফিকা হইবামাত্র সে গাছ হইতে নামিয়া পড়িল। যেখানে সন্ন্যাদী ছাইয়ের মধ্যে আঁক ক্ষিতেছিল লেখানে ভালো ক্রিয়া দেখিল, কিছুই বুঝিল না। চতুদিকে যুরিয়া দেখিল, অন্ত বনধণ্ডের দলে কোনো প্রভেদ নাই।

বনতলের অন্ধকার ক্রমে ধধন ক্ষীণ হইয়া আসিল তথন মৃত্যুঞ্জয় অতি সাবধানে চারি দিক দেখিতে দেখিতে গ্রামের উদ্দেশে চলিল। তাহার ভয় ছিল পাছে সন্মাসী তাহাকে দেখিতে পায়।

যে দোকানে মৃত্যুঞ্জয় আশ্বয় গ্রহণ করিয়াছিল তাহার নিকটে একটি কায়স্থাহিণী ব্রত উদ্ধাপন করিয়া সেদিন ব্রাহ্মণভোজন করাইতে প্রবৃত্ত ছিল। সেইখানে আজ মৃত্যুঞ্জয়ের আহার জুটিয়া গেল। কয়দিন আহারের কটের পর আজ তাহার ভোজনটি গুরুতর হইয়া উঠিল। সেই গুরুতভাজনের পর যেমন তামাকটি খাইয়া দোকানের মাত্রটিতে একবার গড়াইয়া লইবার ইচ্ছা করিল, অমনি গত রাজির অনিস্রাকাতর মৃত্যুঞ্জয় যুমে আচ্ছয় হইয়া পড়িল।

মৃত্যুঞ্জয় ছির করিয়াছিল, আজ সকাল-সকাল আহারাদি করিয়া যথেষ্ট বেলা থাকিতে বাহির হইবে। ঠিক তাহার উলটা হইল। যথন তাহার নিদ্রাভক্ষ হইল তথন শর্ষ অন্ত গিয়াছে। তবু মৃত্যুঞ্জয় দমিল না। অন্ধকারেই বনের মধ্যে সে প্রবেশ করিল।

দেখিতে দেখিতে রাত্রি ঘনীভূত হইয়া আসিল। গাছের ছায়ার মধ্যে দৃষ্টি আর চলে না, জন্দলের মধ্যে পথ অবরুদ্ধ হইয়া যায়। মৃত্যুঞ্জয় যে কোন্ দিকে কোথায় যাইতেছে তাহা কিছুই ঠাহর পাইল না। রাত্রি যথন অবসান হইল তথন দেখিল, সমস্ত রাত্রি সে বনের প্রান্তে একই জায়গায় ঘুরিয়া ঘুরিয়া বেড়াইয়াছে।

কাকের দল কা কা শব্দে গ্রামের দিকে উড়িল। এই শব্দ মৃত্যুঞ্জারের কানে ব্যাকপূর্ণ ধিকারবাক্যের মতো ভনাইল।

Ŀ

গণনায় বারম্বার ভূল আর সেই ভূল সংশোধন করিতে করিতে অবশেষে সন্ধ্যাদী ক্রন্তের পথ আবিষ্কার করিয়াছেন। ক্রন্তের মধ্যে মশাল লইয়া তিনি প্রবেশ করিলেন। বাঁধানো ভিত্তির গায়ে স্ট্যাতলা পড়িয়াছে— মাঝে মাঝে এক-এক জায়গায় জল চুঁইয়া পড়িতেছে। স্থানে স্থানে কতকগুলা ভেক গায়ে গায়ে ভূপাকার হইয়া নিজা দিতেছে। এই পিছল পথ দিয়া কিছুদুর যাইতেই সন্ন্যাসী দেখিলেন, সন্মুখে দেরাল উঠিয়াছে, পথ অবক্ষয়। কিছুই বৃঝিতে পারিলেন না। দেয়ালের সর্বত্র লোহদণ্ড দিয়া সবলে আঘাত করিয়া দেখিলেন, কোথাও ফাকা আওয়াজ দিতেছে না, কোথাও বন্ধ নাই, এই পথটার যে এইখানেই শেষ তাহা নিঃসন্দেহ।

আবার সেই কাগজ খুলিয়া মাথায় হাত দিয়া বসিয়া ভাবিতে লাগিলেন। সে রাজি এমনি করিয়া কাটিয়া গেল।

পরদিন পুনর্বার গণনা সারিয়া হ্বক্সে প্রবেশ করিলেন। সেদিন গুপ্তসংকেত অন্ত্রমরণপূর্বক একটি বিশেষ স্থান হইতে পাথর থসাইয়া এক শাখাপথ আবিন্ধার করিলেন। সেই পথে চলিতে চলিতে আবার এক জায়গায় পথ অবক্ষম্ভ হইয়া গেল।

অবশেষে পঞ্চম রাত্রে স্থরজের মৃধ্যে প্রবেশ করিয়া সন্মাদী বলিয়া উঠিলেন, "আজ আমি পথ পাইয়াছি, আজ আর আমার কোনোমতেই ভুল হইবে না।"

পথ অত্যন্ত জটিল; তাহার শাখাপ্রশাখার অন্ত নাই— কোথাও এত সংকীর্ণ যে গুঁড়ি মারিয়া যাইতে হয়। বহু যত্নে মশাল ধরিয়া চলিতে চলিতে সন্ন্যাসী একটা গোলাকার ঘরের মতো জায়গায় আসিয়া পৌছিলেন। সেই ঘরের মাঝখানে একটা বৃহৎ ইদারা। মশালের আলোকে সন্ন্যাসী তাহার তল দেখিতে পাইলেন না। ঘরের ছাদ হইতে একটা মোটা প্রকাণ্ড লোহশৃন্দল ইদারার মধ্যে নামিয়া গেছে। সন্ম্যাসী প্রাণপণ বলে ঠেলিয়া এই শৃন্দলটাকে অন্ধ একট্থানি নাড়াইবামাত্র ঠং করিয়া একটা শন্দ ইদারার গহরর হইতে উখিত হইয়া ঘরময় প্রতিধ্বনিত হইতে লাগিল। সন্ম্যাসী উচিচঃ ঘরে বলিয়া উঠিলেন, "পাইয়াছি।"

ষেমন বলা অমনি সেই মরের ভাঙা ভিত্তি হইতে একটা পাথর গড়াইয়া পড়িল আর সেইদকে আর-একটি কী সচেতন পদার্থ ধপ্ করিয়া পড়িয়া চিৎকার করিয়া উঠিল। সন্মাসী এই অকস্মাৎ শব্দে চমকিয়া উঠিতেই তাঁহার হাত হইতে মশাল পড়িয়া নিবিয়া গেল।

9

সন্ন্যাদী জিজ্ঞাদা করিলেন, "তুমি কে।" কোনো উত্তর পাইলেন না। তথন অন্ধকারে হাতড়াইতে গিয়া তাঁহার হাতে একটি মাহুবের দেহ ঠেকিল। তাহাকে নাড়া দিয়া জিজ্ঞাদা করিলেন, "কে তুমি।"

কোনো উত্তর পাইলেন না। লোকটা অচেতন হইরা গেছে। তথন চকমকি ঠুকিয়া ঠুকিয়া সন্ত্যাদী অনেক কটে মশাল ধরাইলেন। ইতিমধ্যে শেই লোকটাও সংজ্ঞাপ্রাপ্ত হইল, আর উঠিবার চেষ্টা করিয়া বেদনায় আর্তনাদ করিয়া উঠিল।

সন্নাসী কহিলেন, "এ কী, মৃত্যুলয় যে ! তোমার এ মতি হইল কেন।"

মৃত্যুঞ্জয় কহিল, "বাবা, মাপ করো। ভগবান আমাকে শান্তি দিয়াছেন। তোমাকে পাথর ছুঁড়িয়া মারিতে গিয়া সামলাতেই পারি নাই— পিছলে পাথর হুছ আমি পড়িয়া গেছি। পা-টা নিশ্বর ভাতিয়া গেছে।"

সম্যাদী কহিলেন. "আমাকে মারিয়া ডোমার কী লাভ হইত।"

মৃত্যুঞ্জয় কহিল, "লাভের কথা তুমি জিজ্ঞাসা করিতেছ! তুমি কিসের লোভে আমার পূজাবর হইতে লিখনখানি চুরি করিয়া এই স্থরন্থের মধ্যে বুরিয়া বেড়াইতেছ। তুমি চোর, তুমি ভণ্ড! আমার পিতামহকে যে সন্মাসী ওই লিখনখানি দিয়াছিলেন তিনি বলিয়াছিলেন, আমাদেরই বংশের কেহ এই লিখনের সংকেত বৃথিতে পারিবে। **এই 'अश** जैयर्थ जामारएत्रहे दरल्यत श्राला। छाहे जामि ७ कप्रक्रिम ना शहेश ना ঘুমাইয়া ছায়ার মতো তোমার পশ্চাতে ফিরিয়াছি। আজ বখন তুমি বলিয়া উঠিলে 'পাইয়াচি' তথন আমি আর থাকিতে পারিলাম না। আমি তোমার পশাতে আসিয়া ওই গর্তটার ভিতরে লুকাইয়া বিসিয়া ছিলাম। ওখান হইতে একটা পাথর থসাইয়া তোমাকে মারিতে গেলাম, কিন্তু শরীর চুর্বল, জায়গাটাও অত্যন্ত পিছল— তাই পড়িয়া গেছি। এখন তুমি আমাকে মারিয়া ফেলো সেও ভালো— আমি যক হইয়া এই ধন আগলাইব — কিন্তু তুমি ইহা লইতে পারিবে না, কোনোমতেই না। যদি লইতে চেষ্টা কর, আমি বাহ্মণ, তোমাকে অভিশাপ দিয়া এই কূপের মধ্যে ঝাঁপ দিয়া পড়িয়া আত্মহত্যা করিব। এ ধন তোমার ব্রহ্মরক্ত গোরকত্বা হইবে— এ ধন তুমি কোনোদিন হথে ভোগ করিতে পারিবে না। আমাদের পিতা পিতামহ এই ধনের উপরে সমন্ত মন রাখিয়া মরিয়াছেন— এই ধনের ধ্যান করিতে করিতে আমরা দরিত্র হইয়াছি- এই ধনের সন্ধানে আমি বাড়িতে অনাধা স্ত্রী ও শিওসস্তান ফেলিয়া আহারনিদ্রা ছাড়িয়া লক্ষীছাড়া পাগলের মতো মাঠে ঘাটে ঘুরিয়া বেড়াইতেছি —এ ধন তুমি আমার চোথের সমূখে কথনো লইতে পারিবে না।"

4

সরাদী কহিলেন, "মৃত্যুক্তয়, তবে শোনো। সমস্ত কথা তোমাকে বলি।
"তুমি জান, তোমার পিতামছের এক কনিষ্ঠ সহোদর ছিল, তাহার নাম ছিল
শংকর।"

মৃত্যুঞ্জর কহিল, "হা, তিনি নিকদেশ হইয়া বাহির হইয়া গিয়াছেন।" সন্ম্যাসী কহিলেন, "আমি সেই শংকর।"

মৃত্যুক্তয় হতাশ হইয়া দীর্ঘনিশাস ফেলিল। এতক্ষণ এই গুপ্তধনের উপর তাহার ষে একমাত্র দাবি সে সাব্যক্ত করিয়া বসিয়াছিল, তাহারই বংশের আত্মীয় আসিয়া সে দাবি নট করিয়া দিল।

শংকর কহিলেন, "দাদা সন্ন্যাসীর নিকট হইতে লিখন পাইয়া অবধি আমার কাছে তাহা বিধিমতে দুকাইবার চেটা করিতেছিলেন। কিন্তু তিনি বতই গোপন করিতে লাগিলেন, আমার ঔৎস্কা ততই বাড়িয়া উঠিল। তিনি দেবীর আসনের নীচে বাজ্মের মধ্যে ওই লিখনখানি লুকাইয়া রাখিয়াছিলেন, আমি তাহার সন্ধান পাইলাম, আর বিতীয় চাবি বানাইয়া প্রতিদিন অল্প অল্প করিয়া সমস্ত কাগজখানা নকল করিতে লাগিলাম। যেদিন নকল শেষ হইল সেইদিনই আমি এই ধনের সন্ধানে ঘর ছাড়িয়া বাহির হইলাম। আমারও ঘরে অনাথা স্বী এবং একটি শিশুসন্তান ছিল। আঞ্চ তাহারা কেহ বাঁচিয়া নাই।

"কত দেশ-দেশস্তিরে শ্রমণ করিয়াছি তাহা বিন্তারিত বর্ণনার প্রয়োজন নাই। সন্মাদীদত্ত এই লিখন নিশ্চয় কোনো সন্মাদী আমাকে ব্যাইয়া দিতে পারিবেন এই মনে করিয়া অনেক সন্মাদীর আমি সেবা করিয়াছি। অনেক ভণ্ড সন্মাদী আমার ওই কাগজের সন্ধান পাইয়া তাহা হরণ করিবারও চেষ্টা করিয়াছে। এইরূপে কত বৎসরের পর বৎসর কাটিয়াছে, আমার মনে এক মুহুর্তের জন্তও স্থধ ছিল না, শান্তি ছিল না।

"অবশেষে পূর্বজন্মাজিত পুণ্যের বলে কুমায়ূন পর্বতে বাবা স্বরূপানন্দ স্বামীর সঙ্গ পাইলাম। তিনি স্বামাকে কহিলেন, 'বাবা, তৃষ্ণা দূর করো তাহা হইলেই বিশ্বব্যাপী স্কুক্ষয় সম্পদ্ধ স্থাপনি তোমাকে ধরা দিবে।'

"তিনি আমার মনের দাহ জ্ড়াইয়া দিলেন। তাঁহার প্রসাদে আকাশের আলোক আর ধরণীর শ্রামলতা আমার কাছে রাজসম্পদ হইয়া উঠিল। একদিন পর্বতের শিলাতলে শীতের সায়াহে পরমহংস বাবার ধুনিতে আগুন অলিতেছিল— সেই আগুনে আমার কাগল্পানা সমর্পণ করিলাম। বাবা ঈষৎ একটু হাসিলেন। সেহাসির অর্থ তথন বৃঝি নাই, আল ব্ঝিয়াছি। তিনি নিশ্চয় মনে মনে বলিয়াছিলেন, কাগল্পানা ছাই করিয়া ফেলা সহজ কিছু বাসনা এত সহজে ভত্মগাৎ হয় না।

"কাগজথানার যথন কোনো চিহ্ন রহিল না তথন আমার মনের চারি দিক হইতে একটা নাগপাশ-বন্ধন যেন সম্পূর্ণরূপে খুলিয়া গেল। মুক্তির অপূর্ব আনন্দে আমার চিত্ত পরিপূর্ণ হইরা উঠিল। আমি মনে করিলাম এখন হইতে আমার আর-কোনো ভর নাই— আমি জগতে কিছুই চাহি না।

"ইহার অনতিকাল পরে প্রমহংস-বাবার সঙ্গ হইতে চ্যুত হইলাম। তাঁহাকে অনেক খুঁজিলাম, কোথাও তাঁহার দেখা পাইলাম না।

"আমি তথন সন্নাদী হইয়া নিরাসক্তচিত্তে ব্রিয়া বেড়াইতে লাগিলাম। অনেক বংসর কাটিয়া গেল— সেই লিখনের কথা প্রায় ভলিয়াই গেলাম।

"এমন সময় একদিন এই ধারাগোলের বনের মধ্যে প্রবেশ করিয়া একটি ভাঙা মন্দিরের মধ্যে আপ্রয় লইলাম। ত্ই-একদিন থাকিতে থাকিতে দেখিলাম, মন্দিরের ভিতে স্থানে স্থানে নানাপ্রকার চিহ্ন আঁকা আছে। এই চিহ্নগুলি আমার পূর্ব-পরিচিত।

"এককালে বহুদিন যাহার সন্ধানে ফিরিয়াছিলাম তাহার যে নাগাল পাওয়া ষাইতেছে তাহাতে আমার সন্দেহ রহিল না। আমি কহিলাম, 'এখানে আর থাকা হুইবে না, এ বন ছাড়িয়া চলিলাম।'

"কিন্তু ছাড়িয়া যাওয়া ঘটিল না। মনে হইল, দেখাই যাক-না, কী আছে। কৌতৃহল একেবারে নিবৃত্ত করিয়া যাওয়াই ভালো। চিহ্নগুলা লইয়া অনেক আলোচনা করিলাম; কোনো ফল হইল না। বারবার মনে হইতে লাগিল, কেন সে কাগজখানা পুড়াইয়া ফেলিলাম। সেখানা রাখিলেই বা ক্ষতি কী ছিল।

"তথন আবার আমার দেই জন্মগ্রামে গেলাম। আমাদের পৈতৃক ভিটার নিতান্ত হরবস্থা দেখিয়া মনে করিলাম, আমি সন্ন্যাসী, আমার ধনরত্বে কোনো প্রয়োজন নাই, কিন্তু এই গরিবরা তো গৃহী, সেই গুপু সম্পদ ইহাদের জন্ম উদ্ধার করিয়া দিলে ভাহাতে দোষ নাই।

"সেই লিখন কোথায় আছে জানিতাম, তাহা সংগ্রহ করা আমার পক্ষে কিছুমাত্র কঠিন হইল না।

"তাহার পরে একটি বংসর ধরিয়া এই কাগজখানা লইয়া এই নির্জন বনের মধ্যে গণনা করিয়াছি আর সন্ধান করিয়াছি। মনে আর কোনো চিস্তা ছিল না। যত বারখার বাধা পাইতে লাগিলাম ততই উত্তরোত্তর আগ্রহ আরো বাড়িয়া চলিল— উন্মত্তের মতো অহোরাত্র এই এক অধ্যবসায়ে নিবিষ্ট রহিলাম।

"ইতিমধ্যে কথন তুমি আমার অমুদরণ করিতেছ তাহা জানিতে পারি নাই।
আমি দহজ অবস্থায় থাকিলে তুমি কথনোই নিজেকে আমার কাছে গোপন রাথিতে
২২॥২৫

পারিতে না; কিন্তু আমি তন্ময় হইয়া ছিলাম, বাহিরের ঘটনা আমার দৃষ্টি আকর্ষণ করিত না।

"তাহার পরে, যাহা খ্ জিতেছিলাম আজ এইমাত্র তাহা আবিকার করিয়াছি। এথানে যাহা আছে পৃথিবীতে কোনো রাজরাজেশরের ভাণ্ডারেও এত ধন নাই। আর একটিমাত্র সংকেত ভেদ করিলেই সেই ধন পাওয়া যাইবে।

"এই সংকেতটিই সর্বাপেক্ষা ত্রহ। কিন্তু এই সংকেতও আমি মনে মনে ভেদ করিয়াছি। সেইজন্তই 'পাইয়াছি' বলিয়া মনের উল্লাসে চিৎকার করিয়া উঠিয়াছিলাম। বলি ইচ্ছা করি তবে আর-এক দণ্ডের মধ্যে সেই স্বর্ণমাণিক্যের ভাতারের মাঝখানে গিয়া দাঁডাইতে পারি।"

মৃত্যুঞ্জয় শংকরের পা জড়াইয়া ধরিয়া কহিল, "তুমি সন্মাদী, তোমার তো ধনের কোনো প্রয়োজন নাই— আমাকে সেই ভাণ্ডারের মধ্যে লইয়া যাও। আমাকে বঞ্চিত করিয়ো না।"

শংকর কহিলেন, "আজ আমার শেষ বন্ধন মুক্ত হইয়াছে। তুমি ওই-যে পাধর ফেলিয়া আমাকে মারিবার জন্ত উন্তত হইয়াছিলে, তাহার আঘাত আমার শরীরে লাগে নাই, কিন্তু তাহা আমার মোহাবরণকে ভেদ করিয়াছে। তৃষ্ণার করালম্তি আজ আমি দেখিলাম। আমার গুরু পরমহংসদেবের নিগৃঢ় প্রশান্ত হাস্থ এতদিন পরে আমার অন্তরের কল্যাণদীপে অনির্বাণ আলোকশিথা জালাইয়া তুলিল।"

মৃত্যুপ্তম শংকরের পা ধরিয়া পুনরায় কাতর স্বরে কহিল, "তুমি মৃক্ত পুরুষ, আমি মৃক্ত নহি, আমি মৃক্তি চাহি না, আমাকে এই ঐশ্বর্য হইতে বঞ্চিত করিতে পারিবে না।"

সন্ন্যানী কহিলেন, "বংস, তবে তুমি তোমার এই লিখনটি লও। যদি ধন খুঁ জিয়া লইতে পার তবে লইয়ো।"

এই বলিয়া তাঁহার যাষ্ট্র ও লিখনপত্র মৃত্যুঞ্জয়ের কাছে রাথিয়া সন্মাদী চলিনা গেলেন। মৃত্যুঞ্জয় কহিল, "আমাকে দয়া করো, আমাকে ফেলিয়া যাইয়ো না— আমাকে দেখাইয়া দাও।"

কোনো উত্তর পাইল না।

তথন মৃত্যুক্সয় ষষ্টির উপর ভর করিয়া হাতড়াইয়া স্থরক হইতে বাহির হইবার চেষ্টা করিল। কিন্তু পথ অত্যক্ত জটিল, গোলকধাধার মতো, বারবার বাধা পাইতে লাগিল। অবশেষে ঘ্রিয়া ঘ্রিয়া ক্লান্ত হইয়া এক জায়গায় শুইয়া পড়িল এবং নিজা আলিতে বিলম্ব হইল না। বুম হইতে যথন জাগিল তথন রাত্রি কি দিন কি কত বেলা ভাষা জানিবার কোনো উপায় ছিল না। অত্যক্ত ক্ষা বোধ হইলে মৃত্যুক্তর চাদরের প্রান্ত ইইতে চিঁ ভা থূলিয়া লইয়া খাইল। তাহার পর আর-একবার হাতভাইয়া হুরল হইতে বাহির হইবার পথ খুঁজিতে লাগিল। নানা হানে বাধা পাইরা বিদিয়া পড়িল। তথন চিৎকার করিয়া ভাকিল, "প্রগা সম্যাসী, তুমি কোথায়।"

তাহার সেই ডাক স্থাকের সমন্ত শাখাপ্রশাখা হইতে বারম্বার প্রতিধ্বনিত হইতে লাগিল। অনতিদ্র হইতে উত্তর আদিল, "আমি তোমার নিকটেই আছি – কী চাও বলো।"

মৃত্যুঞ্জয় কাতরশ্বরে কহিল, "কোধায় ধন আছে আমাকে দয়া করিয়া দেখাইয়া দাও।"

তথন আর কোনো দাড়া পাওয়া গেল না। মৃত্যুঞ্জয় বারম্বার ডাকিল, কোনো দাড়া পাইল না 1

দণ্ডপ্রহরের ধারা অবিভক্ত এই ভূতলগত চিররাত্রির মধ্যে মৃত্যুক্তম আর-একবার ঘুমাইয়া লইল। ঘুম হইতে আবার সেই অন্ধকারের মধ্যে জাগিয়া উঠিল। চিৎকার করিয়া-ভাকিল, "ওগো, আছ কি।"

निकरे रहेएउरे উखत्र भारेन, "এইशानिश आहि। की ठाउ।"

মৃত্যুঞ্জয় কহিল, "আমি আর-কিছু চাই না— আমাকে এই স্থরত্ব হুইতে উদ্ধার করিয়া লইয়া যাও।"

সম্মাদী জিজ্ঞাদা করিলেন, "তুমি ধন চাও না ?"

মৃত্যুঞ্জয় কহিল, "না, চাহি না।"

ख्यन हरूपि टिक्निया भय छित्रिम धवः किङ्क्ष भारत **आ**रला खनिन।

मन्नामी करितन, "তবে এमো मृजाक्षव, এই স্থান হইতে বাহিরে যাই।"

মৃত্যুঞ্জয় কাতরম্বরে কহিল, "বাবা, নিতাস্কই কি সমন্ত ব্যর্থ হইবে। এত কট্টের প্রেও ধন কি পাইব না।"

তৎক্ষণাৎ মশাল নিবিয়া গেল। মৃত্যুঞ্জয় কহিল, "কী নিষ্ঠয়।" বলিয়া সেইথানে বিসয়া পড়িয়া ভাবিতে লাগিল। সময়ের কোনো পরিমাণ নাই, অদ্ধকারের কোনো অন্ত নাই। মৃত্যুঞ্জয়ের ইচ্ছা করিতে লাগিল ভাহার সমন্ত শরীর-মনের বলে এই অদ্ধকারটাকে ভাঙিয়া চূর্ণ করিয়া ফেলে। আলোক আকাশ আর বিশচ্ছবির বৈচিত্রেয় অন্ত ভাহার প্রাণ ব্যাকুল হইয়া উঠিল, কহিল, "ওগো সয়্লাসী, ওগো নিষ্ঠয় সয়াসী, আমি ধন চাই না, আমাকে উদ্ধার করো।"

সন্ন্যাসী কহিলেন, "ধন চাও না? তবে আমার হাত ধরো। আমার স্কে চলো।"

এবারে আর আলো জলিল না। এক হাতে ষষ্টি ও এক হাতে সন্মাদীর উত্তরীয় ধরিয়া মৃত্যুঞ্জয় ধীরে ধীরে চলিতে লাগিল। বহুক্ষণ ধরিয়া অনেক আঁকাবাঁকা পথ দিয়া অনেক ঘ্রিয়া ফিরিয়া এক জায়গায় আসিয়া সন্মাদী কহিলেন, শিষ্যাও।

মৃত্যুঞ্জয় দাঁড়াইল। তাহার পরে একটা মরিচা-পড়া লোহার দ্বার থোলার উৎকট শব্দ শোনা গেল। সন্ত্যাসী মৃত্যুঞ্জয়ের হাত ধরিয়া কহিলেন, "এলো।"

মৃত্যুঞ্জয় অগ্রসর হইয়া যেন একটা ঘরে প্রবেশ করিল। তথন আবার চক্মিকি ঠোকার শব্দ শোনা গেল। কিছুক্ষণ পরে যথন মশাল জলিয়া উঠিল তথন, এ কী আশ্বর্ধ দৃশ্য! চারি দিকে দেয়ালের গায়ে মোটা মোটা সোনার পাত ভূগর্ভক্ষ কঠিন স্থালোকপুঞ্জের মতো ভরে ভরে সজ্জিত। মৃত্যুঞ্জয়ের চোথ ত্টা জলিতে লাগিল। সে পাগলের মতো বলিয়া উঠিল, "এ সোনা আমার— এ আমি কোনোমতেই ফেলিয়া যাইতে পারিব না।"

সন্ন্যাসী কহিলেন, "আচ্ছা, ফেলিয়া যাইয়ো না; এই মশাল রহিল— আর এই ছাতু, চিঁড়া আর বড়ো এক ঘটি জল রাখিয়া গেলাম।"

দেখিতে দেখিতে সম্যাদী বাহির হইয়া আদিলেন, আর এই স্বর্ণভাগ্তরের লৌহ্বারে কপাট পড়িল।

মৃত্যুঞ্জয় বারবার করিয়া এই বর্ণপুঞ্জ স্পর্শ করিয়া ঘরময় ঘ্রিয়া ঘ্রিয়া বেড়াইতে লাগিল। ছোটো ছোটো বর্ণবগু টানিয়া মেজের উপর ফেলিতে লাগিল, কোলের উপর ত্লিতে লাগিল, একটার উপরে আর-একটা আঘাত করিয়া শব্দ করিতে লাগিল, স্বাব্দের উপর ব্লাইয়া তাহার স্পর্শ লইতে লাগিল। অবশেষে গ্রান্ত হইয়া সোনার পাত বিছাইয়া তাহার উপর শয়ন করিয়া খুমাইয়া পড়িল।

জাগিয়া উঠিয়া দেখিল, চারি দিকে সোনা ঝক্মক্ করিতেছে। সোনা ছাড়া আরকিছুই নাই। মৃত্যুক্তর ভাবিতে লাগিল, পৃথিবীর উপরে হয়তো এতক্ষণে প্রভাত
হইয়াছে, সমন্ত জীবজন্ত আনন্দে জাগিয়া উঠিয়াছে।— তাহাদের বাড়িতে পুকুরের
ধারের বাগান হইতে প্রভাতে যে একটি নিম্ম গদ্ধ উঠিত তাহাই কয়নায় তাহার
নাসিকায় যেন প্রবেশ করিতে লাগিল। সে যেন স্পাষ্ট চোথে দেখিতে পাইল,
পাতিহাঁসগুলি ছলিতে ছলিতে কলরব করিতে করিতে সকালবেলায় পুকুরের জলের
মধ্যে আসিয়া পড়িতেছে, আর বাড়ির ঝি বামা কোমরে কাপড় জড়াইয়া উর্ধোখিত

দক্ষিণহত্তের উপর একরাশি পিওলকাঁসার থালা বাটি লইয়া ঘাটে আনিয়া উপছিত ক্রিতেছে।

মৃত্যুঞ্জয় বারে আঘাত করিয়া ভাকিতে লাগিল, "ওগো সয়্যাসীঠাকুর, আছ কি।"
 খার থুলিয়া গেল। সয়্যাসী কহিলেন, "কী চাও।"

মৃত্যুঞ্জয় কহিল, "আমি বাহিরে যাইতে চাই— কিন্তু লকে এই সোনার ছটো-একটা পাতও কি লইয়া যাইতে পারিব না।"

সন্মাসী তাহার কোনো উত্তর না দিয়া ন্তন মশাল জালাইলেন— পূর্ণ কমওপু একটি রাখিলেন আর উত্তরীয় হইতে কয়েক মৃষ্টি চিঁড়া মেজের উপর রাখিয়া বাহির হইয়া গেলেন। তার বন্ধ হইয়া গেল।

মৃত্যুঞ্জয় পাতলা একটা সোনার পাত লইয়া তাহা দোমড়াইয়া থও থও করিয়া ভাঙিয়া ফেলিল। সেই থও সোনাগুলাকে লইয়া মরের চারি দিকে লোট্রথওের মতো ছড়াইতে লাগিল। কথনো বা দাঁত দিয়া দংশন করিয়া সোনার পাতের উপর দাগ করিয়া দিল। কথনো বা একটা সোনার পাত মাটিতে ফেলিয়া তাহার উপরে বারস্বার পদাঘাত করিতে লাগিল। মনে মনে বলিতে লাগিল, পৃথিবীতে এমন সম্রাট কয়জন আছে যাহারা সোনা লইয়া এমন করিয়া ফেলাছড়া করিতে পারে। মৃত্যুঞ্জয়ের যেন একটা প্রলমের রোথ চাপিয়া গেল। তাহার ইচ্ছা করিতে লাগিল, এই রাশীক্বত সোনাকে চ্র্প করিয়া ধ্লির মতো সে ঝাঁটা দিয়া ঝাঁট দিয়া উড়াইয়া ফেলে— আর এইরপে পৃথিবীর সমস্ত স্বর্ণলুর রাজা-মহারাজকে সে অবজ্ঞা করিতে পারে।

এমনি করিয়া যতক্ষণ পারিল মৃত্যুঞ্জয় সোনাগুলাকে লইয়া টানাটানি করিয়া আভিদেহে ঘুমাইয়া পড়িল। ঘুম হইতে উঠিয়া দে আবার তাহার চারি দিকে সেই সোনার স্থপ দেখিতে লাগিল। সে তথন ঘারে আঘাত করিয়া চিৎকার করিয়া বিলিয়া উঠিল, "ওগো সন্মানী, আমি এ সোনা চাই না— সোনা চাই না!"

কিছ ধার খুলিল না। ভাকিতে ভাকিতে মৃত্যুঞ্জয়ের গলা ভাঙিয়া গেল, কিছ ধার খুলিল না— এক-একটা সোনার পিও লইয়া ধারের উপর ছুঁ ড়িয়া মারিতে লাগিল, কোনো ফল হইল না। মৃত্যুঞ্জয়ের বুক দমিয়া গেল— তবে আর কি সয়াসী আসিবে না। এই অর্ণকারাগারের মধ্যে তিলে তিলে পলে পলে ওকাইয়া মরিতে হইবে!

তথন সোনাগুলাকে দেখিয়া তাহার আতঙ্ক হইতে লাগিল। বিভীষিকার নি:শব্দ কঠিন হাস্তের মতো ওই সোনার স্থুপ চারি দিকে দ্বির হইয়া রহিয়াছে— তাহার মধ্যে স্পন্দন নাই, পরিবর্তন নাই— মৃত্যুঞ্জয়ের যে হদয় এখন কাঁপিতেছে, ব্যাকুল হইতেছে, তাহার সঙ্গে উহাদের কোনো সম্পর্ক নাই, বেদনার কোনো সম্বন্ধ নাই। এই সোনার শিগুৰালা আলোক চায় না, আকাশ চায় না, বাতাস চায় না, প্ৰাণ চায় না, মৃক্তি চায় না। ইহারা এই চির-অন্ধকারের মধ্যে চিরদিন উজ্জ্বল হইয়া কঠিন হইয়া ছিয় হইয়া রহিয়াছে।

পৃথিবীতে এখন কি গোধূলি আসিরাছে। আহা, সেই গোধূলির স্বর্ণ! বে স্বর্ণ কেবল ক্ষণকালের জন্ত চোধ জ্ডাইয়া অক্ষকারের প্রান্তে কাঁদিয়া বিদায় লইয়া যায়। তাহার পরে ক্টিরের প্রান্ধতলে সন্ধ্যাতারা একদৃষ্টে চাহিয়া থাকে। গোঠে প্রদীপ আলাইয়া বধ্ ঘরের কোণে সন্ধ্যাদীপ স্থাপন করে। মন্দিরে আরতির ঘণ্টা বাজিয়া উঠে।

গ্রামের ঘরের অতি ক্ষতম তৃচ্ছতম ব্যাপার আজ মৃত্যুঞ্জের কল্পনাদৃষ্টির কাছে উচ্ছল হইয়া উঠিল। তাহাদের সেই-যে ভোলা কুকুরটা লেজে মাথায় এক হইয়া উঠানের প্রাস্তে পর ঘুমাইতে থাকিত, সে কল্পনাও তাহাকে যেন ব্যথিত করিতে লাগিল। ধারাগোল গ্রামে কয়দিন সে যে মুদির দোকানে আগ্রয় লইয়াছিল সেই মুদি এতক্ষণ রাত্রে প্রদীপ নিবাইয়া দোকানে ঝাঁপ বন্ধ করিয়া থীরে ধীরে গ্রামে বাড়িমুথে আহার করিতে চলিয়াছে, এই কথা শ্বরণ করিয়া তাহার মনে হইতে লাগিল, মুদি কী স্থর্থই আছে। আজ কী বার কে জানে। যদি রবিবার হয় তবে এতক্ষণে হাটের লোক যে যার আপন আপন বাড়ি ফিরিভেছে, সলচ্যুত সাথিকে উর্ধেশ্বরে ডাক পাড়িভেছে, দল বাঁধিয়া খেয়ানৌকায় পার হইভেছে; মেঠো রান্তা ধরিয়া, শশুক্ষেত্রের আল বাহিয়া, পলীর ভঙ্বংশপত্রেথচিত অন্ধনপার্থ দিয়া চাষী লোক হাতে ঘ্রো-একটা মাছ ঝুলাইয়া মাথায় একটা চুপড়ি লইয়া আন্ধকারে আকাশভরা ভারার কীণালোকে গ্রামে গ্রামান্তরে চলিয়াছে।

ধরণীর উপরিতলে এই বিচিত্র বৃহৎ চিরচঞ্চল জীবনযাত্রার মধ্যে তৃচ্ছতম দীনতম হইয়া নিজের জীবন মিশাইবার জন্ম শতন্তর মৃত্তিকা ভেদ করিয়া তাহার কাছে লোকালরের আহ্বান আদিয়া পৌছিতে লাগিল। দেই জীবন, দেই আকাশ, সেই আলোক, পৃথিবীর সমন্ত মণিমাণিক্যের চেয়ে তাহার কাছে ছম্ল্য বোধ হইডে লাগিল। তাহার মনে হইডে লাগিল, কেবল ক্ষণকালের জন্ম একবার যদি আমার সেই শ্রামাজননী ধরিত্রীর ধ্লিকোড়ে, সেই উন্মৃক্ত আলোকিত নীলাধ্রের তলে, সেই ত্লপত্রের গদ্ধবাসিত বাতাস বৃক ভরিয়া একটিমাত্র শেষ নিখাসে গ্রহণ করিয়া মরিতে পারি তাহা হইলেও জীবন সার্থক হয়।

এমন সময় বার খুলিয়া গেল। সন্ন্যাসী মরে প্রবেশ করিয়া কহিলেন, "মৃত্যুঞ্জ, কী চাও।"

দে বলিয়া উঠিল, "আমি আর কিছুই চাই না— আমি এই স্থরক হইতে, অন্ধকার হইতে, গোলকধাঁধা হইতে, এই সোনার গারদ হইতে, বাহির হইতে চাই। আমি আলোক চাই, আকাশ চাই, মুক্তি চাই।"

সন্ন্যাসী কহিলেন, "এই সোনার ভাগুরের চেন্নে মৃল্যবান রত্বভাগুর এথানে আছে। একবার বাইবে না ?"

मृञ्राक्षत्र कश्चि, "ना, शहिर ना।"

मয়ामी कशिलन, "একবার দেখিয়া আদিবার কৌতৃহলও নাই ?"

মৃত্যুপ্তর কহিল, "না, আমি দেখিতেও চাই না। আমাকে যদি কৌপীন পরিয়া ডিক্ষা করিয়া বেড়াইতে হয় তবু আমি এখানে এক মৃহুর্তও কাটাইতে ইচ্ছা করি না।" সম্যাসী কহিলেন, "আচ্চা, তবে এসো।"

মৃত্যুঞ্জের হাত ধরিয়া দল্পাদী তাহাকে দেই গভীর ক্পের সম্থা লইয়া গেলেন। তাহার হাতে সেই লিখনপত্র দিয়া কহিলেন, "এখানি লইয়া তুমি কী করিবে।"

মৃত্যুঞ্জয় সে পত্রথানি টুকরা টুকরা করিয়া ছি ড়িয়া কৃপের মধ্যে নিক্ষেপ করিল।

কার্তিক ১৩১৪

## রাসমণির ছেলে

۵

কালীপদর মা ছিলেন রাসমণি— কিন্তু তাঁহাকে দায়ে পড়িয়া বাপের পদ গ্রহণ করিতে হইয়াছিল। কারণ, বাপ মা উভয়েই মা হইয়া উঠিলে ছেলের পক্ষে স্থবিধা হয় না। তাঁহার স্বামী ভবানীচরণ ছেলেকে একেবারেই শাসন করিতে পারেন না।

তিনি কেন এত বেশি আদর দেন তাহা বিজ্ঞাসা করিলে তিনি যে উত্তর দিয়া থাকেন তাহা বুঝিতে হইলে পূর্ব ইতিহাস জানা চাই।

ব্যাপারখানা এই— শানিয়াড়ির বিখ্যাত বনিয়াদী ধনীর বংশে ভবানীচরণের জনা। ভবানীচরণের পিতা অভয়াচরণের প্রথম পক্ষের পুত্র স্থামাচরণ। অধিক বয়সে স্ত্রীবিয়োগের পর দিতীয়বার বখন অভয়াচরণ বিবাহ করেন তখন তাঁহার খন্তর আাদন্দি তালুকটি বিশেষ করিয়া তাঁহার কস্থার নামে দিখাইয়া দ্বইয়াছিলেন।

জামাতার বয়স হিসাব করিয়া তিনি মনে মনে ভাবিয়াছিলেন যে, কলার বৈধব্য যদি ঘটে তবে থাওয়া-প্রার জন্ত যেন স্পত্নীপুত্রের অধীন তাহাকে না হইতে হয়।

তিনি যাহা কল্পনা করিয়াছিলেন তাহার প্রথম অংশ ফলিতে বিলম্ব হইল না। উাহার দৌহিত্র ভবানীচরণের জন্মের অনতিকাল পরেই তাঁহার জামাতার মৃত্যু হইল। তাঁহার কল্পা নিজের বিশেষ সম্পতিটির অধিকার লাভ করিলেন ইহা স্বচক্ষে দেখিয়া তিনিও পরলোক্যাতার সময় কল্পার ইহলোক সম্বন্ধে অনেকটা নিশ্চিত ইইয়া গেলেন।

ভাষাচরণ তথন বয়ংপ্রাপ্ত। এমন-কি, তাঁহার বড়ো ছেলেটি তথনি ভবানীর চেয়ে এক বছরের বড়ো। ভাষাচরণ নিজের ছেলেদের সঙ্গে একতেই ভবানীকে মাহ্ব করিতে লাগিলেন। ভবানীচরণের মাতার সম্পত্তি হইতে কথনো তিনি নিজে এক প্রসা লন নাই এবং বৎসরে বৎসরে তাহার পরিভার হিসাবটি তিনি বিমাতার নিকট দাখিল করিয়া তাহার রিদি লইয়াছেন, ইহা দেখিয়া সকলেই তাঁহার সাধুতায় মৃশ্ব হইয়াছে।

বস্তুত প্রায় সকলেই মনে করিয়াছিল এতটা সাধুতা অনাবশুক, এমন-কি, ইহা নির্পিতারই নামান্তর। অথও পৈতৃক সম্পত্তির একটা অংশ দিতীয় পক্ষের স্ত্রীর হাতে পড়ে ইহা গ্রামের লোকের কাহারো ভালো লাগে নাই। বদি খ্রামান্তরণ ছল করিয়া এই দলিলটি কোনো কৌশলে বাতিল করিয়া দিতেন তবে প্রতিবেশীরা তাঁহার পৌরুবের প্রশংসাই করিত, এবং যে উপায়ে তাহা স্বচারুরূপে সাধিত হইতে পারে তাহার পরামর্শদাতা প্রবীণ ব্যক্তিরপ্র অভাব ছিল না। কিন্তু খ্রামান্তরণ তাঁহাদের চিরকালীন পারিবারিক স্বত্তকে অক্ষহীন করিয়াও তাঁহার বিমাতার সম্পতিটিকে সম্পূর্ণ স্বতম্ব করিয়া রাখিলেন।

এই কারণে এবং স্বভাবসিদ্ধ স্নেহণীলতাবশত বিমাতা ব্রজ্ঞ্বলী ভামাচরণকে আপনার পুত্রের মতোই স্নেহ এবং বিশাস করিতেন। এবং তাঁহার সম্পতিটিকে ভামাচরণ অত্যস্ত পৃথক করিয়া দেখিতেন বলিয়া তিনি অনেকবার তাঁহাকে ভ<দানা করিয়াছেন; বলিয়াছেন, 'বাবা, এ তো সমন্তই তোমাদের, এ সম্পত্তি সঙ্গে লইয়া আমি তো স্বর্গে বাইব না, এ তোমাদেরই থাকিবে; আমার এত হিসাবপত্র দেখিবার দরকার কী।' ভামাচরণ সে কথায় কর্ণপাত করিতেন না।

ভাষাচরণ নিজের ছেলেদের কঠোর শাসনে রাথিতেন। কিছ ভবানীচরণের 'পরে তাঁহার কোনো শাসনই ছিল না। ইহা দেখিয়া সকলেই একবাক্যে বলিত, নিজের ছেলেদের চেয়ে ভবানীর প্রতিই তাঁহার বেশি শ্বেহ। এমনি করিয়া ভবানীর পড়ান্তনা কিছুই হইল না। এবং বিষয়বৃদ্ধি সহদ্ধে চিরদিন শিশুর মতো থাকিয়া দাদার

উপর সম্পূর্ণ নির্ভর করির। তিনি বয়স কাটাইতে লাগিলেন। বিষয়কর্মে তাঁহাকে কোনোদিন চিন্তা করিতে হুইত না— কেবল মাঝে মাঝে এক-একদিন সই করিতে হুইত। কেন সই করিতেছেন তাহা বৃঝিবার চেষ্টা কবিতেন না কারণ চেষ্টা করিলে কুতকার্য হুইতে পারিতেন না।

এ দিকে ভামাচরণের বড়ো ছেলে তারাপদ সকল কাজে পিতার সহকারীরণে থাকিয়া কাজে কর্মে পাকা হইয়া উঠিল। ভামাচরণের মৃত্যু হইলে পর তারাপদ ভবানীচরণকে কহিল, "থুড়ামহাশয়, আমাদের আর একতা থাকা চলিবে না। কী জানি কোন্দিন সামাল্য কারণে মনান্তর ঘটিতে পারে তথন সংসার ছারথার হইয়া যাইবে।"

পৃথক হইয়া কোনোদিন নিজের বিষয় নিজেকে দেখিতে হইবে এ কথা ভবানী স্বপ্নেও কল্পনা করেন নাই। যে সংসারে শিশুকাল হইতে তিনি মাহ্ম্ম হইয়াছেন স্টোকে তিনি সম্পূর্ণ অথও বলিয়াই জানিতেন — তাহার যে কোনো-একটা জায়গায় জ্যোড় আছে, এবং সেই জ্যোড়ের মুখে তাহাকে হুইখানা করা যায়, সহসা সে সংবাদ পাইয়া তিনি ব্যাহুল হুইয়া পড়িলেন।

বংশের সম্মানহানি এবং আত্মীয়দের মনোবেদনায় তারাপদকে যথন কিছুমাত্র বিচলিত করিতে পারিল না তথন কেমন করিয়া বিষয় বিভাগ হইতে পারে সেই অসাধ্য চিস্তায় ভবানীকে প্রবৃত্ত হইতে হইল। তারাপদ তাঁহার চিস্তা দেখিয়া অত্যস্ত বিশ্বিত হইয়া কহিলেন, "থুড়ামহাশয়, কাগু কী। আপনি এত ভাবিতেছেন কেন। বিষয় ভাগ তো হইয়াই আছে। ঠাকুরদাদা বাঁচিয়া থাকিতেই তো ভাগ করিয়া দিয়া গেছেন।"

ভবানী হতবৃদ্ধি হইয়া কহিলেন, "পত্য নাকি। আমি তো তাহার কিছুই জানি না।"

তারাপদ কহিলেন, "বিলক্ষণ! জানেন না তো কী। দেশস্ক লোক জানে, পাছে আপনাদের সঙ্গে আমাদের কোনো বিবাদ ঘটে এইজন্ত আলন্দি তালুক আপনাদের অংশে লিখিয়া দিয়া ঠাকুরদানা প্রথম হইতেই আপনাদিগকে পৃথক করিয়া দিয়াছেন— সেই ভাবেই তো এ পর্যন্ত চলিয়া আসিতেছে।"

ভবানীচরণ ভাবিলেন, সকলই সম্ভব। জিজ্ঞাসা করিলেন, "এই বাড়ি ?"

তারাপদ কহিলেন, "ইচ্ছা করেন তো বাড়ি আপনারাই রাখিতে পারেন। সদর মহকুমায় যে কুঠি আছে সেইটে পাইলেই আমাদের কোনোরকম করিয়া চলিয়া ষাইবে।" ভারাপদ এত অনায়াসে পৈতৃক বাড়ি ছাড়িতে প্রস্তুত হইলেন দেখির। তাঁহার উদার্থে তিনি বিশ্বিত হইয়া গেলেন। তাঁহাদের সদর মহকুমার বাড়ি ভিনি কোনোদিন দেখেন নাই এবং তাহার প্রতি তাঁহার কিছুমাত্র মমতা ছিল না।

ভবানী বথন তাঁহার মাতা ব্রজ্ঞ্জনরীকে সকল বৃভান্ত জানাইলেন, তিনি কপালে করাঘাত করিয়া বলিলেন, "ওমা, সে কী কথা। আলন্দি তালুক তো আমার খোরপোষের জন্ত আমি স্ত্রীধনস্বরূপে পাইয়াছিঙ্গাম— তাহার আয়ও তো তেমন বেশি নয়। পৈতৃক সম্পত্তিতে তোমার যে অংশ সে তুমি পাইবে না কেন।"

ভবানী কহিলেন, "তারাপদ বলে, পিতা আমাদিগকে ওই তালুক ছাড়া আর-কিছু দেন নাই।"

ব্রজন্মরী কহিলেন, "দে কথা বলিলে আমি শুনিব কেন। কর্তা নিজের হাতে উাহার উইল তুই প্রস্থ লিথিয়াছিলেন— তাহার এক প্রস্থ আমার কাছে রাথিয়াছেন; লে আমার দিন্দুকেই আছে।"

দিশুক খোলা হইল। দেখানে আলন্দি তালুকের দানপত্র আছে কিন্তু উইল নাই। উইল চুরি গিয়াছে।

পরামর্শনাতাকে ডাকা হইল। লোকটি তাঁহাদের গুরুঠাকুরের ছেলে। নাম বগলাচরণ। সকলেই বলে তাহার ভারি পাকা বৃদ্ধি। তাহার বাপ গ্রামের মন্ত্রদাতা আর ছেলেটি মন্ত্রণাদাতা। পিতাপুত্রে গ্রামের পরকাল ইহকাল ভাগাভাগি করিয়া লইয়াছে। অক্তের পক্ষে তাহার ফলাফল বেমনই হউক, তাহাদের নিজেদের পক্ষে কোনো অস্ক্রবিধা ঘটে নাই।

বগলাচরণ কহিল, "উইল না-ই পাওয়া গেল। পিতার সম্পত্তিতে তৃই ভায়ের তো সমান অংশ থাকিবেই।"

এমন সময় মণর পক্ষ হইতে একটা উইল বাহির হইল। তাহাতে ভবানীচরণের অংশে কিছুই লেখে না। সমস্ত সম্পত্তি পৌত্রদিগকে দেওয়া হইয়াছে। তথন অভয়াচরণের পুত্র জন্মে নাই।

বগলাকে কাণ্ডারী করিয়া ভবানী মকদ্দমার মহাসমূত্রে পাড়ি দিলেন। বন্দরে আসিয়া লোহার সিন্দুকটি যথন পরীক্ষা করিয়া দেখিলেন তথন দেখিতে পাইলেন, লন্ধীপোঁচার বাসাটি একেবারে শৃন্ত — সামান্ত ত্টো-একটা সোনার পালক ধসিয়া পড়িয়া আছে। পৈতৃক সম্পত্তি অপর পক্ষের হাতে গেল। আর আলন্দি তালুকের যে ডগাটুকু মকদ্মা-থরচার বিনাশতল হইতে জাগিয়া রহিল, কোনোমতে ভাহাকে আশ্রেয় করিয়া থাকা চলে মাত্র কিন্তু বংশমর্যাদা রক্ষা করা চলে না। পুরাতন বাড়িটা

ভবানীচরণ পাইরা মনে করিলেন ভারি ঞ্চিতিয়াছি। তারাপদর দল সদরে চলিয়া গেল। উভয়পক্ষের মধ্যে আর দেখাসাক্ষাৎ রহিল না।

২

খ্যামাচরণের বিশ্বাদঘাতকতা ব্রজ্জ্বন্ধরীকে শেলের মতো বাজিল। খ্যামাচরণ
অন্তার করিরা কর্তার উইল চুরি করিয়া ভাইকে বঞ্চিত করিল এবং পিতার বিশ্বাদভদ
করিল ইহা তিনি কোনোমতেই ভূলিতে পারিলেন না। তিনি বতদিন বাঁচিয়া ছিলেন
প্রতিদিনই দীর্ঘনিশ্বাদ ফেলিয়া বারবার করিয়া বলিতেন, 'ধর্মে ইহা কথনোই সহিবে
না।' ভবানীচরণকে প্রায়ই প্রতিদিন তিনি এই বলিয়া আখাদ দিয়াছেন যে, 'আমি
আইন-আদালত কিছুই বৃঝি না, আমি তোমাকে বলিতেছি, কর্তার দে উইল
কথনোই চিরদিন চাপা থাকিবে না। দে তুমি নিশ্বুই ফিরিয়া পাইবে!'

বরাবর মাতার কাছে এই কথা শুনিয়া ভবানীচরণ মনে অত্যন্ত একটা ভরদা পাইলেন। তিনি নিচ্ছে অক্ষম বলিয়া এইরূপ আশাসবাক্য তাঁহার পক্ষে অভ্যন্ত সান্তনার জিনিস। সতীসাধ্বীর বাক্য ফলিবেই, যাহা তাঁহারই তাহা আপনিই তাঁহার কাছে ফিরিয়া আদিবে এ কথা তিনি নিশ্চয় স্থির করিয়া বদিয়া রহিলেন। মাতার মৃত্যুর পরে এ বিখাদ তাঁহার আরো দৃঢ় হইয়া উঠিল— কারণ মৃত্যুর বিচ্ছেদের মধ্য দিয়া মাতার পুণ্যতেক তাঁহার কাছে আরো অনেক বড়ো করিয়া প্রতিভাত হইল। দারিন্ত্রের সমস্ত অভাবপীড়ন যেন তাঁহার গায়েই বাজিত না। মনে হইত, এই-যে अन्नवरखद्र कहे, এই-एर शूर्वकात ठानठनरनद्र वाछाय, এ एरन प्रशिसद अकठा अख्निय-মাত্র— এ কিছুই সত্য নহে। এইজন্ত সাবেক ঢাকাই ধৃতি ছি ডিয়া গেলে যথন কম দামের মোটা ধুতি তাঁহাকে কিনিয়া পরিতে হইল তথন তাঁহার হাসি পাইল। পূঞ্জার সময় সাবেক কালের ধুমধাম চলিল না, নমোনম করিয়া কাজ সারিতে চইল। चलागिक्यन এই मतिस चार्याक्यन रम्थिया मीर्यनियोग रफ्लिया मार्टिक कारलद कथा পাড়িল। ভবানীচরণ মনে মনে হাসিলেন; তিনি ভাবিলেন, ইহারা জানে না এ-সমস্ট্রই কেবল কিছুদিনের জয়- তাহার পর এমন ধুম করিয়া একদিন পূজা হইবে ষে, ইহাদের চক্ষ্ ছির হইয়া যাইবে। সেই ভবিশ্বতের নিশ্চিত সমারোহ তিনি এমনি প্রত্যক্ষের মতো দেখিতে পাইতেন বে, বর্তমান দৈল তাঁহার চোখেই পৃদ্ভিত না।

এ সম্বন্ধে তাঁহার আলোচনা করিবার প্রধান মাহবটি ছিল নোটো চাকর। কতবার প্রোৎসবের দারিস্ত্রের মাঝখানে বদিয়া প্রভূ-ভূত্যে, ভাবী স্থদিনে কিরূপ আয়োজন করিতে হইবে তাহারই বিন্তারিত আলোচনায় প্রবৃত্ত হইয়াছেন। এমন- কি, কাহাকে নিমন্ত্রণ করিতে হইবে না-হইবে এবং কলিকাতা হইতে যাত্রার দল আনিবার প্রয়োজন আছে কি না তাহা লইয়া উভয়পক্ষে ঘোরতর মতাস্তর ও তর্কবিতর্ক হইয়া গিয়াছে। স্বভাবসিদ্ধ অনৌদার্যবশত নটবিহারী সেই ভাবীকালের ফর্দ-রচনায় ক্রপণতা প্রকাশ করায় ভবানীচরণের নিকট হইতে তীব্র ভব্দনা লাভ করিয়াছে। এরপ ঘটনা প্রায়ই ঘটিত।

মোটের উপরে বিষয়সম্পত্তি সম্বন্ধে ভবানীচরণের মনে কোনোপ্রকার ছিলিনা। কেবল তাঁহার একটিমাত্র উদ্বেগের কারণ ছিল, কে তাঁহার বিষয় ভোগ করিবে। আজ পর্যন্ত তাঁহার সন্তান হইল না। কল্যাদায়গ্রন্থ হিতৈধীরা যথন তাঁহাকে আর-একটি বিবাহ করিতে অহরোধ করিতে তথন তাঁহার মন এক-একবার চঞ্চল হইত; তাহার কারণ এ নয় যে নববধ্ সম্বন্ধে তাঁহার বিশেষ শথ ছিল—বরঞ্চ দেবক ও অল্পের ল্যায় স্ত্রীকেও পুরাতনভাবেই তিনি প্রশন্ত বলিয়া গণ্য করিতেন— কিন্তু বাহার ঐশ্বর্যসন্তাবনা আছে তাহার সন্তানসভাবনা না থাকা বিষম বিজ্বনা বলিয়াই তিনি জানিতেন।

এমন সময় যথন তাঁহার পূত্র জন্মিত্র তথন সকলেই বলিল, এইবার এই দরের ভাগ্য ফিরিবে, তাহার স্ত্রপাত হইয়াছে। স্বয়ং স্বর্গীয় কর্তা অভয়াচরণ আবার এ দরে জন্মিয়াছেন, ঠিক সেই রকমেরই টানা চোথ। ছেলের কোঞ্চাতেও দেখা গেল, গ্রহে নক্ষত্রে এমনিভাবে যোগাযোগ ঘটিয়াছে যে হতসম্পত্তি উদ্ধার না হইয়া যায় না।

ছেলে হওয়ার পর হইতে ভবানীচরণের ব্যবহারে কিছু পরিবর্তন লক্ষ্য করা গেল।
এতদিন পর্যস্ত দারিপ্রাকে তিনি নিতান্তই একটা থেলার মতো সকৌতৃকে অভি
অনায়াদেই বহন করিয়াছিলেন, কিন্তু ছেলের সম্বন্ধে সে ভাবটি তিনি রক্ষা করিতে
পারিলেন না। শানিয়াড়ির বিখ্যাত চৌধুরীদের ঘরে নির্বাণপ্রায় কুলপ্রদীপকে উজ্জল
করিবার জ্ঞা সমস্ত গ্রহনক্ষত্রের আকাশব্যাপী আহুক্ল্যের ফলে যে শিশু ধরাধামে
অবতীর্ণ হইয়াছে তাহার প্রতি তো একটা কর্তব্য আছে! আজা পর্যন্ত ধারাবাহিক
কাল ধরিয়া এই পরিবারে প্রাসন্তানমাত্রই আজনকাল যে সমাদার লাভ করিয়াছে
ভবানীচরণের জ্যেষ্ঠ পুত্রই প্রথম তাহা হইতে বঞ্চিত হইল, এ বেদনা তিনি ভূলিতে
পারিলেন না। 'এ বংশের চিরপ্রাপ্য আমি যাহা পাইয়াছি আমার পুত্রকে তাহা
দিতে পারিলাম না', ইহা অরণ করিয়া তাঁহার মনে হইতে লাগিল, 'আমিই ইহাকে
ঠকাইলাম।' তাই কালীপদর জন্ম অর্থব্যয় যাহা করিতে পারিলেন না প্রচুর আদর
দিয়া ভাহা পুরণ করিবার চেষ্টা করিলেন।

ভবানীর স্বী রাসমণি ছিলেন অন্ত ধরনের মাছ্য। তিনি শানিয়াড়ির চৌধুরীদের

বংশগোরব সম্বন্ধে কোনোদিন উদ্বেগ অহওব করেন নাই। ভবানী তাহা জানিতেন এবং ইহা লইয়া মনে মনে তিনি হাসিতেন— ভাবিতেন, দেরপ সামান্ত দরিত্র বৈষ্ণব-বংশে তাঁহার জীর জন্ম তাহাতে তাঁহার এ ক্রুটি ক্ষমা করাই উচিত— চৌধুরীদের মানমর্যাদা সম্বন্ধে ঠিক্মত ধারণা করাই তাঁহার পক্ষে অসম্ভব।

. রাসমণি নিজেই তাহা স্বীকার করিতেন— বলিতেন, 'আমি গরিবের মেয়ে, মানসন্ত্রমের ধার ধারি না, কালীপদ আমার বাঁচিয়া পাক্, সেই আমার সকলের চেয়ে বড়ো ঐর্থ।' উইল আবার পাওয়া যাইবে এবং কালীপদর কল্যাণে এ বংশে লুগু সম্পদের শৃষ্ত নদীপথে আবার বান ডাকিবে, এ-সব কথায় তিনি একেবারে কানই দিতেন না। এমন মাহ্রই ছিল না ধাহার সকে তাঁহার স্বামী হারানো উইল লইয়া আলোচনা না করিতেন। কেবল এই সকলের চেয়ে বড়ো মনের কথাটি তাঁহার স্তীর সক্ষে হইত না। ত্ই-একবার তাঁহার সকে আলোচনার চেটা করিয়াছিলেন, কিছ কোনো রস পাইলেন না। অতীত মহিমা এবং ভাবী মহিমা এই ত্ইয়ের প্রতিই তাঁহার স্বী মনোযোগমাত্র করিতেন না, উপস্থিত প্রয়োজনই তাঁহার সমস্ত চিত্তকে আকর্ষণ করিয়া রাথিয়াছিল।

সে প্রয়োজনও বড়ো অল্প ছিল না। অনেক চেষ্টায় সংসার চালাইতে হইত। কেননা, লক্ষী চলিয়া গেলেও তাঁহার বোঝা কিছু কিছু পশ্চাতে ফেলিয়া যান, তথন উপায় থাকে না বটে কিন্তু অপায় থাকিয়া যায়। এ পরিবারে আত্ময় প্রায় ভাঙিয়া গিয়াছে কিন্তু আত্মিত দল এখনো তাঁহাদিগকে ছুটি দিতে চায় না। ভবানীচরণও তেমন লোক নহেন যে, অভাবের ভয়ে কাহাকেও বিদায় করিয়া দিবেন।

এই ভারগ্রন্থ ভাঙা সংসারটিকে চালাইবার ভার রাসমণির উপরে। কাহারো কাছে তিনি বিশেষ কিছু সাহায্যও পান না। কারণ এ সংসারের সচ্ছল অবস্থার দিনে আলিতেরা সকলেই আরামে ও আলভ্রেই দিন কাটাইয়াছে। চৌধুরীবংশের মহার্কের তলে ইহাদের স্থশয়ার উপরে ছায়া আপনিই আদ্রিয়া বিন্তীর্ণ হইয়াছে এবং ইহাদের ম্থের কাছে পাকাফল আপনিই আদিয়া পড়িয়াছে— সেজল্ত ইহাদের কাহাকেও কিছুমাত্র চেষ্টা করিতে হয় নাই। আজ ইহাদিগকে কোনোপ্রকার কাজ করিতে বলিলে ইহারা ভারি অপমান বোধ করে— এবং রায়াঘরের ধোঁয়া লাগিলেই ইহাদের মাথা ধরে, আর ইাটাইাটি করিতে গেলেই কোথা হইতে এমন পোড়া বাতের ব্যামো আদিয়া অভিত্ত করিয়া তোলে বে, কবিয়াজের বছম্ল্য তৈলেও রোগ উপশম হইতে চায় না। তা ছাড়া, ভবানীচরণ বলিয়া থাকেন, আশ্রয়ের পরিবর্তে ঘদি আলিতের কাছ হইতে কাজ আদায় করা হয় ভবে দে তো চাকরি

করাইয়া লওয়া— তাহাতে আত্ময়দানের মূল্যই চলিয়া যায়— চৌধুরীদের ঘরে এমন নিয়মই নহে।

অতএব সমস্ত দার রাসমণিরই উপর। দিনরাত্রি নানা কৌশলে ও পরিপ্রমে এই পরিবারের সমস্ত অভাব তাঁহাকে গোপনে মিটাইরা চলিতে হয়। এমন করিয়া দিনরাত্রি দৈল্ডের সঙ্গে সংগ্রাম করিয়া টানাটানি করিয়া দরদ্প্তর করিয়া চলিতে থাকিলে মাহুষকে বড়ো কঠিন করিয়া তুলে— ভাহার কমনীয়ভা চলিয়া যায়। যাহাদের জন্ত সে পদে পদে থাটিয়া মরে তাহারাই ভাহাকে সহ্ করিতে পারে না। রাসমণি যে কেবল পাকশালার অল্প পাক করেন ভাহা নহে, অল্পের সংস্থানভারও অনেকটা তাঁহার উপর— অথচ সেই অল্প সেবন করিয়া মধ্যাহে গাঁহারা নিজা দেন ভাহারা প্রতিদিন সেই অল্পেরও নিন্দা করেন, অল্পাভারও স্বথ্যাতি করেন না।

কেবল ঘরের কাজ নহে, তালুক ব্রহ্মত্র অল্পন্ন যা-কিছু এখনো বাকি আছে তাহার হিসাবপত্র দেখা, থাজনা আঁলায়ের ব্যবস্থা কর্মা, সমস্ত রাসমণিকে করিতে হয়। তহসিল প্রভৃতি সম্বন্ধে পূর্বে এত ক্যাক্ষি কোনোদিন ছিল না— ভবানীচরণের টাকা অভিমহার ঠিক উলটা, দে বাহির হইতেই জানে, প্রবেশ করিবার বিদ্যা তাহার জানা নাই। কোনোদিন টাকার জন্ত কাহাকেও তাগিদ করিতে তিনি একেবারেই অক্ষম। রাসমণি নিজের প্রাণ্য সম্বন্ধে কাহাকেও গিকি প্রসা রেয়াত করেন না। ইহাতে প্রজ্ঞারা তাঁহাকে নিন্দা করে, গোমন্তাগুলো পর্যন্ত তাঁহার সতর্কতার জ্ঞালায় অন্থির হইয়া তাঁহার বংশোচিত ক্র্যাশয়তার উল্লেখ করিয়া তাঁহাকে গালি দিতে ছাড়ে না। এমন-কি, তাঁহার স্থামীও তাঁহার রূপণতা ও তাঁহার কর্মভাকে তাঁহাদের বিশ্ববিখ্যাত পরিবারের পক্ষে মানহানিজনক বলিয়া কথনো কথনো মৃত্যুরে আপত্তি করিয়া থাকেন। এ-সমন্ত নিন্দা ও ভর্ৎসনা তিনি সম্পূর্ণ উপেক্ষা করিয়া নিজের নিয়মে কাজ করিয়া চলেন, দোব সমন্তই নিজের ঘাড়ে লন; তিনি গরিবের ঘরের মেরে, তিনি বড়োমান্থবিয়ানার কিছুই বোঝেন না, এই কথা বারবার স্বীকার করিয়া ঘরে বাহিরে সকল লোকের কাছে অপ্রিয় হইয়া, আঁচলের প্রান্তটা ক্ষিয়া কোমরে জড়াইয়া ঝড়ের বেগে কাজ করিতে থাকেন; কেহ তাঁহাকে বাণা দিতে সাহস-করে না।

স্বামীকে কোনোদিন তিনি কোনো কাজে ডাকা দুরে থাক্, তাঁহার মনে মনে এই ভয় সর্বদা ছিল পাছে ভবানীচরণ সহসা কর্তৃত্ব কুরিয়া কোনো কাজে হস্তক্ষেপ করিয়া বসেন। 'ডোমাকে কিছুই ভাবিতে হইবে না, এ-সব কিছুতে তোমার থাকার প্রয়োজন নাই' এই বলিয়া সকল বিষয়েই স্বামীকে নিরুছম করিয়া রাথাই তাঁহার একটা প্রধান চেটা ছিল। স্বামীরও আজয়কাল সেটা স্ক্রয়রপে স্বভান্ত থাকাতে সে বিষয়ে দ্বীকে

অধিক দৃঃধ পাইতে হয় নাই। রাসমণির অনেক বয়দ পর্যন্ত দন্তান হয় নাই— এই তাঁহার অকর্মণ্য দরলপ্রকৃতি পরম্থাপেক্ষী স্বামীটিকে লইরা তাঁহার পত্নীপ্রেম ও মাতৃত্বেহ দুই মিটিয়াছিল। ভবানীকে তিনি বয়:প্রাপ্ত বালক বলিয়াই দেখিতেন। কাজেই শাশুড়ির মৃত্যুর পর হইতে বাড়ির কর্ডা এবং গৃহিণী উভয়েরই কাল তাঁহাকে একলাই দম্পন্ন করিতে হইত। গুলুঠাকুরের ছেলে এবং অক্সান্ত বিপদ হইতে স্বামীরেল রক্ষা করিবার জন্ম তিনি এমনি কঠোরভাবে চলিতেন বে, তাঁহার স্বামীর দলীরা তাঁহাকে ভারি ভন্ম করিত। প্রথরতা গোপন করিয়া রাখিবেন, ম্পট্ট কথাগুলার ধারট্ক একট্ নরম করিয়া দিবেন, এবং পুরুষমুগুলীর দলে যথোচিত সংকোচ ক্লাকরিয়া চলিবেন, সেই নারীজনোচিত স্ব্যোগ তাঁহার ঘটিল না।

এ পর্যন্ত ভবানীচরণ তাঁহার বাধ্যভাবেই চলিতেছিলেন। কিন্তু কালীপদর সম্বন্ধে রাসমণিকে মানিয়া চলা তাঁহার পক্ষে কঠিন হইয়া উঠিল।

তাহার কারণ এই, রাদমণি ভবানীর পুত্রটিকে ভবানীচরণের নম্বরে দেখিতেন না। काँशांत सामीत मध्यक जिनि जाविरजन, विहात कतिय की, जेशांत साथ की, ध বডোমাছবের ঘরে জ্মিয়াছে— ওর তো উপায় নাই। এইজন্ত তাঁহার স্বামী ধে কোনোরূপ কট্ট স্বীকার করিবেন, ইচা তিনি আশাই করিতে পারিতেন না। তাই **নহম্র অভাব সত্ত্বেও প্রাণপণ শক্তিতে তিনি স্বামীর সমস্ত অভান্ত প্রয়োজন বুংাসন্তব** জোগাইয়া দিতেন। তাঁহার ঘরে বাহিরের লোকের সম্বন্ধে হিসাব থবই ক্যা ছিল. কিন্তু ভবানীচরণের আহারে ব্যবহারে পারতপক্ষে সাবেক নিয়মের কিছুমাত্র ব্যত্যয় হইতে পারিত না। নিভান্ত টানাটানির দিনে যদি কোনো বিষয়ে কিছু ক্রটি ঘটিত তবে সেটা বে অভাববশত ঘটিয়াছে সে কথা তিনি কোনোমতেই স্বামীকে জানিতে দিতেন না-- হয়তো বলিতেন, 'ওই রে, হতভাগা কুকুর থাবারে মুথ দিয়া সমস্ত নষ্ট করিয়া দিয়াছে।' বলিয়া নিজের কল্লিড অনতর্কতাকে ধিকুকার দিতেন। নয়তো লন্ধীছাড়া নোটোর দোষেই নৃতন-কেনা কাপড়টা খোওয়া গিয়াছে বলিয়া তাহার বৃদ্ধির প্রতি প্রচুর অশ্রদ্ধা প্রকাশ করিতেন— ভবানীচরণ তথন তাঁহার প্রিয় ভৃত্যটির পক্ষাবলম্বন করিয়া গৃহিণীর ক্রোধ হইতে তাহাকে বাঁচাইবার জন্ত ব্যন্ত হইয়া উঠিতেন। এমন-কি, কথনো এমনও ঘটিয়াছে, যে কাপড় গৃহিণী কেনেন নাই এবং ভবানীচরণ চক্ষেও দেখেন নাই এবং যে কাল্লনিক কাপডখানা হারাইয়া ফেলিয়াছে বলিয়া নটবিহারী অভিযুক্ত-ভবানীচরণ অমানমুখে স্বীকার করিয়াছেন বে, সেই কাপড় নোটো তাঁহাকে কোঁচাইয়া দিয়াছে, তিনি তাহা পরিয়াছেন এবং তাহার পর— তাহার পর কী হইল দেটা হঠাৎ তাঁহার কল্পনাশক্তিতে জোগাইয়া উঠে নাই— রাসমণি

নিজেই সেটুকু প্রণ করিয়া বলিয়াছেন— নিশ্চরই তুমি তোমার বাহিরের বৈঠকথানার ঘরে ছাড়িয়া রাথিয়াছিলে, দেখানে যে খুলি আলে যায়, কে চুরি করিয়া লইয়াছে।

ভবানীচরণের সম্বন্ধে এইরপ ব্যবস্থা। কিন্তু নিজের ছেলেকে ভিনি কোনো অংশেই স্বামীর সমকক্ষ বলিয়া গণ্য করিতেন না। সে তো ওাঁহারই গর্জের সন্তান—
তাহার আবার কিসের বাব্য়ানা! সে হইবে শক্তসমর্থ কাজের লোক— অনায়াসে স্থান্থ সহিবে ও খাটিয়া থাইবে। তাহার এটা নহিলে চলে না, ওটা নহিলে অপমান বোধ হয়, এমন কথা কোনোমতেই শোভা পাইবে না। কালীপদ সম্বন্ধে রাসমণি পাওয়া-পরায় খুব মোটা রকমই বরাদ্দ করিয়া দিলেন। মৃড়িগুড় দিয়াই তাহার জলপাবার সারিলেন এবং মাথা-কান ঢাকিয়া দোলাই পরাইয়া তাহার শীতনিবারণের ব্যবস্থা করিলেন। গুরুমশারকে স্বয়ং ডাকিয়া বলিয়া দিলেন, ছেলে যেন পড়াভানায় কিছুমাত্র শৈথিলা করিতে না পারে, তাহাকে যেন বিশেষরূপ শাসনে সংযত রাথিয়া শিকা দেওয়া হয়।

এইখানে বড়ো ম্শকিল বাধিল। নিরীহন্বভাব ভবানীচরণ মাঝে মাঝে বিলোহের লক্ষণ প্রকাশ করিতে লাগিলেন, কিন্তু রাসমণি যেন তাহা দেখিয়াও দেখিতে পাইলেন না। ভবানী প্রবলপক্ষের কাছে চিরদিনই হার মানিয়াছেন, এবারেও তাঁহাকে অগভ্যা হার মানিতে হইল, কিন্তু মন হইতে তাহার বিরুদ্ধতা ঘূচিল না। এ বরের ছেলে দোলাই মৃড়ি দিয়া গুড়মৃড়ি ধার, এমন বিসদৃশ দৃশ্য দিনের পর দিন কি দেখা যায়।

পূজার সময় তাঁহার মনে পড়ে, কর্তাদের আমলে নৃতন সাজসজ্জা পরিয়া তাঁহারা কিরপ উৎসাহ বোধ করিয়াছেন। পূজার দিনে রাসমণি কালীপদর জক্ত যে সন্তা কাপড়জামার ব্যবস্থা করিয়াছেন সাবেক কালে তাঁহাদের বাড়ির ভূত্যেরাও তাহাতে আপত্তি করিত। রাসমণি স্বামীকে অনেক করিয়া বুঝাইবার চেটা করিয়াছেন যে, কালীপদকে যাহা দেওরা যায় তাহাতেই সে খূশি হয়, সে তো সাবেক দল্পরের কথা কিছু জানে না— তুমি কেন মিছামিছি মন ভার করিয়া থাক। কিছু ভবানীচরণ কিছুতেই ভূলিতে পারেন না যে, বেচারা কালীপদ আপন বংশের গৌরব জানে না বলিয়া তাহাকে ঠকানো হইতেছে। বন্ধত সামান্ত উপহার পাইয়া সে বথন গর্বেও আনন্দে নৃত্য করিতে করিতে তাঁহাকে ছুটিয়া দেথাইতে আদে তথন তাহাতেই ভবানীচরণকে যেন আরো আঘাত করিতে থাঁকে। তিনি সে কিছুতেই দেখিতে পারেন না। তাঁহাকে মুখ ফিরাইয়া চলিয়া যাইতে হয়।

ভবানীচরণের মকক্ষমা চালাইবার পর হইতে উাহাদের শুরুঠাকুরের বরে বেশ কিঞ্চিৎ অর্থসমাগম হইয়াছে। তাহাতে সম্ভুট না থাকিয়া গুরুপুত্রটি প্রতিবৎসর প্রার কিছু পূর্বে কলিকাতা হইতে নানাপ্রকার চোখ-ভোলানো সন্থা শৌখিন জিনিস আনাইরা করেক মাসের জন্ম ব্যাবসা চালাইরা থাকেন। অদৃশ্য কালি, ছিপ-ছড়ি-ছাতার একত্র সমবায়, ছবি-আঁকা চিঠির কাগজ, নিলামে-কেনা নানা রঙের পচা রেশম ও সাটনের থান, কবিতা-লেখা পাড়ওয়ালা শাড়ি প্রভৃতি লইয়া তিনি গ্রামের নরনারীর মন উতলা করিয়া দেন। কলিকাতার বাব্যহলে আজকাল এই-সমন্ত উপকরণ না হইলে ভত্রতা রক্ষা হয় না শুনিয়া গ্রামের উচ্চাভিলাবী ব্যক্তিমাত্রই আপনার গ্রাম্যতা ঘূচাইবার জন্ম সাধ্যাতিরিক্ত ব্যয় করিতে ছাড়েন না।

একবার বগলাচরণ একটা অত্যাশ্চর্য মেমের মৃতি আনিয়াছিলেন। তার কোন্-এক জায়গায় দম দিলে মেম চৌকি ছাড়িয়া উঠিয়া দাড়াইয়া প্রবল বেগে নিজেকে পাথা করিতে থাকে।

এই বীজনপরায়ণ গ্রীমকাতর মেমমৃতিটির প্রতি কালীপদর অত্যন্ত লোভ জন্মিল। কালীপদ তাহার মাকে বেশ চেনে, এইজন্ত মার কাছে কিছু না বলিয়া ভবানীচরণের কাছে করুণকঠে আবেদন উপস্থিত করিল। ভবানীচরণ তথনি উদারভাবে তাহাকে আবস্ত করিলেন, কিন্তু তাহার দাম শুনিয়া তাঁহার মুখ শুকাইয়া গেল।

টাকাকড়ি আদায়ও করেন রাসমণি, তহবিলও তাঁহার কাছে, খরচও তাঁহার হাত দিয়াই হয়। ভবানীচরণ ভিথারির মতো তাঁহার অন্নপূর্ণার ঘারে গিয়া উপস্থিত হইলেন। প্রথমে বিশুর অপ্রাসন্দিক কথা আলোচনা করিয়া অবশেষে এক সময়ে ধাঁ করিয়া আপনার মনের ইচ্ছাটা বলিয়া ফেলিলেন। রাসমণি অত্যস্ত সংক্ষেপে বলিলেন, "পাগল হইয়াছ।"

ভবানীচরণ চূপ করিয়া থানিকক্ষণ ভাবিতে লাগিলেন। তাহার পরে হঠাৎ বলিয়া উঠিলেন, "আচ্ছা দেখো, ভাতের দঙ্গে তুমি যে রোজ আমাকে যি আর পায়দ দাও দেটার তো প্রয়োজন নাই।"

রাসমণি বলিলেন, "প্রয়োজন নাই তো কী।"

ভবানীচরণ কহিলেন, "ক্বিরাজ বলে, উহাতে পিতা বৃদ্ধি হয়।"

রাসমণি তীক্ষভাবে মাথা নাড়িয়া কহিলেন, "ডোমার কবিরাজ ভো সব জানে!"

ভবানীচরণ কহিলেন, "আমি তো বলি রাত্রে আমার লুচি বন্ধ করিয়া ভাতের ব্যবহা করিয়া দিলে ভালো হয়। উহাতে পেট ভার করে।"

রাসমণি কহিলেন, "পেট ভার করিয়া আজ পর্যন্ত ভোমার ভো কোনো অনিট হইতে দেখিলাম না। অল্মকাল হইতে লুচি খাইয়াই তো তুমি মাহুষ।" ভবানীচরণ সর্বপ্রকার ত্যাগন্ধীকার করিতেই প্রস্তত— কিন্তু সে দিকে ভারি কড়াকড়। ঘিয়ের দর বাড়িতেছে তব্ লুচির সংখ্যা ঠিক সমানই আছে। মধ্যাহ্দভোজনে পায়সটা বখন আছেই তখন দইটা না দিলে কোনো ক্ষতিই হয় না— কিন্তু বালুলা হইলেও এ বাড়িতে বাবুরা বরাবর দই পায়স থাইয়া আসিয়াছেন। কোনোদিন ভবানীচরণের ভোগে সেই চিরস্তন দধির অনটন দেখিলে রাসমণি কিছুতেই ভাহা সহ্ফ করিতে পারেন না। অভএব গায়ে-হাওয়া-লাগানো সেই মেমম্ভিটি ভবানীচরণের দই-পায়স-ঘি-লুচির কোনো ছিল্রপথ দিয়া বে প্রবেশ করিবে এমন উপায় দেখা গেল না।

ভবানীচরণ তাঁহার শুরুপুত্রের বাসায় একদিন যেন নিতান্ত অকারণেই গেলেন এবং বিন্তর অপ্রাসন্দিক কথার পর সেই মেমের খবরটা জিজ্ঞাসা করিলেন। তাঁহার বর্তমান আর্থিক তুর্গতির কথা বগলাচরণের কাছে গোপন থাকিবার কোনো কারণ নাই তাহা তিনি জানেন, তবু আজ তাঁহার ট্রাকা নাই বলিয়া ওই একটা সামান্ত খেলনা তিনি তাঁহার ছেলের জন্ত কিনিতে পারিতেছেন না, এ কথার আভাস দিতেও তাঁহার যেন মাথা ছি ডিয়া পড়িতে লাগিল। তবু তুঃসহ সংকোচকেও অধঃকৃত করিয়া তিনি তাঁহার চাদরের ভিতর হইতে কাপড়ে-মোড়া একটি দামী পুরাতন জামিয়ার বাহির করিলেন। ক্ষম্বপ্রায় কঠে কহিলেন, "সমরটা কিছু খারাপ পড়িয়াছে, নগদ টাকা হাতে বেশি নাই— তাই মনে করিয়াছি, এই জামিয়ারটি তোমার কাছে বন্ধক রাথিয়া সেই পুতুলটা কালীপদর জন্ত লইয়া থাইব।"

জামিয়ারের চেয়ে অল্প দামের কোনো জিনিদ যদি হইত তবে বগলাচরণের বাধিত না— কিন্তু সে জানিত এটা হজম করিয়া উঠিতে পারিবে না— গ্রামের লোকেরা তো নিন্দা করিবেই, তাহার উপরে রাসমণির রসনা হইতে যাহা বাহির হইবে তাহা সরস হইবে না। জামিয়ারটাকে পুনরায় চাদরের মধ্যে গোপন করিয়া হতাশ হইয়া ভবানীচরণকে ফিরিতে হইল।

কালীপদ পিতাকে রোজ জিজ্ঞানা করে, "বাবা, আমার সেই মেমের কী হইল।" ভবানীচরণ রোজই হাসিম্থে বলেন, "রোদ— এথনি কী। লপ্তমী পূজার দিন আগে আফুক।"

প্রতিদিনই মূথে হাসি টানিয়া আনা ত্রংসাধ্যকর হইতে লাগিল।

আজ চতুর্থী। ভবানীচরণ অসময়ে অন্তঃপুরে কী একটা ছুতা করিয়া গেলেন। বেন হঠাৎ কথা প্রসাদে রাদমণিকে বলিয়া উঠিলেন, "দেখো, আমি কয়দিন হইতে লক্ষ্য করিয়া দেখিয়াছি, কালীপদর শরীরটা ধেন দিনে ধারাপ হইয়া যাইডেছে।"

রাসমণি কহিলেন, "বালাই! খারাপ হইতে যাইবে কেন। ওর তো আমি কোনো অহুথ দেখি না।"

ভবানীচরণ কহিলেন, "দেথ নাই। ও চুপ করিয়া বসিয়া থাকে। কী ষেন ভাবে।"

রাসমণি কহিলেন, "ও একদণ্ড চুপ করিয়া বসিয়া থাকিলে আমি তো বাঁচিতাম। ওর আবার ভাবনা। কোথায় কী ছুষ্টামি করিতে হুইবে, ও সেই কথাই ভাবে।"

তুর্গপ্রাচীরের এদিকটাতেও কোনো তুর্বলতা দেখা গেল না— পাধরের উপরে গোলার দাগও বসিল না। নিশ্বাস ফেলিয়া মাথায় হাত বুলাইতে বুলাইতে ভবানীচরণ বাহিরে চলিয়া আসিলেন। একলা ঘরের দাওয়ায় বসিয়া ধ্ব ক্যিয়া ভামাক থাইতে লাগিলেন।

পঞ্চনীর দিনে তাঁহার পাতে দই পায়স অমনি পড়িয়া রহিল। সন্ধাবেলায় তথু একটা সন্দেশ থাইয়াই জল থাইলেন, লুচি ছুঁইতে পারিলেন না। বলিলেন, "কুধা একেবারেই নাই।"

এবার তুর্গপ্রাচীরে মন্ত একটা ছিল্ল দেখা দিল। ষ্টার দিনে রাসমণি স্বয়ং কালীপদকে নিভূতে ডাকিয়া লইয়া তাহার আদরের ডাকনাম ধরিয়া বলিলেন, "ভেঁটু, তোমার এত বয়স হইয়াছে, তবু তোমার অন্তায় আবদার ঘূচিল না! ছি ছি! ষেটা পাইবার উপায় নাই সেটাকে লোভ করিলে অর্থেক চুরি করা হয় তা জান!"

কালীপদ নাকীস্থরে কহিল, "আমি কী জানি। বাবা যে বলিয়াছেন, ওটা আমাকে দেবেন।"

তথন বাবার বলার অর্থ কী রাসমণি তাহা কালীপদকে ব্থাইতে বসিলেন।
পিতার এই বলার মধ্যে যে কত স্নেহ কত বেদনা, অথচ এই জিনিসটা দিতে হইলে
তাঁহাদের দরিত্রখরের কত ক্ষতি কত ত্থে তাহা অনেক করিয়া বলিলেন। রাসমণি
এমন করিয়া কোনোদিন কালীপদকে কিছু ব্ঝান নাই— তিনি যাহা করিতেন, ধ্ব
সংক্ষেপে এবং জোরের সঙ্গেই করিতেন— কোনো আদেশকে নরম করিয়া তুলিবার
আবশুকই তাঁর ছিল না। সেইজন্ম কালীপদকে তিনি বে আজ এমনি মিনতি করিয়া
এত বিভারিত করিয়া কথা বলিতেছেন তাহাতে সে আকর্য হইয়া গেল, এবং মাতার
মনের এক জায়গায় বে কতটা দরদ আছে বালক হইয়াও একরকম করিয়া সে তাহা
ব্বিতে পারিল। কিছু মেনের দিক হইতে মন এক মৃহুর্তে ফিরাইয়া আনা কত কঠিন
তাহা বয়য় পাঠকদের ব্রিতে কট হইবে না। তাই কালীপদ মুধ অত্যন্ত গভীর
করিয়া একটা কাঠি লইয়া মাটিতে আঁচেড় কাটিতে লাগিল।

তথন রাসমণি আবার কঠিন হইয়া উঠিলেন— কঠোরশ্বরে কহিলেন, "তুমি রাগই কর আর কালাকাটিই কর, ধাহা পাইবার নয় তাহা কোনোমতেই পাইবে না।" এই বলিয়া আর রুথা সময় নই না করিয়া ক্রতপদে গৃহকর্মে চলিয়া গেলেন।

কালীপদ বাহিরে গেল। তথন ভবানীচরণ একলা বসিয়া তামাক থাইতেছিলেন। দ্র হইতে কালীপদকে দেখিয়াই তিনি তাড়াতাড়ি উঠিয়া যেন একটা বিশেষ কাজ আছে এমনি ভাবে কোথায় চলিলেন। কালীপদ ছুটিয়া আসিয়া কহিল, "বাবা, আমার সেই মেম—"

আৰু আর ভবানীচরণের মুখে হাসি বাহির হইল না। কালীপদর গলা জড়াইয়া ধরিয়া কহিলেন, "রোস বাবা, আমার একটা কাজ আছে— সেরে আসি, তার পরে সব কথা হবে।" বলিয়া তিনি বাড়ির বাহির হইয়া পড়িলেন। কালীপদর মনে হইল, তিনি ষেন তাড়াতাড়ি চোথ হইতে জল মুছিয়া ফেলিলেন।

তথন পাড়ার এক বাড়িতে পরীক্ষা করিয়া উৎসবের বাঁশির বায়না করা হইতেছিল।
দেই রসনচৌকিতে সকালবেলাকার করুণস্থরে শরতের নবীন রৌদ্র ধেন প্রছন্ত্র
অঞ্জারে ব্যথিত হইয়া উঠিতেছিল। কালীপদ তাহাদের বাড়ির দরজার কাছে
দাড়াইয়া চূপ করিয়া পথের দিকে চাহিয়া রহিল। তাহার পিতা যে কোনো কাজেই
কোথাও বাইতেছেন না, তাহা তাঁহার গতি দেখিয়াই বুঝা বায়— প্রতি পদক্ষেপেই
তিনি যে একটা নৈরাগ্রের বোঝা টানিয়া টানিয়া চলিয়াছেন এবং তাহা কোথাও
ফেলিবার স্থান নাই, তাহা তাঁহার পশ্চাৎ হইতেও স্পট দেখা বাইতেছিল।

কালীপদ অস্তঃপুরে ফিরিয়া আসিয়া কহিল, "মা, আমার সেই পাথা-করা মেম চাই না।"

মা তথন জাঁতি লইয়া কিপ্রহত্তে স্থারি কাটিতেছিলেন। তাঁহার মৃথ উজ্জ্বল হইয়া উঠিল। ছেলেতে মায়েতে সেইথানে বিদয়া কী একটা পরামর্শ হইয়া গেল তাহা কেহই জানিতে পারিল না। জাঁতি রাখিয়া ধামা-ভরা কাটা ও আকাটা স্থপুরি কেলিয়া রাদমণি তথনি বগলাচরণের বাড়ি চলিয়া গেলেন।

আজ ভবানীচরণের বাড়ি ফিরিতে অনেক বেলা হইল। স্থান সারিয়া যথন তিনি থাইতে বদিলেন তথন তাঁহার মৃথ দেখিয়া বোধ হইল আজও দধি-পায়দের সদ্গতি হইবে না, এমন-কি, মাছের মৃড়াটা আজ সম্পূর্ণই বিড়ালের ভোগে লাগিবে।

তথন দড়ি দিয়া মোড়া কাগজের এক বাক্স নইক্সা রাসমণি তাঁহার স্বামীর সন্মুখে আনিয়া উপস্থিত করিলেন। সাহারের পরে বধন ভবানীচরণ বিশ্বাম করিতে ধাইবেন তথনি, এই রহস্কটা তিনি আবিকার করিবেন ইহাই রাসমণির ইচ্ছা ছিল, কিছ দধি
পায়দ ও মাছের মৃড়ার অনাদর দ্র করিবার জন্ত এখনি এটা বাহির করিতে হইল।
বাজ্যের ভিতর হইতে সেই মেমমৃতি বাহির হইয়া বিনা বিলম্বে প্রবল উৎসাহে আপন
গ্রীমতাপ-নিবারণে লাগিয়া গেল। বিড়ালকে আজ হতাশ হইয়া ফিরিতে হইল।
ভবানীচরণ গৃহিণীকে বলিলেন, "আজ রায়াটা বড়ো উত্তম হইয়াছে। অনেকদিন
এমন মাছের ঝোল ধাই নাই। আর দইটা যে কী চমৎকার জমিয়াছে দে আর
কী বলিব।"

শপ্তমীর দিন কালীপদ তাহার অনেক দিনের আকাক্ষার ধন পাইল। দেদিন
সমত্ত দিন সে মেমের পাথা খাওয়া দেখিল, তাহার সমবয়দী বদ্ধবাদ্ধবিদিগকে দেখাইয়া
তাহাদের দর্ধার উদ্রেক করিল। অন্ত কোনো অবস্থায় হইলে সমস্তক্ষণ এই পুতুলের
একবেয়ে পাথা নাড়ায় সে নিশ্চয়ই একদিনেই বিরক্ত হইয়া যাইত— কিন্ত অইমীর
দিনেই এই প্রতিমা বিসর্জন দিতে হইবে জানিয়া তাহার অম্বরাগ অটল হইয়া রহিল।
রাসমণি তাঁহার গুরুপুত্রকে ছই টাকা নগদ দিয়া কেবল একদিনের জন্তু এই পুতুলটি
ভাড়া করিয়া আনিয়াছিলেন। অইমীর দিনে কালীপদ দীর্ঘনিখাদ ফেলিয়া স্বহন্তে
বাক্ষান্মত পুতুলটি বগলাচরণের কাছে ফিরাইয়া দিয়া আদিল। এই একদিনের
মিলনের স্বেশ্বতি অনেকদিন তাহার মনে জাগরক হইয়া রহিল; তাহার কল্পনালেক
পাথা চলার আর বিরাম রহিল না।

এখন হইতে কালীপদ মাতার মন্ত্রণার সলী হইন্না উঠিল এবং এখন হইতে ভবানীচরণ প্রতিবংসরই এত সহজে এমন মৃল্যবান পূজার উপহার কালীপদকে দিতে পারিতেন যে, তিনি নিজেই আশ্চর্য হইন্না যাইতেন।

পৃথিবীতে মূল্য না দিয়া যে কিছুই পাওয়া যায় না এবং দে মূল্য যে তৃংথের মূল্য, মাতার অন্তর্ম হইয়া দে কথা কালীপদ প্রতিদিন ষতই বৃঝিতে পারিল ততই দেখিতে দেখিতে সে যেন ভিতরের দিক হইতে বড়ো হইয়া উঠিতে লাগিল। সকল কাজেই এখন দে তার মাতার দক্ষিণপার্যে আসিয়া দাঁড়াইল। সংসারের ভার বহিতে হইবে, সংসারের ভার বাড়াইতে হইবে না, এ কথা বিনা উপদেশবাক্যেই ভাহার রজের সক্লেই মিশিয়া গেল।

জীবনের দায়িত্ব গ্রহণ করিবার জন্ম তাহাকে প্রস্তুত হইতে হইবে, এই কথা শ্বরণ রাথিয়া কালীপদ প্রাণপণে পড়িতে লাগিল। ছাত্রবৃত্তি পরীক্ষায় উত্তীর্ণ হইয়া ষথন সে ছাত্রবৃত্তি পাইল তথন ভবানীচরণ মনে করিলেন, আর বেশি পড়াশুনার দরকার নাই, এখন কালীপদ তাঁহাদের বিষয়কর্ম দেখায় প্রবৃত্ত হউক। কালীপদ মাকে আসিয়া কহিল, "কলিকাতায় গিয়া পড়াওনা না করিতে প্রিলে আমি তো মাহায হইতে পারিব না।"

मा विमालन, "तम তো ঠिक कथा वावा, कनिकालाम তো बाहेरलहे हहेरव।"

কালীপদ কহিল, "আমার জল্ঞে কোনো খরচ করিতে হইবে না। এই বৃত্তি হইতেই চালাইয়া দিব— এবং কিছু কাজকর্মেরও জোগাড় করিয়া লইব।"

ভবানীচরণকে রাজি করাইতে অনেক কট পাইতে হইল। দেখিবার মতো বিষয়দশতি যে কিছুই নাই সে কথা বলিলে ভবানীচরণ অত্যন্ত হৃংথবাধ করেন, তাই রাসমণিকে সে যুক্তিটা চাপিয়া ঘাইতে হইল। তিনি বলিলেন, "কালীপদকে তো মাহ্ম হইতে হইবে।" কিছু প্রুষান্তক্রমে কোনোদিন শানিয়াড়ির বাহিরে না গিয়াই তো চৌধুরীরা এতকাল মাহ্ম হইরাছে। বিদেশকে তাঁহারা যমপুরীর মতো ভয় করেন। কালীপদর মতো বালককে একলা কলিকাভায় পাঠাইবার প্রস্তাবমাত্র কী করিয়া কাহারো মাধায় আদিতে পারে তিনি ভাবিয়া পাইলেন না। অবশেষে গ্রামের সর্বপ্রধান বৃদ্ধিমান ব্যক্তি বগলাচরণ পর্যন্ত রাসমণির মতে মত দিল। সে বলিল, "কালীপদ একদিন উকিল হইয়া সেই উইল-চুরি ফাঁকির শোধ দিবে, নিশ্চয়ই এ তাহার ভাগ্যের লিখন— অতএব কলিকাভায় যাওয়া হইতে কেহই তাহাকে নিবারণ করিতে পারিবে না।"

এ কথা শুনিয়া ভবানীচরণ অনেকটা সান্থনা পাইলেন। গামছায় বাঁধা পুরানো সমস্ত নথি বাহির করিয়া উইল-চুরি লইয়া কালীপদর সঙ্গে বারবার আলোচনা করিতে লাগিলেন। সম্প্রতি মাতার মন্ত্রীর কান্ধটা কালীপদ বেশ বিচক্ষণতার সঙ্গেই চালাইতেছিল, কিন্তু পিতার মন্ত্রণাসভায় সে জোর পাইল না। কেননা তাহাদের পরিবারের এই প্রাচীন অস্তায়টা সম্বন্ধে তাহার মনে যথেই উত্তেজনা ছিল না। তবু সে পিতার কথায় সায় দিয়া গেল। সীতাকে উদ্ধার করিবার জন্ম বীরজেন্ঠ রাম যেমন লহায় যাত্রা করিয়াছিলেন, কালীপদর কলিকাতায় যাত্রাকেও ভবানীচরণ তেমনি খুব বড়ো করিয়া দেখিলেন— সে কেবল সামান্ত পাস করার ব্যাপার নয়— ঘরের লন্ধীকে ঘরে ফিরাইয়া আনিবার আয়োজন।

কলিকাতায় ঘাইবার আগের দিন রাসমণি কালীপদর গলায় একটি রক্ষাক্বচ
ঝুলাইয়া দিলেন; এবং তাহার হাতে একটি পঞ্চাশ টাকার নোট দিয়া বলিয়া দিলেন—
এই নোটটি রাখিয়ো, আপদে বিপদে প্রয়োজনের সময় কাকে লাগিবে। সংসারথয়চ
হইতে অনেক কটে জমানো এই নোটটিকেই কালীপদ বথার্থ প্রবিত্ত ক্রচের ভার জ্ঞান

করিরা গ্রহণ করিল — এই নোটটিকে মাতার আশীর্বাদের মতো সে চিরদিন রক্ষা করিবে, কোনোদিন ধরচ করিবে না, এই সে মনে মনে সংকল্প করিল।

9

ভবানীচরণের মুখে উইল-চুরির কথাটা এখন আর তেমন শোনা বায় না। এখন তাঁহার একমাত্র আলোচনার বিষয় কালীপদ। তাহারই কথা বলিবার অন্ত তিনি এখন সমন্ত পাড়া ঘুরিয়া বেড়ান। তাহার চিঠি পাইলে ঘরে ঘরে তাহা পড়িয়া শুনাইবার উপলক্ষে নাক হইতে চশমা আর নামিতে চায় না। কোনোদিন এবং কোনো পুরুষে কলিকাতায় যান নাই বলিয়াই কলিকাতার গৌরববোধে তাঁহার কল্পনা ষত্যস্ক উত্তেজিত হইয়া উঠিল। আমাদের কালীপদ কলিকাতার পড়ে এবং কলিকাতার কোনো সংবাদই তাহার অগোচর নাই- এমন-কি, ভুগলির কাচে গলার উপর বিতীয় আর-একটা পুল বাঁধা হইতেছে, এ-সমস্ত বড়ো বড়ো থবর তাহার কাছে নিতান্ত ঘরের কথা মাত্র। "স্তনেছ ভারা, গঙ্গার উপর আর-একটা যে পুল বাঁধা হচ্ছে— আক্তই কালীপদর চিঠি পেয়েছি, তাতে সমস্ত থবর লিথেছে"— বলিয়া চশমা খুলিয়া তাহার কাচ ভালো করিয়া মুছিয়া চিঠিখানা অতি ধীরে ধীরে আতোপাস্ত প্রতিবেশীকে পড়িয়া ওনাইলেন। "দেখছ ভায়া! কালে কালে কতই যে কী হবে তার ঠিকানা নেই। শেষকালে ধুলোপায়ে গদার উপর দিয়ে কুকুরশেয়ালগুলোও পার হয়ে মাবে, কলিতে এও ঘটল হে !" গলার এইরূপ মাহাত্ম্যথর্ব নি:সন্দেহই শোচনীয় ব্যাপার, কিন্তু কালীপদ যে কলিকালের এতবড়ো একটা জয়বার্তা তাঁহাকে লিপিবদ্ধ করিয়া পাঠাইয়াছে এবং গ্রামের নিতান্ত অজ্ঞ লোকেরা এ খবরটা তাহারই কল্যাণে জানিতে পারিয়াছে, দেই আনন্দে তিনি বর্তমান যুগে জীবের অসীম তুর্গতির ছশ্চিস্তাও অনায়াদে ভূলিতে পারিলেন। বাহার দেখা পাইলেন তাহারই কাছে মাধা नां ज़ियां करितन, "आमि रतन निष्ठि, शका आंत्र तिनि निन नारे।" मतन मतन धरे আশা করিয়া রহিলেন, গলা ধখনি ধাইবার উপক্রম করিবেন তথনি সে ধবরটা সর্বপ্রথমে কালীপদর চিঠি হইতেই পাওয়া যাইবে।

এ দিকে কলিকাতায় কালীপদ বছকটে পরের বাসায় থাকিয়া ছেলে পড়াইয়া রাত্রে হিসাবের খাতা নকল করিয়া পড়াওনা চালাইতে লাগিল। কোনোমতে এন্ট্রেন্স্ পরীক্ষা পার হইয়া প্নরায় সে বৃত্তি পাইল। এই আক্ষর্ব ঘটনা উপলক্ষে সমস্ত গ্রামের লোককে প্রকাণ্ড একটা ভোক্ষ দিবার জন্ত ভবানীচরণ ব্যস্ত হইয়া পড়িলেন। তিনি ভাবিলেন, তরী ভো প্রায় ক্লে আসিয়া ভিড়িল— সেই সাহসে এখন হইতে মন

খুলিয়া ধরচ করা যাইতে পারে। রাসমণির কাছে কোনো উৎসাহ না পাওয়াতে ভোজটা বন্ধ রহিল।

কালীপদ এবার কলেজের কাছে একটি মেসে আশ্রয় পাইল। মেসের বিনি অধিকারী তিনি তাহাকে নীচের তলার একটি অব্যবহার্য ঘরে থাকিতে অনুমতি দিয়াছেন। কালীপদ বাড়িতে তাঁহার ছেলেকে পড়াইয়া ছইবেলা খাইতে পায় এবং মেসের সেই স্যাতসেঁতে অন্ধকার ঘরে তাহার বাসা। ঘরটার একটা মন্ত স্থবিধা এই ষে, সেথানে কালীপদর ভাগী কেহ ছিল না। স্তরাং, যদিচ সেথানে বাতাস চলিত না তরু পড়াশুনা অবাধে চলিত। ষেমনি হউক, স্থবিধা-অস্থবিধা বিচার করিবার অবস্থা কালীপদর নহে।

এ মেদে যাহারা ভাড়া দিয়া বাস করে, বিশেষত যাহারা বিতীয় তলের উচ্চলোকে থাকে, তাহাদের সঙ্গে কালীপদর কোনো সম্পর্ক নাই। কিন্তু সম্পর্ক না থাকিলেও সংঘাত হইতে রক্ষা পাওয়া যায় না। উচ্চের বজ্ঞাঘাত নিয়ের পক্ষে কতদ্র প্রাণান্তিক কালীপদর তাহা বুঝিতে বিলম্ব হইল না।

এই মেসের উচ্চলোকে ইস্কের সিংহাসন যাহার তাহার পরিচয় আবশুক। তাহার নাম শৈলেন্দ্র। সে বড়োমাহুষের ছেলে; কলেজে পড়িবার সময় মেসে থাকা তাহার পক্ষে অনাবশুক— তবু সে মেসে থাকিতেই ভালোবাসিত।

তাহাদের বৃহৎ পরিবার হইতে কয়েকজন স্ত্রী ও পুরুষ স্থাতীয় আত্মীয়কে আনাইয়া কলিকাতায় একটা বাদা ভাড়া করিয়া থাকিবার জন্ত বাড়ি হইতে অহুরোধ আদিয়াছিল— দে তাহাতে কোনোমতেই রাজি হয় নাই।

দে কারণ দেখাইয়াছিল যে, বাড়ির লোকজনের দলে থাকিলে তাহার পড়ান্তনা কিছুই হইবে না। কিন্তু আদল কারণটা তাহা নহে। শৈলেন্দ্র লোকজনের দল খুবই ভালোবাদে কিন্তু আত্মীয়দের মৃশকিল এই বে, কেবলমাত্র তাহাদের দলটি লইয়া খালাদ পাওয়া যায় না, তাহাদের নানা দায় স্বীকার করিতে হয়; কাহারো দঘদে এটা করিতে নাই, কাহারো দঘদে ওটা না করিলে অত্যন্ত নিন্দার কথা। এইজল্প শৈলেন্দ্রের পক্ষে দকলের চেয়ে স্থবিধার জায়গা মেদ। দেখানে লোক যথেষ্ট আছে অথচ তাহার উপর ভাহাদের কোনো ভার নাই। তাহারা আদে যায়, হাদে, কথা কয়; ভাহারা নদীর জলের মতো, কেবলই বহিয়া চলিয়া যায় অথচ কোথাও লেশমাত্র ছিন্তু রাখে না।

শৈলেক্সের ধারণা ছিল, সে লোক ভালো, যাহাকে বলে সহাদয়। সকলেই জানেন, এই ধারণাটির মন্ত স্থবিধা এই যে, নিজের কাছে ইহাকে বজায় রাধিবার জন্ম ভালো লোক হইবার কোনো দরকার করে না। অহংকার জিনিসটা হাতিঘোড়ার মতো নয়; তাহাকে নিতাস্তই অল্ল ধরচে ও বিনা খোরাকে বেশ মোটা করিয়া রাখা যায়।

কিন্ত শৈলেক্সের ব্যয় করিবার সামর্ব্য ও প্রবৃত্তি ছিল— এইজ্জু আপনার অহংকারটাকে দে সম্পূর্ণ বিনা থরচে চরিয়া খাইতে দিত না; দামী খোরাক দিয়া তাহাকে স্থলর স্থলজ্ঞত করিয়া রাধিয়াছিল।

বন্ধত শৈলেক্সের মনে দয়া যথেই ছিল। লোকের হুঃখ দূর করিতে সে সত্যই ভালোবাসিত। কিন্তু এত ভালোবাসিত যে, যদি কেহ হুঃখ দূর করিবার জক্ত তাহার শরণাপন্ন না হইত তাহাকে সে বিধিমতে হুঃখ না দিয়া ছাড়িত না। তাহার দ্য়া যখন নির্দয় হইয়া উঠিত তখন বড়ো ভীষণ আকার ধারণ করিত।

মেসের লোকদিগকে থিয়েটার দেখানো, পাঁঠা খাওয়ানো, টাকা ধার দিয়া সে কথাটাকে সর্বদা মনে করিয়া না রাখা— তাহার ঘারা প্রায়ই ঘটিত। নবপরিণীত মুগ্ধ যুবক পূজার ছুটিতে বাজি যাইবার সময় কলিকাতার বাসাধরচ সমস্ত শোধ করিয়া যথন নিঃম্ব হইয়া পজিত তথন বধ্র মনোহরণের উপযোগী শৌখিন সাবান এবং এসেন্দ্র, আর তারই সলে এক-আধখানি হালের আমদানি বিলাতি ছিটের জ্যাকেট সংগ্রহ করিবার জন্ত ভাহাকে অত্যন্ত বেশি ছল্চিন্তায় পজিতে হইত না। শৈলেনের ম্ফেচির উপর সম্পূর্ণ নির্জর করিয়া সে বলিত, "ভোমাকেই কিছ্ক ভাই, পছন্দ করিয়া দিতে হইবে।" দোকানে তাহাকে সঙ্গে করিয়া লইয়া নিজে নিতান্ত সন্তা এবং বাজে জিনিস বাছিয়া তুলিত; তথন শৈলেন তাহাকে ভইসনা করিয়া বলিত, "আরে ছি ছি, ভোমার কিরকম পছন্দ।" বলিয়া স্ব চেয়ে শৌখিন জিনিসটি টানিয়া তুলিত। দোকানদার আসিয়া বলিত, "হা, ইনি জিনিস চেনেন বটে।" ধরিদ্দার দামের কথা আলোচনা করিয়া মুধ বিমর্থ করিতেই শৈলেন দাম চুকাইবার অকিঞ্ছিৎকর ভারটা নিজেই লইত— অপর পক্ষের ভূয়োভূয়ঃ আপত্তিতেও কর্ণপাত করিত না।

এমনি করিয়া, বেখানে শৈলেন ছিল সেখানে সে চারি দিকের সকলেরই সকল বিষয়ে আপ্রয়ম্বরূপ হইয়া উঠিয়াছিল। কেহ তাহার আপ্রয় স্বীকার না করিলে তাহার সেই ঔদ্ধত্য সে কোনোমতেই সহু করিতে পারিত না। লোকের হিড করিবার শুখ তাহার এতই প্রবল।

বেচারা কালীপদ নীচের দ্যাতদেঁতে ঘরে মন্নলা মাছরের উপর বদিরা একথানা ছেঁড়া গেঞ্চি পরিয়া বইয়ের পাতায় চোধ গুঁজিয়া ছলিতে ছলিতে পড়া মুধছ করিত। বেমন করিয়া হউক তাহাকে স্কলারশিপ পাইতেই হইবে।

মা তাহাকে কলিকাতায় আদিবার পূর্বে মাধার দিব্য দিয়া বলিয়া দিয়াছিলেন

বড়োমাছবের ছেলের দলে মেশামেশি করিয়া সে যেন আমোদপ্রমোদে মাতিয়া না ওঠে। কেবল মাতার আদেশ বলিয়া নছে, কালীপদকে যে দৈয়া দীকার করিতে হইয়াছিল তাহা রক্ষা করিয়া বড়োমাছবের ছেলের দলে মেলা তাহার পক্ষে অসম্ভব ছিল। সে কোনোদিন শৈলেনের কাছে দেঁযে নাই— এবং যদিও সে জানিত, শৈলেনের মন পাইলে তাহার প্রতিদিনের অনেক হুরহ সমস্থা এক মৃহুর্তেই সহজ হইয়া ঘাইতে পারে তবু কোনো কঠিন সংকটেও তাহার প্রসাদলাভের প্রতি কালীপদর লোভ আরুই হয় নাই। সে আপনার অভাব লইয়া আপনার দারিল্যের নিভৃত অন্ধকারের মধ্যে প্রচন্ত হইয়া বাস করিত।

গরিব হইয়া তব্ দ্রে থাকিবে শৈলেন এই অহংকারটা কোনোমতেই সহিতে পারিল না। তা ছাড়া অশনে বদনে কালীপদর দারিপ্রটা এতই প্রকাশ্য যে তাহা নিতান্ত দৃষ্টিকটু। তাহার অত্যন্ত দীনহীন কাপড়চোপড় এবং মশারি বিছানা ষথনি দোতলার দিঁড়ি উঠিতে চোখে পড়িত তথনি সেটা যেন একটা অপরাধ বলিয়া মনে বাজিত। ইহার পরে, তাহার গলায় তাবিজ ঝুলানো, এবং দে তুই সন্ধ্যা যথাবিধি আহ্নিক করিত। তাহার এই-সকল অভ্ত গ্রাম্যতা উপরের দলের পক্ষে বিষম হাশ্যকর ছিল। শৈলেনের পক্ষের তুই-একটি লোক এই নিভৃতবাদী নিরীহ লোকটির রহস্য উদ্ঘাটন করিবার জন্ম তুই-চারিদিন তাহার ঘরে আনাগোনা করিল। কিছ এই ম্থচোরা মাহুষের ম্থ তাহারা খুলিতে পারিল না। তাহার ঘরে বেশিক্ষণ বিদ্যাধাকা স্থকর নহে, স্বাস্থাকর তো নয়ই, কাজেই ভক্ষ দিতে হইল।

তাহাদের পাঁঠার মাংদের ভোজে এই অকিঞ্চনকে একদিন আহ্বান করিলে সে নিশ্চয়ই ক্বতার্থ হইবে, এই কথা মনে করিয়া অহ্বগ্রহ করিয়া একদা নিমন্ত্রণপত্ত পাঠানো হইল। কালীপদ জানাইল, ভোজের ভোজ্য দহ্ম করা তাহার সাধ্য নহে, ভাহার অভ্যাস অক্তরপ; এই প্রত্যাখ্যানে দলবল-সমেত শৈলেন অত্যন্ত ক্রেন্ন হইয়া উঠিল।

কিছুদিন তাহার ঠিক উপরের ঘরটাতে এমনি ধুপধাপ শব্দ ও সবেগে গানবাজনা চলিতে লাগিল যে, কালীপদর পক্ষে পড়ায় মন দেওয়া অসম্ভব হইয়া উঠিল। দিনের বেলায় সে যথাসম্ভব গোলদিখিতে এক গাছের তলে বই লইয়া পড়া করিত এবং রাত্রি থাকিতে উঠিয়া থ্ব ভোরের দিকে একটা প্রদীপ আলিয়া অধ্যয়নে মন দিত।

কলিকাতায় আহার ও বাসস্থানের কটে এবং অতিপরিশ্রমে কালীপদর একটা মাথাধরার ব্যামো উপসর্গ ভূটিল। কথনো কথনো এমন হইত তিন-চারিদিন তাহাকে পড়িয়া থাকিতে হইত। সে নিশ্চয় জানিত, এ সংবাদ পাইলে তাহার পিতা তাহাকে কথনোই কলিকাতায় থাকিতে দিবেন না এবং তিনি ব্যাকুল হইয়া হয়তো বা কলিকাতা পর্যন্ত ছুটিয়া আসিবেন। তবানীচরণ জানিতেন কলিকাতায় কালীপদ এমন স্বধে আছে বাহা গ্রামের লোকের পক্ষে কল্পনা করাও অসম্ভব। পাড়াগারে যেমন গাছপালা ঝোপঝাড় আপনিই জম্মে কলিকাতার হাওরায় সর্বপ্রকার আরামের উপকরণ যেন সেইরপ আপনিই উৎপন্ন হয় এবং সকলেই তাহার ফলভোগ করিতে পারে এইরপ তাঁহার একটা ধারণা ছিল। কালীপদ কোনোমতেই তাঁহার সে ভূল ভাঙে নাই। অস্থথের অত্যন্ত করের সময়ও সে একদিনও পিতাকে পত্র লিখিতে ছাড়ে নাই। কিন্তু এইরপ পীড়ার দিনে শৈলেনের দল যথন গোলমাল করিয়া ভূতের কাও করিতে থাকিত তথন কালীপদর করের সীমা থাকিত না। সে কেবল এপাশ ওপাশ করিত এবং জনশৃত্র ঘরে পড়িয়া মাতাকে ডাকিত ও পিতাকে শ্বরণ করিত। দারিস্রোর অপমান ও তৃঃধ এইরপে যতই সে ভোগ করিত ততই ইহার বন্ধন হইতে তাহার পিতামাতাকে মুক্ত করিবেই, এই প্রতিক্তা তাহার মনে কেবলই দৃঢ় হইয়া উঠিত।

কালীপদ নিজেকে অত্যন্ত সংকৃচিত করিয়া সকলের লক্ষ্য হইতে সরাইয়া রাখিতে চেষ্টা করিল, কিন্তু তাহাতে উৎপাত কিছুমাত্র কমিল না। কোনোদিন বা সে দেখিল, তাহার চিনাবাজারের পুরাতন সন্তা জুতার একপাটির পরিবর্তে একটি অতি উত্তম বিলাতি জুতার পাটি। এরপ বিসদৃশ জুতা পরিয়া কলেজে যাওয়াই অসম্ভব। সে এ সম্বন্ধে কোনো নালিশ না করিয়া পরের জুতার পাটি ঘরের বাহিবে রাখিয়া দিল এবং জুতা-মেরামতওয়ালা মৃচির নিকট হইতে অল্প দামের পুরাতন জুতা কিনিয়া কাঙ্গ চালাইতে লাগিল। একদিন উপর হইতে একজন ছেলে হঠাৎ কালীপদর ঘরে আসিয়া জিজ্ঞাসা করিল, "আপনি কি ভুলিয়া আমার ঘর হইতে আমার সিগারেটের কেন্টা লইয়া আসিয়াছেন। আমি কোথাও খুঁজিয়া পাইতেছি না।" কালীপদ বিরক্ত হইয়া বলিল, "আমি আপনাদের ঘরে যাই নাই।" "এই যে, এইখানেই আছে" বলিয়া সেই লোকটি ঘরের এক কোণ হইতে মূল্যবান একটি সিগারেটের কেন্তু ভূলিয়া লইয়া আর কিছু না বলিয়া উপরে চলিয়া গেল।

কালীপদ মনে মনে ছির করিল, 'এফ. এ. পরীক্ষায় বদি ভালোরকম বৃত্তি পাই তবে এই মেস ছাড়িরা চলিয়া বাইব।'

মেদের ছেলেরা মিলিয়া প্রতিবংসর ধুম করিয়া সরস্বতীপূজা করে। তাহার ব্যরের প্রধান অংশ শৈলেন বহন করে কিন্তু সকল ছেলেই চাঁদা দিয়া থাকে। গত বংসর নিতাস্তই অবজ্ঞা করিয়া কালীপদর কাছে কেহ চাঁদা চাহিতেও আসে নাই। এ বংসর কেবল তাহাকে বিরক্ত করিবার জন্মই তাহার নিকট চাঁদার থাতা আনিয়া ধরিল। যে দলের নিকট হইতে কোনোদিন কালীপদ কিছুমাত্র সাহায্য লয় নাই, বাহাদের প্রায় নিত্য-অন্তর্গ্তি আমোদপ্রমোদে যোগ দিবার সৌভাগ্য সে একেবারে অস্বীকার করিয়াছে, তাহারা যথন কালীপদর কাছে চাদার সাহায্য চাহিতে আসিল তথন জানি না সে কী মনে করিয়া পাঁচটা টাকা দিয়া ফেলিল। পাঁচ টাকা শৈলেন তাহার দলের লোক কাহারো নিকট হইতে পায় নাই।

কালীপদর দারিদ্রোর ক্পণতায় এ পর্যন্ত সকলেই তাহাকে অবজ্ঞা করিয়া আদিয়াছে, কিন্তু আৰু তাহার এই পাঁচ টাকা দান তাহাদের একেবারে অসহ হইল। 'উহার অবস্থা যে কিরপ তাহা তো আমাদের অগোচর নাই তবে উহার এত বড়াই কিসের। ও যে দেখি সকলকে টেকা দিতে চায়।'

সরস্বতীপূজা ধুম করিয়া হইল— কালীপদ যে পাঁচটা টাকা দিয়াছিল তাহা না দিলেও কোনো ইতরবিশেষ হইত না। কিন্তু কালীপদর পক্ষে সে কথা বলা চলে না। পরের বাড়িতে তাহাকে খাইতে হইত— সকল দিন সময়মত আহার জুটিত না। তা ছাড়া পাকশালার ভূত্যরাই তাহার ভাগ্যবিধাতা, স্বতরাং ভালোমন কমিবেশি সম্বন্ধে কোনো অপ্রিয় সমালোচনা না করিয়া জলখাবারের জন্ত কিছু সম্বল তাহাকে হাতে রাখিতেই হইত। সেই সংগতিটুকু গাঁদাচুলের শুক্ত স্থূপের সঙ্গে বিশক্তিত দেবীপ্রতিমার পশ্চাতে অন্তর্ধান করিল।

কালীপদর মাথাধরার উৎপাত বাড়িয়। উঠিল। এবার পরীক্ষায় সে ফেল করিল না বটে কিন্তু বৃত্তি পাইল না। কাজেই পড়িবার সময় সংকোচ করিয়া তাহাকে আরো একটি টুইশনির জোগাড় করিয়া লইতে হইল। এবং বিস্তর উপদ্রব সত্তেও বিনা ভাড়ার বাদাটুকু ছাড়িতে পারিল না।

উপরিতলবাদীরা আশা করিয়াছিল এবার ছুটির পরে নিশ্চয়ই কালীপদ এ মেদে আর আদিবে না। কিন্তু বথাসময়েই তাহার সেই নীচের ঘরটার তালা খুলিয়া গেল। ধুতির উপর সেই তাহার চিরকেলে চেককাটা চায়নাকোট পরিয়া কালীপদ কোটরের মধ্যে প্রবেশ করিল, এবং একটা ময়লা কাপড়ে বাঁধা মন্ত পুঁটুলি -সমেত টিনের বাক্ষ নামাইয়া রাখিয়া শেয়ালদহের মুটে তাহার ঘরের সন্মুথে উবু হইয়া বিদিয়া অনেক বাদ-প্রতিবাদ করিয়া ভাড়া চুকাইয়া লইল। ওই পুঁটুলিটার গর্ডে নানা হাঁড়ি খুরি ভাণ্ডের মধ্যে কালীপদর মা কাঁচা আম কুল চালতা প্রভৃতি উপকরণে নানাপ্রকার ম্থরোচক পদার্থ তৈরি করিয়া নিজে সাজাইয়া দিয়াছেন। কালীপদ জানিত ভাহার অবর্তমানে কৌতুকপরায়ণ উপরতলার দল ভাহার ঘরে প্রবেশ করিয়া থাকে। ভাহার আর-কোনো ভাবনা ছিল না, কেবল ভাহার বড়ো সংকোচ ছিল পাছে ভাহার পিতামাভার

কোনো শ্বেছের নিদর্শন এই বিজ্ঞপকারীদের হাতে পড়ে। তাহার মা তাহাকে বে খাবার জিনিসগুলি দিয়াছেন এ তাহার পক্ষে অমৃত— কিন্তু এ-সমন্তই তাহার দরিত্র গ্রামানরের আদরের ধন; বে আধারে সেগুলি রক্ষিত সেই ময়দা দিয়া আঁটা সরা-ঢাকা হাঁড়ি, তাহার মধ্যেও শহরের ঐশ্বর্যসজ্জার কোনো লক্ষণ নাই, তাহা কাচের পাত্র নয়, তাহা চিনামাটির ভাওও নহে— কিন্তু এইগুলিকে কোনো শহরের ছেলে যে অবজ্ঞা করিয়া দেখিবে ইহা তাহার পক্ষে একেবারেই অসহা। আগের বারে তাহার এই-সমন্ত বিশেষ জিনিসগুলিকে তক্তাপোশের নীচে পুরানো খবরের কাগজ প্রভৃতি চাপা দিয়া প্রচ্ছর করিয়া রাখিত। এবারে তালাচাবির আগ্রেয় লইল। যথন সে পাচনিনিটের জন্তও ঘরের বাহিরে যাইত ঘরে তালা বন্ধ করিয়া যাইত।

এটা সকলেরই চোথে লাগিল। শৈলেন বলিল, "ধনরত্ব তো বিশুর! ঘরে চুকিলে চোরের চক্ষে জল আসে— সেই ঘরে ঘন ঘন তালা পড়িতেছে— একেবারে বিতীয় ব্যাক্ষ অব বেক্ষল হইয়া উঠিল দেখিতেছি। আমাদের কাহাকেও বিশ্বাদ নাই— পাছে ওই পাবনার ছিটের চায়নাকোটটার লোভ দামলাইতে না পারি। ওহে রাধু, ওকে একটা ভদ্রগোছের নৃতন কোট কিনিয়া না দিলে তো কিছুতেই চলিতেছে না। চিরকাল ওর ওই একমাত্র কোট দেখিতে দেখিতে আমার বিরক্ত ধরিয়া গেছে।"

শৈলেন কোনোদিন কালীপদর ওই লোনাধরা চুনবালি-থসা অন্ধকার ঘরটার মধ্যে প্রবেশ করে নাই। সিঁড়ি দিয়া উপরে উঠিবার সময় বাহির হইতে দেখিলেই তাহার সর্বশরীর সংস্কৃতিত হইয়া উঠিত। বিশেষত সন্ধার সময় যথন দেখিত একটা টিম্টিমে প্রদীপ লইয়া একলা দেই বায়ৃশ্ন্ত বন্ধ মরে কালীপদ গা খুলিয়া বসিয়া বইয়ের উপর স্থাকিয়া পড়িয়া পড়া করিতেছে তথন তাহার প্রাণ হাঁপাইয়া উঠিত। দলের লোককে শৈলেন বলিন, "এবারে কালীপদ কোন্ সাতরাকার-ধন মানিক আহরণ করিয়া আনিয়াছে সেটা তোমরা খুঁজিয়া বাহির করো।" এই কৌতুকে সকলেই উৎসাহ প্রকাশ করিল।

কালীপদর ঘরের তালাটি নিতান্তই অল্প দামের তালা— তাহার নিষেধ খুব প্রবল নিষেধ নহে— প্রায় সকল চাবিতেই এ তালা থোলে। একদিন সন্ধ্যার সময় কালীপদ্ যথন ছেলে পড়াইতে গিয়াছে সেই অবকাশে জনতুই-তিন অত্যন্ত আমৃদে ছেলে হাসিতে তালা খুলিয়া একটা লঠন হাতে তাহার দরে প্রবেশ করিল। ভক্তাপোশের নীচে হইতে আচার চাটনি আমসন্ত প্রভৃতির ভাগুওলিকে আবিদ্ধার করিল। কিন্তু সেগুলি যে বহুমূল্য গোপনীয় সামগ্রী তাহা তাহাদের মনে হইল না।

थुं जिल्छ थुं जिल्छ वानित्मत नीति हरेल दिः नत्मछ थक ठावि वाहित हरेन। तनह

চাবি দিয়া টিনের বাস্কটা খুলিতেই কয়েকটা ময়লা কাপড়, বই, খাতা, কাঁচি, ছুরি, কলম ইত্যাদি চোধে পড়িল। বাস্ক বন্ধ ক্রিয়া তাহারা চলিয়া যাইবার উপক্রম করিতেছে এমন সময়ে সমস্ত কাপড়চোপড়ের নীচে রুমালে মোড়া একটা কী পদার্থ বাহির হইল। রুমাল খুলিতেই ছেঁড়া কাপড়ের মোড়ক দেখা দিল। নেই মোড়কটি খোলা হইলে একটির পর আর-একটি প্রায় তিন-চারখানা কাগজের আবর্ব ছাড়াইয়া ফেলিয়া একখানি পঞ্চাশ টাকার নোট বাহির হইয়া পড়িল।

এই নোটখানা দেখিয়া আর কেহ হাসি রাখিতে পারিল না। হো হো করিয়া উচ্চম্বরে হাসিয়া উঠিল। সকলেই ছির ক্রিল, এই নোটখানারই জপ্তে কালীপদ ঘন ঘন ঘরে চাবি লাগাইতেছে, পৃথিবীর কোনো লোককেই বিশাস করিতে পারিতেছে না। লোকটার রূপণতা এবং সন্দিশ্ধ প্রকৃতিতে শৈলেনের প্রসাদপ্রত্যাশী সহচরগুলি বিশ্বিত হইয়া উঠিল।

এমন সময় হঠাৎ মনে হইল, রান্তায় কালীপদর মতো যেন কাহার কাশি শোনা গেল। তৎক্ষণাৎ বাক্ষটার ভালা বন্ধ করিয়া, নোটখানা হাতে লইয়াই তাহারা উপরে ছুটল। একজন তাড়াতাড়ি দরজায় তালা লাগাইয়া দিল।

শৈলেন দেই নোটখানা দেখিয়া অত্যন্ত হাসিল। পঞ্চাশ টাকা শৈলেনের কাছে কিছুই নয়, তবু এত টাকাও যে কালীপদর বাজে ছিল তাহা তাহার ব্যবহার দেখিয়া কেহ অন্থমান করিতে পারিত না। তাহার পরে আবার এই নোটটুকুর জন্ম এত সাবধান! সকলেই স্থির করিল, দেখা যাক এই টাকাটা খোয়া গিয়া এই অন্ত্ৰুড লোকটি কিয়কম কাণ্ডটা করে।

রাত্রি নটার পর ছেলে পড়াইয়া প্রান্তদেহে কালীপদ মরের অবস্থা কিছুই লক্ষ করে নাই। বিশেষত মাথা তাহার যেন ছি'ড়িয়া পড়িতেছিল। ব্রিয়াছিল এখন কিছুদিন তাহার এই মাথার ষম্রণা চলিবে।

পরদিন দে কাপড় বাহির করিবার জন্ম তব্জাপোশের নীচে হইতে টিনের বাক্সটা টানিয়া দেখিল বাক্সটা থোলা। যদিচ কালীপদ স্বভাবত অসাবধান নয় তব্ তাহার মনে হইল হয়তো সে চাবি বন্ধ করিতে ভূলিয়া গিয়াছিল। কারণ, খরে যদি চোর আসিত তবে বাহিরের দরজায় তালা বন্ধ থাকিত না।

বাক্স খুলিয়া দেখে তাহার কাপড়চোপড় সমন্ত উলটপালট। তাহার বুক দমিয়া গেল। তাড়াতাড়ি সমন্ত জিনিসপত্র বাহির করিয়া দেখিল তাহার সেই মাতৃদত্ত নোটথানি নাই। কাগজ ও কাপড়ের মোড়কগুলা আছে। বারবার করিয়া কালীপদ সমন্ত কাপড় সবলে ঝাড়া দিতে লাগিল, নোট বাহির হইল না। এ দিকে উপরের তলার তুই-একটি করিয়া লোক যেন আপন কাজে সিঁড়ি দিয়া নামিয়া সেই ঘরটার দিকে কটাক্ষপাত করিয়া বারবার উঠানামা করিতে লাগিল। উপরে অট্টহাস্তের ফোয়ারা খুলিয়া গেল।

বথন নোটের কোনো আশাই রহিল না এবং মাধার কটে বখন জিনিসপত্র
নাড়ানাড়ি করা তাহার পক্ষে আর সন্তবপর হইল না তথন সে বিছানার উপর উপুড়

হইয়া মৃতদেহের মতো পড়িয়া রহিল। এই তাহার মাতার অনেক ছ:থের নোটথানি

—জীবনের কত মুহুর্তকে কঠিন যত্রে পেষণ করিয়া দিনে দিনে একটু একটু করিয়া

এই নোটখানি সঞ্চিত হইয়াছে। একদা এই ছ:থের ইভিহাস সে কিছুই জানিত না,
সেদিন সে তাহার মাতার ভারের উপর ভার কেবল বাড়াইয়াছে, অবশেষে যেদিন মা

তাহাকে তাঁহার প্রতিদিনের নিয়ত-আবর্তমান ছ:থের সদী করিয়া লইলেন সেদিনকার মতো এমন গৌরব সে তাহার বয়সে আর-কখনো ভোগ করে নাই। কালীপদ

আপনার জীবনে সব চেয়ে যে বড়ো বাণী, যে মহন্তম আশীর্বাদ পাইয়াছে, এই নোটথানির মধ্যে তাহাই পূর্ণ হইয়া ছিল। সেই তাহার মাতার অভলম্পর্ল স্নেহসম্ত্রমন্থন-করা অম্লা ছ:থের উপহারটুকু চুরি যাওয়াকে সে একটা পৈশাচিক অভিশাপের
মতো মনে করিল। পাশের সিঁড়ের উপর দিয়া পায়ের শব্দ আন্ধ বারবার শোনা

যাইতে লাগিল। অকারণ ওঠা এবং নামার আন্ধ আর বিরাম নাই। গ্রামে আন্তন
লাগিয়া পুড়িয়া ছাই হইয়া যাইতেছে আর ঠিক তাহার পাশ দিয়াই কৌতুকে কলশব্দে
নদী অবিরত ছুটিয়া চলিয়াছে, এও সেইরকম।

উপরের তলার অট্টহাস্ত শুনিয়া এক সময়ে কালীপদর হঠাৎ মনে হইল এ চোরের কাজ নয়; এক মৃহুর্তে দে বৃঝিতে পারিল শৈলেন্দ্রের দল কোঁতৃক করিয়া তাহার এই নোট লইয়া গিয়াছে। চোরে চ্রি করিলেও তাহার মনে এত বাজিত না। তাহার মনে হইতে লাগিল খেন ধনমদগবিত যুবকেরা তাহার মায়ের গায়ে হাত তৃলিয়াছে। এতদিন কালীপদ এই মেদে আছে, এই সিঁড়িটুকু বাহিয়া একদিনও সে উপরের তলায় পদার্পণও করে নাই। আজ তাহার গায়ে সেই ছেঁড়া গেজি, পায়ে জ্তা নাই, মনের আবেগে এবং মাথাধরার উত্তেজনায় তাহার মৃথ লাল হইয়া উঠিয়াছে— সবেগে সেউপরে উঠিয়া পড়িল।

আজ রবিবার— কলেজে যাইবার উপসর্গ ছিল না, কাঠের ছাদওয়ালা বারান্দার বন্ধুগণ কেহ-বা চৌকিতে, কেহ-বা বেতের মোড়ায় বসিয়া হান্দালাপ করিতেছিল। কালীপদ তাহাদের মাঝখানে ছুটিয়া পড়িয়া কোধগন্গদ্দ্বরে বলিয়া উঠিল, "দিন, আমার নোট দিন।"

যদি সে মিনতির হারে বলিত তবে ফল পাইত সন্দেহ নাই। কিছু উন্নতবৎ ক্রেম্ব্রতি দেখিয়া শৈলেন অত্যন্ত ক্ষাপা হইয়া উঠিল। যদি তাহার বাড়ির দারোয়ান থাকিত তবে তাহাকে দিয়া এই অসভ্যকে কান ধরিয়া দূর করিয়া দিত সন্দেহ নাই। সকলেই দাঁড়াইয়া উঠিয়া একত্রে গর্জন করিয়া উঠিল, "কী বলেন মশায়। কিলের নোট।"

কালীপদ কহিল, "আমার বাক্স থেকে আপনারা নোট নিয়ে এদেছেন।" "এতবড়ো কথা। আমাদের চোর বলতে চান।" -

কালীপদর হাতে ধদি কিছু থাকিত তবে সেই মুহুর্তেই সে খুনোখুনি করিয়া কেলিত। তাহার রকম দেখিয়া চার-পাঁচজনে মিলিয়া তাহার হাত চাপিয়া ধরিল। সে জালবন্ধ বাঘের মতো গুমরাইতে লাগিল।

এই অস্তায়ের প্রতিকার করিবার তাহার কোনো শক্তি নাই, কোনো প্রমাণ নাই— সকলেই তাহার সন্দেহকে উন্নত্ততা বলিয়া উড়াইয়া দিবে। ষাহারা তাহাকে মৃত্যুবাণ মারিয়াছে তাহারা তাহার উদ্ধত্যকে অসহ বলিয়া বিষম আফালন করিতে লাগিল।

শেলন একথানা একশো টাকার নোট বাহির করিয়া বলিল, "দাও, বাঙালটাকে দিয়ে এলো গে যাও।"

সহচররা কহিল, "পাগল হয়েছ! তেজটুকু আগে মরুক— আমাদের সকলের কাছে একটা রিট্ন অ্যাপলজি আগে দিক, তার পরে বিবেচনা করে দেখা ধাবে।"

- যথাসময়ে সকলে শুইতে গেল এবং ঘুমাইয়া পড়িতেও কাহারো বিলম্ব হইল না। সকালে কালীপদর কথা প্রায় সকলে ভূলিয়াই গিয়াছিল। সকালে কেহ কেহ দিঁড়ি দিয়া নীচে নামিবার সময় তাহার মর হইতে কথা শুনিতে পাইল। ভাবিল হয়তে! উকিল ডাকিয়া পরামর্শ করিতেছে। দরলা ভিতর হইতে থিল-লাগানো। বাহিরে কান পাতিয়া যাহা শুনিল তাহার মধ্যে আইনের কোনো সংশ্রব নাই, সমস্ত অসমজ্জ প্রলাপ।

উপরে গিয়া শৈলেনকে থবর দিল। শৈলেন নামিয়া আদিয়া দরজার বাহিরে আদিয়া দাঁড়াইল। কালীপদ কী যে বকিতেছে ভালো বোঝা যাইতেছে না, কেবল ক্ষণে ক্ষণে 'বাবা' বোঝা করিয়া চীৎকার করিয়া উঠিতেছে।

ভন্ন হইল, হরতো সে নোটের শোকে পাগল হইরা গিয়াছে। বাহির হইতে ছই-ভিমবার ডাকিল, "কালীপদবারু।" কেহ কোনো সাড়া দিল না। কেবল সেই

বিজ্বিজ্বকৃনি চলিতে লাগিল। শৈলেন পুনশ্চ উচ্চন্বরে কহিল, "কালীপদবাব্, দরজা খূল্ন, আপনার সেই নোট পাওয়া গেছে।" দরজা খূলিল না, কেবল বক্নির শুঞ্জনধ্বনি শোনা গেল।

ব্যাপারটা যে এতদ্র গড়াইবে তাহা শৈলেন কল্পনাও করে নাই। সে মুখে তাহার অন্তরদের কাছে অন্তর্তাপবাক্য প্রকাশ করিল না, কিছু তাহার মনের মধ্যে বিঁধিতে লাগিল। সে বলিল, "দরজা ভাতিয়া ফেলা যাক।"— কেহ কেহ পরামর্শ দিল, "পুলিদ ভাকিয়া আনো— কী জানি পাগল হইয়া যদি হঠাৎ কিছু করিয়া বসে— কাল বেরকম কাণ্ড দেথিয়াছি— সাহস হয় না।"

শৈলেন কহিল, "না, শীত্র একজন গিয়া অনাদি ভাক্তারকে ডাকিয়া আনো।" অনাদি ভাক্তার বাড়ির কাছেই থাকেন। তিনি আসিয়া দরজায় কান দিয়া

বলিলেন, "এ তো বিকার বলিয়াই বোধ হয়।"

দরজা ভাঙিয়া ভিতরে গিয়া দেখা গেল— তক্তাপোশের উপর এলোমেলো বিছানা থানিকটা ভ্রম্ভ হইয়া মাটিতে লুটাইতেছে। কালীপদ মেজের উপর পড়িয়া— তাহার চেডনা নাই। সে গড়াইতেছে, কলে কলে হাত-পা ছুঁড়িতেছে এবং প্রলাপ বকিতেছে— তাহার রক্তবর্ণ চোথ ছটো খোলা এবং তাহার মুখে যেন রক্ত ফাটিয়া পড়িতেছে।

ভাক্তার তাহার পাশে বসিয়া অনেককণ পরীক্ষা করিয়া শৈলেনকে জিজ্ঞাসা করিলেন, "ইহার আত্মীয় কেহ আছে ?"

শৈলেনের ম্থ বিবর্ণ হইয়া গেল। সে ভীত হইয়া জিজ্ঞাসা করিল, "কেন বলুন দেখি।"

ডাব্রার গন্তীর হইয়া কহিলেন, "থবর দেওয়া ভালো, লক্ষণ ভালো নয়।"

শৈলেন কহিল, "ইহাদের দক্ষে আমাদের ভালো আলাপ নাই— আত্মীয়ের খবর কিছুই জানি না। সন্ধান করিব। কিন্তু ইতিমধ্যে কী করা কর্তব্য।"

ভাক্তার কহিলেন, "এ মর হইতে রোগীকে এখনি দোতলার কোনো ভালো মরে লইয়া যাওয়া উচিত। দিনরাত ভশ্লার ব্যবস্থা করাও চাই।"

শৈলেন রোগীকে তাহার নিজের মরে লইয়া গেল। তাহার সহচরদের সকলকে ভিড় করিতে নিষেধ করিয়া মর হইতে বিদায় করিয়া দিল। কালীপদর মাধায় বরফের পুঁটুলি লাগাইয়া নিজের হাতে বাতাস করিতে লাগিল।

পূর্বেই বলিয়াছি, এই বাড়ির উপরতলার দলে পাছে কোনোপ্রকার অবজ্ঞা বা পরিহাস করে এইজন্ম নিজের পিতামাতার সকল পরিচর কালীপদ ইহাদের নিকট ২২॥২৭ হইতে গোপন করিয়া চলিয়াছে। নিজে তাঁহাদের নামে যে চিঠি লিখিত তাহা শাবধানে ভাকষরে দিয়া আসিত এবং ডাক্ষরের ঠিকানাতেই তাহার নামে চিঠি আসিড— প্রত্যহ সে নিজে গিয়া তাহা সংগ্রহ করিয়া আনিত।

কালীপদর বাড়ির পরিচয় লইবার জন্ম আর-একবার তাহার বাক্স খুলিতে হইল। তাহার বাক্সে মধ্যে তুইতাড়া চিঠিছিল। প্রত্যেক তাড়াটি অতিষত্বে ফিতা দিয়া বীধা। একটি তাড়াতে তাহার মাতার চিঠি— আর একটিতে তাহার পিতার। মায়ের চিঠি সংখ্যায় অল্লই, পিতার চিঠিই বেশি।

চিঠিগুলি হাতে করিয়া আনিয়া শৈলেন দরজা বন্ধ করিয়া দিল এবং রোগীর বিছানার পার্শে বিদয়া পড়িতে আরম্ভ করিল। চিঠিতে ঠিকানা পড়িয়াই একেবারে চমকিয়া উঠিল। শানিয়াড়ি, চৌধুরীবাড়ি, ছয় আনি! নীচে নাম দেখিল, ভবানীচরণ দেবশর্মা। ভবানীচরণ চৌধুরী!

চিঠি রাথিয়া তার হইয়া বদিয়া সে কালীপদর ম্থের দিকে চাহিয়া রহিল। কিছুদিন পূর্বে একবার ভাহার সহচরদের মধ্যে কে একজন বলিয়াছিল, তাহার ম্থের সলে কালীপদর ম্থের অনেকটা আদল আসে। সে কথাটা তাহার শুনিতে ভালো লাগে নাই এবং অক্ত-সকলে তাহা একেবারে উড়াইয়া দিয়াছিল। আজ ব্ঝিতে পারিল, সে কথাটা অমূলক নহে। তাহার পিতামহরা হুই ভাই ছিলেন— শ্রামাচরণ এবং ভবানীচরণ, এ কথা সে জানিত। তাহার পরবর্তীকালের ইতিহাস ভাহাদের বাড়িতে কখনো আলোচিত হয় নাই। ভবানীচরণের যে পূত্র আছে এবং ভাহার নাম কালীপদ, ভাহা সে জানিতই না। এই কালীপদ। এই তাহার বুড়া।

শৈলেনের তথন মনে পড়িতে লাগিল, শৈলেনের পিতামহী, শ্রামাচরণের স্বী
যতদিন বাঁচিয়া ছিলেন, শেষ পর্যন্ত পরমন্নেহে তিনি ভবানীচরণের কথা বলিতেন।
ভবানীচরণের নাম করিতে তাঁহার ছুই চক্ষে জল ভরিয়া উঠিত। ভবানীচরণ তাঁহার
দেবর বটে, কিন্তু তাঁহার পুত্রের চেয়ে বয়সে ছোটো— তাহাকে তিনি আপন ছেলের
মতোই মাহ্য করিয়াছেন। বৈষয়িক বিপ্লবে যথন তাঁহারা অতম হইয়া গেলেন, তথন
ভবানীচরণের একটু থবর পাইবার জন্ম তাঁহার বক্ষ ত্যিত হইয়া থাকিত। তিনি
বারবার তাঁহার ছেলেদের বলিয়াছেন, 'ভবানীচরণ নিতান্ত অব্য ভালোমাহ্য বলিয়া
নিশ্বই তোরা তাহাকে ফাঁকি দিয়াছিন— আমার শশুর তাহাকে এত ভালোবাদিতেন,
তিনি বে তাহাকে বিষয় ছইতে বঞ্চিত করিয়া ষাইবেন এ কথা আমি বিখাস করিতে
পারি না।' তাঁহার ছেলেরা এ-সব কথায় অত্যন্ত বিরক্ত হইত এবং শৈলেনের মনে
পড়িল সে'ও তাহার পিতামহীর উপর অত্যন্ত রাগ করিত। এমন কি, পিতামহী

তাঁহার পক্ষ অবসংন করিতেন বলিয়া ভবানীচরণের উপরেও তাহার ভারি রাগ হইত। বর্তমানে ভবানীচরণের যে এমন দরিত্র অবস্থা তাহাও সে জানিত না— কালীপদর অবস্থা দেখিয়া সকল কথা সে বৃথিতে পারিল এবং এতদিন সহত্র প্রলোভন সত্তেও কালীপদ বে তাহার অন্তরপ্রেণীতে ভরতি হয় নাই ইহাতে সে ভারি গৌরব অন্তর করিল। যদি দৈবাৎ কালীপদ তাহার অন্তবর্তী হইত তবে আদ্ধ যে তাহার লক্ষার দীমা থাকিত না।

8

শৈলেনের দলের লোকেরা এতদিন প্রত্যহই কালীপদকে পীড়ন ও অপমান করিয়াছে। এই বাসাতে তাহাদের মাঝধানে কাকাকে শৈলেন রাখিতে পারিল না। ডাক্তারের পরামর্শ লইয়া অতিষত্নে তাহাকে একটা ভালো বাড়িতে স্থানাস্তরিত করিল।

ভবানীচরণ শৈলেনের চিঠি পাইয়া একটি দলী আশ্রম্ম করিয়া তাড়াতাড়ি কলিকাতায় ছুটিয়া আদিলেন। আদিবার সমন্ধ ব্যাকুল হইয়া রাসমণি তাঁহার কটসঞ্চিত অর্থের অধিকাংশই তাঁহার স্বামীর হাতে দিয়া বলিলেন, "দেখো যেন অযত্ম না
হয়। যদি তেমন বোঝ আমাকে থবর দিলেই আমি যাব।" চৌধুরীবাড়ির বধুর
পক্ষে হটুহটু করিয়া কলিকাতায় যাওয়ার প্রভাব এতই অসংগত যে প্রথম সংবাদেই
তাঁহার যাওয়া ঘটিল না। তিনি রক্ষাকালীর নিকট মানত করিলেন এবং গ্রহাচার্যক
ভাকিয়া স্বস্তায়ন করাইবার ব্যবস্থা করিয়া দিলেন।

ভবানীচরণ কালীপদর অবস্থা দেখিয়া হতবৃদ্ধি হইয়া গেলেন। কালীপদর তথন ভালো করিয়া জ্ঞান হয় নাই; সে তাঁহাকে মান্টারমশায় বলিয়া ভাকিল— ইহাতে তাঁহার বুক ফাটিয়া গেল। কালীপদ প্রায় মাঝে মাঝে প্রলাণে 'বাবা' 'বাবা' বলিয়া ভাকিয়া উঠিতেছিল— তিনি তাহার হাত ধরিয়া তাহার ম্থের কাছে মুখ লইয়া গিয়া উদ্ধর্মরে বলিতেছিলেন, "এই-যে বাবা, এই-বে আমি এসেছি।" কিন্তু সে যে তাঁকে চিনিয়াছে এমন ভাব প্রকাশ করিল না।

ভাক্তার আদিয়া বলিলেন, "জর পূর্বের চেয়ে কিছু কমিয়াছে, হয়তো এবার ভালোর দিকে যাইবে।" কালীপদ ভালোর দিকে যাইবে না এ কথা ভবানীচরণ মনেই করিতে পারেন না। বিশেষত তাহার শিশুকাল হইতে সকলেই বলিয়া আদিতেছে কালীপদ বড়ো হইয়া একটা অসাধ্য সাধন করিবে— সেটাকে ভবানীচরণ কেবলমাত্র লোকমুধের কথা বলিয়া গ্রহণ করেন নাই— সে বিশ্বাস একেবারে তাঁহার সংস্কারগত হইয়া গিয়াছিল। কালীপদকে বাঁচিতেই হইবে, এ তাহার ভাগ্যের লিখন।

এই কারণে, ভাক্তার ষতটুকু তালো বলে তিনি তাহার চেয়ে অনেক বেশি ভালো ভনিয়া বদেন এবং রাদমণিকে যে পত্র লেখেন তাহাতে আশহার কোনো কথাই থাকে না।

শৈলেন্দ্রের ব্যবহারে ভবানীচরণ একেবারে আশ্চর্য হইয়া গেলেন। দে বে তাঁহার পরমাত্মীয় নহে এ কথা কে বলিবে। বিশেষত কলিকাতার স্থাশিকত স্থপতা ছেলে হইয়াও দে তাঁহাকে ব্যরকম ভক্তিশ্রদ্ধা করে এমন তো দেখা যায় না। তিনি ভাবিলেন, কলিকাতার ছেলেদের বৃষ্ধি এই প্রকারই স্বভাব। মনে মনে ভাবিলেন, দে তো হ্বারই কথা, আমাদের পাড়াগেঁয়ে ছেলেদের শিক্ষাই বা কী আর সহবতই বা কী।

ব্দর কিছু কিছু কমিতে লাগিল এবং কালীপদ ক্রমে চৈতক্ত লাভ করিল।
পিতাকে শ্যার পাশে দেখিয়া সে চমকিয়া উঠিল, ভাবিল, তাহার কলিকাতার অবস্থার কথা এইবার তাহার পিতার কাছে ধরা পড়িবে। তাহার চেয়ে ভাবনা এই বে, তাহার গ্রাম্য পিতা শহরের ছেলেদের পরিহাসের পাত্র হইয়া উঠিবেন। চারি দিকে চাহিয়া দেখিয়া সে ভাবিয়া পাইল না, এ কোন্ ঘর। মনে হইল, এ কি স্বপ্র দেখিতেছি।

তথন তাহার বেশি কিছু চিন্তা করিবার শক্তি ছিল না। তাহার মনে হইল, অস্থথের থবর পাইয়া তাহার পিতা আসিয়া একটা ভালো বাসায় আনিয়া রাথিয়াছেন। কী করিয়া আনিলেন, তাহার থরচ কোথা হইতে জোগাইতেছেন, এত থরচ করিতে থাকিলে পরে কিরূপ সংকট উপস্থিত হইবে সে-সব কথা ভাবিবার তাহার সময় নাই। এখন তাহাকে বাঁচিয়া উঠিতে হইবে, সেজস্তু সমন্ত পৃথিবীর উপর তাহার যেন দাবি আছে।

একসময়ে যথন তাহার পিতা দরে ছিলেন না এমন সময় শৈলেন একটি পাত্রে কিছু ফল লইয়া তাহার কাছে আসিয়া উপস্থিত হইল। কালীপদ অবাক হইয়া তাহার মূখের দিকে চাহিয়া রহিল— ভাবিতে লাগিল, ইহার মধ্যে কিছু পরিহাস আছে নাকি। প্রথম কথা তাহার মনে হইল এই ষে, পিতাকে তো ইহার হাত হইতে রক্ষা করিতে হইবে।

শৈলেন ফলের পাত্র টেবিলের উপর রাথিয়া পায়ে ধরিয়া কালীপদকে প্রণাম করিল এবং কহিল, "আমি গুরুতর অপরাধ করিয়াছি, আমাকে মাপ করুন।"

কালীপদ শশব্যন্ত হইয়া উঠিল। শৈলেনের মুথ দেধিয়াই দে বুঝিতে পারিল, তাহার মনে কোনো কপটতা নাই। প্রথম ধধন কালীপদ মেসে আসিয়াছিল এই

বৌবনের দীপ্তিতে উচ্ছল স্কর ম্থলী দেখিরা কতবার ভাহার মন অত্যন্ত আরুষ্ট হইরাছে, কিন্তু সে আপনার দারিল্রের সংকোচে কোনোদিন ইহার নিকটেও আসে নাই। যদি দে সমকক লোক হইত, যদি বন্ধুর মতো ইহার কাছে আসিবার অধিকার তাহার পক্ষে আভাবিক হইত, তবে সে কত খুনিই হইত— কিন্তু পরক্ষার অত্যন্ত কাছে থাকিলেও মাঝখানে অপার ব্যবধান সভ্যম করিবার উপায় ছিল না। সিঁড়ি দিয়া যথন শৈলেন উঠিত বা নামিত তথন তাহার শৌথিন চাদরের স্থান্ধ কালীপদর অন্ধকার ঘরের মধ্যে প্রবেশ করিত— তথন সে পড়া ছাড়িয়া একবার এই হাস্পপ্রকুল চিন্তারেথাহীন তরুণ ম্থের দিকে না তাকাইয়া থাকিতে পারিত না। সেই মৃহুর্তে কেবল কণকালের জন্ম তাহার সেই সাঁতেসেঁতে কোণের ঘরে দ্র সৌন্দর্যলোকের ঐশ্বর্য-বিচ্ছুরিত রশ্মিচ্ছটা আসিয়া পড়িত। তাহার পরে সেই শৈলেনের নির্দয় তাহণ্য তাহার কাছে কিন্তুপ সাংঘাতিক হইয়া উঠিয়াছিল তাহা সকলেরই জানা আছে। আজ শৈলেন যখন ফলের পাত্র বিছানায় তাহার সমূথে আনিয়া উপন্থিত করিল তথন দীর্ঘনিশাস ফেলিয়া ওই স্করের মুথের দিকে কালীপদ আর-একবার তাকাইয়া দেখিল। কমার কথা সে মৃথে কিছুই উচ্চারণ করিল না— আন্তে আন্তে ফল তুলিয়া থাইতে লাগিল— ইহাতেই যাহা বিলবার তাহা বলা হইয়া গেল।

কালীপদ প্রত্যহ আশ্বর্ধ হইয়া দেখিতে লাগিল, তাহার গ্রাম্য পিতা ভবানীচরণের সলে শৈলেনের খুব ভাব জমিয়া উঠিল। শৈলেন তাঁহাকে ঠাকুরদা বলে, এবং পরম্পরের মধ্যে অবাধে ঠাট্রাতামাশা চলে। তাহাদের উভয়পক্ষের হাস্তকৌতুকের প্রধান লক্ষ্য ছিলেন অপ্পস্থিত ঠাকস্বনদিদি। এতকাল পরে এই পরিহাসের দক্ষিণবায়ুর হিল্লোনে ভবানীচরণের মনে ধেন যৌবনস্থতির পুলক সঞ্চার করিতে লাগিল। ঠাকস্বনদিদির স্বহন্তরচিত আচার আমস্য প্রভৃতি সমস্তই শৈলেন রোপীর অনবধানতার অবকাশে চুরি করিয়া নিংশেষে থাইয়া ফেলিয়াছে এ কথা আছ দে নির্লজ্ঞভাবে স্বীকার করিল। এই চুরির থবরে, কালীপদর মনে বড়ো একটি গভীর আনন্দ হইল। তাহার মায়ের হাতের সামগ্রী সে বিশ্বের লোককে ভাকিয়া থাওয়াইতে চায় যদি তাহার। ইহার আদর বোঝে। কালীপদর কাছে আছ নিজের রোগের শ্ব্যা আনন্দসভা হইয়া উঠিল— এমন স্থথ তাহার জীবনে দে অল্পই পাইয়াছে। কেবল ক্ষণে ক্ষণে তাহার মনে হইতে লাগিল, আহা, মা যদি থাকিতেন। তাহার মা থাকিলে এই কৌতুক্ব-পরায়ণ স্বন্দর যুবকটিকে যে কত স্বেহ করিতেন সেই কথা সে কল্পনা করিতে লাগিল।

তাহাদের ক্লগ্ণকক্ষসভায় কেবল একটা আলোচনার বিষয় ছিল ষেটাতে আনন্দ-প্রবাহে মাঝে মাঝে বড়ো বাধা দিত। কালীপদর মনে ষেম দারিজ্যের একটা অভিমান ছিল— কোনো-এক সময়ে তাহাদের প্রচুর ঐবর্ধ ছিল এ কথা দইয়া বুণা গর্ব করিতে তাহার ভারি লক্ষা বোধ হইত। আমরা গরিব, এ কথাটাকে কোনো 'কিছ' দিয়া । চাপা দিতে লে মোটেই রাজি ছিল না। ভবানীচরণও বে তাঁহাদের ঐশর্যের দিনের কথা গর্ব করিয়া পাড়িতেন তাহা নহে। কিন্তু সে যে তাঁহার স্থাপর দিন ছিল, তথন তাঁহার যৌবনের দিন ছিল। বিশ্বাস্থাতক সংসারের বীভংসমূতি তথনো ধরা পড়ে नारे। विश्विष भागांत्रत्वत जी, ठाँशांत श्रवाद्यशांनिनी जाज्जामा त्रगाञ्चकी, যথন তাহাদের দংসারের গৃহিণী ছিলেন, তথন সেই লন্দীর ভরা ভাগুরের ঘারে দাঁড়াইয়া কী অজল আদরই তাঁহারা লুটিয়াছিলেন— দেই অন্তমিত স্থধের দিনের শ্বতির ছটাতেই তো ভবানীচরণের জীবনের সন্ধ্যা সোনায় মণ্ডিত হইয়া আছে। কিন্ত এই-সমন্ত স্বথম্বতি আলোচনার মাঝখানে ঘুরিয়া ফিরিয়া কেবলই সেই উইল-চরির কথাটা আসিয়া পড়ে। ভবানীচরণ এই প্রসঙ্গে ভারি উত্তেজিত হইয়া পড়েন। এখনো দে উইল পাওয়া ঘাইবে এ সম্বন্ধে তাঁহার মনে লেশমাত্র সন্দেহ নাই— তাঁহার मजीमांकी मात्र कथा कथानांहे वार्थ इहेरव ना। এই कथा छेठिया পড़िलाई कानीशर মনে মনে অম্বির হইয়া উঠিত। সে জানিত এটা তাহার পিতার একটা পাগলামিমাত্র। তাহারা মায়ে ছেলেয় এই পাগলামিকে আপ্রে প্রভায়ও দিয়াছে, কিন্তু শৈলেনের কাছে তাহার পিতার এই তুর্বলতা প্রকাশ পায় এ তাহার কিছুতেই ভালো লাগে না। কতবার সে পিতাকে বলিয়াছে, "না বাবা, ওটা তোমার একটা মিথাা সন্দেহ।" কিন্ত এরপ তর্কে উদটা ফল হইত। তাঁহার সম্বেহ যে অযুলক নহে তাহা প্রমাণ করিবার জন্ত সমস্ত ঘটনা তিনি তন্ন তন্ন করিয়া বিবৃত করিতে থাকিতেন। তথন কালীপদ নানা চেষ্টা করিয়াও কিছুতেই তাঁহাকে থামাইতে পারিত না।

বিশেষত কালীপদ ইহা স্পষ্ট লক্ষ্য করিয়া দেখিয়াছে বে, এই প্রেমকটা কিছুতেই শৈলেনের ভালো লাগে না। এমন-কি, সে'ও বিশেষ একটু যেন উত্তেজিত হইয়া ভবানীচরণের যুক্তি থওন করিতে চেষ্টা করিত। অক্স সকল বিষয়েই ভবানীচরণ আর-সকলের মত মানিয়া লইতে প্রস্তুত আছেন— কিন্তু এই বিষয়টাতে তিনি কাহারো কাছে হার মানিতে পারেন না। তাঁহার মা লিখিতে পড়িতে জানিতেন— তিনি নিজের হাতে তাঁহার পিতার উইল এবং অক্স দলিলটা বাজে বন্ধ করিয়া লোহার সিন্দুকে তুলিয়াছেন; অথচ তাঁহার সামনেই মা যথন বাক্য খুলিলেন তথন দেখা গেল অক্স দলিলটা বেমন ছিল তেমনি আছে অথচ উইলটা নাই, ইহাকে চুরি বলা হইবে না তো কী। কালীপদ তাঁহাকে ঠাতা করিবার জন্ম বলিত, "তা, বেশ তো বাবা, দারা জোমার বিষয় ভোগ করিতেছে তারা তো তোমারই ছেলেরই মতো, তারা তো

তোমারই ভাইপো। সে সম্পত্তি তোমার পিতার বংশেই রহিয়াছে— ইহাই কি কম হথের কথা।" শৈলেন এ-সব কথা বেশিক্ষণ সহিতে পারিত না, সে ঘর ছাড়িয়া উঠিয়া চলিয়া যাইত। কালীপদ মনে মনে পীড়িত হইরা ভাবিত, শৈলেন হয়তো তাহার পিতাকে অর্থলোল্প বিষয়ী বলিয়া মনে করিতেছে, অথচ তাহার পিতার মধ্যে বৈষয়িকতার নামগন্ধ নাই এ কথা কোনোমতে শৈলেনকে ব্যাইতে পারিলে কালীপদ বডোই আরাম পাইত।

এতদিনে কালীপদ ও ভবানীচরণের কাছে লৈলেন আপনার পরিচয় নিশ্চয় প্রকাশ করিত। কিন্তু এই উইল-চুরির আলোচনাতেই ভাহাকে বাধা দিল। তাহার পিতা পিতামহ বে উইল চুরি করিয়াছেন এ কথা সে কোনোমতেই বিশ্বাস করিতে চাছিল না, অথচ ভবানীচরণের পক্ষে পৈতৃক বিষয়ের ক্রায়্য অংশ হইতে বৃঞ্চিত হওয়ার মধ্যে বে একটা নিষ্ঠুর অক্রায় আছে সে কথাও সে কোনোমতে অস্বীকার করিতে পারিল না। এখন হইতে এই প্রসক্তে কোনোপ্রকার তর্ক করা সে বন্ধ করিয়া দিল—একেবারে সে চুপ করিয়া থাকিত— এবং ষদি কোনো স্ক্রোগ পাইত ভবে উঠিয়া চলিয়া বাইত।

এখনো বিকালে একটু অল্প জর আসিয়া কালীপদর মাধা ধরিত, কিন্ধু সেটাকে সে রোগ বলিয়া গণ্যই করিত না। পড়ার জন্ম তাহার মন উদ্বিশ্ন হইলা উঠিল। একবার তাহার স্থলারশিপ ফনকাইয়া গিয়াছে, আর তো সেরুপ হইলে চলিবে না। শৈলেনকে লুকাইয়া আবার সে পড়িতে আরম্ভ করিল— এ সম্বন্ধে ভাক্তারের কঠোর নিষেধ আছে ছানিয়াও সে তাহা অগ্রাহ্য করিল।

ভবানীচরণকে কালীপদ কহিল, "বাবা, তুমি বাড়ি ফিরিয়া যাও— দেধানে মা একলা আছেন। আমি তো বেশ সারিয়া উঠিয়াছি।"

শৈলেনও বলিল, "এখন আপনি গেলে কোনো ক্ষতি নাই। আর তো ভাবনার কারণ কিছু দেখি না। এখন ষেটুকু আছে সে গুদিনেই সারিয়া যাইবে। আর আমরা তো আছি।"

ভবানীচরণ কহিলেন, "সে আমি বেশ জানি; কালীপদর জন্ম ভাবনা করিবার কিছুই নাই। আমার কলিকাতায় আসিবার কোনো প্রয়োজনই ছিল না, তবু মন মানে কই ভাই। বিশেষত তোমার ঠাকরুনদিদি যথন খেটি ধরেন সে তে! আর ছাড়াইবার জো নাই।"

শৈলেন হাসিয়া কহিল, "ঠাকুরদা, তুমিই তে। আদর দিয়া ঠাকুরনদিদিকে একেবারে মাটি করিয়াছ।"

ভবানীচরণ হাসিয়া কহিলেন, "আচ্ছা ভাই, আচ্ছা, ঘরে যথন নাতবউ আসিবে তথন ভোমার শাসনপ্রণালীটা কিরকম কঠোর আকার ধারণ করে দেখা যাইবে।"

ভবানীচরণ একাস্কভাবে রাসমণির সেবায় পালিত জীব। কলিকাতার নানাপ্রকার আরাম-আয়োলনও রাসমণির আদর্যত্ত্বে অভাব কিছুতেই পূরণ করিতে পারিতেছিল না। এই কারণে ঘরে বাইবার জন্ত তাঁহাকে বড়ো বেশি অমুরোধ করিতে হইল না।

দকালবেলায় জিনিদপত্র বাঁধিয়া প্রান্তত হইয়াছেন এমন সময় কালীপদর ঘরে গিয়া দেখিলেন তাহার মৃথচোথ অত্যন্ত লাল হইয়া উঠিয়াছে— তাহার গা যেন আগুনের মতো গরম; কাল অর্থেক রাত্রি সে লজিক মৃথস্থ করিয়াছে, বাকি রাত্রি এক নিমেষের জক্তও ঘুমাইতে পারে নাই।

কালীপদর হুর্বলড়া তো সারিয়া উঠে নাই, তাহার উপরে আবার রোগের প্রবল আক্রমণ দেখিয়া ডাক্তার বিশেষ চিন্তিত হুইলেন। শৈলেনকে আড়ালে ডাকিয়া লইয়া গিয়া বলিলেন, "এবার তো গতিক ভালো বোধ করিতেছি না।"

শৈলেন ভবানীচরণকে কহিল, "দেখো ঠাকুরদা, ভোমারও কট্ট হইভেছে, রোগীরও বোধ হয় ঠিক তেমন দেবা হইভেছে না, তাই আমি বলি আর দেরি না করিয়া ঠাকুরুনদিদিকে আনানো বাক।"

শৈলেন যতই ঢাকিয়া বলুক, একটা প্রকাণ্ড ভয় আসিয়া ভবানীচরণের মনকে অভিভূত করিয়া ফেলিল। তাঁহার হাত-পা ধর্ধর্ করিয়া কাঁপিতে লাগিল। তিনি বলিলেন, "তোমরা যেমন ভালো বোঝ তাই করে।"

রাসমণির কাছে চিঠি গেল; তিনি তাড়াতাড়ি বগলাচরণকে সলে করিয়া কলিকাতায় আসিলেন। সদ্ধার সময় কলিকাতায় পৌছিয়া তিনি কেবল কয়েক ঘন্টা মাত্র কালীপদকে জীবিত দেখিয়াছিলেন। বিকারের অবস্থায় সে রহিয়া রহিয়া মাকে ডাকিয়াছিল— সেই ধ্বনিগুলি তাঁহার বুকে বিঁধিয়া রহিল।

ভবানীচরণ এই আঘাত সহিয়া বে কেমন করিয়া বাঁচিয়া থাকিবেন সেই ভয়ে রাসমণি নিজের শোককে ভালো করিয়া প্রকাশ করিবার আর অবসর পাইলেন না—
তাঁহার পুত্র আবার তাঁহার স্বামীর মধ্যে গিয়া বিলীন হইল— স্বামীর মধ্যে আবার ছজনেরই ভার তাঁহার ব্যথিত হৃদয়ের উপর তিনি তুলিয়া লইলেন। তাঁহার প্রাণ বিলিন, আর আমার সয় না। তবু তাঁহাকে সহিতেই হইল।

¢

রাত্রি তথন অনেক। গভীর শোকের একান্ত ক্লান্তিতে কেবল ক্ষণকালের জন্ত রাসমণি অচেতন হইরা ঘুমাইয়া পড়িয়াছিলেন। কিন্তু ভবানীচরণের ঘুম হইতেছিল না। কিছুক্ষণ বিছানায় এ-পাশ ও-পাশ করিয়া অবশেষে দীর্ঘনিশ্বাস-সহকারে 'দয়াময় হরি' বলিয়া উঠিয়া পড়িয়াছেন। কালীপদ যথন গ্রামের বিভালয়েই পড়িত, যথন সে কলিকাতায় যায় নাই, তথন সে বে-একটি কোণের মরে বিসামা পড়ান্তনা করিত ভবানীচরণ কম্পিত হত্তে একটি প্রদীপ ধরিয়া সেই শৃত্তমরে প্রবেশ করিলেন। রাসমণির হাতে চিত্র করা ছিয় কাথাটি এখনো তব্তাপোশের উপর পাতা আছে, তাহার নানা ছানে এখনো সেই কালির দাগ রহিয়াছে; মলিন দেয়ালের গায়ে কয়লায় আঁকা সেই জামিতির রেখাগুলি দেখা যাইতেছে; তত্তাপোশের এক কোপে কতকগুলি হাতে-বাঁধা ময়লা কাগন্তের থাতার সন্দে তৃতীয় থগু রয়াল রীভারের ছিয়াবশেষ আন্তিও পড়িয়া আছে। আর— হায় হায়— তার ছেলেবয়সের ছোটো পায়ের একপাটি চটি যে ঘরের কোণে পড়িয়া ছিল তাহা এতদিন কেহ দেখিয়াও দেখে নাই, আন্ত তাহা সকলের চেয়ে বড়ো হইয়া চোথে দেখা দিল— কগতে এমন কোনো মহৎ সামগ্রী নাই যাহা আন্ত ওই ছোটো তৃতাটিকে আড়াল করিয়া রাখিতে পারে।

কুলুলিতে প্রদীপটি রাথিয়া ভবানীচরণ সেই তক্তাপোশের উপর আসিয়া বসিলেন। তাঁহার ভদ্দ চোথে জল আসিল না, কিন্তু তাঁহার বুকের মধ্যে কেমন করিতে লাগিল—
যথেষ্ট পরিমাণে নিশাস লইতে তাঁহার পাঁজর যেন ফাঁটিয়া যাইতে চাহিল। ঘরের
পূর্বদিকের দরজা থুলিয়া দিয়া গরাদে ধরিয়া তিনি বাহিরের দিকে চাহিলেন।

অন্ধকার রাজি, টিপ্ টিপ্ করিয়া বৃষ্টি পড়িতেছে। সমুথে প্রাচীরবেষ্টিত ঘন জকল। তাহার মধ্যে ঠিক পড়িবার ঘরের সামনে একটুথানি জমিতে কালীপদ বাগান করিয়া তুলিবার চেটা করিয়াছিল। এখনো তাহার স্বহস্তে রোপিত ঝুমকালতা কঞ্চির বেড়ার উপর প্রচুর পদ্ধব বিন্তার করিয়া সজীব আছে— তাহা ফুলে ফুলে ভরিয়া গিয়াছে।

আজ দেই বালকের বত্বলালিত বাগানের দিকে চাহিয়া তাঁহার প্রাণ যেন কণ্ঠের কাছে উঠিয়া আদিল। আর কিছু আশা করিবার নাই; গ্রীমের সময় পূজার সময় কলেজের ছুটি হয়, কিছু যাহার জন্ত তাঁহার দরিত্র মর শৃক্ত হইরা আছে সে আর কোনোদিন কোনো ছুটিতেই মরে ফিরিয়া আদিবে না। "ওরে বাপ আমার।" বলিয়া ভবানীচরণ সেইখানেই মাটিতে বিদ্যা পড়িলেন। কালীপদ ভাহার বাপের

দারিত্র্য ঘ্চাইবে বলিয়াই কলিকাভায় গিয়াছিল, কিন্তু জগৎসংসারে সে এই বৃদ্ধকে কী একাস্ত নিঃসম্বল করিয়াই চলিয়া গেল। বাহিরে বৃষ্টি আরো চাপিয়া আসিল।

এমন সময়ে অছকারে ঘানপাতার মধ্যে পায়ের শব্দ শোনা গেল। ভবানীচরপের ব্বের মধ্যে ধড়ান করিয়া উঠিল। যাহা কোনোমতেই আশা করিয়া নহে ভাহাও যেন ভিনি আশা করিয়া বিদলেন। তাঁহার মনে হইল কালীপদ যেন বাগান দেখিতে আসিয়াছে। কিছু রৃষ্টি যে ম্বলধারায় পড়িতেছে— ও যে ভিজিবে, এই অসম্ভব উদ্বেগে যথন তাঁহার মনের ভিতরটা চঞ্চল হইয়া উঠিয়াছে এমন সময়ে কে গয়াদের বাহিরে তাঁহার ঘরের সামনে আসিয়া মৃহুর্তকালের জক্ত দাঁড়াইল। চাদর দিয়া সেমাথা মৃত্তি দিয়াছে — তাহার মৃথ চিনিবার জো নাই। কিছু সে যেন মাথায় কালীপদরই মতো হইবে। "এসেছিল বাপ" বলিয়া ভবানীচরণ তাড়াতাড়ি উঠিয়া বাহিরের দরজা খুলিতে গেলেন। ঘার খুলিয়া বাগানে আসিয়া সেই ঘরের সম্মুথে উপস্থিত হইলেন। সেথানে কেহই নাই। সেই রৃষ্টিতে বাগানময় ঘূরিয়া বেড়াইলেন, কাহাকেও দেখিতে পাইলেন না। সেই নিশীথরাত্রে অছকারের মধ্যে দাঁড়াইয়া ভাঙাগলায় একবার "কালীপদ" বলিয়া চীৎকার করিয়া ডাকিলেন— কাহারো সাড়া পাইলেন না। সেই ডাকে নটু চাকরটা গোহালঘর হইতে বাহির হইয়া আসিয়া অনেক করিয়া বৃদ্ধকে ঘরে লইয়া আসিল।

পরদিন সকালে নটু ঘর ঝাঁট দিতে গিয়া দেখিল, গরাদের সামনেই ঘরের ভিতরে পুঁটুলিতে বাঁধা একটা কী পড়িয়া আছে। সেটা সে ভবানীচরণের হাতে আনিয়া দিল। ভবানীচরণ খুলিয়া দেখিলেন একটা পুরাতন দলিলের মতো। চশমা বাহির করিয়া চোখে লাগাইয়া একটু পড়িয়াই তিনি তাড়াতাড়ি ছুটিয়া রাসমণির সম্প্রে গিয়া উপস্থিত হইলেন এবং কাগজ্ঞানা তাঁহার নিকট মেলিয়া ধরিলেন।

রাসমণি জিজ্ঞাসা করিলেন, "ও কী ও।"

ভবানীচরণ কহিলেন, "সেই উইল।"

त्रामभि कहिलन, "त्क मिन।"

ভবানীচরণ কহিলেন, "কাল রাত্রে সে আসিয়াছিল— সে দিয়া গেছে।"

ब्राममिन विकामा क्रिलिन, "ध की हहेरव।"

ভবানীচরণ কহিলেন, "আর আমার কোনো দরকার নাই।" বলিয়া সেই দলিল চিন্ন চিন্ন করিয়া ফেলিলেন।

এ সংবাদটা পাড়ায় যখন রটিয়া গেল তখন বগলাচরণ মাথা নাড়িয়া সগর্বে বলিল, "আমি বলি নাই, কালীপদকে দিয়াই উইল উন্ধার হইবে ?"

রামচরণ মৃদি কহিল, "কিন্তু দাদাঠাকুর, কাল যথন রাত দশটার গাড়ি এস্টেশনে পৌছিল তথন একটি হৃদ্দর দেখিতে বাবু আমার দোকানে আদিয়া চৌধুরীদের বাড়ির পথ জিজাদা করিল— আমি তাহাকে পথ দেখাইয়া দিলাম। তার হাতে যেন কী একটা দেখিয়াছিলাম।"

'আরে দূর' বলিয়া এ কথাটাকে বগলাচরণ একেবারেই উড়াইয়া দিল। আখিন ১৩১৮

#### পণরক্ষা

3

বংশীবদন তাহার ভাই রিশিককে যেমন ভালোবাসিত এমন করিয়া সচরাচর মাও ছেলেকে ভালোবাসিতে পারে না। পাঠশালা হইতে রিসকের আসিতে যদি কিছু বিলম্ব হইত তবে সকল কাজ ফেলিয়া সে তাহার সন্ধানে ছুটিত। তাহাকে না থাওয়াইয়া সে নিজে থাইতে পারিত না। রিসকের অল্প কিছু অন্থবিত্থ হইলেই বংশীর তুই চোথ দিয়া ঝর্ঝর্ করিয়া জল ঝরিতে থাকিত।

রসিক বংশীর চেয়ে যোলো বছরের ছোটো। মাঝে যে কয়টি ভাইবোন জন্মিয়াছিল স্বগুলিই মারা গিয়াছে। কেবল এই স্ব-শেষেরটিকে রাথিয়া, যথন রসিকের এক বছর বয়স, তথন তাহার মা মারা গেল এবং রসিক যথন তিন বছরের ছেলে তথন সে পিতৃহীন হইল। এথন রসিককে মাহুষ করিবার ভার একা এই বংশীর উপর।

তাঁতে কাপড় বোনাই বংশীর পৈতৃক ব্যবদায়। এই ব্যাবদা করিয়াই বংশীর বৃদ্ধ প্রপিতামহ অভিরায় বদাক গ্রামে যে দেবালয় প্রতিষ্ঠা করিয়া গিয়াছে আঞ্চও দেখানে রাধানাথের বিগ্রহ স্থাপিত আছে। কিন্তু দম্মুপার হইতে এক কল-দৈত্য আসিয়া বেচারা তাঁতের উপর অগ্নিবাণ হানিল এবং তাঁতির ঘরে ক্ষাস্থ্রকে বদাইয়া দিয়া বালাঞ্থকারে মৃত্মুত্ জয়শৃন্ধ বাজাইতে লাগিল।

তবু তাঁতের কঠিন প্রাণ মরিতে চায় না— ঠুক্ঠাক্ ইক্ঠাক্ করিয়। স্বতা দাঁতে দইয়া মাকু এখনো চলাচল করিতেছে— কিছ তাহার সাবেক চালচলন চঞ্চনা লন্দ্রীর মনঃপ্ত হইতেছে না, লোহার দৈত্যটা কলে-বলে-কৌশলে তাঁহাকে একেবারে বশ করিয়া লইয়াছে।

বংশীর একটু স্বিধা ছিল। থানাগড়ের বাবুরা তাহার মুক্ষকি ছিলেন। তাঁহাদের বৃহৎ পরিবারের সমৃদয় শৌখিন কাণড় বংশীই বৃনিয়া দিত। একলা লব পারিয়া উঠিত না, দেজত তাহাকে লোক রাখিতে হইয়াছিল।

ষদিচ তাহাদের সমাজে মেয়ের দর বড়ো বেশি তবু চেষ্টা করিলে বংশী এতদিনে বেমন তেমন একটা বউ দরে আনিতে পারিত। রসিকের জন্মই সে আর ঘটিয়া উঠিল না। পূজার সময় কলিকাতা হইতে রসিকের যে সাজ আমদানি হইত তাহা যাত্রার দলের রাজপুত্রকেও লজ্ঞা দিতে পারিত। এইরপ আর-আর সকল বিষয়েই রসিকের যাহা-কিছু প্রয়োজন ছিল না, তাহা জোগাইতে গিয়া বংশীকে নিজের সকল প্রয়োজনই ধর্ব করিতে হইল।

তবু বংশরক্ষা করিতে তো হইবে। তাহাদের বিবাহযোগ্য ঘরের একটি মেয়েকে মনে মনে ঠিক করিয়া বংশী টাকা জমাইতে লাগিল। তিনশো টাকা পণ এবং অলংকার-বাবদ আর একশো টাকা হইলেই মেয়েটিকে পাওয়া যাইবে স্থির করিয়া আয়-অয় কিছু-কিছু দে থরচ বাঁচাইয়া চলিল। হাতে যথেট টাকা ছিল না বটে, কিছু যথেষ্ট সময় ছিল। কারণ মেয়েটির বয়স সবে চার— এখনো অস্তত চার-পাঁচ বছর মেয়াদ পাওয়া যাইতে পারে।

কিন্তু কোষ্ঠাতে তাহার সঞ্জের স্থানে দৃষ্টি ছিল রসিকের। সে দৃষ্টি শুভগ্রহের দৃষ্টি নহে।

রিদিক ছিল তাহাদের পাড়ার ছোটো ছেলে এবং সমবয়সীদের দলের সদার। বে লোক হথে মাহ্য হয় এবং বাহা চায় তাহাই পাইয়া থাকে ভাগ্যদেবতা কর্তৃক বঞ্চিত হতভাগাদের পক্ষে তাহার ভারি একটা আকর্ষণ আছে। তাহার কাছে ঘেঁষিতে পাওয়াই বেন কতকটা পরিমাণে প্রাথিত বস্তুকে পাওয়ার সামিল। যাহার অনেক আছে সে বে অনেক দের বলিয়াই লোকে ভাহার কাছে আনাগোনা করে ভাহা নহে —সে কিছু না দিলেও মাহ্যবের লুক্ক কল্পনাকে তৃপ্ত করে।

শুধু ষে রসিকের শৌধিনতাই পাড়ার ছেলেদের মন মুগ্ধ করিয়াছে এ কথা বলিলে তাহার প্রতি অবিচার করা হইবে। দকল বিষয়েই রসিকের এমন একটি আশুর্য নৈপুণা ছিল বে তাহার চেয়ে উচ্চবংশের ছেলেরাও তাহাকে থাতির না করিয়া থাকিতে পারিত না। সে বাহাতে হাত দেয় তাহাই অতি হুকৌশলে করিতে পারে। তাহার মনের উপর বেন কোনো পূর্বসংস্কারের মূচতা চাপিয়া নাই, সেইজক্য সে বাহা দেখে তাহাই গ্রহণ করিতে পারে।

রুদিকের এই কাক্নৈপুণ্যের জন্ত তাহার কাছে ছেলেমেরেরা; এমন-কি,তাহাদের

অভিভাবকেরা পর্যন্ত উমেদারি করিত। কিছু তাহার দোষ ছিল কি, কোনো একটা কিছুতে সে বেশিদিন মন দিতে পারিত না। একটা কোনো বিছা আয়ন্ত করিলেই আর সেটা তাহার ভালো লাগিত না— তথন তাহাকে সে বিষয়ে সাধ্যসাধনা করিতে গেলে সে বিরন্ধ হইয়া উঠিত। বাব্দের বাড়িতে দেওয়ালির উৎসবে কলিকাতা হইতে আতসবাজিওয়ালা আসিয়াছিল— তাহাদের কাছ হইতে সে বাজি তৈরি শিথিয়া কেবল তুটো বৎসর পাড়ায় কালীপ্র্কার উৎসবকে জ্যোতির্ময়্ব করিয়া তুলিয়াছিল; তৃতীয় বৎসরে কিছুতেই আর তুবড়ির ফোয়ারা ছুটল না— রিসক তথন চাপকান-জোবা-পরা মেডেল-ঝোলানো এক নব্য যাত্রাওয়ালার দৃষ্টান্তে উৎসাহিত হইয়া বাক্য-হার্মোনিয়ম লইয়া লক্ষ্মী ঠংরি সাধিতেছিল।

তাহার ক্ষমতার এই থামথেয়ালি দীলায় কথনো হুলভ কথনো হুলভ হইয়া সে লোককে আরো বেশি মৃশ্ব করিত, তাহার নিজের দাদার তো কথাই নাই। দাদা কেবলই ভাবিত, এমন আশ্চর্য ছেলে আমাদের ঘরে আসিয়া জন্মিয়াছে, এখন কোনোমতে বাঁচিয়া থাকিলে হয়— এই ভাবিয়া নিতান্ত অকারণেই তাহার চোথে জল আসিত এবং মনে মনে রাধানাথের কাছে ইহাই প্রার্থনা করিত যে আমি যেন উহার আগে মরিতে পারি।

এমনতরো ক্ষমতাশালী ভাইয়ের নিত্যন্তন শথ মিটাইতে গেলে ভাবী বধ্ কেবলই দ্রতর ভবিশ্বতে অন্তর্গন করিতে থাকে, অথচ বয়স চলিয়া যায় অতীতের দিকেই। বংশীর বয়স যথন ত্রিশ পার হইল, টাকা যথন একশতও পুরিল না এবং সেই মেয়েটি অন্তত্ত্ব শুন্তরম্বর করিতে গেল তথন বংশী মনে মনে কহিল, আমার আর বড়ো আশা দেখি না, এখন বংশরক্ষার ভার রসিককেই লইতে হইবে।

পাড়ায় ষদি স্বয়্বর-প্রথা চলিত থাকিত তবে রসিকের বিবাহের জন্ম কাহাকেও ভাবিতে হইত না। বিধু, তারা, ননী, শনী, স্বধা— এমন কত নাম করিব— স্বাই রসিককে ভালোবাসিত। রসিক যথন কাদা লইয়া মাটির মৃতি গড়িবার মেজাজে থাকিত তথন তাহার তৈরি পুতুলের অধিকার লইয়া মেয়েদের মধ্যে বদ্ধবিচ্ছেদের উপক্রম হইত। ইহাদের মধ্যে একটি মেয়ে ছিল, সৌরভী, সে বড়ো শান্ত— সে চুপ করিয়া বসিয়া পুতুলগড়া দেখিতে ভালোবাসিত এবং প্রয়োজনমত রসিককে কাদা কাঠি প্রভৃতি অগ্রস্রর করিয়া দিত। তাহার ভারি ইচ্ছা রসিক তাহাকে একটা-কিছু ফরমাশ করে। কাজ করিতে করিতে রসিক পান চাহিবে জানিয়া সৌরভী তাহা জোগাইয়া দিবার জন্ম প্রতিদিন প্রস্তত হইয়া আসিত। রসিক স্বহত্তের কীতিগুলি তাহার সামনে সাজাইয়া ধরিয়া যথন বলিত, 'সৈরি, তুই এর কোন্টা নিবি বল্'—

তথন দে ইচ্ছা করিলে যেটা খুলি লইতে পারিত, কিন্তু সংকোচে কোনোটাই লইত না; রিসিক নিজের পছলমত জিনিসটি তাহাকে তুলিয়া দিত। পুতুলগড়ার পর্ব শেষ হইলে ধথন হার্যোনিয়ম বাজাইবার দিন আসিল তথন পাড়ার ছেলেমেরের! সকলেই এই যন্ত্রটা টেপাটুপি করিবার জন্ম ঝুঁকিয়া পড়িত— রিসিক তাহাদের সকলকেই ছংকার দিয়া খেদাইয়া রাখিত। সৌরভী কোনো উৎপাত করিত না—দে তাহার ভুরে শাড়ি পরিয়া বড়ো বড়ো চোখ মেলিয়া বামহাতের উপর শরীরটার তর দিয়া হেলিয়া বৃদিয়া চুপ করিয়া আশুর্ব হইয়া দেখিত। রিসিক ডাকিড, 'আয় দৈরি, একবার টিপিয়া দেখ্'। দে মৃত্ মৃত্ হাসিত, অগ্রসর হইতে চাহিত না। রিসিক অসমতিসত্বেও নিজের হাতে তাহার আঙ্ল ধরিয়া তাহাকে দিয়া বাজাইয়া লইত।

সৌরভীর দাদা গোপালও রদিকের ভক্তবুন্দের মধ্যে একজন অগ্রগণ্য ছিল। সৌরভীর দক্ষে তাহার প্রভেদ এই যে, ভালো জিনিস লইবার জন্ত তাহাকে কোনোদিন সাধিতে হইত না। সে আপনি ফরমাশ করিত এবং না পাইলে অন্থির করিয়া তুলিত। ন্তনগোছের ঘাহা-কিছু দেখিত তাহাই সে সংগ্রহ করিবার জন্ত ব্যস্ত হইয়া উঠিত। রদিক কাহারো আবদার বড়ো সহিতে পারিত না, তব্ গোপাল যেন অন্ত ছেলেদের চেয়ে রদিকের কাছে কিছু বেশি প্রশ্রম পাইত।

বংশী মনে মনে ঠিক করিল, এই সৌরভীর সঙ্গেই রিদিকের বিবাহ দিতে ছইবে।
কিন্তু সৌরভীর ঘর তাহাদের চেয়ে বড়ো— পাঁচশো টাকার কমে কাজ হইবার আশা
নাই।

ঽ

এতদিন বংশী কথনো বসিককে তাহার তাঁতবোনায় সাহায্য করিতে অন্থরোধ করে নাই। খাটুনি সমস্তই সে নিজের ঘাড়ে লইয়াছিল। রসিক নানাপ্রকার বাজে কাজ লইয়া লোকের মনোরঞ্জন করিত ইহা তাহার দেখিতে ভালোই লাগিত। রসিক ভাবিত, 'দাদা কেমন করিয়া যে রোজই এই এক তাঁতের কাজ লইয়া পড়িয়া থাকে কে জানে। আমি হইলে তো মরিয়া গেলেও পারি না।' তাহার দাদা নিজের সমজে নিভান্তই টানাটানি করিয়া চালাইত, ইহাতে সে দাদাকে কুপণ বলিয়া জানিত। ভাহার দাদার সমজে বসিকের মনে যথেষ্ট একটা লক্ষা ছিল। শিশুকাল হইতেই সে নিজেকে তাহার দাদা হইতে সকল বিষয়ে ভিন্ন শ্রেণীর লোক বলিয়াই জানিত। ভাহার দাদাই তাহার এই ধারণাকে প্রশ্রম্প দিয়া আসিয়াছে।

এমন সময়ে বংশী নিজের বিবাহের আশা বিসর্জন দিয়া রসিকেরই বধ্ আনিবার

জক্ত বথন উৎস্ক হইল তথন বংশীর মন আর ধৈর্য মানিতে চাহিল না। প্রত্যেক মাসের বিলম্ব তাহার কাছে অসহ বোধ হইতে লাগিল। বাজনা বাজিতেছে, আলো জালা হইয়াছে, বরসজ্জা করিয়া রসিকের বিবাহ হইতেছে, এই আনন্দের ছবি বংশীর মনে তৃষ্ণার্ভের সন্মুথে মুগতৃষ্ণিকার মতো কেবলই জাগিয়া আছে।

তবু যথেষ্ট ক্রতবেগে টাকা জমিতে চায় না। যত বেশি চেটা করে ততই যেন সফলতাকে আরো বেশি দ্রবর্তী বলিয়া মনে হয়; বিশেষত মনের ইচ্ছার সঙ্গে শরীরটা সমান বেগে চলিতে চায় না, বারবার ভাঙিয়া ভাঙিয়া পড়ে। পরিশ্রমের মাত্রা দেহের শক্তিকে ছাড়াইয়া যাইবার জো করিয়াছে।

ষধন সমস্ত গ্রাম নিষ্ধ্র, কেবল নিশা-নিশাচরীর চৌকিদারের মতো প্রহরে প্রহরে শৃগালের দল হাঁক দিয়া যাইতেছে, তথনো মিট্মিটে প্রদীপে বংশী কাব্দ করিতেছে এমন কত রাত ঘটিয়াছে। বাড়িতে তাহার এমন কেহই ছিল না যে তাহাকে নিষেধ করে। এ দিকে যথেষ্ট পরিমাণে পৃষ্টিকর আহার হইতেও বংশী নিব্দেকে বব্দিত করিয়াছে। গায়ের শীতবন্ধখানা জীর্ণ হইয়া পড়িয়াছে, তাহা নানা ছিদ্রের বিড়কির পথ দিয়া গোপনে শীতকে ডাকিয়া-ভাকিয়াই আনে। গত হই বংসর হইতে প্রত্যেক শীতের সময় বংশী মনে করে, 'এইবারটা একরকম করিয়া চালাইয়া দি, আর একট্ হাতে টাকা জম্ক, আসছে বছরে যখন কাব্লিওয়ালা তাহার শীতবন্ধের বোঝা লইয়া গ্রামে আদিবে তথন একটা কাপড় ধারে কিনিয়া তাহার পরের বংসরে শোধ করিব, ততদিনে তহবিল ভরিয়া উঠিবে।' স্থবিধামত বংসর আদিল না। ইতিমধ্যে তাহার শরীর টে কৈ না এমন হইয়া আদিল।

এতদিন পরে বংশী তাহার ভাইকে বলিল, "তাঁতের কান্ধ আমি একলা চালাইয়া উঠিতে পারি না, তুমি আমার কান্ধে যোগ দাও।" রিদিক কোনো জবাব না করিয়া মুখ বাঁকাইল। শরীরের অহ্পে বংশীর মেজাজ ধারাপ ছিল, সে রিদিকতে ভংগনা করিল; কহিল, "বাপ-পিতামহের ব্যাবদা পরিত্যাপ করিয়া তুমি যদি দিনরাত হো হো করিয়া বেড়াইবে তবে তোমার দশা হইবে কী।"

কথাটা অসংগত নহে এবং ইহাকে কটুজিও বলা বার না। কিন্তু রসিকের মনে হইল এতবড়ো অক্টার তাহার জীবনে সে কোনোদিন সহু করে নাই। সেদিন বাড়িতে সে বড়ো একটা কিছু খাইল না; ছিপ হাতে করিয়া চন্দনীদহে মাছ ধরিতে বসিল। শীতের মধ্যাহ্হ নিন্তন্ধ, ভাঙা উচু পাড়ির উপর শালিক নাচিতেছে, পশ্চাতের আমনবাগানে খুখু ভাকিতেছে এবং জলের কিনারায় শৈবালের উপর একটি পতক তাহার ফচ্ছ দীর্ঘ ছুই পাধা মেলিয়া দিয়া ছিরভাবে রৌক্র পোহাইতেছে। কথা ছিল রসিক

আজ গোপালকে লাঠিখেলা শিখাইবে— গোপাল তাহার আশু কোনো সভাবনা না দেখিয়া রিদকের তাঁড়ের মধ্যেকার মাছ ধরিবার কেঁচোগুলাকে লইয়া অন্বিরভাবে দাঁটাদাঁটি করিতে লাগিল— রসিক তাহার গালে ঠান্ করিয়া এক চড় বসাইয়া দিল। কথন তাহার কাছে রসিক পান চাহিবে বলিয়া নৌরভী যথন দাটের পাশে ঘাসের উপর তুই পা মেলিয়া অপেকা করিয়া আছে, এমন সময়ে রসিক হঠাৎ তাহাকে বলিল, "সৈরি, বড়ো ক্থা পাইয়াছে, কিছু খাবার আনিয়া দিতে পারিস?" সৌরভী খুশি হইয়া তাড়াতাড়ি ছুটিয়া গিয়া বাড়ি হইতে আঁচল ভরিয়া মৃড়িমৃড়িক আনিয়া উপস্থিত করিল। রিসক সেদিন তাহার দাদার কাছেও ঘেঁবিল না।

বংশীর শরীর মন খারাপ ছিল, রাত্রে সে তাহার বাপকে স্বপ্ন দেখিল। স্বপ্ন হইতে উঠিয়া তাহার মন আরো বিকল হইয়া উঠিল। তাহার নিশ্চয় মনে হইল বংশলোপের আশকায় তাহার বাপের পরলোকেও ঘুম হইতেছে না।

পরদিন বংশী কিছু জাের করিয়াই রসিককে কাজে বসাইয়া দিল। কেননা ইহা তাে ব্যক্তিগত স্থাত্থের কথা নহে, এ যে বংশের প্রতি কর্তব্য। রসিক কাজে বসিল বটে, কিছু তাহাতে কাজের স্থাবিধা হইল না; তাহার হাত আার চলেই না, পদে পদে স্থা ছি ভিয়া যায়, স্থাে সারিয়া তুলিতে তাহার বেলা কাটিতে থাকে। বংশী মনে করিল, ভালােরপ অভ্যাদ নাই বলিয়াই এমনটা ঘটিতেছে, কিছুদিন গেলেই হাত হুরন্ত হইয়া যাইবে।

কিন্তু স্বভাবপটু রদিকের হাত ত্রন্ত হইবার দরকার ছিল না বলিয়াই তাহার হাত ত্রন্ত হইতে চাহিল না। বিশেষত তাহার অঞ্গতবর্গ তাহার সন্ধানে আদিয়া যথন দেখিত সে নিতান্ত ভালোমাস্থটির মতো তাহাদের বাশ-পিতামহের চিরকালীন ব্যবসায়ে লাগিয়া গেছে তথন রদিকের মনে ভারি লক্ষা এবং রাগ হইতে লাগিল।

দাদা তাহাকে তাহার এক বন্ধুর মুখ দিয়া খবর দিল যে, সৌরভীর সঙ্গেই রসিকের বিবাহের সম্বন্ধ ছির করা ষাইডেছে। বংশী মনে করিয়াছিল এই স্থবরটায় নিশ্চয়ই রসিকের মন নরম হইবে। কিন্তু সেরপ ফল তো দেখা গেল না। 'দাদা মনে করিয়াছেন সৌরভীর সঙ্গে বিবাহ হইলেই আমার মোক্ষলাভ হইবে!' সৌরভীর প্রতি হঠাৎ তাহার ব্যবহারের এমনি পরিবর্তন হইল ষে, সে বেচারা আঁচলের প্রাস্থে পান বাঁধিয়া তাহার কাছে আসিতে আর সাহসই করিত না— সমন্ত রকমসকম দেখিরা কী আনি এই ছোটো শান্ত মেরেটির ভারি কারা পাইতে লাগিল। হার্মোনিয়ম বাজনা দম্বন্ধ অন্ত মেরেদের চেরে তাহার যে একটু বিশেষ অধিকার ঘটিয়াছিল, সেতো ঘৃচিয়াই গেল— তার পর সর্বদাই রসিকের যে ফাইফরমাশ খাটিবার ভার তাহার

উপর ছিল শেটাও রহিল না। হঠাং জীবনটা ফাঁকা এবং দংসারটা নিভান্তই ফাঁকি বলিয়া ভাহার কাছে মনে হইতে লাগিল।

এতদিন রদিক এই গ্রামের বনবাদাড়, রথতলা, রাধানাথের মন্দির, নদী, থেয়াঘাট, বিল, দিঘি, কামারপাড়া, ছুতারপাড়া, হাটবাজার সমন্তই আপনার আনন্দে ও প্রয়োজনে বিচিত্রভাবে অধিকার করিয়া লইয়াছিল। সব জায়গাতেই তাহার একটা একটা আড়া ছিল, যেদিন যেখানে খুশি কথনো-বা একলা কথনো-বা দলবলে কিছু-না-কিছু লইয়া থাকিত। এই গ্রাম এবং থানাগড়ের বাব্দের বাড়ি ছাড়া জগতের আর যে কোনো অংশ তাহার জীবনমাত্রার জন্ম প্রয়োজনীয় তাহা দে কোনোদিন মনেও করে নাই। আজ এই গ্রামে তাহার মন আর কুলাইল না । দ্র দ্র বহুদ্রের জন্ম তাহার চিত্ত ছট্ফট্ করিতে লাগিল। তাহার অবসর যথেষ্ট ছিল— বংশী তাহাকে খ্ব বেশিক্ষণ কাজ করাইত না। কিছু ওই একট্কশ কাজ করিয়াই তাহার সমন্ত অবসর পর্যন্ত যেন বিশ্বাদ হইয়া গেল; এরূপ থতিত অবসরকে কোনো ব্যবহারে লাগাইতে তাহার ভালো লাগিল না।

9

এই সময়ে থানাগড়ের বাবুদের এক ছেলে এক বাইসিক্স্ কিনিয়া আনিয়া চড়া অভ্যাস করিতেছিল। রসিক সেটাকে লইয়া অতি অল্লক্ষণের মধ্যেই এমন আয়ন্ত করিয়া লইল যেন দে তাহার নিজেরই পায়ের তলাকার একটা ভানা। কিন্তু কী চমৎকার, কী স্বাধীনতা, কী আনন্দ! দূরত্বের সমস্ত বাধাকে এই বাহনটা যেন তীক্ষ স্ফার্শনচক্রের মতো অতি অনায়াসেই কাটিয়া দিয়া চলিয়া যায়। ঝড়ের বাভাস যেন চাকার আকার ধারণ করিয়া উন্সন্তের মতো মাহ্যুষকে পিঠে করিয়া লইয়া ছোটে। রামায়ণ-মহাভারতের সময় মাহ্যুষে ক্রুনো ক্রুনো দেবতার অস্ত্র লইয়া যেমন ব্যবহার করিতে পাইত, এ যেন সেইরকম।

রসিকের মনে হইল এই বাইসিক্ল্ নহিলে তাহার জীবন র্থা। দাম এমনই কীবেলি। একশো পঁচিশ টাকা মাত্র! এই একশো পঁচিশ টাকা দিয়া মাত্র্য একটা ন্তন শক্তি লাভ করিতে পারে— ইহা তো দন্তা। বিফুর গরুডবাহন এবং স্থের অরুণসারথি তো স্পেক্তিকে কম ভোগ ভোগায় নাই, আর ইন্দ্রের উচ্চৈ: প্রবার জক্ত সম্প্রমন্থন করিতে হইয়াছিল— কিন্তু এই বাইসিক্ল্টি আপন পৃথিবীজয়ী গতিবেগ শুক্ত করিয়া কেবল একশো পঁচিশ টাকার জক্তে দোক্রানের এক কোণে দেয়াল ঠেল দিয়া প্রতীক্ষা করিয়া আছে।

দাদার কাছে রসিক আর-কিছু চাহিবে না পণ করিয়াছিল কিছ সে পণ রক্ষা হইল না। তবে চাওয়াটার কিছু বেশ-পরিবর্তন করিয়া দিল। কহিল, "আমাকে একশো পঁচিশ টাকা ধার দিতে হইবে।"

বংশীর কাছে রসিক কিছুদিন হইতে কোনো আবদার করে নাই, ইহাতে শরীরের অন্থবের উপর আর-একটা গভীরতর বেদনা বংশীকে দিনরাত্রি পীড়া দিতেছিল। তাই রসিক তাহার কাছে দরবার উপস্থিত করিবামাত্রই মূহুর্তের জন্ত বংশীর মন নাচিয়া উঠিল; মনে হইল, 'দূর হোক গে ছাই, এমন করিয়া আর টানাটানি করা বায় না— দিয়া ফেলি।' বিশ্ব বংশ ? সে যে একেবারেই ডোবে! একশো পঁচিশ টাকা দিলে আর বাকি থাকে কী। ধার! রসিক একশো পঁচিশ টাকা ধার শুধিবে! তাই বদি সম্ভব হইত তবে তো বংশী নিশ্চিম্ন হইয়া মরিতে পারিত।

বংশী মনটাকে একেবারে পাথরের মতো শক্ত করিয়া বলিল, "সে কি হয়, একশো পঁচিশ টাকা আমি কোথায় পাইব।" রসিক বন্ধুদের কাছে বলিল, "এ টাকা যদি না পাই তবে আমি বিবাহ করিবই না।" বংশীর কানে যথন সে কথা গেল তথন সে বলিল, "এও তো মজা মন্দ নয়। পাত্রীকে টাকা দিতে হইবে আবার পাত্রকে না দিলেও চলিবে না। এমন দায় তো আমাদের সাত পুরুষের মধ্যে কথনো ঘটে নাই।"

রিদিক স্থাপ্ট বিস্তোহ করিয়। তাঁতের কাজ হইতে অবসর লইল। জিজাসা করিলে বলে, আমার অস্থ করিয়াছে। তাঁতের কাজ না করা ছাড়া তাহার আহার-বিহারে অস্থবের অন্ত কোনো লক্ষণ প্রকাশ পাইল না। বংশী মনে মনে একটু অভিমান করিয়া বলিল, 'থাক্, উহাকে আমি আর কথনো কাজ করিতে বলিব না'—বলিয়া রাগ করিয়া নিজেকে আরো বেশি কট্ট দিতে লাগিল। বিশেষত সেই বছরেই বয়কটের কল্যাণে হঠাও তাঁতের কাপড়ের দর এবং আদর অত্যন্ত বাড়িয়া গেল। তাঁতিদের মধ্যে বাহারা অন্ত কাজে ছিল তাহারা প্রায় সকলে তাঁতে ফিরিল। নিয়তচঞ্চল মাকুগুলা ইছর-বাহনের মতো সিন্ধিদাতা গণনায়ককে বাংলাদেশের তাঁতির মরে দিনরাত কাধে করিয়া দৌড়াইতে লাগিল। এখন এক মৃহুর্ত তাঁত কামাই পড়িলে বংশীর মন অন্থির হইয়া উঠে; এই সময়ে রিদিক বদি তাহার সাহায়্য করে তবে ছই বংসরের কাজ ছয় মানে আদায় হইতে পারে, কিন্ত সে আর ঘটিল না। কাজেই ভাঙা শরীর লইয়া বংশী একেবারে সাধ্যের অভিরিক্ত পরিশ্রম

त्रिक श्राप्त वाष्ट्रित वाहित्तर काठीय । किन होर धकिन यथन नन्त्रांत्र

সময় বংশীর হাত আর চলে না, পিঠের দাঁড়া যেন ফাটিয়া পড়িতেছে, কেবলই কাজের গোলমাল হইয়া যাইতেছে এবং তাহা লারিয়া লইতে বুধা সময় কাটিতেছে, এমন সময় ভানিতে পাইল, সেই কিছুকালের উপেক্ষিত হার্মোনিয়ম-যত্রে আবার লক্ষা ঠুংরি বাজিতেছে। এমন দিন ছিল বখন কাজ করিতে করিতে রসিকের এই হার্মোনিয়ম বাজনা ভানিলে গর্বে ও আনন্দে বংশীর মন পুলকিত হইয়া উঠিত, আজ একেবারেই সেরপ হইল না। সে তাঁত ফেলিয়া ঘরের আঙিনার কাছে আলিয়া দেখিল, একজন কোথাকার অপরিচিত লোককে রসিক বাজনা ভানাইতেছে। ইহাতে তাহার জরতগু লাস্ত দেহ আরো জলিয়া উঠিল। মুখে তাহার যাহা আদিল তাহাই বলিল। রসিক উদ্ধত হইয়া জবাব করিল, "তোমার আরে যদি আমি ভাগ বসাই তবে আমি" ইত্যাদি ইত্যাদি। বংশী কহিল, "আর মিধ্যা বড়াই করিয়া কাজ নাই, তোমার সামর্ধ্য যতদুর ঢের দেথিয়াছি। ভারু বাবুদের নকলে বাজনা বাজাইয়া নবাবি করিলেই তোহর না।" বলিয়া সে চলিয়া গেল— আর তাঁতে বসিতে পারিল না; ঘরে মাত্রে গিয়া ভইয়া পড়িল।

রিসক যে হার্মোনিয়ম বাজাইয়। চিতাবিনোদন করিবার জক্ত সদী জুটাইয়া আনিয়াছিল তাহা নহে। থানাগড়ে যে সার্কাসের দল আসিয়াছিল রসিক সেই দলে চাকরির উমেদারি করিতে গিয়াছিল। সেই দলেরই একজনের কাছে নিজের ক্ষমতার পরিচয় দিবার জক্ত তাহাকে যতগুলি গং জানে একে একে ওনাইতে প্রবৃত্ত হইয়াছিল— এমন সময় সংগীতের মাঝখানে নিতান্ত অক্তরকম হুর আসিয়া পৌছিল।

আন্ধ পর্যন্ত বংশীর মুখ দিয়া এমন কঠিন কথা কথনো বাহির হয় নাই। নিজের বাক্যে সে নিজেই আন্তর্গ হইয়া গেল। তাহার মনে হইল যেন তাহাকে অবলম্বন করিয়া আর-একজন কে এই নিষ্ঠ্র কথাগুলো বলিয়া গেল। এমনতরো মর্মান্তিক ভর্মনার পরে বংশীর পক্ষে আর তাহার সঞ্চয়ের টাকা রক্ষা করা সম্ভবপর নহে। যে টাকার জন্ম হঠাং এমন অভাবনীয় কাওটা ঘটিতে পারিল সেই টাকার উপর বংশীর ভারি একটা রাগ হইল— তাহাতে আর তাহার কোনো হথ রহিল না। রসিক যে তাহার কত আদরের সামগ্রী, এই কথা কেবলই তাহার মনের মধ্যে তোলপাড় করিতে লাগিল। যথন সে 'দাদা' শব্দ পর্যন্ত উচ্চারণ করিতে পারিত না, যথন তাহার ত্রম্ভ হন্ত হেইতে তাঁতের হতাগুলোকে রক্ষা করা এক বিষম ব্যাপার ছিল, যথন তাহার দাদা হাত বাড়াইবামাত্র সে অন্ত-সকলের কোল হইতেই ঝাঁপাইয়া পড়িয়া সবেগে তাহার বৃক্রের উপর আদিয়া পড়িড, এবং তাহার ঝাঁকড়া চুল ধরিয়া টানাটানি ক্রিড, তাহার নাক ধরিয়া দস্কহীন মুখের মধ্যে পুরিবার চেটা করিত, সে-সমন্তই

স্থান পড়িয়া বংশীর প্রাণের ভিতরটাতে হাহা করিতে লাগিল। সে আর শুইয়া থাকিতে পারিল না। রসিকের নাম ধরিয়া বার-কয়েক কয়ণকঠে ভাকিল। সাড়া না পাইয়া তাহার জ্বর লইয়াই দে উঠিল। গিয়া দেখিল, দেই হার্মোনিয়মটা পাশে পড়িয়া আছে, জ্বকারে দাওয়ায় রসিক চুপ করিয়া একলা বসিয়া। তথন বংশী কোমর হইতে সাপের মতো সফ লম্বা এক থলি খুলিয়া ফেলিল; ফ্বপ্রায়কঠে কহিল, "এই নে ভাই — আমার এ টাকা সমস্ত তোরই জ্বা। তোরই বউ মরে আনিব বলিয়া আমি এ জমাইতেছিলাম। কিন্তু তোকে কাঁদাইয়া আমি জমাইতে পারিব না, ভাই আমার, গোপাল আমার— আমার দে শক্তি নাই— তুই চাকার গাড়ি কিনিস, তোর যা খুশি তাই করিস।" রসিক দাড়াইয়া উঠিয়া শপথ করিয়া কঠোর-ম্বরে কহিল, "চাকার গাড়ি কিনিতে হয়, বউ আনিতে হয়, আমার নিজের টাকায় করিব— তোমার ও টাকা আমি ছুঁইব না।" বলিয়া বংশীর উত্তরের অপেক্ষা না করিয়া ছুটিয়া চলিয়া গেল। উভয়ের মধ্যে আর এই টাকার কথা বলার পথ রহিল না— কোনো কথা বলাই অসম্ভব হইয়া উঠিল।

8

রসিকের ভক্তশ্রেষ্ঠ গোপাল আজকাল অভিমান করিয়া দ্রে দ্রে থাকে।
রসিকের সামনে দিয়া তাহাকে দেখাইয়া দেখাইয়া একাই মাছ ধরিতে বায়, আগেকার
মতো তাহাকে ভাকাভাকি করে না। আর, সৌরভীর তো কথাই নাই। রসিকদাদার
সক্ষে তাহার আড়ি, একেবারে জন্মের মতো আড়ি— অথচ সে বে এতবড়ো একটা
ভয়ংকর আড়ি করিয়াছে সেটা রসিককে স্পষ্ট করিয়া জানাইবার স্থােগ না পাইয়া
আপনার মনে ঘরের কোণে অভিমানে কণে কণে কেবলই তাহার তুই চোথ ভরিয়া
উঠিতে লাগিল।

থমন সময়ে একদিন রসিক মধ্যাহে গোপালদের বাড়িতে গিয়া তাহাকে ডাক দিল। আদর করিয়া তাহার কান মলিয়া দিল, তাহাকে কাতুকুতু দিতে লাগিল। গোপাল প্রথমটা প্রবল আপত্তি প্রকাশ করিয়া লড়াইয়ের ভাব দেখাইল, কিছ বেশিক্ষণ দেটা রাখিতে পারিল না; ছইজনে বেশ হান্তালাপ জমিয়া উঠিল। রসিক কহিল, "গোপাল, আমার হার্মোনিয়মটি নিবি ?"

হার্মোনিয়ম ! এতবড়ো দান ৷ কলির সংসারে এও কি কখনো সম্ভব ৷ কিছ যে জিনিসটা তাহার ভালো লাগে, বাধা না পাইলে সেটা অসংকোচে গ্রহণ করিবার শক্তি গোপালের যথেষ্ট্ পরিমাণে ছিল। অতএব হার্মোনিয়মটি সে অবিলয়ে অধিকার করিয়া লইল, বলিয়া রাখিল, "ফিরিয়া চাহিলে আর কিন্তু পাইবে না।"

গোপালকৈ যথন রসিক ভাক দিয়াছিল তথন নিশ্চয় জানিরাছিল সে ভাক অন্তত আরো একজনের কানে গিয়া পৌছিয়াছে। কিন্তু বাহিরে আজ তাহার কোনো প্রমাণ পাওয়া গেল না। তথন রসিক গোপালকে বলিল, "সৈরি কোথায় আছে একবার ভাকিয়া আন্তো।"

গোপাল ফিরিয়া আসিয়া কহিল, "সৈরি বলিল তাহাকে এখন বড়ি ভকাইতে দিতে হইবে, তাহার সময় নাই।" রসিক মনে মনে হাসিয়া কহিল, "চল্ দেখি সে কোথায় বড়ি ভকাইতেছে।" রসিক আঙিনার মধ্যে প্রবেশ করিয়া দেখিল, কোথাও বড়ির নামগন্ধ নাই। সৌরভী তাহাদের পায়ের শব্দ পাইয়া আর-কোথাও পুকাইবার উপায় না দেখিয়া তাহাদের দিকে পিঠ করিয়া মাটির প্রাচীরের কোণ ঠেসিয়া দাঁড়াইল। রসিক তাহার কাছে গিয়া তাহাকে ফিরাইবার চেটা করিয়া বলিল, "রাগ করেছিদ দৈরি?" সে আঁকিয়া বাঁকিয়া রসিকের চেটাকে প্রত্যাখ্যান করিয়া দেয়ালের দিকেই মুখ করিয়া রহিল।

একদা রিদিক আপন খেয়ালে নানা রঙের স্থতা মিলাইয়া নানা চিত্রবিচিত্র করিয়া একটা কাঁথা দেলাই করিতেছিল। মেয়েরা যে কাঁথা দেলাই করিত তাহার কতকগুলা বাঁধা নকশা ছিল — কিন্তু রিদিকের সমস্তই নিজের মনের রচনা। যথন এই সেলাইয়ের ব্যাপার চলিতেছিল তথন সোঁরভী আশ্চর্য হইয়া একমনে তাহা দেখিত— দে মনে করিত, জগতে কোথাও এমন আশ্চর্য কাঁথা আল্প পর্যন্ত রচিত হয় নাই। প্রায় যথন কাঁথা শেষ হইয়া আদিয়াছে এমন সময়ে রিদকের বিরক্তি বোধ হইল, দে আর শেষ করিল না। ইহাতে সৌরভী মনে ভারি পীড়া বোধ করিয়াছিল— এইটে শেষ করিয়া দেলিবার জন্ত সে রিদককে কতবার যে কত সাহ্বনয় অয়্বরোধ করিয়াছে তাহার ঠিক নাই। আর ঘণ্টা হই-তিন বিস্লিই শেষ হইয়া যায়, কিন্তু রিদকের যাহাতে গা লাগে না তাহাতে তাহাকে প্রবৃত্ত করাইতে কে পারে। হঠাৎ এতদিন পরে রিদক কাল রাত্রি জাগিয়া সেই কাঁথাটি শেষ করিয়াছে।

त्रिक विलल, "रेमिति, स्मर्ट कैं।शाँछ। स्मय किन्नग्राहि, धकवान स्मर्थि ना ?"

অনেক কটে সৌরভীর মূথ ফিরাইতেই সে আঁচল দিয়া মূথ ঝাঁপিয়া ফেলিল।
তথন যে তাহার তুই কপোল বাহিয়া জল পড়িতেছিল, সে জল স্বে দেখাইবে কেমন
করিয়া।

সৌরভীর সঙ্গে তাহার পূর্বের সহজ সমন্ধ হাণন করিতে রসিকের ধ্থেষ্ট সমন্ন

লাগিল। অবশেষে উভয়পকে সদ্ধি যথন এতদ্র অগ্রসর হইল যে সৌরভী রসিককে পান আনিয়া দিল তথন রসিক সেই কাঁথার আবরণ খুলিয়া সেটা আঙিনার উপর মেলিয়া দিল— সৌরভীর হৃদয়টি বিশ্বয়ে অভিভূত হইয়া গেল। অবশেষে যথন রসিক বলিল "সৈরি, এ কাঁথা তোর জন্তই তৈরি করিয়াছি, এটা আমি তোকেই দিলাম," তথন এতবড়ো অভাবনীয় দান কোনোমতেই সৌরভী স্বীকার করিয়া লইডে পারিল না। পৃথিবীতে সৌরভী কোনো হুর্লভ জিনিস দাবি করিতে শেখে নাই। গোপাল তাহাকে খুব ধমক দিল। মাহ্যবের মনন্তবের স্ক্রতা সম্বন্ধে তাহার কোনো বোধ ছিল না; সে মনে করিল, লোভনীয় জিনিস লইতে লজ্জা একটা নিরবছিয় কপটতামাত্র। গোপাল বার্থ কালবায় নিবায়ণের জন্ত নিজেই কাঁথাটা ডাঁজ করিয়া লইয়া ঘরের মধ্যে রাথিয়া আসিল। বিচ্ছেদ মিটমাট হইয়া গেল। এখন হইতে আবার পূর্বতন প্রণালীতে তাহাদের বন্ধুত্বের ইতিহাসের দৈনিক অনুবৃত্তি চলিতে থাকিবে, ঘূটি বালকবালিকার মন এই আশায় উৎফুল্ল হইয়া উঠিল।

সেদিন পাড়ায় তাহার দলের সকল ছেলেমেয়ের সলেই রসিক আগেকার মতোই ভাব করিয়া লইল— কেবল তাহার দাদার ঘরে একবারও প্রবেশ করিল না! যে প্রোঢ়া বিধবা তাহাদের বাড়িতে আসিয়া রাঁধিয়া দিয়া ঘায় সে আসিয়া ঘথন সকালে বংশীকে জিজ্ঞানা করিল, "আজ কী রায়া হইবে"— বংশী তথন বিছানায় শুইয়া। সে বলিল, "আমার শরীর ভালো নাই, আজ আমি কিছু খাইব না— রসিককে ডাকিয়া তুমি থাওয়াইয়া দিয়ো।" স্থীলোকটি বলিল, রসিক তাহাকে বলিয়াছে, সে আজ বাড়িতে থাইবে না— অক্তরে বোধ করি তাহার নিমন্ত্রণ আছে। শুনিয়া বংশী দীর্ঘনিশান ফেলিয়া গায়ের কাপড়টায় মাধা পর্যস্ত মুড়িয়া পাশ ফিরিয়া শুইল।

রদিক ষেদিন সন্ধ্যার পর গ্রাম ছাড়িয়া সার্কাদের দলের সকে চলিয়া গেল সেদিন এমনি করিয়াই কাটিল। শীতের রাত্রি; আকাশে আধর্থানি চাঁদ উঠিয়াছে। সেদিন হাট ছিল। হাট সারিয়া সকলেই চলিয়া গিয়াছে— কেবল বাহাদের দ্র পাড়ার বাড়ি, এখনো তাহারা মাঠের পথে কথা কহিতে কহিতে চলিয়াছে। একথানি বোঝাইশ্রু গোরুর গাড়িতে গাড়োয়ান র্যাপার মৃড়ি দিয়া নিল্রামন্ত্র; গোরু হুটি আপন মনে ধীরে ধীরে বিশ্বামশালার দিকে গাড়ি টানিয়া লইয়া চলিয়াছে। গ্রামের গোয়ালম্বর হইতে বড়ুজালানো বেঁয়া বায়ুহীন শীতরাত্রে হিমভারাক্রান্ত হইয়া ভরে ভরে বাশঝাড়ের মধ্যে আবদ্ধ হইয়া আছে। রদিক বধন প্রান্তরের প্রান্তে গিয়া পৌছিল, যথন অফুট চক্রালোকে তাহাদের গ্রামের ঘন গাছগুলির নীলিয়াও আর দেখা বায় না, ভথন রশিকের মনটা কেমন করিয়া উঠিল। তথনো ফিরিয়া আসার পথ কঠিন ছিল না,

কিছ তথনো তাহার হৃদয়ের কঠিনতা যায় নাই। 'উপার্জন করি না অথচ দাদার অর থাই', বেমন করিয়া হউক এ লাজনা না মৃছিয়া, নিজের টাকায় কেনা বাইসিক্লে না চড়িয়া আলমকালের এই গ্রামে আর ফিরিয়া আদা চলিবে না— রহিল এখানকার চন্দনীদহের ঘাট, এখানকার হৃথসাগর দিছি, এখানকার ফাল্কন মাদে সর্বে থেতের গল্প, চৈত্র মাদে আমবাগানে মৌমাছির গুল্পনধানি; রহিল এখানকার বৃদ্ধুত্ব, এখানকার আমোদ-উৎসব— এখন সন্মুখে অপরিচিত পৃথিবী, অনাত্মীয় সংসার এবং ললাটে অদৃষ্টের লিখন।

a

রিদিক একমাত্র তাঁতের কাছেই যত অহ্ববিধা দেখিয়াছিল; তাহার মনে হইত, আর-সকল কাজই ইহার চেয়ে ভালো। সে মনে করিয়াছিল, একবার তাহার দংকীর্ণ মরের বন্ধন ছেদন করিয়া বাহির হইতে পারিলেই তাহার কোনো ভাবনা নাই। তাই সে ভারি আনন্দে পথে বাহির ইইয়াছিল। মাঝখানে যে কোনো বাধা, কোনো কষ্ট, কোনো দীর্ঘলালব্যয় আছে, তাহা তাহার মনেও হইল না। বাহিরে দাঁড়াইয়া দূরের পাহাড়কেও যেমন মনে হয় অনতিদ্রে— যেমন মনে হয়, আধ ঘণ্টার পথ পার হইলেই ব্ঝি তাহার শিথরে গিয়া পৌছিতে পারা য়ায়— তাহার গ্রামের বেইন হইতে বাহির হইবার সময় নিজের ইচ্ছার ত্র্ভ সার্থকতাকে রিদকের তেমনই সহজ্পম্য এবং অত্যম্ভ নিকটবর্তী বলিয়া বোধ হইল। কোণায় যাইতেছে রিদিক কাহাকেও তাহার পো রহিল। থবর দিল না। একদিন স্বয়ং সে থবর বহন করিয়া আদিবে এই তাহার পণ রহিল।

কাজ করিতে গিয়া দেখিল, বেগারের কাজে আদর পাওয়া যায় এবং সেই আদর সে বরাবর পাইয়াছে; কিন্তু বেথানে গরজের কাজ দেখানে দয়ামায়া নাই। বেগারের কাজে নিজের ইচ্ছা -নামক পদার্থটাকে খুব করিয়া দৌড় করানো যায়, সেই ইচ্ছার জোরেই সে কাজে এমন অভাবনীয় নৈপুণা জাগিয়া উঠিয়া মনকে এত উৎসাহিত করিয়া তোলে; কিন্তু বেতনের কাজে এই ইচ্ছা একটা বাধা; এই কাজের তরণীতে অনিশিচত ইচ্ছার হাওয়া লাগাইবার জ্ঞা পালের কোনো বন্দোবন্ত নাই, দিনরাত কেবল মজ্রের মতো দাঁড় টানা এবং লগি ঠেলা। যথন দর্শকের মতো দেখিয়াছিল তথন রিসক মনে করিয়াছিল, সার্কাদে ভারি মজা। কিন্তু ভিতরে যথন প্রবেশ করিল মজা তথন সম্পূর্ণ বাহির হইয়া গিয়াছে। যাহা আমোদের জিনিস যথন তাহা আমোদ দেয় না, যথন তাহার প্রতিদিনের প্নরার্তি বন্ধ হইলে প্রাণ বাঁচে অথচ তাহা কিছুতেই বন্ধ হইতে চায় না, তথন তাহার মতো অফচিকর জিনিস আর-কিছুই হইতে

পারে না। এই সার্কালের দলের মধ্যে আবদ্ধ হইয়া রসিকের প্রত্যেক দিনই তাহার পক্ষে একান্ত বিশ্বাদ হইয়া উঠিল। সে প্রায়ই বাড়ির শ্বপ্র দেখে। রাত্রে ঘূম হইতে আগিয়া অন্ধকারে প্রথমটা রসিক মনে করে, সে তাহার দাদার বিছানার কাছে ভইয়া আছে; মৃহুর্তকাল পরেই চমক ভাঙিয়া দেখে, দাদা কাছে নাই। বাড়িতে থাকিতে এক-একদিন শীতের রাত্রে ঘূমের ঘোরে সে অহুত্ব করিত, দাদা তাহার শীত করিতেছে মনে করিয়া তাহার গাত্রবল্পর উপরে নিজের কাপড়খানা ধীরে ধীরে চাপাইয়া দিতেছে; এখানে পৌষের রাত্রে যখন ঘূমের ঘোরে তাহার শীত শীত করে তখন দাদা তাহার গারে ঢাকা দিতে আসিবে মনে করিয়া সে যেন অপেক্ষা করিতে থাকে—দেরি হইতেছে দেখিয়া রাগ হয়। এমন সময় জাগিয়া উঠিয়া মনে পড়ে, দাদা কাছে নাই এবং সেইসকে ইহাও মনে হয় যে, এই শীতের সময় তাহার গায়ে আপন কাপড়টি টানিয়া দিতে না পারিয়া আজ রাত্রে শৃন্তশয়ার প্রান্তে তাহার দাদার মনে শান্তি নাই। তখনি সেই অর্থরাত্রে সে মনে করে, কাল সকালে উঠিয়াই আমি ঘরে ফিরিয়া যাইব। কিছু ভালো করিয়া জাগিয়া উঠিয়া আবার সে শক্ত করিয়া প্রতিজ্ঞা করে; মনে মনে আপনাকে বারবার করিয়া জপাইতে থাকে যে, 'আমি পণের টাকা ভরতি করিয়া বাইসিক্লে চড়িয়া বাড়ি ফিরিব তবে আমি পুরুষমান্ত্র্য, তবে আমার নাম রিদিক।'

একদিন দলের কর্তা তাহাকে তাঁতি বলিয়া বিশ্রী করিয়া গালি দিল। সেইদিন রসিক তাহার সামান্ত করেকটি কাপড়, ঘটি ও থালাবাটি, নিজের যে-কিছু ঝণ ছিল তাহার পরিবর্তে ফেলিয়া রাখিয়া সম্পূর্ণ রিক্তহন্তে বাহির হইয়া চলিয়া গেল। সমস্ত-দিন কিছু থাওয়া হয় নাই। সন্ধ্যার সময় যথন নদীর ধারে দেখিল গোরুগুলা আরামে চরিয়া থাইতেছে তথন একপ্রকার ঈর্ষার সহিত তাহার মনে হইতে লাগিল, পৃথিবী যথার্থ এই পশুপকীদের মা— নিজের হাতে তাহাদের মুথে আহারের গ্রাস তৃলিয়া দেন— আর মাহুষ বৃঝি তাঁর কোন্ সতিনের ছেলে, তাই চারি দিকে এতবড়ো মাঠ ধৃ ধৃ করিতেছে, কোথাও রিসক্রের জক্ত একমৃষ্টি অন্ন নাই। নদীর কিনারায় গিয়া রিসক অঞ্চলি ভরিয়া খ্ব থানিকটা জল থাইল। এই নদীটির ক্ষ্ণা নাই, তৃষ্ণা নাই, কোনো ভাবনা নাই, কোনো চেষ্টা নাই, ঘর নাই তব্ ঘরের অভাব নাই, সমুথে অন্ধকার রাত্রি আসিতেছে তব্ সে নিরুদ্বেগে নিরুদ্ধেশের অভিমুথে ছুটিয়া চলিয়াছে— এই কথা ভাবিতে ভাবিতে রিসক একদৃষ্টে জলের স্থোতের দিকে চাহিয়া বিদিয়া রিলে—বোধ করি তাহার মনে হইতেছিল, তুর্বহ মানবজন্মটাকে এই বন্ধনহীন নিশ্চিম্ব জ্লধারার সঙ্গে মিশাইয়া ফেলিতে পারিলেই একমাত্র শান্ধি।

এমন সময় একজন তরুণ যুবক মাথা হইতে একটা বন্ধা নামাইয়া তাহার পাশে

বিদিয়া কোঁচার প্রান্ত হইতে চিঁ ড়া খুলিয়া লইয়া ভিজাইয়া খাইবার উডোগ করিল। এই লোকটিকে দেখিয়া রসিকের কিছু নৃতন রকমের ঠেকিল। পায়ে জ্ডা নাই, ধুতির উপর একটা জামা, মাথায় পাগড়ি পরা— দেখিবামাত্র স্পাষ্ট মনে হয়, ভদ্রলোকের ছেলে— কিছু মুটেমজ্রের মতো কেন বে সে এমন করিয়া বন্ডা বহিয়া বেড়াইতেছে ইহা সে বৃঝিতে পারিল না। ছইজনের আলাপ হইতে দেরি হইল না এবং রসিক ভিজা চিঁ ড়ার ষথোচিত পরিমাণে ভাগ লইল। এ ছেলেটি কলিকাতার কলেজের ছাত্র। ছাত্রেরা যে স্বদেশী কাপড়ের দোকান খুলিয়াছে ভাহারই জ্ফা দেশি কাপড় সংগ্রহ করিতে সে এই গ্রামের হাটে আসিয়াছে। নাম স্ববোধ, জাতিতে রাম্মণ। তাহার কোনো সংকোচ নাই, বাধা নাই— সমন্তদিন হাটে খুরিয়া সন্ধ্যাবেলায় চিঁড়া ভিজাইয়া থাইতেছে।

দেখিয়া নিজের সম্বন্ধে রসিকের ভারি একটা লক্ষা বোধ হইল। তথু তাই নয়,
তাহার মনে হইল, যেন মৃক্তি পাইলাম। এমন করিয়া খালি পায়ে মজ্রের মতো
যে মাথায় মোট বহিতে পারা যায় ইহা উপলব্ধি করিয়া জীবনযাঝার ক্ষেত্র এক মৃহুর্তে
তাহার সম্মুথে প্রসারিত হইয়া গেল। সে ভাবিতে লাগিল, আজ তো আমার
উপবাস করিবার কোনো দরকারই ছিল না— আমি তো ইচ্ছা করিলেই মোট বহিতে
পারিতাম।

স্থবোধ বধন মোট মাথায় লইতে গেল রসিক বাধা দিয়া বলিল, "মোট আমি বহিব।" স্থবোধ ভাহাতে নারাজ হইলে রসিক কহিল, "আমি তাঁতির ছেলে, আমি আপনার মোট বহিব, আমাকে কলিকাতায় লইয়া যান।" 'আমি তাঁতি' আগে হইলে রসিক এ কথা কখনোই মুখে উচ্চারণ করিতে পারিত না— তাহার বাধা কাটিয়া গেছে।

হবোধ তো লাফাইয়া উঠিল — বলিল, "তুমি তাঁতি ! আমি তো তাঁতি খুঁ জিতেই বাহির হইয়াছি। আজকাল তাহাদের দর এত বাড়িয়াছে যে, কেহই আমাদের তাঁতের স্থলে শিক্ষকতা করিতে বাইতে রাজি হয় না।"

রিদিক তাঁতের স্থলের শিক্ষক হইরা কলিকাতায় আদিল। এতদিন পরে বাসাধরচ বাদে দে সামান্ত কিছু জমাইতে পারিল, কিছু বাইসিকৃল্-চক্রের লক্ষ্য ভেদ করিতে এখনো অনেক বিলম্ব আছে। আর বধুর বরমালার তো কথাই নাই। ইতিমধ্যে তাঁতের স্থলটা গোড়ায় যেমন হঠাৎ অলিয়া উঠিয়াছিল তেমনি হঠাৎ নিবিয়া ষাইবার উপক্রম হইল। কমিটির বাবুরা ষতক্ষপ কমিটি করিতে থাকেন অতি চমৎকার হয়, কিছু কাজ করিতে নামিলেই গণ্ডগোল বাধে। তাঁহারা নানা দিগ্দেশ হইতে নানা

প্রকারের তাঁত আনাইরা শেষকালে এমন একটা অপরূপ জন্ধাল বৃনিরা তুলিলেন বে, সমস্ত ব্যাপারটা লইয়া বে কোন্ আবর্জনাকুতে ফেলা ঘাইতে পারে তাহা কমিটির পর কমিটি করিয়াও স্থির করিতে পারিলেন না।

রসিকের আর সহা হয় না। মরে ফিরিবার জন্ত তাহার প্রাণ ব্যাকুল হইয়া উঠিয়াছে। চোখের সামনে সে কেবলই আপনার গ্রামের নানা ছবি দেখিতেছে। অতি তৃচ্ছ খুঁটিনাটিও উচ্ছল হইয়া তাহার মনের সামনে দেখা দিয়া যাইতেছে। পুরোহিতের আধপাগলা ছেলেটা; তাহাদের প্রতিবেশীর কপিলবর্ণের বাছুরটা; নদীর পথে যাইতে রান্তার দক্ষিণ ধারে একটা তালগাছকে শিক্ত দিয়া আঁটিয়া জড়াইয়া একটা অশথগাছ তুই কুন্ডিগির পালোয়ানের মতো পাাচ ক্ষিয়া দাঁড়াইয়া আছে, তাহারই তলায় একটা অনেকদিনের পরিতাক্ত ভিটা: তাহাদের বিলের তিন দিকে আমন ধান, এক পাশে গভীর জলের প্রান্তে মাছধরা জাল বাঁধিবার জন্ম বাঁশের খোঁটা পোতা, তাহারই উপরে একটি মাছরাঙা চুপ করিয়া বসিয়া; কৈবর্তপাড়া হইতে मक्तांत शत गार्ठ शांत्र हहेशा कीर्जरनत शक वाशिराजरह ; जिन्न जिन अपूराज নানাপ্রকার মিশ্রিত গন্ধে গ্রামের ছায়াময় পথে গুরু হাওয়া ভরিয়া রহিয়াছে; আর তারই সঙ্গে মিলিয়া তাহার দেই ভক্তবন্ধর দল, সেই চঞ্চল গোপাল, সেই আঁচলের-খঁটে-পান-বাঁধা বড়ো-বড়ো-স্বিশ্ব-চোথ-মেলা সৌরভী, এই-সমস্ত স্বতি ছবিতে গছে শব্দে স্নেহে প্রীতিতে বেদনায় তাহার মনকে প্রতিদিন গভীরতর আবিষ্ট করিয়া ধরিতে লাগিল। গ্রামে থাকিতে রসিকের বে নানাপ্রকার কার্মনেপুণ্য প্রকাশ পাইত এথানে তাহা একেবারে বন্ধ হইয়া গেছে, এখানে তাহার কোনো মূল্য নাই; এখানকার र्माकान-वाकारतत करनत रेजित विनिम शास्त्रत राष्ट्रीरक मच्या नित्रा नित्रष्ठ करता। তাঁতের ইন্ধনে কাজ কাজের বিভন্নামাত্র, তাহাতে মন ভঁরে না। থিয়েটারের দীপশিখা তাহার চিত্তকে পতক্ষের মতো মরণের পথে টানিয়াছিল— কেবল টাকা জমাইবার কঠোর নিষ্ঠা তাহাকে বাঁচাইয়াছে। সমস্ত পৃথিবীর মধ্যে কেবলমাত্র তাহার গ্রামটিতে বাইবার পথই তাহার কাছে একেবারে কন্ধ। এইজন্তই গ্রামে ষাইবার টান প্রতি মূহুর্তে তাহাকে এমন করিয়া পীড়া দিতেছে। তাঁতের ইস্কুলে দে প্রথমটা ভারি ভরদা পাইয়াছিল, কিন্তু আল বথন দে আশা আর টে কে না, বধন তাহার ছই মাদের বেতনই দে আদার করিতে পারিদ না, তথন দে আপ্নাকে আর ধরিরা রাখিতে পারে না এমন হইল। সমত লব্দা স্বীকার করিরা, মাধা হেঁট করিয়া, এই এক বংসর প্রবাসবাদের বৃহৎ ব্যর্থতা বহিন্না দাদার আশ্রায়ে বাইবার জন্ম ভাহার মনের মধ্যে কেবলই তাগিদ আসিতে লাগিল।

যথন মনটা অত্যন্ত যাই-হাই করিতেছে এমন সময় তাহার বাসার কাছে খুব ধুম করিয়া একটা বিবাহ হইল। সন্ধ্যাবেলায় বাজনা বাজাইয়া বর আসিল। সেইদিন রাজে রসিক বপু দেখিল, তাহার মাথায় টোপর, গায়ে লাল চেলি, কিছু সে গ্রামের বাঁশঝাড়ের আড়ালে দাঁড়াইয়া আছে। পাড়ার ছেলেমেয়েয়া 'তোর বর আসিয়াছে' বিলয়া সৌরভীকে থেপাইতেছে, সৌরভী বিরক্ত হইয়া কাঁদিয়া ফেলিয়াছে— রসিক তাহাদিগকে শাসন করিতে ছুটিয়া আসিতে চায়, কিছু কেমন করিয়া কেবলই বাঁশের কঞ্চিতে তাহার কাপড় জড়াইয়া যায়, ডালে তাহার টোপর আটকায়, কোনোমতেই পথ করিয়া বাহির হইতে পারে না। জাগিয়া উঠিয়া রসিকের মনের মধ্যে ভারি লক্ষা বোধ হইতে লাগিল। বধু তাহার জন্ম ঠিক করা আছে অথচ সেই বধুকে মরে আনিবার যোগ্যতা তাহার নাই এইটেই তাহার কাপুক্ষতার সব চেয়ে চ্ড়ান্ত পরিচয় বলিয়া মনে হইল। না— এতবড়ো দীনতা স্বীকার করিয়া গ্রামে ফিরিয়া হাওয়া কোনোমতেই হইতে পারে না।

#### ৬

অনাবৃষ্টি যখন চলিতে থাকে তথন দিনের পর দিন কাটিয়া যায় মেঘের আর দেখা
নাই, যদি-বা মেঘ দেখা দেয় বৃষ্টি পড়ে না, যদি-বা বৃষ্টি পড়ে তাহাতে মাটি ভেজে না;
কিন্তু বৃষ্টি যখন নামে তথন দিগল্পের এক কোণে যেমনি মেঘ দেখা দেয় অমনি দেখিতে
দেখিতে আকাশ ছাইয়া ফেলে এবং অবিরল বর্ধণে পৃথিবী ভাসিয়া যাইতে থাকে।
রসিকের ভাগ্যে হঠাৎ সেইরক্মটা ঘটল।

জানকী নলী মন্ত ধনী লোক। সে একদিন কাহার কাছ হইতে কী একটা ধবর পাইল; তাঁতের ইন্থলের সামনে তাহার জুড়ি আদিয়া থামিল, তাঁতের ইন্থলের মাস্টারের সন্দে তাহার ছুই-চারটে কথা হইল এবং তাহার প্রদিনেই রাদিক আপনার মেদের বাদা পরিত্যাগ করিয়া নলীবাব্দের মন্ত তেতালা বাড়ির এক ঘরে আতাম গ্রহণ করিল।

নন্দীবাব্দের বিলাতের সলে কমিশন এক্সেলির মন্ত কারবার— সেই কারবারে কেন যে জানকীবাব্ অথাচিতভাবে রসিককে একটা নিতান্ত সামান্ত কাব্দে নিযুক্ত করিয়া যথেষ্ট পরিমাণে বেতন দিতে লাগিলেন তাহা রসিক ব্ঝিতেই পারিল না। সেরকম কাব্দের জন্ত লোক সন্ধান করিবার দরকারই হয় না, এবং যদি-বা লোক জোটে তাহার তো এত আদর নহে। বাজারে নিজের মূল্য কত এতদিনে রসিক তাহা ব্রিয়া লইয়াছে, অতএব জানকীবাব্ যথন তাহাকে ঘরে রাখিয়া যত্ন করিয়া থাওয়াইতে লাগিলেন তথন রিসিক তাহার এত আদরের মূল কারণ স্থদ্র আকাশের গ্রহনক্তে ছাড়া আর-কোথাও খুঁজিয়া পাইল না।

কিন্ত তাহার শুভগ্রহটি অত্যন্ত দূরে ছিল না। তাহার একটু সংক্ষিপ্ত বিবরণ বলা আবশ্রক।

একদিন জানকীবাবুর অবস্থা এমন ছিল না। তিনি যথন কট করিয়া কলেজে পড়িতেন তথন তাঁহার সতীর্থ হরমোহন বস্থ ছিলেন তাঁহার পরম বন্ধু। হরমোহন আদ্দনমাজের লোক। এই কমিশন এজেন্দি হরমোহনদেরই পৈতৃক বাণিজ্য— তাঁহাদের একজন মুক্ষির ইংরেজ স্থাগর তাঁহার পিতাকে অত্যন্ত ভালোবাসিতেন। তিনি তাঁহাকে এই কাজে জুড়িয়া দিয়াছিলেন। হরমোহন তাঁহার নিঃম্ব বন্ধু জানকীকে এই কাজে টানিয়া লইয়াছিলেন।

সেই দরিত্র অবস্থায় নৃতন যৌবনে সমাজসংস্থার সম্বন্ধে জানকীর উৎসাহ হরমোহনের চেয়ে কিছুমাত্র কম ছিল না। তাই তিনি পিতার মৃত্যুর পরে তাঁহার ভগিনীর বিবাহের সম্বন্ধ ভাঙিয়া দিয়া তাহাকৈ বড়ো বয়স পর্যস্ত লেথাপড়া শিথাইতে প্রবৃত্ত হইলেন। ইহাতে তাঁহাদের তন্ধ্ববায়সমাজে যথন তাঁহার ভগিনীর বিবাহ অসম্ভব হইয়া উঠিল তথন কায়স্থ হরমোহন নিজে তাঁহাকে এই সংকট হইতে উদ্ধার করিয়া এই মেয়েটিকে বিবাহ করিলেন।

তাহার পরে অনেকদিন চলিয়। গিয়াছে। হরমোহনেরও মৃত্যু হইয়াছে— তাঁহার ভগিনীও মারা গেছে। ব্যাবদাটিও প্রায় সম্পূর্ণ জানকীর হাতে আসিয়াছে। ক্রমে বাদাবাড়ি হইতে তাহার তেতালা বাড়ি হইল, চিরকালের নিকেলের ঘড়িটকে অপমান করিয়া তাড়াইয়া দিয়া সোনার ঘড়ি স্বয়োরানীর মতে। তাঁহার বক্ষের পার্খে টিক্টিক্ করিতে লাগিল।

এইরপে তাঁহার তহবিল ঘতই ফীত হইয়া উঠিল, অল্লবয়সের অকিঞ্চন অবস্থার সমস্ত উৎসাহ ততই তাঁহার কাছে নিতান্ত ছেলেমাছ্যি বলিয়া বোধ হইতে লাগিল। কোনোমতে পারিবারিক পূর্ব-ইতিহাসের এই অধ্যায়টাকে বিলুপ্ত করিয়া দিয়া সমাজে উঠিবার জন্ম তাঁহার রোধ চাপিয়া উঠিল। নিজের মেয়েটিকে সমাজে বিবাহ দিবেন এই তাঁহার জেদ। টাকার লোভ দেখাইয়া তুই-একটি পাত্রকে রাজি করিয়াছিলেন, কিছু যথনই তাহাদের আত্মীয়েরা থবর পাইল তথনই তাহারা গোলমাল করিয়া বিবাহ ভাঙিয়া দিল। শিক্ষিত সংপাত্র না হইলেও তাঁহার চলে— কন্মার চিরজীবনের স্থাবলিদান দিয়াও তিনি সমাজদেবতার প্রসাদলাভের জন্ম উৎস্ক হইয়া উঠিলেন।

এমন সময়ে তিনি তাঁতের ইস্ক্লের মান্টারের থবর পাইলেন। সে থানাগড়ের

বশাক-বংশের ছেলে— তাহার পূর্বপুরুষ অভিরাম বদাকের নাম দকলেই জানে— এখন তাহাদের অবস্থা হীন, কিন্তু কুলে তাহারা তাঁহাদের চেয়ে বড়ো।

দূর হইতে দেখিয়া গৃহিণীর ছেলেটিকে পছন্দ হইল। সামীকে জিঞাসা করিলেন, "ছেলেটির পড়ান্ডনা কিরকম।" জানকীবাবু বলিলেন, "সে বালাই নাই। আজকাল যাহার পড়ান্ডনা বেশি, তাহাকে হিন্দুয়ানিতে আঁটিয়া ওঠা শক্ত।" গৃহিণী প্রশ্ন করিলেন, "টাকাকড়ি?" জানকীবাবু বলিলেন, "য়থেই অভাব আছে। আমার পক্ষে সেইটেই লাভ।" গৃহিণী কহিলেন, "য়াত্মীয়য়জনদের তো ভাকিতে হইবে।" জানকীবাবু কহিলেন, "পূর্বে অনেকবার সে পরীক্ষা হইয়া পিয়াছে; তাহাতে আজীয়য়জনমেরা ফ্রতবেগে ছুটিয়া আসিয়াছে কিন্তু বিবাহ হয় নাই। এবারে স্থির করিয়াছি আগে বিবাহ দিব, আজীয়য়জনদের সঙ্গে মিয়ালাপ পরে সময়মত করা ষাইবে।"

রদিক যথন দিনে রাত্রে তাহার গ্রামে ফিরিবার কথা চিন্তা করিতেছে— এবং হঠাৎ অভাবনীয়রূপে অতি সত্তর টাকা জমাইবার কী উপায় হইতে পারে তাহা ভাবিয়া কোনো কূলকিনারা পাইতেছে না, এমন সময় আহার ঔবধ হুইই তাহার মূথের কাছে আদিয়া উপস্থিত হইল। ইা করিতে দে আর এক মুহূর্ত বিলম্ব করিতে চাহিল না।

জানকীবাবু জিজ্ঞাসা করিলেন, "তোমার দাদাকে খবর দিতে চাও ?" রসিক কহিল, "না, তাহার কোনো দরকার নাই।" সমস্ত কাজ নিংশেষে সারিয়া তাহার পরে সে দাদাকে চমৎকৃত করিয়া দিবে, অকর্মণ্য রসিকের যে সামর্থ্য কিরকম তাহার প্রত্যক্ষ প্রমাণে কোনো ক্রটি থাকিবে না।

শুভলগ্নে বিবাহ হইয়া গেল। অক্তান্ত সকলপ্রকার দানদামগ্রীর আগে রসিক একটা বাইসিক্ল্ দাবি করিল।

٩

তথন মাঘের শেষ। সরষে এবং তিসির ফুলে থেত ভরিয়া আছে। আথের গুড় আল দেওয়া আরছ হইয়াছে, তাহারই গজে বাতাদ যেন ঘন হইয়া উঠিয়াছে। ঘরে ঘরে গোলা-ভরা ধান এবং কলাই; গোয়ালের প্রাক্তনে থড়ের গাদা ভূপাকার হইয়া রহিয়াছে। ওপারে নদীর চরে বাথানে রাথালেরা গোলমহিষের দল লইয়া কুটির বাধিয়া বাস করিতেছে। থেয়াঘাটের কাজ প্রায় বন্ধ হইয়া গিয়াছে— নদীর জল কমিয়া গিয়া লোকেরা কাপড় গুটাইয়া হাঁটিয়া পার হইতে আরম্ভ করিয়াছে।

রসিক কলার-পরানো শার্টের উপর মালকোঁচা মারিয়া ঢাকাই ধুতি পরিয়াছে; শার্টের উপরে বোডাম-থোলা কালো বনাতের কোট, পায়ে রঙিন ফুলমোজা ও চক্চকে কালো চামড়ার শৌথিন বিলাতি ছুতা। ডিক্লিক্ট বোর্ডের পাকা রান্তা বাহিয়া ক্রতবেগে সে বাইসিক্ল্ চালাইয়া আসিল; গ্রামের কাঁচা রান্তায় আসিয়া তাহাকে বেগ কমাইতে হইল। গ্রামের লোকে হঠাৎ তাহার বেশভ্ষা দেখিয়া তাহাকে চিনিতেই পারিল না। সেও কাহাকেও কোনো সম্ভাষণ করিল না; তাহার ইচ্ছা অন্ত লোকে তাহাকে চিনিবার আগেই সর্বাগ্রে সে তাহার দাদার সঙ্গে দেখা করিবে। বাড়ির কাছাকাছি যথন সে আসিয়াছে তথন ছেলেদের চোথ সে এড়াইতে পারিল না। তাহারা এক মৃহুর্তেই তাহাকে চিনিতে পারিল। সৌরভীদের বাড়ি কাছেই ছিল—ছেলেরা সেই দিকে ছুটিয়া চেঁচাইতে লাগিল, "সৈরিদিদির বর এসেছে, সৈরিদিদির বর।" গোপাল বাড়িতেই ছিল, সে ছুটিয়া বাহির হইয়া আসিবার পূর্বেই বাইসিক্ল্ রসিকদের বাড়ির সামনে আসিয়া থামিল।

তথন সন্ধ্যা হইয়া আদিয়াছে, ঘর অন্ধকার, বাহিরে তালা লাগানো। জনহীন পরিত্যক্ত বাদ্বির যেন নীরব একটা কানা উঠিতেছে— কেহ নাই, কেহ নাই। এক নিমেষেই রিসকের বুকের ভিতরটা কেমন করিয়া উঠিয়া চোখের সামনে সমস্ত অস্পষ্ট হইয়া উঠিল। তাহার পা কাঁপিতে লাগিল; বন্ধ দরজা ধরিয়া সে দাঁড়াইয়া রহিল, তাহার গলা শুকাইয়া গেল, কাহাকেও ভাক দিতে সাহস হইল না। দ্রে মন্দিরে সন্ধ্যারতির যে কাঁসরঘণ্টা বান্ধিতেছিল, তাহা যেন কোন্ একটি গতজীবনের পরপ্রান্ত হইতে অগভীর একটা বিদায়ের বার্তা বহিয়া তাহার কানের কাছে আদিয়া পৌছিতে লাগিল। সামনে ষাহা-কিছু দেখিতেছে, এই মাটির প্রাচীর, এই চালাঘর, এই রুদ্ধ কপাট, এই জিগরগাছের বেড়া, এই হেলিয়া-পড়া থেজুরগাছ— সমস্তই যেন একটা হারানো সংসারের ছবিমাত্র, কিছুই যেন সত্য নহে।

গোপাল কাছে আসিয়া দাঁড়াইল। রসিক পাংশুমুখে গোপালের মুখের দিকে চাহিল, গোপাল কিছু না বলিয়া চোথ নিচু করিল। রসিক বলিয়া উঠিল, "বুঝেছি, বুঝেছি— দাদা নাই!" অমনি সেইখানেই দরজার কাছে সে বসিয়া পড়িল। গোপাল তাহার পাশে বসিয়া কহিল, "ড়াই রসিকদাদা, চলো আমাদের বাড়ি চলো।" রসিক তাহার তুই হাত ছাড়াইয়া দিয়া সেই দরজার সামনে উপুড় হইয়া মাটিতে লুটাইয়া পড়িল। দাদা! দাদা! যে দাদা তাহার পায়ের শকটি পাইলে আপনিই ছুটিয়া আসিত কোথাও তাহার কোনো সাড়া পাওয়া সেল না।

গোপালের বাপ আসিয়া অনেক বলিয়া কহিরা রসিককে বাড়িতে লইয়া আসিল। রসিক সেধানে প্রবেশ করিরাই মৃহুর্তকালের জন্ত দেখিতে পাইল, সৌরভী সেই তাহার চিত্রিত কাঁধায় মোড়া কী একটা জিনিস অতি বত্তে রোরাকের দেয়ালে ঠেলান দিয়া রাধিতেছে। প্রাক্তণ লোকসমাগমের শব্দ পাইবামাত্রই সে ছুটিয়া ঘরের মধ্যে অন্তর্হিত হইল। রসিক কাছে আসিয়াই ব্ঝিতে পারিল, এই কাঁথায় মোড়া পদার্থটি একটি নৃতন বাইসিক্ল। তৎকণাৎ তাহার অর্থ ব্ঝিতে আর বিলম্ব হইল না। একটা ব্কদাটা কালা বক্ষ ঠেলিয়া তাহার কঠের কাছে পাকাইয়া পাকাইয়া উঠিতে লাগিল এবং চোধের অলের সমন্ত রাভা যেন ঠাসিয়া বন্ধ করিয়া ধরিল।

রিসিক চলিয়া গেলে বংশী দিনরাত্রি অবিশ্রাম খাটিয়া সৌরভীর পণ এবং এই বাইসিক্ল্ কিনিবার টাকা দখ্য করিয়াছিল। তাহার এক মৃহুর্ত আর-কোনো চিন্তা ছিল না। ক্লান্ত ঘোড়া যেমন প্রাণপণে ছুটিয়া গম্যস্থানে পৌছিয়াই পড়িয়া মরিয়া যায়, তেমনি যেদিন পণের টাকা পূর্ণ করিয়া বংশী বাইসিক্ল্টি ভি. পি. ভাকে পাইল সেইদিনই আর তাহার হাত চলিল না, তাহার তাঁত বদ্ধ হইয়া গেল; গোপালের পিতাকে ভাকিয়া তাহার হাতে ধরিয়া সে বলিল, "আর-একটি বছর রসিকের জন্ম অপেকা করিয়ো— এই তোমার হাতে পণের টাকা দিয়া গেলাম, আর যেদিন রসিক আসিবে তাহাকে এই চাকার গাড়িটি দিয়া বলিয়ো— দাদার কাছে চাহিয়াছিল, তথন হডভাগ্য দাদা দিতে পারে নাই, কিন্ধ ভাই বলিয়া মনে যেন সে রাগ না রাথে।"

দাদার টাকার উপহার গ্রহণ করিবে না, একদিন এই শপথ করিয়া রসিক চলিয়া গিয়াছিল— বিধাতা তাহার সেই কঠোর শপথ শুনিয়াছিলেন। আজ ঘথন রসিক ফিরিয়া আসিল তথন দেখিল দাদার উপহার তাহার জ্ঞ এতদিন পথ চাহিয়া বসিয়া আছে— কিন্তু তাহা গ্রহণ করিবার ঘার একেবারে ফল। তাহার দাদা যে তাঁতে আপনার জীবনটি বুনিয়া আপনার ভাইকে দান করিয়াছে, রসিকের ভারি ইচ্ছা করিল সব ছাড়িয়া সেই তাঁতের কাছেই আপনার জীবন উৎসর্গ করে, কিন্তু হায়, কলিকাতা শহরে টাকার হাড়কাঠে চিরকালের মতো সে আপনার জীবন বলি দিয়া আসিয়াছে।

পৌৰ ১৩১৮

## প্রবন্ধ

# পারস্যে

### ना बरमा

5

১১ এপ্রেল, ১৯৩২। দেশ থেকে বেরবার বয়স গেছে এইটেই ছির করে বদেছিলুম। এমন সময় পারশুরাজের কাছ থেকে নিময়ণ এল। মনে হল এ নিয়য়ণ অত্থীকার করা অকর্তব্য হবে। তবু সত্তর বছরের ক্লান্ত শরীরের পক্ষ থেকে ছিধা ঘোচে নি। বোছাই থেকে আমার পারসী বদ্ধু দিনশা ইয়ানী ভরসা দিয়ে লিথে পাঠালেন যে, পারশ্রের বুশেয়ার বন্দর থেকে তিনিও হবেন আমার সদ্দী। তা ছাড়া থবর দিলেন যে, বোছাইয়ের পারসিক কনসাল কেহান সাহেব পারসিক সরকারের পক্ষ থেকে আমার যাত্রার সাহচর্য ও ব্যবস্থার ভার পেয়েছেন।

এর পরে ভীরুতা করতে লব্জা বোধ হল। রেলের পথ এবং পারশু উপসাগর সেই গরমের সময় আমার উপযোগী হবে না বলে ওলন্দাজদের বায়্পথের ডাকষোগে যাওয়াই স্থির হল। কথা রইল আমার ভশ্রষার জত্তে বউমা যাবেন সঙ্গে, আর যাবেন কর্মসহায়রূপে কেদারনাথ চট্টোপাধ্যায় ও অমিয় চক্রবর্তী। এক বায়্যানে চারজনের জায়গা হবে না বলে কেদারনাথ এক সপ্তাহ আগেই শৃশ্তপথে রওনা হয়ে গেলেন।

পূর্বে আর-একবার এই পথের পরিচয় পেয়েছিলুম লগুন থেকে প্যারিলে। কিছ সেখানে যে ধরাতল ছেড়ে উর্ধে উঠেছিলুম তার সঙ্গে আমার বন্ধন ছিল আলগা। তার জল-ছল আমাকে পিছুডাক দেয় না, তাই নোঙর তুলতে টানাটানি করতে হয় নি। এবারে বাংলাদেশের মাটির টান কাটিয়ে নিজেকে শৃন্তে ভাসান দিলুম, হৢদয় সেটা অন্থত্ব করলে।

কলকাতার বাহিরের পদ্মীগ্রাম থেকে যথন বেরল্ম তথন ভোরবেলা। তারাথচিত
নিত্তর অন্ধলারের নীচে দিয়ে গলার স্রোত ছলছল করছে। বাগানের প্রাচীরের
গায়ে স্পরিগাছের ভাল তুলছে বাতাসে, লতাপাতা-ঝোপঝাপের বিমিশ্র নিখাসে
একটা ভামলতার গদ্ধ আকাশে ঘনীভূত। নিক্রিত গ্রামের আঁকাবাঁকা সংকীর্ণ গলির
মধ্য দিয়ে মোটর চলল। কোথাও-বা দাগ-ধরা পুরোনো পাকা দালান, তার থানিকটা
বাসমোগ্য, থানিকটা ভেঙে-পড়া; আধা-শহরে দোকানে বার বদ্ধ; শিবমন্দির জনশ্ত্ত;

এবড়ো-খেবড়ো পোড়ো জমি; পানাপুকুর; ঝোপঝাড়। পাথিদের বাসার তথনো সাড়া পড়ে নি, জোয়ার-ভাঁটার সন্ধিকালীন গলার মতো পল্লীর জীবনযাতা ভোর-বেলাকার শেষ বুমের মধ্যে থমকে আছে।

গলির মোড়ে নিষ্প্ত বারান্দায় থাটিয়া-পাতা পুলিস-থানার পাশ দিয়ে মোটর পৌছল বড়ো রান্ডায়। অমনি নতুন কালের কড়া গন্ধ মেলে ধুলো জেগে উঠল, গাড়ির পৈটোল-বাম্পের সলে তার সগোত্র আত্মীয়তা। কেবল অন্ধকারের মধ্যে ছই সারি বনস্পতি পুঞ্জিত পল্লবন্তবকে প্রাচীন কালের নীরব সাক্ষ্য নিম্নে ভিছিত; সেই যে কালে শতাকীপর্যায়ের মধ্যে দিয়ে বাংলার ছায়াল্লিয় অন্ধনপার্শে অভীত যুগের ইতিহাসধারা কথনো মন্দগন্তীর গতিতে কথনো ঘূর্ণাবর্তসংকুল ফেনান্নিত বেগে বঙ্গে চলেছিল। রাজপরস্পরার পদ্চিহ্নিত এই পথে কথনো পাঠান, কথনো মোগল, কথনো ভীষণ বর্গী, কথনো কোম্পানির সেপাই ধুলোর ভাষায় রাষ্ট্রপরিবর্তনের বার্তা ঘোষণা করে যাত্রা করেছে। তখন ছিল হাতি উট ভাঞাম ঘোড়সওয়ারদের অলংকৃত ঘোড়া; রাজপ্রতাপের সেই-সব বিচিত্র বাহন ধুলোর ধূদর অন্তর্নাল মন্ত্রীচিকার মতো মিলিয়ে গেছে। একমাত্র বাক্ষি আছে সর্বজনের ভারবাহিনী কর্মণ-মন্ত্র গোঞ্চর গাড়ি।

দমদমে উড়ো ফাহাজের আড়া ওই দেখা যায়। প্রকাণ্ড তার কোটর থেকে বিজ্ঞানি বাতির আলো বিচ্ছুরিড। তথনো রয়েছে বৃহৎ মাঠজোড়া অন্ধকার। সেই প্রাদোষের অম্পষ্টতায় ছায়াশরীরীর মতো বন্ধুবান্ধব ও সংবাদপত্তের দৃত হুমে উঠতে লাগল।

সময় হয়ে এল। ভানা ঘ্রিয়ে, ধুলো উড়িয়ে, হাওয়া আলোড়িত করে ঘর্বর গর্জনে ঘয়পকীরাজ তার গহনর থেকে বেরিয়ে পড়ল থোলা মাঠে। আমি, বউমা, অমিয় উপরে চড়ে বসলুম। ঢাকা রথ, হই সারে তিনটে করে চামড়ার লোলা-ওয়ালা ছয়টি প্রশন্ত কেলারা, আর পায়ের কাছে আমালের পথে-ব্যবহার্য সামগ্রীর হালকা বাক্স। পাশে কাঁচের জানলা।

ব্যোমতরী বাংলাদেশের উপর দিয়ে যতক্ষণ চলল ততক্ষণ ছিল ষাটির কতকটা কাছাকাছি। পানাপুক্রের চারি ধারে সংসক্ত গ্রামগুলি ধৃদর বিত্তীর্ণ মাঠের মাঝে মাঝে ছোটো ছোটো বীপের মতো থণ্ড থণ্ড চোথে পড়ে। উপর থেকে তাদের ছায়াখনির্চ শ্রামল মৃতি দেখা যায় ছাড়া-ছাড়া, কিছু বেশ ব্ঝতে পারি আসর গ্রীছো সমন্ত ত্যাসন্তপ্ত দেশের রসনা আজ শুক্ত। নির্মান জলগণ্ডুবের জন্তে ইন্দ্রদেবের ধেরালের উপর ছাড়া আর-কারো 'পরে এই বছু কোটি লোকের ম্থোচিত ভর্না নেই।

মাহব পশু পাধি কিছু বে পৃথিবীতে আছে সে আর লক্ষ্য হয় না। শল নেই, গতি নেই, প্রাণ নেই; বেন জীববিধাতার পরিত্যক্ত পৃথিবী তালি-দেওয়া চাদরে ঢাকা। যত উপরে উঠছে ততই পৃথিবীর রূপবৈচিত্র্য কতকগুলো আঁচড়ে এলে ঠেকল। বিশ্বতনামা প্রাচীন সভ্যতার শ্বতিলিপি বেন অজ্ঞাত অকরে কোনো মৃতদেশের প্রান্তর কৃত্তে খোদিত হরে পড়ে আছে; তার রেখা দেখা যায়, অর্থ বোঝা বায় না।

প্রায় দশটা। এলাহাবাদের কাছাকাছি এসে বায়্যান নামবার মুখে সুঁকল। ভাইনের জানলা দিয়ে দেখি নীচে কিছুই নেই, শুধু অতল নীলিমা, বাঁ দিকে আড় হয়ে উপরে উঠে আসছে ভূমিতলটা। খেচর-রথ মাটিতে ঠেকল এসে; এখানে সেচলে লাফাতে লাফাতে, ধাকা খেতে খেতে; অপ্রসন্ম পৃথিবীর সম্বতি দে পায় না খেন।

শহর থেকে জায়গাটা দ্রে। চার দিক ধৃ ধৃ করছে। রৌজতপ্ত বিরস পৃথিবী।
নামবার ইচ্ছা হল না। কোম্পানির একজন ভারতীয় ও একজন ইংরেজ কর্মচারী
আমার ফোটো তুলে নিলে। তার পরে থাতায় ত্-চার লাইন আম্বরের দাবি করল
যখন, আমার হাসি পেল। আমার মনের মধ্যে তখন শংকরাচার্যের মোহম্দারের
স্নোক গুলিরত। উর্ধেকে এই কিছু আগেই চোথে পড়েছে নির্জীব ধৃলিপটের
উপর অনৃত্য জীবলোক্ষের গোটাকতক স্বাক্ষরের আঁচড়। যেন ভাবী মৃগাবদানের
প্রতিবিশ্ব পিছন ফিরে বর্তমানের উপর এসে পড়েছে। যে ছবিটা দেখলেম সে একটা
বিপুল রিক্ততা; কালের সমন্ত দলিল অবল্প্ত; স্বয়ং ইতিবৃত্তবিং চিরকালের ছুটিতে
অহপস্থিত; রিমার্চ-বিভাগের ভিত্টা-ম্বন্ধ তলিয়ে গেচে মাটির নীচে।

এইখানে যত্ত্বটা পেট ভরে তৈল পান করে নিলে। আধঘণ্টা থেমে আবার আকাশযাত্রা শুল। এতকণ পর্যন্ত রথের নাড়া তেমন অহুভব করি নি, ছিল কেবল তার
পাখার হুংসহ গর্জন। ছই কানে তুলো লাগিয়ে জানলা দিয়ে চেয়ে দেখছিলুম।
সামনের কেদারায় ছিলেন একজন দিনেমার, ইনি ম্যানিলা বীপে আথের থেতের
ভদারক করেন, এখন চলেছেন খদেশে। গুটোনো ম্যাপ ঘ্রিয়ে ঘ্রিয়ে যাত্রাপথের
পরিচয় নিচ্ছেন; কণে কণে চলছে চীজ রুটি, চকোলেটের মিষ্টার, খনিজাভ পানীয়
জল। কলকাতা থেকে বহুবিধ খবরের কাগজ সংগ্রহ করে এনেছেন, আগাগোড়া ভাই
তয় তয় করে পড়ছেন একটার পর একটা। বাত্রীদের মধ্যে আলাপের সম্বন্ধ রইল না।
যত্রহংকারের তুফানে কথাবার্তা ঘার তলিয়ে। এক কোণে বেতারবার্তিক কানে ঠুলি
লাগিয়ে কখনো কালে কখনো খুনে কখনো পাঠে ময়। বাকি ভিনজন পালাকমে

তরী-চালনার নিযুক্ত, মাঝে মাঝে যাত্রার দক্তর লেখা, কিছু-বা আহার, কিছু-বা তস্ত্রা। কৃত্র এক টুকরো সজনতা নীচের পৃথিবী থেকে ছিটকে পড়ে উড়ে চলেছে অসীম জনশৃত্যতায়।

জাহাজ ক্রমে উর্ধেতর আকাশে চড়ছে, হাওয়া চঞ্চল, তরী টলোমলো। ক্রমে বেশ একটু শীউ করে এল। নীচে পাথ্রে পৃথিবী, রাজপুতানার কঠিন বন্ধুরতা তক লোতঃপথের শীর্ণ রেখাজালে অভিত, যেন গেরুয়া-পরা বিধবাভূমির নির্জ্ঞা একাদশীর চেহারা।

অবশেষে অপরাহে দ্র থেকে দেখা গেল ফক্ষ মরুভূমির পাংগুল বক্ষে যোধপুর শহর। আর তারই প্রান্তরে বন্ধপাথির হাঁ-করা প্রকাণ্ড নীড়। নেমে দেখি এখানকার দচিব কুন্বার মহারাজ সিং দল্লীক আমাদের অভ্যর্থনার জন্ত উপস্থিত, তথনি নিয়ে যাবেন তাঁদের ওখানে চা-জলযোগের আমন্তর্ণ। শরীরের তথন প্রাণধারণের উপযুক্ত শক্তি কিছু ছিল, কিন্তু দামাজিকতার উপযোগী উদ্বৃত্ত ছিল না বললেই হয়। কটে কর্তব্য সেরে হোটেলে এলুম।

হোটেলটি বায়্তরীযাত্রীর জল্পে মহারাজের প্রতিষ্ঠিত। সন্ধ্যাবেলায় তিনি দেখা করতে এলেন। তাঁর সহজ্ব সৌজ্ঞ রাজোচিত। মহারাজ স্বয়ং উড়োজাহাজ-চালনায় স্থাক্ষ। তার যতরকম ছঃসাহদী কৌশল আছে প্রায় সমস্তই তাঁর অভ্যন্ত।

পরের দিন ১২ই এপ্রেল ভোর রাত্রে জাহাজে উঠতে হল। হাওয়ার গতিক পূর্বদিনের চেয়ে ভালোই। অপেক্ষাকৃত স্থন্থ শরীরে মধ্যাক্তে করাচিতে পুরবাসীদের
আদর-মভার্থনার মধ্যে গিয়ে পৌছনো গেল। দেখানে বাঙালি গৃহলক্ষীর স্বত্বপক্
অন্ন ভোগ করে আধ ঘণ্টার মধ্যে জাহাজে উঠে পড়লুম।

সমূদ্রের ধার দিয়ে উভ্ছে জাহাজ। বাঁ দিকে নীল জল, দক্ষিণে পাহাড়ে মঞ্জুমি।
যাত্রার শেষ অংশে বাতাস মেতে উঠল। ডাঙায় বাতাসের চাঞ্চল্য নানা পদার্থের
উপর আপন পরিচয় দেয়। এখানে তার একমাত্র প্রমাণ জাহাজ্ঞটার ধড়্কড়ানি।
বহুদ্র নীচে সমূদ্রে ফেনার সাদা রেথায় একটু একটু তুলির পোঁচ দিছে। তার
না শুনি গর্জন, না দেখি তর্লের উত্তালতা।

এইবার মক্ষার দিয়ে পারস্থে প্রবেশ। বুশেয়ার থেকে সেধানকার গবর্নর বেতারে দ্রলিপিবোগে অভ্যর্থনা পাঠিয়েছেন। করাচি থেকে অর সময়ের মধ্যেই ব্যোষত্রী

জান্ধে পৌছল। সমূস্ততীরে মঙ্কভূমিতে এই সামান্ত গ্রামটি। কাদার তৈরি গোটাকতক চৌকো চ্যাপটা-ছাদের ছোটো ছোটো বাড়ি ইতন্ততবিক্ষিপ্ত, যেন মাটির সিন্দুক।

আকাশবাত্রীদের পাশ্বশালার আশ্রম নিলুম। রিক্ত এই ভ্রথণ্ডে নীলাপুচ্পিত বালুরাশির মধ্যে বৈচিত্র্যাসপদ কিছুই নেই। সেইজক্তেই বৃদ্ধি গোধ্লিবেলায় দিগলনার স্নেহ দেখলুম এই গরিব মাটির 'পরে। কী হুগন্তীর স্থান্ত, কী তার দীপামান শান্তি, পরিব্যাপ্ত মহিমা। স্থান করে এসে বারান্দায় বদলুম, স্মিধ্ধ বদন্তের হাওয়া ক্লান্ত শরীরকে নিবিভ আরামে বেইন করে ধরলে।

এখানকার রাজকর্মচারীর দল সন্মানসম্ভাষণের জল্পে এলেন। বাইরে বাল্ডটে আমাদের চৌকি পড়েছে। যে হুই-একজন ইংরেজি জানেন ওাঁদের দলে কথা হল। বোঝা গেল পুরাতনের খোলস বিদীর্ণ করে পারস্ত আজ ন্তন প্রাণের পালা আরম্ভ করতে প্রস্তত। প্রাচ্য জাতির মধ্যে যেখানে জাগরণের চাঞ্চল্য সেখানে এই একই ভাব। অতীতের আবর্জনামৃক্ত সমাজ, সংস্কারমৃক্ত চিত্ত, বাধামৃক্ত মানবসহজ্ঞের ব্যাপ্তি, বান্তব জগতের প্রতি মোহমৃক্ত বৈজ্ঞানিক দৃষ্টি, এই তাদের সাধনার প্রধান লক্ষ্য। তারা জানে, হয় বর্তমান কালের শিক্ষা নয় তার সাংঘাতিক আঘাত আমাদের প্রহণ করতে হবে। অতীত কালের সঙ্গে যাদের ত্তেছত গ্রন্থিবন্ধনের জটিলতা, মৃত যুগের সঙ্গে আছ তাদের সহমরণের আয়োজন।

এখানে পরধর্মসম্প্রদায়ের প্রতি কিরক্ম ব্যবহার এই প্রশ্নের উত্তরে শুনল্ম, পূর্বকালে জরথুন্তীয় ও বাহাইদের প্রতি অত্যাচার ও অবমাননা ছিল। বর্তমান রাজার শাসনে পরধর্মতের প্রতি অসহিষ্কৃতা দ্র হয়ে গেছে; সকলেই ভোগ করছে সমান অধিকার, ধর্মহিংশ্রতার নররক্তপদ্বিল বিভীবিকা কোণাও নেই। ডাক্তার মহম্মদ ইসা থা সাদিকের রচিত আধুনিক পারস্তের শিক্ষাপ্রণালী সম্বন্ধীয় গ্রন্থে লিখিত আছে — অনতিকাল পূর্বে ধর্মযাজকমগুলীর প্রভাব পারশুকে অভিভূত করে রেখেছিল। আধুনিক বিভাবিন্তারের সকে সকে এই প্রভাবের প্রবল্গতা কমে এল। এর পূর্বে নানা প্রেণীর অসংখ্য লোক, কেউ-বা ধর্মবিভালয়ের ছাত্র, কেউ-বা ধর্মবিভারক, কোরানপাঠক, সৈয়দ— এরা সকলেই মোলাদের মতো পাগড়ি ও সাজসক্ষা ধারণ করত। যথন দেশের প্রধানবর্গের অধিকাংশ লোক আধুনিক প্রণালীতে শিক্ষিত হলেন তথন থেকে বিষয়ব্দিপ্রবীণ পুরোহিতদের ব্যবসায় সংকৃচিত হয়ে এল। এখন যে খুশি মোলার বেশ ধরতে পারে না। বিশেষ পরীক্ষা পাস করে অথবা প্রকৃত ধর্মিক ও ধর্মশান্তবিৎ পণ্ডিতের সম্বৃতি অনুসারে তবেই এই সাজ-ধারণের অধিকার

পাওয়া যার। এই আইনের তাড়নার শতকরা নকাই সংখ্যক মাছবের মোলার বেশ খুচে গেছে। লেখক বলেন:

Such were the results of the contact of Persia with the Western world. They could not have been attained without the leadership of Reza Shah Pehlevi, the greatest man that Persia has produced for many centuries.

অন্তত একবার কল্পনা করে দেখতে দোষ নেই যে, হিন্দুভারতে যত অসংখ্য পাণ্ডা পুরোহিত ও সন্থাসী আছে কোনো নৃতন আইনে তাদের উপাধি-পরীক্ষা পাস আবিশ্রিক বলে গণ্য হয়েছে। কে যথার্থ সাধু বা সন্থাসী কোনো পরীক্ষার হারা তার প্রমাণ হয় না স্বীকার করি— কিছু স্বেচ্ছাগৃহীত উপাধি ও বাফ্ বেশের হারা তার প্রমাণ আরো অসম্ভব। অথচ সেই নিরর্থক প্রমাণ দেশ স্বীকার করে নিয়েছে। কেবলমাত্র অপরীক্ষিত সাজের ও অনায়াসলর নামের প্রভাবে ভারতবর্ষের লক্ষ্ণ লক্ষ্ণ লোকের মাথা নত হচ্ছে বিনা বিচারে এবং উপবাসপীড়িত দেশের অন্নমৃষ্ট অনায়াসে ব্যয় হয়ে যাচ্ছে, যার পরিবর্তে অধিকাংশ ছলে আত্মপ্রবঞ্চনা ছাড়া কোনো প্রতিদান নেই। সাধুতা ও সন্থাস যদি নিজের আধাাত্মিক সাধনার জন্ম হয় তা হলে সাঞ্চ পরবার বা নাম নেবার দরকার নেই, এমন-কি, নিলে ক্ষতির কারণ আছে; যদি অত্যের জন্ম হয় তা হলে যথোচিত পরীক্ষা দেওয়া উচিত। ধর্মকে যদি জীবিকা, এমন-কি, লোকমান্ততার বিষয় করা য়য়, যদি বিশেষ বেশ বা বিশেষ ব্যবহারের হারা ধার্মিকতার বিজ্ঞাপন প্রচার করা হয় তবে সেই বিজ্ঞাপনের সত্যতা বিচার করবার অধিকার আত্মপ্রশানের জন্ম সমাজের গ্রহণ করা কর্তব্য এ কথা মানতেই হবে।

পরদিন তিনটে-রাত্রে উঠতে হল, চারটের সময় যাত্রা। ১৩ই এপ্রেল তারিথে সকাল সাড়ে-আটটার সময় বুশেয়ারে পৌছনো গেল।

বুশেরারের গবর্নর আমাদের আতিথ্যভার নিয়েছেন। যত্নের সীমা নেই।

মাটির মান্থবের সঙ্গে আকাশের অন্তরক পরিচয় হল, মনটা কী বললে এই অবকাশে লিখে রাখি।

ছেলেবেলা থেকে আকাশে যে-সব জীবকে দেখেছি তার প্রধান লক্ষণ গতির অবলীলতা। তাদের ভানার সলে বাতাসের মৈত্রীর মাধুর্য। মনে পড়ে ছাদের দর থেকে তুপুর-রৌক্রে চিলের ওড়া চেয়ে চেয়ে দেখতেম; মনে হত দরকার আছে বলে উড়ছে না, বাতালে ধেন তার অবাধ গতির অধিকার আনন্দবিভার করে চলেছে। সেই আনন্দের প্রকাশ কেবল যে পাধার গতিসৌন্দর্যে তা নয়, তার রূপসৌন্দর্যে। নৌকোর পালটাকে বাতাসের মেআলের সঙ্গে মানান রেখে চলতে হয়, সেই ছুল

রাধবার থাতিরে পাল দেখতে হরেছে স্থলর। পাথির পাথাও বাতাদের দলে মিল করে চলে, তাই এমন তার স্থমা। আবার সেই পাথায় রঙের সামঞ্জপুও কত। এই তো হল প্রাণীর কথা তার পরে মেঘের লীলা— স্থের আলো থেকে কত রকম রঙ ছেঁকে নিয়ে আকাশে বানায় থেয়ালের খেলাঘর। / মাটির পৃথিবীতে চলায় ফেরায় ঘণ্ডের চেহারা, দেখানে ভারের রাজত, দকল কাজেই বোঝা ঠেলতে হয়। বায়ুলোকে এতকাল যা আবাদের মন ভূলিয়েছে সে হচ্ছে ভারের অভবি, স্থলরের সহজ্ব দক্ষণ।

এতদিন পরে মাহ্ম্য পৃথিবী থেকে ভারটাকে নিয়ে গেল আকাশে। তাই তার ওড়ার যে চেহারা বেরল নে জোরের চেহারা। তার চলা বাতানের সঙ্গে মিল করে নয়, বাতাসকে পীড়িত করে; এই পীড়া ভূলোক থেকে আজ গেল ছ্যুলোকে। এই পীড়ায় পাথির গান নেই, জন্তুর গর্জন আছে। ভূমিতল আকাশকে জন্ম করে আজ চিংকার করছে।

পূর্ব উঠল দিগন্তরেথার উপরে। উদ্ধন্ত যন্ত্রটা অরুণরাগের সলে আপন মিল করবার চেটামাত্র করে নি। আকাশনীলিমার সলে ওর অসবর্গতা বেহুরো, অন্তরীক্ষের রঙমহলে মেদের সলে ওর অমানান রয়ে গেল। আধুনিক যুগের দৃত, ওর সেন্টিমেন্টের বালাই নেই; শোভাকে ও অবজ্ঞা করে; অনাবশুক্তকে করুইয়ের ধান্ধা মেরে চলে যায়। যথন পূর্বদিগন্ত রাঙা হয়ে উঠল, পশ্চিমদিগন্তে যথন কোমল নীলের উপর শুক্তিশুল্ল আলো, তথন তার মধ্য দিয়ে ওই যন্ত্রটা প্রাকাণ্ড একটা কালো তেলাপোকার মতো ভন্ ভন্ করে উড়ে চলল।

वाश्वा शब्द छेभद्र छेठन उठ्दे ध्रवीद महन वाभा एवं भक्क देखि हा द्वा प्रमान मान्य विकास हिन्द प्रमान हिन्द हा हा हिन्द ह

তবোপদেশও এই রকমের উড়ো জাহাক— অর্কুনের ক্লপাকাতর মনকে সে এমন দ্রলোকে নিয়ে গেল, সেখান থেকে দেখলে মারেই-বা কে, মরেই-বা কে, কেই-বা আপন, কেই-বা পর। বাত্তবকে আরত করবার এমন অনেক তত্তনিমিত উড়ো জাহাক মাহ্যের অন্তপালায় আছে, মাহ্যের সাম্রাজ্যনীতিতে, সমাজনীতিতে, ধর্মনীতিতে। সেখান থেকে বাদের উপর মার নামে তাদের সহক্ষে সান্ধনাবাক্য এই যে, ন হন্ততে হন্তমানে শরীরে।

বোগদাদে ব্রিটিশদের আকাশফোজ আছে। সেই ফোজের শ্রীন্টান ধর্মযাজক আমাকে ধবর দিলেন, এখানকার কোন্ শেখদের গ্রামে তাঁরা প্রতিদিন বোমা বর্ষণ করছেন। সেধানে আবালবৃদ্ধবনিতা যারা মরছে তারা ব্রিটিশ সাম্রাজ্যের উর্ধলোক থেকে মার খাছে; এই সাম্রাজ্যনীতি ব্যক্তিবিশেষের সন্তাকে অস্পষ্ট করে দেয় বলেই তাদের মারা এত সহজ। প্রীন্ট এই-সব মাহ্যকেও পিতার সন্তান বলে স্থীকার করেছেন, কিছু প্রীস্টান ধর্মযাজকের কাছে সেই পিতা এবং তাঁর সন্তান হয়েছে অবান্তব, তাঁদের সাম্রাজ্যতন্তবের উড়ো জাহাজ থেকে চেনা গেল না তাদের, সেইজক্তে সাম্রাজ্য জুড়ে আরু মার পড়ছে সেই প্রীন্টেরই বুকে। তা ছাড়া উড়ো জাহাজ থেকে এই-সব মন্স্চারীদের মারা যায় এত অত্যন্ত সহজে, ফিরে মার থাওয়ার আশহা এতই কম ধে, মারের বান্তবতা তাতেও ক্ষীণ হয়ে আসে। যাদের অতি নিরাপদে মারা সম্ভব মারওয়ালাদের কাছে তারা যথেষ্ট প্রতীয়মান নয়। এই কারণে, পাশ্চাত্য হননবিছা যারা জানে না তাদের মানবসন্তা আজ পশ্চিমের অস্ত্রীদের কাছে ক্রমশই অতান্ত ঝাপদা হয়ে আসচে।

ইরাক বায়ুফৌজের ধর্মধাক্ষক তাঁদের বায়ু-অভিযানের তরফ থেকে আমার কাছে বাণী চাইলেন, আমি যে বাণী পাঠালুম দেইটে এইখানে প্রকাশ করা যাক:

From the beginning of our days man has imagined the seat of divinity in the upper air from which comes light and blows, the breath of life for all creatures on this earth. The peace of its dawn, the splendour of its sunset, the voice of eternity in its starry silence have inspired countless generations of men with an ineffable presence of the infinite urging their minds away from the sordid interests of daily life. Man has accepted this dust-laden earth for his dwelling place, for the enacting of the drama of his tangled life ever waiting for a call of perfection from the boundless depth of purity surrounding him in a translucent atmosphere. If in an evil moment man's cruel history should spread its black wings to invade that realm of divine dreams with its cannibalistic greed and fratricidal ferceity then God's curse will certainly descend upon us for that hideous descenation and the last curtain will be rung down upon the world of Man for whom God feels ashamed,

নিকটের থেকে আমানের চোথ বতটা দ্রকে একদৃষ্টিতে দেখতে পার, উপরের থেকে তার চেয়ে অনেক বেশি ব্যাপক দেশকে দেখে। এইজক্তে বায়্তরী বধন মিনিটে প্রায় এক ক্রোশ বেগে ছুউছে তথন নীচের দিকে তাকিয়ে মনে হয় না তার চলন এত ক্রত। বহু দ্রম্ব আমাদের চোথে সংহত হয়ে হোটো হয়ে গেছে বলেই সময়-পরিমাণও আমাদের মনে ঠিক থাকল না। তৃইয়ে মিলে আমাদের কাছে বাতবের বে প্রতীতি জন্মাচ্ছে দেটা আমাদের সহজ বোধের থেকে অনেক তকাত। জগতের এই বয় পরিমাপ বদি আমাদের জীবনের সহজ বোধের থেকে অনেক তকাত। জগতের এই বয় পরিমাপ বদি আমাদের জীবনের সহজ পরিমাপ হত তা হলে আমরা একটা ভিন্ন জগতে বাস করতুম। তাই ভাবছিল্ম স্প্রেটা হলের লীলা। বে তালের লয়ে আমরা এই জগৎকে অয়ভব করি সেই লয়টাকে হনের দিকে বিলম্বিতের দিকে বদলে দিলেই সেটা আর-এক স্প্রেই হবে। অসংখ্য অদৃশ্র রশ্মিতে আমরা বেষ্টিত। আমাদের সায়ুম্পন্দনের ছন্দ তাদের ম্পন্দনের ছন্দের সজে তাল রাখতে পারে না বলে তারা আমাদের অগোচর। কী করে বলব এই মৃহুর্তেই আমাদের চার দিকে ভিন্ন লয়ের এমন অসংখ্য জগৎ নেই বারা পরস্পরের অপ্রত্যক। সেথানকার মন আপন বোধের ছন্দ অহুসারে যা দেখে যা জানে যা পায় সে আমাদের পক্ষে সম্পূর্ণ অগম্যা, বিভিন্ন মনের যন্তে বিভিন্ন বিশ্বের বাণী একসন্দে উত্তত হচ্ছে সীমাহীন অজানার অভিমুধে।

এই ব্যোমবাহনে চড়ে মনের মধ্যে একটা সংকোচ বোধ না করে থাকতে পারি নে। অতি আশ্রুর্থ এ শ্বন্ধ, এর সব্দে আমার ভোগের যোগ আছে, কিন্ধ শক্তির যোগ নেই। বিমানের কথা শাল্পে লেখে— সে ছিল ইন্ধ্রলোকের, মর্তের হয়স্তেরা মাঝে মাঝে নিমন্ত্রিত হয়ে অন্তরীকে পাড়ি দিতেন— আমারও সেই দশা। এ কালের বিমান যারা বানিয়েছে তারা আর-এক জাত। শুধু যদি বৃদ্ধির জোর এতে প্রকাশ হত তা হলে কথা ছিল না। কিন্ধ চরিজের জোর— সেটাই সব-চেয়ে শ্লাঘনীয়। এর পিছনে হর্দম সাহদ, অপরাজেয় অধ্যবসায়। কত ব্যর্থতা, কত মৃত্যুর মধ্য দিয়ে একে ক্রমে সম্পূর্ণ করে তুলতে হচ্ছে, তবু এরা পরাভব মানছে না। এখানে দেলাম করতেই হবে।

এই ব্যোমভরীর চারজন ওলদাজ নাবিকের দিকে চেয়ে চেয়ে দেখি। বিপুল বপু, মোটা মোটা হাড়, মৃতিমান উভম। যে আবহাওয়ায় এদের জয় সে এদের প্রতিক্ষণে জীর্ণ করে নি, তাজা রেখে দিয়েছে। মজ্জাগত স্বাস্থ্য ও ডেজ কোনো একদেয়ে বাঁধা ঘাটে এদের ছির থাকতে দিল না। বছ পুরুষ ধরে প্রভৃতবলদায়ী অয়ে এয়া পুই, বছ য়্গেয় সঞ্চিত প্রচুয় উদ্বুড এদের শক্তি। ভারতবর্ধে কোটি কোটি মাছ্য পুরো পরিমাণ অয় পায় না। অভ্সকশরীর বংশাফ্কমে অস্করে-বাহিরে সকল রকম শক্তকে মান্তল দিয়ে দিয়ে সর্বস্থান্ত। মনে প্রাণে সাধনা করে তবেই সম্ভব হয় সিদ্ধি, কিছু আমাদের মন বদি-বা থাকে প্রাণ কই ? উপবাসে ক্লান্তপ্রাণ শরীর কাজ কাঁকি না দিয়ে থাকতে পারে না, সেই ফাঁকি সমন্ত ভাতের মজ্জার চুকে তাকে মারতে থাকে। আজ পশ্চিম মহাদেশে অল্লাভাবের সমস্যা মেটাবার ছশ্চিস্তার রাজকোষ থেকে টাকা ঢেলে দিছে। কেননা, পর্বাপ্ত অল্লের জোরেই সভ্যতার আন্তরিক বাহ্নিক সব রকম কল পুরোদমে চলে। আমাদের দেশে সেই অল্লের চিন্তা ব্যক্তিগত, সে চিন্তার তথু বে জোর নেই তা নয়, সে বাধাগ্রন্ত। ওদের দেশে সে চিন্তা রাষ্ট্রপত, সে দিকে সমন্ত ভাতির সাধনার পথ খাধীনভাবে উন্স্কু, এমন-কি, নিষ্ট্র অন্তারের সাহায্য নিতেও বিধা নেই। ভারতের ভাগানিরভার দৃষ্টি হতে আমরা বহু দ্রে, তাই আমাদের পক্ষে শাসন যত অজ্জ ক্ষত অশন তত নয়।

ş

মহামানব জাগেন যুগে যুগে ঠাই বদল করে। একদা সেই জাগ্রান্ত দেবতার দীলাক্ষেত্র বহু শতালী ধরে এশিরার ছিল। তথন এথানেই ঘটেছে মান্ন্যবের নব নব এখর্মের প্রকাশ নব নব শক্তির পথ দিয়ে। আজ সেই মহামানবের উজ্জ্বল পরিচয় পাশ্চাত্য মহাদেশে। আমরা অনেক সময় তাকে জড়বাদপ্রধান বলে থর্ব করবার চেটা করি। কিন্ধ কোনো জাত মহত্ত্বে পৌছতেই পারে না একমাত্র জড়বাদের ভেলায় চড়ে। বিশুদ্ধ জড়বাদী হচ্ছে বিশুদ্ধ বর্বর। সেই মান্ন্র্যেই বৈজ্ঞানিক সত্যকে লাভ করবার অধিকারী সত্যকে বে প্রদা করে পূর্ণ মূল্য দিতে পারে। এই প্রক্ষা আধ্যাত্মিক, প্রাণপণ নিষ্ঠায় সত্যসাধনার শক্তি আধ্যাত্মিক। পাশ্চাত্য জাতি সেই মোহম্কু আধ্যাত্মিক শক্তি-ঘারাই সত্যকে জয় করেছে এবং সেই শক্তিই জয়ী করেছে তাদের। প্রিবীর মধ্যে পাশ্চাত্য মহাদেশেই মান্ন্য আজ উজ্জ্বল তেক্তে প্রকাশমান।

দচল প্রাণের শক্তি যত তুর্বল হয়ে আদে দেহের জড়ত্ব ততই নানা আকারে উৎকট হয়ে ওঠে। একদিন ধর্মে কর্মে জ্ঞানে এশিয়ার চিন্ত প্রাণবান ছিল, সেই প্রাণধর্মের প্রভাবে তার আত্মস্টে বিচিত্র হয়ে উঠত। তার শক্তি বধন ক্লান্ত ও স্থানিমন্ত্র হল, তার স্টের কাজ যধন হল বন্ধ, তথন তার ধর্মকর্ম অভ্যন্ত আচারের যুদ্রবং প্ররাহৃত্তিতে নিরর্থক হয়ে উঠল। একেই বলে জড়তত্ব, এতেই মান্ত্রের লকল দিকে পরাভব ঘটার।

ভাৰত কাৰ্যা কৰিছে বিশ্বস্থ কৰি আৰু যা দেখা দিয়েছে সেও একই কারণে। বৈজ্ঞানিক বৃদ্ধি ও শক্তি ভাকে প্রভাবশালী করেছে, এই প্রভাব লভারে বরদান। কিন্তু লভারে লকে মাহুবের ব্যবহার কল্বিত হলেই লভা তাকে ফিরে মারে। বিজ্ঞানকে দিনে দিনে যুরোপ আপন লোভের বাহন করে লাগামে বাঁধছে। তাতে করে লোভের শক্তি হয়ে উঠছে প্রচণ্ড, তার আকার হরে উঠছে বিরাট। যে দুর্বা হিংলা মিথ্যাচারকে লে বিশ্বরাপী করে তুলছে তাতে করে যুরোপের রাষ্ট্রশন্তা আল বিষলীপ। প্রবৃত্তির প্রাবল্যও মাহুবের জড়দের লক্ষণ। তার বৃদ্ধি তার ইচ্ছা তথন কলের পুতৃলের মতো চালিত হয়। এতেই মহুদ্ধদের বিনাশ। এর কারণ বন্ধ নার, এর কারণ আন্তরিক তামনিক্তা, লোভ হিংলা পভারতি। বাঁধন-ধোলা উন্মন্ত ম্বন আত্মঘাত করে তথন মৃক্তিই তার কারণ নার, তার কারণ মন্ততা।

বয়স য়থন অয় ছিল তথন য়ুরোপীয় সাহিত্য গভীর আনন্দের সলে পড়েছি, বিজ্ঞানের বিশুদ্ধ সত্য আলোচনা করে তার সাধকের 'পরে ভক্তি হয়েছে য়নে। এর ভিতর দিয়ে মায়্যের যে পরিচয় আজ চারি দিকে ব্যাপ্ত হয়েছে তার মধ্যেই তো শাশত মায়্রের প্রকাশ; এই প্রকাশকে লোভাদ্ধ মায়্য অবমানিত করতে পারে। সেই পাপে হীনমতি নিজেকেই সে নই করবে কিন্তু মহৎকে নই করতে পারবে না। সেই মহৎ, সেই জাগ্রত মায়্যকে দেখব বলেই একদিন মরের থেকে দ্রে বেরিয়েছিল্ম, য়ুরোপে গিয়েছিল্ম ১৯১২ প্রাস্টাব্দে।

এই ঘাত্রাকে শুভ বলেই গণ্য করি। কেননা, আমরা এশিয়ার লোক, মুরোপের বিদ্ধন্ধ নালিশ আমাদের রক্তে। যথন থেকে তাদের জলদহা ও শ্বলম্প্র তুর্বল মহাদেশের রক্ত শোষণ করতে বেরিয়েছে সেই আঠারো শতাব্দী থেকে আমাদের কাছে এরা নিজেদের মানহানি করেছে। লক্ষা নেই, কেননা, এরা আমাদের লক্ষা করবার যোগ্য বলেও মনে করে নি। কিছু মুরোপে এসে একটা কথা আমি প্রথম আবিহার করল্ম বে, সহজ মাস্ত্র্য আর নেশন এক জাতের লোক নয়। যেমন সহজ শরীর এবং বর্ম-পরা শরীরের ধর্মই স্বভন্ত। একটাতে প্রাণের স্বভাব প্রকাশ পার, আর-একটাতে দেহটা যক্ত্রের অক্তর্করণ করে। দেথল্ম সহজ মাস্ত্র্যকে আপন মনে করতে এদের কোথাও বাধে না, তার মধ্যে বে মন্ত্রগুত্র দেথা দের কথনো তা রমণীয় কথনো-বা বরণীয়। আমি তাকে ভালোবেসেছি, আমা করেছি, ফিরেও পেয়েছি তার ভালোবাসা ও আরা। বিদেশে অপরিচিত মান্নবের মধ্যে চিরকালের মান্ত্র্যক এমন স্পষ্ট দেখা তুর্গন্ত দৌভাগ্য।

কিন্ত কেই কারণেই একটা কথা মনে করে বেদনা বোধ করি। যে দেশে বহুলংখ্যক লোকের মন পলিটিক্সের বস্তুটার মধ্যেই পাক থেরে বেড়ার, ভাদের হুভাবটা ব্যের ছাদে পাকা হয়ে ওঠে। কাল উদ্ধার করবার নৈপুণ্য একান্ত লক্ষ্য হয়।

একেই বলে বান্ত্রিক জড়তা, কেননা, যন্ত্রের চরম সার্থক্য কাজের সাফল্যে। পাশ্চাত্য দেশে মানবচরিত্রে এই বান্ত্রিক বিকার ক্রমেই বেড়ে উঠছে এটা লক্ষ্য না করে থাকা বান্ত্র না। মান্ত্র্য-বন্ত্রের কল্যাণবৃদ্ধি অসাড় হয়ে আসছে তার প্রমাণ পূর্বদেশে আমাদের কাছে আর ঢাকা রইল না। মনে পড়ছে ইরাকে একজন সম্মানবাগ্য সন্ত্রান্ত লোক আমাকে জিজ্ঞালা করেছিলেন, 'ইংরেজ জাতের সহদ্ধে আপনার কী বিচার।' আমি বললেম, 'তাঁদের মধ্যে বারা best তাঁরা মানবজাতির মধ্যে best।' তিনি একটু হেসে জিজ্ঞালা করলেন, 'আর বারা next best!' চুপ করে রইল্ম। উত্তর দিতে হলে অসংঘত ভাষার আশক্ষা ছিল। এশিয়ার অধিকাংশ কারবার এই next best-এর সন্তেই। তাদের সংখ্যা বেশি, প্রভাব বেশি, তাদের স্থতি বছব্যাপক লোকের মনের মধ্যে চিরম্জিত হয়ে থাকে। তাদের সহজ মান্ত্রের অভাব আমাদের জল্পে নয়, এবং সে অভাব তাদের নিজেদের জল্পেও ক্রমে তুর্গভ হয়ে আসছে।

দেশে ফিরে এলুম। তার অনতিকালের মধ্যেই যুরোপে বাধল মহাযুদ্ধ। তথন দেখা গেল বিজ্ঞানকে এরা ব্যবহার করছে মাহুষের মহা সর্বনাশের কাজে। এই সর্বনাশা বৃদ্ধি যে আগুন দেশে দেশে লাগিয়ে দিল তার শিখা মরেছে কিছু তার পোড়া কয়লার আগুন এখনো মরে নি। এতবড়ো বিরাট ত্রোগ মাহুষের ইতিহাসে আর কথনোই দেখা দেয় নি। একেই বলি জড়তব; এর চাপে মহুগুত্ব অভিভূত, বিনাশ সামনে দেখেও নিজেকে বাঁচাতে পারে না।

ইতিমধ্যে দেখা যায় এশিয়ার নাড়ি হয়েছে চঞ্চল। তার কারণ, যুরোপের চাপটা তার বাইরে থাকলেও তার মনের উপর থেকে সেটা সরে গেছে। একদিন মার থেতে থেতেও যুরোপকে সে সর্বতোভাবে আপনার চেয়ে গ্রেষ্ঠ বলে ধরে নিয়েছিল। আজ এশিয়ার এক প্রান্ত হতে আর-এক প্রান্ত পর্যন্ত কোথাও তার মনে আর আজা নেই। যুরোপের হিংশ্রশক্তি যদিও আজ বহুগুণে বেড়ে গিয়েছে, তৎসত্ত্বেও এশিয়ার মন থেকে আজ সেই ভয় যুচে গেছে যার সঙ্গে সম্বম মিশ্রিত ছিল। যুরোপের কাছে আপৌরব খীকার করা তার পক্ষে আজ অসম্ভব, কেননা, যুরোপের গৌরব তার মনে আজ অতি কীণ। স্ব্রেই সে ইবং হেসেই জিক্সানা করছে, 'But the next best ?'

শামরা আব্দ মাহবের ইতিহাসে বুগান্তরের সময়ে জন্মেছি। যুরোপের, রক্ত্মিতে হয়তো-বা পঞ্চম অন্তের দিকে পটপরিবর্তন হচ্ছে। এশিয়ার নবজাগরণের লক্ষণ এক দিগন্ত হতে আর-এক দিগন্তে ক্রমশই ব্যাপ্ত হয়ে পড়ল। মানবলোকের উদয়গিরি-শিধরে এই নবপ্রভাতের দৃশ্য দেখবার জিনিস বটে— এই মৃক্তির দৃশ্য। মৃক্তি কেবল বাইরের বন্ধন থেকে নয়, স্থার বন্ধন থেকে।

আমি এই কথা বলি, এশিয়া যদি সম্পূর্ণ না জাগতে পারে তা হলে মুরোপের পরিত্রাণ নেই। এশিয়ার ত্র্বলতার মধ্যেই মুরোপের মৃত্যুবাণ। এই এশিয়ার ভাগ-বাঁটোয়ারা নিয়ে যত তার চোথ-রাঙারাঙি, তার মিধ্যা কলঙ্কিত ক্ট কৌশলের শুপুচরবৃত্তি। ক্রমে বেড়ে উঠছে সমরসজ্জার ভার, পণ্যের হাট বছবিভৃত করে অবশেষে আজু অগাধ ধনসমূল্রের মধ্যে জ্বংসহ করে তুলছে তার দারিত্র্যত্বা।

ন্তন যুগে মান্থবের নবজাগ্রত চৈতক্তকে অভ্যর্থনা করবার ইচ্ছায় একদিন পূর্বএশিয়ায় বেরিয়ে পড়েছিল্ম। তখন এশিয়ার প্রাচ্যতম আকাশে জাপানের জয়পতাকা
উড়েছে, লঘু করে দিয়েছে এশিয়ার অবসাদচ্ছায়াকে। আনন্দ পেল্ম, মনে ভয়ও

হল। দেখল্ম জাপান য়ুরোপের অস্ত্র আয়ত্ত করে এক দিকে নিরাপদ হয়েছে, তেমনি

অক্ত দিকে গভীরতর আপদের কারণ ঘটল। তার রক্তে প্রবেশ করেছে য়ুরোপের

মারী, যাকে বলে ইম্পীরিয়ালিজ্ম, সে নিজের চারি দিকে মথিত করে তুলছে বিছেয।

তার প্রতিবেশীর মনে জালা ধরিয়ে দিল। এই প্রতিবেশীকে উপেক্ষা করবার নয়,

আয় এই জালায় ভাবীকালের অয়িকাও কেবল সময়ের অপেক্ষা করে। ইতিহাসে

ভাগ্যের অফুক্ল হাওয়া নিরন্তর বয় না। এমন দিন আসবেই যখন আজ যে তুর্বল

তারই কাছে কড়ায় গণ্ডায় হিলাব গনে দিতে হবে। কী করে মিলতে হয় জাপান তা

শিখল না, কী করে মারতে হয় য়ুরোপের কাছ থেকে সেই শিক্ষাতেই সে হাত পাকিয়ে

নিলে। এই মার মাটির নীচে স্কুক্ল খুড়ে একদিন এসে ছোবল মারবে তারই বুকে।

কিছ এতে রাষ্ট্রনৈতিক হিদাবের ভূল হল বলেই এটা শোচনীয় এমন কথা আমি বলি নে। আমি এই বলতে চাই, এশিয়ায় যদি নতুন যুগ এদেই থাকে তবে এশিয়া তাকে নতুন করে আপন ভাষা দিক। তা না করে যুরোপের পশুগর্জনের অফুকরণই যদি দে করে দেটা সিংহনাদ হলেও তার হার। ধার-করা রান্ডা যদি গর্ভের দিকে যাবার রান্ডা হয় তা হলে তার লক্ষা বিগুণ মাত্রায়। যা হোক, এশিয়ার পশ্চিমপ্রাম্ভ যে কণে কণে কেঁপে উঠছে তার থবর দূর থেকে শোনা যায়। যথন ভাবছিল্ম তুরুস্ক এবার ডুবল তথন হঠাৎ দেখা দিলেন কামালপাশা। তথন তাঁদের বড়ো সাম্রাজ্ঞার জোড়াতাড়া অংশগুলো যুক্তের ধারায় গেছে ভেঙে। সেটা শাপে বর হয়েছিল। শক্ত করে নতুন করে রাজ্যটাকে তার স্বাভাবিক ঐক্যে স্প্রতিষ্ঠিত করে গড়ে ভোলা সহজ হল ছোটো পরিধির-মধ্যে। সাম্রাজ্ঞ্য বলতে বোঝায়, যারা আত্মীয় নয় তাদের অনেককে দড়ির বাঁধনে বেঁধে কলেবরটাকে অস্বাভাবিক তুল করে ভোলা। তু:সময়ে বাঁধন ধন ঢিলে হয় তথন ওই অনাত্মীয়ের সংঘাত বাঁচিয়ে আত্মরকা তু:সাধ্য হতে ধাকে। তুল্ব হালকা হয়ে গিয়েই যথাও আঁট হয়ে উঠল। তথন ইংলও তাকে

ভাড়া করেছে গ্রীসকে তার উপর লেলিয়ে দিয়ে। ইংলগুর রাষ্ট্রতক্তে তথন বলে আছেন লরেড জর্জ ও চার্চ্ছিল। ১৯২১ গ্রীস্টান্সে ইংলগু তথনকার মিজশক্তিরা একটা দভা ডেকেছিলেন। সেই দভায় আলারার প্রতিনিধি বেকির দামী তুলকের হয়ে যে প্রস্থাব করেছিলেন তাতে তাঁদের রাষ্ট্রীয় স্বার্থ অনেকটা পরিমাণে ভ্যাগ করতেই রাজি হয়েছিলেন। কিন্ধ গ্রীস আপন যোলো-আনা দাবির পরেই জেদ ধরে বদে রইল, ইংলগু পশ্চাৎ থেকে তার দমর্থন করলে। অর্থাৎ কালনেমি-মামার লন্ধাভাগের উৎসাহ তথনো পুব ঝাঁঝালো ছিল।

এই গোলমালের সময় তুরুস্ক মৈত্রী বিস্তার করলে ফ্রান্সের দলে। পারস্ত এবং আফগানিছানের দলেও তার বোঝাপড়া হয়ে গেল। আফগানিছানের দদ্ধিপত্তের বিতীয় দফায় লেখা আচে:

The contracting parties recognize the emancipation of the nations of the East and confirm the fact of their unrestricted freedom, their right to be independent and to govern themselves in whatever manner they themselves choose.

এ দিকে চলল গ্রীন তুরুদ্ধের লড়াই। এখনো আন্দোরা-পক্ষ রক্তপাত-নিবারণের উদ্দেশে বারবার সন্ধির প্রস্তাব পাঠালে। কিন্তু ইংলও ও গ্রীন তার বিরুদ্ধে অবিচলিত রইল। শেষে সকল কথাবার্তা থামল গ্রীসের পরাজয়ে। কামালপাশার নামকতার নৃতন তুরুদ্ধের প্রাণপ্রতিষ্ঠা হল আন্দোরা রাজধানীতে।

নব তৃক্ষ এক দিকে মুরোপকে বেমন সবলে নিরস্ত করলে আর-এক দিকে তেমনি সবলে তাকে গ্রহণ করলে অন্তরে বাহিরে। কামালপাশা বললেন, মধ্যুগের অচলায়তন থেকে তৃক্ষকে মৃক্তি নিতে হবে। আধুনিক মুরোপে মানবিক চিন্তের সেই মৃক্তিকে তাঁরা থাকা করেন। এই মোহমুক্ত চিন্তই বিশ্বে আজ বিজয়ী। পরাভবের তুর্গতি থেকে আত্মরকা করতে হলে এই বৈজ্ঞানিক চিন্তর্ভির উদ্বোধন সকলের আগে চাই। তৃক্ষকের বিচারবিভাগের মন্ত্রী বললেন, 'Mediaeval principles must give way to secular laws. We are creating a modern, civilised nation and we desire to meet contemporary needs. We have the will to live, and nobody can prevent us.' এই পরিপৃর্ণভাবে বৃদ্ধিসংগতভাবে প্রাণ্যাত্রনির্বাহের বাধা দের মধ্যযুগের পৌরাণিক অন্ধ্যংস্কার। আধুনিক লোকব্যবহারে তার প্রতি নির্ম্য হতে হবে এই তাঁদের ঘোষণা।

যুদ্ধজনের পরে কামালপাশা যথন মিনা শহরে প্রবেশ করলেন সেধানে একটি সর্বজন-সভা ডেকে মেয়েদের উদ্দেশে বললেন, 'যুদ্ধে আমরা নিঃসংশয়িত জয়সাধন করেছি, কিন্তু দে জয় নির্মাক হবে যদি ভোমরা আমাদের আঞ্চ্কার না কর। শিকার জরদাধন কর তোমরা, তা হলে আমরা যতটুকু করেছি তোমরা তার চেয়ে অনেক বেশি করতে পারবে। সমস্তই নিফল হবে যদি আধুনিক প্রাণযাত্তার পথে তোমরা দৃচ্চিত্তে অগ্রসর না হও। সমস্তই নিফল হবে যদি তোমরা গ্রহণ না কর আধুনিক জীবননির্বাহনীতি তোমাদের উপর বে দায়িত্ব অর্পন করেছে।'

এ যুগে যুরোপ সত্যের একটি বিশেষ সাধনায় সিদ্ধিলাভ করেছে। সেই সাধনার ফল সকল কালের সকল মান্ন্রের জন্তেই, তাকে যে না গ্রহণ করবে সে নিজেকে বঞ্চিত করবে। এই কথা এশিয়ার পূর্বতম প্রান্তে জাপান স্বীকার করেছে এবং পশ্চিমতম প্রান্তে স্বীকার করেছে তুরুস্ক। ভৌতিক জগতের প্রতি সভ্য ব্যবহার করা চাই এই অমুশাসন আধুনিক বৈজ্ঞানিক যুগের, না করলেই বৃদ্ধিতে এবং সংলারে আমরা ঠকব। এই সভ্য ব্যবহার করার সোপান হচ্ছে মনকে সংস্কারম্প্রুক্ত করে বিশুদ্ধ প্রণালীতে বিশের অন্তানিহিত ভৌতিক তত্ত্বলৈ উদ্ধার করা।

কথাটা সত্য। কিছু আরো চিন্তা করবার বিষয় আছে। যুরোপ বেখানে সিদ্ধিলাভ করেছে সেখানে আমাদের দৃষ্টি পড়েছে অনেক দিন থেকে, সেখানে তার ঐশর্য বিশের প্রত্যক্ষগোচর। যেথানে করে নি, সে জায়গাটা গভীরে, মূলে, তাই সেটা অনেক কাল থেকে প্রছল্ল রইল। এইথানে সে বিশের নিদাকণ ক্ষতি করেছে এবং সেই ক্ষতি ক্রমেই ফিরে আসছে তার নিজের অভিমুখে। তার যে লোভ চীনকে আফিম থাইয়েছে সে লোভ তো চীনের মরণের মধ্যেই মরে না। সেই নির্দয় লোভ প্রত্যহ তার নিজেকে মোহান্ধ করছেই, বাইরে থেকে সেটা আমরা স্পষ্ট দেখি বা না দেখি। কেবল ভৌতিক জগতে নয়, মানবজগতেও নিজাম চিন্তে সত্য ব্যবহার মায়্রের আত্মরক্ষার চরম উপায়। সেই সত্য ব্যবহারের সাধনার প্রতি পাশ্চাত্য দেশ প্রতিদিন প্রদা হারাচ্ছে, তা নিয়ে তার লক্ষাও যাছে চলে। তাই জটিল হয়ে উঠেছে তার সমস্ত সমস্যা, বিনাশ হয়ে এল আসয়। য়ুরোপীয় সভাবের অন্ধ অম্বর্তী জাপান নিন্ধিমদমন্ডতায় নিত্যতন্ত্রের কথাটা ভূলেছে তা দেখাই বাচ্ছে, কিছু চিরস্কন প্রের্ম্বন্ত্র আপন অমেন্দ শাসন ভূলবে না এ কথা নিশ্চিত জেনে রাধা চাই।

নবযুগের আহ্বানে পশ্চিম এশিয়া কী রকম সাড়া দিছে সেটা স্পষ্ট করে জানা ভালো। থুব বড়ো করে সেটা জানবার এখনো সময় হয় নি। এখানে ওখানে একটু একটু লকণ দেখা ঘায়, সেগুলো প্রবল করে চোথে পড়বার নয়। কিন্তু সত্য ছোটো হয়েই আসে। সেই সত্য এশিয়ার সেই হুর্বলতাকে আঘাত কয়তে ভক্ করেছে যেখানে মুদ্ধ সংস্থারে, জড় প্রখায় তার চলাচলের পথ বদ্ধ। এ পথ এখনো খোলসা হয় নি, কিন্তু দেখা যায় এই দিকে তার মনটা বিচলিত। এশিয়ার নানা দেশেই

এমন কথা উঠেছে যে, সাম্প্রদায়িক থর্ম মানবের সকল কেন্দ্র জুড়ে থাকলে চলবে না। প্যালেন্টাইন-শাসনবিভাগের একজন উচ্চপদ্ধ ইংরেজ কর্মচারীকে বিদায়ভোজ দেওয়ার সভার তিনি যথন বললেন, Palestine is a Mahommedan country, and its government should, therefore, be in the hands of the Mahommedans, on condition that the Jewish and Christian minorities are represented in it,' তথন জেকজিলামের মৃফ্তি হাজি এমিন এল্-ছ্সেইনি উত্তর করলেন, 'For us it is an exclusively Arab, not a Mahommedan question. During your sojourn in this country you have doubtless observed that here there are no distinctions between Mahommedan and Christian Arabs. We regard the Christians not as a minority, but as Arabs.'

জানি এই উদারবৃদ্ধি সকলের, এমন-কি, অধিকাংশ লোকের নেই। তবু সে যে ছোটো বীজের মতো অতি ছোটো জায়গা জুড়েই নিজেকে প্রকাশ করতে চাইছে এইটে আশার কথা। বর্তমানে এ ছোটো, কিন্তু ভবিয়তে এ ছোটো নয়।

আর-একটা অখ্যাত কোণে কী ঘটছে চেয়ে দেখে। রুশীয় তৃকিস্থানে সোভিয়েট গবর্মেণ্ট অতি অল্পকালের মধ্যেই এশিয়ার মফচর জাতির মধ্যে যে নৃতন জীবন সঞ্চার করেছে তা আলোচনা করে দেখলে বিশ্বিত হতে হয়। এত ক্রতবেগে এতটা সফলতা লাভের কারণ এই যে, এদের চিন্তোৎকর্ম দাধন করতে, এদের আত্মশক্তিকে পূর্ণতা দিতে, সেখানকার সরকারের পক্ষে অস্তত লোভের, স্থতরাং ঈর্ধার বাধা নেই। মহতলে বিচ্চিন্ন বিশিপ্ত এই-সব ছোটো ছোটো জাতিকে আপন আপন রিপাব্লিক ছাপন করতে অধিকার দেওয়া হয়েছে। তা ছাড়া এদের মধ্যে শিকাবিভারের আয়োজন প্রভূত ও বিচিত্র। পূর্বেই অম্বত্র বলেছি, বছজাতিসংকুল বৃহৎ সোভিয়েট সাম্রাজ্যে আৰু কোথাও সম্প্রদায়ে সম্প্রদায়ে মারামারি কাটাকাটি নেই। জারের সামাজ্যিক শাসনে সেটা নিত্যই ঘটত। মনের মধ্যে যে স্বাস্থ্য থাকলে মানবের আত্মীয়সমধ্যে বিক্রতি ঘটে না সেই স্বাস্থ্য জাগে শিক্ষায় এবং স্বাধীনতায়। এই শিক্ষা এবং স্বাধীনতা নতুন বর্ষার বস্তাজনের মতো এশিয়ার নদীনালার মধ্যে প্রবেশ করতে শুরু করেছে। তাই বছ্যুগ পরে এশিয়ার মাহুষ আৰু আত্মাব্যাননার তুর্গতি থেকে নিজেকে মৃক্ত করবার জন্মে দীড়াল। এই মুক্তিপ্রস্থাসের আরক্তে যতই ছ:থবল্লণা থাক, তবু এই উভয়, মছন্ত্রগৌরব লাভের জন্তে এই-যে আপন সব-কিছু পণ করা, এর চেয়ে আনন্দের বিষয় আর কিছু নেই। আমাদের এই মুক্তির ছারাই সমত পৃথিবী মৃক্তি পাবে।

এ কথা নিশ্চিত মনে রাথতে হবে, মুরোপ আজ নিজের মরে এবং নিজের বাইরে আপন বন্দীদের হাতেই বন্দী।

১৯১২ খ্রীস্টাব্দে যথন যুরোপে গিয়েছিলুম তথন একজন ইংরেজ কবি আমাকে জিজাসা করেছিলেন, 'তুমি এখানে কেন এসেছ।' আমি বলেছিলুম, 'যুরোপে মান্ত্যকে দেখতে এসেছি।' যুরোপে জ্ঞানের আলো জলছে, প্রাণের আলো জলছে, তাই সেথানে মান্ত্য প্রচন্ত্র নয়, সে নিজেকে নিয়ত নানা দিকে প্রকাশ করছে।

সেদিন পারত্যেও আমাকে একজন ঠিক সেই প্রশ্নই জিজ্ঞাসা করেছিলেন। আমি বলেছিলাম, 'পারত্যে যে মাত্র্য সত্যিই পারসিক তাকেই দেখতে এসেছি।' তাকে দেখবার কোনো আশা থাকে না দেশে যদি আলো না থাকে। জলছে আলো জানি। তাই পারত্য থেকে যথন আহ্বান এল তথন আবার একবার দ্রের আকাশের দিকে চেয়ে মন চঞ্চল হল।

রোগশ্যা থেকে তথন সবে উঠেছি। ভাক্তারকে প্রশ্ন জিজ্ঞাসা করলুম না—
সাহস ছিল না— গরমের দিনে জলস্থলের উপর দিয়ে রৌজের তাপ এবং কলের নাড়া
থেতে থেতে দীর্ঘ পথ বেয়ে চলব সে সাহসেরও অভাব ছিল। আকাশ্যানে উঠে
পড়লুম। ঘরের কোণে একলা বসে যে বালক দিনের পর দিন আকাশের দিকে
তাকিয়ে দ্রের আহ্বান শুনতে পেত আজ সেই দ্রের আহ্বানে সে সাড়া দিল ওই
আকাশের পথ বেয়েই। পারস্তের খারে এসে নামলুম ত্দিন পরেই। তার পরদিন
সকালে পৌছলুম বৃশেয়ারে।

9

ব্শেয়ার সম্জের ধারে জাহাস্ত-ঘাটার শহর। পারস্তের অন্তরক ছান এ নয়।
বৈকালে পারদিক পার্লামেন্টের একজন সদস্ত আমার সক্ষে দেখা করতে এলেন।
জিজ্ঞাদা করতে চাইলেন আমি কী জানতে চাই। বললুম, পারস্তের শাখত অরপটি
জানতে চাই, বে পারস্ত আপন প্রতিভায় স্বপ্রতিষ্ঠিত।

তিনি বললেন, বড়ো মৃশকিল। সে পারত কোথায় কে জানে। এ দেশে এক বৃহৎ দল আছে তারা অশিক্ষিত, পুরোনো তাদের মধ্যে অপজ্ঞ নতুন তাদের মধ্যে অফুদ্গত। শিক্ষিত বিশেষণে যারা খ্যাত তারা আধুনিক; নতুনকে তারা চিনতে আরম্ভ করেছে, পুরোনোকে তারা চেনে না।

এই প্রসঙ্গে আমার বক্তব্য এই বে, সকলেরই মধ্যে দেশ প্রকাশমান নয়, বছর মধ্যে সে সম্পাষ্ট অনিদিষ্ট। দেশের যথার্য প্রকাশ কোনো কোনো বিশেষ মায়বের জীবনে ও উপলবিতে। দেশের আন্তর্ভোম প্রাণধারা ভাবধারা অকন্মাৎ একটা-কোনো ফাটল দিরে একটি-কোনো উৎসের মুখেই বেরিয়ে পড়ে। যা গভীরের মধ্যে সঞ্চিত তা সর্বত্ত বহুলোকের মধ্যে উদ্ঘটিত হয় না। যা অধিকাংশের আবিল চিডের আড়ালে থাকে তা কারো কারো প্রকৃতিগত মানসিক স্বজ্ঞতার কাছে সহজেই অভিব্যক্ত হয়। তাঁর পুঁথিগত শিক্ষা কন্তদ্ব, তাঁকে দেশ মানে কি মানে না, সে কথা অবান্তর। সেরক্ম কোনো কোনো দৃষ্টিমান লোক পারস্তে নিশ্চয়ই আছে; তারা সম্ভবত নামজাদাদের দলের মধ্যে নয়, এমন-কি, তারা বিদেশীদের কেউ হতেও পারে। কিছু পথিক মাম্য কোথায় তাদের খুঁজে পাবে।

বার বাড়িতে আছি তাঁর নাম মাহ্ম্দ রেজা। তিনি জমিদার ও ব্যবসারী।
নিজের ঘরত্রোর হেড়ে দিয়ে আমাদের জন্ম হংখ পেয়েছেন কম নয়, নতুন আসবাবপত্র
আনিয়ে নিজের অভ্যন্ত আরামের উপকরণকে উলটোপালটা করেছেন। আড়ালে
থেকে সমন্তক্ষণ আমাদের প্রয়োজনসাধনে তিনি ব্যন্ত, কিন্তু সর্বদা সমূথে এসে
সামাজিকতার অভিঘাতে আমাদের ব্যন্ত করেন না। এর বয়স অয়, শাস্ত প্রকৃতি,
সর্বদা কর্মপরারণ।

সম্বানের সমারোহ এসে অবধি নানা আকারে চলেছে। এই জিনিসটাকে আমার মন সম্পূর্ণ গ্রহণ করতে পারে না, নিজের মধ্যে আমি এর হিসাব মিলিয়ে পাই নে। বুশেয়ারের এই জনতার মধ্যে আমি কেই-বা। আমার ব্যক্তিগত ইতিহানে ভাষায় ভাবে কর্মে আমি যে বহুদুরের অঞ্চানা মাহুষ। যুরোপে যথন গিয়েছি তথন আমার কবির পরিচয় আমার সঙ্গেই ছিল। একটা বিশেষ বিশেষণে তারা আমাকে বিচার করেছে। বিচারের উপকরণ ছিল তাদের হাতে। এরাও আমাকে কবি বলে জানে. কিন্তু দে জানা কল্পনায়; এদের কাছে আমি বিশেষ কবি নই, আমি কবি। অর্থাৎ কবি বলতে দাধারণত এরা যা বোঝে ডাই সম্পূর্ণ আমার 'পরে আরোপ করতে এদের বাধে নি। কাব্য পারসিকদের নেশা, কবিদের সঙ্গে এদের আন্তরিক মৈত্রী। আমার খাতির সাহাব্যে সেই মৈত্রী আমি কোনো দান না দিয়েই পেয়েছি। অন্ত দেশে শাহিত্যরসিক মহলেই শাহিত্যিকদের আদর, পলিটিশিরনদের দরবারে তার আসন পড়ে না, এখানে সেই গণ্ডী হেখা গেল না। যারা সম্মানের আয়োজন করেছেন তাঁরা প্রধানত রাজ্বরবারীদের দল। মনে পড়ল ঈজিপ্টের কথা। সেধানে বধন গেলেম রাষ্ট্রনেতারা আমার অভ্যর্থনার জন্তে এলেন। বললেন, এই উপলক্ষে তাঁদের পার্লামেন্টের সভা কিছুক্সনের জন্তে মূলতুবি রাখতে হল। প্রাচ্যজাভীয়ের মধ্যেই এটা नखर। এদের কাছে আমি ভগু কবি নই, আমি প্রাচ্য কবি। সেইজক্তে এরা অগ্রসর

হয়ে আমাকে সন্মান করতে সভাবত ইচ্ছা করেছে, কেমনা সেই সন্মানের ভাগ এমের সকলেরই। পারসিকদের কাছে আমার পরিচয়ের আরো-একটু বিশিষ্টতা আছে। আমি ইণ্ডো-এরিয়ান। প্রাচীন ঐতিহাসিক কাল থেকে আরম্ভ করে আরু পর্যন্ত পারস্তে নিজেদের আর্থ-অভিমানবোধ বরাবর চলে এসেছে, সম্প্রতি সেটা ঘেন আরো বেশি করে জেগে ওঠবার লক্ষণ দেখা গেল। এদের সঙ্গে আমার রজের সম্ভ তার পরে এখানে একটা জনশ্রুতি রটেছে বে, পারসিক মরমিরা কবিদের রচনার সঙ্গে আমার নেথার আছে সাজাত্য। বেখানে পাঠকের কাছে কবিকে নিজের পথ নিজে অবারিত করে যেতে হয় সেথানে ভূমি বন্ধুর। কিন্তু যে দেশে আমার পাঠক নেই এখানে আমি সেই নিরাপদ দেশের কবি, এখানকার বছকালের সকল কবিরই রাজ-পথ আমার পথ। আমার প্রীতির দিক থেকেও এরা আমার কাছে এসেছে সহজ মান্তবের দখন্দে এরা আমার বিচারক নয়, বস্তু যাচাই করে মূল্য দেনাপাওনার কারবার এদের সঙ্গে নেই। কাছের মাতুষ বলে এরা ধ্রথন স্থামাকে অমুভব করেছে তথন ভল করে নি এরা, সভাই সহজেই এমের কাছে এসেছি। বিনা বাধার এমের कारक जाना नरुज, त्निंग व्याहरे जरूप्य कर्ता त्नि । धर्ता त्व जर्म नर्मात्कर, जरू ধর্মসম্প্রদায়ের, অক্ত সমাজগতীর, সেটা আমাকে মনে করিয়ে দেবার মতো কোনো উপলক্ষই আমার গোচর হয় नि। इরোপীয় সভ্যতায় সামাজিক বাঁধা নিয়মের বেছা, ভারতীয় হিন্দুসভ্যতায় সামাঞ্চিক সংস্কারের বেড়া আরো কঠিন। বাংলায় নিজের कांग (थरक द्वतिराम शक्तिमारे यारे, मक्तिमारे यारे, कांद्रा प्रदात मध्य जानम जान করে নেওয়া ত্রংসাধ্য, পারে পায়ে সংস্কার বাঁচিয়ে চলতে হয়- এমন-কি, বাংলার মধ্যেও। এথানে অশনে আদনে ব্যবহারে মাহুযে মাহুযে সহক্তেই মিশে খেতে পারে। এরা আতিথেয় বলে বিখ্যাত, সে আতিথো পঙ্জিভেদ নেই।

১৬ এপ্রেল। সকাল সাতটার সময় শিরাক্ত অভিমুখে ছাড়বার কথা। শরীর ষদিও অস্থ ও রাস্ত তব্ অভ্যাসমত ভোরে উঠেছি, তথন আর-সকলে শ্ব্যাগত। সকলে মিলে প্রস্তুত হয়ে বেরতে নটা পেরিয়ে গেল।

মেঠো রাভা। মোটরগাড়ির চালচলনের সংক্ত রাভাটার ভলিষার বনিবনাও নেই। নেই অসামগ্রভের ধারা যাত্রীরা প্রতিমূহুর্তে ব্ঝেছিল। যাকে বলে হাড়ে হাড়ে বোঝা।

মাঠের পর মাঠ, তার আর শেব নেই। কোপাও একটা ঘর বা গাছ বা বসতির

চিক্দ দেখি নে। পারভাদেশের বেশির ভাগ উচ্চ মালভূমি, পাহাড়ে বেষ্টিত, আবার মাঝে মাঝে গিরিজেলী। এই মালভূমি সমুদ্র-উপরিতল থেকে পাঁচ-ছয় হাজার ফিট উচু। এর মাঝখানটা নেমে গিয়েছে প্রকাণ্ড এক মরুভূমিতে। এই অধিত্যকায় পাহাড় ডিঙিয়ে মেন পোঁছতে বাধা পায়। রৃষ্টিপাতের পরিমাণ অতি অল্ল। পর্বত থেকে জললোত নেমে মাঝে মাঝে উর্বরতা সৃষ্টি করে। কিন্তু ক্ষীণজল এই লোভগুলি সমুদ্র পর্বন্ত প্রায় পোঁছয় না, মরু নেয় তাদের শুবে কিন্তা জলার মধ্যে তাদের ত্বতি বটে।

বন্ধুর পথে নাড়া থেতে থেতে ক্রমে সেই বিশাল নীরস শৃত্যতার মধ্যে দূরে দেখা যায় থেজুরের কুঞ্জ, কোথাও-বা বাবলা। এই জনবিরল জায়গায় দশ মাইল অন্তর সশস্ত্র পুলিদ পাহারা। পথে পথিক প্রায় দেখি নে। আমাদের দেশ হলে আর্তনাদমুধর গোলর গাড়ি দেখা খেত। এ দেশে তার জায়গায় পিঠের ছই পাশে বোঝা
ঝুলিয়ে গাধা কিমা দল-বাঁধা থচ্চর, মাঝে মাঝে ভেড়ার পাল নিয়ে মেষপালক,
ছই-এক জায়গায় কাঁটাঝোপের মধ্যে চরে বেড়াচ্ছে উটের দল।

বেলা যায়, রৌন্র বেড়ে ওঠে। মোটর-চক্রোৎক্ষিপ্ত ধুলো উড়িয়ে বাতাস বইছে, আমাদের শীতের হাওয়ার মতো ঠাগু। কচিৎ এক-এক জায়গায় দেখি তোরণওয়ালা মাটির ছোটো কেলা, সেখানে মোটর দাঁড় করিয়ে আমাদের অভ্যর্থনা জানানো হয়। ডান দিগস্তে একটা পাহাড়ের চেহারা ফুটে উঠেছে, যাত্রা-আরভ্তে আকাশের ঘোলা নীলের মধ্যে এ পাহাড় অবগুষ্ঠিত ছিল।

এই অঞ্চলটায় বাষ্ ক্রি জাতের বাস, তাদের ভাষা তুর্কি। পূর্বতন রাজার আমলে এথানে তাদের বদতি পত্তন হয়। এদের ব্যাবদা ছিল দহ্যবৃত্তি। নৃতন আমলে এদের ঠাণ্ডা করা হচ্ছে। শোনা গেল কিছুদিন আগে পথের মধ্যে এরা একটা সাঁকো ভেঙে রেখেছিল। মালবোঝাই মোটরবাস উলটে পড়তেই খুনজথম লুটপাট করে। এই ঘটনার প্রে রাজা তাদের প্রধানের ছেলেকে জামিনস্বরূপে তেহেরানে নিয়ে রেখেছেন। শান্তিটা কঠোর নয়, অথচ কেজো। এই জাতের দলপতি শাক্ষলা থা তাঁর বসতিগ্রাম থেকে এসে আমাদের অভিবাদন জানিয়ে গেলেন। আর কয়েক বছর আগে হলে এই অভিবাদনের ভাষা সম্পূর্ণ অন্তর্নম হত, যাকে বলা যেতে পারত মর্মগ্রাহী। বুশেয়ার থেকে বরাবর আমাদের গাড়ির আগে আগে আর একটি মোটরে বন্দুকধারী পাহারা চলেছে। প্রথমে মনে করেছিল্ম বুঝি-বা এটা রাজকায়দার বাছল্য অলংকার, এখন বোধ হচ্ছে এর একটি জয়নির অর্থ থাকতেও পারে।

মেটে ব্লান্তা ক্রমে ছড়ি-বিছানো হয়ে এল। বোঝা বায় পাহাড়ের বুকে উঠছি।

পথের প্রান্তে কোথাও-বা গিরিনদী চলেছে পাথরের মধ্য দিয়ে পথ কেটে। কিন্তু তারা তো লোকালয়ের ধাত্রীর কাক্ত্রছে না। মাহ্র কোথায়। মাঠে মাঝে মাঝে আকন্দগাছ কুলগাছ উইলো— মাঝে মাঝে গমের থেতে চাবের পরিচয় পাই, কিন্তু চাবীর পরিচয় পাই নে।

মধ্যাহ্ন পেরিয়ে যায়। শিরাজের পুথ দীর্ঘ। এক দিনে যেতে কট্ট হবে বলে ছির হয়েছে থজেয়নে গবর্নরের আভিথ্যে মধ্যাহ্নভোজন সেরে রাত্রিয়াপন করব। কিন্তু বিলম্বে বেরিয়েছি, সময়মত সেধানে পৌছবার আশা নেই, তাই পথে কোনার্তাথ্তে নামে এক জায়গায় প্রহরীদের মেটে আড্ডায় আমাদের মোটর গাড়িথামল। মাটির মেঝের 'পরে তাড়াতাড়ি কম্বল কার্পেট বিছিয়ে দিলে। সঙ্গে আহার্য ছিল, থেয়ে নিলুম। মনে হল, এ যেন বইয়ে পড়া গয়ের পাছশালা, থেজুর-কুয়ের মাঝথানে।

এবার পাহাড়ে আঁকাবাঁকা চড়াই পথে উঠছি। পাহাড়গুলো দম্পূর্ণ টাক-পড়া, এমন-কি, পাধরেরও প্রাধান্ত কম। বড়ো বড়ো বড়ো মাটির স্থপ। যেন মৃড়িয়ে দেওয়া দৈত্যের মাথা। বোঝা যায় এটা বৃষ্টিবিব্রল দেশ, নইলে গাছের শিক্ড যে মাটিকে বেঁধে রাথে নি বৃষ্টির আঘাতে দে মাটি কতদিন টি কতে পারে। স্বল্পথিক পথে মাঝে মাঝে কেরোসিনের বোঝা নিয়ে গাধা চলেছে। বোঝাই-করা বড়ো বড়ো সরকারি মোটর বাস আমাদের পথ বাঁচিয়ে নড়বড় করে ছুটেছে নীচের দিকে। পাহাড়ের পর পাহাড়, তৃণহীন জনহীন রুক্ষ, যেন পৃথিবীর বৃক্ থেকে একটা তৃষার্ভ দৈন্তের আশ্রহীন কালা ফলে ফুলে উঠে শক্ত হয়ে গেছে।

বেলা যায়। এক জায়গায় দেখি পথের মধ্যে থজেরুনের গবর্নর ঘোড়সওয়ার পাঠিয়েছেন আমাদের আগিয়ে নিয়ে যাবার জ্বন্তে। বোঝা গেল তাঁরা অনেকক্ষ্ণ ধরে প্রতীক্ষা করছেন।

প্রাদাদে পৌছলুম। বড়ো বড়ো কমলালেবুগাছের ঘনসংহত বীথিকা; স্নিগ্ধচ্ছায়ায় চোথ জুড়িয়ে দিলে। সেকালের মনোরম বাগান, নাম বাগ-ই-নজর। নিংম্ব রিক্তভার মাঝথানে হঠাৎ এইরকম সবুজ ঐশর্যের দানসত্ত্ব, এইটেই পারস্তের বিশেষত্ব।

বাগানের তরুতলে আমাদের ভোজের আয়োজন। কিন্তু এথনকার মতো ব্যর্থ হল। আমি নিরতিশয় ক্লান্ত। একটি কার্পেট-বিছানো ছোটো ঘরে খাটের উপর শুয়ে পড়লুম। বাতালে তাপ নেই, সামনে খোলা দরজা দিয়ে ঘন স্বুক্তের উচ্ছান চোখে এনে পড়ছে।

কিছুক্রণ পরে বিছানা ছেড়ে বাগানে গিয়ে দেখি, গাছতলায় বড়ো বড়ো ডেকচিতে

মোটা মোটা পাচক রারা চড়িয়েছে, আমাদের দেশে যজের রারার মতো। ব্রুপুষ রাজিভোজের উল্লোগপুর।

অতিথির সম্মানে আন্ধ এখানে সরকারি ছুটি। সেই স্থোগে অনেকক্ষণ থেকে লোক জ্মায়েত হয়েছিল। আমাদের দেরি হওয়াতে ফিরে গেছে। ধারা বাকি আছেন তাঁদের সক্ষে বসে গেলুম। সকলেরই মুখে তাঁদের রাজার কথা। বললেন, তিনি অসামান্ত প্রতিভার জোরে দশ বছরের মধ্যে পারক্তের চেহারা বদলিয়ে দিয়েছেন।

এইখানে আধুনিক পারশু-ইতিহাসের একটুখানি আভান দেওরা যেতে পারে।

কান্তার-জাতীয় আগা মহম্মদ থার দানবিক নিষ্টুরতায় এই ইতিহাসের বর্তমান অধ্যায় আরম্ভ হল। এরা পারদিক নয়। কান্তাররা তুকিজাতের লোক। তৈম্রলঙ এদের পারতে নিয়ে আনে। বর্তমানে রেজা শা পহলবীর আমলের পূর্ব পর্যন্ত পারতের রাজিনিংহাসন এইজাতীয় রাজাদের হাতেই ছিল।

উনবিংশ শতান্দীর শেষার্ধে শা নাসিরউদ্দিন ছিলেন রান্ধা। তথন থেকে রাষ্ট্রবিপ্লবের স্থচনা দেখা দিল। এই সময়ে পারক্তের মন বে জেগে উঠেছে তার একটা নিদর্শন দেখা যায় বাবিপদ্ধীদের ধর্মবিপ্লবে। ঠিক এই সময়েই রামমোহন রায় বাংলাদেশে প্রচার করেছিলেন ধর্মসংস্থার। নাসিরউদ্দিন অতি নিচুন্নভাবে এই সম্প্রায়ক দলন করেন।

পারস্তের রাজাদের মধ্যে নাসিরউদ্দিন প্রথম যুরোপে বান আর তাঁর আমল থেকেই দেশকে বিদেশীর ঋণজালে অভিত করা তুরু হল। তাঁর ছেলে মঞ্চ্ছ ফ্র-উদ্দিনের আমলে এই জাল বিস্তৃত হ্বার দিকে চলল। তামাকের ব্যাবদার একচেটে অধিকার তিনি দিলেন এক ইংরেজ কোম্পানিকে। এটা দেশের লোকের দইল না, তারা ভাষাক বর্গট করে দিলে। দেশস্থ তামাকথারদের তামাক ছাড়া সোজা নয়, কিন্তু তাও ঘটল। এই উপায়ে এটা রদ হয়ে গেল, কিন্তু দুও দিতে হল কোম্পানিকে খ্ব লখা মাপে। তার পরে লাগল রাশিয়া, তার হাতে রেলওয়ে। বেলজিয়ম খেকে কর্মচারী এল পারস্তে ট্যাক্স আদায়ের কাজে, ইংরেজও উঠে পড়ে লাগল পারস্ত-বিভাগের কাজে।

এ দিকে দেশের লোকের কাছ থেকে ক্রমাগত তাগিদ আসচে রাষ্ট্রসংস্কারের।

শেষকালে রাজাকে মেনে নিতে হল। প্রথম পারসিক পার্লামেন্ট খুলল ১৯০৬ খ্রীস্টাব্দে

অক্টোবরে।

এ রাজা মারা গেলেন। ছেলে বসলেন গদিতে, শা মহম্মদ আলি। পারত্তে তথন প্রাদেশিক গর্বর্বরা ছিল এক-এক নবাববিশেষ, তারা সকল বিষয়েই দের বাধা। প্রজারা এদের বরখান্ত করবার দাবি করলে, আর মান্তল-আদায়ের বেলজিয়ান কর্তাদেরও সরিয়ে দেবার প্রস্তাব পার্লামেন্টে উঠল।

বলা বাছল্য, দেশের লোক পার্লামেণ্ট শাসনপদ্ধতিতে ছিল আনাড়ি। দায়িত্ব হাতে আসার দলে দক্ষেই ক্রমে ক্রমে তাদের হাত পেকে উঠল। কিন্ত রাজকোষ শৃক্ত, রাজস্ববিভাগ ছারধার।

অবশেষে একদা ইংরেজে রাশিয়ানে আপস হয়ে গেল। তুই কর্তার একজন পারস্তের মৃত্তের দিকে আর-একজন তার লেজের দিকে তুই হাওদা চড়িয়ে সওয়ার হয়ে বসল, অঙ্গুলরূপে সঙ্গে রইল সৈন্তসামস্ত। উত্তর দিকটা পড়ল রুশীয়ের ভাগে, দক্ষিণ দিকটা ইংরেজের, অল্ল একটুখানি বাকি রইল দেখানে পারস্তের বাতি টিম্ টিম্ করে জলছে।

রাজায় প্রজায় তকরার বেড়ে চলল। একদিন রাজার দল মোলার দলে মিশে পড়ল গিয়ে শহরের উপর, পার্লামেণ্টের বাড়ি দিলে ভূমিসাৎ করে। কিন্তু দেশকে দাবিয়ে দিতে পারল না, আবার একবার নতুন করে কনষ্টিট্যশনের পত্তন হল।

ইংরেজ ও ফশ উভয়েই মনে অত্যন্ত ব্যথা পেয়েছে শাহকে দেশের লোক এমন বিশীরকম ব্যন্ত করছে বলে। বলাই বাহল্য, নতুন কনন্তিট্যশনের প্রতি তাদের দর্ম ছিল না। ফশীয় কর্নেল লিয়াকভ একদিন দৈল্ল নিয়ে পছল পার্লামেণ্টের উপরে। লড়াই বেধে গেল, বড়ো বড়ো অনেক সদত্য গেলেন মারা, কেউ-বা হলেম বন্দী, কেউ-বা গেলেন পালিয়ে। লঙ্গন টাইম্ল্ বললেন, স্পটই প্রমাণ হচ্ছে শ্বরাজভন্ত ওরিয়েণ্টালদের ক্মতার অতীত।

তেহেরানকে ভীষণ অত্যাচারে নির্ম্পীব করলে বটে, কিন্তু অক্ত প্রেদেশে যুদ্ধ চলতে লাগল। শেষে পালাতে হল রাজাকে দেশ ছেড়ে, তাঁর এগারো বছরের ছেলে উঠলেন রাজগদিতে। রাজা যাতে মোটা পেনসন পান ইংরেজ এবং রুশ তার ব্যবস্থা করলেন। রুশীয়ের সাহাধ্যে পলাতক রাজা আবার এসে দেশ আক্রমণ করলেন। হার হল তাঁর।

আমেরিকা থেকে মর্গ্যান ওস্টার এলেন পারক্রের বিধনত রাজস্ববিভাগকে থাড়। করে তুলতে। ঠিক যে সময়ে তিনি কৃতকার্য হয়েছেন, রাশিয়া বিকছে লাগল। পারক্রের উপর হকুষ জারি হল ওস্টারকে বিলায় করতে হবে। প্রতাব হল, ইংরেজ এবং কশের সম্বতি ব্যতীত কোনো বিদেশীকে রাষ্ট্রকার্যে আহ্বান করা চলবে না।
এ নিয়ে পার্লামেণ্টে বিকল্ধ আন্দোলন চলল। কিন্তু টি কল না। শুস্টার নিলেন
বিদায়, রাষ্ট্রসংস্থারকরা কেউ-বা গেলেন জেলে, কেউ-বা গেলেন বিদেশে। এইসময়কার
বিবরণ নিয়ে শুস্টার The Strangling of Persia -নামক যে বই লিখেছেন তার
মতো শোকাবহ ইতিহাস অল্পই দেখা যায়।

এ দিকে মুরোপের যুদ্ধ বাধল। তথন রুশিয়া সেই স্থােগে পারভা আপন আসন আরো ফলাও করে নেবার চেন্তায় প্রবৃত্ত হল। অবশেষে বলশেভিক বিপ্লবের তাড়ায় তারা গেল সরে। এই স্থােগে ইংরেজ বসল উত্তর-পারভা দখল করে। নিরস্তর লডাই চলল দেশবাসীদের সঙ্গে।

১৯১৯ খ্রীন্টাব্দে সার পার্দি কক্ষু এলেন পারস্তে ব্রিটিশ মন্ত্রী। তিনি পারসিক গবর্মেন্টের এক দলের কাছ থেকে কড়ার করিয়ে নিলেন যে, সমগ্র পারস্তের আধিপত্য থাকবে ইংরেজের হাতে, তার শাসনকার্য ও সৈন্তবিভাগ ইংরেজের অকুলিসংকেতে চালিত হবে। এ'কে ভক্রভাষায় বলে প্রোটেক্টোরেট। এর নিগৃত অর্থটা সকলেরই কাছে স্থবিদিত— অর্থাৎ, ওর উপক্রমণিকা বৈষ্ণবের ঝুলিতে, ওর উপসংহার শাক্তের কবলে। যাই হোক, সম্পূর্ণ পার্লামেন্টের কাছে এই সন্ধিপত্র স্বাক্ষরের জন্তে পেশ করতে কারো সাহস্ব হল না।

এই ত্র্বোগের দিনে রেজা থাঁ তাঁর কসাক সৈক্ত নিয়ে দখল করলেন তেহেরান।
ও দিকে সোভিয়েট গবর্মেন্ট দৈক্ত পাঠিয়ে উত্তর-পারত্তে ইংরেজকে প্রতিরোধ করতে
এল। ইংরেজ পারত্ত ত্যাগ করলে। এতকালের নিরন্তর নিপীড়নের পর পারত্ত
সম্পূর্ণ নিম্বৃতি লাভ করল। সোভিয়েট রাশিয়ার নৃতন রাজদৃত রট্ন্টাইন এসে এই
লেখাপড়া করে দিলেন যে, এত কাল সাম্রাজ্যিক রাশিয়া পারত্তের বিরুদ্ধে যে দলননীতি
প্রবর্তন করেছিল সোভিয়েট গবর্মেন্ট তা সম্পূর্ণ প্রত্যাখ্যান করতে প্রস্তুত। পারত্তের
যে-কোনো অত্ব রাশিয়ার কবলে গিয়েছিল সমন্তই তাঁরা ফিরিয়ে দিছেন; রাশিয়ার
কাছে পারত্তের যে ঋণ ছিল তার থেকে তাকে মৃক্তি দেওয়া হল এবং রাশিয়া পারত্তে
বে-সমন্ত পথ বন্দর প্রভৃতি অয়ং নির্মাণ করেছিল কোনো মৃল্য দাবি না করে দে
সমন্তের অত্বই পারত্তকে অর্পন করা হল।

রেজা থা প্রথমে সামরিক বিভাগের মন্ত্রী, তার পরে প্রধান মন্ত্রী, তার পরে প্রজা-সাধারণের অন্থরোধে রাজা হলেন। তাঁর চালনার পারত্ত অন্তরে বাহিরে নৃতন বলে বিলিষ্ঠ হয়ে উঠছে। রাষ্ট্রের নানা বিভাগে বে-সকল বিদেশীর অধ্যক্ষতা ছিল তারা একে একে গেছে সরে। শোষণ-লুঠন-বিভাটের শাস্তি হয়ে এল, সমন্ত দেশ জুড়ে আজুক্ড়া পাহার। দাঁড়িয়ে আছে তর্জনী তুলে। উদ্দ্রান্ত পারক্ত আজ নিজের হাতে নিজেকে ফিরে পেয়েছে। জয় হোক রেজা শা পহলবীর।

এঁদের কাছে আর-একটা ধবর পাওয়া গেল, দেশের টাকা বাইরে যেতে দেওয়া হয় না। বিদেশ থেকে যারা কারবার করতে আসে সমান মূল্যের জিনিস এথান থেকে না কিনলে তাদের মাল বিক্রি বন্ধ। আমদানি রফতানির মধ্যে অসাম্য না থাকে সেই দিকে দৃষ্টি।

8

আমার শরীর ক্লান্ত তাই রাত্রের আহার ক্লেলা আমার দরে পাঠাবেন বলে এঁর।
ঠিক করেছিলেন। রাজি হলুম না। বাগানে গাছতলার দীপের আলোকে দকলের
দক্লে থেতে বদলুম। এথানকার দেশী ভোজ্য। পোলাও কাবাব প্রভৃতিতে আমাদের
দেশের মোগলাই থানার সঙ্গে বিশেষ প্রভেদ দেখা গেল না।

ক্লান্ত শরীরে শুতে গেলুম। বথারীতি ভোরের বেলায় প্রস্তুত হয়ে যথন দরজা খুলে দিয়েছি তথন হটি-একটি পাথি ডাকতে আরম্ভ করেছে।

যাত্রা যথন আরম্ভ হল তথন বেলা সাড়ে-সাতটা। 'বাইরে আফিমের থেতে ফুল ধরেছে। গেটের সামনে পথের ও পারে দোকান খুলেছে সবেমাত্র। স্থনর স্থিম সকালবেলা। বাঁ ধারে নিবিড় সব্দবর্গ দাড়িষের বন— গমের থেত, তাতে নতুন চারা উঠেছে। এ বংসর দীর্ঘ অনার্ষ্টিতে ফসলে তেজ নেই, তব্ এ জায়গাটি তৃণে গুলো রোমাঞ্চিত।

উপলবিকীর্ণ পথে ঠোকর খেতে খেতে গাড়ি চলেছে। উচু পাহাড়ের পথ অপেকারুত নিম্ভূমিতে এবে নামল। অন্তর সাধারণত নগরের কিছু আগে থাকতেই তার উপক্রমণিকা দেখা বায়, এখানে তেমন নয়, শৃন্ত মাঠের প্রাস্তে অক্ষাৎ শিরাজ বিরাজমান। মাটির তৈরি পাঁচিলগুলোর উপর থেকে মাঝে মাঝে চোখে পড়ঙ্গ পপলার ক্মলালের চেন্ট্নাট এল্ম্ গাছের মাথা।

শিরাজের গবর্নর আমাকে সমারোহ করে নিয়ে গেলেন এক বড়ো বাড়িতে সভাগৃহে। কার্পে ট-পাতা মন্ত মর। তুই প্রান্তের দেয়াল-বরাবর অভ্যাগতেরা বসেছেন, তাঁদের সামনে ফলমিষ্টায়সহবোগে চায়ের সরক্ষাম চোটো ছোটো টেবিলে সাজানো। এখানে শিরাজের সাহিত্যিকদল ও নানা জেণীর প্রতিনিধিরা উপস্থিত। শিরাজ-নাগরিকদের হয়ে একজন যে অভিবাদন পাঠ করলেন তার মর্ম এই— শিরাজ শহর ° ছটি চিরজীবী মাছ্যের গৌরবে গৌরবাহিত। তাঁদের চিত্তের পরিমণ্ডল তোমার চিত্তের কাছাকাছি। যে উৎস থেকে তোমার বাণী উৎসারিত সেই উৎসধারাতেই এথানকার ছই কবিজীবনের পূজকানন অভিবিক্ত। যে সাদির দেহ এথানকার একটি পরিত্র ভূথগুত্তেল বহু শতাকীকাল চিরবিস্ত্রামে শন্তান তাঁর আত্মা আজ এই মৃহুর্তে এই কাননের আকাশে উর্ধ্বে উভিত, এবং এখনি কবি হাফেজের পরিতৃপ্ত হাস্ত তাঁর স্বদেশবালীর আনন্দের মধ্যে পরিব্যাপ্ত।


আমি বললেম, যথোচিতভাবে আপনাদের সৌজ্জের প্রতিষোগিতা করি এমন সম্ভাবনা নেই। কারণ, আপনারা যে ভাষায় আমাকে সম্ভাবণ করলেন সে আপনাদের নিজের, আমার এই ভাষা ধার করা। জমার থাতায় আমার তরফে একটিমাত্র অব্ব উঠল, সে হচ্ছে এই যে, আমি সপরীক্ষি এথানে উপস্থিত। বলাধিপতি একদা কবি হাকেলকে বাংলায় নিমন্ত্রণ করেছিলেন, তিনি বেতে পারেন নি। বাংলার কবি পারত্যাধিপের নিমন্ত্রণ পেলে, সে নিমন্ত্রণ রক্ষাও করলে এবং পারত্যকে তার প্রীতি ও ভভকামনা প্রত্যক্ষ জানিয়ে ক্বভার্ধ হল।

সভার পালা শেষ হলে পর চললেম গ্রমনেরের প্রাদাদে। পথে যে শিরাজের পরিচয় হল সে নৃতন শিরাজ। রাভা ঘরবাড়ি -তৈরি চলছে। পারভার শহরে শহরে এই নৃতন রচনার কাজ সর্বিটে জেগে উঠল, নৃতন যুগের অভার্থনায় সমস্ত দেশ উৎসাহিত।

দৈনিকপঙ্কির মধ্য দিয়ে বৃহৎ প্রাক্তণ পার হয়ে গবর্নরের প্রাদাদে প্রবেশ করলেম। মধ্যাহভোজনের আয়োজন সেথানে অপেক্ষা করছে। কিন্তু অন্ত সকল অন্তর্চানের পূর্বেই যাতে বিশ্রাম করতে পারি সেই প্রার্থনামতই ব্যবস্থা হল। পরিকার হয়ে নিয়ে আশ্রয় নিল্ম শোবার ঘরে। তথন বেলা চারটে। রাত্রে নিমন্ত্রিতর্বের সঙ্গে আহার করে দীর্ঘদিনের অবসান।


দকালে গবর্নর বললেন, কাছে এক ভল্রলোকের বাগানবাড়ি আছে, সেটা আমাদের বাদের জন্ত প্রস্তত। দেখানেই আমার বিশ্বামের স্থবিধা হবে বলে বাদা-বদল দ্বির হল।

১৭ এপ্রেল। আজ অপরাহে সাদির স্মাধিপ্রাক্তণ আমার অভ্যর্থনার সভা।
গবর্নর প্রথমে নিয়ে গেলেন চেম্বার অফ ক্মার্সে। সেখানে সদক্ষদের সঙ্গে বসে
চা খেরে গেলেম সাদির স্মাধিস্থানে। পথের তৃই ধারে জনতা। কালো কালো
আভরাধার মেরেদের স্বাক ঢাকা, মুথেরও অনেক্থানি, কিন্তু বুর্থা নয়। সাধারণত
পুক্রব্যের কাপড় মুরোপীয়, কচিৎ দেখা গেল পায়ড়িও লখা কাপড়। বর্তমান রাজার









আদেশে দেশের পুরুষেরা যে টুপি পরেছে তার নাম শহলবী টুপি। সেটা কপালের শামনে কানা-তোলা ক্যাপ।

শামাদের গান্ধিটুপি বেমন শ্রীহীন ভারতের-প্রথা-বিরুদ্ধ ও বিদেশী-দে বা এও নেইরকম। কমিষ্ঠতার মূগে সাজের বাহল্য স্বভাবতই থদে পড়ে। তা ছাড়া একেলে বেশ শ্রেণীনিবিশেবে বড়ো ছোটো সকলেরই হুলভ ও উপযোগী হবার দিকে ঝোঁকে। बूरब्रांट्न धक्का रहान रहान, ध्यम-कि, धक रहानहे, दिलात देवित वर्षहे छिन । अथह সমস্ত রুরোপ আজ এক পোশাক পরেছে, তার কারণ সমস্ত রুরোপের উপর দিরে বরেচে একই হাওয়া। সময় অল্প, কাজের তাড়া বেশি, তার উপর সামাজিক শ্রেণীভেক হালকা হয়ে এদেছে। আজ যুরোপের বেশ ভর্ব বে শক্ত মারুবের, তৎপর মারুবের তা নয়. এ বেশ সাধারণ মারুষের— যারা স্বাই একই বড়োরান্তায় চলে। আজ পারস্ত कुम्ब मेजिनी धवर बात्रत्वत त्य बर्ग त्वराह नवारे धरे नर्वक्रीन छेनि श्रद्ध करतहा, नरेरम दुखि मरनत रमल महक रम ना। जाशास्त्र छारे। जामारमन्त्र धुकि-शता जिला মন বদল করতে হলে হয়তো-বা পোশাক বদলানো দরকার। আমরা বছকাল ছিলুম বাবু, হঠাৎ হয়েছি খণ্ড-ড-ওয়ালা শ্রীযুৎ, অথচ বাবুর দোহল্যমান বেশই কি চিরকাল থাকবে। ওটাতে বে বদনবাহলা আছে দেটা যাই-ঘাই করছে, হাঁটু পর্যন্ত ছাঁটা পাল্লকামা ব্রুতবেগে এগিলে আসছে। যুগের হুকুম শুরু মনে নয়, গাল্লে এসেও লাগল। মেরেদের বেশে পরিবর্তনের ধান্ধা এমন করে লাগে নি— কেননা মেরেরা অতীতের সবে বর্তমানের সেতু, পুরুষরা বর্তমানের সঙ্গে ভবিশ্বতের।

সাদির সমাধিতে স্থাপত্যের গুণপনা কিছুই নেই। আজকের মতো ফুল দিরে প্রদীপ দিয়ে কররস্থান সাজানো হয়েছে। সেথান থেকে সমাধির পশ্চাতে প্রশস্ত প্রাক্তনে বৃহৎ জনসভার মধ্যে গিয়ে আসন নিপ্ম। চত্তরের সামনে সমৃচ্চ প্রাচীর অতি স্থার বিচিত্র কার্পেটে আর্ড করা হয়েছে, মেজের উপরেও কার্পেট পাতা। সভাস্থ সকলেরই সামনে প্রাক্তণ বিরে ফল মিষ্টার সাজানো। সভার ডান দিকে মীলাভ পাহাড়ের প্রান্তে স্থা অন্তোর্থ। বামে সভার বাইরে পথের ও পারে উচ্চভূমিতে ভিড় জ্মেছে— অধিকাংশই কালো কাপড়ে আছের স্বীলোক, মাঝে মাঝে বন্দুকধারী প্রহেরী।

ভিনটি পারসিক ভদ্রলোক তেহেরান থেকে এসেছেন আমাদের পথের স্থবিধা করে দেবার জন্তে। এঁদের মধ্যে একজন আছেন তিনি পররাষ্ট্রবিভাগীর মন্ত্রীর ভাই ফেক্স্মি। সকলে বলেন ইনি ফিলজ্ফার; সৌম্য শাস্ত এঁর মৃতি। ইনি ফেঞ্চ' জানেন, কিছু ইংরেজি জানেন না। তবু কেবলমান্ত সংস্থা থেকে এঁর নীরব পরিচর আমাকে পরিতৃথি দেয়। ভাষার বাধায় ষে-সব কথা ইনি বলতে পারলেন মা, অন্থানে ব্রুতে পারি দেগুলি মূল্যবান। ইনি আশা প্রকাশ করলেন আমার পারতে আসা সার্থক হবে। আমি বলন্ম, আপনাদের পূর্বতন স্থাসাধক কবি ও রূপকার বারা আমি তাঁদেরই আপন, এসেছি আধুনিক কালের ভাষা নিয়ে; তাই আমাকে স্বীকার করা আপনাদের পক্ষে কঠিন হবে না। কিন্তু নৃতন কালের যা দান তাকেও আমি অবজ্ঞা করি নে। এ মূগে মুরোপ যে সত্যের বাহনরূপে এসেছে তাকে যদি গ্রহণ করতে না পারি তা হলে তার আঘাতকেই গ্রহণ করতে হবে। তাই বলে নিজের আন্তরিক ঐশ্বর্যকে হারিয়ে বাহিরের সম্পদকে গ্রহণ করা যায় না। যে দিতে পারে সেই নিতে পারে, ভিক্কক তা পারে না।

আজ দকালে হাফেজের দমাধি হয়ে বাগানবাড়িতে গিয়ে আতায় নেবার কথা।
তার পূর্বে গবর্নরের দক্ষে এখানকার রাজার দয়েজ আলাপ হল। একদা রেজা শা
ছিলেন কদাক দৈর্ভদলের অধিপতি মাত্র। বিভালয়ে য়ুরোপের শিক্ষা তিনি পান নি,
এমন-কি, পারসিক ভাষাতেও তিনি কাঁচা। আমার মনে পড়ল আমাদের আকবর
বাদশাহের কথা। কেবল যে বিদেশীর কবল থেকে তিনি পারভাকে বাঁচিয়েছেন তা
নয়, মোল্লাদের-আধিপত্যজালে-দূঢ়বদ্ধ পারভাকে মৃক্তি দিয়ে রাষ্ট্রতন্ত্রকে প্রবল ও অচল
বাধা থেকে উদ্ধার করেছেন।

আমি বলনুম, হুর্ভাগা ভারতবর্ধ, জটিল ধর্মের পাকে আপাদমশুক জড়ীভূত ভারতবর্ধ। অন্ধ আচারের বোঝার তলে পন্ধু আমাদের দেশ, বিধিনিবেধের নির্থকভায় শতধাবিভক্ত আমাদের সমাজ।

গবর্নর বললেন, সাম্প্রদায়িক ধর্মের বেড়া ডিঙিয়ে যতদিন না ভারত একাত্ম হবে ততদিন গোলটেবিল বৈঠকের বরগ্রহণ করে তার নিষ্কৃতি নেই। অন্ধ যারা তারা ছাড়া পেলেও এগোয় না, এগোতে গেলেও মরে গর্তে পড়ে।

অবশেবে হাফেজের সমাধি দেখতে বেরলুম। নৃতন রাজার আমলে এই সমাধির সংস্কার চলছে। পুরোনো কবরের উপর আধুনিক কারখানায় ঢালাই-করা জালির কাজের একটা মগুপ তুলে দেওয়া হয়েছে। হাফেজের কাব্যের সঙ্গে এটা একেবারেই থাপ থায় না। লোহার বেড়ায় ছেরা কবি-আত্মাকে মনে হল যেন আমাদের পুলিস্রাজতের অভিনালের কয়েদী।

ৈ ভিতরে গিয়ে বসলুম। সমাধিরক্ষক একথানি বড়ো চৌকো আকারের বই এনে উপস্থিত করলে। সেথানি হাফেজের কাব্যগ্রন্থ। সাধারণের বিখাদ এই যে, কোনো

একটি বিশেষ ইচ্ছা মনে নিয়ে চোথ বুজে এই গ্রন্থ খুলে যে কবিভাটি বেরবে ভার থেকে ইচ্ছার সফলভা নির্ণন্ন হবে। কিছু আগেই গবর্নরের সঙ্গে যে বিষয় আলোচনা করেছিলুম সেইটেই মনে জাগছিল। তাই মনে মনে ইচ্ছা করলুম ধর্মনামধারী অন্ধতার প্রাণাস্তিক ফাঁস থেকে ভারতবর্ষ যেন মুক্তি পায়।

যে পাতা বেরল তার কবিতাকে ছই ভাগ করা যায়। ইরানী ও করজনে মিলে যে তর্জমা করেছেন তাই গ্রহণ করা গেল। প্রথম অংশের প্রথম শ্লোকটি মাত্র দিই। কবিতাটিকে রূপকভাবে ধরা হয়, কিন্তু সরল অর্থ ধরলে স্ক্ষরী প্রেয়সীই কাব্যের উদ্দিষ্ট।

প্রথম অংশ। মুকুটধারী রাজারা তোমার মনোমোহন চক্ষুর দাস, তোমার কণ্ঠ থেকে যে স্থা নিংস্ত হয় জ্ঞানী এবং বৃদ্ধিমানেরা তার ঘারা অভিভূত।

ষিতীয় অংশ। স্বর্গহার হাবে খুলে, আর সেইসকে খুলবে আমাদের সমস্ত জটিল ব্যাপারের গ্রন্থি, এও কি হবে সম্ভব। অহংকৃত ধার্মিকনামধারীদের জন্মে হদি তা বন্ধই থাকে তবে ভরদা রেখো মনে ঈশরের নিমিন্তে তা হাবে খুলে।

বন্ধুরা প্রশ্নের সঙ্গে উত্তরের সংগতি দেখে বিশ্বিত হলেন।

এই সমাধির পাশে বলে আমার মনের মধ্যে একটা চমক এসে পৌছল, এখানকার এই বদস্কপ্রভাতে স্বর্গর আলোতে দ্রকালের বদস্কদিন থেকে কবির হাস্থোজ্জল চোখের সংকেত। মনে হল আমরা ছজনে একই পানশালার বন্ধু, অনেকবার নানা রনের অনেক পেয়ালা ভরতি করেছি। আমিও তো কতবার দেখেছি আচারনিষ্ঠ ধার্মিকদের কৃটিল জরুটি। তাদের বচনজালে আমাকে বাঁধতে পারে নি; আমি পলাতক, ছুটি নিয়েছি অবাধপ্রবাহিত আনন্দের হাওয়ায়। নিশ্চিত মনে হল আজ, কত-শত বৎসর পরে জীবনমৃত্যুর ব্যবধান পেরিয়ে এই কবরের পাশে এমন একজন মৃশাফির এসেছে বে মালুষ হাফেজের চিরকালের জানা লোক।

ভরপুর মন নিয়ে বাগানবাড়িতে এলুম। বাঁর বাড়ি তাঁর নাম শিরাজী। কলকাতায় বাাবসা করেন। তাঁরই ভাইপো ধলিলী আতিথ্যভার নিয়েছেন। পরিকার নতুন বাড়ি, সামনেটি খোলা, অদ্রে একটি ছোটো পাহাড়। কাঁচের শাসির মধ্যে দিয়ে প্রচুর আলো এসে স্বাক্তিত বর উজ্জ্বল করে রেখেছে। প্রত্যেক মরেই ছোটো ছোটো টেবিলে বাদাম কিশ্মিশ্ মিষ্টায় সাজানো।

চা খাওয়া হলে পর এথানকার গান-বাজনার কিছু নমুনা পেলুম। একজনের হাতে কাছন, একজনের হাতে সেতারজাতীয় বাজনা, গায়কের হাতে তাল দেবার বন্ধ-- বাঁয়া-তবলার একত্রে মিশ্রণ। সংগীতের তিনটি ভাগ। প্রথম অংশটা চটুল, মধ্য আংশ ধীরমন্দ সকরুণ, শেব অংশটা নাচের তালে। আমাদের দিশি ক্রের সঙ্গে ছানে ছানে আনেক মিল দেখতে পাই। বাংলাদেশের সঙ্গে একটা ঐক্য দেখছি— এখানকার সংগীত কাব্যের সঙ্গে বিচ্ছিন্ন নম।

ইক্ষাহানে যাত্রা করবার পূর্বে বিশ্রাম করে নিচ্ছি। বদে আছি দোতলার মাত্র-পাতা লয় বারান্দার। সমুখপ্রান্তে রেলিঙের গারে গারে টবে সাজানো পূশিত জেরেনিয়ম। নীচের বাগানে ফ্লের কেয়ারির মাঝখানে ছোটো জলাশরে একটি নিজিয় ফোয়ারা, আর সেই কেয়ারিকে প্রদক্ষিণ করে কলশন্দে জলশ্রোত বরে চলেছে। অদ্রে বনস্পতির বীধিকা। আকাশে পাত্র নীলিমার গায়ে তরুহীন বলি-অফিত পাহাড়ের তরলায়িত ব্সর রেখা। দ্রে গাছের তলায় কারা একদল বদে গল্প করছে। ঠাগু হাওয়া, নিজক মধ্যাহন। শহর থেকে দ্রে আছি, জনতার সম্পর্ক নেই, পাথিরা কিচিমিচি করে উড়ে বেড়াচ্ছে তাদের নাম জানি নে। সঙ্গীরা শহরে কে কোথায় চলে গেছে, চিরক্লাস্ত দেহ চলতে নারাজ তাই একলা বদে আছি। পারক্ষে আছি সে কথা বিশেষ করে মনে করিয়ে দেবার কিছুই নেই। এই আকাশ, বাতাস, কম্পমান সবুজ পাতার উপর কম্পমান এই উজ্জল আলো, আমারই দেশের শীতকালের মতো।

শিরাক শহরটি যে প্রাচীন তা বলা বায় না। আরবেরা পারত্য জয় করার পরে তবে এই শহরের উত্তব। সাফাবি-লাসনকালে শিরাজের যে প্রীবৃদ্ধি হয়েছিল আফগান আক্রমণে তা ধ্বংস হরে যায়। আগে ছিল শহর বিরে পাথরের তোরণ, সেটা ভূমিসাৎ হয়ে তার জারগায় উঠেছে মাটির দেরাল। নিষ্ঠ্র ইতিহাসের হাত থেকে পারত্ত যেমন বরাবর আঘাত পেরেছে পৃথিবীতে আর-কোনো দেশ এমন পায় নি, তব্ তার জীবনীশক্তি বারবার নিজের প্ন:সংস্কার করেছে। বর্তমান যুগে আবার সেই কাকে সে লেগেছে, কেগে উঠেছে আপন মুর্ছিত দুলা খেকে।

Û

চলেছি ইন্ফাহানের দিকে। বেলা সাতটার পর শিরাজের প্রমার দিরে বেরিরে পড়লুম। গিরিশ্রেণীর মধ্য দিরে চলা শুরু হল। পিছনে তাকিয়ে মনে হর মেন গিরিপ্রকৃতি শিলাঞ্জলিতে শিরাক্ষকে অর্থ্যক্রপে ঢেলে দিয়েছে।

শিরান্দের বাইরে লোকালয় একেবারে অন্তহিত, তার পরিশিষ্ট কিছুই নেই, গাছপালাও দেখা বায় মা। বৈচিত্র্যাহীন রিজ্ঞতার মধ্য দিয়ে বে পথ চলেছে এঁকে-বেঁকে লেটা মোটর-রথের পক্ষে প্রশন্ত ও অপেকারুত অবদ্ধুর। প্রায় এক ঘণ্টার পথ পেরিরে বাঁয়ে দেখা গেল শক্তখেত, গম এবং আফিম। বিদ্ধ প্রাম দেখি নে, দিগন্ত পর্যন্ত অবারিত। মাঝে মাঝে ঝাঁকড়া-লোম-ওয়ালা ভেড়ার পাল, কোথাও-বা ছাগলের কালো রেঁায়ার তৈরি চৌকো তাঁব্। শক্তশামল মাঠ ক্রমে প্রশন্ত হরে চলেছে। দরের পাহাড়গুলো খাটো হরে এল, বেন তারা পাহাড়ের শাবক।

এমন সময় হঠাৎ দেখা গেল অনতিদ্রে পর্নিপোলিন। দিগ্বিজয়ী দরিয়ুলের প্রাসাদের ভরশেষ। উচ্চ মাটির মঞ্চ, তার উপরে ভাঙা ভাঙা বড়ো বড়ো পাথয়ের খাম, অতীত মহাযুগ যেন আকাশে অক্ষম বাহু তুলে নির্মম কালকে ধিকার দিছে।

আমাকে চৌকিতে বসিয়ে পাধরের সিঁজি বেয়ে তুলে নিয়ে গেল। পিছনে পাহাড়, উর্ধে শৃক্ত, নীচে দিগন্তপ্রসারিত জনশৃক্ত প্রান্তর, তারই প্রান্তে দাঁড়িয়ে আছে এই পাধরের ক্ষরবাণীর সংকেত। বিখ্যাত পুরাবশেষবিৎ জর্মান ভাক্তার হটজ ফেল্ট এই পুরাতন কীতি উদ্ঘাটন করবার কাজে নিযুক্ত। তিনি বললেন, বলিনে আমার বক্ততা তনেছেন আর হোটেলেও আমার সঙ্গে তিনি দেখা করতে গিয়েছিলেন।

পাধরের থামগুলো কোনোটা ভাঙা, কোনোটা অপেক্ষাক্বভ সম্পূর্ণ। নির্থক দীড়িয়ে ছড়িয়ে, মৃজিয়মে অতিকায় জন্ধর অসংলগ্ন অন্থিতলোর মতো। ছাদের জন্ত যে-সব কাঠ লেগেছিল, হিসাবের তালিকায় দেখা গেছে, ভারতবর্ষ থেকে আনীড সেগুন কাঠও ছিল তার মধ্যে। থিলেন বানাবার বিছা তখন জানা ছিল না বলে পাধরের ছাদ সম্ভব হয় নি। কিন্তু যে বিছার জোরে এই-সকল গুরুভার অতি প্রকাশু পাথরগুলি ষথাছানে বসানো হয়েছিল সে বিছা আজ সম্পূর্ণ বিশ্বত। দেখে মনে পড়ে মহাভারতের ময়দানবের কথা। বোঝা বায় বিশাল প্রাসাদ-নির্মাণের বিছা খাদের জানা ছিল তারা যুধির্টিরের স্বজাতি ছিল না। হয়তো-বা এই দিক থেকেই রাজমিন্তি গেছে। যে পুরোচন পাওবদের জন্তে স্বভুক্ব বানিয়েছিল সেও তো যবন।

ভাকার বললেন, আলেকজাণ্ডার এই প্রানাদ পুড়িয়ে ফেলেছিলেন সন্দেহ মেই।
আমার বোধ হয় পরকীতি-অসহিষ্ণু ঈর্বাই ডার কারণ। তিনি চেয়েছিলেন
মহাদাম্রাজ্য ছাপন করতে, কিন্তু মহাদাম্রাজ্যের অভ্যুদয় তাঁর আগেই দেখা দিয়েছিল।
আলেকজাণ্ডার আকেমেনীয় স্মাটদের পারভাকে লওডও করে গিয়েছেন।

এই পর্সিপোলিদে ছিল দরিমুসের গ্রন্থাগার। বহু সহস্র চর্মপত্তে রুপালি সোনালি অকরে তাঁদের ধর্মগ্রন্থ আবেন্ডা লিপীকৃত হয়ে এইথানে রক্ষিত ছিল। যিনি এটাকে ভন্মগৎ করেছিলেন তাঁর ধর্ম এর কাছে বর্বরতা। আলেকজাম্পার আজ জগতে এমন কিছুই রেথে যান নি যা এই পর্নিপোলিসের ক্ষতিপূরণ-স্বরূপে তুলনীয় হতে পারে। এথানে দেয়ালে ক্ষেক্তি মৃতিশ্রেশীর মধ্যে দেখা যায় দরিমুস আছেন রাজছ্ত্ততে,

আর তাঁর সম্মূথে বন্দী ও দাসেরা অর্ধ্য বছন করে আনছে। পরবর্তীকালে ইন্ফাছানের কোনো উদ্ধির এই শিলালেখ্য ভেঙে বিদীর্ণ বিকলাক করে দিয়েছে।

পারতে আর-এক জায়গা খনন করে প্রাচীনতর বিশ্বত যুগের জিনিস পাওয়া গেছে। অধ্যাপক তারই একটি নকশা-কাটা ডিমের থোলার পাত্র আমাকে দেখালেন। বললেন, মহেঞ্চরোর বেরকম কাফচিত্র এও সেই জাতের। সার্ অরেল্টাইন মধ্য-এশিয়া থেকেও এমন কিছু কিছু জিনিস পেয়েছেন মহেঞ্চরোয় বার সাদৃশ্য মেলে। এইরকম বহুদ্রবিশিপ্ত প্রমাণগুলি দেখে মনে হয় আধুনিক সকল সভ্যভার পূর্বে একটা বড়ো সভ্যতা পৃথিবীতে তার লীলা বিস্তার করে অস্তর্গান করেছে।

অধ্যাপক এই ভগ্নশেষের এক অংশ সংস্থার করে নিজের বাসা করে নিয়েছেন। মরের চারি দিকে লাইত্রেরি এবং নানাবিধ সংগ্রহ। দরিয়ুস জারাক্সিস এবং আর্টাজারাক্সিস এই তিন-পুরুষ-বাহী সম্রাটের দুপ্তশেষ সম্পদের উত্তরাধিকারী হয়ে অধ্যাপক নিভূতে খুব আনন্দে আছেন।

এ দেশে আসবামাত্র সব চেয়ে লক্ষ্য করা যায় পূর্ব-এশিয়ার সঙ্গে পশ্চিম-এশিয়ার প্রাকৃতিক চেহারার সম্পূর্ণ পার্থক্য। উভয়ে একেবারেই বিপরীত বললেই হয়। আফগানিয়ান থেকে আরম্ভ করে মেসোপোটেমিয়া হয়ে আরব পর্যন্ত নির্দয়ভাবে নীরস কঠিন। পূর্ব-এশিয়ার গিরিপ্রেণী ধরণীর প্রতিকৃত্যতা করে নি, তাদেরই প্রসাদবর্ষণে সেধানকার সমস্ত দেশ পরিপুই। কিন্তু পশ্চিমে তারা পৃথিবীকে বদ্ধুর করেছে এবং অবক্রম্ব করেছে আকাশের রসের দৌত্য। মাঝে মাঝে থণ্ড থণ্ড বিক্রিপ্ত আকারে এখানকার অনাদৃত মাটি উর্বয়তার স্পর্শ পায়, ত্র্লভ বলেই তার লোভনীয়ভা প্রবন্ধ, মনোহর তার রমণীয়ভা।

সৌভাগ্যক্রমে এরা বাহন পেয়েছে উট এবং দোড়া, আর জীবিকার জন্তে পালন করেছে ভেড়ার পাল। এই জীবিকার অনুসরণ করে এথানকার মাহ্মকে নিরস্তর সচল হরে থাকতে হল। এই পশ্চিম-এশিয়ার অধিবাসীরা বহু প্রাচীনকাল থেকেই বারে বারে বড়ো বড়ো সাম্রাজ্য স্থাপন করেছে— তার মূল প্রেরণা পেয়েছে এথানকার স্থামর কঠোরতা থেকে, যা তালের বাইরে ঠেলে বের করে দের। তারা প্রকৃতির অ্যাচিত আতিথ্য পায় নি, তালের কেড়ে থেতে হয়েছে পরের অর, আহার সংগ্রহ করতে হয়েছে নৃত্তন নৃত্তন ক্ষেত্রে এগিয়ে এগিয়ে।

এখানে পদ্ধীর চেয়ে প্রাধান্ত তুর্গরক্ষিত প্রাচীরবেষ্টিত নগরের। কত প্রাচীন রাজধানীর ধ্বংসশেষ পাশ্চাত্য এশিয়ায় ধ্লিপরিকীর্ণ। কৃষিজীবীদের স্থান পদ্ধী, নেখানে ধন স্বহতে উৎপাদন করতে হয়। নগর প্রথম প্রতিষ্ঠিত হয়েছে জয়জীবী বোদ্ধদের প্রতাপের উপরে। সেধানে সম্পদ সংগ্রহ ও রক্ষণ না করলে পরাভব। ভারতবর্বে ক্রমিজীবিকার সহায় গোরু, মধ্য ও পশ্চিম -এশিরায় জয়জীবিকার সহায় ঘোড়া। পৃথিবীতে কী মাহবের, কী বাহনের, কী অল্পের স্বরিত গতিই জয়সাধনের প্রধান উপায়। তাই একদিন মধ্য-এশিরার মরুবাহী অশ্বপালক মোগল বর্বরেরা বহুদ্র পৃথিবীতে ভীষণ জয়ের সর্বনেশে আগুল জালিয়ে দিয়েছিল। চিরচলিয়্পুতাই তাদের করে তুলেছিল তুর্ধর্ব। অয়সংকোচের জয়েই এরা এক-একটি জ্ঞাতিজাতিতে বিভক্ত, এই জ্ঞাতিজাতির মধ্যে তুর্ভেগ্ন প্রকার। যে কারণেই হোক, তাদের এই এক্য যখন বহু শাখাধারার সমিলিত ঐক্যে ফীত হয়েছে তখন তাদের জয়বেগকে কিছুতে ঠেকাতে পারে নি। বিক্লিপ্ত বিচ্ছির আরবীয় মরুবাদী জ্ঞাতিজাতিরা যখন এক অথগু ধর্মের ঐক্যে এক দেবতার নামে মিলেছিল তখন অচিরকালের মধ্যেই তাদের জয়পতাকা উড়েছিল কালবৈশাধার রক্তরাগরেজিত মেঘের মতো দ্র পশ্চিমদিগন্ত থেকে দ্র প্রবিদক্ত্রান্ত পর্যন্ত প্রান্ত পর্যন্ত পর্যন্ত পর্যন্ত পর্যন্ত পর্যন্ত পর্যন্ত প্রান্ত পর্যন্ত পর্যন্ত পর্যন্ত পর্যন্ত পর্যন্ত পর্যন্ত পর্যন্ত পর্যন্ত পর্যন্ত প্রান্ত প্রান্ত পর্যন্ত পর্যন্ত পর্যন্ত পর্যন্ত প্রান্ত প্রান্ত প্রান্ত প্রান্ত প্রান্ত পর্যন্ত প্রান্ত প্রান্ত প্রান্ত প্রান্ত পর্যন্ত প্রান্ত করা স্থান স্থা

একদা আর্যজাতির এক শাখা পর্বতবিকীর্ণ মন্ধবেষ্টিত পারস্থের উচ্চভূমিতে আধ্রয় নিলে। তথন কোনো-এক অজ্ঞাতনামা সভ্যন্তাতি ছিল এথানে। তাদের রচিত যে-সকল কারুদ্রব্যের চিহ্নশেষ পাওয়া যায় তার নৈপুণ্য বিস্ময়জনক। বোধ করি বলা বেতে পারে মহেঞ্চনারো-যুগের মাহুষ। তাদের সঙ্গে এদের হাতের কাজের মিল আছে। এই মিল এশিরার বছদুরবিস্কৃত। মহেঞ্চদারোর শ্বতিচিহ্নের সাহাব্যে তৎकामीन धर्मत्र त्य त्रवाता त्यथ्य भारे ष्यस्मान कता यात्र, त्म वृष्ठवावन नित्वत ধর্ম। রাবণ ছিলেন শিবপুজক, রাম ভেডেছিলেন শিবের ধন্ম। রাবণ বে জাতের মামুষ দে জাতি না ছিল অরণাচর, না ছিল পশুপালক। রামায়ণগত জন#তি থেকে বোঝা যায়, দে জাতি পরাভূত দেশ থেকে এখর্থসংগ্রহ করে নিজের রাজধানীকে সমৃদ্ধ করেছে এবং অনেকদিন বাছবলে উপেক্ষা করতে পেরেছে আর্থদেবতা ইন্দ্রকে। সে জাতি নগরবাসী। মহেঞ্চারোর সভ্যতাও নাগরিক। ভারতের আদিম আরণাক বর্বরতর জাতির সঙ্গে বোগ দিয়ে আর্যেরা এই সভ্যতা নষ্ট করে। সেদিনকার ঘশের একটা ইতিহাস আছে পুরাণকথায়, দক্ষযজ্ঞে। একদা বৈদিক হোমের আগুন নিবিয়ে-ছিল শিবের উপাসক, আজও হিন্দুরা সে উপাধ্যান পাঠ করে ভক্তির দলে। শৈব ও বৈষ্ণব ধর্মের কাছে বৈদিক দেবতার ধর্বতার কথা গৌরবের সঙ্গে পৌরাণিক ভারতে আখ্যাত হয়ে থাকে।

থীস্টজন্মের দেড়হাজার বছর পূর্বে ইরানী আর্বরা পারন্তে এসেছিলেন, রুরোপীর ঐতিহাসিকদের এই মত। তাঁদের হোমারির জন্ম হল। ভারতবর্ধ রুহৎ দেশ, উর্বর, জনসংকূল। সেথানকার আদিম জাতের নানা ধর্ম, নানা রীতি। তার সক্তে জড়িত হরে বৈদিক ধর্ম আছের পরিবর্তিত ও অনেক অংশে পরিবর্জিত হল— বছবিধ, এমন-কি, পরম্পরবিক্তর হল তার আচার— নানা দেবদেবী নানা সম্প্রদায়ের সঙ্গে অভ্যাগত হওয়াতে ভারতবর্ধে ধর্মজাটলতার অন্ত রইল না। পারস্থে এবং মোটের উপর পাশ্চাত্য এশিয়ার সর্বত্রই বাস্যোগ্য ছান সংকীর্ণ এবং সেখানে অরক্ষেত্রের পরিধি পরিমিত। সেই ছোটো আরগায় যে আর্যেরা বাসপত্তন করলেন তাঁদের মধ্যে একটি বিশুদ্ধ সংহতি রইল, অনার্যজনতার প্রভাবে তাঁদের ধর্মকর্ম বছ জটিল ও বিকৃত হল না। এশিয়ার এই বিভাগে কৃষ্ণবর্ণ নিগ্রোপ্রায় জাতির বসতি ছিল তার প্রমাণ পুরাতন সাহিত্যে আছে, কিন্তু ইরানীয়দের আর্যজ্বকে তারা অভিভূত করতে পারে নি।

পারত্যের ইতিহাদ যথন শাহনামার পুরাণকথা থেকে বেরিয়ে এদে স্পষ্ট হয়ে উঠল তথন পারত্যে আর্যদের আগমন হাজার বছর পেরিয়ে গেছে। তথন দেখি আর্যজাতির তুই শাথা পারশু-ইতিহাদের আরম্ভকালকে অধিকার করে আছে, মীদিয় এবং পারসিক। মীদিয়েরা প্রথমে এসে উপনিবেশ ছাপন করে, তার পরে পারসিক। এই পারসিকদের দলপতি ছিলেন হথমানিশ। তাঁরই নাম-অভুসারে এই জাতি গ্রীক-ভাষার আকেমেনিড ( Achaemenid ) আখ্যা পায়। এীস্টজন্মের সাড়ে-পাঁচশো বছর পূর্বে আকেমেনীয় পারদিকেরা মীদিয়দের শাসন থেকে সমস্ত পারশুকে মুক্ত করে নিজেদের অধীনে একছত্র করে। সমগ্র পারক্তের সেই প্রথম অন্বিতীয় সম্রাট ছিলেন বিখ্যাত দাঁইরস, তাঁর প্রকৃত নাম খোরাস। তিনি ভগু যে সমন্ত পারভাকে এক করলেন তা নয়, দেই পারভাকে এমন এক বৃহৎ সামাজ্যের চ্ডায় অধিষ্ঠিত করলেন দে মূগে যার তুলনা ছিল না। এই বীরবংশের এক পরম দেবতা ছিলেন অহরমজ্লা। ভারতীয় আর্থদের বহুণদেবের সলেই তাঁর সাঞ্চাত্য। বাহ্নিক প্রতিমার কাছে বাহ্নিক পূজা আহরণের বারা তাঁকে প্রসন্ন করার চেষ্টাই তাঁর আরাধনা ছিল না। তিনি তাঁর উপাসকদের কাছ থেকে চেয়েছিলেন সাধু চিন্তা, সাধু বাক্য ও সাধু কর্ম। ভারতবর্ষের বৈদিক আর্যদেবতার মতোই তাঁর মন্দির ছিল না, এবং এখানকার মতোই ছিল অগ্নিবেদী।

তথনকার কালের সেখেটিক জাতীয়দের যুদ্ধে দয়াধর্ম ছিল না। দেশজোড়া হত্যা
লুঠ বিধ্বংসন বন্ধন নির্বাসন, এই ছিল রীতি। কিন্তু সাইরস ও তাঁর পরবর্তী
সমাটদের রাষ্ট্রনীতি ছিল তার বিপরীত। তাঁরা বিজিত দেশে ফ্লায়বিচার স্বব্যবহা
ও শান্তি হাপন করে তাকে সমৃদ্ধিশালী করেছেন। যুরোপীয় ঐতিহাসিকেরা বলেন,
পার্মিক রাজারা যুদ্ধ করেছেন মিতাচারিতার সঙ্গে, বিজিত জাতিদের প্রতি অনির্বন্ধ

হিতৈবণা প্রকাশ করেছেন, তাদের ধর্মে তাদের আচারে হন্তক্ষেপ করেন নি, তাদের আদেশিক দলনায়কদের অপদে রক্ষা করেছেন। তার প্রধান কারণ, কী যুদ্ধে, কী দেশজয়ে, তাঁদের ধর্মনীতিকে তাঁরা ভূলতে পারেন নি। ব্যাবিলোনিয়ায় আদীরিয়ায় প্রার ব্যবহারে ছিল দেবমুতি। বিজেতারা বিজিত জাতির এই-লব মুতি নিয়ে মেড লুঠ করে। লাইরলের ব্যবহার ছিল তার বিপরীত। এইরকম লুঠ-করা মুতি তিনি যেখানে যা পেয়েছেন সেগুলি সব তাদের আদিম মন্দিরে ফিরিয়ে দিয়েছেন।

তার অনতিকাল পরে তাঁরই জাতিবংশীর দরিয়ুস সাম্রাজ্যকে শক্রহন্ত থেকে উদার করে আরো বহুদ্র প্রসারিত করেন। পর্সিপোলিদের ছাপনা প্ররই সময় হতে। এই যুগের আসীরিয়া ব্যাবিজন ঈজিপ্ট গ্রীস প্রভৃতি দেশে বহু কীতি প্রধানত দেবমন্দির আপ্রয় করে প্রকাশ পেরেছে, কিছু আকেমেনীয় রাজত্বে তার চিহ্ন পাওয়া যায় না। শক্রজয়ের বিবয়ণচিত্র বে-বেখানে পাহাড়ের গায়ে ক্লোদিত সেখানেই জয়পুরীয়দের বয়ণীয় দেবতা অহরমজ্পার ছবি শীর্ষদেশে উৎকীর্ণ, অর্থাৎ নিজেদের সিদ্ধিলাভ যে তাঁরই প্রসাদে এই কথাটি তার মধ্যে স্বীকৃত। কিছু মন্দিরে মুভিছাপন করে পূজা হত তার প্রমাণ নেই। প্রতীকরূপে অগ্রিছাপনার চিহ্ন পাওয়া যায়। ইতিহাসের প্রথম আরম্ভ হতেই একদেবতার সরল পূজাপদ্ধতি পার্মিক জাতিকে প্রজ্য এবং শক্তি দেবার সহায়তা করেছে তাতে সন্দেহ নেই।

বড়ো সাম্রাজ্য হাতে নিয়ে ছির থাকবার জো নেই। কেবলই তাকে বৃদ্ধির পথে নিয়ে যেতে হয়, বিশেষত চারি দিকে যেথানে প্রতিকৃল শক্তি। এইরকম নিত্য প্রয়াসে বলক্ষয় হয়ে ক্লান্তি দেখা দেয়। অবশেষে হঠাৎ আঘাতে অতি হুল রায়িক দেহটা চারি দিক থেকে ভেঙে পড়ে। কোনো আতির মধ্যে বা রাজবংশে সাম্রাজ্যভার অতি দীর্ঘকাল বহন করবার শক্তি টিঁকে থাকতেই পারে না। কেননা সাম্রাজ্য পদার্থটাই অস্বাভাবিক, বে এককগুলির সমন্তিতে সেটা গঠিত তাদের মধ্যে ঐকান্তিকতা নেই, অবর্দন্তির সমন্ধ বিচ্ছির হবার জন্তে ভিতরে ভিতরে নিরন্তর চেটা করে, তা ছাড়া বহন বিস্তৃত্ব সীমানা বছবিচিত্র বিবাদের সংশ্রবে আসতে থাকে। আকেমেনীর সাম্রাজ্যও আসন গুকভারে ক্রমেই হীনবল হয়ে অবশেষে আলেকজাগুরের হাতে চরম আঘাত পোলে। এক আঘাতেই সে পড়ে গেল তার একমাত্র কারণ আলেকজান্দার নয়। অতি বৃহদাকার প্রতাপের তুর্ভর ভার বাহকেরা একদিন নিশ্চিত বর্জন করতে বাধ্য, ভন্ন-উক ধৃদিশারী মৃত তুর্বোধনের মতো ভরাবশিষ্ট পর্নিগোলিস এই ভন্থ আত্র বহন করছে। আলেকজান্ধারের জোড়াতাড়া-দেওয়া সাম্রাজ্যও অলকালের আয়ু নিয়েই দেই ভবের উত্তরাধিকারী হয়েছিল সে কথা স্থিবিদিত।

এখান থেকে আর এক ঘণ্টার পথ গিয়ে সাদাতাবাদ প্রামে আমাদের মধ্যাহ্ব-ভোজন। একটি বড়ো রকমের গ্রাম, পথের তুই ধারে ঘনসংলগ্ন কাঁচা ইটের ও মাটির ঘর, দোকান ও ভোজনশালা। পেরিয়ে গিয়ে দেখি পথের ধারে ডান পাশে মাটি ছেয়ে নানা রঙের মেঠোফুল ভিড় করে আছে। দীর্ঘ এল্ম্ বনস্পতির ছায়াতলে ভন্নী অলধারা লিম্ম কলশন্দে প্রবাহিত। এই রম্পীয় উপবনে ঘাসের উপর কার্পেট বিছিয়ে আহার হল। পোলাও মাংস ফল ও বথেষ্ট পরিমাণে ঘোল।

আকাশে মেম জমে আগছে। এখান থেকে নকাই মাইল পরে আবাদে-নামক ছোটো শহর, সেথানে রাত্রিযাপনের কথা। দূরে দেখা যাচ্ছে ত্যাররেখার-তিলক-কাটা গিরিশিখর। দেহ বিদ গ্রাম ছাড়িয়ে স্থাকে পৌছলুম। পথের মধ্যে সেখানকার প্রধান রাজকর্মচারী অভ্যথনা জানিয়ে আগে চলে গেলেন। বেলা পাঁচটার সময় পৌছলুম পুরপ্রাসাদে। কাল ভোরের বেলা রওনা হয়ে ইন্ফাহানে পৌছব দ্বিপ্রহরে।

বারা থাঁটি অমণকারী তারা জাতই আলাদা। এক দিকে তাদের শরীর মন চিরচলিঞ্, আর-এক দিকে অনভ্যন্তের মধ্যে তাদের সহজ বিহার। যারা শরীরটাকে তব্ধ রেখে মনটাকে চালায় তারা অন্ত শ্রেণীর লোক। অথচ রেলগাড়ি-মোটরগাড়ির মধ্যহতায় এই তুই জাতের পঙ্কিডেদ রইল না। কুনো মাহুযের অমণ আপন কোণ থেকে আপন কোণেই আসবার জন্তে। আমাদের আধ্যাত্মিক ভাষায় যাদের বলে কনিষ্ঠ অধিকারী। তারা বাঁধা রাভায় সভায় টিকিট কেনে, মনে করে মৃত্তিপথে অমণ সারা হল, কিন্ধ ঘটা করে ফিরে আসে সেই আপন সংকীর্ণ আভ্যায়, লাভের মধ্যে, হয়তো সংগ্রহ করে অহংকার।

ভ্রমণের সাধনা আমার ধাতে নেই, অস্তত এই বয়সে। সাধক যারা, তুর্গমতার কুদ্রুসাধনে তাদের স্বভাবের আনন্দ, পথ খুঁজে বের করবার মহৎ ভার তাদের উপর। তারা শ্রেষ্ঠ অধিকারী, ভ্রমণের চরম ফল তারাই পায়। আমি আপাতত মোটরে চড়ে চললেম ইন্ফাহানে।

সকালবেলা মেঘাছের, কাল বিকেল থেকেই তার আয়োজন। আজ শীত পড়েছে রীতিমত। একদেরে শৃশুপ্রায় প্রান্তরে আদর বৃষ্টির ছায়া বিত্তীর্ণ। দিগন্ত বেষ্টন করে যে গিরিমালা, নীলাভ অস্পইতায় সে অবগুঠিত। ঘণ্টার পর ঘণ্টা চলেছি অন্তবীন, আলের-চিহ্ন-হীন মাঠের মধ্যে বিদর্শিত পথ দিয়ে। কিছু মাহ্য কোথার। চাবী কেন হাল লাঙল নিয়ে মাঠে আলে না। হাটের দিন হাট করতে যায় না কেউ; ফসলের খেত নিড়োবার বৃঝি দরকার নেই ? দুরে দুরে বন্দুক্থারী পাহারাওয়ালা দাড়িরে, তার থেকে আন্দাল করা যায় ওই দিগন্তের বাইরে অনুগ্র নেপথ্যে কোথাও

মাস্থবের নানাক্তবিষ্টিত সংসার্যাতা চলেছে। মাঠে কোথাও-বা ফ্লন্স, কোথাও-বা ব্ছদ্র ধরে আগাছা, তাতে উর্ম্পুক্ত সাদা সাদা ফুলের তবক। মাঝে মাঝে ছোটো নদী, কিন্তু তাকে আঁকড়ে নেই গ্রাম। মেরেরা জল তোলে না, কাণড় কাচে না, সান করে না, গোকবাছুর জল থায় না; নির্জন পাহাড়ের তলা দিয়ে চলে, বেন সন্তানহীন বিধবার মতো। অনেকক্ষণ পরে বিনা ভূমিকায় এনে পড়ে মাটির পাঁচিলে-ঘেরা গ্রাম, একটু পরেই আর তার অন্ত্র্তি নেই। আবার সেই শৃশু মাঠ, আর মাঠের শেষে বিরে আছে পাহাড়।

পথে বেতে বেতে এক জায়গায় দেখি এই উচ্চভূমি হঠাৎ বিদীর্ণ হয়ে নেমে গেছে, আর সেই গহররতন থেকে থাড়া একটা পাহাড় উঠেছে। এই পাহাড়ের গায়ে স্তরে স্তরে থোপে থোপে মাহযের বাদা, ডাঙন-ধরা পদ্মার পাড়িতে গাঙশালিথের বাদার মতো। চারি দিক থেকে বিচ্ছিন্ন এই কোটর-নিবাদগুলিতে প্রবেশের জত্যে কাঠের-তক্তা-ফেলা দংকীর্ণ সাঁকো। মাহ্যের চাকের মতো এই লোকালয়টির নাম ইয়েঞ্ছিপিস্তু।

হুপর বেজেছে। ইম্ফাহানের পৌরজনের পক্ষ থেকে অভ্যর্থনা বহন করে মোটর-রথে লোক এল। সেই অভ্যর্থনার দক্ষে এই শা-রেজা গ্রামের একটি কবির কাব্য ছিল মিলিত। সেই কাব্যটির ইংরেজি তর্জমা এইখানে লিখে দিই:

The caravans of India always carry sugar but this time it has the perfume of the muse. O caravan, please stop your march, because burning hearts are following thee like the butterflies which burn around the flame of candles.

O zephyr, softly blow and whisper on the tomb of Saadi. Thereupon in joy Saadi will come to life in his tomb.

Tagore, he is the unique, the philosopher who knows what is past and what the future holds,

Let his arrival be blessed and fortunate in the land of the great Cyrus, an august descendant of whom to-day fortunately wears the crown of Persia.

পথের ধারে দেখা দিল এল্ম্ পপ্লার অলিভ ও তুঁত গাছের শ্রেণী। সামনে দেখা যায় ঢালু পাহাড়ের গায়ে দূরপ্রসায়িত ইক্ষাহান শহর।

Ġ

পূর্বেই বলে বেথেছিলুম, আমি সমাননা চাই নে, আমাকে বেন একটি নিভূত আরগায় বথাসম্ভব শান্তিতে রাথা হয়। উপর থেকে সেইরকম হকুম এনেছে। তাই এসেছি একটি বাগানবাড়িতে। বাগানবাড়ি বললে একে খাটো করা হয়। এ একটি

মন্ত ক্সক্ষিত প্রাসাদ। বিনি গবর্ণর তিনি ধীর ক্সন্তীর, শান্ত তাঁর সৌজন্ত, এঁর মধ্যে প্রাচ্যপ্রকৃতির মিতভাবী অচঞ্চল আভিজাতা।

শুনতে পাই এই বাড়ির বিনি মালিক তিনি স্নামাদের দেশের সেকেলে কোনো কোনো ডাকাতে স্বমিদারদের মতো ছিলেন। একদা এখানে স্পল্পে স্কৈল্পে স্থানক দৌরাস্থ্য করেছেন। এখন স্বস্তু কৈড়ে নিয়ে তাঁকে তেহেরানে রাখা হয়েছে, কারাবন্দীরূপে নয়, নজরবন্দীরূপে। তাঁর ছেলেদের মুরোপে শিক্ষার জ্ঞে পাঠানো হয়েছে। ভারত গবর্মেটের শাসননীতির সঙ্গে কিছু প্রভেদ দেখছি। মোহ্মেরার শেখ, গবর্মেটের বিকদ্বে বিল্রোহ উত্তেজিত করবার চেটা করাতে রাজা সৈম্ভ নিয়ে তাঁকে স্থাক্রমণের উত্তোগ করেন। তখন শেখ সন্ধির প্রার্থনা করতেই সে প্রার্থনা মঞ্র হল। এখন তিনি তেহেরানে বাসা পেয়েছেন। তাঁর প্রতি নজর রাখা হয়েছে, কিছু তাঁর গলায় কাঁস বা হাতে শিক্স চড়ে নি।

অপরারে বখন শহরে প্রবেশ করেছিন্ম তখন ক্লান্ত দৃষ্টি আন্তি মন ভালো করে কিছুই গ্রহণ করতে পারে নি। আজ সকালে নির্মল আকাশ, লিম্ম রৌত্র। দোভলার একটি কোণের বারান্দায় বসেছি। নীচের বাগানে এল্ম্ পপ্লায় উইলো গাছে বেষ্টিত ছোটো জলাশয় ও ফোয়ারা। দ্রে গাছপালায় মধ্যে একটি মসজিদের চ্ড়াদেখা যাছে, যেন নীলপদের কুঁড়ি, স্থচিকণ নীল পারসিক টালি দিয়ে তৈরি, এই সকালবেলাকার পাতলা মেঘে-ছোঁওয়া আকাশের চেয়ে ঘনতর নীল। সামনেকার কাঁকর-বিহানো রাত্তায় সৈনিক প্রহরী পায়চারি করছে।

এ-পর্যন্ত সমন্ত পারস্তে দেখে আসছি এরা বাগানকে কী ভালোই না বাসে। এখানে চারি দিকে সব্জ রঙের ভূভিক্ষ, তাই চোখের ক্ষ্মা মেটাবার এই আয়োজন। বাবর ভারতবর্ষে বাগানের অভাব দেখে অবক্ষা প্রকাশ করেছিলেন। তিনি এসেছিলেন মকপ্রদেশ থেকে, বাগান তাঁদের পক্ষে ভধু কেবল বিলাসের জিনিস ছিল না, ছিল অত্যাবশুক। তাকে বহুসাধনায় পেতে হয়েছে বলে এত ভালোবাসা। বাংলাদেশের মেয়েরা পশ্চিমের মেয়েদের মতো পরবার শাভিতে রঙের সাধনা করে না, চারি দিকেই রঙ এত স্থলভ। বাংলায় দোলাই-কাঁথায় রঙ ফলে ওঠে নি, লতাপাতার রঙিন ছাপ্তরালা ছিট পশ্চিমে। বাভির দেয়ালে রঙ লাকায় মারোয়াভি, বাঙালি লাগায় না।

আৰু সকালবেলার স্থান করবার অবকাশ রইল না। একে একে এখানকার মূনিসিণালিটি, মিলিটারি-বিভাগ, শিক্ষাবিভাগ, বণিক্সভা আমাকে সাহর সম্ভাষণ স্থানাতে এসেছিলেন। বেলা ভিনটের পর শহর পরিক্রমণে বেরল্ম। ইম্পাহানের একটি বিশেবত্ব
আছে, লে আমার চোপে হান্দর লাগল। মাছবের বাসা প্রস্কৃতিকে একঘরে করে
রাপে নি, গাছের প্রতি তার ঘনিষ্ঠ আনন্দ শহরের সর্বএই প্রকাশমান। সারিবাধা
গাছের তলা দিয়ে জলের ধারা চলেছে, লে বেন মাছবেরই দরদের প্রবাহ।
গাছপালার দলে নিবিড় মিলনে নগরটিকে হাছ প্রস্কৃতিত্ব বলে চোপে ঠেকে। সাধারণত
উড়ো-আহাজে চড়ে শহরগুলোকে দেখলে যেন মনে হয় পুথিবীর চর্মরোগ।

মাহবের নিজের ছাতের আশুর্য কীতি আছে এই শহরের মাঝখানে, একটি বুহুৎ मह्मान पित्र । अत्र नाम महमान-हे-मा व्यर्थार राष्ट्रमात्र महमान । अवारन अक कारन বাদশাহের পোলো খেলবার ভারগা ছিল। এই চছরের দক্ষিণ সীমানার মাঝখানে দাঁড়িয়ে আছে মসজিদ-ই-শা। প্রথম শা আহ্বাসের আমলে এর নির্মাণ আরম্ভ, আর তাঁর পুত্র বিতীয় শা আব্বাদের সময়ে তার সমাপ্তি। এখন এখানে ভজনার কাঞ্চ হয় ना । वर्जमान वाम्मार्एस्त्र व्यामल वहकात्वत्र धूला धूर्य अदक मांक कत्रा रुष्ट । এর ছাপত্য একাধারে সমূচ্চ গম্ভীর ও সমত্বস্থলার, এর কারুকার্য বলিষ্ঠ শক্তির স্কুমার স্থনিপুণ অধ্যবসায়ের ফল। এর পার্খবর্তী আর-একটি মদন্ধিদ মাল্রাসে-ই-চাহার বালে প্রবেশ করলুম। এক দিকে উচ্ছিত বিপুলতায় এ স্থমহান, যেন স্তবমন্ত্র, আর-এক দিকে সমন্ত ভিত্তিকে খচিত করে বর্ণসংগতির বিচিত্রতায় রমণীয়, যেন গীতিকাব্য। ভিতরে একটি প্রাক্তণ, দেখানে প্রাচীন চেনার গাছ এবং তুঁত, দক্ষিণ ধারে অত্যাহ্ন-গুম্বার্ড্যালা স্থপ্রশন্ত ভব্নাগৃহ। যে টালিতে ভিত্তি মণ্ডিত তার কোথাও কোথাও চিত্ৰণ পাতলা বৰ্ণপ্ৰলেপ ক্ষপ্ৰাপ্ত, কোণাও-বা পরবর্তীকালে টালি বদল করতে হয়েছে, কিছ ন্তন বোজনাটা খাপ খায় নি। আগেকার কালের সেই আর্ক্র নীল রঙের প্রালেপ এ কালে অসম্ভব। এ ভন্ধনালয়ের যে ভাবটি মনকে অধিকার করে লে হচ্ছে এর স্থনির্মল সমূদার গান্তীর্য। অনাদর অপরিচ্ছরতার চিহ্ন কোথাও নেই। সর্বত্ত একটি সমন্ত্রম সম্মান যথার্থ ভচিতা রক্ষা করে বিরাক্ত করছে।

এই মসজিদের প্রাক্তণে যাদের দেখলেম তাদের মোলার বেশ। নিক্ষংস্ক দৃষ্টিতে আমাদের দিকে তাকিরে দেখলে, হরতো মনে মনে প্রসন্ন হয় নি। ভনলুম আর দশ বছর আগে এথানে আমাদের প্রবেশ সম্ভবপর হত না। ভনে আমি যে বিশ্বিত হব দে রাভা আমার নেই। কারণ, আর বিশ বছর পরেও পুরীতে জগরাথের মন্দিরে আমার মতো কোনো ব্রাত্য যে প্রবেশ করতে পারবে সে আশা করা বিভ্রমা।

শহরের মাঝখান দিরে বালুশয়ার মধ্যে বিভক্ত-ধারা একটি নদী চলে গেছে। তার নাম কই আন্দেক, অর্থাৎ জন্মদায়িনী। এই নদীর তলদেশে বেখানে খোঁড়া

यात्र मिथान (थर्किट उरम अर्ट, जारे अब अरे नाम — उरम्बननी। क्लकाजात्र थात्र भन्ना (यत्रकम ब्रिड क्ल्यिज मृद्धलबर्बत, अ स्त्रकम नग्न। भन्नारक क्लकाजा किरकत्री करत्रहि, नश्च करत्र नि, जारे व्यवमानिज नमी दातिरग्रह जात्र क्रमनायणा। अधानकात्र अरे भूत्रवामिनी नमी भन्नात्र जूननात्र व्यवज्ञीत्र अ व्यवज्ञ वर्षे, किन्न अत्र व्यवज्ञ स्थानिक नगरत्र श्रम्रक यात्र प्रस्त प्रस्त प्रस्त प्रस्त प्रस्त वर्ष करत्र।

এই নদীর উপরকার একটি ব্রিজ দেখতে এদুম, তার নাম আলিবদী-থাঁর পুল। আলিবদী শা-আকাদের সেনাপতি, বাদশার হকুমে এই পুল তৈরি করেছিলেন। পৃথিবীতে আধুনিক ও প্রাচীন অনেক ব্রিজ আছে, তার মধ্যে এই কীতিটি অসাধারণ। বছথিলানওয়ালা তিন-তলা এই পুল; ভধু এটার উপর দিয়ে পথিক পার হয়ে যাবে বজে এ তৈরি হয় নি— অর্থাৎ এ ভধু উপলক্ষ নয়, এও অয়ং লক্ষ্য। এ সেই দিলদরিয়া যুগের রচনা বা আপনার কাজের তাড়াতেও আপন মর্বাদা ভূলত না।

ব্রিজ পার হয়ে গেলুম এখানকার আর্মানি গির্জায়। গির্জার বাহিরে ও অলনে ভিড় জমেছে।

ভিতরে গেলেম। প্রাচীন গির্জা। উপাদনা-ঘরের দেয়াল ও ছাদ চিত্রিত, অলংকত। দেয়ালের নীচের দিকটায় স্থানর পারসিক টালির কাজ, বাকি অংশটায় বাইবেল-বর্ণিত পৌরাণিক ছবি আঁকা। জনশ্রতি এই যে, কোনো ইটালিয়ন চিত্রকর ভ্রমণ করতে এনে এই ছবিগুলি এ কৈছিলেন।

তিনশো বছর হয়ে গেল, শা-আবাস কশিয়া থেকে বছ সহস্র আর্মানি আনিরে ইম্পাহানে বাস করান। তারা কারিগর ছিল ভালো। তথনকার দেশবিজ্ঞরী রাজারা শিল্পদ্রব্যের সলে শিল্পাদেরও দুঠ করতে ছাড়তেন না। শা-আবাসের মৃত্যুর পর তাদের উপর উৎপাত আরম্ভ হল। অবশেষে নাদির শাহের আমলে উপত্রব এত অসহ্ হয়ে উঠল বে টি কতে পারলে না। সেই সময়েই আর্মানিরা প্রথম ভারতবর্ষে পালিয়ে আদে। বর্তমান বাদশাহের আমলে তাদের কোনো হুংখ নেই। কিছু সে কালে কাকনৈপুণ্য সহছে তাদের যে খ্যাতি ছিল এখন তার আর কিছু বাকি আছে বলে বোধ হল না।

বাজারের মধ্য দিয়ে বাড়ি ফিরলুম। আজ কী-একটা পরবে দোকানের দরজা লব বন্ধ। এথানকার স্থদীর্ঘ চিনার-বীথিকায় গিয়ে পড়লুম। বাদশাহের আমলে এই রাভার মারথান দিয়ে টালি-বাঁধানো নালায় জল বইত, মাঝে মাঝে থেলত ফোরারা, আর ছিল ফুলের কেয়ারি। দরকারের জিনিদকে করেছিল আদরের জিনিল: পথেরও ছিল আমরণ, আতিথা।

ইম্পাহানের মন্নদানের চারি দিকে বে-সব অত্যাশ্চর্য মসজিদ দেখে এসেছি ভার চিন্তা মনের মধ্যে পুরছে। এই রচনা যে মুগের সে বছদ্রের, তথু কালের পরিমাপে নন্ন, মাছবের মনের পরিমাপে। তথন এক-একজন শক্তিশালী লোক ছিলেন দর্ব-সাধারণের প্রতিনিধি। ভূতলস্ক্টির আদ্বিকালে ভূমিকম্পের বেগে বেমন বড়ো পাহাড় উঠে পড়েছিল তেমনি। এই পাহাড়কে সংস্কৃত ভাষায় বলে ভূষর, অর্থাৎ দমত ভূমিকে এই এক-একটা উচ্চচ্ছা দৃঢ় ক'রে ধারণ করে এইরকম বিশাস। তেমনি মানবসমাজের আদিকালে এক-একজন গণপতি সমন্ত মাহুষের বল আপনার মধ্যে সংহত করে জনসাধারণকে নিজের মধ্যে প্রকাশ করেছেন। তাতে সর্বসাধারণ আপনার দার্থকতা দেখে আনন্দ পেত। তাঁরা একলাই যেমন দর্বজনের দায়িত গ্রহণ করতেন তেমনি তাঁলেরই মধ্যে সর্বজনের গৌরব, বছজনের কাছে বছকালের কাছে তাঁদের জবাবদিহি। তাঁদের কীতিতে কোনো অংশে দারিত্র থাকলে দেই অমর্বাদা বহুলোকের, বহুকালের। এইজন্মে তথনকার মহৎ ব্যক্তির কীভিতে ছু:সাধ্যসাধন হয়েছে। সেই কীতি এক দিকে ষেমন আপন স্বাতন্ত্র্যে বড়ো তেমনি সর্বজনীনভাষ। মাহ্য আপন প্রকাশে বৃহত্তের যে কল্পনা করতে ভালোবানে তাকে আকার দেওয়া সাধারণ লোকের সাধ্যের মধ্যে নয়। এইজন্ম তাকে উপযুক্ত আকারে প্রকাশ দেবার ভার ছিল নরোত্তমের, নরপতির! রাজা বাদ করতেন রাজ্ঞাদাদে, কিন্ধ বন্ধত সে প্রাসাদ সমন্ত প্রজার— রাজার মধ্য দিয়ে সমন্ত প্রজা সেই প্রাসাদের অধিকারী। এইজন্তে রাজাকে অবলম্বন করে প্রাচীনকালে মহাকায় শিল্পসৃষ্টি সম্ভবপর হয়েছিল। পর্দিপোলিদে দরিমুদ রাজার রাজগৃহে যে ভগ্নাবশেষ দেখা যায় সেটা দেখে মনে হয়, কোনো একজন ব্যক্তিবিশেষের ব্যবহারের পক্ষে দে নিভাস্ত অসংগত। বস্তুত একটা বৃহৎ যুগ তার মধ্যে বাসা বেঁধেছিল— সে মুগে সমস্ত মামুষ এক-একটি মামুষে অভিবাক্ত।

পদিপোলিদের যে কীতি আল ভেঙে পড়েছে তাতে প্রকাশ পায়, সেই যুগ গেছে ভেঙে। এরকম কীতির আর পুনরাবর্তন অসম্ভব। যে প্রান্তরে আজকের যুগ চাষ করছে, পশু চরাচ্ছে, যে পথ দিয়ে আজকের যুগ তার পণ্য বহন করে চলেছে, সেই প্রান্তরের ধারে, সেই পথের প্রান্তে এই অতিকায় শুস্তগুলো আপন সার্থকতা হারিরে দাঁড়িরে আছে।

তবু মনে হয়, দৈবাৎ বদি না ভেঙে বেত তবু আলকেকার সংসারের মাঝখানে থাকতে পেত না। যেমন আছে অজস্কার গুহা, আছে তবু নেই। ওই ভাঙা থামগুলো ' সেকালের একটা সংকেতমাত্র নিয়ে আছে, ব্যতিব্যস্ত বর্তমানকে পথ ছেড়ে দিয়ে। দেই দংকেতের সমন্ত অ্মহৎ তাৎপর্য অতীতের দিকে। নীচের রাতার গুলো উড়িয়ে ইতরের মতো গর্জন করে চলেছে মোটর-রথ। তাকেও অবজা করা বার না, তার মধ্যেও মানবমহিমা আছে। কিন্তু এরা তুই পৃথক জাত, সগোত্র নয়। প্রকটাতে আছে সর্বজনের হুবোগ, আর-একটাতে আছে সর্বজনের আত্মলাদা। এই সাদার প্রকাশে আমরা দেখতে পেল্ম সেই অতীতকালের মাহ্ব কেমন করে প্রবল ব্যক্তিঅরপের মধ্যে কৃত্র কৃত্র নিজেকে মিলিয়ে দিয়ে এক-একটি বিরাট আকারে আপনাকে দেখতে চেয়েছে। প্রয়োজনের পরিমাপে সে আকারের মৃল্য নয়, প্রয়োজনের চেয়ে আনেক বেলিকেই বলে ঐশ্বর্য— সেই ঐশ্বর্যকে তার অসামান্তরূপে মাহ্ব দেখতে পায় না, যদি কোনো প্রবল শক্তিশালীর মধ্যে আপন শক্তিকে উৎস্ট করে এই ঐশ্বর্যক ব্যক্ত করা না হয়। নিজের নিজের কৃত্র শক্তি কৃত্র প্রয়োজনের মধ্যে প্রতিদিন বরচ হয়ে যায়, সেই দিনবাত্রা প্রয়োজনের-অতীত মাহাত্মাকে বাঁধতে পারে না। সেই ঐশ্বর্-যুগ, যে ঐশ্বর্য আবশ্রককে অবজা করতে পারত, এখন চলে গেছে। তার নাজসক্ষা সমারোহভার এখনকার কাল বহন করতে অত্মীকার করে। অতএব সেই যুগের কীতি এখনকার চলতি কালকে যদি চেপে বলে তবে এই কালের অভিব্যক্তির পথকে বাধাগ্রন্ত করবে।

মান্থবের প্রতিভা নবনবোশ্লেবে, কোনো একটামাত্র আবির্ভাবকেই দীর্ঘায়িত করার ধারা নয়, সে আবির্ভাব ষতই ফুলর যতই মহৎ হোক। মাতুরার মন্দির, ইম্পাহানের মসজিদ প্রাচীন কালের অভিত্যের দলিল— এখনকার কালকে যদি সে দখল করে তবে তাকে জবরদখল বলব। তারা বে সজীব নয় তার প্রমাণ এই যে, আশন ধারাকে আর তারা চালনা করতে পারছে না। বাইরে থেকে তাদের হয়তো নকল করা বেতে পারে, কিন্তু নিজের ভিতরে তাদের নতন স্কীর আবেগ ফুরিরে গেছে।

এদের কৈফিয়ত এই যে, এরা যে ধর্মের বাহন এখনো সে টি কৈ আছে। কিছ
আজকের দিনে কোনো সাম্প্রদায়িক ধর্ম ধর্মের বিশুদ্ধ প্রাণতত্ব নিয়ে টি কৈ নেই।
বে-সমন্ত ইটকাঠ নিয়ে সেই-সব সম্প্রদায়কে কালে কালে ঠেকো দিয়ে দিয়ে খাড়া করে
রাখা হয়েছে তারা সম্পূর্ণ অন্ত কালের আচার বিচার প্রথা বিখাস জনপ্রতি। তাদের
অন্তর্গন, তাদের অন্থ্যাসন এক কালের ইভিহাসকে অন্ত কালের উপর চাপা দিয়ে
তাকে পিছিয়ে রাথে।

সাম্প্রদায়িক ধর্ম জিনিসটাই সাবেক কালের জিনিস। পুরাকালের কোনো একটা বাঁধা মন্ত ও অহুষ্ঠানকে সকল কালেই সকলে মিলে মানতে হবে, এই হচ্ছে সম্প্রদায়ের শাসন। বন্ধত এতকাল রাজশক্তি ও পৌরোহিতশক্তি কৃঞ্চি বিলিয়ে চলেছে। উভয়েই জনসাধারণের আত্মশাসনভার, চিন্ধার ভার, পৃদ্ধার-ভার, তাদের স্বাধীন শক্তি থেকে হরণ করে অগ্রন্থ এক জারগায় সংহত করে রেখেছে। ব্যক্তিবিশেষ যদি নিজের চিন্তুপজ্জির প্রবর্তনায় স্বাভয়ের চেষ্টা করে তবে সেটাকে বিস্রোহের কোঠায় ফেলে তাকে প্রাণাস্তকর কঠোরতার সদে শাসন করে এসেছে। কিন্ধু রাষ্ট্রনৈতিক শক্তি ক্রেম এক কেন্দ্রের হাত থেকে সাধারণের পরিধিতে ব্যাপ্ত হয়ে পড়েছে, অথচ চির-কালের মতো বাঁধা মতের ধর্মসম্প্রদায় আজকের দিনে সকলেরই চিন্তকে এক শাসনের কারা, ভরের হারা, লোভের হারা, মোহের হারা অভিভূত করে স্থাবর করে রেখে সেবে— এ আর চলবে না। এই কারণে এইরকম সাম্প্রদায়িক ধর্মের হা-কিন্তু প্রভীক তাকে আজ লোর করে রক্ষা করতে গেলে মান্ত্র্য নিজের মনের জোর খোওয়াবে; বয়স উত্তীর্ণ হলেও যে ছেলে মায়ের কোল আকড়ে মেরেলি স্বভাব নিয়ে থাকে ভারই মতো অপদার্থ হয়ে থাকবে।

প্রাচীন কীতি টি কৈ থাকবে না এমন কথা বলি নে। থাকৃ— কিছ দে কেবল মতির বাহনরণে, ব্যবহারের ক্ষেত্ররণে নয়। যেমন আছে স্থাজিনেবীয় সাগা—তাকে কাব্য বলে স্বীকার করব, ধর্মগ্রন্থ বলে ব্যবহার করব না। যেমন আছে প্যারাজাইস লগ্ট,— তাকে ভোগ কর্বার জল্ঞে, মানবার জল্ঞে নয়। য়ুরোণে প্রাতন ক্যাথিড্রাল আছে অনেক, কিছু মাহুবের মধ্যধূর্মীয় বে ধর্মবোধ থেকে তার উদ্ভব ভিতরে ভিতরে তার পরিবর্তন হয়ে গেছে। ঘাট আছে, জল গেছে সরে। সে ঘাটে নৌকোবেঁধে রাখতে বাধা নেই, কিছু দে নৌকোয় বেয়া চলবে না। মুগে মুগে জানের পরিবিন্তার, তার অভিক্রতার সংলোধন, তার অবস্থার পরিবর্তন চলছেই; মাহুবের মন সেইসক্রে যদি অচল আচারে বিজড়িত ধর্মকে শোধন করে না নেয় তা হলে ধর্মের নামে হয় কপটতা নয় মৃঢ়তা নয় আত্মপ্রকানা জমে উঠতে থাকবেই। এইজন্তে সাম্প্রায়িক ধর্মবৃদ্ধি মাহুবের বত অল্পায়ী বত নিষ্ঠ্র হয়, ধর্মমতে আসন্তি থেকে মাহুব তার চেয়ে অনেক বেশি লায়ন্তই অছ ও হিংল হয়ে ওঠে, ইতিহাসে তার ধারাবাহিক প্রমাণ আছে; আর তার সর্বনেশে প্রমাণ ভারতবর্ষে আমাদের মরের কাছে প্রতিদিন মত পেয়ে থাকি এমন আর-কোথাও নয়।

এসজে এ কথাও আমার মনে এসেছে বে মহর পরামর্শ ছিল ভালো। সংসারের ধর্মই হচ্ছে সে লরে সরে বার, অথচ একটা বরসের পর বাদের মন আর কালের সকে ভাল রেখে সরতে পারে না সংসারের ব্যবহার থেকে ভাদের দূরে থাকা উচিভ— বেমন দূরে আছে ইলোরার শুহা, থশুগিরির মৃতি সব। বদি ভারা নিজের যুগকে পূর্ণতা দিয়ে থাকে তবে তাদের মৃদ্য আছে, কিন্তু সে মৃদ্য আদর্শের মৃদ্য। আদর্শ একটা আরগার ছিরতে ঠেকেছে বলেই তাকে দিয়ে আমরা পরিমাপের কাজ করি। জলের মধ্যে বদি কোথাও পাহাড় মাথা তুলে দাঁড়িয়ে থাকে তবে বছার উচ্ছলতা কডদ্র উঠল দেই পাহাড়ের সকে তুলনা করে সেট। আমরা ব্রুডে পারি, কিন্তু লোতের সকে সে পাহাড়ের কারবার নেই। তেমনি মাহ্যের কীর্তি ও ব্যক্তিত ব্যক্তিত কাবনার সকে অসংসক্ত হয়ে পড়ে তথন তারা আমাদের অহু কোনো কাজ না হোক আদর্শরচনার কাজে লাগে। এই আদর্শ নকল করায় না, শক্তির মধ্যে বেগ সঞ্চার করে। মহামানব নিজেকেই বছগুণিত করবার জল্পে নয়, প্রত্যেক মাহ্যকে তার আপন শক্তিয়াতয়্রের চরমতার দিকে অগ্রসর করবার জল্পে। প্রাতনকালের বৃদ্ধ বদি সেই আদর্শের কাজে লাগে তা হলে নৃতনকালেও সে সার্থক। কিন্তু বদি সে নিজেকে চিরকাল প্নরার্থতিত করবে বলে পণ করে বসে ভবে সে আবর্জনা স্থিট করবে।

অভ্যাদে যে মনকে পেরে বঙ্গে দে মনের মতগুলো মনন থেকে বিযুক্ত হয়ে যায়, অর্থাৎ চিন্তধারার দকে চিন্তিত বিষয়ের সম্বন্ধ শিথিল হয়। ফুলের বা ফলের পালা যথন ফুরোয় তথন শাখার রসধারা তাকে বর্জন, করতে চেষ্টা করে, কিন্তু তবু সে যদি রক্ত আঁকড়িয়ে থাকে তবে সেটা নিছক লোকসান। এইজন্তে মহুর কথা মানি—পঞ্চাশোধর্মং বনং ব্রক্তে। স্বাধীন শক্তিতে চিন্তা করা, প্রশ্ন করা, পরীক্ষা করার হারাই মাহুযের মনোরুত্তি ক্রন্থ ও বীর্যবান থাকে। যারা সতাই জরায়-পাওয়া তারা সমাজের সেই নৃতন অধ্যবসায়ী পরীক্ষাপরায়ণ প্রশ্নরত বলিষ্ঠ স্বাস্থাকে নই না করুকে, বাধা না দিক, মহুর এই ছিল অভিপ্রায়। পৃথিবীতে যে সমাজ তরুণ বৃদ্ধ বা প্রবীণ বৃদ্ধের অধিকৃত সে সমাজ পঙ্গু; বৃদ্ধের কর্মশক্তি অস্বাভাবিক, অতএব সে কর্ম স্বান্থাকর নয়। তাদের মনের সক্রিয়তা স্বভাবের নিয়মে বাইরের দিক থেকে সরে এলে অন্তরের দিকে পরিণত হতে থাকে। তাই তাদের নিজের সার্থকতার জন্তেও অভিভাবকের পদ ছেড়ে দিরে সংসার থেকে নিভূতে যাওয়াই কর্তব্য— তাতে ক্ষতি হবে এ কথা মনে করা অহংকার মাত্র।

আৰু ছাব্বিশে। পনেরো দিন মাত্র দেশ থেকে চলে এসেছি। কিন্তু মনে হচ্ছে বেন অনেক দিন হয়ে গেল। ৩ভবে দেখলুম, তার কারণ এ নয় যে, অনভ্যন্ত প্রবাসবাসের হংখ সময়কে চিরায়মান করেছে। আসল কথা এই যে, দেশে থাকি নিজের সঙ্গে নিভান্ত নিকটে আবদ্ধ বহু খুচরো কাজের ছোটো ছোটো সময় নিয়ে।

এখানে অনেকটা পরিমাণে নিজেকে ও নিজকীয়কে ছাড়িয়ে একটা ব্যাপক ভূমিকার উপরে থাকি। ভূমিতল থেকে নিঃসংসক্ত উর্ধে বেমন অনেকথানি দেশকে দেখা বায় তেমনি নিজের অথহুঃথের-জালে বন্ধ, প্রয়োজনের-ভূপে-আছের সময় থেকে দ্রে এলে অনেকথানি সময়কে একসকে দেখতে পাওয়া বায়। তখন বেন দিনকে দেখি নে, যুগকে দেখি; দেখি ইতিহাসের পৃষ্ঠায়— খবরের কাগজের প্যারাগ্রাফে নয়।

গবর্নরের ব্যবস্থায় এ তৃইদিন রাজির আহারের পর ঘণ্টাখানেক ধরে এখানকার সংগীত শুনতে পাই। বেশ লাগে। টার বলে যে তারের বন্ধ, অতি স্থন্ধ মৃতুধ্বনি থেকে প্রবল ঝংকার পর্যন্ত তার গতিবিধি। তাল দেবার যন্ত্রটাকে বলে ডম্বক, তার বোলের আওয়াকে আমাদের বাঁয়া-তবলার চেয়ে বৈচিত্র্য আছে।

ইম্পাহানে আজ আমার শেষদিন, অপরাত্নে পুরসভার তরফ থেকে আমার অভ্যর্থনা। যে প্রাদাদে আমার আমন্ত্রণ সে শা আব্বাদের আমলের, নাম চিহিল সতুন। সম্চ্চ পাথরের শুস্তপ্রেণীবিরাজিত এর অলিন্দ, পিছনে সভামওপ, তার পিছনে প্রশন্ত একটি মর— দেয়ালে বিচিত্র ছবি আঁকা। এক সময়ে কোনো-এক কত্তংশাহী শাসনকর্তা চুনকাম করে সমস্তটা ঢেকে দিয়েছিলেন। হাল আমলে ছবিগুলিকে আবার প্রকাশ করা হচ্ছে।

এথানকার কাজ শেষ হল।

দৈবাং এক-একটি শহর দেখতে পাওয়া যায় যার স্বর্রপটি স্থন্স্ট, প্রতি মৃহুর্তে যার সঙ্গে পরিচয় ঘটতে থাকে। ইম্পাহান সেইরকম শহর। এটি পারস্থদেশের একটি পীঠস্থান। এর মধ্যে বহুযুগের, শুধু শক্তি নয়, প্রেম সজীব হয়ে আছে।

ইস্পাহান পারশ্রের একটি অভি প্রাচীন শহর। একজন প্রাচীন ভ্রমণকারীর লিখিত বিধরণে পাওয়া যায় সেলজুক-রাজবংশীয় স্থলতান মহম্মদের মাস্ত্রাদা ও সমাধির সম্পুথে তথন একটি প্রকাণ্ড দেবমৃতি পড়ে ছিল। কোনো-একজন স্থলতান ভারতবর্ধ থেকে এটি এনেছিলেন। তার ওজন ছিল প্রায় হাজার মণ।

দশ শতাব্দীর শেষভাগে সমাট শা আব্বাস আদাবিল থেকে তাঁর রাজধানী এথানে সরিয়ে নিয়ে আদেন। সাফাবি-বংশীয় এই শা আব্বাস পৃথিবীর রাজাদের মধ্যে একজন শ্রণীয়-ব্যক্তি।

. তিনি যথন সিংহাসনে উঠলেন তথন তাঁর বয়স যোলো, যাট বছর বয়সে তাঁর মৃত্য়। যুদ্ধবিপ্পবের মধ্য দিয়েই তাঁর রাজত্বের আরম্ভ। দমন্ত পারস্তাকে একীকরণ এর মহৎকীতি। স্তাম্বিচারে দাক্ষিণ্যে ঐশ্বর্যে তাঁর খ্যাতি ছিল সর্বত্ত পরিব্যাপ্ত। তাঁর ঔদার্ব ছিল অনেকটা দিল্লীশ্বর আক্বরের মতো। তাঁরা এক সময়ের লোকও

ছিলেন। তাঁর রাজত্বে পরধর্মসপ্রদায়ের প্রতি উৎপীড়ন ছিল না। কেবল শাসন-নীতি নয়, তাঁর সময়ে পারস্তে স্থাপত্য ও অক্সান্ত শিল্পকলা সর্বোচ্চদীমায় উঠেছিল। ৪৩ বংসর রাজত্বের পর তাঁর মৃত্যু হয়।

তাঁর মৃত্যুর দক্ষে তাঁর মহিমার অবদান। অবশেষে একদা তাঁর শেষ বংশধর শা স্থলতান হোদেন পারভাবিজয়ী স্থলতান মাম্দের আদনতলে প্রণতি করে বদলেন, 'পুত্র, বেহেতু জগদীশ্বর আমার রাজত্ব আর ইচ্ছা করেন না, অতএব আমার সাম্রাজ্য এই তোমার হাতে সমর্পণ করি।'

এর পরে আফগান রাজত্ব। শাসনকর্তাদের মধ্যে হত্যা ও গুপ্তহত্যা এগিয়ে চলল। চারি দিকে লুটপাট ভাঙাচোরা। অত্যাচারে জর্জরিত হল ইম্পাহান।

অবশেষে এলেন নাদির শা। বাল্যকালে ছাগল চরাতেন; অবশেষে একদিন ভাগ্যের চক্রান্তে আফগান ও তুর্কিদের তাড়িয়ে দিয়ে এই রাখাল চড়ে বদলেন শা আবানের সিংহাদনে। তার জয়পতাকা দিল্লি পর্যন্ত উড়ল। স্বরাজ্যে যথন ফিরলেন দলে নিয়ে এলেন বহুকোটি টাকা দামের লুটের মাল ও ময়ুরতক্ত সিংহাদন। শেষবম্বদে তাঁর মেজাজ গেল বিগড়ে, আপন বড়োছেলের চোথ উপড়িয়ে ফেললেন। মাথার খুন চড়ল। অবশেষে নিস্তিত অবস্থায় তাঁব্র মধ্যে প্রাণ দিলেন তাঁর কোনো-এক অম্নচরের ছুরির ঘায়ে; শেষ হয়ে গেল বিজয়ী রাজমহিমা অথ্যাত মৃত্যুশয়ায়।

তার পরে অর্থণতান্ধী ধরে কাড়াকাড়ি, খুনোথুনি, চোথ-ওপড়ানো। বিপ্লবের আবর্তে রক্তাক্ত রাজমুক্ট লাল বুল্ব্দের মতো ক্ষণে ক্ষণে ফুটে ওঠে আর ফেটে ষায়। কোথা থেকে এল কাজার-বংশীয় তুকি আগা মহম্মদ খাঁ। খুন করে, লুঠ করে, হাজার হাজার নারী ও শিশুকে বন্দী করে আপন পাশবিকতার চুড়ো তুললে কর্মান শহরে, নগরবাদীর সন্তর হাজার উৎপাটিত চোথ হিদাব করে গ'নে নিলে। মহম্মদ খাঁর দহাবৃত্তির চরমকীতি রইল খোরাসানে, সেখানে নাদির শাহের হতভাগ্য অন্ধ পুত্ত শা-কথ ছিল রাজা। হিন্দুখান থেকে নাদির শাহের বহুম্ল্য লুঠের মাল গুণ্ড রাজকোষ থেকে উদ্দীর্ণ করে নেবার জল্পে দহ্যজেষ্ঠ প্রতিদিন শা-ক্ষথকে ষত্রণা দিতে লাগল। অবশেবে একদিন শা-ক্ষথের মুণ্ড ঘিরে একটা মুখোশ পরিয়ে তার মধ্যে সীনে গালিয়ে ঢেলে দিলে। এমনি করে শা-ক্ষথের প্রাণ এবং উরলজেবের চুনি তার হন্তগত হল। তার পরে এশিয়ার ক্রমে এদে পড়ল মুরোপের বিনক্ষল, ইতিহাসের আর-এক পর্ব আরম্ভ হল পূর্ব পশ্চিমের সংঘাতে। পারস্তে তার চক্রবাত্যা যথন পাক দিয়ে উঠছিল তথন ওই কাজার-বংশীয় রাজা সিংহাসনে। বিদেশীর ঋণের নাগপাণে দেশকে কড়িয়ে সে ভোগবিলানে উন্সত, হুর্বল হাতের রাজদণ্ড চালিত হচ্ছিল বিদেশীর ভর্জনীসংক্রেত।

এমন সময় দেখা দিলেন রেজা শা। পারভ্যের জীর্ণ জর্জর রাষ্ট্রশক্তি সর্বত্র আজ উজ্জ্বল নবীন হয়ে উঠছে। আজ আমি আমার সামনে যে ইম্পাহানকে দেখছি তার উপর থেকে অনেক দিনের কালো কুছেলিকা কেটে গেছে। দেখা যায় এতকালের ছ্র্যোগে ইম্পাহানের লাবণ্য নষ্ট হয় নি।

আশ্বানের হাতে পারস্ত বারবার দলিত হয়েছে, তবু তার প্রাণশক্তি পুনংপুন নিজেকে প্রকাশ করতে পারস্তে । আমার কাছে মনে হয় তার প্রধান কারণ—আকেমেনীয়, সাসানীয়, সাফাবি রাজাদের হাতে পারস্তের সর্বাদীণ ঐক্য বারমার মৃদ্য হয়েছে। পারস্ত সম্পূর্ণ এক, তার সভ্যতার মধ্যে কোনো আকারে ভেদবৃদ্ধির ছিছে নেই। আঘাত পেলে সে পীড়িত হয়, কিছ বিভক্ত হয় না। ফশে ইংরেজে মিলে তার রাষ্ট্রিক সন্তাকে একদা ছ্বানা করতে বসেছিল। যদি তার ভিতরে ভিতরে বিভেদ থাকত তা হলে য়ুরোপের আঘাতে টুকরো টুকরো হতে দেরি হত না। কিছে যে মূহুর্তে শক্তিমান রাষ্ট্রনেতা সামাক্তসংখ্যক সৈক্ত নিয়ে এসে ডাক দিলেন, অমনি সমস্ত দেশ তাঁকে স্বীকার করতে দেরি করলে না; অবিলম্বে প্রকাশ পেলে যে, পারস্তা এক।

পারত বে অন্তরে অন্তরে এক, তার প্রধান একটা প্রমাণ তার শিল্পের ইতিহাসে দেখতে পাওয়া যায়। আকেমেনীয় যুগে পারতে বে স্থাপত্য ও ভান্ধর্য উদ্ভাবিত হল তার মধ্যে আদীরিয়, ব্যাবিলনীয়, ঈজিপ্টীয় প্রভাবের প্রমাণ আছে। এমন-কি, তথনকার প্রাসাদনির্মাণ প্রভৃতি কাজে বিপুলসাম্রাজ্যভূক্ত নানাদেশীয় কারিগর নিযুক্ত হয়েছিল। কিন্তু সেই বিচিত্র প্রভাব বিশিষ্ট ঐক্য লাভ করেছিল পারসিক চিত্তের ঘারা। রজার ফ্রাই এ সম্বন্ধে বে কথা বলেছেন এখানে উদ্ধৃত করি:

This extreme adaptability is, I think, a constant trait in Persian art. ... We tend, perhaps, at the present time to exaggerate the importance of originality in an art; we admire in it the expression of an independent and self-contained people, forgetting that originality may arise from a want of flexibility in the artist's make-up as well as from a new imaginative outlook.

নানা প্রভাব চারি দিক থেকে আসে; অভবৃদ্ধি তাকে ঠেকিয়ে রাখে, সচেতন বৃদ্ধি তাকে গ্রহণ করে আপনার মধ্যে তাকে ঐক্য দেয়। নিজের মধ্যে একটা প্রাণবান ঐক্যতন্ত্ব থাকলে বাইরের বছকে মাহুষ একে পরিণত করে নিতে পারে। পারত্র তার ইতিহাসে, তার আর্টে বাইরের অভ্যাগমকে আপন অকীস্কৃত করে নিয়েছে।

পারস্তের ইতিহাদক্ষেত্রে একদিন যখন মার্ব এল তথন মতি অক্সাৎ তার

প্রকৃতিতে একটা মূলগত পরিবর্তন ঘটল। এ কথা মনে রাখা দরকার যে, বলপূর্বক ধর্মদীকা দেওয়ার রীতি তথনো আরব গ্রহণ করে নি। আরবশাসনের আরম্ভকালে পারতে নানা সম্প্রদায়ের লোক একতে বাদ করত এবং শিল্পরচনায় ব্যক্তিগত খাধীন ক্ষচিকে বাধা দেওয়া হয় নি। পারতে ইসলাম ধর্ম অধিবাসীদের স্বেচ্ছামূদারে ক্রমে ক্রমে দহত্তে প্রবৃতিত হয়েছে। তৎপূর্বে ভারতবর্ষেরই মতো পারস্তে সামাজিক শ্রেণীবিভাগ ছিল কঠিন, তদমুদারে শ্রেণীগত অবিচার ও অবমাননা জনদাধারণের পকে निक्तप्रहे शीफ़ांत कांत्रव हत्यहिल। चनन्धानात्यत मर्था द्रेचत्रभूकांत नमान अधिकांत ও পরম্পরের নিবিড় আত্মীয়তা এই ধর্মের প্রতি প্রজাদের চিত্ত আকর্ষণ করেছিল সন্দেহ নেই। এই ধর্মের প্রভাবে পারুত্রে শিল্পকলার রূপ পরিবর্তন করাতে রেখালংকার ও ফুলের কাজ প্রাধান্ত লাভ করেছিল। তার পরে তুর্কিরা এদে আরব সাম্রাক্ষ্য ও দেইদকে তাদের বহুতর কীতি লণ্ডভণ্ড করে দিলে, অবশেষে এল মোগল। **এই-मकन की जिनामात्र मन अथरम यछ छे ९ भार कक्रक, क्रांस छारमत्र निर्ध्वरमत्र** सर्धा শিলোৎসাহ সঞ্চারিত হতে লাগল। এমনি করে যুগান্তে যুগান্তে ভাঙচুর হওয়া সত্তেও পারত্যে বার্বার শিল্পের নবযুগ এসেছে। আকেমেনীয় সাসানীয় আরবীয় সেলজ্ক যোগল এবং অবশেষে দাফাবি শাদনের পর্বে পর্বে শিল্পের প্রবাহ বাঁক ফিরে ফিরে हरलाह, उर् मुश्र दम्र नि, अबकम मुहोस्र दांध दम्र चांत्र-त्कारना रम्रण रम्था घाम्र ना ।

٩

২৯ এপ্রেল। ইম্ফাহান থেকে যাত্রা করা গেল তেহেরানের দিকে। নগরের বাহিরেও অনেক দ্র পর্যন্ত সর্জ থেত, গাছপালা ও জলের ধারা। মাঝে মাঝে গ্রাম। কোথাও-বা তারা পরিত্যক্ত। মাটির প্রাচীর ও দেওয়ালগুলি জীর্ণতার নানা ভলিতে দাঁড়িয়ে, ভিভের উপরে ছাদ নেই। এক জায়গায় এইরকম ভাঙা শৃক্ত গ্রামের সামনেই পথের ধারে পড়ে আছে উটের কর্বাল। ওই ভাঙা ঘরগুলো, আর ওই প্রাণীটার বুকের পাঁজর একই কথা বলছে। প্রাণের ভারবাহী যে-সব বাহন প্রাণহীন কিছুদিন তারাই থাকে বোবার মতো পড়ে, আর প্রাণ যায় চলে। এথানকার মাটির দর যেন মাটির তার্— উপন্থিত প্রয়োজনের ক্ষণিক তাগিদে থাড়া করা, ভার পরে তার মূল্য ফ্রিয়ের বায়। দেখি আর ভাবি, এই ডো ভালো। গড়ে তোলাও সহজ, ফেলে যাওয়াও তাই। বাসার লকে নিজেকে ও অপরিচিত আগামীকালকে বেঁধে রাখবার বিড়খনা নেই। মাহযের কেবল যদি একটামাত্র দেহ থাকত বংশায়ুক্রমে সকলের জল্ঞে, পুর মজবৃত চতুর্দস্ক হাতির হাড় আর গণ্ডারের সাত-পুক্ চামড়া দিয়ে

খুব পাকা করে তৈরি চোক পুরুষের একটা দরকারি দেহ, যেটা অনেকজনের পক্ষে মোটামুটিভাবে উপযোগী, কিছু কোনো-একজনের পক্ষে প্রাকৃষ্টভাবে উপযুক্ত নয়, নিশ্রয় সেই দেহতুর্গটা প্রাণপ্রুষের পছন্দসই হত না। আপন বসতবাড়িকে বংশাহক্রমে পাকা করে তোলবার চেষ্টা প্রাণধর্মের বিশ্বন্ধ। পুরানো বাড়ি আপন যুগ পেরতে না পেরতে পোড়োবাড়ি হতে বাধ্য। পিতৃপুরুষের অপব্যরকে উপেকা করে নতুন বংশ নতুন পাড়ায় গিয়ে বালা করে। আশ্বর্য এই যে, সেও ভাবী ভগ্নাবশেষ স্বষ্টি করবার জন্মে দশ পুরুষের মাপে অচল ভিত বানাতে থাকে। অর্থাৎ, মরে গিয়েও সে ভাবীকালকে জুড়ে আপন বালায় বাল করবে এই করনাতেই মুগ্ধ। আমার মনে হয়, বে-সব ইমারত ব্যক্তিগত ব্যবহারের জন্ম নয়, স্বান্নিজ্বামী স্থাপত্য ভাদেরই লাজে।

কিছু দ্রে গিয়ে আবার দেই শৃক্ত শুক ধরণী, গেরুয়া চাদরে ঢাকা তার নিরলংক্বত
নিরাদক্তি। মধ্যাহে গিয়ে পৌছলুম দেলিজানে। ইম্ফাহানের গভর্নর এখানে তাঁর্
ফেলে আমাদের জন্মে বিশ্বামের ব্যবস্থা করেছেন। এই তাঁবুতে আমাদের আহার
হল। কুমশহর এখান থেকে আরো কতকটা দ্রে। তার পাশ দিয়ে আমাদের পথ।
দ্র থেকে দেখতে পাওয়া যায় স্বর্ণমিতিত তার বিখ্যাত মদজিদের চূড়া।

বেলা পাঁচটার সময় গাড়ি পৌছল তেহেরানের কাছাকাছি। শুরু হল তার আছাপরিচয়। নগরপ্রবেশের পূর্বে বর্তমানযুগের শৃক্ধবিন্ম্পর নকিবের মতো দেখা গেল একটা কারথানাদর— এটা চিনির কারথানা। এরই সংলগ্ন বাড়িতে জরথুস্তীয় সম্প্রদায়ের একদল লোক আমাকে অভ্যর্থনার জন্ত নামালেন। ক্লান্তদেহের থাতিরে ক্রুড ছুটি নিতে হল। তার পরে তেহেরানের পৌরজনদের পক্ষ থেকে অভ্যর্থনা গ্রহণ করবার জন্ত একটি বৃহৎ তাঁব্তে প্রবেশ করলেম। এথানকার শিক্ষাবিভাগের মন্ত্রী ছিলেন সভাপতি। এথানে চা থেয়ে স্বাগতসম্ভাবণের অম্প্রচান যথন শেষ হল সভাপতি আমাকে নিয়ে গেলেন একটি বৃহৎ বাগানবাড়িতে। নানাবর্ণ ফুলে পচিত তার তৃণআত্তরণ। গোলাপের গন্ধমাধূর্যে উচ্ছুসিত তার বাতাস, মাঝে মাঝে জলাশয় এবং কোয়ারা এবং স্মিন্ধছায়া তম্প্রণীর বিচিত্র সমাবেশ। যিনি আমাদের জন্তে এই বাড়ি ছেড়ে দিয়ে অন্তর্ত্ত গেছেন তাকে যে ক্রত্ত্ততা নিবেদন করব এমন স্বাগে পাই নি। তাঁরই একজন আত্মীয় আগা আসাদি আমাদের শুক্রবার তার নিয়েছেন। ইনি ন্যুয়র্কের কলম্বিয়া যুনিভার্গিটির গ্রান্থ্যেট, আমার সমস্ত ইংরেজি রচনার সন্তে স্থারিচিত। অভ্যাগতবর্গের সঙ্গে আমার কথোপকথনের সেতৃস্বরূপ ছিলেন ইনি।

করেক দিন হল ইরাকের রাজা ফইসল এথানে এসেছেন। তাঁকে নিয়ে এথানকার

সচিবেরা অত্যন্ত ব্যন্ত। আজ অপরাক্সের মৃত্ রৌক্রে বাগানে যথন বলে আছি ইরাকের তৃইজন রাজদৃত আমার সঙ্গে দেখা করতে এলেন। রাজা বলে পাঠিয়েছেন তিনি আমার সজে আলাপ করতে ইচ্ছা করেন। আমি তাঁদের জানালেম, ভারতবর্ষে ফেরবার পথে বোগদাদে রাজার দুর্শন নিম্নে যাব।

আজ সন্ধার সময় একজন ভদ্রলোক এলেন, তাঁর কাছ থেকে বেহালায় পার্সিক সংগীত ওনলুম। একটি স্বর বাজালেন, আমাদের ভৈরে । রামকেলির দলে প্রায় তার কোনো তফাত নেই। এমন দরদ দিয়ে বাজালেন, তানগুলি পদে পদে এমন বিচিত্র অথচ সংযত ও স্থমিত হে আমার মনের মধ্যে মাধুর্য নিবিড় হয়ে উঠল। বোঝা গেল हैनि ७छाम, किइ गांवनामांत्र नन । गांवनामांत्रिष्ठ निभूग गाए, किइ विमनातांश কমে বায় -- ময়রা যে কারণে সন্দেশের রুচি হারায়। আমাদের দেশের গাইয়ে-বাজিম্বেরা কিছুতেই মনে রাথে না যে আর্টের প্রধান তত্ত তার পরিমিতি। কেননা রূপকে স্থাক্ত করাই তার কাজ। বিহিত সীমার ঘারা রূপ সত্য হয়, সেই সীমা ছাড়িয়ে অতিক্বতিই বিকৃতি। মাহুষের নাক যদি আপন মর্যাদা পেরিছে হাতির ভঁড হওয়ার দিকে এগোতে থাকে, তার যাড়টা যদি জিরাফের সঙ্গে পাল্লা দেবার জন্মে মরিয়া হয়ে মেতে ওঠে, তা হলে সেই আতিশয়ে বস্তগৌরব বাড়ে, রূপগৌরব বাড়ে না। সাধারণত আমাদের সংগীতের আসরে এই অতিকায় আতিশয় মন্ত করীর মতো নামে পদ্মবনে। তার তানগুলো অনেক ছলে সামায় একটু-আধটু হেরফের করা পুন:পুন পুনরাবৃত্তি মাত্র। তাতে তুপ বাড়ে, রূপ নষ্ট হয়। তথী রূপসীকে হাজার পাকে জড়িয়ে দাগরা এবং ওড়না পরানোর মতো। সেই ওড়না বহুমূল্য হতে পারে, তবু রূপকে অভিক্রম করবার স্পর্ধা তাকে মানায় না। এরকম অন্তত ফচিবিকারের কারণ এই বে, ওন্তাদেরা স্থির করে রেখেছেন সংগীতের প্রধান উদ্দেশ্য সমগ্র গানটিকে তার আপন স্বমায় প্রকাশ করা নয়, রাগরাগিণীকেই বীরবিক্রমে আলোড়িত ফেনিল করে তোলা— সংগীতের ইমারতটিকে আপন ভিত্তিতে স্বসংঘমে গাড় করানো নয়, ইটকাঠ-চনম্বর্কিকে কণ্ঠ-কামানের মুখে সগর্জনে বর্ষণ করা। ভূলে যায় স্থবিহিত সমাপ্তির মধ্যেই আর্টের পর্যাপ্তি। গান যে বানায় স্বার গান যে করে, উভয়ের মধ্যে ষদি-বা দরদের বোগ থাকে তবু ক্ষিশক্তির সাম্য থাকা সচরাচর সম্ভবপর নয়। বিধাতা তাঁর জীবস্টিতে নিজে কেবল যদি কন্ধালের কাঠামোটুকু খাড়া করেই চুটি নিতেন, যার-তার উপর ভার থাকত সেই কলালে যত খুর্লি মেদমাংস চড়াবার, নিশ্চয়ই ' ভাতে অনাস্ট ঘটত। অথচ আমাদের দেশে গায়ক কথায় কথায় রচয়িতার অধিকার নিয়ে থাকে, তথন নে স্টেক্ডার কাঁধের উপর চড়ে ব্যারামক্ডার বাহাছরি প্রচার

করে। উত্তরে কেউ বলতে পারেন, ভালো তো লাগে। কিছ পেটুকের ভালো লাগা আর রসিকের ভালো লাগা এক নয়। কী ভালো লাগে তাই নিয়ে তর্ক। যে ময়রা রসগোলা তৈরি করে মিষ্টারের সঙ্গে যথাপরিমিত রস সে নিজেই জ্গিয়ে দেয়। পরিবেশনকর্তা মিষ্টার গড়তে পারে না, কিছ দেলার চিনির রস ঢেলে দেওয়া তার পক্ষে সহজ। সেই চিনির রস ভালো লাগে অনেকের; তা হোক গে, তব্ও সেই ভালো লাগাতেই আর্টের যথার্থ যাচাই নয়।

ইতিমধ্যে একজন সেকেলে ওন্তাদ এসে আমাকে বাজনা শুনিয়ে গেছেন, তার থেকে ব্রুল্ম এথানেও গানের পথে সন্ধ্যা হয় এবং বাদের ভন্ন ঘটে। এথানেও বেখুশি সরস্বতীর বীণায় রবারের তার চড়িয়ে তাকে কেবলমাত গায়ের জােরে টেনে
টেনে দীর্ঘ করতে পারে।

আজ পারশুরাজের দলে আমার প্রথম সাক্ষাৎ হল। প্রাসাদের বৃহৎ কার্পে ট-পাতা ঘরে আদবাব আড়ম্বর নেই বললেই হয়। রাজার গায়ে থাকি-রওের সৈনিক-পরিচ্ছেদ। অতি অক্সদিনমাত্র হল অতি ক্রতহন্তে পারশুরাজম্বকে তুর্গতির তলা হতে উদ্ধার করে ইনি তার হলয় অধিকার করে বলে আছেন। এমন অবস্থায় মায়্রম্ব আপন স্বয়প্রতিষ্ঠিত গৌরবকে অতিমাত্র সমারোহ্বারা ঘোষণা করবার চেষ্টা করে থাকে। কিন্তু ইনি আপন রাজমহিমাকে অতিসহজেই ধারণ করে আছেন। খুব সহজ মহত্তের মায়্রম্ব; এর মুথের গড়নে প্রবল দৃঢ়তা, চোথের দৃষ্টিতে প্রসন্ম উদার্য। সিংহাসনে না ছিল তার বংশগত অধিকার, না ছিল আভিজাত্যের দাবি; তবু যেমনি তিনি রাজাসনে বসলেন অমনি প্রজার হলয়ে তাঁর স্থান অবিলম্বে স্বীকৃত হল। দশ বছর মাত্র তিনি রাজা হয়েছেন কিন্তু সিংহাসনের চারি দিকে আশক্ষা উদ্বেগের ত্র্গম বেড়া সতর্কতার কণ্টকিত হয়ে ওঠেনি। সেদিন অমিয় দেখে এসেছেন নতুন রাভা তৈরি হচ্ছে, রাজা স্বয়ং পথে দাঁড়িয়ে বিনা আড়ম্বরে পরিদর্শনে নিযুক্ত।

ইতিমধ্যে একদিন প্রধান রাজমন্ত্রীর সঙ্গে দেখা হল। তাঁকে বলস্ম, বছযুগের উত্তা সংস্থারকে নম্র করে দিয়ে তাঁরা এ রাজ্যে সাম্প্রদায়িক বিছেবঁবৃদ্ধিকে নিবিষ করেছেন এই দেখে আমি আনন্দিত।

তিনি বললেন, যতটা আমাদের ইচ্ছা ততটা সফলতা এখনো পাই নি। মাছ্য তো আমরা সকলেই, আমাদের মধ্যে মাহুযোচিত সম্বন্ধ সহক্ষ ও ডন্ত্র না হওয়াই অভুত।

আমি যথন বলল্ম পারক্ষের বর্তমান উন্নতিসাধনা একদিন হন্নতো ভারতবর্ধের দৃষ্টাস্তম্বল হতে পারে, তিনি বললেন, রাষ্ট্রীয় অবস্থা সম্বন্ধে ভারতবর্ধ ও পারক্ষের মধ্যে

প্রভেদ বিশুর। মনে রাখতে হবে, পারস্তের জনসংখ্যা এক কোটি বিশ লাখ, ভারতবর্ষের ত্রিশ কোটির উপর— এবং সেই ত্রিশ কোটি বছভাগে বিভক্ত। পারস্তের সমস্তা অনেক বেশি সরল, কেননা আমরা জাতিতে ধর্মে ভাষায় এক। আমাদের প্রধান কাজ হচ্ছে শাসনব্যবস্থাকে নির্দোষ এবং সম্যক উপযোগী করে ভোলা।

আমি বলন্ম, দেশের প্রকাণ্ড আয়তনটাই তার প্রকাণ্ড শক্রন। চীন ভারতবর্ষ তার প্রমাণ। জাপান ছোটো বলে এত শীঘ্র বড়ো হয়েছে। স্বভাবতই ঐক্যবদ্ধ জন্ত সভ্যদেশের রাষ্ট্রনীতি ভারতবর্ষে থাটবে না। এথানকার বিশেষ নীতি নানা খন্দের ভিতর দিয়ে এথানেই উদ্ভাবিত হবে।

তিনি চলে গেলে আমি বসে বসে ভাবতে লাগলুম ঐক্যটাই আমাদের দেশে সব প্রথম ও সব চেয়ে বেশি চাই, অথচ ওইটের বাধা আমাদের হাড়ে হাড়ে। ভারতীয় মুসলমানের গোঁড়ামি নিজের সমাজকে নিজের মধ্যে একাস্ত কঠিন করে বাঁধে, বাইরেকে দ্রে ঠেকায়; হিন্দুর গোঁড়ামি নিজের সমাজকে নিজের মধ্যে হাজারখানা করে, তার উপরেও বাইরের সলে তার অনৈক্য। এই ত্ই বিপরীতধর্মী সম্প্রদায়কে নিয়ে আমাদের দেশ। এ যেন তুই যমজ ভাই পিঠে পিঠে জোড়া; একজনের পা ফেলা আর-একজনের পা ফেলাকে প্রতিবাদ করতেই আছে। তুইজনকে সম্পূর্ণ বিচ্ছিন্ন করাও যায় না, সম্পূর্ণ এক করাও আমাধ্য।

কয়েকজন মোলা এলেন আমার সঙ্গে দেখা করতে। প্রধান মোলা প্রশ্ন করলেন, নানা জাতির নানা ধর্মগ্রন্থে নানা পথ নির্দেশ করে, তার মধ্য থেকে সভ্যপথ নির্ণয় করা যায় কী উপায়ে।

আমি বললুম, ঘরের দরজা জানালা সব বন্ধ করে যদি কেউ জিজ্ঞাসা করে 'আলো পাব কী উপায়ে' তাকে কেউ উত্তর দেয় চকমিক ঠুকে— কেউ বলে তেলের প্রদীপ, কেউ বলে মোমের বাতি, কেউ বলে ইলেক্ট্রিক আলো জ্ঞেলে। সেই-সব উপকরণ ও প্রণালী নানাবিধ, তার ব্যয় ঘথেষ্ট, তার ফল সমান নয়। যারা পুঁথি সামনে রেখে কথা কয় না, যাদের সহজ্ব বৃদ্ধি, তারা বলে, দরজা খুলে দাও। ভালো হও, ভালোবাদো, ভালো করো, এইটেই হল পথ। যেখানে শাস্ত্র এবং আচারবিচারের কড়াক্কড়ি সেখানে ধার্মিকদের অধ্যবসায় কথা-কটিকাটি থেকে ওক্ক করে গলা-কটিকাটিতে গিয়ে পৌছয়।

মোলার পক্ষে তর্কের উভায় ফুরোয় নি, কিন্তু আমার আর সময় ছিল না।

۲

আৰু •ই মে ভেছেরানের অনসভায় আমার প্রথম বক্তা।

সভা ভক্ত হলে আমাদের নিয়ে গেল এথানকার একজন সংগীতগুণীর বাড়িতে। ছোটো একটি গলির ধারে বাড়ির মধ্যে প্রবেশ কর্রশুম। শানবাধানো চৌকো উঠোন, তারই মধ্যে একটুথানি জলাশয়, গোলাপ ধরেছে গাছে, ছোটো ছোটো টেবিলে চায়ের সরঞ্জাম। সামনে দালান, সেথানে বাজিয়ের দল অপেক্ষা করছে। বাজনার মধ্যে একটি তার্যয়, একটি বাঁশি, বাকি অনেকগুলি বেহালা। আমরা সেধানে আসন নিলে পর প্রধান গুণী বললেন, আমি জানি আপনি ইচ্ছা করেন দেশপ্রচলিত কলাবিভার স্বরূপ নই না হয়। আমরাও তাই চাই। সংগীতের স্বদেশী স্বকীয়তা রক্ষা করে আমরা তার সক্ষে যুরোপীয় স্বরসংগতিতত্ব যোগ করতে চেষ্টা করি।

শামি বললুম, ইতিহাসে দেখা যায় পারসিকদের গ্রহণ করবার প্রবলশক্তি আছে।
এশিয়ার প্রায় সকল দেশেই আন্ধ পাশ্চাত্য ভাবের সঙ্গে প্রাচ্য ভাবের মিঞাণ চলছে।
এই মিশ্রণে নৃতন স্প্তির সম্ভাবনা। এই মিলনের প্রথম অবস্থায় ছই ধারার রঙের
ভফাতটা থেকে যায়, অফ্করণের জোরটা মরে না। কিন্তু আন্তরিক মিলন ক্রমে
ঘটে, যদি সে মিলনে প্রাণশক্তি থাকে; কলমের গাছের মতো নৃতনে প্রাতনে ভেদ
ল্পুর হয়ে ফলের মধ্যে রসের বিশিষ্টতা জয়ে। আমাদের আধুনিক সাহিত্যে এটা
ঘটেছে, সংগীতেও কেন ঘটবে না বৃঝি নে। যে চিন্তের মধ্যে দিয়ে এই মিলন
সম্ভবপর হয় আমরা সেই চিন্তের অপেক্ষা করছি, য়ুরোপীয় সাহিত্যচর্চা প্রাচ্য
শিক্ষিতসমাজে যে পরিমাণে অনেক দিন ধরে অনেকের মধ্যে ব্যাপ্ত হয়েছে য়ুরোপীয়
সংগীতচর্চাও যদি তেমনি হত তা হলে নিঃসন্দেহই প্রাচ্য সংগীতে রসপ্রকাশের একটি
নৃতন শক্তিসকার হত। য়ুরোপের আধুনিক চিত্রকলায় প্রাচ্য চিত্রকলার প্রভাব
সঞ্চারিত হয়েছে এ তো দেখা গেছে; এতে তার আত্মতা পরাভৃত হয় না, বিচিত্রতর—প্রবলতর হয়।

তার পরে তিনি একলা একটি হার তার বাজালেন। সেটি বিশুদ্ধ ভৈরবী, উপস্থিত সকলেরই সেটি অস্তরের মধ্যে প্রবেশ করল। ইনি বললেন, জানি, এরকম হার আমাদেরকে একভাবে মুগ্ধ করে, কিন্তু অগ্ররুম-জিনিস্টারও বিশেষ মূল্য আছে। পরস্পরের মধ্যে ইবা জানিয়ে দিয়ে একটার থাতিরে অগ্রকে বর্জন করা নিজের লোকসান করা।

কী জানি, লোকটির বদি শক্তি থাকে তবে পারসিক সংগীতে ইনি বে নৃতন' বাণিজ্যের প্রবর্তন করছেন ক্রমে হয়তো কলারাজ্যে তা লাভের সামগ্রী হয়ে দাঁড়াবে। স্থানাদের রাগরাগিণী স্বরসংগতিকে স্থীকার করেও আত্মরক্ষা করতে একেবারেই পারে না এ কথা জোর করে কে বলতে পারে। স্টের শক্তি কী দীলা করতে সমর্থ কোনো একটা বাঁধা নিরমের ছারা আমরা আগে হতে ভার সীমা নির্ণয় করতে পারি নে। কিন্তু স্টেতে নৃতন রূপের প্রবর্তন বিশেষ শক্তিমান প্রতিভার ছারাই সাধ্য, আনাড়ির বা মাঝারি লোকের কর্ম নয়। যুরোপীয় সাহিত্যের যেমন তেমনি ভার সংগীতেরও মন্ত একটা সম্পদ আছে। সে যদি আমরা বৃষ্ণতে না পারি তবে সে আমাদের বোধশক্তিরই দৈস্ত; যদি ভাকে গ্রহণ করা একেবারেই অসম্ভব হয় তবে ভার ছারা আভিজাত্যের প্রমাণ হয় না।

আজ ৬ই মে। যুরোপীয় পঞ্জিকার মতে আজ আমার জন্মদিন। আমার পারসিক বন্ধুরা এই দিনের উপর সকালবেলা থেকে পূপার্ট্ট করছেন। আমার চারি দিক ভরে গেছে নানাবর্ণের বসস্তের ফুলে, বিশেষত গোলাপে। উপহারও আদছে নানা রকমের। এখানকার গবর্মেন্ট থেকে একটি পদক ও সেইসজে একটি ফর্মান পেয়েছি। বন্ধুদের বললুম, আমি প্রথমে জন্মছি নিজের দেশে, সেদিন কেবল আত্মীয়েরা আমাকে স্বীকার করে নিয়েছিল। তার পরে তোমরা বেদিন আমাকে স্বীকার করে নিলে আমার দেদিনকার জন্ম সর্বদেশের— আমি ছিজ।

অপরাত্নে শিক্ষাবিভাগের মন্ত্রীর বাড়িতে চায়ের মঞ্চলিদে নিমন্ত্রণ ছিল। সে
সভায় এ দেশের প্রধানগণ ও বিদেশের রাষ্ট্রপ্রতিনিধি অনেকেই উপস্থিত ছিলেন।
সেধানে একজন পারসিক ভন্তলোকের সঙ্গে আলাপপ্রসঙ্গে কথা উঠল, বছকাল থেকে
বারস্বার বিদেশী আক্রমণকারীদের, বিশেষত মোগল ও আফগানদের, হাত থেকে
অতি নিষ্ঠ্র আঘাত পাওয়া সন্ত্রেও পারস্ত যে আপন প্রতিভাকে সজীব রেথেছে এ
অতি আশ্চর্য। তিনি বললেন, সমস্ত জাতিকে আশ্রয় করে পারস্তে যে ভাষা ও
সাহিত্য বহুমান তারই ধারাবাহিকতা পারস্তকে বাঁচিয়ে রেথেছে। অনার্টির কন্ততা
যথন তাকে বাইরে থেকে পুড়িয়েছে তখন তার অস্তরের সম্বল ছিল তার আপন নদী।
এতে শুধু যে পারস্তের আত্মস্বরূপকে রক্ষা করেছে তা নয়, যারা পারস্তকে মারতে
এসেছিল তারাই পারস্তের কাছ থেকে নৃতন প্রাণ পেলে— আরব থেকে আরম্ভ করে
মোগল পর্যন্ত।

আরবরা তৃকিরা মোগলরা এসেছিল দানশৃত হতে, কেবলমাত্র শস্ত্র নিয়ে। আরব পারতকে ধর্ম দিয়েছে, কিন্তু পারত আরবকে দিয়েছে আপন নানা বিভা ও শিরসম্পন্ন সভ্যতা। ইসলামকে পারত ঐশ্বশালী করে তুলেছে। ৭ মে। আন সকালে প্রধান রাজমন্ত্রীর দক্ষে দেখা করতে গিয়েছিলুম। প্রকাণ্ড বড়ো বৈঠকখানা, ক্টাকে মণ্ডিত, কিছু কিছু জীর্ণ হয়েছে। মন্ত্রী বৃদ্ধ, আমারই সমবয়সী। আমি তাঁকে বলল্ম ভারতবর্ষের আবহাওয়া আমাদের জীবনযাত্রার উপরে এখানকার চেয়ে অনেক বেশি মাওল চড়িয়েছে।

তিনি বলদেন, বয়দের উপর কালের দাবি তত বেশি লোকসান করে না যেমন করে আহারে বাবহারে অনিয়ম অসংবম। সাবেক কালে আমাদের জীবনবাপনের অভ্যাসগুলি ছিল আমাদের জীবনবাজার সদে মানানসই, এখন বিদেশী নতুন অভ্যাস এসে অসামঞ্জ্য ঘটিয়েছে। একটা দৃষ্টান্ত দেখাই। ঘরে কার্পেট পাতা আমাদের চিরকালের অভ্যাস, তারই সবে জুড়ি অভ্যাস হচ্ছে জুতো খুলে ঘরে ঢোকা। আজকাল মুরোপীয় প্রথামত পথের জুতোটাকে ধুলোক্ষদ্ধ ঘরের মধ্যে টেনে আনি। কার্পেট হয়ে ওঠে অস্বাস্থাকর। আগে কার্পেট-পাতা মেঝের উপর বসতুম, এখন সোফা-কেদারার থাতিরে বহুমূল্য বহুবিচিত্র কার্পেটের অর্থ ও সন্মান দিলুম পদ্দলিত করে।

এখান থেকে গেলেম পার্লামেণ্টের সভানায়কের বাড়িতে। এঁরা চিন্তালীল শিক্ষিত অভিজ্ঞ লোক, এঁদের সঙ্গে কথা কইবার বিষয় অনেক আছে, কিন্তু কথা চলে না। তর্জমার ভিতর দিয়ে আলাপ করা পায়ে পায়ে কোদালি দিয়ে পথ কেটে চলার মতো। বিনি আমার কালকেকার কবিতা পারনিক ভাষা ও ছন্দে তর্জমা করেছেন তাঁর সঙ্গে দেখা হল। লোকটি হাসিখুলি, গোলগাল, হন্নতায় সম্ভূমিত। কবিতা আর্ভি করেন প্রবল কঠে, প্রবল উৎসাহে দেহচালনা করেন। ওখান থেকে চলে আসবার সময় সভাপতিমশায় অতি স্থলর লিপিনৈপুণ্যে লিখিত কবি আনওয়ারির রচিত একখানি কাব্যগ্রন্থ আমাকে উপহার দিলেন।

রাত্তে গেলেম থিয়েটারে অভিনয় দেখতে। নাটক এবং নাট্যাভিনয় পারক্ষে হালের আমদানি। এখনো লোকের মনে ভালো করে বদে নি। তাই সমন্ত ব্যাপারটা কাঁচা রকমের ঠেকল। শাহ্নামা থেকে নাটকের গলটি নেওয়া। আমাদের দেশের নাটকের মতো প্রায়ই মাঝে মাঝে গান, এবং বোধ করি দেশাভিমানের উচ্ছান। মেয়েদের ভূমিকা অধিকাংশই মুসলমান মেয়েরা নিয়েছে দেখে বিম্মর বোধ হল।

অপরাত্নে জরথুরীয় বিভালয়ের ভিত্তিছাপন-অন্তর্চান। সেখান থেকে কর্তব্য সেরে ফিরে যখন এলুম তখন আমাদের বাগানে গাছের তলায় একটি জলাশয়ের চার ধারে বৃহৎ জনতা অপেকা করছে। এথানকার সাহিত্যসভার নিমন্ত্রণে সকলে আহুত। আমার তরফে ছিল সাহিত্যতত্ব নিয়ে ইংরেজিতে বক্তার ধারা, আর এঁদের তরফে ছিল তারই মাঝে মাঝে এপারে ওপারে পারসিক তাবার সাঁকো বেঁধে দেওয়া।

পথিকের মতো পথ চলতে চলতে আমি আজ এখানকার ছবি দেখতে দেখতে চলেছি। সম্পূর্ণ করে কিছু দেখবার সময় নেই। আমার মনে বে ধারণাগুলো হচ্ছে সে জ্বত আভাদের ধারণা। বিচার করে উপলব্ধি নয়, কেবলমাত্র মানসিক হাত বুলিয়ে যাবার অহুভৃতি। এই যেমন, সেদিন একজন মানুষের দলে হঠাৎ অল্লকণের আলাপ হল। একটা ছায়াছবি মনে রয়ে গেল. সেটা নিমেবকালের আলোতে তোলা। তিনি জ্যোতিবিজ্ঞানবিৎ গাণিতিক। সৌম্য তাঁর মৃতি, মূধে বচ্ছচিত্তের প্রকাশ। এর বেশ মোলার, কিন্তু এর বৃদ্ধি সংস্থারমোহমৃক্ত, ইনি আধুনিক অথচ চিরকালের পারসিক। ক্ষণকালের দেখাতেই এই মাহুষের মধ্যে আমি পারত্যের আত্মসাহিত স্বপ্রকৃতিস্থ মৃতি দেখনুম, বে পারত্যে একদা আবিদেরা ছিলেন বিজ্ঞান ও তত্ত্তানের অন্বিতীয় সাধক এবং জালালউদ্দিন গভীরতম আত্মোপলন্ধিকে সর্মতম সংগীতে প্রবাহিত করেছিলেন। অধ্যাপক ফেম্ববির কথা পূর্বেই বলেছি। তিনিও আমার মনে একটি চিত্র এঁকে দিয়েছেন, সে চিত্রও চিত্তবান পারসিকের। অর্থাৎ এঁর খদেশীয় খভাব বিদেশীর কাছেও সহজে প্রকাশমান। যে মাত্রষ সংকীর্ণভাবে একাস্তভাবে স্থাদেশিকতার মধ্যে বন্ধ, তিনি স্বদেশকে প্রকাশ করেন না, কেননা, মৃতি আপন দেশের মাটিতে গড়া হলেও যে আলো তাকে প্রকাশ করবে সে আলো যে সার্বভৌমিক।

তেহেরান থেকে বিদায় নেবার দিন এল, প্রধান মন্ত্রীবর্গ এসে আমাকে বিদায়

3

বেলা আড়াইটার সময় যাত্রা করলুম। তেহেরান থেকে বেরিয়ে প্রথমটা পারভ্যের নীরস নির্জন চেহারা আবার দেখা দিল, কিছু বেশিক্ষণ নয়। দৃশুপরিবর্তন হল। ফদলে সবৃত্ব মাঠ, মাঝে মাঝে তরুসংছতি, ষেখানে-দেখানে জলের চঞ্চল ধারা, মেটে ঘরের গ্রাম তেমন বিরল নয়। দিগত্তে বরফের আঙুল-বুলানো গিরিশিধর।

পূর্যান্তের সময় কাজবিন শহরে পৌছলুম। এখানে একটি হোটেলে আমাদের

জার্মগা হয়েছে। বাংলাদেশে রেলপথের প্রধান জংশন যেমন আসানসোল, এখানে নানা পথের মোটরের সংগমতীর্থ তেমনি কাজবিন।

কাজবিন সাসানীয় কালের শহর, বিতীয় শাপুর -কর্তৃক প্রতিষ্ঠিত। বিতীয় সাফাবি রাজা তামাস্প এই শহরে তাঁর রাজধানী হাপন করেন। দিল্লির পলাতক মোগল বাদশা হুমায়ুন দশবংসরকাল এখানে তাঁরই আশ্রয়ে ছিলেন।

সাফাবি বংশের বিখ্যাত শা আব্বাসের সঙ্গে আাণ্টনি ও রবার্ট্ শালি -নামক তুই ইংরেজ প্রাতার এইখানেই দেখা হয়। জনশ্রুতি এই যে, এঁরাই কামান প্রভৃতি অল্পনহযোগে আধুনিককালীন যুদ্ধবিভাগ্ন বাদশাহের সৈঞ্চদের শিক্ষিত করেন। যাই হোক, বর্তমানে এই ছোটো শহরটিতে সাবেক কালের রাজধানীর মর্যাদা কিছুই চোধে পড়ে না।

ভোরবেলা ছাড়লুম হামাদানের অভিম্থে। চড়াইপথে চলল আমাদের গাড়ি। ছই ধারে ভূমি স্থজলা স্থফলা, মাঝে মাঝে বড়ো বড়ো গ্রাম, আঁকাবাঁকা নদী, আঙুরের থেত, আফিমের পুজ্পোচ্ছান। বেলা ছপুরের সময় হামাদানে পৌছিয়ে একটি মনোহর বাগানবাড়ির মধ্যে আগ্রয় পাওয়া গেল— পপ্লার-তরুসংঘের ফাঁকের ভিতর দিয়ে দেখা যাচ্ছে বরফের-আঁচড়-কাটা পাহাড়।

তেহেরানে গরম পড়তে আরম্ভ করেছিল, এখানে ঠাণ্ডা। সম্দ্রের উপরিতল থেকে এ শহর ছ-হাজার ফুট উচু। এল্ভেন্দ পাহাড়ের পাদদেশে এর স্থান। একদা আকেমেনীয় সামাজ্যের রাজধানী ছিল এইখানে। সেই রাজধানীর প্রাচীন নাম ইতিহাদবিখ্যাত একবাতানা, আৰু তার ধ্বংদাবশেষ প্রায় কিছু বাকি নেই।

আহার ও বিপ্রামের পর বিকেলবেলা শহর দেখতে বেরলুম। প্রথমে আমাদের নিয়ে গেল ঘনবনের মধ্য দিয়ে গলিপথ বেয়ে একটি প্রোনো বড়ো ইমারতের সামনে। বললে, এর উপরের তলা থেকে চারি দিকের দৃশ্য অবারিত দেখতে পাওয়া ষায়। আমার সদীরা দেখতে গেলেন, কিন্তু আমার সাহস হল না। গাড়িতে বসে দেখতে লাগলুম একদল লোক এসেছে বনের ধারে চড়িভাতি করতে। মেয়েরাও তার মধ্যে আছে; তারা কালো চাদরে মোড়া; কিন্তু দেখছি বাইরে বেরতে রান্ডায় ঘাটে বেড়াতে এদের সংকোচ নেই।

আজ মহরমের ছুটি, দবাই ছুটি উপভোগ করতে বেরিয়েছে। অল্প কয়েক বছর আগে মহরমের ছুটি রঙ্গাক্ত হয়ে উঠত, আত্মণীড়নের তীব্রতায় মারা বেত কত লোক। বর্তমান রাজার আমলে ধীরে ধীরে তার তীব্রতা কমে আসছে। বনের ভিত্তর থেকে বেরিয়ে শহরে গেলেম। আব্দ দোকান বাজার বন্ধ, কিন্তু
ছুটির দলের খুব ভিড়। পারত্যে এনে অবধি মাছ্য কম দেখা আমাদের অভ্যান, তাই
রান্তায় এত লোক আমাদের চোপে নতুন লাগল। আরো নতুন লাগল এই শহরটি।
শহরের এমন চেহারা আর-কোথাও দেখি নি। মাঝখান দিয়ে একটি অপ্রশন্ত
খামখেয়ালী ঝরনা নানা ভলিতে কলশন্দে বহুমান— কোথাও-বা উপর থেকে নীচে
পড়ছে ঝরে, কোথাও-বা তার সমতলী স্রোত রৌল্রে ঝলমল করছে, ধারে ধারে
পাথরের ভূপ, মাঝে মাঝে ছোটো ছোটো সাঁকো এপার থেকে ওপারে; ঝর্নার সঙ্গে
পথের আঁকাবাঁকা মিল; মাছ্যের কাজের সঙ্গে প্রকৃতির গলাগলি; বাড়ির সামিল
উন্তুক্ত প্রাক্ষণগুলি উপরের থাকে, নীচের থাকে, এ কোণে, ও কোণে। তারই নানা
আয়গায় নানা দল বনে গেছে। বাঁকাচোরা রান্ডায় মোটরগাড়ি, ঘোড়ার গাড়ি,
এমন-কি, মোটর বাদ ভতি করে চলেছে সব ছুটি-সজোগীর দল। গাড়ির ঘোড়াগুলি
ফুন্তী স্পুষ্ট। এই ছুটির পরবে মন্ততা কিছুই দেখল্ম না, চারি দিকে শান্ত আরামের
ছবি এথানকার অরণ্য পর্বত ঝ্রনির সক্ষে মিশে গেছে।

গবর্নর কাল শহরের বাইরে বনের মধ্যে বিকেলে আমাদের চায়ে নিমন্ত্রণ করেছিলেন। বাঁ ধারে পাহাড়, ডাইনে ঘন অরণ্যের অন্ধকার ছায়ায় ঝর্না ঝরে পড়ছে। পাহাড়ী পথ বেয়ে বহু চেটায় মোটর পেল। সেই বহুর্গের মেষপালকদের ভেড়া-চরা বনের মধ্যে চা থেয়ে সন্ধ্যাবেলায় বাসায় ফিরে এলুম, হামাদানের যে মৃতি চিরদজীব, শতান্দীর পর শতান্দী দেখানে ব্লব্ল গান করে আসছে, আলেকজাগুরের লুঠের বোঝার সলে সে অন্তর্গান করে নি, কিন্তু পথের ধারে প্রান্তরের মধ্যে অনাদরে পড়ে আছে একটি পাথরের পিণ্ড, সম্রাটের সিংহ্রারের সিংহের এই অপভংশ।

স্থানাহার সেরে তুপুরের পর হামাদান থেকে রওনা হলুম। যেতে হবে কির্মানশা।
তথন ঝোড়ো হাওয়ায় ধুলো উড়িয়েছে, আকাশে মেঘ ঘনিয়ে এল। চলেছি আদাদাবাদ গিরিপথ দিয়ে। তুই ধারে সবৃত্ত থেত ফদলে ভরা, মাঝে মাঝে বনভূমি জলপ্রোতে
লালিত। মাঠে ভেড়া চরছে। পাহাড়গুলো কাছে এগিয়ে এসে তাদের শিলাবক্ষপট
প্রশারিত করে দাঁভিয়ে। থেকে থেকে এক-এক পদলা বৃষ্টি নেমে ধুলোকে দেয়
পরাভূত করে। আমার কেবল মনে পড়ছিল 'মেবৈর্মেছরমম্বত্বংখামাং'…
তমালজ্মে নয়, কী গাছ ঠিক জানি নে, কিছু এই মেঘলা দিনে উপস্থিতমত ওকে
তমালগাছ বলতে দোষ নেই।

আমরা যে পথ দিয়ে চলেছি এরই কাছাকাছি কোনো-এক ভারগায় বিখ্যাত

নিহাবন্দের রণক্ষেত্রে সাসানীয় সাম্রাজ্য আরবদের হাতে লীলা সমাপন করে। সেইদিন বছকালীন প্রাচীন পারক্তের ইতিহাসে হঠাৎ সম্পূর্ণ নৃতন অধ্যায় ক্রফ হল।

অবশেষে আমাদের রান্তা এসে পড়ল বেহিছানে। এথানে শৈলগাত্রে দরিয়ুদের কীতিলিপি পারদিক স্থলীয় ও ব্যাবিলোনীয় ভাষায় কোদিত। এই কোদিত ভাষার উর্দ্ধে দরিয়ুদের মৃতি। এই মৃতির সামনে বন্দীবেশে দশজন বিজ্ঞোহীর প্রতিরূপ। এরা তাঁর সিংহাসন-অধিরোহণে বাধা দিয়েছিল। দরিয়ুদের পূর্ববর্তী রাজা ক্যাছাইসিস (পারসিক উচ্চারণ কাস্যোজ্যিয়) কর্ষাবশত গোপনে তাঁর আতা আদিস্কে হত্যা করিয়েছিলেন। যখন তিনি কজিপ্ট-অভিযানে তথন তাঁর অস্থপছিতিকালে সৌমতে বলে এক ব্যক্তি নিজেকে আদিস্ নামে প্রচার করে সিংহাসন দখল করে বসে। ক্যাছাইসিস ইজিপ্ট থেকে ফেরবার পথে মারা যান। তথন আকেমেনীয় বংশের অপরশাধাত্তক দরিয়ুস ছন্মরাজাকে পরান্ত করে বন্দী করেন। প্রতিমৃতিতে ভূমিশায়ী সেই মৃতির বৃক্ষে দরিয়ুসের পা, বন্দী উধ্বের্ণ হই হাত তুলে ক্ষমা ভিক্ষা করছে। দরিয়ুদের মাথার উপরে অন্তর্মক্ষদার মৃতি।

অধ্যাপক হটজ ফেল্ড বলেন, সম্প্রতি একটি শিলালিপি বেরিয়েছে তাতে দরিয়ুস জানাচ্ছেন, তিনি বথন সিংহাদনে বদেন তথন তাঁর পিতা পিতামহ উভয়েই বর্তমান। এই প্রথাবিক্ষ ব্যাপার কী করে সম্ভব হল তার কোনো বিবরণ পাওয়া যায় না।

সম্বের মাঝে মাঝে এক-একটা বীপ দেখা যায় যা ভূমিকন্পের হাতে তৈরি।
তার সর্বত্র গলিত ধাতু আর অগ্নিস্রাবের চিহ্ন। তেমনি বহুষ্গ ধরে ইতিহাসের
ভূমিকন্পে এবং অগ্নি-উদ্গীরণে পারস্তের জয়। প্রাচীনকাল থেকে পারস্তে সাম্রাজ্য
গৃষ্টি হয়ে এসেছে। মাহ্যের ইতিহাসে সব চেয়ে পুরাতন মহাসাম্রাজ্য সাইরাস ছাপন
করেন, তার পরেও দীর্ঘকাল পারস্তের ইতিহাসক্ষেত্রে সাম্রাজ্যিক ছল। তার প্রধান
কারণ, পারস্তের চারি দিকেই বড়ো বড়ো প্রাচীন রাজশক্তির ছান। হয় তাদের
সকলকে দমন করে রাখতে হবে, নয় তাদের কেউ-না-কেউ এসে পারস্তকে গ্রাস
করবে। নানা জাতির সঙ্গে এই নিরস্তর হল্ব থেকেই পারস্তের ঐতিহাসিক বোধ,
ঐতিহাসিক সভা এত প্রবল হয়ে উঠেছে। ভারতবর্ষ সমাজ সৃষ্টি করেছে, মহাজাতির
ইতিহাস সৃষ্টি করে নি। আর্যের সঙ্গে অনার্যের হল্ব প্রধানত সামাজিক। অপেকাক্বত
অল্পংখ্যক আর্য বহুসংখ্যক অনার্যের মাঝখানে পড়ে নিজের সমাজকে বাঁচাতে
চেয়েছিলেন। রামের সঙ্গে রাবণের যুদ্ধ রাষ্ট্রজয়ের নয়, সমাজরক্ষার— সীতা সেই
সমাজনীতির প্রতীক। রাবণ সীতাহরণ করেছিল, রাজ্যহরণ করেছে, ক্বঞ্চাকে পণ রেখে তাদের

পাশা থেলা, অন্ত পক রুক্ষকে অন্থীকার ও রুক্ষাকে করেছে অপমান। শাহ্নামার আছে প্রকৃত ইতিহাদের কথা, রাষ্ট্রীয় বীরদের কাহিনী, ইরানীদের দকে তাতারীদের বিরোধ। তাতে ভগবদগীতার মতো তত্ত্বথা বা শান্তিপর্বের মতো নীতি-উপদেশ প্রাথান্ত পায় নি।

পারত্র বায়বার পরজাতির বিরুদ্ধে দাঁড়িয়ে আপন পারসিক ঐক্যকে দৃঢ় করবার ও জ্বার করবার চেষ্টা করেছে। গুগুরাজাদের আমলে ভারতবর্ষ একবার আপন শামাজ্যিক একসন্তা অফুভব করবার হ্বযোগ পেয়েছিল, কিন্তু তার প্রভাব গভীর ও ছায়ী হয় নি। তার প্রধান কারণ, ভারতবর্ষ অন্তরে অন্তরে আর্যে অনার্যে বিভক্ত, শামাজ্যিক ঐক্য দামাজ্যিক ঐক্যের উপর ভিত্ত পাততে পারে নি। দরিয়ুদ শিলাবক্ষে এমনভাবে আপন জয়বোষণা করেছেন যাতে চিরকাল তা ছায়ী হয়। কিন্তু এই জয়বোষণা প্রকৃতপক্ষে ঐতিহাসিক, দরিয়ুদ্দ পারসিক রাষ্ট্রসন্তার জন্তে বৃহৎ আসন রচনা করেছিলেন; যেমন সাইরাসকে তেমনি দরিয়ুদ্দকে অবলম্বন করে পারত্র আপন অথগু মহিমা বিরাট ভূমিকায় অমুভব করতে পেরেছিল। পারত্রে পর্বে পর্বে এই রাষ্ট্রিক উপলব্ধি পরাভবকে অতিক্রম করে জেগেছে, আজগু আবার তার জাগরণ হল। এখানকার প্রধানমন্ত্রী আমাকে যা বলেছিলেন তার মূল কথাটা হচ্ছে এই যে, আপন সমাজনিহিত তুর্বলতার কারণ দূর করাই ভারতবর্ষের সমস্তা, আর পারত্রের সমস্তা আপন শাসনব্যবস্থার অপূর্ণতা মোচন করা। পারত্র সেই কাজে লেগেছে, ভারতবর্ষ এখনো আপনার যথার্থ কাজে সম্পূর্ণ প্রজা ও নিষ্ঠার সঙ্গে লাগে নি।

বেহিন্তন থেকে বেরলুম। অদ্রে তাকিবৃদ্ধানের পাহাড়ে উৎকীর্ণ মূর্তি। শহর থেকে মাইল-চারেক দ্রে। গবর্নরের দৃত এনে পথের মধ্যে থেকে সেথানে আমাদের নিয়ে গেলেন। দ্রে থেকেই দেখা যায় অগভীর গুহাগাত্রে থোদাই-করা মূর্তি, তার দামনে ক্রত্রিম সরোবরে ঝরে পড়ছে জলস্রোড। ছটি মূর্তি দাঁড়িয়ে, পায়ের তলায় দলিত একজন বলী। কোনো লেখা পাওয়া যায় না, কিন্তু সাজসজ্জায় বোঝা যায় এরা সাসানীয়। পাহাড়ের মধ্যে খোদাই করে তোলা একটি গম্ব্জাকৃতি কক্ষের উর্ধভাগে বাম হাতে অভিষেকের পাত্র ও ডান হাতে মালা নিয়ে পাথা মেলে বিজয়দেবতা দাঁড়িয়ে, তার নীচে এক দাঁড়ানো মূর্তি এবং তার নীচে বর্মপরা অশারোহী। পালের দেয়ালে শিকারের ছবি। এই মূতিগুলিতে আশ্রেষ্ঠ একটি শক্তি প্রকাশ পেয়েছে, দেখে মন শুক্তিত হয়।

সাসানীর যুগ বলতে কী বোঝায় সংক্রেপে বলে রাথি। আলেকজাণ্ডারের আক্রমণে আকেমেনীর রাজত্বের অবসান হল। পরে যে জাভ পারতকে দখল করে তাদের বলে পার্থীয়। তারা সম্ভবত শক্জাতীয়; প্রথমে গ্রীকদের প্রভাবে আসে, পরে তারা পারসিক সভ্যতা গ্রহণ করে। অবশেষে ২২৬ খ্রীস্টাব্দে সাসানের পৌত্র আর্দাশির পার্থীয় রাজার হাত থেকে পারতকে কেড়ে নিয়ে আর-একবার বিশুদ্ধ পারসিক জাতির সাম্রাজ্য স্থাপন করেন। এঁদের সময়কার প্রবল সম্রাট ছিলেন শাপুর, তিনিই রোমের স্মাট ভ্যালেরিয়ানকে পরাত ও বন্দী করেন।

আকেমেনীয়দের ধর্ম ছিল জরখুস্ত্রীয়, সাসানীয়দের আমলে আর-একবার প্রবল উৎসাহে এই ধর্মকে জাগিয়ে তোলা হয়।

ঋদু প্রশস্ত নৃতন-তৈরি পথ বেয়ে আসছি। অদ্রে সামনে পাহাড়ের গায়ে কির্মানশা শহর দেখা দিল। পথের তৃই ধারে ফসলের খেত, আফিমের খেত ফ্লে আচ্ছর, মেঘের আড়াল থেকে অন্তস্থ্রিশ্মির আড়া পড়ে স্থাধীত গাছের পাড়া ঝলমল করছে।

শহরে প্রবেশ করলুম। পরিষ্ণার রান্ডার তুই ধারে নানাবিধ পণ্যের দোকান।
পথের ধুলো মারবার জত্যে ভিন্তির। মশকে করে জল ছিটচ্ছে। স্থন্দর বাগানের মধ্যে
আমাদের বাদা। ভারের কাছে দাঁড়িয়ে ছিলেন এখানকার গবর্নর। ঘরে নিয়ে গিয়ে
চা থাওয়ালেন। এই পরিষ্ণার স্থদজ্জিত নৃতন বাড়িটি আমাদের ব্যবহারের জন্ত
ছেড়ে দিয়ে গৃহস্থামী চলে গেছেন।

50

কির্মানশা থেকে যাত্রা করে বেরলুম। আজ যেতে হবে কাস্রিশিরিনে, পারস্তের সীমানার কাছে। তার পরে আসবে কানিকিন, আরব-সীমানার রেলওয়ে স্টেশন।

পারত্যে প্রবেশপথে আমরা তার যে নীরদ মৃতি দেখেছিলুম এখন আর তা নেই। পাহাড়ের রান্তার ছুই ধারে থেত ভরে উঠেছে ফদলে, গ্রামণ্ড অপেক্ষাকৃত ঘন ঘন, চাষীরা চাষ করছে এ দৃষ্ঠাও চোথে পড়ল, তা ছাড়া এই প্রথম গোরু চরতে দেখলুম।

ঘণ্টাত্যেক পরে সাহাবাদে পৌছলুম। এখানে রাজার একটি প্রাসাদ নতুন তৈরি হয়েছে, গবর্নর সেথানে গাছের ছায়ায় বসিয়ে চা খাওয়ালেন, সক্ষে চললেন, কেরন্দ্রনামক জায়গায় মধ্যাহভোজন করিয়ে আমাদের বিদায় দেবার জ্ঞানে । বড়ো স্থলর এই প্রামের চেহারাটি। তরুচ্ছায়ানিবিড় পাহাড়ের কোলে আশ্রিত লোকালয়, ঝনা ঝরে পড়ছে এদিক-ওদিক দিয়ে, পাধর ডিঙিয়ে। গ্রামের দোকানগুলির মাঝধান দিয়ে উচুনিচু আঁকাবান্দা পথ, কৌতুহলী জনতা জমেছে।

তার পরের থেকে ধরণীর ক্রমেই সেই আবার শুষ্টনরাশ্রের মৃতি। আরুরা পারস্থের উচ্চভূমি থেকে নেমে চলেছি। সকলেই ভয় দেখিয়েছিলেন এথান থেকে আমরা অত্যন্ত গরম পাব। তার কোনো লক্ষণ দেখলুম না। হাওয়াটা আমাদের দেশের মাঘ মাসের মতো। পারস্তের শেষ নীমানার বধন পৌছলুম দেখা গেল বোগদাদ থেকে অনেকে এসেছেন আমাদের অভার্থনা করবার জন্তে। কেউ কেউ রাজকর্মচারী. কেউ-বা থবরের কাগজের সম্পাদক, অনেকে আছেন সাহিত্যিক, তা ছাড়া প্রবাসী ভারতীয়। এঁরা কেউ কেউ ইংরেজি জানেন। একজন আছেন যিনি নায়র্কে আমার বকৃতা শুনেছেন। দেখানে শিক্ষাতত্ত অধ্যয়ন শেষ করে ইনি এখানকার শিক্ষা-বিভাগের কাজে নিযুক্ত। ঠেশনের ভোজনশালায় চা থেতে বসলুম। একজন বললেন, যারা এথানে আপনাকে অভার্থনা করতে এলেছেন তাঁদের মধ্যে ভিন্ন ভিন্ন সম্প্রদায়ের লোক আছেন। 'আমরা সকলেই এক। ভারতীয় মুসলমানেরা ধর্মের নামে কেন বে এমন বিরোধ স্বষ্ট করছে আমরা একেবারেই বুঝতে পারি ন।' ভারতীয়েরাও বলেন, 'এখানকার মুসলমানদের সঙ্গে আমাদের হলতার লেশমাত্র অভাব নেই।' দেখা যাচ্ছে ঈজিপ্টে তুরুদ্ধে ইরাকে পারস্তে সর্বত্র ধর্ম মনুয়ত্বকে পথ ছেড়ে मिट्हा क्वियन ভाরতবর্ধেই চলবার পথের মাঝখানে ঘন হয়ে কাঁটাগাছ উঠে পড়ে, হিন্দুর সীমানায় মুসলমানের সীমানায়। এ কি পরাধীনতার মরুদৈক্তে লালিত ইবাবৃদ্ধি, এ কি ভারতবর্ষের অনার্যচিত্তজাত বৃদ্ধিহীনতা।

অভার্থনাদলের মধ্যে একজন বৃদ্ধ কবি ছিলেন, আমার চেয়ে ত্ই-এক বছরের ছোটো। পঙ্গু হয়ে পড়েছেন, শাস্ত শুধ্ধ মাহ্যটি। তাঁর মুখছেবি ভাব্কভায় আবিষ্ট। ইরাকের মধ্যে ইনিই দব চেয়ে বড়ো কবি বলে এঁর পরিচয় করিয়ে দেওয়া হল।

অনেক দিন পরে মোটর ছেড়ে রেলগাড়িতে চড়া গেল। গাড়িগুলি আরামের। দেহটা এতকাল পথে পথে কেবলই ঠোকর থেয়ে নাড়া থেয়ে একদণ্ড নিজেকে ভূলে থাকতে পারছিল না, আজ বাহনের সঙ্গে অবিশ্রাম হন্দ তার মিটে গেল।

জানালার বাইরে এখনো মাঝে মাঝে ক্ষ্যলের আভাস দেখা যায়, বোধ হয় যেন কোথাও কোথাও থাল-নালা দিয়ে জলসেকের ব্যবস্থা আছে। কিন্তু মোটের উপরে কঠিন এখানকার ধুসরবর্ণ মাটি।

মাঝে মাঝে বড়ো বড়ো ফেটশনে অভার্থনার জনতা পেরিয়ে এলুম। বখন শোনা গেল বোগদাদ আর পনেরো মিনিট পথ দ্রে তখনো তার পূর্বস্চনা কিছুই নেই, তখনো শৃক্ত মাঠ ধৃ ধৃ করছে।

व्यवस्थित विश्वास वास नाष्ट्रि थामन । क्लेन्ट्रन विरुद्ध वह तन्हे । नानात्व्यभिद्ध

প্রতিনিধি এদে সামাকে সমান জানিয়ে গেলেন, ভারতীয়েরা দিলেন মালা পরিয়ে। ছোটো ছোটো ছটি মেয়ে দিয়ে গেল ফুলের তোড়া। মেয়েদের ভিড়ের মধ্যে একটি বাঙালি মেয়েকেও দেখলেম। বোগদাদের রান্তা কডকটা আমাদেরই দেশের দোকানবাজার-ওয়ালা পথের মতো। একটা বিশেষত্ব আছে, মাঝে মাঝে পথের ধারে কাঠের বেঞ্চি-পাতা চা থাবার এবং মেলামেশা করবার জায়গা। ছোটোথাটো ক্লাবের মতো। দেখানে আদর জমেছে। এক-এক শ্রেণীর লোক এক-একটি জায়গা অধিকার করে থাকে, সেথানে আলাপের প্রসক্ষে ব্যাবদার জেরও চলে। শহরের মতো জায়গায় এরকম সামাজিকতাচর্চার কেন্দ্র থাকা বিশেষ আবশ্রক সন্দেহ নেই। আগেকার দিনে গল্প বলবার কথক ছিল, তথন তারা এই-সকল পথপ্রান্তসভার কথা শোনাত। আমাদের দেশে যেমন কথকের ব্যাবদা প্রায় বন্ধ হয়ে এসেছে, এদের এখানেও তাই। এই বিভাটি ছাপার বইয়ের সঙ্গে পালা দিয়ে উঠতে পারলে না। মায়্য আপন রচিত যন্ত্রভারে কাছে আপন সহজ শক্তিকে বিকিয়ে দিছে।

টাইগ্রিস নদীর ধারে একটি হোটেলে আমাদের জায়গা হয়েছে। আমার ঘরের সামনে মন্ত ছাদ, দেখানে বদে নদী দেখা যায়। টাইগ্রিস প্রায় গঙ্গার মতোই প্রশন্ত, ওপারে ঘন গাছের সার, থেজুরের বন, মাঝে মাঝে ইমারত। আমাদের ভান দিকে নদীর উপর দিয়ে ব্রিজ চলে গেছে। এই কাঠের ব্রিজ সৈত্ত-পারাপারের জন্ত গত যুদ্ধের সময় জেনারেল মভ অস্থায়ীভাবে তৈরি করিয়েছিলেন।

চেটা করছি বিশ্রাম করতে, কিন্তু সন্তাবনা অল্প। নানারকম অন্তানের ফর্দ লম্বাহরে উঠছে। সকালে গিয়েছিলুম মৃাজিয়ম দেখতে; নৃতন স্থাপিত হয়েছে, বেশি বড়ো নয়, একজন জর্মান অধ্যাপক এর অধ্যক্ষ। অতি প্রাচীন য়ুগের বে-সব সামগ্রী মাটির নীচে থেকে বেরিয়েছে দেগুলি দেখালেন। এ-সমন্ত পাচ-ছয় হাজার বছর আগেকার পরিশিষ্ট। মেয়েদের গহনা, ব্যবহারের পাত্র প্রভৃতি ক্ষক্ষ হাতে রচিত ও অলংকত। অধ্যাপক বলেন, এই জাতের কার্লকার্যে স্থলতা নেই, সমন্ত স্কুমার ও স্থনিপুণ। পূর্ববর্তী দীর্ঘকালের অভ্যাস না হলে এমন শিল্পের উত্তব হওয়া সন্তবপর হত না। এদের কাহিনী নেই জানা, কেবল চিহ্ন আছে। এটুকু বোঝা যায় এরা বর্ষর ছিল না। পৃথিবীর দিনরাত্রির মধ্য দিয়ে ইতিহাসের অর্ণগ্রন্থ এই-সব নরনারীর স্থান্থথের পর্যায় আমাদেরই মতো বয়ে চলত। ধর্মে কর্মে লোকব্যবহারে এদেরও জীবনযাত্রার আর্থিক-পারমাণ্ডিক সমস্যা ছিল বছবিচিত্র। অবশেষে, কী আকারে ঠিক জানি নে, কোন্ চরম সমস্যা বিরাটমুতি নিয়ে এদের সামনে এসে দাড়াল, এদের জানী কর্মী ভাবুক, এদের পুরোহিত, এদের সৈনিক, এদের রাজা, তার কোনো সমাধান করতে

পারলে না, অবশেষে ধরণীর হাতে প্রাণযাত্রার সম্বল কিছু কিছু ফেলে রেখে দিয়ে দ্বাইকে চলে যেতে হল। কোথায় গেল এদের ভাষা, কোথায় এদের দ্ব কবি, এদের প্রতিদিনের বেদনা কোনো ছন্দের মধ্যে কোথাও কি সংগ্রহ করা রইল না। কেবলনাত্র আর আট-দশ হাজার বছরের প্রান্তে ভাবীকালে দাঁড়িয়ে মাহ্যের আজকের দিনের বাণীর প্রতি যদি কান পাতি, কোনো ধ্বনি কি পৌছবে কানে এসে, যদি-বা পৌছয় তার অর্থ কি কিছু ব্যতে পারব।

আজ অপরাত্নে আমার নিমন্ত্রণ এখানকার সাহিত্যিকদের তরফ থেকে। বাগানের গাছের ছায়ায় আমাদের আদন। ছোটো ছোটো টেবিলে চায়ের আয়োজন জনতার মধ্যে বিক্ষিপ্ত। একে একে নানা লোকে তাঁদের অভিনন্দন পাঠ শেষ করলে সেই বৃদ্ধ কবি তাঁর কবিতা আর্ত্তি করলেন। বজ্রমন্ত্র তাঁর ছন্দপ্রবাহ, আর উদ্দাম তাঁর ভিদ্ব। আমি তাঁদের বললেম, এমন কবিতার অর্থ ব্যাখ্যার প্রয়োজন নেই; এ যেন উত্তাল তর্কিত সমুস্ত্রের বাণী, এ যেন ঝঞাহত অরণ্যশাধার উদ্যাধা।

অবশেষে আমার পালা উপস্থিত হতে আমি বলনুম, আজ আমি একটি দরবার নিয়ে আপনাদের কাছে এপেছি। একদা আরবের পরম গৌরবের দিনে পূর্বে পশ্চিমে পৃথিবীর প্রায় অর্থেক ভূভাগ আরব্যের প্রভাব-অধীনে এসেছিল। ভারতবর্ধে সেই প্রভাব যদিও আজ রাষ্ট্রশাসনের আকারে নেই, তব্ও সেথানকার বৃহৎ মুসলমান সম্প্রদায়কে অধিকার করে বিছার আকারে, ধর্মের আকারে আছে। সেই দায়িত্ব শ্বরণ করিয়ে আমি আপনাদের বলছি, আরবসাগর পার করে আরব্যের নববাণী আর-একবার ভারতবর্ধে পাঠান— বারা আপনাদের স্বধর্মী তাঁদের কাছে— আপনাদের মহৎ ধর্মগুল্লর পূজ্যনামে, আপনাদের পবিত্রধর্মের স্থনামী রক্ষার জন্ত । ছঃসহ আমাদের ছংখ, আমাদের মৃক্তির অধ্যবসায় পদে পদে ব্যর্থ, আপনাদের নবজাগ্রত প্রাণের উদার আহ্বান সাম্প্রদায়িক সংকীর্ণতা থেকে, অমাস্থবিক অসহিফুতা থেকে, উদার ধর্মের অবমাননা থেকে, মান্থবে মান্থবে মিলনের পথে, মৃক্তির পথে নিয়ে যাক হতভাগ্য ভারতবর্ধকে। এক দেশের কোলে যাদের জন্ম অন্তরে বাহিরে তারা এক হোক।

রাজা আমাকে চায়ের নিমন্ত্রণ করেছেন নদীর ওপারে তাঁর একটি বাগানবাড়িতে। রাজা একেবারেই আড়ম্বরশৃন্ত মাহুদ, অত্যন্ত সহজ ব্যবহার। থোলা চাতালে আমরা বসল্ম, সামনে নীচে বাগান। রাজার ভাইও আছেন তাঁর সলে। প্রধানমন্ত্রী আছেন— অন্ন বয়স, এথানকার স্বাই বলেন, আজ পৃথিবীতে স্ব চেয়ে অন্ন বয়সের মন্ত্রী ইনি। যিনি দোভাষীর কাক্ষ করবেন তিনিও উপস্থিত। রাজা বললেন, ভারতবর্ষে হিন্দু-মুসলমানের বে অন্ধ বেধেছে নিশ্চয়ই সেটা ক্ষণিক। বখন কোনো

দেশে সকল সম্প্রদায়ের মধ্যে উদ্বোধন আসে তথন প্রথম অবস্থায় তারা নিজেদের বিশিষ্টতা সম্বন্ধে অত্যন্ত বেশি সচেতন হয়ে ওঠে এবং সেইটেকে রক্ষা করবার জক্তে তাদের চেষ্টা প্রবল হয়। এই আকন্মিক বেগটা কমে গেলে মন আবার সহজ হয়ে আসে। আমি বললেম, আজ তুর্কি জিজিট পারস্থে নবজাগ্রত জাতির যে পরিচয় আমরা পেয়েছি তাতে দেখলুম, যে বিশিষ্টতাবোধ সংকীর্ণভাবে আত্মনিহিত ও অক্তের প্রতি বিকল্প, সচেষ্টতার সঙ্গেই তার তীব্রতা কমিয়ে দেওয়া হয়েছে, নইলে সেই অন্ধতার বারা জাতির রাষ্ট্রবৃদ্ধি অভিভূত হয়। ভারতবর্ষের উদ্বোধনে যদি সেই সর্বজনের হিতজনক শুভবৃদ্ধির আবির্ভাব দেখতে পেতেম তা হলে নিশ্চিস্ত হতেম। কিন্ত যথন দেখতে পাই হিন্দু-মুসলমান উভয়পক্ষেই শিক্ষার সঙ্গে সঙ্গেই আত্মতাতী ধর্মান্ধতা প্রবল হয়ে উঠে রাষ্ট্রশংঘকে প্রতিহত করছে তথন হতাশ হতে হয়।

এই বাগানের ধারে চায়ের টেবিলে সহজ বাক্যালাপের মধ্যে সেদিনের ছবি মনে আনা তুরত, যেদিন এই রাজ। পথশৃক্ত মরুভূমির মধ্যে বেত্রিনদের বহু উপজাতিকে আপন নেতৃত্বের অধীনে এক করে নিরে জর্মানি ও তুরুস্কের সম্মিলিত অভিযানকে পদে পদে উদ্ভাস্ত করে বিধ্বস্ত করেছিলেন। মৃত্যুর মূল্যে কিনেছিলেন জীবনের গৌরব। কঠিন ভীষণ সেই রণপ্রাঙ্গণ, জয়ে-পরাজ্ঞয়ে নিত্যসংশয়িত হংসাধ্য সেই অধ্যবসায়। সেই অক্লান্ত রণরঙ্গের অধিনায়ককে দেখলেম। তথনকার মৃত্যুচ্ছায়াক্রান্ত দিনরাত্রির দেই বিভীষিকার মধ্যে তাঁর উট্রবাহিনীর সঙ্গে কোথাও কোনো-একটা স্থান পাবার সম্ভাবনা ছিল না। কিন্তু আজ বসেছি চায়ের টেবিলে এই নৃতন ইতিহাদস্টিকর্তার পাশে দহজভাবে; কেননা আমিও অন্ত উপকরণ নিয়ে মাহুষের ইতিহাসস্ষ্টতে আপন শক্তি উৎদর্গ করেছি। সেই স্বতন্ত্র অথচ ঘণার্থ সহযোগিতার মূল্য যদি না এই বীর বুঝতে পারতেন তবে তাঁর যুদ্ধবিজয়ী পৌর্য আপন মূল্য অনেকথানি হারাত। কর্নেল লরেন্স বলেছেন, আরবের মহৎ লোকদের মধ্যে মহম্মদ भानां मित्नत नी (ठेट त्रांका क्यमला क्याना । अहे महत्वत्र मतनमृष्ठि (मृत्थिक्व ठाँत সহজ আতিথ্যে, এবং তাঁকে অভিবাদন করেছি। বর্তমান এশিয়ায় থারা প্রবল শক্তিতে নৃত্ন যুগের প্রবর্তন করেছেন তাঁদের চুঞ্চনকেই দেখলুম অল্পকালের ব্যবধানে। ত্বজনেরই মধ্যে স্বভাবের একটি মিল দেখা গেল— উভয়েই আড়ম্বরহীন স্বচ্ছ সরলতার মধ্যে স্বস্পট্ডাবে প্রকাশমান।

55

এখান থেকে বিদায় হয়ে গেলেম এখানকার ছাত্রীদের নিমন্ত্রণসভায়। সংকীর্ণ ফদীর্ঘ আঁকাবাঁকা গলি। পুরাতন বাড়ি ছই ধারে সার বেঁধে উঠেছে, কিন্তু তার ভিতরকার লোকযাত্রা বাইরে থেকে কিছুই দেখতে পাওয়া যায় না। নিমন্ত্রণগৃহের প্রাক্তণে সব মেয়েরা বদেছে। এক ধারে কয়েকটি মেয়ে আলাদা ছান নিয়েছেন, তাঁরা কালো কাপড়ে সম্রুত, কিন্তু মুখ ঢাকা নয়। বাকি সবাই বিলাতি পোশাক পরা, তার শান্ত হয়ে থাকবার চেষ্টামাত্র নেই, হাদিগল্পে সভা মুখরিত। প্রাক্তণের সম্মুখপ্রান্ত আমাদের দেশের চণ্ডীমগুপের মতো। তারই রোয়াকে আমার চৌকি পড়েছে। অন্থরোধে পড়ে কিছু আমাকে বলতে হল; বলা হলেই কয়েকজন মেয়ে এদে আমাকে ফরমাশ করলেন আমার কাব্য আবৃন্তি করতে। আগের দিনে এঁরা আবৃত্তি ভনেছিলেন। নিচ্ছের লেখা কিছু তো মনে পড়ে না। অনেক চেষ্টা করে 'থাঁচার পাধি ছিল দোনার থাঁচাটিতে' কবিতার প্রথম শ্লোক পড়ে গেলেম, একটা জায়গায় ঠেকে ষেতেই অর্থহীন শব্দ দিয়ে ছন্দ পূর্ণ করে দিলুম।

তার পর সন্ধাবেলায় ভোজনের নিমন্ত্রণ। শিক্ষাবিভাগের লোকেরা আরোজন করেছেন। নদীর ধারের দিকে প্রকাণ্ড একটা ছাদ, দেখানে আলোকমালার নীচে বদে গেছেন অনেক লোক। আমাদের সেই বৃদ্ধ কবিও আমার কাছেই ছিলেন। আহারের পর আমার অভিনন্দন সারা হলে আমাকে কিছু বলতে হল, কেননা শিক্ষা সম্বন্ধে আমার কী মত এঁরা শুনতে চেয়েছিলেন।

প্রান্তি ঘনীভূত হয়ে আসছে। আমার পক্ষে নড়েচড়ে দেখে শুনে বেড়ানো অসম্ভব হয়ে এল। কথা ছিল সকালে টেসিফোনের (Ctesiphon) ভয়াবশেষ দেখতে যেতে হবে। আমি ছাড়া আমার দলের বাকি সবাই দেখতে গেলেন। একদা এই শহরের গৌরব ছিল অসামান্ত। পার্থিয়ানেরা এর পত্তন করে। পারস্তে অনেকদিন পর্যস্ত এদের রাজত্ব ছিল। রোমকেরা বারবার এদের হাতে পরান্ত ইয়েছে। পূর্বেই বলেছি পার্থীয়েরা থাটি পারসিক ছিল না। তারা তুর্ক ছিল বলে অহ্মান করা হয়, শিক্ষাদীক্ষা অনেকটা পেয়েছিল গ্রীকদের কাছ থেকে। ২২৮ প্রীস্টাব্দে আর্দাশির পার্থীয়েদের জয় করে আবার পারস্তকে পারসিক শাসন ও ধর্মের অধীনে এক করে তোলেন। ইনিই সাসানীয় বংশের প্রথম রাজা। তার পরে বারবার রোমানদের উপত্রব এবং সবশেষে আরবদের আক্রমণ এই শহরকে অভিভূত করেছিল। জায়গাটা অস্বান্থ্যকর বলে আরবেরা এধান থেকে সমস্ত মালমসলা সরিয়ে বোগদাদে রাজ্বানী

ছাপন করে — টেসিফোন ধুলোয় গেল মিলিয়ে, বাকি রইল বৃহৎ প্রাসাদের একটুখানি থিলান। এই প্রাসাদ প্রথম ধসকর আদেশে নিমিত হয় সাসানীয় যুগের মহাকায় ছাপত্যশিল্পের একটি অতি আশ্চর্য দৃষ্টাস্তরূপে।

সন্ধ্যাবেলায় রাজার ওথানে আহারের নিমন্ত্রণ। ঐশ্বর্যগাঁরব প্রমাণ করবার জন্তে কোথাও লেশমাত্র চেষ্টা নেই। রাজার এই অনাড়ম্বর গাস্তীর্বে আমার চিস্তকে দব চেয়ে আকর্ষণ করে। পারিষদবর্গ যাঁরা একত্রে আহার করছিলেন হান্তালাপে তাঁদের দকলের দক্ষে এই অতি সহজ সমন্ধ। আমাদের দেশের সাধারণ লোকেরাও বিশেষ ভোজে আহারের পরিমাণে ও আয়োজনে নির্বোধের মতো যে অতিবাছলা করে থাকে রাজার ভোজে তা দেখলুম না। লহা টেবিলের উপর সাদা চাদর পাতা। বিরলভাবে কয়েকটি ফুলের তোড়া আছে, তা ছাড়া সাজসজ্জার চমক নেই একটুও। এতে আতিথার যথার্থ আরাম পাওয়া যায়।

বউমা রানীর শব্দে দেখা করতে গিয়েছিলেন— ভদ্রঘরের গৃহিণীর মতো আড়ম্বরহীন সরল অমায়িক ব্যবহার, নিজেকে রানী বলে প্রমাণ করবার প্রয়াসমাত্র নেই।

আজ একজন বেছ্মিন দলপতির তাঁব্তে আমার নিমন্ত্রণ আছে। প্রথমটা ভাবলুম পারব না, শরীরটার প্রতি করুণা করে না বাওয়াই ভালো। তার পরে মনে পড়ল, একদা আফালন করে দিথেছিলুম, 'ইহার চেয়ে হতেম যদি আরব বেছমিন।' তথন বয়দ ছিল তিরিশের কাছ ঘেঁবে, সে তিরিশ আজ পিছনের দিগস্তে বিলীনপ্রায়। তা হোক, কবিতাটাকে কিছু পরিমাণে পরথ করে না এলে মনে পরিতাপ থাকবে। সকালে বেরিয়ে পড়লুম। পথের মধ্যে হঠাৎ নিয়ে গেল টেনিং ফুলের ছেলেদের মাঝখানে, হঠাৎ ভাদের কিছু বলতেও হল। পথে পথে কত কথাই ছড়াতে হয়, সে পাকা ফল নয়, দে ঝরা পাতা, কেবলমাত্র ধুলোর দাবি মেটাবার জন্তে।

তার পরে গাড়ি চলল মরুভূমির মধ্যে দিয়ে। বালুমরু নয়, শক্ত মাটি। মাঝে মাঝে নদী থেকে জল এনেছে নালা কেটে, তাই এখানে ওথানে কিছু কিছু ফসলের আভাদ দেখা দিয়েছে। পথের মধ্যে দেখা গেল নিমন্ত্রণকর্তা আর-এক মোটরে করে চলেছেন, তাঁকে আমাদের গাড়িতে তুলে নেওয়া হল। শক্ত মাহ্য, তীক্ষ্ণ চক্ষ্ণ; বেছয়িনী পোশাক।

ব্দর্থাৎ, মাধায় একখণ্ড সাদা কাপড় খিরে আছে কালো বিড়ের মতো বস্তবেইনী। ভিতরে সাদা লখা আভিয়া, তার উপরে কালো পাতলা জোকা। আমার সলীরা বললেন, যদিও ইনি পড়ান্তনো করেন নি বললেই হয়, কিন্তু তীক্ষুবৃদ্ধি। তিনি এখান-কার পার্লামেন্টের একজন মেছর।

রৌলে ধৃ ধৃ করছে ধৃসর মাটি, দৃরে কোথাও কোথাও মরীচিকা দেখা দিল। কোথাও মেবপালক নিয়ে চলেছে ভেড়ার পাল, কোথাও চরছে উট, কোথাও-বা ঘোড়া। হু হু করে বাতাদ বইছে, মাঝে মাঝে ঘুর খেতে খেতে ছুটেছে ধৃলির আবর্ত। অনেক দ্র পেরিয়ে এঁদের ক্যাম্পে এদে পৌছলুম। একটা বড়ো খোলা তাঁবুর মধ্যে দলের লোক বদে গেছে, কফি দিদ্ধ হচ্ছে, খাচ্ছে ঢেলে ঢেলে।

আমরা গিয়ে বদলুম একটা মন্ত মাটির ঘরে। বেশ ঠাগু। মেঝেতে কার্পেট, এক প্রান্তে তক্তপোশের উপর গদি পাতা। ঘরের মাঝখান বেয়ে কাঠের থাম, তার উপরে ভর দিয়ে লম্বা বুঁটির 'পরে মাটির ছাদ। আত্মীয়বান্ধবেরা সব এদিকে-ওদিকে, একটা বড়ো কাঁচের গুড়গুড়িতে একজন তামাক টানছে। ছোটো আয়তনের পেয়ালা আমাদের হাতে দিয়ে তাতে অল্ল একটু করে কফি ঢাললে, ঘন কফি, কালো ভেতো। দলপতি জিজ্ঞানা করলেন আহার ইচ্ছা করি কি না, 'না' वमान आनवात त्रीि नग्न। हेम्हा क्रतानम, अङ्ग्रस्त जानिम् हिम। आहात्र আসবার পূর্বে শুরু হল একটু সংগীতের ভূমিকা। গোটাকতক কাঠির উপরে কোনো-মতে চামড়া-জড়ানো একটা তেড়াবাঁকা একতারা যন্ত্র বাজিয়ে একজন গান ধরলে। তার মধ্যে বেছয়িনী তেজ কিছুই ছিল না। অত্যন্ত মিহিচড়া গলায় নিতান্ত কালার স্থরে গান। একটা বড়ো জাতের পতক্ষের রাগিণী বললেই হয়। অবশেষে সামনে চিলিম্চি ও জলপাত্র এল। সাবান দিয়ে হাত ধুয়ে প্রস্তুত হয়ে বসলুম। মেঝের উপর জাজিম পেতে দিলে। পূর্ণচন্দ্রের ভবল আকারের মোটা মোটা ফটি, হাতাওয়ালা অতি প্রকাণ্ড পিতলের থালায় ভাতের পর্বত আর তার উপর মন্ত এবং আন্ত একটা দিশ্ধ ভেড়া। ছ-ভিনজন জোগান বহন করে মেঝের উপর রাখলে। পূর্ববর্তী মিহি-করুণ রাগিণীর সঙ্গে এই ভোজের আকৃতি ও প্রাকৃতির কোনো মিল পাওয়। ধায় না। আহারার্থীরা দব বদল থালা ঘিরে। দেই এক থালা থেকে দ্বাই হাতে করে মুঠো মুঠে। ভাত প্লেটে তুলে নিয়ে আর মাংদ ছিঁড়ে ছিঁড়ে থেতে লাগল। ঘোল দিয়ে গেল পানীয়রপে। গৃহকর্তা বললেন, আমাদের নিয়ম এই যে, অতিথিরা যতক্ষণ আহার করতে থাকে আমরা অভূক দাঁড়িয়ে থাকি, কিন্তু সময়াভাবে আজ দে নিয়ম রাখা চলবে না। তাই অদ্রে আর-একটা প্রকাও থালা পড়ল। তাতে তাঁরা স্বন্ধনবর্গ বসে গেলেন। যে অতিথিদের সমান অপেকাকৃত কম আমাদের ভূক্তাবশেষ তাঁদের ভাগে পড়ল। এইবার হল নাচের ফরমাশ। একজন একঘেরে স্বরে বাঁশি বাজিয়ে

চলল, আর এরা তার তাল রাখলে লাফিয়ে লাফিয়ে। একে নাচ বললে বেশি বলা
হয়। যে ব্যক্তি প্রধান, হাতে একখানা কমাল নিয়ে সেইটে ঘ্রিয়ে ঘ্রিয়ের আগে
আগে নাচতে লাগল, তারই কিঞ্চিং ভলির বৈচিত্র্য ছিল। ইতিমধ্যে বউমা গেলেন
এদের অন্তঃপ্রে। সেখানে মেয়েরা তাঁকে নাচ দেখালেন, তিনি বলেন সে নাচের
মতো নাচ বটে— বোঝা গেল ম্রোপীয় নটীয়া প্রাচ্য নাচের কায়দায় এদের অম্করণ
করে, কিন্তু সম্পূর্ণ রস দিতে পারে না।

তার পরে বাইরে এসে যুদ্ধের নাচ দেখলুম। লাঠি ছুরি বন্দুক তলোয়ার নিয়ে আফালন করতে করতে, চিৎকার করতে করতে, চক্রাকারে ঘুরতে ঘুরতে, তাদের মাতৃনি— ও দিকে অন্তঃপুরের ঘার থেকে মেয়ের। দিচ্ছে তাদের উৎসাহ। বেলা চারটে পেরিয়ে গেল, আমরা ফেরবার পথে গাড়িতে উঠলুম, সঙ্গে চললেন আমাদের নিমন্ত্রণকর্তা।

এরা মরুর সন্তান, কঠিন এই জাত, জীবনমৃত্যুর বন্দ নিয়ে এদের নিত্য ব্যবহার। এরা কারো কাছে প্রশ্রমের প্রত্যাশা রাথে না, কেননা পৃথিবী এদের প্রশ্রম দেয় নি। জীববিজ্ঞানে প্রকৃতি কর্তৃক বাছাইয়ের কথা বলে; জীবনের সমস্যা হুকঠোর করে দিয়ে এদেরই মাঝে যথার্থ কড়া বাছাই হয়ে গেছে, তর্বলেরা বাদ পড়ে যারা নিতান্ত টিংক গেল এরা দেই জাত। মরণ এদের বাজিয়ে নিয়েছে। এদের যে এক-একটি দল তারা অত্যন্ত দনিষ্ঠ, এদের মাতৃত্মির কোলের পরিসর ছোটো: নিত্য বিপদে বেষ্টিত জীবনের স্বল্প দান এরা সকলে মিলে ভাগ ক'রে ভোগ করে। এক বভো থালে এদের সকলের অন্ন, তার মধ্যে শৌথিন ফুচির স্থান নেই; তারা প্রস্পরের মোটা ক্লটি অংশ করে নিয়েছে, পরম্পরের জন্মে প্রাণ দেবার দাবি এই এক ফটি ভাঙার মধ্যেই। বাংলাদেশের নদীবাহুবেষ্টিত সন্তান আমি, এদের মাঝখানে বদে খাচ্ছিলুম আর ভাবছিলুম, সম্পূর্ণ আলাদা ছাঁচে তৈরি মাত্র্য আমরা উভয়ে ৷ তবুও মহুছাত্মের গভীরতর বাণীর যে ভাষা দে ভাষায় আমাদের সকলেরই মন সায় দেয়। তাই এই অশিক্ষিত বেতুয়িন-দলপতি যথন বললেন 'আমাদের আদিগুরু বলেছেন যার বাক্যে ও ব্যবহারে মানুষের বিপদের কোনো আশহা নেই সেই যথার্থ মুসলমান', তথন সে কথা মনকে চমকিয়ে দিলে। তিনি বললেন, ভারতবর্ষে হিন্দু-মুসলমানে যে বিরোধ চলছে এ পাপের মূল রয়েছে দেখানকার শিক্ষিত লোকদের মনে। এখানে অল্লকাল পূর্বে ভারতবর্ষ থেকে কোনো-কোনো শিক্ষিত মুসলমান গিয়ে ইণলামের নামে হিংল্র-ভেদবৃদ্ধি প্রচার করবার চেষ্টা করেছিলেন; তিনি বললেন, আমি তাঁদের দত্যতার্য বিশ্বাস করি নে, তাই তাঁদের ভোজের নিমন্ত্রণে থেতে অম্বীকার করেছিলেম, অন্তত

### রবীশ্র-রচনাবলী

আরবদেশে তাঁরা শ্রন্ধা পান নি। আমি এঁকে বললেম, একদিন কবিতায় লিথেছি 'ইহার চেয়ে হতেম হদি আরব বেছয়িন'— আজ আমার হৃদয় বেছয়িন-হৃদয়ের অত্যস্ত কাছে এদেছে, হথার্থই আমি তাদের সঙ্গে এক অন্ন থেয়েছি অন্তরের মধ্যে।

তার পরে বখন আমাদের মোটর চলল, তুই পাশের মাঠে এদের ঘোড়সওয়াররা ঘোড়া ছোটাবার খেলা দেখিয়ে দিলে। মনে হল মরুভূমির ঘূর্ণা-ছাওয়ার দল শরীর নিয়েছে।

বোধ হচ্ছে আমার ভ্রমণ এই 'আরব বেছ্য়িনে' এসেই শেষ হল। দেশে বাতা করবার আর ছ-তিন দিন বাকি, কিন্তু শরীর এত ক্লান্ত বে এর মধ্যে আর-কোনো দেখাশোনা চলবে না। তাই এই মক্রভূমির বন্ধুত্বের মধ্যে ভ্রমণের উপদংহারটা ভালোই লাগছে। আমার বেছুয়িন নিমন্ত্রণকর্তাকে বললুম যে, বেছুয়ন-আভিথ্যের পরিচয় পেয়েছি, কিন্তু বেছয়িন-দ্স্যুতার পরিচয় না পেলে তো অভিজ্ঞতা শেষ করে ষাওয়া হবে না। তিনি হেদে বললেন, তার একটু বাধা আছে। আমাদের দ্যারা প্রাচীন জ্ঞানীলোকদের গায়ে হত্তক্ষেপ করে না। এইজত্তে মহাজনরা যথন আমাদের মক্লভূমির মধ্যে দিয়ে পণ্য নিয়ে আসে তথন অনেক সময় বিজ্ঞ চেহারার প্রবীণ লোককে উটের 'পরে চড়িয়ে তাদের কর্তা সাজিয়ে আনে। আমি তাঁকে বললুম, চীনে ভ্রমণ করবার সময় আমার কোনো চৈনিক বন্ধুকে বলেছিলেম, 'একবার চীনের ভাকাতের হাতে ধরা পড়ে আমার চীনভ্রমণের বিবরণটাকে জমিয়ে তুলতে ইচ্ছা করে।' তিনি বললেন, 'চীনের ভাকাতেরা আপনার মতে। বুদ্ধ কবির 'পরে অত্যাচার করবে না, তারা প্রাচীনকে ভক্তি করে।' সত্তর বছর বয়সে যৌবনের পরীক্ষা চলবে না। নানা স্থানে ঘোরা শেষ হল, বিদেশীর কাছ থেকে কিছু ভক্তি নিয়ে, শ্রদ্ধা নিয়েই দেশে ফিরে যাব, তার পরে আশা করি কর্মের অবসানে শান্তির অবকাশ আসবে। যুবকে যুবকে ছন্দ্র ঘটে, সেই ছন্দ্রের আলোড়নে সংসারপ্রবাহের বিক্বতি দূর হয়। দহ্য যথন বুদ্ধকে ভক্তি করে তথন সে তাকে আপন জগৎ থেকে দূরে সরিয়ে দেয়। যুবকের সঙ্গেই তার শক্তির পরীক্ষা, সেই ঘদ্ধের আঘাতে শক্তি প্রবল থাকে, অতএব ভক্তির স্থদুর অন্তরালে পঞ্চাশোর্ধং বনং ব্রঞ্জে।

# এম্পরিচয়

রচনাবলীর বর্তমান খণ্ডে মৃদ্রিত গ্রন্থগোর প্রথম প্রকাশের তারিখ ও রচনা-সংক্রান্ত অক্সান্ত জাতব্য তথ্য গ্রন্থপরিচয়ে সংক্রান্ত হইন্স।

## প্রান্তিক

'প্রান্তিক' ১৩৪৪ বন্ধান্দের পৌষ মাসে প্রথম প্রকাশিত হয়।

এই গ্রন্থের প্রায় সব কয়টি কবিতাই ১৯৩৭ সেপ্টেম্বর মাসের সংকটাপন্ন রোগ হইতে মৃক্তিলাভের অব্যবহিত পরে রচিত হয়। ১৪, ১৫ এবং ১৬ -সংখ্যক কবিতা কয়েক বংসর পূর্বের রচনা।

১৪-সংখ্যক কবিতাটি 'চাঁদপুর মুনিয়ন ইন্স্টিট্টে ত্রিসপ্ততিতম রবীক্স-জন্মোৎসবে কবিগুরুর আশীর্বাদ্যাণী' রূপে প্রেরিড হয়।

১৫-সংখ্যক কবিতাটি বিচিত্রার ১৩৪১ কার্তিক সংখ্যায় 'শরং' নামে মুস্রিত হয়। শেষসপ্তকের ২৩-সংখ্যক কবিতা ইহার গছ পাঠান্তর বলা ঘাইতে পারে।

১৬-সংখ্যক কবিতাটি 'শেষ সপ্তক' গ্রন্থের ৩৪-সংখ্যক কবিতার সহিত তুলনীয়। ১৩-সংখ্যক কবিতার হুইটি পূর্বপাঠ নিয়ে মৃক্তিত হুইল—

জন্মের দিন করেছিল দান তোমারে পরম মূল্য,
ক্রপমহিমায় হলে মহীয়ান স্থাতারার তুল্য।
দূর আকাশের পথে যে আলোক এসেছে ধরার বক্ষে
নিমেষে নিমেষে চুমি তব চোথ তোমারে বেঁধেছে সংখ্য।
দূর যুগ হতে আসে কত বাণী কালের পথের যাত্রী,
সে মহাবাণীরে লয় সম্মানি তোমার দিবসরাত্রি।
—প্রবাসী। অগ্রহায়ণ ১৩৪৩, পৃ. ২৫০

জন্মের দিনে দিয়েছিল আজি তোমারে পরম যুল্য রূপসন্তায় এলে যবে সাজি, স্মর্যতারার তুল্য। দূর আকাশের পথে যে আলোক এসেছে ধরার বক্ষে নিমেযে নিমেযে চুমি তব চোখ তোমারে বেঁধেছে সংখ্য। দূর যুগ হতে আঙ্গে কত বাণী কালের পথের যাত্রী, সে মহাবাণীরে লয় সম্মানি তোমার দিবসরাত্রি। সম্মুখে তব গেছে দূর-পানে জীবযাত্রার পদ্ধ, তুমি সেখা চল— বলো কেবা জানে এ রহস্যের অন্ত।

२२।७।७8

—জন্মশ্রী। বৈশাখ ১৩৪১

১৮-সংখ্যক কবিতাটির প্রসঙ্গে রবীক্রসদনে-রক্ষিত 'বর্ষামন্দল' পাণ্ডুলিপির নিমসংকলিত উপসংহারের অংশ তুলনীয়—

নটরাজ। পালার শেষে শান্তিবাচনিকের নিয়ম আছে। আজ বিষধর নাগিনীরা জগতের চার দিকে ফণা তুলে গর্জন করছে। আজ শান্তির কথা পরিহাসের মতো শোনাবে। তাই উপসংহারে ডাক দিয়ে যাই তাদের, অকল্যাণের দঙ্গে লড়াইয়ের জন্মে বারা প্রস্তুত।

[ १७६८९ ]

# **শে**জুতি

'সেঁজুতি' ১৩৪৫ দালের ভাত্র মাদে প্রকাশিত হয়।

রবীন্দ্রদদনের পাণ্ড্লিপির সাহায্যে বর্তমান সংস্করণে কয়েকটি কবিতার রচনা-তারিথ সংশোধিত ও সংযোজিত হইয়াছে।

গ্রন্থার জের দিন' কবিতাটি ১৩৪৫ সালের ২৫ বৈশাধ সন্ধ্যায় কালিম্পঙে গৌরীপুরভবন হইতে রবীন্দ্রনাথ তাঁহার জন্মবাসর উপলক্ষে রেডিয়োতে পাঠ করিয়াছিলেন।

'পজোন্তর' কবিতাটি স্থরেক্রনাথ দাসগুপ্ত মহাশয়ের প্রেরিত 'কবি নারদ' (প্রবাসী। আবাঢ় ১৩৪৫) কবিতার উত্তরে লিখিত।

'প্লায়নী' কবিতাটির প্রথম তুইটি শুবক ১৩৪৪ জ্যৈচের প্রবাদীতে অফুরপ মৃদ্রিত হইয়াছিল। প্রথম শুবকের শেষাংশ ও বিতীয় শুবকের আরম্ভাংশ 'দেঁজুভি'র পাঠে বজিত হইয়াছে। সেই বজিত অংশ নিমে প্রবাদী হইতে উদ্ধৃত হইল --

> প্লায়নভীক পুরী দিনরাত তোমার সম্থে জোড় করে হাত, বাঁধা ঘাটে ঘাটে রচে প্রণিপাত, মাথা কেঁট করে তীরে ।

মাটির কঠে ষেথানে অভয়
মিথ্যা ভাষার রটে,
সেথা ভিড় করে যত লোকালর
ভাঙন-লুকানো তটে।
মুখরিত হয় স্থিতিভিক্ষার
বন্দনাধ্বনি সেথা বার বার,
কল্পিত করে প্রার্থনা ভার

প্রবাদীতে উক্ত কবিতার চতুর্থ শুবকের পর ('সেঁজুতি'র পাঠে তৃতীয় শুবকের পর ) নিয়মুন্সিত একটি সম্পূর্ণ নৃতন শুবক পাওয়া যায়—

> উধাও বাতাদে মেঘ ভেদে আদে বহিয়া রঙিন ছায়া। তোমারি ছন্দে রচিছে আকাশে কণিকের চিরমায়া। বনের প্রবাহ তব তীরে তীরে দব্জ পাতার বস্থার নীরে কভ্ ঝড়ে কভু শাস্ত সমীরে তোমারি ছন্দে পাথির ওড়া দে, তোমারি ছন্দে ফুল ফোটে ঘাদে, অনিত্য তারা তব ইতিহাদে নিত্য নাচনে নাচে।

'তীর্থাত্রিণী' কবিতাটির উপদংহারে প্রবাদীতে ( অগ্রহায়ণ ১০৪৪ ) এই তুইটি অতিরিক্ত পঙ্কি মুদ্রিত হইয়াছিল—

> দংসারে মরীচিকারে বিখাস করিয়াছিল ও ধে, সংসার বাহির-তীরে পুন ফিরে তারি ব্যর্থ থোঁজে।

'জন্মদিন' কবিভাটির চতুর্থ ন্তবকের পরে প্রবাদীতে ( আবাচ় ১৩৪৪ ) এই বর্জিড ন্তবকটি পাওয়া যায়—

> আন্দ কেন ওর মনে লাগে, এবার বাত্রালেবে নৌকো আবার পাড়ি দিল আরেক ছুটির দেশে।

এ ঘাট থেকে বোঝাই ক'রে চলেছে স্রোত বাহি সেই পদরা হিদাব যাহার নাহি, আপনাতে বা আপনি অফুরান, ভাঙা বাঁশির মৌন-পারে জমেছে বার গান।

### নবীন

'নবীন' ১৩৩৭ বন্ধাব্দের ফাস্কন মাসে রচিত হয়। ওই সালের চৈত্র মাসে কলিকাতায় নিউ এম্পায়ার থিয়েটারে উহা মঞ্চ হইবার উপলক্ষে ওই নামের গীতিনাটিকাটি পুন্তিকাকারে প্রথম প্রকাশিত হয়। পরে 'বনবাণী' গ্রন্থে আধিন ১৩৩৮) পরিবভিত আকারে 'নবীন' পুনরায় প্রকাশিত হয়। প্রধানত, অন্তর্ক্ত পুরাতন গানগুলি ও তৎপ্রাসন্ধিক কথাবন্ধ এই সংস্করণে ব্যক্তিত হয়। বর্তমান থণ্ডে 'বনবাণী'র অন্তর্গত সেই শেষ পাঠই মৃদ্রিত হইল। পুন্তিকাকারে প্রকাশিত প্রথম পাঠও পরিশিষ্টে মৃদ্রিত রহিল।

### শাপমোচন

'শাপমোচন' ১৩০৮ বন্ধান্দের [১৯৩১] ১৫ পৌষ তারিথে রবীক্রজয়স্তী-ছাত্রছাত্রী-উৎসবপরিষৎ'-কর্তৃক পু্তিকাকারে প্রথম প্রকাশিত হয়। ১৫ ও ১৬ পৌষ রাত্রে কবির জ্রোড়াসাঁকো-ভবনে নৃত্যগীত ও পাঠ-সহযোগে ইহা প্রথম-অভিনীত হইয়াছিল।

উক্ত পৃত্তিকার কথিকা অংশ ১৩০৮ সালের মান-সংখ্যা বিচিত্রায় মৃদ্রিত হয়, এবং ১৩০৯ সালের আখিন মাদে স্বতন্ত্র কবিতা আকারে উহা 'পুনল্চ' গ্রন্থের অন্তর্গত হয় (রবীন্দ্র-রচনাবলী, ষোড়শ খণ্ড)। পরে ১৩০৯ সালে ১৫ ও ১৬ চৈত্র রাত্রে [২৯,৩০ মার্চ ১৯৩৩] এম্পায়ার থিয়েটারে পুনরভিনয়কালে শাপমোচনের একটি পরিমাজিত নাট্যরূপ প্রকাশিত হয়। তাহাতে গানেরও অনেক অদল-বদল করা হয়। বর্তমান খণ্ডে 'শাপমোচন' দেই পরিমাজিত নাট্য-আকারে মৃদ্রিত হইল।

১৬৬৮ সালের প্রথম নৃত্যাভিনয়ে ব্যবহৃত গানগুলির প্রথম পঙ্কি মৃক্রিত পু্তিকার ক্রম-অফ্লসারে নিম্নে উল্লেখ করা হইল—

- ১। পাছে ব্রভ্লি এই ভর হয়
- ২। ভরাধাকু শ্বতিহধায়

- ৩। তুমি কি কেবল ছবি
- ৪। তোমার আনন্দ ওই এল যারে
- वांट्या दब्र वैंगिति, वांट्या
- ৬। লহো লহো তুলে লহো নীরব বীণাখানি
- ৭। যে কেবল পালিয়ে বেড়ায়, দৃষ্টি এড়ার
- ৮। কোথা বাইরে দূরে যার রে উড়ে
- थान्यना গো चान्यना
- ১ । আমি এলেম তারি হারে
- ১১। टाथ य अम्ब इट हल त्या
- ১২। বদত্তে ফুল গাঁথল আমার জয়ের মালা
- ১৩। এদো আমার ঘরে
- ১৪। বাহিরে ভুল হানবে যথন
- ১৫। পাথি আমার নীডের পাথি
- ১৬। না যেয়োনা যেয়ো নাকো
- ১৭। স্থী, আঁধারে একেলা ঘরে
- ১৮। অরপবীণা রূপের আড়ালে
- ১৯। মোর বীণা ওঠে কোন্ স্থরে বাজি

'পরবাদী চলে এদাে ঘরে' ও 'দে পড়ে দে আমায় তােরা' এই হুইটি গান পুন্তিকায় মুক্তিত না থাকিলেও অভিনয়ে সংযোজিত হইয়াছিল।

১৯৩৪ সালের অক্টোবর মাসে 'শাপমোচন' মাল্রান্ডে মঞ্চন্থ হইবার অনতি-পূর্বে রবীন্দ্রনাথ কয়েকটি নৃতন গান বিশেষভাবে এই নাটিকাটির জ্ঞাই রচনা কয়েন। গানগুলি বর্তমান থণ্ডে শাপমোচনের সংযোজন-অংশে মুল্রিত হইল। উহার মধ্যে ছই-একটি গান শেষ পর্যন্ত উক্ত অভিনয়ে ব্যবহৃত হয় নাই বলিয়া মনে হয়। মাল্রান্তের এই অভিনয়প্রসক্ষে রবীন্দ্রনাথ ১৯৩৪ সালের ৩১ অক্টোবর তারিথের এক পত্রে প্রতিমা দেবীকে লেখেন—

আমাদের এখানকার পালা আজ শেষ হবে। জিনিস্টা [শাপমোচন ] এবার স্বস্থ অঞ্চবারের চেয়ে অনেক বেশি সম্পূর্ণতর হয়েছে।

—পত্ৰ ৪৪, চিঠিপত্ৰ, ৩র খণ্ড

'বঁধু, কোন্ মায়া লাগল চোখে' ও 'মায়াবনবিহারিণী হরিণী' গান ছুইটি বাদে

শাপমোচনের এই নৃতন গানগুলি ও উহাদের স্বরলিপি ১৩৪১-৪২ দালের প্রবাসী ও বিচিত্রায় প্রকাশিত হইয়াছিল।

১৩৪৭ সালের পৌষ মাসে [১৯৪٠] শান্তিনিকেতনে শাপমোচনের বে অভিনয় হয় রবীস্ত্রনাথের জীবদশায় নাটিকাটির উহাই শেষ অভিনয়। উক্ত অভিনয়ে ব্যবহারের জ্বন্ত রবীস্ত্রনাথ নিজে যে গানগুলি নির্বাচন করিয়া দেন শ্রীশান্তিদেব ঘোষের সৌজতে নিমে তাহার তালিকা মৃত্রিত হইল—

প্রথম দৃষ্ঠ । ইক্রসঙা

- ১। নহ মাতা, নহ ক্ঞা
- ২। হে মহাত্র:খ, হে রুজ
- ৩। ভরা থাক্ শ্বৃতিস্থায় দিতীয় দৃশ্য। অঙ্গণেধরের প্রাসাদ
- ১। তিমিরবিভাবরী কাটে কেমনে
- ২। ওরে চিত্ররেখাডোরে
- ৩। তুমি কি কেবল ছবি
- ৪। কথন দিলে পরায়ে
   তৃতীয় দৃয় । ময়য়ায়গৃহে কয়য়িকা
- ১। কেন নয়ন আপনি ভেদে যায়
- ২। তোমায় সাজাব্যতনে
- ৩। দে পড়ে দে আমায় তোরা
- 8। वाकित्व, मशी, वाँनि वाकित्व
- ে। বঁধু, কোন মায়া লাগল চোখে
- ৬। তোমার আনন্দ ওই এল বারে
- ৭। বাজো রে বাঁশরি, বাজো
- ৮। লহো লহো তুলে লহো চতুর্থ দৃশ্য। পতিগৃহে রাজবধু
- ১। হে স্থা, বারতা পেয়েছি মনে মনে
- ২। কোণা বাইরে দূরে যায় রে উড়ে
- ত। কাছে থেকে দুর রচিল
- श আন্মনা আন্মনা

- ৫। हाम द्र, श्रद्ध गाम्र ना कि स्नाना
- ৬। বদত্তে ফুল গাঁথল আমার
- ৭। অকুন্দরের পরম বেদনায়
- ৮। একদিন সইতে পারবে, সইতে পারবে
- ১। তোমার এ কী অহকপা অহন্দরের তরে
- ১০। না, বেয়োনা, বেয়োনাকো।
  পঞ্ম দুখা নির্জন বনে রানী
  - ১। স্থী, আঁধারে একেলা ঘরে
  - ২। কোন গহন অরণ্যে তারে
  - ৩। ও কি এল, ও কি এল না
  - ৪। মোর বীণা ওঠে কোন হুরে বাজি

উল্লিখিত চতুর্থ দৃশ্যের ৮ ও ৯ - সংখ্যক গানের পাঠ এই গ্রন্থে মৃক্রিত পাঠ হইতে ভিন্ন। তুলনার্থ নিমে মৃক্রিত হইল—

রাজা। একদিন সইতে পারবে, সইতে পারবে, তোমার আপনার দাক্ষিণ্যে, রসের দাক্ষিণ্যে।

রানী। তোমার এ কী অমুকম্পা অমুন্দরের তরে, তাহার অর্থ বৃঝি নে। ওই শোনো ওই শোনো, উষার কোফিল ডাকে অন্ধকারের মধ্যে, তারে আলোর প্রশ লাগে। তেমনি তোমার হোক্-না প্রকাশ আমার দিনের মাঝে, আজি স্র্যোদয়ের কালে।

#### কালের যাত্রা

'কালের যাত্রা' বাংলা ১৩৩৯ সালের [১৯৩২] ভাস্ত মাদে গ্রন্থাকারে প্রকাশিত হয়।

১০০• সালের অগ্রহায়ণ-সংখ্যা প্রবাসীতে (পৃ. ২১৬-২২৫) 'রথষাত্রা' নামে রবীক্ষনাথের একটি নাটকা প্রকাশিত হয়। 'রথের রশি' তাহারই পরিবর্তিত ও আগাগোড়াপুনলিখিত রপ। বর্তমান সংস্করণে 'কালের যাত্রা'র পরিশিষ্টরূপে 'রথষাত্রা' নাটকাটি
প্রবাদী হইতে মৃদ্রিত হইল। স্বতম্ব গ্রম্থে বৈশাথ ১৩৭৮ সংস্করণে পরিশিষ্টরূপে মৃদ্রিত
হইয়াছে।

'কবির দীক্ষা'র পূর্বপাঠ ১৩৩৫ সালের বৈশাখ-সংখ্যা 'মাসিক বস্ত্মতী' পত্রিকায় ( পৃ. ২-৪ ) 'শিবের ভিক্ষা' নামে প্রথম মৃদ্রিত হইয়াছিল।

55108

শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের সপ্তপঞ্চাশত্তম জন্মোৎসব-উপলক্ষে [ ভাক্র ১৩৩৯ ] নিধিত রবীন্দ্রনাথের একটি পত্তের প্রাসন্ধিক অংশ নিম্নে উন্ধৃত হইল—

তোমার জন্মদিন উপলক্ষে 'কালের যাত্রা'-নামক একটি নাটিকা তোমার নামে উৎসর্গ করেছি। আশা করি, আমার এ দান তোমার অযোগ্য হয় নি। বিষয়টি এই— রথযাত্রার উংসবে নরনারী সবাই হঠাৎ দেখতে পেলে, মহাকালের রথ অচল। মানবসমাজের সকলের চেয়ে বড়ো হুর্গতি, কালের এই গতিহীনতা। মান্তবে মান্তবে যে সম্বন্ধবন্ধন দেশে দেশে যুগে যুগে প্রসারিত, সেই বন্ধনই এই রথ টানবার রশি। সেই বন্ধনে অনেক গ্রন্থি পড়ে গিয়ে মানবসম্বন্ধ অসত্য ও অসমান হয়ে গেছে, তাই চলছে না রথ। এই সম্বন্ধের অসত্য এতকাল যাদের বিশেষভাবে পীড়িত করেছে, অবমানিত করেছে, মহয়ত্বের প্রেষ্ঠ অধিকার থেকে বঞ্চিত করেছে, আজ মহাকাল তাদেরই আহ্বান করেছেন তাঁর রথের বাহনরূপে; তাদের অসম্বান ঘূচলে তবেই সম্বন্ধের অসাম্য দূর হয়ে রথ সম্বুথের দিকে চলবে।

কালের রথযাত্রার বাধা দূর করবার মহামন্ত্র তোমার প্রবল লেথনীর মূথে দার্থক হোক, এই আশীর্বাদ-সহ তোমার দীর্ঘজীবন কামনা করি।

—বিচিত্রা। কাতিক ১৩৩৯, পৃ. ৪৯২

## গল্পগুচ্ছ

বর্তমান থণ্ডে প্রকাশিত গল্পগুলির অধিকাংশই সাময়িক পত্তে প্রকাশিত হইয়াছিল। নিমে প্রকাশস্চী মুদ্রিত হইল—

मन्द्र ७ जन्नद	প্রদীপ	আষাঢ়	3009
উদ্ধার	ভারতী	শ্ৰাবৰ	3009
ছুৰ্ দ্ধি	ভারতী	ভাস্ত	2009
ফেল	ভারতী	আখিন	3009
🖰 ভদৃষ্টি	প্রদীপ	আবিন	3009
নষ্টনীড়	ভারতী	বৈশাধ-অগ্ৰহায়ণ	7004
দর্পহরণ	বলদৰ্শন	<b>ফান্ত</b> ন	4000
মাল্যদান	ব্দদৰ্শন	टेडब	2003
কৰ্মকল	क्छनीन ?	রৈস্কার বাবিকী	<i>&gt;</i> %>•
<b>মাস্টারমশার</b>	প্ৰবাসী	আধাঢ়-প্রাবণ	2028

গুপ্তধন	বৰভাষা	কাতিক	3038
রাসমণির ছেলে	ভারতী	আশ্বিন	7074
পণরক্ষা	ভারতী	পৌষ	7075

'যজেশরের যক্ত', 'উল্থড়ের বিপদ' ও 'প্রতিবেশিনী', এই তিনটি গল্প সাময়িক পত্তে প্রকাশিত হইয়াছিল কি না এখনো জানিতে পারা যায় নাই; এইজক্ত গ্রন্থাকারে প্রকাশের তারিখ-অফুদারে —গল্পগুচ্ছ, মজুমদার এজেন্দি। প্রথম খণ্ডে (আশিন ১০০৭) 'প্রতিবেশিনী', বিতীয় খণ্ডে [১৯০১] 'যজেশ্বরের যক্ত' ও 'উল্থড়ের বিপদ'— দেগুলি বর্তমান খণ্ডে মৃদ্রিত হইল।

সাময়িক পত্রে প্রকাশিত গল্পগুলি এইরপে সর্বপ্রথম গ্রন্থভুক্ত হয়: সদর ও অন্দর, উদ্ধার, তৃর্পি, ফেল —গল্পগুছে ১, মজুমদার এজেন্দি, ১ আখিন ১৩০৭। শুভদৃষ্টি —গল্পগুছে ২, মজুমদার লাইবেরি [১৯০১]। নইনীড় —হিতবাদীর উপহার রবীক্র-গ্রন্থবালী, ১৩১১। দর্পহরণ, মাল্যদান, রাসমণির ছেলে, পণরক্ষা — গল্প চারিটি [১৯১২]। মান্টারমশায়, গুগুধন —গল্পগুছে ৫, ইণ্ডিয়ান পাবলিশিং হাউস, ১৩১৫। 'কর্মফল' ১৩১০ সালেই স্বতম্ব গ্রন্থাকারেও মৃত্রিত হয়; এই গল্পটি কবি-কর্তৃক পুনলিখিত হইয়া 'শোধবোধ' নাটকরূপে ১৯২৬ সালে প্রকাশিত হয়।

## পারস্থে

'জাপানে-পারস্তে' ১০৪০ বঙ্গান্ধের প্রাবণ মাসে প্রথম প্রকাশিত হয়। উহার 'জাপানে' অংশে পূর্বপ্রকাশিত গ্রন্থ 'জাপান্যাত্রী' (১৩২৬) এবং 'পারস্তে' অংশে তৎকালীন নৃত্ন রচনা পারস্তান্মণের বৃত্তান্ত একত গ্রন্থিত ও মুক্তিত হয়।

গ্রহাকারে প্রথম প্রকাশের কালক্রমে 'জাপান্যাত্রী' রবীক্র-রচনাবলীর উনবিংশ থণ্ডে মৃত্রিত হইয়াছে এবং রবীক্রশতবার্ষিক সংস্করণ রূপে স্বতন্ত্র সংস্করণ পরিশিষ্ট ও গ্রহ্পরিচয় সংযুক্ত হইয়া জাৈচ ১৬৬০ বলাকে প্রকাশিত হইয়াছে। বর্তমান থণ্ডে 'জাপানে-পারত্যে' গ্রন্থের কেবলমাত্র 'পারত্যে' অংশ মৃত্রিত হইল। রবীক্র-শতবর্ষপৃতির উদ্যাপনে স্বতন্ত্র গ্রন্থাকারে পরিশিষ্ট ও গ্রন্থপরিচয় -যুক্ত 'পারত্যযাত্রী' ২৫ বৈশাধ্ব ১৩৭০ বলাকে প্রকাশিত হয়।

'পারস্তে'র প্রথম পরিচ্ছেদ ১০০৯ সালের আষাঢ়-সংখ্যা প্রবাদীতে 'পারস্ত-যাত্রা' নামে বাহির হয়। ২ হইতে ১১ পরিচ্ছেদ পর্যন্ত অবশিষ্ট অংশ ১০০৯ সালের জ্ঞাবণ হইতে ১০৪•-এর বৈশাধ-সংখ্যা পর্যন্ত বিচিত্রা মাসিক পত্রে 'পারস্তভ্রমণ' নামে । ধারাবাহিকভাবে প্রথম প্রকাশিত হয়। পত্রিকায় মৃদ্রিত প্রথম পাঠ ও রবীক্ষসদনে রক্ষিত পাণ্ডুলিপির সাহাব্যে বর্তমান সংস্করণের পাঠ স্থানে স্থানে সংশোধন করা হইয়াছে।

ভ্রমণরুত্তান্তটির বিচিত্রায় মৃদ্রিত পাঠের কয়েকটি অংশ গ্রন্থপ্রকাশকালে বজিত হইয়াছিল। সেই বজিত অংশগুলি এথানে সংকলিত হইল। সম্পূর্ণতাসাধনের উদ্দেশ্যে পাণ্ডুলিপি হইতে কয়েকটি প্রয়োজনীয় অংশ বন্ধনীচিহ্নিত আকারে উক্ত রচনাংশের কয়েক স্থানে সংযোজিত হইয়াছে।—

## ৪০> পৃষ্ঠায় শেষ অমুচ্ছেদের পূর্বে

সভারত্তে পার্সিভাষায় কিছু বলা হলে পর আমি বললুম:

প্রকৃতিতে নিমন্ত্রণের ভার বসস্তঋতুর পরে। তার স্থান্ধ পুশাগুচ্ছে, পাথির গানে সেই নিমন্ত্রণ। তার আহ্বান স্বদেশী বিদেশী নির্বিশেষে, তার বিশ্বভাষা ভর্জমা করতে হয় না। কবিরা বসস্তঋতুর প্রতীক। তারা আপন দেশ আপন কালের মধ্যে থেকে সর্বদেশ সর্বকালকে আমন্ত্রণ করে।

একদিন দ্র থেকে পারস্তের পরিচয় আমার কাছে পৌচেছিল। তথন আমি বালক। দে পারস্ত ভাবরসের পারস্ত, কবির পা্রস্ত। তার ভাষা যদিও পারসিক, তার বাণী সকল মান্তবের।

আমার পিতা ছিলেন হাফেজের অমুরাগী ভক্ত। তাঁর মুখ থেকে হাফেজের কবিতার আর্ত্তি ও তার অমুবাদ অনেক শুনেছি। দেই কবিতার মাধুর্য দিয়ে পারস্তার হৃদয় আমাদের হৃদয়ে প্রবেশ করেছিল।

আজ পারস্তের রাজা আমাকে আমন্ত্রণ করেছেন, সেই সলে সেই কবিদের আমন্ত্রণও মিলিত। আমি তাঁদের উদ্দেশে আমার সক্ষতন্ত অভিবাদন অর্পণ করতে চাই যাদের কাব্যস্থা জীবনাস্তকাল পর্যন্ত আমার পিতাকে এত সান্থনা এত আনন্দ দিয়েছে।

[ কবির আপন ভাষায় যদি দিতে পারত্ম তবেই আমার যোগ্য হত। যে ভাষা অগত্যা ব্যবহার করছি আমার ভারতী সে ভাষায় সম্পূর্ণ সায় দেন না। তাই আমি এখানে যেন ম্যুজিয়মে-সাজানো পাথি — তর্জমার আড়ষ্টতায় আমার পাথা বন্ধ— সে পাথাবিস্তার করে মন উড়তে পারে না, সে পাথায় সঞ্জীব প্রাণের বর্ণচ্ছটাময় নৃত্য নেই।

তা হোক, মৌনের মধ্যে যে বাণী অমুচ্চারিত, বন্দনায় তারও ব্যবহার হয়ে থাকে। সেই আস্তরিক বাণীর ঘারাই পারন্তের অমর কবিদের আমি আজ অভিবাদন করি; সেই দক্ষে পারস্তের অমর আত্মাকেও আমার নমস্কার, যে আত্মা ইতিহাদের উথানপতনের মধ্য দিয়ে বিচিত্র সৌন্দর্যে শৌর্যে কল্যাণে ভাবীকালের দ্রদিগস্কব্যাপী ক্ষেত্রে নিজেকে গৌরবান্থিত করবে।]•

আমি বলার পর ধতাবাদ জানিয়ে ও পারভারাজের প্রতি শ্রদ্ধা নিবেদন করে ইরানী কিছু বললেন। কৌতৃহলী জনতার মধ্য দিয়ে গোধ্লির আলোকে গবর্নরের সঙ্গে তাঁর প্রাসাদে ফিরে এলুম।

—বিচিত্রা। আধিন ১৩৩৯, পু. ২৯৭-২৯৮

৪৬০ পৃষ্ঠায় ২৩ ছত্রের প্রথম বাকাটির পূর্ণতর রূপ

অবশেষে হাফেজের সমাধি দেখতে বেরলুম, পিতার তীর্থস্থানে আমার মানসঅর্থা নিবেদন করতে।

—পাতৃলিপি

### ৪৮৩ পৃষ্ঠার স্বাবিংশ ছত্তের পরে

[এরকম ক্ষেত্রে বস্তুত ভয় ক্ষুত্রকে— মহত্তকে স্বীকার করার মতো পীড়া তাদের পক্ষে আর কিছু হতে পারে না, বিশেষত যে মহত্ব প্রথার বাঁধাপথে চিরাভাততভাবে স্বীকৃত নয়।

আমি রাজাকে জানালুম তাঁর রাজত্বে সম্প্রদায়বিরোধের হিংশ্র অস্ত্যতা এমন আশ্বর্য শৌর্থের সঙ্গে উন্মূলিত হয়েছে, আজকের দিনে এইটেতে আমি সকলের চেয়ে ম্ধা। একবার যেন তিনি ভারতবর্ষে আদেন, এই আকাজ্ঞা আমি তাঁকে নিবেদন করলুম। তিনি বললেন, পাশ্চাত্য দেশে ভ্রমণ করতে যাবার পূর্বে নিশ্চয় তিনি যথাসম্ভব এশিয়ার পরিচয় নিয়ে যাবেন।

গ্রন্ধাপূর্ণ হদয় নিয়ে ফিরে এলুম। এ কথা সকলের মুথে শুনি, রাজা বিদান নন, মুরোপীয় কোনো ভাষাই তাঁর জানা নেই, পারসিক ভাষা লিখতে পড়তে পারেন, কিস্কু ভালোরকম নয়। অর্থাৎ, তাঁর বৃদ্ধিশক্তি বিচারশক্তি বইপড়া বিভার অনেক উপরে।]

পারশুরাজের সঙ্গে সাক্ষাৎ-উপলক্ষে উপহারশ্বরূপে আমার নিজের কতকগুলি বই রেশমের আবরণে প্রস্তুত করা ছিল। সেই সঙ্গে নিজের রচিত একটি চিত্রপটে পরপৃষ্ঠায়-উন্ধৃত বাংলা কবিতা ও তার ইংরেজি ভর্জমাটি লিখে দিয়েছিলুম—

> আমার হাদয়ে অতীতত্বতির দোনার প্রদীপ এ যে, মরিচা-ধরানো কালের পরশ বাঁচান্ত্রে রেখেছি মেকে।

তোমরা জেলেছ, নৃতন কালের উদার প্রাণের আলো— এদেছি, হে ভাই, আমার প্রদীপে তোমার শিখাটি জালো।

I carry in my heart a golden lamp of remembrance of an illumination that is past.

I keep it bright against the tarnishing touch of time. Thine is a fire of a new magnanimous life. Allow it, my brother, to kiss my lamp with its flame.

্ আজ সকালবেলায় শিক্ষাবিভাগের মন্ত্রী আমাকে সঙ্গে করে নিয়ে গিয়েছিলেন শীত্যাপনের প্রাসাদ দেখাবার জন্মে।

তুষাররেথান্বিত নীলাভ পাহাড়-ঘেরা স্থন্দর দৃষ্টের মধ্যে দিয়ে গাড়ি চলল। প্রাসাদের বাগানটি ঘনভামল উচ্চশীর্ষ তরুচ্ছায়ায় রমণীয়। ছ-তিন ভাগে বিভক্ত অনেকগুলি দিঁড়ি ভেঙে প্রথম তলায় যথন উঠল্ম তথন আমার নিখাদ বড়ো একটা বাকি ছিল না। মাথার উপরে উচ্চ গম্বুজ আগাগোড়া স্ফটিকে থচিত, আলোয় ঝল্মল্ করছে। ক্লান্তি গোপনের জন্মে দির হয়ে থানিকটা দাঁড়িয়ে দেখা গেল। আরো এক তলা উপরে গিয়ে শেষ পর্যন্ত ওঠবার উচ্চাকাজ্জাকে শাস্ত করে হাঁফ ছাড়ল্ম। প্রশন্ত বারান্দায় বেরিয়ে আসতেই দেখি, চার দিকের উদার দৃভ অবারিত। আকাশ নির্মল নীল, নীচের বাগানে নিবিড়নিবদ্ধ বনম্পতির উমিল বিস্তার, ডান দিকের দিগস্তে গিরিশ্রেণী, সমুথে দ্রে তেহেরান নগরী বৃক্ষব্যুহে আরত। এখানে বর্তমান রাজা বাস করেন না, কেননা, এ জায়গাটা তাঁর কর্মক্ষেত্র থেকে দ্রে। এ প্রাসাদটি প্রাচীন নয়, বছর ত্রিশ আগে তৈরি হয়েছে।

—বিচিত্রা। পৌষ ১৬৩৯, পৃ. ৭৭০-৭৭১

## ৪৮৫ পৃঠায় প্রথম বাক্যের পরে

খানিকটা আমি ইংরেজিতে বলি, তার পরে তার তর্জমা হয় পারসিকে, এইরকম হু-রঙা হু-টুকরো তালি-দেওয়া আমার বক্তৃতা।

আমি যা বলেছিলেম তার মোট কথাটা হচ্ছে এই যে, প্রকৃতির শক্তিভাণ্ডারের দার মুরোপ উদ্ঘাটন করে প্রাণযাত্তাকে নানা দিক থেকে ঐশর্যশালী করে তুলেছে।

এই শক্তির প্রভাবে আজকের দিনে তারা দিয়িজয়ী। আমরা প্রাচ্যজাতিরা বস্তুজগতে

এই শক্তিমাধনার শৈথিল্য করেছি, তার ফলে আমাদের তুর্বলতা সমাজের সকল

বিভাগেই ব্যাপ্ত। এই সাধনার দীক্ষা মুরোপের কাছ থেকে আমাদের নিতান্তই নেওয়া চাই।

কিছ দেই দক্ষেই মনে রাখতে হবে যে কেবলমাত্র বস্তুগত ঐশর্থে মাহুবের পরিত্রাণ নেই, তার প্রমাণ আজ মুরোপে মার্ম্তি নিয়ে দেখা দিল। পরস্পর ঈর্ষাবিষ্থেষে এবং বিজ্ঞানবাহিনী হিংস্রতার বিভীষিকায় মুরোপীয় সূভ্যতায় আজ ভূমিকস্প লেগেছে। মুরোপ দেবতার অস্ত্র পেয়েছে, কিন্তু সেই সলে দেবতার চিত্ত পায় নি। এইরকম হুর্যোগেই 'বিম্থ ব্রহ্মান্ত্র আদি অন্ত্রীকেই বধে'। দেখা যাচ্ছে, মুরোপ নিজের মৃত্যুগেল আশ্রুর্থ বৈজ্ঞানিক নৈপুণ্যের সঙ্গে তৈরি করে তুলছে।

এশিয়াকে আজ ভার নিতে হবে মাহুষের মধ্যে এই দেবছকে সম্পূর্ণ করে তুলতে, কর্মশক্তিকে ও ধর্মশক্তিকে এক করে দিয়ে।

পারস্তে আজ নৃতন করে জাতিরচনার কাজ আরম্ভ হয়েছে। আমার সৌভাগ্য এই বে, এই নবস্থার যুগে অতিথিরপে আমি পারস্তে উপস্থিত, আমি আশা করে এসেছি এখানে স্থাইর যে সংকল্পন দেখব তার মধ্যে প্রাচ্য ও পাশ্চাত্য সভ্যতার পূর্ণমিলনের রূপ আছে।

অতীতকালে একদা এশিয়ায় স্প্রের মৃগ প্রবল শক্তিতে দেখা দিয়েছিল। তথন পারশু ভারত চীন নিজ নিজ জ্যোতিতে দীপামান হয়ে একটি সমিলিত মহাদেশীয় সভ্যতার বিস্তার করেছিল। তথন এশিয়ায় মহতী বাণীর উদ্ভব হয়েছিল এবং মহতী কীতির। তথন মাঝে মাঝে এশিয়ার চিতে যেন কোটালের বান ডেকে এসেছে, তথন তার বিহার ঐশর্য বহু বাধা অতিক্রম করে বহুকাল ধরে বহুদ্রদেশে পরিব্যাপ্ত হয়েছে।

তার পর এল ছদিন, ঐথর্যবিনিময়ের বাণিজ্যপথ ক্রমে লুপ্ত হয়ে এল। যুদ্ধে, ছভিক্ষে, বিশ্বনাশা বর্বরতার নিষ্ঠ্র আক্রমণে এশিয়ার মহাদেশীয় বন্ধন ছিল্লবিচ্ছিল্ল
হয়ে গেল। তার পর থেকে এশিয়াকে আর মানবিক মহাদেশ বলতে পারি নে—
আজ এ কেবল ভৌগোলিক মহাদেশ।

সেই প্রাচীনযুগের গৌরবকাহিনীর স্বপ্নমাত্র নিয়ে অতি দীর্ঘকাল আমাদের দীনভাবে কটিল। আজ এই মহাদেশের নাড়ীতে নাড়ীতে পুনর্যৌবনের বেগ যেন আবার স্পান্দিত হয়ে উঠেছে। ভারতবর্ষের কবিকে আজ ইরান যে আহ্বান করেছে এ একটি স্থলক্ষণ; এতে প্রমাণ হয় যে, এশিয়ায় আত্মপ্রকাশের দায়িত্ববোধ দেশের দীমানাকে অতিক্রম করে দুরে বিস্তীর্ণ হচ্ছে।

এ কথা বলা বাহল্য যে, এশিয়ার প্রত্যেক দেশ আপন শক্তি প্রকৃতি ও প্রয়োজন

অহসারে আপন ঐতিহাসিক সমস্যা স্বয়ং সমাধান করবে, কিন্তু আপন উর্নতির পথে তারা প্রত্যেকে যে প্রদীপ নিয়ে চলবে তার আলোক পরম্পর সম্পিলিত হয়ে জ্ঞানজ্যোতির সমবায় সাধন করবে। চিত্তের প্রকাশ যথন আমাদের থাকে না তথন আমরা আলোকহীন তারায় মতো, অক্ত জ্যোতিছের সঙ্গে আমাদের জ্ঞাতিত্বসম্বদ্ধ অবক্রম। চিত্তের আলো যথন জলে তথনি মাহ্নযের সঙ্গে মাহ্নযের আত্মীয়তা সত্য হয়ে ওঠে। তাই আজ আমি এই কামনা ঘোষণা করি বে, আমাদের মধ্যে সাধনার মিলন ঘটুক। এবং সেই মিলনে প্রাচ্য মহাদেশ মহতী শক্তিতে ক্রেগে উঠুক— তার সাহিত্য, তার কলা, তার নৃতন নিরাময় সমাজনীতি, তার অদ্ধসংস্কারমৃক্ত বিশুদ্ধ ধর্ম-বৃদ্ধি, তার আত্মশক্তিতে অবসাদহীন প্রদা।

আমি আপন তুর্বল দেহের অমুনয় অস্বীকার করে এই দেশে এদেছি তার সর্ব-প্রধান কারণটি বক্ততার উপদংহারে জানিয়ে যেতে চাই। মানবিকতার দিক থেকে ষা-কিছু শ্রেষ্ঠ পূর্বমহাদেশের আমরা স্বভাবতই তার কাছে মাথা নত করি, যান্ত্রিকতায় যা স্থনিপুণ তার কাছে নয়। নিজেকে জয় করে যিনি আপন ভাগ্যের উপর জয়ী হন তাঁকেই আমরা বীর বলে স্বীকার করি। বর্তমান পারশুরাজের চরিতকথা আমার আপন দেশের প্রান্তে বদেও শুনেছি এবং দেই সঙ্গে দেখতে পেয়েছি দূরে দিক্দীমায় নবপ্রভাতের স্থচনা। বুঝেছি, এশিয়ার কোনোম্বানে যথার্থ একজন লোক-নেতারপে স্বন্ধাতির ভাগ্যনেতার অভ্যাদয় হয়েছে – তিনি জানেন কী করে বর্তমান যুগের আত্মরক্ষণ-উপযোগী শিক্ষা গ্রহণ করতে হবে, কী করে প্রতিকৃদ শক্তিকে নিরম্ভ করতে হবে, বিদেশ থেকে যে সর্বগ্রাসী লোভের চক্রবাড্যা নিষ্টুর বলে এশিয়াকে চারি দিকে আঘাত করতে উন্নত কী করে তাকে প্রতিহত করা সম্ভব। এশিয়ার ষে অংশেই থাকি-না কেন এমন মাহুষের কাছে আমরা কৃতজ্ঞ, তাঁর চরিত্র আমাদের সকলেরই পক্ষে দম্পদ্— বীরশক্তিতে তাঁর স্বজাতির মধ্যে তিনি যে প্রাণসঞ্চার করেছেন তা দূর থেকেও আমাদের উদ্বোধনের সহায়ত। করবে তাতে সন্দেহ নেই। ভারতবর্ষের হয়ে, এশিয়ার হয়ে আমি তাঁকে অভিবাদন করি এবং তাঁর করম্পর্শের ' শ্বতি আমার দেশে বহন করে নিয়ে যাই।

-- विविवा। याच ১००३, भू. ३-১२

## ৪৮৬ পৃষ্ঠার শেব অমুচ্ছেদের পরে

আমার জনদিনে এখানকার বহুলোকের কাছ থেকে আমি যে বহু সমাদর পেয়েছি
 এক্তে তার উত্তর দেবার জয়ে একটি কবিত। রচনা করেছিলুম। এখানকার মজলিদ

ভাওবার পূর্বে দেটা আমি সকলকে শোনালুম। ইংরেজি তর্জমা সমেত আমার কবিতাটি এইখানে পেশ করা গেল।

> ইরান, তোমার যত ব্লব্ল, তোমার কাননে যত আছে ফুল বিদেশী কবির জন্মদিনেরে মানি । শুনালো তাহারে অভিনন্দনবাণী।

ইরান, তোমার বীর সন্তান প্রণয়-অর্ঘ্য করিয়াছে দান আজি এ বিদেশী কবির জন্মদিনে, আপনার বলি নিয়েছে তাহারে চিনে।

ইরান, তোমার সম্মানমালে
নবগোরব বহি নিজ ভালে
সার্থক হল কবির জন্মদিন।
চিরকাল তারি স্বীকার করিয়া ঋণ
ভোমার ললাটে পরাম্থ এ মোর শ্লোক—
ইরানের জয় হোক।

Iran, all the roses in thy garden
and all their lover birds
have acclaimed the birthday
of the poet of a far away shore
and mingled their voices in a pæan of rejoicing.

Iran, thy brave sons have brought
their priceless gifts of friendship
on this birthday of the poet of a far away shore,
for they have known him in their hearts as their own.

Iran, crowned with a new glory
by the honour from thy hand
this birthday of the poet of a far away shore
finds its fulfilment.

> खहेरा : 'পারতে জন্মদিনে', পরিশেষ —রবীন্দ-রচনাবলী, পঞ্চদশ থও।

And in return I bind this wreath of my verse on thy forehead, and cry: Victory to Iran!
বিচিত্ৰা। মাঘ ১৩৩৯, পৃ. ১৮-১৯

## ৪৮৮ পৃষ্ঠায় তৃতীয় ছত্তের পরে

যতই এথানে আমার দিন শেষ হয়ে আসছে ততই নিমন্ত্রণ আমন্ত্রণ ও অভ্যাগতের ভিড় হর্ছের এল। আমার অবকাশটুকু ঘিরে সপ্তর্থীর শরবর্ষণ চলছে। প্রতিদিনের বিবরণ লিখে যাব দিনের মধ্যে এমন ফাঁক পাই নে। ঘটনাগুলো একটার উপর আর-একটা চাপা পড়ে পিও পাকিয়ে ভেনে চলে যায়, তাদের চেহারা মনে থাকে না। [ এর মধ্যে একটি কথা শ্বরণীয়। আমি মনে করেছিলুম, পারদিকের জাগরণ তাদের পলিটিক্সের চার সীমানার মধ্যেই আবদ্ধ। আমি তাদের অনেককেই বলেছি, আংশিকভাবে কেবল কর্মশক্তির উদ্বোধনই যথেই নয়, সঙ্গে সঙ্গে পারশ্রের চিরন্তন চিত্তশক্তি স্প্রশক্তির জাগরণেই তার সম্পূর্ণ গৌরব। ইতিমধ্যে দেখলুম এখানকার আর্ট্রুলের কাজ। যিনি তার অধ্যক্ষ তিনি যথার্থ গুণী। পারদিকের স্বভাবদিদ্ধ অসামান্ত কারুপ্রতিভাকে জাগিয়ে তোলবার সাধনায় তিনি নিযুক্ত, বিদেশের অম্করণে নয়, স্বদেশের প্রেরণায়। তাঁর বিভালয়ের তাঁতের কাজের যে নম্না কয়টি তিনি আমাকে দিয়েছেন সেগুলিকে আমি বহুমূল্য বলে মনে করি।]

এখানকার যাঁরা মনীয়া তাঁদের মননশক্তির স্বকীয় বিশেষত্ব এবং আধুনিক যুগের সঙ্গে তার সংগতি সম্বন্ধে কোনো ধারণা করবার উপায় আমার নেই, কারণ এঁদের ভাষা আমি জানি নে। তার উদ্ভাবনা হয়তো কোথাও না কোথাও দেখা দিয়েছে, হয়তো চিস্তা ও রচনার কাজ আরম্ভ হয়ে থাকবে। এ কথা মনে রাখতে হবে, কিছুকাল পূর্বে বাংলাদেশে যথন রামমোহন রায়ের আবির্ভাব সেই সময়ে পারত্যে বাহাই-ধর্মত প্রাণান্তিক উৎপীড়নের মধ্যে আত্মপ্রকাশ করেছিল। সাম্প্রদায়িকতার অতি কঠোর বিধিনিবেধের বিহুদ্ধে এই ধর্ম আধুনিক যুগের সর্বজনীনতার বাণী ঘোষণা করেছে। এ কথনোই সম্ভবপর হত না যদি সম্পূর্ণভাবে এ জাতির মন সনাতনী জড়তার পাথর-চাপা মন হত। প্রাচীনকালের শাসনে রুদ্ধবৃদ্ধি রুদ্ধকণ্ঠ এই দেশ বাধাবন্ধনমূক্ত হয়ে চিন্তসম্পদ্শালী হয়ে উঠবে তার লক্ষণ চারি দিকে যেন অহ্বভব করতে পারছি। আন্ধ দশ বংসরের মধ্যে পারস্থ অচলপ্রথার অন্ধতা থেকে যে এতদ্র মৃক্তিলাভ করেছে এবং নৃতন যুগের কঠিন সমস্থাগুলি সমাধান করবার জন্তে এতটা দূর তার আধুনিক অধ্যবসায়, তার কারণ তার মন স্বভাবতই মনন্দীল—পারস্থের ইতিহাদে পূর্বেও তার প্রমাণ হয়েছে। অধ্যাপক ব্রাউন বলেছেন,

জরথুত্ব এবং বাহাইমত-প্রবর্তক বাবের মাঝধানে অস্তত ২৫ শতান্দীর ব্যবধান। ইতিমধ্যকালের ঐতিহাসিক লাক্য যে-পর্যন্ত রক্ষিত হয়েছে তার থেকে দেখা যায়, এই সদাসচেষ্ট অবিরামমননশীল পারসিক চিত্ত মানবজীবন ও মানবভাগ্যের সার্থকতার মহাসমস্যা ভেদ করবার জন্তে নিরস্তর চেষ্টা করেছে।

— বিচিতা। মাঘ ১৩৩৯, পৃ. ২০-২১

৪৮৮ পৃঠার উনবিংশ ছত্তের পরে : অষ্ট্রম অধারের শেষ

আর-একটি মাহুষের চেহারায় পারশ্রের আর-একটি প্রবল রূপ আমার মনে অফিত হয়ে গেছে। ইনি রাজার সভামন্ত্রী তেম্র্ডাশ। আধুনিক কাল বিষম জোরের সঙ্গে এশিয়ার ঘারে ধারু। মেরেছে, এই মাহুষ তেমনি জোরের সঙ্গেই তাকে দিয়েছেন সাড়া। দৈবনির্ভরের সাধু বিশেষণধারী নিশ্চেষ্টভার বিরুদ্ধে পুরুষকারের আত্মপ্রভাব প্রচারের ভার নিয়েছেন ইনি।

ইনি জানেন, বছকাল থেকে শান্ত ও লোকাচারের মোহে মৃতিত আমাদের প্রাচ্যদেশ। মানুষের বৃদ্ধি ইচ্ছাপুর্বক নিজেকে অশ্রদ্ধা করে থর্ব করে রেখেছে, সেইজন্তেই চার দিক থেকেই আমাদের এমন পরাভব, এত অপমান। উচ্ছল এর মৃথ শী, বলিষ্ঠ এঁর বাছ, অপ্রতিহত এঁর উভ্তম। দেখে আনন্দ হয়; বুঝতে পারি, পারশুকে তার আত্মগত হর্বলতা থেকে রক্ষা করবার দীপ্যমান ধীশক্তি এঁর। অন্তরের মুঢ়তা বাহিরের শত্রুর সর্বপ্রধান সহায়। তাই আজ থারা পারস্তের ভাগ্যনিয়ন্তা তাঁদের সতর্কতা হু দিক থেকেই উন্নত। হালের মাঝি বাহিরের চেউয়ের উপর ঝিঁকে মারছে, আবার সংস্থারকর্তা লেগে আছে খোলের ছিন্তু মেরামতের কাজে। যারা দ্ব চেয়ে চুর্জয় আত্মরিপুকে বশে আনবার ভার নিয়েছেন তাঁদের মধ্যে প্রধান একজন এই তেমুর্তাশ। সেদিন তিনি আমাকে দগর্বে বললেন, 'পারস্তের ভবিয়াংকে স্বষ্ট করবার ভার নিয়েছি আমরা, অর্থাৎ ভূতকালের আঁচল-ধরা হয়ে আমরা ঝিমিয়ে থাকতে চাই নে।' আমাদের দেশে প্রবাদ আছে, ভতের পা উলটোদিকে। আজ এশিয়ার পিছন-ফেরা পা আজও যাদের উলটো পথ নির্দেশ করে তাদের মধ্যে দব চেয়ে অধম হচ্ছি আমরা। জাগ্রতবৃদ্ধি অবিচলিতদংকল এই তেজমী পুরুষকে দেখে মনে মনে এ কৈ নমস্বার করেছি; বলেছি, তোমাদের মতো মাম্ববের জন্মেই ভারতবর্ষ অপেক্ষা করে আছে, কেননা চিত্তের স্বাধীনতাই গ্রাশনাল স্বাধীনতার বাহন।

তেহেরান থেকে বিদায় নেবার দিন এল। আজ এখানকার রাজ্বরকার আমাকে জানিয়েছেন, শান্তিনিকেতনে তারা পারসিক বিছার আসন প্রতিষ্ঠা করবেন।

এই হ্যোগে তাঁদের এই অতিথিকে উপলক্ষ করে পারভার দক্ষে ভারতের

যোগস্থাপন হবে।

প্রধান মন্ত্রীবর্গ আজ এদে আমাকে বিদায় দিলেন।

—বিচিত্রা। মাঘ ১৩৩৯, পৃ. ২১-২২

্ ১৩৩৯ ভাত্র ও চৈত্র -সংখ্যা বিচিত্রায় নানা-বক্তৃতাদির রবীন্দ্রনাথ-কর্তৃক অফ্-মোদিত অম্বাদ প্রকাশিত হইয়াছিল। প্রাসন্ধিকবোধে এখানে সেগুলি সংকলিত হইল।—

## বুলেয়ারের সর্বসাধারণ ও বুলেয়ারের গবর্ণর -কর্তৃক অভিনন্দন

আজ যে আছেয় অতিথিকে আমাদের মধ্যে অভ্যর্থনা করবার চুর্লভ দৌভাগ্য লাভ আমাদের ঘটেছে, এঁর মোহিনীশক্তি অগ্রন্ত হয়ে এসে কিছুকাল ধরে আমাদের অধীর আগ্রহান্বিত প্রতীক্ষাকে হর্ষোজ্জল করে রেখেছিল। এঁকে পৃথিবীর সকল জাতি কতথানি শ্রন্ধার চোখে দেখে সে বিষয়ে কোনো আলোচনা নিশ্রমোজন; যেখানেই মনের উৎকর্ষ আছে, বিশ্বা আছে, সেখানেই এঁর গ্রন্থাবলী যে সমাদর লাভ করেছে, জনে জনে ইনি বিতরণ করেছেন যে প্রেমের ও সমবেদনার বাণী, তাই থেকেই এঁর গুণের প্রভূত পরিচয় পাওয়া ষায়। সাহিত্যাকাশে ইনি উজ্জ্বলতম তারকারাজির অস্ততম; মাস্বের চিন্তার মধ্যে ইনি সঞ্চারিত করেছেন যে কল্যাণের শক্তি তা যেমনি পবিত্র তেমনি নিজ্লক।

ইন্দো-ইরান বংশের প্রতিনিধিদের মধ্যে ডক্টর ঠাকুর আদর্শস্থানীয়, প্রাচ্য মনীষার মধ্যে যা-কিছু স্থানর ও মহীয়ান তারই প্রাণবান প্রতীক। তাঁর বাণীর ঐশী শক্তি পাশ্চাত্য চিস্তা ও তথাকথিত সভ্যতাকে স্বীকার করিয়েছে যে বর্তমান যুগের এই জড়-চৈতন্তের নিরন্তর ঘন্দের মীমাংসনে প্রাচ্যের কিছু দেবার আছে, কিছু ক্ষমতা আছে। মহায়ত্বের প্রগতিতে তাঁর রচনা ছন্দোরক্ষার সহায়তা করে, কারণ, আজ আমাদের পশ্চিমের প্রাতার। যে জড়রূপের মধ্যে একান্তভাবে নিবিষ্ট হয়ে আছেন এবং তার ফলে চরিত্রবিক্ততির যে আশক্ষা ঘটছে, সেই আশক্ষা দূর করবার জন্ত জড়ের মধ্যে এই একান্তিক অভিনিবেশের বিরুদ্ধে প্রতিবাদ প্রয়োজন।

ভক্তর ঠাকুরের এই পারশুপরিদর্শন যেমনি সস্তোষের বিষয় তেমনি গুরুফলপ্রশ্ব— কেননা, এতে আমাদের শ্বরণ করিয়ে দিচ্ছে পারশ্রের বৃদ্ধিগত ক্বতিত্বের প্রতি উদার ভারতীয়দের কৌতৃহল কতথানি, আমাদের মানসিক উৎকর্ষ ও সাহিত্যকে তারা কতথানি সমাদর করে। এই আছেয় সাধু আজ আমাদের চিরক্কতজ্ঞতাপাশে বাঁধলেন, কেননা অল্লদিনের জন্তে হলেও এমন একজন মহাপুরুষের দীধির কাছাকাছি আসার শৌভাগ্যটা সাধারণ লোকে যতথানি ভাবে তার চেয়ে অনেক বেশি ি আমাদের কবি দাদি এক জায়গায় বলেছেন—

> হার মাতৃষ ! এই জগংটা শুধু দৈহিক অহং'এর পুষ্টির জন্ম ; যথার্থ তত্তজানী মাতৃষের সন্ধান পাওয়া বড়োই কঠিন ; ভোরের পাথির স্থরলহরী নিম্রিত মাতৃষ জানে না ;

মাসুষের জগংটা যে কী তা পশু কেমন করে জানবে।
তেমনি সাধারণ লোকে না বুঝলেও এটা সত্য ষে, ডক্টর ঠাকুরের এই পারস্থে
আগমন সেই ভারতীয় জাতিরই মানসিক উৎকর্ষ ও নৈতিক আকাজ্জার নিদর্শন
যে জাতি একটি অপরূপ পরিণতির দিকে অগ্রসর হচ্ছে। এমন জাতিই তার অতীত
গৌরব আর উজ্জ্লতর ভবিশ্বৎ নিয়ে ক্যায়ত দাবি করতে পারে যে, মাসুষের চিন্তাকাশে
অত্যুজ্জ্লল তারকারাজির মধ্যে অনেকগুলি তারই, আর জগংকে সে এক অতি গভীর
দর্শনশাস্ত্র দান করেছে।

নীতিতব ও দৌন্দর্যতবের দিক দিয়ে অতি প্রাচীনকাল থেকে এ দেশ ও ভারতবর্ষের মধ্যে একটা নিবিড় অচ্ছেত্য যোগ রয়েছে। সাসানীয় যুগের প্রাচীনতম সাহিত্যের যে-সব পুঁথি আন্ধ প্রচলিত আছে তার মধ্যেও পাওয়া যায় এই ভূই জাতির পরস্পর আধ্যাত্মিক ভাববিনিময়ের কথা। দেখা যায়, আন্ধকের যুগের মতো প্রাচীন পারস্থবাসীরাও ভারতবর্ষকে সন্ত্রমের চোখে দেখত, গভীর চিন্তা ও নিগৃঢ় তত্তরাজির দেশ হিসেবে। প্রথম সাসানীয় সমাট অর্দশির বাবেকানের কার্নামেতে বর্ণিত আছে যে, যখন তিনি তাঁর রাজ্যসম্বন্ধে ভবিশ্বদ্বাণী ভনতে চান তথন কোনো ভারতীয় সম্রাটের নিকট তিনি দৃত পাঠিয়েছিলেন। ফারদৌসীর শা'নামেতেও এ ঘটনার উল্লেখ পাওয়া যায়।

ইরানে ইসলামধর্মের প্রসার ও ভারতে তার প্রভাববিস্থৃতির পর থেকে ভারত-পারস্থের এই মিলনস্থ্র পরিবর্তনপরস্পরার ভিতর দিয়ে নব নব তেজে দৃটীভূত হয়েছে— এবং আশা করা যায়, এর পরিসর ক্রমেই বিস্তৃত হবে।

এইখানে আমাদের অতিথির অবগতির জন্ম বলাটা প্রাদক্ষিক হবে— বর্তমান
মহারাজের নিকট পারস্থজাতি কতথানি ঋণী। চিরদতর্ক দৃষ্টি নিমে তিনি বিশৃত্ধলের
মধ্যে শৃত্ধলা স্থাপন করেছেন; অক্লান্ত উন্ময় ও অত্যাশ্র্য গঠনশক্তির দারা তিনি
এখানে এমন একটা শার্যনয়ের প্রতিষ্ঠা করেছেন যা স্ববিষয়েই তাঁর উন্নতিশীল
প্রজাদের প্রয়োজন মেটাতে সক্ষম। চতুদিক যথন ছিল অন্ধকারাছের, দেশ যর্থন
সর্বনাশের প্রান্তে এদে টলমল করছে, তথন যেন তিনি কর্মক্ষেত্রে অবতীর্ণ হলেন স্বর্গ

থেকে আদেশ নিয়ে এসে; এবং প্রকৃত দেশপ্রেমে অন্থ্রাণিত হয়ে এমন দক্ষতার সদে সব ব্যবস্থা কয়লেন যে অনেকেরই মনে হয়েছিল, তিনি অসম্ভবকে সম্ভব করে তুললেন। শিক্ষা ও মানসিক সংস্থারের ব্যবস্থা এতদিন অবহেলায় নই হয়ে যাচ্ছিল, এখন আবার সে-সব মহারাজের উৎসাহ পাচ্ছে। আধুনিক প্রণালীতে অনেক স্কল কলেজ প্রতিষ্ঠা তো হয়েছেই, তা ছাড়া নিয়মিতভাবে যোগ্যতম ছাত্রদের বিদেশে পাঠানো হচ্ছে টেকনিকাল শিক্ষালাভের জন্ম।

আমাদের কবি ও ঋষিদের শ্বতি এতদিন তাঁদের ভক্তদের প্রাণের মধ্যেই বাসা বেঁধে ছিল; এখন দেই শ্বতিকে বহির্জগতে রূপ দেওয়ার চেষ্টা চলছে। এটা শুভ লক্ষণ; এর খেকে বোঝা যায়, আমাদের অতীত গৌরবের চেতনা জাতির প্রাণের মধ্যে উদ্বৃদ্ধ হচ্ছে। সমন্ত পারশুবাসী ও বিদেশী পারশুবদ্ধুদের মনে আশা হয়েছে যে, এই অঘিতীয় সম্রাটের স্থদক্ষ নেতৃত্বে পারশুদেশ আবার জগতের কল্যাণসাধনের শক্তি নিয়ে আবিভূতি হবে।

আশা করি, ডক্টর ঠাকুরকে এই-বে আমাদের প্রাণভরা অভিনন্দন জ্ঞাপন করলাম, এর জন্ত তাঁর স্পর্শভীক স্বভাবে কিছু আঘাত লাগলেও তিনি আমাদেরকে ক্ষমা করবেন। যদিও জানি 'অলংকারবিহীন সৌন্দর্যই স্থন্দরতম অলংকার' তব্ও তাঁর প্রতি আমাদের যে ভক্তি তা একটু নিবেদন না করে পারলাম না।

আমাদের ভরসা আছে, ডক্টর ঠাকুর তাঁর এই ভ্রমণে আনন্দ পাবেন, এবং সভ্যকারের শ্রেষ্ঠ জগদ্ওফর প্রাপ্য যে শ্রন্ধা ও আন্তরিকতা পারস্তে তার কোথাও কোনো অভাবই হবে না।

#### কবির উত্তর

পারস্তের ভাতৃগণ,

আমার সম্বন্ধে আপনাদের অহ্প্রহ্বাণীর জন্ত আমি আন্তরিক ক্লুভক্ত। আপনাদের কাছে আদাটা আমার জীবনে একটা বড়ো হ্বেগাগ, এ কথা নিশ্চয় করে বলতে পারি। এই প্রথম নিবিড়ভাবে পারশ্রের স্পর্শ অহুভব করা গেল। আর যে-কদিন আপনাদের দেশে থাকব তার মধ্যেই পারশুবাদীদের সঙ্গে আরো গভীরতর পরিচয়-সাধনের আগ্রহ নিয়ে অপেকা করছি।

আমি কবি— আমি সেই কবিসংঘের একজন বাঁদের বাণী মহয়তের অস্তরে পৌছনোর পথ খুঁজে নেয় কোলাহলময় বক্তার মধ্য দিয়ে নয়, অনন্তের আলয় যে গভীর শুরুতা তারই মধ্য দিয়ে। প্রচার করা বা শিকা দেওয়া আমার কাজ নয়— আমি আছি প্রাণের আহ্বানে দাড়া দেবার কাজে, অহস্তুতির ভাষায়, সৌন্দর্যের ভাষায়। কবিষশের কোনো দাবি যদি আমার থাকে তবে তার উদ্ভব হল দেই মৌন নি:দীমতায় বেথান দিয়ে মানবহদয়ের মহাদেশে অহ্বপ্রেরণা ও ভাবস্পন্দনের প্রাণময় আদান-প্রদান চলতে থাকে।

শৈশব থেকেই আমি মাস্থব হয়েছি নির্জনতার আবহাওয়ায়, প্রকৃতির নিবিড় সংস্পর্লে। তার থেকে অস্থপ্রেরণা যত পেয়েছি, আমার স্থপ্নে ও কল্পস্টিতে প্রতিদানও দিয়েছি তেমনি। নিয়তির হুর্বোধালীলায় এই নিঃসঙ্গ কবিকে বেরিয়ে আসতে হয়েছিল এশিয়া ও পশ্চিমমহাদেশের বড়ো বড়ো দেশগুলিতে সহস্র লোকচক্ষর উজ্জ্বল দৃষ্টির মাঝখানে। তথাপি দে-সব জায়গায় বে-সকল বাণী ও যে-সমস্ত অভিভাষণ আমাকে দিতে হয়েছিল আমার সভিত্রকারের ভাষা সেখানকার নয়, সে আছে আমার স্টিনিরত আত্মার গভীরে— বেখানে আমার চিস্তারাজি বাক্য হারিয়ে মুরে বেরিয়েছে দেইখানে।

যদি আজ আপনাদের দেশে না আসডাম তবে আমার তীর্থযাত্তা অসম্পূর্ণ থেকে যেত। আজ আপনাদের দেখা পেয়ে নির্মল আনন্দে আমার জীবনের এই সন্ধ্যা কানায় কানায় ভরে উঠেছে। যে প্রেমস্থতের নিদর্শন আজকের এই সভা, সেই প্রেমস্থতে প্রাচ্যের এই হুটি প্রাচীন সভ্যতাকে মিলিত করতে পেরে আজ আমি ধন্ত।

## কবির সংবর্ধনা ভোজের অস্তে বুশেয়ারের গবর্নরের বক্তা

জনাব রবীন্দ্রনাথ ঠাকুর প্রাচ্যাকাশের উজ্জ্বলতম তারা; তাঁর মনীযার দীথি শুধু এশিয়া মহাদেশকে নয়, সমস্ত বিশ্বকে আলোকিত করেছে। আজ যে তিনি পারস্তদেশে পদার্পণ করেছেন, এতে আমাদের দেশ গৌরবান্বিত হল।

পুরাকালে ভারতবর্ষ ও পারস্থাদেশ পরস্পারের কাছাকাছি এসেছিল; ধর্ম শিল্প এবং আরো অনেক উপায় অবলম্বন করে তারা পরস্পারকে অম্প্রাণিত করেছিল। সেই নিবিড় আগ্রীয়তায় হুটি দেশেরই প্রচুর লাভ; সেটাকে পুনরুজ্জীবিত করার প্রকৃষ্ট উপাল্ন হচ্ছে এই মহাপুরুষের আমাদের দেশে পদার্পণ। আজ তাঁর আগমনে সমস্ত ইরানদেশে একটা সাড়া পড়ে গেছে; আমরা সকলেই একাস্ত কামনা করি, তাঁর এই ভ্রমণে যেন তিনি আনন্দলাভ করেন, আমাদের মধ্যে যা-কিছু সত্য, যা-কিছু ভালো আছে, আমাদের দেশে ভ্রমণ ও অবস্থান -কালে তাই দিয়ে যেন আমরা তাঁকে খুশি করতে পারি।

#### কৰির উরের

চিস্তাসমূদ্ধ এই প্রাচীন দেশের প্রতি আমি চিরকালই অন্তরে গভীর শ্রদ্ধা পোষণ করে এদেছি; এই দেশ দেখা এবং এ দেশের অধিবাসীদের পরিচয় লাভ করাটা আমার অনেক দিনের আকাজ্যার বিষয় ছিল। বাংলাদেশের কবি আমি আজ ইরানদেশে এসেছি, প্রাণের প্রীতি ও শ্রন্ধার অর্য্য নিয়ে। তৃংথ এই, আমার এই বৃদ্ধ বয়স ও ভয়স্বায়্য নিয়ে আমি ইচ্ছামত যুরে বেড়াতে পারব না, প্রাণ ভয়ে এথানকার জীবনযাতার নিকটসংস্পর্শে আসতে পারব না। তব্ও এটা বলতে পারি য়ে, এথান থেকে আমি প্রচুর অহ্পপ্রেরণা ও শাস্বত ম্লোর অভিজ্ঞতা নিয়ে দেশে ফিরব। পারশ্রে এদে আশনাদের নিকট য়ে বিরাট অভ্যর্থনা পেল্ম এর জন্ত আমার আন্তরিক ধন্তবাদ জ্ঞাপন করি।

— বিচিত্রা। ভাজ ১৩৩১, পৃ. ১৫৬-১৬•

## ১৪ এপ্রিল [ ১৯৩২ ] তারিখে কবি-কর্তৃক পারস্থসমাট রেজা শা পহল্বীর নিকট প্রেরিড তারের মর্মামুবাদ

মহারাজ,

বে উদার আতিথেয়তা আপনার নিকট পেলেম তার জ্বল্যে ইরান থেকে বিদায় নেবার আগে আমার হদয়ের কৃতজ্ঞতা আপনার কাছে নিবেদন করি। আপনি আপনার নিজস্ব প্রাণশক্তি দেশের জীবনের মধ্যে সঞ্চারিত করেছেন, আপনার প্রতি আমার ব্যক্তিগত শ্রন্ধা-আর্ঘ্য রেথে যাই। আপনার প্রজাবর্গের প্রতি আমার অন্তরের প্রীতির নিদর্শনম্বরূপ কয়েকটি কথা বলে আজ বিদায় গ্রহণ করব।

## ইরানের বন্ধুবর্গের প্রতি

আজ শেষ পর্যন্ত তোমাদের কাছে বিদায় নেবার সময় এসেছে; রুতজ্ঞতায় ভরা আমার এই হৃদয়থানি তোমাদের দেশে রেথে গেলেম। তোমাদের সমাট তাঁর দামাজ্যে আমাকে নিমন্ত্রণ করে যে সন্মান দিয়েছেন ভোমরা রাজভক্ত প্রজার মতো দেই সন্মানের মর্যাদা রেথেছ এবং তোমাদের চিরাচরিত আতিথেয়তার ইতিহাসবিশ্রুত যশ অমান রেথেছ। তোমাদের এই উদার অভ্যর্থনা আমি গ্রহণ করেছি অন্তরের সদে, বিশেষত যখন এর মধ্যে রয়েছে আমার মাতৃভ্যির প্রতি আন্তরিক-শ্রেদ্ধা-নিবেদন। যে ছটি জাতির মহায়ান আজ ভারতবর্ধ ও পারত্র, ইতিহাসের প্রথম যুগে তারা যখন অনাগত ভবিদ্যতের মধ্যে তাদের জরবারা শুরু করেছিল তখন তারা ছিল এক। কালচক্রে তারা পৃথক হয়ে গড়ে তুলল এশিয়ার ছটি বিরাট সভ্যতা, তার মধ্যে প্রকাশের ভিদমা বিভিন্ন হলেও অন্তরের তেক্ত ও প্রাণশক্তি একই রকম। যুগে যুগে তাদের মধ্যে চিন্তাসমৃদ্ধ চিন্তের

আদানপ্রদান চলে এসেছে, যতদিন-না এশিয়া তন্ত্রাবেশে আত্মবিশ্বত হয়ে পড়ল।

অবশেষে দেখা গেল নবজাগরণের আলোকরশি। এই মহাদেশের অন্তরের মধ্যে একটা স্পন্দমান জীবনের কম্পন ক্রমেই যেন নিবিড় আত্মোপলিরির মধ্যে স্পরিক্ট হয়ে উঠছে। এই পুণ্য মৃহুর্তে আজ আমি কবি তোমাদের কাছে এসেছি নব্যুগের অন্তর্প্রভাত ঘোষণা করতে, তোমাদের দিগস্তের অন্ধকার ভেদ করে যে আলোক ফুটে উঠেছে সেই আলোককে অভিনন্দন করতে— আমার জীবনের মহৎ সৌভাগ্য, আজ তোমাদের কাছে এলেম।

জয় হোক ইরানের !

ইরান-সমাট রেজা শা পহলবী দীর্ঘজীবী হোন!

#### পারস্থ-সমাটের উত্তর

জনাব রবীক্রনাথ ঠাকুর, আমরা আপনার টেলিগ্রাম দেখেছি। আপনি পারস্থ-প্রবাদে তৃপ্ত হয়েছেন এতে আমরা স্থা হয়েছি। আপনার এই প্রতিবেশী দেশটিতে যদি আরো কিছুকাল থাকতে পারতেন তো আরো খুশি হতেম এবং প্রাচ্যের প্রতি আপনার অস্তরের প্রীতি আরো নিবিড়ভাবে উপলব্ধি করতে পেয়ে আরো উপকৃত হতেম। আপনি আমাদের দম্বদ্ধে যে সাধুবাদ করেছেন তা আমরা কথনো ভূলব না।

## বোগদাদ ম্যুনিসিপালিটি-কর্তৃক ম্যুনিসিপাল-উচ্চানে কবি-সংবর্থনা উপলক্ষে কবির বক্ততা

ইরাক-সম্রাটের সাদর নিমন্ত্রণে আব্দ্র যে আমি ইরাকের প্রাচীন ও বিরাট সভ্যতার দক্ষে ব্যক্তিগত সংস্পর্শে আসবার স্থযোগ পেলেম সেজন্ত সম্রাটকে আমার আন্তরিক ধন্তবাদ জ্ঞাপন করি।

আজ যখন এই প্রাচীন জাতি নবজন্ম লাভ করছে, যখন স্বাষ্টির একটা অদম্য বেগ এর চিত্তকে স্থল্ট আত্মপ্রকাশের গরিমা ও মৃক্তির পরিপূর্ণ দার্থকতার মধ্যে পরিণত করে তুলছে, তখন এখানে উপন্থিত থাকতে পারাটা আমার জীবনের সত্যই একটা বড়ো অন্থপ্রেরণার বিষয়। এখানকার বাতাদে আমি অন্থভব করছি যৌবনের সেই উদ্দীপনা যা সমন্ত এশিয়া মহাদেশকে আজ নব্যুগের নৃতন প্রতিষ্ঠালাভের জন্ত ব্যাকৃল করে তুলছে।

আপনারা জানেম ছ্র্ডাগ্যবশত বয়স এবং স্বাস্থ্য দ্রত্বের ব্যবধানকে অতিক্রম করতে বাধা দেয়; তাই আপনাদের এই সাদর অভ্যর্থনার পরিবর্তে আপনারা আমার কাছে যতথানি আশা করেন হয়তো তার সবটুকু সফল করে তোলা আমার পক্ষে সম্ভব হবে না।

ভনদেম, আরকের দিনে আমাকে এই নিমন্ত্রণ প্রধানত বোগদাদের সাহিত্যিকদের তরফ থেকে। আমি বে দলের লোক বলে গৌরব অহুভব করি আমাকে সর্বসাধারণে তাঁরাই বে প্রথমে অভিনন্দন করবেন এটা স্বাভাবিক। আরু হৃদয়ে অপরিদীম আনন্দ বোধ করছি এই ভেবে বে, আমার কিছু কিছু রচনা আপনাদের ভাষায় অন্দিত হয়েছে এবং আপনাদের অন্তরে প্রবেশ লাভ করতে পেরেছে। সেই রচনাগুলির মধ্য দিয়ে আমি আগেই আপনাদের নিকট পরিচিত হয়েছি। এতে নৃতন করে এই প্রমাণ হয় বে, সাহিত্যের ক্ষেত্রে ক্লাতির প্রভেদ নেই, আমাদের ভাবরাজি অবাধে মেলামেশা করে পরস্পরের সহযোগিতায় এমন একটা পরিপূর্ণতা স্কৃষ্টি করতে পারে যার মধ্যে চিরস্তন মানবের কল্যাণ নিহিত আছে।

ইতিহাস মাস্থাহের প্রতি বিশেষ সদয় হয় নি। প্রবল জাতির লোলুপতা ত্র্বল জাতিকে অসংখ্য বন্ধনে আবন্ধ করে রেখেছে; অন্তায়ক্ষাপরিহৃথির জন্ত ত্র্বল জাতিকে শোষণ করতে তারা কৃষ্টিত নয়। তাই আজ মহয়ত্র পরস্পরের প্রতি সন্দেহে, তৃঃথে, য়য়ণা-জর্জরিত। অসামঞ্জস্তের য়ানি আমাদের জীবনকে ছিয়বিচ্ছিয় করে দিয়েছে। পরস্পরের এই অস্বাভাবিক সম্বন্ধের বেদনা থেকে ময়য়য়ব্রেকে উদ্ধার করা, পৃথিবীর বিভিন্ন জাতির জীবনয়াত্রাকে উচ্চতর ক্ররে বেঁধে তোলা— সে তো আমাদেরই কাজ — আমরা বারা সাহিত্যের মন্দিরে আমাদের জীবন উৎসর্গ করেছি। আমরা যে দেশেরই সন্তান হই-না কেন আমাদের জীবনের এই এক উদ্দেশ্ত। মায়্র্যের সঙ্গের শিলন ও মৈত্রীয়াপনের এই সন্মিলিত চেষ্টার মধ্য দিয়ে আমাদের ময়য়য়ন্বের শাকা ভিত গাঁথতে হবে। মানবজাতিকে আত্মহাতী সংগ্রাম ও উদ্মন্ত কৃশংস্কারের বর্বরতা থেকে রক্ষা করবে এই মিলনের উপনিবেশ। নৃতন যুগের স্ক্রমা করব আমরা— শুভবৃদ্ধির য়ৄগ, সহযোগিতার য়ৄগ, য়ার মধ্যে ভাবের পরস্পর আদান-প্রদানের বারা ময়য়য়ন্বের বিপুল ঐশ্বর্য পরিক্র্ট হয়ে উঠবে।

বন্ধুগণ, প্রাণের মধ্যে এই অদম্য আকাজ্ঞা নিয়ে আজ আমি আপনাদের মাঝখানে একছি। আমার প্রাণের এই গোপন কথাটি আজ আপনাদের বলি, যে গোপন উদ্দেশ্য গভীরতম অন্তরে পোষণ করে আজ আপনাদের দেশে বেড়াতে এসেছি। আমার আহ্মান এই — আফ্রন আমরা প্রস্পর মিলিত হয়ে ভারতবর্ষের সাম্প্রদায়িক

ষশ্বিষেরের মূল ছির করে দিই, মাহ্যে মাহ্যে সহন্ধ বিশ্বাসের নিত্য সহন্ধ প্রতিষ্ঠিত করি। ইতিহাসের গৌরবের যুগে আপনাদের আরবসভ্যতা প্রাচ্য ও প্রতীচ্য জগতের অর্থেকেরও বেশি জায়গা জুড়ে প্রাধান্ত লাভ করেছিল; আজও ভারতবর্ধের ম্সলমান অধিবাদীদের আগ্রয় করে আমার দেশের মানসিক ও আধ্যাত্মিক জীবনে আরবসভ্যতা প্রতিষ্ঠিত আছে। আজ আরবসাগর পার হয়ে আহ্বক আপনাদের বাণী বিশ্বজনীন আদর্শ নিয়ে; আপনাদের প্রোহিতরা আহ্বন তাঁদের বিশ্বাসের আলো নিয়ে; জাতিভেদ, সম্প্রদায়ভেদ ও ধর্মভেদ প্রেমের মধ্যে অভিক্রম করে সক্ষম জ্বোর মাহ্যকে আজ সংখ্যর সহযোগিতার মিলিয়ে দিন তাঁরা।

মাহ্নবের মধ্যে যা-কিছু পবিত্র ও শাশ্বত তারই নামে আজ আমি আপনাদের কাছে আমার প্রার্থনা জানাই, আপনাদের মহান্ত্রত ধর্মপ্রতিষ্ঠাতার নামে আজ আমি আপনাদের অন্থরোধ করি— মাহ্নবে মাহ্নবে প্রীতির আদর্শ, বিভিন্ন সম্প্রদায়ের আচার-ব্যবহারগত পার্থকা নিবিবাদে সহু করার আদর্শ, সহযোগিতার উপর সভ্য জীবনকে প্রতিষ্ঠিত করবার আদর্শ, প্রতিবেশীর প্রতি প্রাতৃভাবের আদর্শ আজ আপনারা সকলের সম্ম্বে প্রচার কর্মন। আমাদের ধর্মসমূহ আজ হিংল প্রাতৃহত্যার বর্বরতায় কল্মিত, তারই বিষে ভারতের জাতীয় চেতনা জর্জরিত, স্বাধীনতার দিকে ভারতের জাতীয় চেতনা জর্জরিত, স্বাধীনতার দিকে ভারতের অভিযান আজ বাধাপ্রাপ্ত। তাই আমার প্রার্থনা, তমসাচ্ছন্ন কুবৃদ্ধিজনিত সমন্ত কুদংস্কার ও মোহ অতিক্রম করে আজ আপনাদের কবিদের আপনাদের চিন্তাবীরদের বাণী আমার ঘূর্তাগা দেশে প্রেরণ কর্মন, তাকে দেখিয়ে দিন কল্যাণের পথ, দেখিয়ে দিন নৈতিক বিনম্ভি থেকে মৃক্তিলাভের পথ।

বন্ধুগণ, আজ আপনাদের মনে করিয়ে দিতে চাই যে, স্বদেশের রাষ্ট্রীয় ও অর্থ নৈতিক অভাব মোচন করাতেই জাতীয় আত্মপ্রকাশের সকল দায়িত্ব শেষ হয় না— দেশকালের সীমানা অভিক্রম করে আপনাদের বাণী পৌছনো চাই সেইখানে ষেখানে মহায়ত্বের নৈতিক সমস্তাগুলি আপনাদের বিচার ও বিবেচনার জন্ত অপেকাকরে আছে। প্রয়োজন হলে দিখা না করেই সত্যবাক্য শোনাতে হবে। আজ সেই মহাপ্রয়োজন সমাগত। আপনাদের সমধর্মী ভারতবাদীরা আজ প্রতীক্ষা করে আছে আপনাদের কাছে থেকেই নৃতন বাণী শুনবে, বীর্যের বাণী, মিলনের বাণী, দকল ধর্মকে কল্যাণের যোগে শ্রন্ধা করবার মানবোচিত শুভবুদ্ধির বাণী।

— विठिवा। टेठव ১७७२, भृ. ७०२-७०१

क्षेत्रभ नितिष्कृत्वत् वर्ष्ठ अञ्चलकृत्व 'क्षेत्रमार नित्रभ नित्रमार क्षेत्रमार क्षेत्रम

পত্রিকার রচনাটি প্রথম-প্রকাশ-কালে তাহা লইয়া তৎকালীন সাময়িক পত্রে বিতর্ক উপস্থিত হয়। সেই প্রসঙ্গে বিচিত্রার পরিচালক স্থশীলচন্দ্র মিত্রকে রবীক্সনাথ যে পত্র লেখেন তাহার প্রাসন্ধিক অংশ উদ্ধৃত হইল—

শান্তিনিকেতন

## কল্যাণীয়েষ্

আমার লেখার 'প্রদোষ' শব্দের প্রয়োগে অর্থের ভূল ঘটেছে, সেই নিন্দাক্ষালনের জন্ত তোমার পত্রিকায় কিছু প্রয়াস দেখা গেল। আমার প্রতি তোমাদের আদ্ধা আছে জেনেই আমি বলছি, এর কোনো প্রয়োজন ছিল না। অজ্ঞতা ও অনবধানতার, স্বকৃত ও অক্তরুত দোষে, অনেক ভূল আমার লেখায় থেকে গেছে। মেনে নিতে কখনো কুন্তিত হই নে। পাণ্ডিত্যের অভাব এবং অক্ত অনেক ক্রেটি সন্তেও সমাদরের যোগ্য যদি কোনো গুণ আমার রচনায় উদ্বৃত্ত থাকে তবে সেইটের 'পরেই আমার একমাত্র ভরুষা, নিভূলিতার 'পরে নয়।

রাত্রির অল্লান্ধকার উপক্রমকেই বলে প্রদোষ, রাত্রির অল্লান্ধকার পরিশেষের বিশেষ কোনো শব্দ আমার জানা নেই। সেই কারণে প্রয়োজন উপস্থিত হলে ওই শব্দটাকে উভয় অর্থেই ব্যবহার করবার ইচ্ছা হয়। এমনি করেই প্রয়োজনের তাগিদে শব্দের অর্থবিস্তৃতি ভাষায় ঘটে থাকে। সংস্কৃত অভিধানে যে শব্দের যে অর্থ, বাংলাভাষায় সর্বত্র তা বজায় থাকে নি। সেই ওজর করেই আলোচিত লেখাটিকে যথন গ্রন্থ আকারে প্রকাশ করব তথন প্রদোষ কথাটার পরিবর্তন করব না এইরকম স্থির করেছি। সম্ভবত এই অর্থে এই শব্দটার প্রয়োগ আমার রচনায় অক্তর্ত্ত আছে এবং ভাবীকালেও থাকবে। রাত্রির আরম্ভে ও শেষে যে আলো-অন্ধকারের সঙ্গম, তার রূপটি একই, এবং একই নামে তাকে ভাকবার দরকার ঘটে। সংস্কৃতভাষায় সন্ধ্যা শব্দের তুই অর্থ ই আছে কিন্তু বাংলায় তা চলবে না।

আমার লেথায় এর চেয়ে গুরুতর ভূল, ইন্ধুলের নীচের ক্লাসে পড়ছে এমন ছেলে চিঠি লিথে একবার আমাকে জানিয়েছিল। আমি মিথা। তর্ক করি নি, তাকে সাধুবাদ দিয়ে স্বীকার করে নিয়েছি। অপবাদের ভাষা ও ভিদ্দ -অমুসারে কোনো কোনো স্থলে স্বীকার করা কট্টনাধ্য, কিন্তু না করা ক্ষুত্রতা। আমি পণ্ডিত নই, শোনা কথা বলছি— কালিদাসের মতো কবির কাব্যেও শাবিক ক্রটি ধরা পড়েছে। কিন্তু ভাবিক ক্রটি নয় বলেই তার সংশোধনও হয় নি, মার্জনাও হয়েছে। য়ুরোপীয় সাহিত্যে এবং চিত্রকলায় এরপ দৃষ্টান্ত পাওয়া যায়। বৈষ্ণব-পুরাণে কথিত আছে, রাধিকার ঘটে ছিন্ত ছিল, কিন্তু নিন্দুকেরাও সেটা দক্ষ্য করলে না যথন দেখা গেল

তৎসত্তেও জন আনা হরেছে। সাহিত্যে চিত্রকলার এই গরটির প্ররোগ খাটে। ইতি ২১ জুলাই ১৯৩২।

—বিচিত্রা। ভাজ ১৩০৯, পৃ. ১৬১

বিচিত্রায় উক্ত পত্র পাঠ করিয়া শ্রীপ্রবোধচন্দ্র সেন প্রস্তাব করেন, প্রত্যুষ ( বা প্রত্যুষ ) শন্দবোগেই 'রাত্রির অল্লান্ধকার পরিশেষ'কে নির্দেশ করা যায়। প্রত্যুদ্ধরে কবি তাঁহাকে যে পত্র লেখেন তাহার প্রাসন্ধিক অংশ সংকলিত হইল্ল—

প্রদোষ শব্দের প্রয়োগ নিয়ে তুমি আমার বক্তব্যটি ঠিক হয়তো বোঝো নি।
প্রত্যুষ শব্দটি কালবাঞ্জক— অর্থাৎ, দিনরাত্রির বিশেষ একটি সময়াংশকে বলে
প্রত্যুষ। বাংলাভাষায় 'সদ্ধ্যা' শব্দটিও তেমনি। আলো-অন্ধকারের সমবায়ের যে একটি
সাধারণ ভাষরপ আছে, বেটা ইংরেজি twilight শব্দে পাওয়া যায় সাহিত্যে অনেক
সময় সেইটেরই বিশেষ প্রয়োজন হয়। প্রদোষ শব্দকে আমি সেই অর্থেই ইচ্ছাপূর্বক
ব্যবহার করি। ইতি ২৩ অগস্ট ১৯৩২।

—বিচিত্রা। আখিন ১৩৩৯, পু. ৪২৯

কবির পারস্থভ্রমণের অক্তম সহধাত্রী কেদারনাথ চট্টোপাধ্যার উাহাদের প্রমণের বৃস্তান্ত 'পারস্থ–স্রমণ' (প্রবাসী। প্রাবণ-চৈত্র ১৩০৯) ও 'প্রত্যাবর্তন' (প্রবাসী। বৈশাধ-আখিন ১৩৪০) নামে প্রবাসী মাসিকপত্রে ধারাবাহিক প্রকাশিত করেন। এই স্রমণ্যকান্ত পৃত্তকাকারে 'রবীন্দ্রনাথের দক্ষে পারস্থ ও ইরাক ভ্রমণ' নামে ৭ পৌষ ১৮৮৪ শকাব্দে প্রকাশিত হয়। রবীন্দ্রনাথের 'পারস্থে প্রদক্ষে প্রকাশিত হয়। রবীন্দ্রনাথের 'পারস্থে প্রদক্ষে প্রকাশিত হয়। রবীন্দ্রনাথের 'পারস্থে প্রদক্ষে প্রকাশিত হয়।

# বর্ণান্নক্রমিক সূচী

অত্বতীমসগহার হতে	***	20
অবক্তম ছিল বায়ু; দৈত্যসম পুরমেদভার	•••	>4
অব্যক্তের অন্তঃপুরে উঠেছিলে জেগে	***	€8
শ্বমন্ত	•••	় ৩৪
অসীম আকাশে মহাতপন্থী	***	•
অন্তদিক্কুকুলে এসে রবি	•••	4
আৰু মম ৰুমদিন। দছই প্ৰাণের প্ৰান্তপথে	•••	, 16
আজি দখিন হুৱার খোলা	•••	>6
আন্ গো তোরা কার কী আছে	***	43
আন্মনা গো আন্মনা	•••	>6
আমার ছুটি আদছে কাছে সকল ছুটির শেষ	•••	. 4.
আমার মনে একটুও নেই বৈকুঠের আশা	• • •	७१
অমি এলেম তোমার বারে	•••	36
আমি সকল নিয়ে বসে আছি	* * *	9:
উদ্ধার	•••	5 96
উলুখড়ের বিপদ	600	<b>૨</b> •:
একদা পরমযূল্য জন্মকণ দিয়েছে ভোমায়	•••	56
একদিন তরীথানা থেমেছিল এই ঘাটে লেগে	• • •	64
এ কী অক্বডজ্ঞতার বৈরাগ্যপ্রলাপ ক্ষণে ক্ষণে	•••	5
এ জন্মের সাথে লগ্ন স্বপ্নের জটিল স্থত্র ববে	• • •	•
এ ভধু অলম মায়া এ ভধু মেঘের খেলা	• • •	<b>b</b> (
এলো আমার ঘরে		><
এসো এসো হে তৃফার জন	***	۳.
ও আমার চাঁদের আলো, আরু ফাগুনের	***	৮৮
ও कि थन, ও कि थन ना		33
ওই বৃষি বাঁশি বাজে	***	3;
ওরা অকারণে চঞ্চল	***	96
ওরা তো দব পথের মাহ্য, তুমি পথের ধারের	***	eż
eরে গৃহবাদী, ভোরা খোল্ <b>ৰা</b> র খোল্	•••	93

ওরে চিরভিক্, তোর আব্দাকাদের ভিকার্দি	•••	
ওরে চিত্ররেখাডোরে বাঁধিল কে	***	3.6
ক্থন দিলে প্রায়ে	•••	<del>16</del> , 63
কবির দীকা	•••	>83
ৰুরেছিত্ব যত হুরের সাধন	•••	<b>63</b>
<b>क</b> र्शकल	***	२৮५
কলরবম্ধরিত খাতির প্রাক্তনে যে আসন	***	>9
কাছে থেকে দূর রচিল কেন গো আঁধারে	•••	>•>
কেন ধরে রাথা, ও-যে যাবে চলে	***	16
কোন্ গহন অরণ্যে তারে এলেম হারারে	•••	>>•
কোন্-দে কালের কণ্ঠ হতে এসেছে এই স্বর	•••	68
কোথা বাইরে দূরে যায় রে উড়ে	•••	30
ক্লান্ত যথন আত্রকলির কান্স	• • •	92
গগনেন্দ্রনাথ ঠাকুর	•••	<b>6</b> 5
গানের ডালি ভরে দে গোঁ উষার কোলে	•••	9+
<del>७१</del> १म	***	9€8
<b>ব্যক্</b> তি	***	83
চন্গতি ছবি	***	8 9
<b>हमांहम</b>	•••	63
চলেছিল সারাপ্রহর	***	93
চলে यात्र, मति शांत्र, वमरल्डत मिन	***	98
চিরপ্রমের বেদীসমূথে চিরনির্বাক্ রহে	***	
<b>कृ</b> ष्टि	***	. 4)
<del>ख</del> ग्रानिन	***	ર¢, ¢ર
জন্মের দিন করেছিল দান	•••	€ • ♥
জন্মের দিনে দিয়েছিল আজি	•••	€•≎
জাগরণে যায় বিভাবরী	•••	<b>৮</b> 9
ব্বরা পাড়া গো, আমি ভোমারি দলে	•••	96
ত্তৰন একটা রাত— উঠেছে দে তড়বড়ি	***	1>
<b>ড</b> বে শেষ ক'ল্লে দাও শেষ গান	***	. 11

বৰ্ণাহুক্ৰমিক	<b>ज्</b> ठी	600
তীরের পানে চেয়ে থাকি পালের নৌকা ছাড়ি	•••	46
তীৰ্থদাত্ৰিণী	•••	82
তীর্থের যাত্তিনী ও বে, জীবনের পথে	•••	82
তুমি কি কেবলি ছবি, ভ্ৰধু পটে লিখা	•••	चर्च
তৃমি কিছু দিয়ে যাও	•••	92
তুমি কোন্ ভাঙনের পথে এলে স্থরাতে	***	19
তুমি স্থন্দর যৌবনঘন		৬৮
তোমার আনন্দ ওই এল ধারে এল গো	•••	<b>ر</b> و
তোমায় সাজাব যতনে কুস্থমরতনে	•••	>∘€
দর্শহরণ	•••	২৬৩
ত্ৰ্ দি	***	747
দ্রের বন্ধু স্থরের দ্তীরে	•••	> 9
দৃষ্টিজালে জড়ায় ওকে হাজারখানা চোখ	•••	¢ <b>2</b>
দেখিলাম— অবসন্ন চেতনার গোধ্লিবেলায়	•••	>>
দে পড়ে দে আমায় তোরা	•••	64
নত্ন কাল	•••	88
নমো নমো শচীচিতরঞ্জন স্থাপভঞ্জন	•••	>
<b>न</b> ष्टेनी <b></b>	•••	२०१
নাগিনীরা চারি দিকে ফেলিভেছে	•••	۶۶
ना, त्यत्या ना, त्यत्या नांदका	•••	٩٩
নিঃশেষ	•••	e e
নিবিড় অমা-তিমির হতে	•••	95
প্রকা	•••	8 • 9
পত্যোভর	***	۶۵
পধিক দেখেছি আমি পুরাণে-কীতিত কত দেশ	•••	74
পরিচয়	•••	2 3
পলায়নী	•••	٧¢
পশ্চাতের নিত্যসহচর, অক্তর্থ হে অতীত	•••	ь
পাছে হুর ভূলি এই ভয় হয়	•••	₽ĕ
পালের নৌকা	***	er

পূর্বযুগে, ভাগীরথী, তোমার চরণে দিল আনি	•••	83
প্রতিবেশিনী	•••	200
<b>প্রতী</b> কা	•••	**
প্রাণের দান	***	· · · · · · · · · · · · · · · · · · ·
দাগুন, তোমার হাওয়ায় হাওয়ায়	***	41
ফাগুনের নবীন আনন্দে	***	16
(神岡	•••	204
বঁধু, কোন্ মায়া লাগল চোখে	***	5.5
বড়ো বিস্ময় লাগে হেরি তোমারে	•••	> >
বদস্তে বদস্তে ভোমার কবিরে দাও ভাক	***	9 8
বাজিবে, সধী, বাঁশি বাজিবে	•••	٥ د
বাজে করুণ হরে	•••	bo
বাজে৷ রে বাঁশরী বাজে৷	•••	3)
বাতাসের চলার পথে যে মৃকুল পড়ে ঝরে	•••	94
বাসস্তী, হে ভূবনমোহিনী	***	<b>69</b>
বাহিরে ভূল ভাঙবে যথন	•••	29
বিদায় দিয়ো মোরে প্রসন্ন আলোকে	•••	98
বিখের আলোকলুগু তিমিরের অন্তরালে এল	***	t
বেদনা কী ভাষায় রে	***	₩84
ভরা থাক্ শ্বতিস্থায়	•••	<b>৮</b> ৬
ভাগীরথী	•••	8 3
শায়া	•••	4>
মায়াবন-বিহারিণী হরিণী	•••	٠ > > >
মাল্যদান	•••	290
মান্টারমশায়	•••	<b>७</b> २8
মৃক্তি এই— সহজে ফিরিয়া আদা	•••	۶
মৃত্যুদৃত এসেছিল হে প্রানয়ংকর, অকন্মাৎ	•••	>0
মোর পথিকেরে বুঝি এনেছ এবার	•••	18
মোর বীণা ওঠে কোন্ হুরে বান্দি	•••	> • •
यथन এদেছিলে অন্ধকারে	***	46

বৰ্ণাস্থক্ৰমিক স্ফী		000
ধখন মলিকাবনে প্রথম ধরেছে কলি	•••	99
ৰথন রব না আমি মর্তকায়ায়	•••	তপ
यरकाचरत्रत्र यस्त	•••	354
शंक ७ कीरन	•••	٥)
यांतांत्र मृत्थ	•••	৩১
যাবার সময় হল বিহলের। এথনি কুলায়	•••	36
ষেদিন চৈতক্ত মোর মৃক্তি পেল লৃপ্তিগুহা হতে	•••	74
বে পলায়নের অসীম তরণী	***	96
রঙ্গমঞ্চে একে একে নিবে গেল ঘবে দীপশিখা	***	>>
রথষাত্রা	•••	>69
রথের রশি	•••	>>9
রাভিয়ে দিয়ে যাও গো এবার	•••	><
রাসমণির ছেলে	•••	993
রেখার রঙের তীর হতে ভীরে	••	৬১
রোদ্হরেতে ঝাপদা দেখায় ওই-যে দ্রের গ্রাম	***	8 9
मरहा मरहा जूरम मरहा नीइव वीवाबानि	•••	><
শরৎবেলার বিভবিহীন মেঘ	•••	€¢
<i>ভঙ</i> দৃষ্টি	•••	75.
শেষের অবগাহন দাক করো কবি, প্রদোষের	***	28
খ্যামল কোমল চিকণ রূপের নবীন শোভা	***	90
সত্য মোর অবলিপ্ত সংসারের বিচিত্র প্রলেপে	• • •	٩
मन्त्र ७ जन्मत्	***	396
नका •	•••	<b>৩</b> ৯
স্থরের গুৰু, দাও গো স্থরের দীকা	***	৬৮
দ্বী, জাঁধারে একেলা ঘরে মন মানে না	•••	चंद
সেদিন ছজনে ছলেছিম বনে	***	>.
দে-যে কাছে এদে চলে গেল তবু জাগি নি	•••	96
শ্বর্ণ	•••	৩৭
হায় রে, ওরে যায় না কি জানা	•••	રું ૯
হৃদয় আমার, ওই বৃঝি তোর ফান্কনী ঢেউ আদে	•••	৮৩

## রবীক্র-রচনাবলী

হে মাধবী, বিধা কেন	***	90
হে বিরহী, হায়, চঞ্চ হিয়া তব	•••	> e
হে স্থা, বারতা পেয়েছি মনে মনে	•••	300

#### **मः** हमा धन

রবীন্দ্র-পাণ্	গুলিপি ও সামা	য়িক পত্ৰ দৃষ্টে বৰ্ডা	মান মুদ্রণে ক্বত সংশোধন।
<b>ক</b> বিতা	পৃষ্ঠা	ছ্ত্ৰ	
তীৰ্থধাত্ৰিণী	82	> 0	'অর্ঘ্যেরে' স্থলে 'অর্থেরে'
নতুন কাল	8 €	৩৭	'किःवा' इत्न 'किशा'

স্বতক্র সেঁজুতি গ্রন্থে বৈশাথ ১৩৭৭ সংস্করণে সংশোধিত।